মনোমোহন বললেন, 'না না অসীম, [illegible] উপবাস মোটেই ভালো নয় অসীম। [illegible] কিছু, তোমাকে মুখে দুটি দিতেই হবে। [illegible] তুমি আমার ছেলের [illegible] টা [illegible] আর আমরা সব [illegible] [illegible]'

খাওয়া দাওয়ার কথায় মানসীও [illegible] [illegible] আর অপেক্ষা করে বসে নেই।

অসীম বলল, 'তাহলে আর কী [illegible]।'

মনোমোহন বললেন, '[illegible] বাবা, দুটি [illegible] [illegible] [illegible] ঘুম [illegible] আমাদের [illegible] [illegible] তবে [illegible] [illegible] সেই [illegible] [illegible] একটুও [illegible] সেই [illegible] ছোট বেলার আমাদের [illegible] কি।

[illegible] দুটি [illegible] অপরূপ
[illegible] সাথে [illegible]
[illegible] [illegible] আঁখি
এ [illegible] [illegible] আঁখি।'

সুহাসিনী বিরক্ত হয়ে বললেন, 'আচ্ছা, মাধুরী তোরা কি এই শেষ রাতে কেবল হাঁ করে দাঁড়িয়ে দাঁড়িয়ে গল্প শুনবি? তাহলেই কি সব কাজ হয়ে যাবে? রাত পোয়াতে না পোয়াতে ফের তো উঠতে হবে আমাকে? তোমাদের যজ্ঞশালা একদিনও তো আমাকে ছাড়া চলবে না।'

মাধুরী বলল, 'যাই মা।'

রান্নাঘর ছাড়া খাওয়ার আর জায়গা কোথায়। বিছানা পেতে সব জায়গাকেই এখন শোয়ার জায়গা করে নেওয়া হয়েছে।

রান্নাঘরের মধ্যেই একক অতিথিকে এখন খেতে দেওয়া হলো। মানসীকে মা ডাকলেন না, সে খাওয়ার কাছে গেলও না। কিন্তু আশ্চর্য, মাধুরীকে বারবার ডাকা সত্ত্বেও সে শুধু আসন পেতে গ্লাসের পাশটি রেখে চলে এল। এসে দাঁড়াল জানালার সামনে। একি লজ্জা, না গোপন অনুরাগ? কই অসীমের কাছে এই সংকোচ তো মাধুরীর এর আগে ছিল না। নতুন সম্পর্কের রঙে রাতারাতি সব পাল্টে গেছে যে। চিরদিনের চেনা মানুষ হয়েছে অচিন দেশের রাজপুত্র।

[illegible] মা পরিবেশন [illegible] লাগলেন, বড়ো [illegible] উপকরণ [illegible] আপ্যায়ন করতে লাগলেন। মানসী ওদিকে আর গেল না। [illegible] মধ্যে ঢুকে পড়ল। মানসী [illegible] লক্ষ্য করল মাধুরী সেই যে জানালার কাছে দাঁড়িয়ে আছে তো আছেই। [illegible] মধ্যে [illegible] [illegible] প্রথম [illegible] [illegible] তারপর [illegible] [illegible] ওই।

[illegible] [illegible] মনোমোহন তার [illegible] [illegible] [illegible] অসীমকে। বললেন, [illegible] [illegible] [illegible] অসীম। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] নেই।

অসীম বলল, 'হাঁ, চলুন। [illegible] [illegible] উঠে [illegible] বসতে হবে।'

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] অসীম [illegible] [illegible] এমন [illegible] [illegible] নেই। [illegible] [illegible] [illegible] কিছুই [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এবার [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] উঠে [illegible] [illegible] [illegible] এর [illegible] [illegible]

অসীম [illegible] না, কিন্তু [illegible] [illegible], মানসী, অসীমের বিছানাটা একটু ঝেড়ে-ঝুড়ে দিয়ে [illegible] [illegible] [illegible] দিয়ে [illegible]।

এসব কাজের জন্য [illegible] মানসীকে ডাকে। ওর [illegible] যে আর এক মেয়ে আছে তাকে ডাকলেই হয়। সেই এসে সব করুক। সেই সব পারবে।

বাবা আর একবার তাড়া দিলেন, মানসী, আর হাত [illegible] না।

না গেলে আরো বেশি হৈচৈ হবে। তাই মানসী ঘরে ঢুকে অসীমের বিছানাটা ঠিক করে দিতে লাগল। অসীম বলল, 'আমিই তো করে নিতে পারতাম।' মানসী সে কথার কোন জবাব না দিয়ে বালিশের ওয়াড় বাওয়া ফুলতোলা ঢাকনিটা ঠিক করে দিতে লাগল।

তার আগেই অসীম নীচে নেমে মনোমোহনের বিছানায় গিয়ে বসেছে।

মনোমোহন বললেন, 'তুমি করবে কি অসীম? এসব মেয়েদের কাজ ওরা করে না দিলে কি আর চলে। এতখানি বয়স হলো শুধু ভালো করে বালিশটা গুঁজতে দিতে পারিনে। আমাদের এই পরাধীনতার সুযোগ নিয়েইতো ওর [illegible]।'

কথা শেষ না করে হাসতে লাগলেন মনোমোহন।

মাধুরী এসে ঘরে ঢুকল, 'বাবা।'

মানসী ভাবে ঢুকবেই। ও কি আর একা না এসে পারে। পান না সুপুরি কোন অজুহাত হাতে করে নিয়ে এসেছে?

মাধুরী বলল, 'বাবা।'

মনোমোহন বললেন, 'কিরে! তুই শুতে যাসনি মাধুরী? আমি ভাবলাম তুই বুঝি শুয়ে পড়েছিস তাই মানসীকে ডাকলাম। [illegible] মানসী [illegible] [illegible] [illegible] হলো।'

মানসী একবার [illegible] [illegible] দিকে না।

মাধুরী বলল, 'বাবা একটা কথা তোমার কাছে বলব।'

মনোমোহন বললেন, 'বল না।'

মাধুরী বলল, 'কথাটা এখন এর জায়গায় আছে, এখনই বলা দরকার। কাল আবার অসীমদা চলে যাবে।'

মনোমোহন একটু হেসে বললেন, 'বাবাই [illegible] [illegible] [illegible] [illegible]।'

মাধুরী বলল, '[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হবে না। তাই [illegible] [illegible] এসেছি।'

মনোমোহন বললেন, '[illegible] [illegible] হল না। [illegible] [illegible] [illegible]।'

মাধুরী বলল, 'কথাটা অসীমদারই বলবার কথা ছিল বাবা। কিন্তু সংকোচে বলতে পারেনি।'

মানসী নিস্তব্ধ হয়ে দাঁড়িয়ে রইল। [illegible] [illegible] [illegible] [illegible] উঠল না। মনে হল [illegible] [illegible] [illegible]। অসীমদা [illegible] [illegible] [illegible] তুমি নিজের মুখে [illegible] এসেছ [illegible] [illegible] [illegible] [illegible] না [illegible] কি আর— [illegible] এত লজ্জা আর [illegible] নয়। একজনকে পাবার জন্যে তুমি সব ছেড়েছ।

মনোমোহন বললেন 'আমার কাছে আবার সংকোচ কিসের থাকবে, ব্যাপারটা কি।'

মাধুরী একটু হেসে বলল, 'ঘটনাটা এক বছর আগেই ঘটে গেছে বাবা। কিন্তু ওরা গোপন করে রেখেছিল। আমার কাছেও গোপন করেছিল। আমি এবার জানলাম। ওরা বিয়ে করেছে বাবা।'

মনোমোহন বিস্মিত হয়ে বললেন, 'কী করেছে!'

মাধুরী বলল, 'রেজিস্ট্রি করে বিয়ে করেছে।' অসীম বলল, 'এ তুমি কী বলছ মাধুরী!'

মানসীও সঙ্গে সঙ্গে বলে উঠল 'দিদি এ তুই কী বলছিস। না না না, কখনো তা হয়নি।'

মাধুরী হেসে বলল, 'ওরা এখন ভয়ে চেপে রাখতে চায় বাবা। স্বীকার করতে চায় না। কিন্তু সবই যখন হয়ে গেছে চেপে রাখা কি আর ভালো? তুমি বল।'

মনোমোহন এক মুহূর্ত স্তব্ধ হয়ে থেকে আবেগভরা গলায় বললেন, 'আমাকে আর ভালোমন্দের কথা জিজ্ঞেস করো না মা। আমার ভালোও নেই মন্দও নেই। আমার বিচারের সঙ্গে তোমাদের বিচারের কি কোনদিন মিল হয়েছে যে আজ হবে? ছি ছি ছি আমাকে না জানিয়ে এমন কাজ যারা করতে পারে তারা তো আমাকে খুনও করে ফেলতে পারে মাধুরী।'

অসীম বাধা দিয়ে বলল, 'মেসোমশাই শুনুন। আপনি না জেনে শুনে ওর কথা বিশ্বাস করে—।'

মনোমোহন অসীমকে কথাটা শেষ করতে দিলেন না, পরম ক্ষোভের সঙ্গে বলতে লাগলেন, 'বিশ্বাস করে আমি ঠকেছি অসীম, ভয়ঙ্কর ঠকেছি। বিশ্বাসং নৈব কর্তব্যং স্ত্রীষু রাজকুলেষু চ। তুমিও তো রাজ কর্মচারী। ওগো শুনছ? মাধুরী, তোর মা কি ঘুমিয়েছে না মরে আছে? তাকে একবার ডেকে দেতো। তার মেয়ের কীর্তি কাহিনী এসে শুনুক।'

মাধুরী বলল 'যাই বাবা। মাকে গিয়ে ডেকে দিই।'

মানসী প্রায় মাধুরীর সঙ্গে সঙ্গে বেরিয়ে এসে বলল, 'দিদি কেন তুই আমার নামে এমন করে মিথ্যে কথা বললি। বাবার কাছে এমন করে ছোট করে দিলি। তুই তো জানিস সব মিথ্যে।'

মাধুরী বলল 'ঠিক আগাগোড়া মিথ্যে নয়, আগাগোড়াই সত্যি। একটু মিথ্যের ছিটে কাল লেগেছিল, আর একটু ফোঁটা আজকে পড়ল। আসছে কাল কি পরশু ধরে ফেলিস তাহলেই সব ঠিক হয়ে যাবে।'

সুহাসিনী সত্যিই ঘুমিয়ে পড়েছিলেন। তাঁকে আর জাগাল না মাধুরী। ঘরে এসে খিল দিয়ে লাইট নিভিয়ে বিছানায় এসে শুয়ে পড়ল।

খানিকক্ষণ অন্ধকারে অবাক হয়ে দাঁড়িয়ে থেকে মানসীও শুতে এল।

আরও কিছুক্ষণ চুপচাপ কাটল।

মানসী ডাকল 'দিদি!'

মাধুরী কোন সাড়া দিল না।

মানসী এবার আরো কাছে এগিয়ে এল, 'দিদি ঘুমিয়েছিস?'

মাধুরী বলল 'না।'

মানসী অস্ফুট আবেগরুদ্ধ গলায় বলল, 'এ তুই কী করলি বল তো।'

মাধুরী একটু চুপ করে থেকে বলল, 'মানসী কালরাত্রে ঠিক এই সময় তুই ঠিক এই কথাই বলেছিলি। দিদি তুই কী করলি দিদি, তুই এই করলি। তোর হয়তো মনে নেই, তুই হয়তো ঘুমের মধ্যে বলেছিলি। ঘুমের চেয়েও এ আরো বেশি অন্ধকার করে সেই অসহ্য গুরুভার বাধার মধ্যে তলিয়ে গিয়ে বলেছিলি।'

মানসী বলল 'কই আমার তো মনে পড়ছে না।'

মাধুরী বলল 'তাহলে হয়তো তোর মুখ থেকে কথাটা বেরোয়নি আমার বুকের ভিতর থেকেই তা বেরিয়ে এসেছিল। একই কথা। প্রথমে ভেবেছিলাম মরব।'

মানসী ওকে জড়িয়ে ধরে বলল, 'দিদি, দিদি। তুই এত—।'

সেন্টিমেন্টাল গানটা আর মুখ থেকে বের করল না মানসী।

মাধুরী বলতে লাগল, 'কিন্তু দিনের আলোয় আবার আমার প্রাণের তৃষ্ণা জেগে উঠল। সব রকমের তৃষ্ণা। স্কুল করলাম টিউশনি করলাম সেই তৃষ্ণা আমার বুকের মধ্যে বসে রইল। সারাদিন তার সঙ্গে আমার যুদ্ধ যুদ্ধ কেটেছে। তারপর দেখলাম নন্দুকে। সে হেরেও হারল না, ফেল করেও তার বড়াই যায় না। দেখলাম বাবাকে। রোজই তো দেখি। কিন্তু আজ যেন সব অন্যরকম। নন্দুকে যতক্ষণ পাওয়া যায়নি একটা পাতা পড়লেও মনে হয়েছে অশুভ লক্ষণ। নিজেকে যখন ফিরে পেলাম তখন সবকিছুর মধ্যে শুভ লক্ষণ আশ্বাস আর সান্ত্বনা দেখতে পেলাম মানসী। আমার কাছে সমস্ত জগৎটাই একটা সিম্বল হয়ে উঠল। তুই, নন্দু, বাবা, বাবার প্রতিটি কথা, পুরোন পর্দার প্রতিটি পংক্তি আমাকে একই কথা বলতে লাগল। কিন্তু আর নয় মানসী রাত অনেক হোলো। এবার ঘুমো।'

মানসী বলল 'কিন্তু দিদি আমি যে হেরে গেলাম।'

মাধুরী বলল, 'আবার জিতলিও তো।'

ও হাসল কিনা মানসী অন্ধকারে তা বুঝতে পারল না। ও যে পাশ ফিরে শুয়েছে তা টের পেল।

কিন্তু এই কি জয়। না এর মধ্যে জয়ের আনন্দ নেই, এতো যুদ্ধ নয় সন্ধি। নিজের প্রাপ্যকে আর একজনের হাত থেকে দান হিসেবে গ্রহণ করা। হারানো বস্তুকে যে খুঁজে এনে দিল ফিরিয়ে দিল তার কাছে চিরকালের জন্য কৃতজ্ঞ হয়ে থাকতে হবে। জয়ের গৌরব কোথায় মানসীর।

অবশ্য ইচ্ছা করলে এই দয়ার দান সে ছুঁড়ে ফেলতে পারে। ছিঁড়ে ফেলতে পারে মিথ্যার জাল। কিন্তু পারবে কি? নিজের ওপর সে ভরসা যেন আর হয় না। অসীম ঠিকই লিখেছে, একজন সংকল্প করে, আর একজন তা টুকরো টুকরো করে ভাঙে। দুদিন ধরে এক আঁধ ক্ষুদ্র টীকা তাকে মুহূর্তে মুহূর্তে নাড়িয়েছে, কাঁদিয়েছে আক্রোশ আর ক্ষোভের তরঙ্গ বাঁধের ওপর আছড়ে আছড়ে পড়েছে। অথচ কেন? কিসের জন্যে? অসীম কি কোনদিনই তার কাছে এত মূল্যবান এত মহার্ঘ ছিল? আদর্শ পুরুষ তো ভালো পুরুষের সম্মানই কি মানসী তাকে দিয়েছে? দেয়নি। তবু সেই অসীমের জন্যে মানসী কী দুঃসহ যন্ত্রণাই না ভোগ করেছে। একটি কালো কালির [illegible] ছিনিয়ে নিয়ে ছোট্ট ছুরির এক অসমান টুকরো [illegible] মাধুরী যেন তাকে আর এক দুঃসহতার [illegible] করে দিয়েছে। সেই [illegible] পরতে [illegible] আবার না পরলেও [illegible] নেই। না পরলেও মনে হয় সব শেষ [illegible] হয়ে গেলো।

মানসী কি এই [illegible] ছিঁড়ে ফেলতে পারে না? পারে না? পারে না?

পারে না, পারে না, পারে না।

পারে না যে দুদিন ধরে তার প্রমাণ হয়ে গেছে। হঠাৎ মানসীর দুচোখ ফেটে জল এল। হাসিতেও কান্না, শোকেও কান্না। নিয়েও কান্না, দিয়েও কান্না। তার পাশে শুয়ে আরো একজন যে নিঃশব্দে কাঁদছে তা কি আর মানসী টের পাচ্ছে না?

বালিশের মধ্যে মুখ গুঁজে মানসী বিনা ভাষায় বিনা শব্দে বলতে লাগল, না না, না না, না না। এই অস্তিত্বময় জগতে এত অসংখ্য না! বাসনায় বেদনায় এমন অপরিসীম অপরিমেয় কান্না। তারপর যে কী হলো মানসী জানতেও পারল না।

মায়ের মত মমে, বুকভরা মায়া নিয়ে রাত্রি তার মেয়েকে নিজের কোলের মধ্যে টেনে নিল। তারপর পরম স্নেহে চোখের জল মুছিয়ে দিয়ে ঘুমের দোলায় দোলাতে দোলাতে তাকে নিয়ে রঙীন স্বপ্নের পথে রঙীন ভোরের দিকে এগিয়ে চলল।

— সমাপ্ত —

স্বর্ণ ও রসায়ণ যুক্ত অদ্বিতীয় সালসা
হেমাটো সার্সাপ্যারিলা
• রক্তদুষ্টি, চর্মরোগ ও দুর্বলতা নাশ করে
• স্বাস্থ্য ও শক্তির সঞ্চার করে
ডাঃ বসুর ল্যাবরেটরী লিঃ
কলিকাতা-৭

ঢোল কোম্পানীর
দাদ ও কাউরের
অব্যর্থ মলম
বরানগর • কলিকাতা

প্রেসিডেন্ট আইসেনহাওয়ার বলিয়াছেন যে, তিনি ভারত-আবিষ্কারের জন্য ভারতে আগমন করিয়াছেন।—"ভ্রমণান্তে ভারত-আবিষ্কার সম্বন্ধে কোন গ্রন্থ রচনার বাসনা যদি তাঁর থেকে থাকে তাহলে আমরা বিনীত নিবেদন জানাব—গ্রন্থটির মূল্য যেন সাধারণের ক্রয় ক্ষমতার মধ্যেই রাখা হয়। অবশ্য সাংস্কৃতিক

বিনিময় হিসেবে বিনামূল্যে দিলেই অধিকতর কাম্য"—মন্তব্য করেন বিশুখুড়ো।

• • •

প্রেসিডেন্ট আইসেনহাওয়ার প্রতিশ্রুতি দিয়াছেন যে, তিনি ভারতীয় প্রত্যেক নরনারী ও শিশুর উন্নতর জীবনযাত্রার জন্য সম্ভাব্য চেষ্টা করিবেন।—"সমস্তের ভিত্তিতে উন্নতিলাভের জন্য মূল্যে দ্রব্য দিয়ে না নিজেদের মতো যাতে সমানভাবে সম্ভব করা হয় আমরা সেই অনুরোধ আগে থেকেই করে রাখছি।"

• • •

কলিকাতা পোর্ট প্রতিষ্ঠান পত্রিকা 'উন্নতি'র মধ্যে কর্মচারীদের সুযোগ-সুবিধা বিষয়ের মীমাংসা করিয়া বেকারী সৃষ্টি করিয়াছেন বলিয়া একটি সংবাদ পাঠ করলাম—"অবঃ ভালোও ভাল নয়—" সংক্ষেপে মন্তব্য করিলেন জনৈক সহযাত্রী।

• • •

শ্রীনেহেরু তাঁর এক সাম্প্রতিক ভাষণে মন্তব্য করিয়াছেন যে, মহিলাদের যদি আমরা দাসত্ব বন্ধন হইতে মুক্ত করিতে না পারি তাহা হইলে আমাদের অগ্রগতি নিরর্থক হইবে। "এতে পুরুষেরাও বেঁচে যাবেন। যতদিন জীবন ধারণং ততদিন ভাত-কাপড় প্রদানং স্বাহার দায় থেকে তারা মুক্ত হয়ে যাবেন"—মন্তব্য করে শ্যামলাল।

• • •

নয়াদিল্লিতে বিশ্ব কৃষিমেলার উদ্বোধনী সভায় রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদ মন্তব্য করিয়াছেন যে, কৃষি উন্নয়নের মধ্যেই অহিংস রাষ্ট্রের বীজ নিহিত রহিয়াছে।—"কিন্তু এই সঙ্গে ওনার রচনাটিই স্মরণ করিয়ে দিতে চাই। খাটে, খাটের পাশে ছড়ি, তার অনেক কাছে ছড়ি, ঘরে বসে পড়ছে বই, তবু ঘরে যা ভাত"—মন্তব্য করেন বিশুখুড়ো।

• • •

প্রেসিডেন্ট আইসেনহাওয়ার বলিয়াছেন যে, আমেরিকার যুক্তরাষ্ট্র ও তার মিত্রবর্গ, ভারত ও ভারতের নেতৃবৃন্দের সঙ্গে শান্তির সন্ধানে এক সাথে চলিবেন।—"খুবই ভাল কথা। কিন্তু সবকটা হাত এক সাথে বসাতেও পারবেন তো? কেননা ভারতের যে কখন যে সাথ দিবেন সেটা তার কোন ঠিক ঠিকানা নেই।"

• • •

শ্রীরাজাগোপালাচারী নাকি তাঁর এক সাম্প্রতিক ভাষণে বলিয়াছেন যে, তিনি এক হাজার মহিলার সহযোগিতা লাভ

করিতে পারিলে দেশের বর্তমান সরকারকে অনায়াসে উৎখাত করিতে পারেন।—"কিন্তু হাজারের দরকার নেই। তেমন-তেমন জাঁহাবাজ হলে দু'টি হলেই যথেষ্ট। কিন্তু আমরা ভাবছি অন্য কথা। সরকারের সঙ্গে লড়তে রাজাজী কি সত্যি সত্যি শেষ পর্যন্ত অন্তঃপুরচারী হলেন"—বলে আমাদের শ্যামলাল।

• • •

সম্প্রতি ব্রডওয়ের এক প্রেক্ষাগৃহে গন্ধ-মধুর ছায়াচিত্রের যুগকে অভ্যর্থনা জানানো হয়। "চীনের প্রাচীরের পশ্চাতে" ছবিখানার দৃশ্যের পর দৃশ্য যখন উন্মোচিত হইতে থাকে তখন সুদূর চীনের মসলা ও অন্যান্য সুগন্ধি দ্রব্যের মধুর গন্ধ প্রেক্ষাগৃহে ভাসিয়া বেড়াইতে থাকে। বিশুখুড়ো বলিলেন—কিন্তু "চীনের প্রাচীরের বাইরে" ধরনের কোন ছবি যদি তোলা হয় তাহলে গ্যাস বা গুলী-বারুদের গন্ধ কি এমনি করেই ভেসে বেড়াবে?"

• • •

কূটনৈতিক শিষ্টাচার কাহাকে বলে তাহা জানেন না বলিয়া প্রেসিডেন্ট আইসেনহাওয়ার ও প্রধানমন্ত্রী নেহেরু



দুইজনেই স্বীকার করিয়াছেন এবং স্বীকার করিয়াছেন প্রকাশ্যে হাজার হাজার লোকের সামনে। বিশুখুড়ো বলিলেন—"এটা এমন কোন কঠিন কথা নয়, সহজেই শেখা যায়। যে-কথাটা সবচেয়েই প্রথমে মনে পড়ে তা চেপে দিয়ে যা মনে পড়ে না সেটাকে সাজিয়ে গুছিয়ে বলাকেই বলে কূটনৈতিক শিষ্টাচার।"

---

"রূপ ভগবানের দান, দুর্লভ ও অমূল্য সম্পদ। এ সম্পদের অধিকারী সত্যি ভাগ্যবান। আর যিনি সে-রূপের প্রকাশ দেখবার সুযোগ পেয়েছেন তিনিও ভাগ্যবান।"

আবরণ ৫০০

বিচিত্রা, ৬ বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট, কল-১২

# চিত্র প্রদর্শনী

**চিত্রগ্রীব**

গত সপ্তাহে শান্তিনিকেতন আশ্রমিক সংঘের ব্যবস্থায় শ্রীমতী চিত্রনিভা চৌধুরীর একক প্রদর্শনী অনুষ্ঠিত হয় আর্টিস্ট্রী হাউস-এ। শ্রীমতী চিত্রনিভা চৌধুরী শান্তিনিকেতনে চিত্রবিদ্যা শিক্ষা করেন কলা ভবনে 'শিল্পাচার্য' নন্দলাল বসুর কাছ থেকে। যা শিক্ষা পেয়েছেন সেই ধারাতেই ইনি সাধনা করে চলেছেন। এঁর চিত্রকলা শতকরা একশ ভাগই শান্তিনিকেতনী। প্রচুর পেন্সিলে আঁকা প্রতিকৃতি, একটি স্ক্রোল জাতীয় রচনা, কিছু প্যাস্টেলের কাজ, কিছু টেম্পারার কাজ, কিছু জল রঙের কাজ, কিছু বাটিকের কাজ এবং কিছু এম্ব্রয়ডারীর কাজ সাজিয়ে এই প্রদর্শনীর ব্যবস্থা হয়। এর মধ্যে বেশ পুরোনো কাজও কিছু ছিল, আবার নতুন কাজও ছিল, কিন্তু কাজের ধারায় কোনও পরিবর্তন লক্ষ্য করা যায়নি। পেন্সিল-এ আঁকা প্রতিকৃতিগুলির মধ্যে ভালো কাজ বেশ কয়েকটি চোখে পড়ে, তবে আঁকার ধরনধারনে অভিনবত্ব কিছু নেই। আরেকটা জিনিস লক্ষ্য করলাম, বেশীর ভাগ প্রতিকৃতিই পাশ থেকে দেখা। এটিও আগেকার আমলের ঢঙ। টেম্পারায় আঁকা সাঁওতালী বিবাহ উৎসবের ছবিটি বিশেষভাবে উল্লেখযোগ্য। সাঁওতালীদের বিবাহ উৎসবের বর আসা থেকে ঘটকী বিদায় পর্যন্ত একে একে বিভিন্ন অংশ দেখিয়েছেন শিল্পী মস্তবড় একটি স্ক্রোল রচনায়। এ রচনায় শিল্পী শুধু তার শিল্পনৈপুণ্যেরই পরিচয় দেননি, রসিক মনেরও পরিচয় দিয়েছেন। কয়েকটি ফুলের রচনাও বেশ রসোত্তীর্ণ। ঝড়, কালবৈশাখী প্রভৃতি রচনাগুলিও ভালো লাগে। কারুশিল্পের মধ্যেও উচ্চাঙ্গের কাজ চোখে পড়েছে। শিল্পী সারাজীবনের সব রচনাই বোধহয় প্রদর্শন করেছিলেন। ভালো মন্দ কিছু বাছবিচার করেন নি। তাই বেশ কাঁচা কাজও অনেক দেখা গেছে। বিশেষ করে প্যাস্টেলের কাজগুলি প্রদর্শনযোগ্য বলে মনে হয় না। কয়েকটি পোর্ট্রেটের রচনায় শারীরস্থান অত্যন্ত দুর্বল। আর অতগুলি প্রতিকৃতিও রাখার দরকার ছিল বলে মনে হয় না। ব্যবস্থাপনায় আশ্রমিক সংঘের কিছুটা অবশ্যই দোষ ছিল। কারণ, দুদিন উপর্যুপরি গিয়েও প্রদর্শনীর ছবিগুলির কোনও নাম আমরা জানতে পারিনি। শুনলাম ক্যাটালগ তখনও ছাপা হয়ে ওঠে নি। সেই কারণে যেসব ছবি আমাদের ভালো লেগেছে সেগুলির সবকয়টির উল্লেখ আমরা এখানে করতে পারলাম না। এজন্য আমরা বিশেষ দুঃখিত।

• • •

১৬৮নং লিন্টন স্ট্রীট-এ একটি নতুন শিল্পী গোষ্ঠী গড়ে উঠেছে। এই গোষ্ঠীর নাম শিল্প ভারতী। এঁরা গত সপ্তাহে একটি প্রদর্শনীর ব্যবস্থা করেছিলেন। এ প্রদর্শনীতে যোগ দিয়েছিলেন রবীন মণ্ডল, গণেশ, নির্মলা দাস, দেবীপ্রসাদ সাহা, মঞ্জুলা ভট্টাচার্য, রথীন ঘোষ, আনন্দ সিং, আশীষ সেন, প্রণব বসু, বংশী পানিরো, ঈশা মহম্মদ, রবিন গোস্বামী, দীপক নাগ এবং আব্দুল কুদ্দুস। মঞ্জুলা ভট্টাচার্য এবং বংশী পানিরো ছাড়া এঁরা সকলেই গভর্নমেন্ট কলেজ অব আর্ট অ্যান্ড ক্রাফট থেকে সুকুমার শিল্পে ডিপ্লোমা লাভ করে বেরিয়েছেন। বংশী পানিরোর কাজ আমরা এর আগে দেখেছি ১ নম্বর চৌরঙ্গী টেরাস-এ। ইনি কর্মিষ্ঠ। নানান রকম প্রথা প্রকরণে ইনি পরীক্ষণ নিরীক্ষণ করেছেন। তবে বেশীরভাগ ঝোঁক এর পয়েন্টিলিজম-এর দিকে। এখানে এঁর যে দুটি নগ্নচিত্র প্রদর্শিত হয়েছিল সে দুটি বিন্দু প্রকরণে অত্যন্ত পরিষ্কার ভাবে অংকিত। ছবিগুলি প্রশংসনীয়। দলের মধ্যে সবচেয়ে শক্তিশালী মনে হয়েছে আব্দুল কুদ্দুসকে। এঁর জল রঙের ছবি এবং স্কেচ যথার্থই প্রশংসনীয়। ঈশা মহম্মদের তেল রঙের প্রতিকৃতি দুটি অত্যন্ত নিপুণ কাজ। রবিন গোস্বামীর জল রঙের প্রতিকৃতিটি এবং নকশাচিত্রগুলি প্রশংসনীয়। দেবীপ্রসাদ সাহাও বিশেষভাবে প্রশংসা দাবি করতে পারেন। গত বছর অ্যাকাডেমী অব ফাইন আর্টস-এ এঁর যে রচনাটি জল রঙের শ্রেষ্ঠ কাজ হিসেবে গভর্নমেন্ট পুরস্কার লাভ করেছিল সেটিও এ প্রদর্শনীতে প্রদর্শিত হয়। প্রণব বসুর রচনাগুলি বেশ ভালো কাজ, তবে একটু যেন কমার্শিয়াল আর্ট ঘেঁষা মনে হয়। এ দলের মহিলা শিল্পী মঞ্জুলাদেবী অনেক বেশী ভবিষ্যতের দাবি রাখেন। এঁর আঁকা অপেক্ষা পরিণত। ছাত্রাবস্থায় মঞ্জুলা ভট্টাচার্য অবশ্যই প্রশংসা দাবি করতে পারেন, তার কারণ ইনি কোনও স্কুলে বা কোনও শিক্ষকের কাছে থেকে চিত্র বিদ্যা শিক্ষা করেন নি। নিয়মিত শিক্ষা না পেয়েও ইনি অল্পকালে যে মান দেখিয়েছেন তা অবশ্যই প্রশংসনীয়। আশীষ সেনের আঁকা অ্যাবস্ট্রাকশন-এর রচনাটি বিশেষভাবে উল্লেখযোগ্য। এ দলের সকলেই চিত্র বিদ্যার ব্যাকরণ বেশ ভালভাবেই শিক্ষা করেছেন। কিন্তু একমাত্র বংশী পানিরো ছাড়া আর কেউই প্রথা প্রকরণে পরীক্ষণ-নিরীক্ষণ করেন নি। দৃষ্টিভঙ্গী এবং চিন্তাধারায় নতুন কিছু লক্ষ্য করলাম না। সেই কারণে কলেজের গণ্ডি পেরিয়ে আসা সত্ত্বেও এঁদের রচনায় শিক্ষানবিশীর ছাপ থেকে গেছে। শিল্পীর ব্যক্তিগতভাবে যদি কিছু বলার থাকে তাঁর রচনার মধ্যে দিয়ে, তাহলে একথা স্মরণ রাখতে হবে যে, চাক্ষুষ পরিচয়মাত্রকে অনুসরণ করে আঁকলেই তাঁর বলাটা সম্পূর্ণ হবে না। শিল্পীর মন যখন তাঁর ইন্দ্রিয়লব্ধ তথ্যগুলিকে একটা আদর্শের অনুযায়ী করে গড়ে নিয়ে শিল্প রচনায় প্রবৃত্ত হয় তখনই হয় সে রচনা পরিপূর্ণ। এই পরিপূর্ণতার অভাব লক্ষ্য করলাম শিল্প ভারতীর এক প্রদর্শনীতে। তাই আমাদের অনুরোধ এঁদের কাছে যে এঁরা যেন এমন শিল্পের সৃষ্টি করেন ভবিষ্যতে যা দেখে দর্শক এঁদের ক্রিয়া-কৌশলের সঙ্গে মনেরও পরিচয় পান।



দোল-উৎসব — চিত্রনিভা চৌধুরী

### ছোটগল্প

**এক অঙ্গে এত রূপ**—অচিন্ত্যকুমার সেনগুপ্ত। নাভানা, ৪৭, গণেশচন্দ্র এভিনিউ, কলকাতা-১৩। মূল্য তিন টাকা।

সাতটি গল্পের সংকলন। জীবনের অনেক রূপসন্ধানের সাতটি সাক্ষ্য। অচিন্ত্যকুমার চিরদিনই রূপানুরাগী। তাঁর সৌন্দর্যবোধ এই রূপানুরাগে পরিমার্জিত, সুমার্জিত। আলোচ্য গল্পগুলিতেও সেই কোমল বস্তুনিষ্ঠার পরিচয় বিস্তীর্ণ। এই গ্রন্থের সমস্তগুলি গল্পই প্রেমিক। পরবর্তীর দৃষ্টিতে যে প্রকার কামনাবেগ ফুটে উঠেছিল, এই গল্পগুলিতে তাঁর পরিণতশীলতা আছে সেই সঙ্গে অপ্রেমের উদ্ঘাটনও যে নেই একথা বলা যায় না। কোনো কোনো গল্পের শেষে যে প্রতীতি আছে তা প্রেমের না অপ্রেমের, তুলনায় কিন্তু সব মিলিয়ে প্রেমেরই বিচিত্র পরিক্রমা।

প্রসাধনা শব্দশিল্পী অচিন্ত্যকুমার। তাঁর গল্প চয়নে কোথাও একবিন্দু কার্পণ্য নেই, সর্বত্রই ছন্দ আছে প্রসাদগুণ আছে। একটি শব্দের পর একটি শব্দের পরিচর্যায় অদ্ভুত কুশলতায় মন চিন্ত করতে হয়। ... (অস্পষ্ট)

মাঝে মাঝে কি শব্দসজ্জাও কৃত্রিমতার ছোঁয়া না? কখনো কখনো অতিরিক্ত শব্দ বিন্যাসের আতিশয্যে দুয়েকটি গল্প সম্পূর্ণ বিনষ্ট হয়েছে। আবার কোনো-কোনো গল্পের অন্তরালে অপূর্ব চরিত্র সম্ভাবনা নিহিত ছিল, অলংকারের ছটায় সেই উজ্জ্বল আভাস নষ্ট হয়ে গেছে।

অভিনব চরিত্র আঁকবার নিপুণ ক্ষমতা অচিন্ত্যকুমারের আছে। এই বইটিতেও তার প্রচুর দৃষ্টান্ত বিদ্যমান। আলোচ্য গ্রন্থের অনেকগুলি চরিত্রই বর্ধিষ্ণু মনোবৃত্তির মধ্য দিয়ে কিছুদূর গিয়ে হাতের কাছে যা পায়, তাকেই আঁকড়ে ধরে। তার নাম "ভালবাসা", "বাসা", "আশ্রয়", "সান্ত্বনা"—যাই বলা যাক না কেন। অবশ্য সেই অপরিমেয় সান্ত্বনার অন্তঃসারশূন্যতা আঁকতে গিয়েও অচিন্ত্যকুমার তাঁর শিল্পীসুলভ আত্মস্থতা হারান না।

অচিন্ত্যকুমারের কাছে আমাদের প্রত্যাশা আরো দুর্গম, এবং গভীর। তিনি আমাদের জীবনবোধে উদ্দীপ্ত অনেক কাহিনী উপহার দেবেন। 'এক অঙ্গে এত রূপ' পড়ে সেই আশাই জাগল। (৩৫০।৫৯)

**প্রথমকাল**—রমাপদ চৌধুরী। ত্রিবেণী প্রকাশন, ২ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা-১২। তিন টাকা।

আধুনিক বাংলা গল্প-সাহিত্যের ক্ষেত্রে শ্রীযুক্ত রমাপদ চৌধুরীর একটি বিশিষ্ট ভূমিকা আছে। সাংবাদিকতাকে সে অর্থে বলতে চাই, তিনি জীবনের গল্পের সঙ্গে একটি রমণীয় অভ্যাসে মিশিয়ে দিতে পেরেছেন। তাঁর প্রেমের গল্পগুলিও তাই আমাদের এই চলতি সমাজের স্পন্দনের মধ্য থেকে, কখনো বা হৃদয়ের ক্লান্তির সীমান্ত থেকে এক একটি স্ফুলিঙ্গের মত ফুটে বেরোয়। একটি মুহূর্তের বিস্ফোরণে তার অন্তরালের রূপ ধরা পড়ে। শ্রীযুক্ত চৌধুরী যে একজন দক্ষ শিল্পিক সে বিষয়ে সন্দেহ থাকে না, যখন প্রতিটি গল্পের মুখবন্ধ এবং পরিণতি লক্ষ করি। একটি সাবলীল চমৎকৃতির মধ্য দিয়ে প্রায় গল্পেরই শুরু, এবং শেষ একটি নাটকীয় আবহের আবর্তের মধ্য দিয়ে। ফলে আগাগোড়া গল্পের উদ্দীপক গতি বজায় থাকে। এই গুণটি গল্পকারের একটি মহৎ


# আমাদের শান্তিনিকেতন

শ্রীসুধীরঞ্জন দাস

লেখক বলেন :

শান্তিনিকেতনের অতীতের কথা বহুলোক বহুবার বলেছেন এবং আমিও বলেছি। কিন্তু শান্তিনিকেতনে সত্যম্ শিবম্ সুন্দরম্-এর অতি সমগ্র পরিচয় অত্যন্ত প্রত্যক্ষভাবে পেয়েও বাল্যজীবনে যে আনন্দ-সুখ অনুভব করেছিলাম তার কথা বলে যেন শেষ করা যায় না। অতীতের সেসব কথা শোনবার লোক-সংখ্যাও কমে আসছে।

এই লেখায় যে আনন্দ-কৌতুক উৎসাহ-উদ্দীপনা প্রকৃতিপ্রীতি ও সাধনার পরিবেশ সৃষ্ট হয়েছে পরিচ্ছন্ন-সুন্দর ভাষায় সহজ সাবলীল ছন্দে, তারই ফলে আভাসিত হয়ে উঠেছে শান্তিনিকেতন-ব্রহ্মচর্যবিদ্যালয় বা বিশ্বভারতীকে কেন্দ্র করে কী ছিল মহাকবির ধ্যান ধারণা ও সাধনা।

শিল্পী শ্রীনন্দলাল বসুর আঁকা ত্রিবর্ণ ও একবর্ণ চিত্রে, শোভন প্রচ্ছদে, অবনীন্দ্রনাথ জ্যোতিরিন্দ্রনাথ মুকুলচন্দ্র রমেন্দ্রনাথ বিশ্বরূপ প্রভৃতি বহু শিল্পীর বহু বিচিত্র আলেখ্যমালায়—এ গ্রন্থ যুগপৎ নয়ন ও মনের চমৎকার-জনক, মননেরও বিষয়। মূল্য ৫, শোভন ৭,

বিশ্বভারতী

কলিকাতা ৭

পুনঃ বর্তমান লেখকের সুরেলা ভাষা-ভঙ্গীও তার সাক্ষর করেছে।

'কথাকলি' নিকট-দূর কালের ন-টি গল্পের সংকলন। এর মধ্যে রমাপদবাবুর শক্তির লক্ষণ ও দক্ষতা বিদ্যমান। উদ্বাস্তু, শরৎ-বসন্ত, বার সন্ধ্যা ও দুটি বোন আমাদের বিশেষ ভালো লেগেছে। প্রচ্ছদপট সুন্দর। ৩২৩।৫৯

## কবিতা

**নীল আকাশ**—অচিন্ত্যকুমার সেনগুপ্ত। ইণ্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং প্রাইভেট লিমিটেড। ৯৩, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭। দুই টাকা।

বাংলা সাহিত্যের ইতিহাসে, আধুনিক-কালে, কথাশিল্পী হিসাবে অচিন্ত্যকুমারের নাম প্রথম সারিতে রয়েছে। একটি বিশিষ্ট গদ্যশৈলীর উদ্ভাবক হিসাবে বুদ্ধদেব বসুর পাশাপাশি আলোচ্য লেখকের নাম আমরা স্মরণ করে থাকি। শব্দের নতুন নতুন চরিত্র আবিষ্কার এবং তাদের নবতর প্রয়োগ, রূপ-রস-গন্ধ-স্পর্শ—এই সংক্ষুব্ধ চতুরঙ্গ সমন্বয়ে যে ধ্বনিময় ভাবাবহ রচনা করতে তিনি দক্ষকাম তার তুলনা, তার হুবহু তুলনা, আর দ্বিতীয় নেই। অচিন্ত্যকুমারের যাবতীয় গদ্য রচনার মধ্য দিয়ে যে কবিকে আমরা দেখতে পাই এবং পেয়েছি, বর্তমান কাব্য গ্রন্থ নীল আকাশের মধ্যে ঠিক সেই একই পুরুষ চেতনাকে অবশ্যই খুঁজে পাওয়া যাবে না। নীল আকাশের কবি উভয় অর্থেই দ্বিতীয় পুরুষ।

কিন্তু গদ্যের মধ্যে গল্পের মধ্যে যে লেখক চতুর, মোটা হাতে ছোঁয়া দিয়েও আশ্চর্য কুশলতার সঙ্গে পার কাটিয়ে যেতে পেরেছেন, কবিতার মধ্যে তাঁর আত্মগোপনের প্রয়াস নেই। এই নিভৃত নিকেতনে তিনি অন্তরকে অকপটে উন্মুক্ত করে দিয়েছেন। মর্মী চিত্রকল্প রচনা করেন নি।

আধুনিক কবিতার প্রতি যাঁদের দুর্বোধ্যতার অভিযোগ তাঁরা এই গ্রন্থের কবিতাগুলি পড়ে নিশ্চয়ই আনন্দ পাবেন এ বিশ্বাস আমাদের আছে। প্রচ্ছদ এবং নামকরণ সুন্দর। ২১৬।৫৯

**মুখর মৌন**—বিভূপদ বসু। প্রকাশিকা শ্রীমতী সবিতা বন্দ্যোপাধ্যায়, স্বর্ণ-ভারতী, ৮৬সি, সুরেন্দ্রনাথ ব্যানার্জি রোড, কলিকাতা—১৬। মূল্য দুই টাকা।

আধুনিক কাব্যকার শ্রীযুক্ত বিভূপ্রসাদ বসু একেবারেই অপরিচিত। মুখর মৌন পাঠ করে মনে হল যে, আধুনিক কাব্যরীতির সঙ্গে কবির যোগাযোগ তেমন নিবিড় নয়। লেখক রীতির দিক থেকে প্রতিক্রিয়াশীল হলেও বর্তমান কবিতাবলীর মধ্য থেকে পাঠক একটি সহজ সৌন্দর্যের স্নিগ্ধ পরিবেশ আবিষ্কার করে পুলকিত হবেন। বর্তমান কাব্যগ্রন্থে কবির বিশটির অধিক কবিতা সংকলিত হয়েছে—অধিকাংশ কবিতাই ভাবাবেগের আবেগে ঘনবিন্যস্ত, গভীর অর্থবহ হতে পারে নি—তবে 'মুখর মৌন' মর্মরিতা, অপচয়মানের, মনোময়ীর, পূরবী, মরণিকা, রবীন্দ্রের ইত্যাদি কবিতাগুলি উল্লেখযোগ্য। কবি আশাবাদী। পরিবেশের নৈরাশ্যবাদিতার মধ্যেও তিনি সমন্বয় সাধনে সচেষ্ট, সেটা অবশ্য আশার কথা। ৪২৯।৫৯

**অমরাবতী**—জ্যোতির্ময় গঙ্গোপাধ্যায়। প্রকাশক—অগ্রণী বুক ক্লাব, ১৩, শিবনারায়ণ দাস লেন, কলিকাতা-৬। দাম—১৲।

বাংলা কবিতার আঙ্গিক ও ভাববস্তু যে প্রত্যক্ষ পরীক্ষা-নিরীক্ষার ভেতর দিয়ে ক্রমাগত এগিয়ে চলেছে, আধুনিক কালের গদ্য রচনার মধ্যে তা এত স্পষ্ট নয়। সব সময়েই যে আধুনিক বাংলা কবিতা সুষ্ঠু, পূর্ণ রূপ পাচ্ছে এ-কথা বলা যায় না বটে, তবু তারি মধ্যে কিছু কিছু যে ভালো রচনারও সন্ধান পাওয়া যাচ্ছে তাও স্বীকার করা উচিত।

জ্যোতির্ময় গঙ্গোপাধ্যায়ের অমরাবতী নিঃসন্দেহে একটি ভালো কাব্যগ্রন্থ। এখানে তিনটি নাট্যকাব্য স্থান পেয়েছে—দুটি নারী ও দুজন পুরুষ, 'অমরাবতী' ও 'প্রাণ প্রেম মৃত্যু ও সন্ধ্যা'। এখানে যে পরীক্ষার চেষ্টা করেছেন কবি তাতে তিনি কতখানি সার্থক হয়েছেন তার হিসাব নেওয়া হয়তো এখনই সম্ভব হবে না, তবে এ-কথা বলা যায় যে, কাব্যসুষমাকে অক্ষুণ্ণ রেখে একটি নাটকীয় মুহূর্তকে পাঠকের অনুভূতির কাছে তিনি পৌঁছে দিতে সমর্থ হয়েছেন। একটি কবিতার পক্ষে এই সাফল্যটুকুও কম আশার কথা নয়। তবু, তুলনাগত বিচারে এ-কথাটুকু বলে রাখা ভালো যে, প্রথম রচনাটিতে কবির নিজের অনুভূতিই এত সুস্পষ্ট যে তাকে কাব্যরূপে প্রকাশ করতে গিয়ে তিনি অনেকখানিই অস্পষ্ট হয়ে পড়েছেন। ফলে পাঠক অনুভূতির অংশীভূত অনুভব করতে পারেন।

ছোট কাব্যগ্রন্থ। বড় বই প্রকাশের লোভ সম্বরণ করে কবি যে তিনটি ভালো রচনা সংকলন করেছেন, তার জন্য তিনি ধন্যবাদ পাওয়ার যোগ্য। ১২৬।৫৯

## সাহিত্যালোচনা

**সাহিত্য জিজ্ঞাসা**—গুরুদাস ভট্টাচার্য। পশ্চিমবঙ্গ প্রকাশ ভবন, ৮১ মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭। তিন টাকা পঞ্চাশ নয়া পয়সা।

সম্প্রতিকালে সাহিত্য বিষয়ক আলোচনা-গ্রন্থ কাব্যগ্রন্থের চেয়েও বেশি সংখ্যায় বেরোচ্ছে, এটা আমরা লক্ষ্য করেছি। এবং আমরা হিসেব করে দেখেছি সেই প্রবন্ধ গ্রন্থের রচয়িতাগণ অধিকাংশই অধ্যাপক। অর্থাৎ অধ্যাপনা কর্মে লিপ্ত থাকতে থাকতে নির্দিষ্ট পাঠ্য বিষয়ে তাঁদের এবং ছাত্রদের মনে যে সমস্ত জিজ্ঞাসার উদয় হয় তারই সংক্ষিপ্ত উত্তরাংশ নির্দিষ্ট বিষয়ক, প্রায় নির্দিষ্ট বিষয়ক প্রবন্ধমালার সৃষ্টি করে। সমালোচনা-আলোচনার ক্ষেত্রে অধ্যাপকগণ এগিয়ে এসেছেন এটা খুশী হবার কথা। অন্তত যেক্ষেত্রে কোন কবি বা ঔপন্যাসিক সাহিত্যদান হয়ে সহজে দেখা দিতে চাইছেন না, সেক্ষেত্রে এ প্রচেষ্টাকে আমরা অভিনন্দন জানাবো অবশ্যই। কিন্তু পাঠ্যতালিকা এবং পরীক্ষার প্রশ্নমুখাপেক্ষী হয়ে যদি কতকগুলি টপিক বিষয় নিয়ে কতকগুলি ধরাবাঁধা ছকে প্রত্যেকেই লিখতে থাকেন এবং সেগুলি গ্রন্থ-মূর্তি নিতে থাকে তাহলে বিবেচনার বিষয় হয়ে ওঠে।

গুরুদাসবাবুর প্রবন্ধগুলি সুলিখিত। কবি ও বিষয়বস্তুর দিক থেকে তিনি পুরোনো জিজ্ঞাসারই উত্তর খুঁজেছেন। এবং এই জাতীয় সাহিত্য মীমাংসা শেষ পর্যন্ত একটি

অবধূতের
বিস্ময়কর রচনা আজই পড়ুন
শুভায় ভবতু
• পাঁচ টাকা •
দুরি বৌদি
• চার টাকা •
আকাদেমী পুরস্কার ভূষিত
গজেন্দ্রকুমার মিত্রের
সার্থকতম উপন্যাস
রাত্রির তপস্যা
• পাঁচ টাকা •
মিত্রালয় : কলিকাতা-১২
(সি-৮৪৫।২)

বিশেষ শ্রেণীর পাঠকের মুখ চেয়েই পুস্তকটি রচিত হয়েছে। তবু, একথা আমরা স্বীকার করবো আলোচ্য গ্রন্থের লেখক কিছুটা স্বাধীন চিন্তার পরিচয় দিয়েছেন। নিজের বক্তব্যকে নিরপেক্ষভাবে [illegible] সুনিশ্চিত করে লিখতে পেরেছেন। তাঁর আলোচনাভঙ্গিমায় যথেষ্ট [illegible], বেশ একটা স্পর্শ করা [illegible] তিনি তাঁর বিষয় বিশ্লেষণে এগিয়ে গিয়েছেন। যাদের জন্যে লেখা তারা গ্রন্থটি পড়ে উপকৃত হবে আশা করি। ৩১৭।৫৯

## সাধক জীবন

ভাবের প্রকাশ—শ্রীহরিশচন্দ্র সিংহ প্রণীত। শ্রীশ্রীরামকৃষ্ণ মন্দির ৯নং ঠাকুর রামকৃষ্ণ পার্ক রো, কলিকাতা-২৫ হইতে প্রকাশিত। মূল্য সাড়ে তিন টাকা।

ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণদেবের শিষ্য মহাত্মা [illegible] মহাশয় [illegible]। তাঁহার শিষ্য [illegible] শ্রীহরিশচন্দ্র [illegible] জীবনকে অবলম্বন করিয়া পুস্তকখানি লিখিত। জীবনী বলিতে আমরা যাহা [illegible] জীবনের [illegible] সংগ্রহ পুস্তক [illegible] জীবনী বলা [illegible]। জীবনী [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পুস্তক- [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পুস্তক- [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] সুন্দর। ২৮৩।৫৯

## সংকলন

কেদার বদরী—জ্যোতিশ্চন্দ্র রায়। [illegible] বুক কোম্পানী, কলিকাতা-২২। মূল্য ৪·৫০ নঃ পঃ।

আলোচ্য পুস্তকখানি মাধবানী নামক [illegible] কেদার বদরীর পথে নাম দিয়া [illegible] প্রকাশিত প্রবন্ধসমূহের সংকলন। তীর্থভ্রমণ সম্বন্ধে যেসব তথ্য-পূর্ণ পুস্তক প্রকাশিত হইয়াছে বর্তমান গ্রন্থ তাহাদের মধ্যে অন্যতম। ইদানীংকালে উত্তর ভারতের অসংখ্য তীর্থস্থানে যাতা-য়াতের সমস্যা, [illegible] বিষয়বস্তু এবং [illegible] তীর্থযাত্রীদের বিশ্রামাগার সম্পর্কে যাবতীয় তথ্য এই সংক্ষিপ্ত পুস্তকখানিতে স্থানলাভ করিয়াছে। তাকেই ভ্রমণ পিপাসী এবং তীর্থযাত্রীদের পক্ষে গ্রন্থখানি অবশ্য পঠনীয়। সহজবোধ্য ভাষা এবং সাবলীল রচনাভঙ্গির গ্রন্থকারের অন্য-তম বিশেষত্ব।

মুদ্রণ পারিপাট্য এবং প্রচ্ছদপট মনোরম। ৩৫৪।৫৮

## প্রাপ্তি স্বীকার

নিম্নলিখিত বইগুলি সমালোচনার্থ আমাদের হস্তগত হইয়াছে।

এক যে ছিলো দেশ—কৃষণ চন্দর
অনুবাদক—মুস্তাফা নাসাদ।
আচার্য যোগেশচন্দ্র—শ্রীসুখময় সরকার।
সমর্পণ—সুকুমার বাগচী।
ঘরে বাইরে রবীন্দ্রনাথ—শ্রীবীরেন্দ্র-নারায়ণ রায়।
দুই পৃথিবীর মাঝের দেশ—বিমল বন্দ্যোপাধ্যায়।
দর্পণ—অরবিন্দ গুহ।
কবি মোহিতলাল—হরনাথ পাল।
পরবাসী—বীরেন্দ্রনাথ রক্ষিত।
কাজ কাল পরশু—রাজেন্দ্রনাথ রায়।
জীবনের রঙ—শঙ্কর।
দীপান্বিতা—আতাউর রহমান।


সুরঞ্জনী — সুবোধ ঘোষ

যে বই পড়ে আনন্দ—উপহার দিয়ে তৃপ্তি

| | | |
|---|---|---|
| পাঁচমাটি সোনাভরা | যজ্ঞেশ্বর রায় | ২·২৫ ন. প. |
| দুই কাননের পাখি | সন্তোষকুমার ঘোষ | ২·৫০ ন. প. |
| জলরেখা | বিমল কর | ২·৫০ ন. প. |
| মহুয়া মিলন | দীপঙ্কর ভট্টাচার্য | ২·০০ ন. প. |
| পথ ও পাথেয় | [illegible] | ২·০০ ন. প. |
| তুমি কোথায় | মধুসূদন চট্টোপাধ্যায় | ২·০০ ন. প. |
| মেয়েদের [illegible] | বীরেন্দ্রনাথ ধাড়া | ·৭৫ ন. প. |

পরিবেশক:—কারেন্ট বুক সপ্—১৭এ কলেজ স্ট্রীট, কলি:-১২

শ্রীজওহরলাল নেহরুর

# বিশ্ব-ইতিহাস প্রসঙ্গ

বিশ্ব-বিশ্রুত "GLIMPSES OF WORLD HISTORY" গ্রন্থের বঙ্গানুবাদ। এ শুধু সন-তারিখ-সম্বলিত ইতিহাস নয়—ইতিহাস নিয়ে সরস সাহিত্য। [illegible] বিভিন্ন পটভূমিকায় [illegible] মানবগোষ্ঠীর বিভিন্ন যুগের চিত্রাবলী নিয়ে লিখিত একখানা অপূর্ব গ্রন্থ। জে. এফ. হোরাবিন-অঙ্কিত ৫০খানা মানচিত্র সহ। প্রায় হাজার পৃষ্ঠার বিরাট গ্রন্থ।
দ্বিতীয় সংস্করণ : ১৫·০০ টাকা

শ্রীজওহরলাল নেহরুর
**আত্ম-চরিত**
(২য় সং) ১০·০০ টাকা

শ্রীচক্রবর্তী রাজগোপালাচারীর
**ভারতকথা** ॥ ৮·০০ টাকা

প্রফুল্লকুমার সরকারের
**জাতীয় আন্দোলনে রবীন্দ্রনাথ**
২·০০ টাকা

**অনাগত** (উপন্যাস) ২·০০ টাকা

**ভ্রষ্টলগ্ন** (উপন্যাস) ২·৫০ টাকা

অ্যালান ক্যাম্পবেল জনসনের
**ভারতে মাউণ্টব্যাটেন**
(২য় সং) ৭·৫০ টাকা

আর জে মিনির
**চার্লস চ্যাপলিন** ৩·০০ টাকা

শ্রীসরলাবালা সরকারের
**অর্ঘ্য** (কবিতা-সঞ্চয়ন)
৩·০০ টাকা

ত্রৈলোক্য মহারাজের
**গীতায় স্বরাজ** ৩·০০ টাকা

শ্রীগৌরাঙ্গ প্রেস প্রাইভেট লিঃ । ৫ চিন্তামণি দাস লেন । কলিকাতা ৯

## আবেগ-মধুর জীবন-কাব্য

তপন সিংহ এমন একজন চিত্র রূপকার যাঁর ছবির মুক্তিলগ্নটি রসিকজনের আমোদ-পঞ্জীতে সাগ্রহে সূচিহ্নিত হয়ে থাকে। এই জনপ্রিয়তা ও গৌরবের মূলে রয়েছে তাঁর দীর্ঘদিনের নিরলস অনুশীলন, চলচ্চিত্রের দাবির প্রতি তাঁর নির্বিরোধ আনুগত্য। আরোপিত বৈদগ্ধ্যের পথ ছেড়ে সুন্দর ও মধুরের সহজ, মুক্ত ছন্দটি তিনি অনুসরণ করেছেন তাঁর শিল্পকর্মে। তাই তাঁর সৃষ্টি সুন্দর থেকে সুন্দরতর, মধুর থেকে মধুরতর, পূর্ণ থেকে পূর্ণতর হয়ে উঠেছে। এই সৌন্দর্য, মাধুর্য ও পূর্ণতা নিঃশেষে ঢেলে দিয়ে তিনি সবিনয় ও সগৌরবে বর্তমানে যে ছবিটি দর্শকদের উপহার দিলেন সেটি এস বি ফিল্মস-এর "ক্ষণিকের অতিথি"।

**চন্দ্রশেখর**

প্রেম প্রাপ্তিতে সার্থক হয় মিলনে, আর অপ্রাপ্তিতে বিরহে। তাই বিরহ ও বিচ্ছেদে প্রেমের নিবিড় উপলব্ধিকে নিয়ে রচিত হয়েছে এত কাব্য, এত কাহিনী, এত নাটক। ক্ষণিকের অতিথির কথাবস্তু প্রেমের এই সকরুণ বেদনাবিধুর রসেই আপ্লুত।

ভালোবাসার মধুর দিনগুলি বুঝি পৃথিবীর আহ্নিক গতির সঙ্গে সঙ্গেই মিলিয়ে যায় না। দিনান্তের-নিশান্তের সঞ্চয়টুকু এরা রেখে যায় বিরহী প্রাণের প্রান্তে। দিনের আলোয় রাতের সব তারার মতোই প্রণয়ের মুহূর্তগুলি অনুজ্জ্বল হয়ে জ্বলতে থাকে প্রণয়ী-প্রণয়িনীর স্মৃতির মণিকোঠায়। এই ছবির নায়ক-নায়িকা বিমল ও মিতার নতুন জীবনের প্রসন্ন আলোয় দিনের তারার মতোই মুখ লুকিয়েছিল তাদের অতীতের প্রণয়মধুর দিনগুলির রাঙাভরা স্মৃতি, তাদের হাসির আড়ালে লুকানো ছিল সারি সারি অশ্রুবিন্দু।

বিমল চিকিৎসাশাস্ত্রের অধ্যয়ন শেষ করে গ্রামে এসে ভার নেয় একটি হাসপাতালের। এই হাসপাতালে নানারকমের রোগীদের নিয়ে তার দিন কাটে। এরা শুধু রোগী নয়, চরিত্র। বিচিত্র রকম চরিত্রের লোক এরা। এক বৃদ্ধ রোগী জীবন-সায়াহ্নে একটি আশায় বুক বেঁধে মরণকে ঠেকিয়ে রাখতে চান—গ্রামের য়ুনিয়নের প্রেসিডেন্ট হওয়ার আশা। আশার ছলনা সইতে না পেরে তিনি একদিন চোখ বোজেন। তাঁর মৃত্যু বুঝি বেশী করে বুকে বাজে সেই পাগলের বিদ্রূপের বোলটি—যে বিদ্রূপ করত প্রাণের উচ্ছ্বাসকে। মনের লেখা দিয়ে দিনে দিনে তিলে তিলে রচনা করেছে এই রোগীর জেলখানাকে। ত্রুপের শূন্য শয্যার দিকে নিষ্পলক চোখে তাকিয়ে থেকে একটি করুণ সত্যই সে বুঝে নিয়েছে যে সে-হাসপাতাল থেকে কোনদিনই ছুটি পাবে না। হাসপাতালের আরেক অদ্ভুত রোগী সুখ-দুঃখের এক মূর্ত। তার উচ্ছল প্রাণশক্তির কাছে রোগ হার মানে। রোগশয্যায় বসে সে সঙ্গীত-অর্গান বাজায়—প্রাণশক্তির প্রেরণা, যখন শ্যামা মেয়েটি পথ্য নিয়ে আসে তার প্রিয়তমের জন্যে। শ্যামা এই গ্রামেরই মেয়ে। তার প্রণয়ী সুন্দর গান করে। সারা থিয়েটার গান গেয়ে অভিনয় করে আনন্দ দিত গ্রামের সকলকে। অসুখের প্রথম লক্ষণটি যেদিন তাকে কাবু করল, তখন সবাই তাকে ছেড়ে গেল। গেল না শুধু শ্যামা। শ্যামা তার মনের মানুষের জন্যে পথ্য নিয়ে আসে, পথ্য নিয়ে আসে। তার প্রণয়ী চিকিৎসকের বারণ না শুনে রোগশয্যায় শুয়ে গান গেয়ে যায়। তার গানে সকলের মনেই বুঝি সুখের অতীত বর্তমানের বঞ্চনার সঙ্গে কি এক গোপন খেলা খেলে যায়। ডাক্তার বিমলের মনও উতলা হয়—মনের ক্লান্তি ঝেড়ে ফেলে আবার সে মন দেয় রোগীদের চিকিৎসায়। ভোর থেকে সন্ধ্যা পর্যন্ত অনেক রোগী আসে তার হাসপাতালে। তাদের ভিড়ের মধ্যে পঙ্গু ছেলের হাত ধরে এসে দাঁড়ায় একদিন মিতা।

বিমলের সামনে এসে যেন দাঁড়ায় তার ও মিতার ফেলে-আসা দিনগুলি—স্মৃতির দরবারে সকরুণ মিনতি নিয়ে। পঙ্গু


**শুক্রবার ১৮ই ডিসেম্বর থেকে চলছে!**

**তপন সিংহের শ্রেষ্ঠ চিত্র ক্ষণিকের অতিথি**

== একযোগে ==

**মিনার ○ বিজলী ○ ছবিঘর**

ও শহরতলীর অন্যান্য চিত্রগৃহে

এস বি ফিল্মসের 'ক্ষণিকের অতিথি'র প্রধান দুটি চরিত্রে রুমা গাঙ্গুলী ও নির্মল কুমার।

দেশের কোলে ভুলে এবং বিমল ভুলে যে তার উচ্চাকাঙ্ক্ষার কথা। বাবু ও মিতা এসে ওঠে বিমলেরই সঙ্গে। [illegible] থেকে বিমল ও মিতার [illegible] অতীতের স্মৃতি থেকে [illegible] হয়ে ওঠে [illegible] বিমল [illegible] মিতাকে [illegible] মিতার [illegible] এক [illegible] মধ্যেই তার ছেলে এক দুর্ঘটনায় নিরুদ্দেশ হয়ে পড়ে।

অতীতের দুঃস্বপ্নরা [illegible] একটির পর একটি স্বপ্নের মতো ভেসে যায় তাদের মনের উপর দিয়ে। বিমল প্রাণপণ চেষ্টা করে বাবুকে সারিয়ে তুলতে। জীবনে সে কি পেল আর কি পেল না তার হিসাব-নিকাশ সে মিলিয়ে দেয় বাবুর প্রতি তার অপরিসীম মমতায়। মিতাও নিবিড় বন্ধনের মধ্যে সার্থক করে তুলতে চায় তার অন্তরের [illegible]। তবু যেদিন হাসপাতাল থেকে ছাড়া পেয়ে শামার প্রেমাস্পদ তাদের জানিয়ে যায় যে সে শামাকে বিয়ে করবে, সেদিন অকারণেই বিমল ও মিতার মন এক অনির্দেশ্য বেদনায় মুহূর্তে যেন ভারাক্রান্ত হয়ে পড়ে। [illegible] এই প্রসঙ্গ ছবির মধ্যে নিজেদের ভূমিকায় তারা [illegible] বাবুকে সারিয়ে তুলতে বিমল [illegible] বাবু [illegible] বিমলকে মিতাও [illegible] একদিন বিমল [illegible] প্রেমের [illegible] উপর দিয়ে যে [illegible] মিতা ও বাবুকে একদিন ভুলে যেতে বিমল। [illegible] বিমল জিজ্ঞেস করে বাবুকে। এতদিনের অবরুদ্ধ কান্না [illegible] মিতার উত্তর— [illegible] চলে। এই চলা [illegible] ক্ষমতা নেই বিমলের। চলার দিকে চেয়ে থাকে বিমল।

চলচ্চিত্রশিল্পীর জীবনের [illegible] নিষ্ঠার যে বিরল [illegible] দিয়েছেন তপন সিংহ এই ছবিতে তা তাঁর পরিচালক-জীবনের শ্রেষ্ঠ কীর্তি বললে বোধহয় অত্যুক্তি হবে না। এ ছবির কাহিনী মহৎ নয়, কিন্তু মরমী। আর এই মরমী প্রণয়োপাখ্যানটিকে রস, মাধুর্য, সৌন্দর্য এবং সর্বোপরি এক নিরুচ্চার জীবন-ভাবনায় একটি অপরূপ হৃদয়-কাব্যে পরিণত করেছেন পরিচালক। তাঁর প্রয়োগ-নৈপুণ্যের গুণে এ-ছবিতে সুরের মূর্ছনা অবস্তু আকৃতিতে বাঙ্ময়। তাঁর সংযত পরিমিতি জ্ঞান, শালীনতা ও পরিচ্ছন্ন ঘটনা-বিন্যাসে ছবিটি নিরুচ্ছ্বাস মাধুর্যে অভিষিক্ত। সমস্ত ছবিটিতে এক প্রণয়ী-যুগলের পরস্পরকে না-পাওয়ার বেদনা যেন অশ্রু


মাথায় টাক পড়া ও পাকা চুল
আরোগ্য করিতে ২৬ বৎসর অভিজ্ঞ ও ইউরোপ-অভিজ্ঞ ডাঃ [illegible] সাহেব প্রতি দিন প্রাতে ও প্রতি শনিবার ও রবিবার বৈকাল ৩টা হইতে ৭টায় সাক্ষাৎ করুন। ৩বি জনক রোড, বালীগঞ্জ, কলিকাতা।
(সি ১১১৪)

গীত-ভানু
'দক্ষিণী' পরিচালিত
শাস্ত্রীয় সঙ্গীত শিক্ষায়তন
১০২, রাসবিহারী এভিনিউ, কলিকাতা-২৯
নূতন শিক্ষাবর্ষ
জানুয়ারী মাস থেকে গীত-ভানুর নূতন শিক্ষাবর্ষ শুরু হবে। এই শিক্ষাকেন্দ্রে কেবলমাত্র হিন্দুস্থানী শাস্ত্রীয় কণ্ঠসঙ্গীত ও যন্ত্রসঙ্গীত শিক্ষাদান করা হয়। আদ্য, মধ্য ও অন্ত্য শ্রেণীতে বিভক্ত ছয় বছরের নির্ধারিত পাঠক্রম। নূতন শিক্ষার্থী ভর্তি করা আরম্ভ হয়েছে। শিক্ষাগ্রহণ ও ভর্তি হবার সময়: শনিবার বিকাল ৪—৭ ও রবিবার সকাল ৮—১১।

এলিট
—প্রত্যহ—
৩, ৬ ও রাত ৯টায়
দুষ্টু এক কিশোরী মেয়ে... এক [illegible] পরিবারকে কি করে কৌতুকরসে সিক্ত করেছে এবং এক ভগ্নহৃদয়কে কিভাবে প্রেমবন্ধু শিখিয়েছে, তারই রসমধুর কাহিনী।

মিনার্ভা থিয়েটার
৬, বিডন স্ট্রীট :: ফোন : ৩৩—৪৪৮৯
লিট্‌ল্ থিয়েটার গ্রুপের অবিস্মরণীয় নাট্যসৃষ্টি
অঙ্গার
আসন্ন
পরিচালনা - উৎপল দত্ত
সুর - - রবিশঙ্কর
লোকসঙ্গীত - নির্মল চৌধুরী
দৃশ্যসজ্জা - নির্মল গুহরায় ও রবি চট্টোপাধ্যায়
(সি ১১০২)

কে, হোড়ের
কণক
* পাউডার *

রঙমহল

—শুভমুক্তি—...
শনিবার : ১৯শে ডিসেম্বর : ৬॥টায়
রবিবার : ২০শে ডিসেম্বর : ৩টা - ৬॥টায়
ধনঞ্জয় বৈরাগীর রহস্যঘন নাটক
এক পেয়ালা কফি
বাংলা রঙ্গমঞ্চে রহস্য নাটক এই প্রথম
পরিচালনা : তরুণ রায়
শ্রেষ্ঠাংশে—তরুণ রায়, রবীন, হরিধন, সত্য, জহর, অজিত, বিশ্বজিৎ, পিকু, সমর, দীপান্বিতা রায়, কবিতা, কেতকী দত্ত
এক মুঠো আকাশ বৃহস্পতি ৬॥টায়

সজল বেদনাবিধুর রেখায় আঁকা। এ-ছবির চিত্রনাট্য দর্শককে এমন এক দুঃখ-সুখের আস্বাদ দেয় যাতে চোখের পাতা সহজেই ভিজে ওঠে। নায়ক-নায়িকার অন্তর-বিরহ ক্ষতগুলি সুন্দর মুহূর্ত রচনা করে, কখনও বা ব্যঞ্জনা ও প্রতীকের আশ্রয় নিয়ে, অস্ফুট সংলাপে পরিচালক নিমেষে সঞ্চারিত করে দেন দর্শকের মনে। অনাস্বাদিত এক রস-সম্ভোগের প্রত্যাশা দর্শকমনে জাগিয়ে দেয় ছবির অভিনব 'টাইটেল'টি—যাতে ছবির মর্মবাণী রবীন্দ্রনাথের একটি কবিতার কয়েকটি চরণে পরিস্ফুট।

ছবিতে নায়ক-নায়িকা বাদে আরও যে কয়েকটি চরিত্র ভিড় করে এসেছে—হাসপাতালের যারা রোগী—সেগুলিও জীবনের জীবন্তরেখায় অঙ্কিত। অস্বাভাবিক মনে হবে না কাউকে, অস্বাভাবিক মনে হবে না কারোর কোন কথা, কারোর আশা-অভীপ্সা, ব্যথা-বঞ্চনা। একটি হাসপাতালের মাধ্যমে বিচিত্রধর্মী একটি মানুষের মিছিল পরিচালক রূপ দিয়েছেন তাঁর ভাবকল্পনায়। কবি অতুলপ্রসাদের একটি ভাবমণ্ডিত গানের মধ্য দিয়ে ফুটিয়ে তুলেছেন ছোট ছোট মানুষের ছোট ছোট আনন্দ ও বেদনা। কিন্তু তা নিয়ে কোন দার্শনিক বক্তব্য বা তত্ত্ব সরবে উচ্চারিত হয়নি ছবির কোথাও। এক অনবিল নাট্যসুষমায় পরিচালক বেঁধে রেখেছেন সকলকে, গভীর দরদের মধ্য দিয়ে তাদের অনেকেরই চাওয়া-পাওয়াকে পূর্ণ করে তুলেছেন তিনি। যে পেল না তার জন্যে রেখে দিয়েছেন একটি ছোট্ট দীর্ঘশ্বাস —যা ব্যথার সুখে মন ভরে দেয়।

প্রয়োগ-কর্মে পরিচালক উল্লেখযোগ্য কৃতিত্ব দেখিয়েছেন ছবির অনেক জায়গায়। প্রত্যেকটি নাট্যমুহূর্ত রচনার আগে যথাযথ নাট্যপ্রস্তুতি গড়ে তোলার ব্যাপারে তিনি মার্জিত কল্পনাশক্তির পরিচয় দিয়েছেন। ছবির ফ্ল্যাশব্যাকের দৃশ্যগুলির উপস্থাপন, দাদুর চলৎশক্তি ফিরে পাওয়ার দৃশ্য, নায়ক-নায়িকার প্রণয়মধুর দিনগুলির দৃশ্য-বিন্যাস, বিমল ও মিতার হাতে হাত রাখবার মুহূর্তে চলন্ত গাড়ির প্রচণ্ড আওয়াজে উভয়ের ছিটকে পড়া—যা তাদের ভবিষ্যৎ বিচ্ছেদের প্রতীক, দূরের মন্দির থেকে ভেসে আসা সন্ধ্যারতির ঘণ্টা-কাঁসর ধ্বনির মধ্যে নায়ক-নায়িকার প্রিয়কে ছেড়ে শ্রেয়কে গ্রহণের সংকল্প, বিমলের জীবন থেকে মিতার শেষ বিদায়ের দৃশ্য প্রভৃতি আরও অনেক সূক্ষ্ম ও রসসমৃদ্ধ মুহূর্ত ছড়িয়ে রয়েছে ছবিটিতে। ছবির এই সর্বাঙ্গীণ শ্রেষ্ঠত্বের সঙ্গে ছোটখাটো দু'য়েকটি বৈসাদৃশ্যও দর্শকের নজরে পড়ে। সিঁড়ি দিয়ে বাদ, দাঁড়িয়ে পড়বার সময় মিতার একই জায়গায় দাঁড়িয়ে থাকাটা দৃশ্যটিকে বাঞ্ছিত নাট্যরস থেকে বঞ্চিত

আপনার নমনীয় রূপের জন্য......

আপনার দেহত্বক নমনীয়, পেলব রাখার—দেহত্বকের স্বাভাবিক সৌন্দর্য ও রমণীয়তা আনবার আধুনিক উপায়। চেহারায় পরিপূর্ণতা ও তারুণ্য ফুটিয়ে তোলবার জন্য পাউডার মাখার আগে ব্যবহার করুন থ্রি ফ্লাওয়ার্স ভ্যানিশিং ক্রীম—নিজের প্রসাধন-স্নিগ্ধ চেহারা দেখে মুগ্ধ হবেন। অমূল্য দেহত্বককে সজীব করে তোলে এই সুন্দর, পেলব ও স্নিগ্ধকর ক্রীম।

THREE FLOWERS
Trade Mark

প্রস্তুতকারক
Richard Hudnut
ভ্যানিশিং ক্রীম
......ও ক্লীনজিং ক্রীম
লণ্ডন : প্যারিস : নিউইয়র্ক

করেছে। মেজোর অস্ত্রোপচারের সংবাদ পেয়ে মিতার কলকাতা যাওয়ার বাসনা কিংবা আরেকটু আকুল হওয়া অনেক দর্শকের কাছেই হয়তো স্বাভাবিক মনে হবে।

সম্মিলিত অভিনয়-সৌকর্য ছবিটির একটি বড় সম্পদ। নায়কের চরিত্রে নির্মলকুমার তাঁর চরিত্রটির মর্মরূপ সংযত ও সংবেদনশীল অভিনয়ে চমৎকার ফুটিয়ে তুলেছেন। এ-ছবিতে তাঁর অভিনয় দর্শকদের সহজেই মুগ্ধ করবে এবং তাঁর শিল্পী-জীবনের শ্রেষ্ঠ কৃতিত্ব বলে বিবেচিত হবে। নায়িকা মিতার চরিত্রটির মর্যাদা রুমা গাঙ্গুলীর অভিনয়ে সুন্দর পরিস্ফুট। কয়েকটি নাট্যমুহূর্তে তাঁর ভাবের অভিব্যক্তি—বিশেষত শেষ বিদায়ের দৃশ্য—মনে রেখাপাত করে। মিতার শিশু শিশুপুত্রের ভূমিকায় শিশুশিল্পী শ্রীমান তরুণের আশ্চর্য অভিনয় স্মরণীয় হয়ে থাকবে। এই শিশু তার উপস্থিতির সর্বক্ষণ দর্শকের মনে যেমনি মমতার সৃষ্টি করে, তেমনি এক বিশেষ নাটকীয় মুহূর্তে—যখন সে চলন্ত গাড়ি থেকে পড়ে—তার অনিন্দ্যসুন্দর অভিব্যক্তিতে দর্শকের মন জয় করে নেয়। পরিচালক তপন সিংহ টিংকু ঠাকুরের পর অসাধারণ প্রতিভাময় শিশুশিল্পীর উপহার দিয়েছেন এ ছবিতে। হাসপাতালের নতুন নার্সের চরিত্রে অপর্ণা অভিনয়দক্ষতার প্রমাণ দিয়েছেন। তুলসী লাহিড়ী ও নৃপতি চট্টোপাধ্যায়। তাঁরা এক একটি ছোটো মানুষের রূপ দিয়েছেন তাঁদের ক্ষণিকের অভিনয়ে। এক প্রবীণ অধ্যাপক চিকিৎসকের ভূমিকায় অনেকদিন পর রাধামোহন ভট্টাচার্য তাঁর অনবদ্য অভিনয়ে বিস্মিত করেছেন দর্শকদের। ছোট্ট এ চরিত্রটিকে চলনে-বলনে সুন্দর স্বাভাবিক করে তুলেছেন তিনি। তাঁর ইংরেজী উচ্চারণ মনোজ্ঞ। ছবিতে আর যাঁরা খুবই প্রশংসনীয় অভিনয়ের কৃতিত্ব অর্জন করেছেন তাঁদের মধ্যে আছেন দিলীপ রায়, অনিল চট্টোপাধ্যায়, অজন্তা কর, ছবি বিশ্বাস, অতনুকুমার ও গীতা দাস।

হেমন্ত মুখোপাধ্যায়ের অনবদ্য সুর-রচনা ছবিটিকে এক অনির্বচনীয় মাধুর্যে মণ্ডিত করে তুলেছে। ছবির নাট্যমুহূর্তে তাঁর রচিত আবহ-সংগীত মর্মস্পর্শী ভাব-রূপ নিয়ে উপস্থিত হয়েছে। আবহ-সংগীত ছবিতে যে কতবড় ভূমিকা নিতে পারে এই ছবিতে হেমন্তকুমার তা যেন নতুন করে প্রমাণ করলেন। তাঁর গাওয়া অতুলপ্রসাদের "কে তুমি নদীকূলে বসি একেলা" বার বার শুনতে ইচ্ছা করে।

ছবির আলোকচিত্র, সম্পাদনা ও শিল্প-নির্দেশে যথাক্রমে অনিল বন্দ্যোপাধ্যায়, সুবোধ রায় ও সুনীতি মিত্র প্রশংসনীয় কৃতিত্বের অধিকারী। কলাকৌশলের অন্যান্য বিভাগের কাজ পরিচ্ছন্ন; অঙ্গসজ্জা সুন্দর ও সুরুচিপূর্ণ।

# চিত্রালোচনা

পরিচালক তপন সিংহের নবতম অবদান "ক্ষণিকের অতিথি" বাংলা ছবির জগতে নতুন শিল্প-চেতনার আশ্বাস নিয়ে হাজির হয়েছে। পাওয়া এবং না-পাওয়ার বেদনার মধ্যেও যে-প্রেম চির-ভাস্বর, তাকেই উপজীব্য করে এস বি ফিল্মস ছবিটি তুলেছেন। নির্মলকুমার, রুমা গাঙ্গুলী এবং শ্রীমান তরুণ এর তিনটি প্রধান ভূমিকায় যে নাট্যপ্রতিভার পরিচয় দিয়েছেন তা সহজে ভোলবার নয়। অন্যান্য ভূমিকায় উল্লেখযোগ্য অভিনয় করেছেন রাধামোহন ভট্টাচার্য, ছবি বিশ্বাস, অনিল চট্টোপাধ্যায়, দিলীপ রায়, তুলসী লাহিড়ী, অতনু ঘোষ, নৃপতি চট্টোপাধ্যায় প্রভৃতি। হেমন্তকুমারের সুর ছবিটির নাটকীয় আবেদনকে ঘনীভূত করে তুলেছে।

এ সপ্তাহে দুটি হিন্দী ছবিও মুক্তি পাচ্ছে। একটি অল ইণ্ডিয়া পিকচার্সের "জওয়ানী-কি-হাওয়া", অপরটি নিও লাইট ফিল্মসের "ম্যাডাম এক্স-ওয়াই-জেড"।

এক বেকার যুবক, ফিল্মের জটিল অভিনেত্রী এবং অন্যায়কারী একজন ধন-কুবেরের বিচিত্র এক কাহিনী রূপ পেয়েছে "জওয়ানী-কি-হাওয়া"তে। প্রধানাংশে অভিনয় করেছেন বৈজয়ন্তীমালা, প্রদীপকুমার, জনি ওয়াকার, পূর্ণিমা, রাজ মেহরা, লক্ষ্মী, আনোয়ার, বদ্রীপ্রসাদ, হেলেন প্রভৃতি। পরিচালনা ও চিত্রনাট্যের জন্যে এর [illegible] নাম উল্লেখযোগ্য। রবি এতে সুরযোজনা করেছেন।

"ম্যাডাম এক্স-ওয়াই-জেড" আসলে একটি ক্রাইম-ড্রামা। শকিলা, সুরেশ, প্রাণ, নাজিনী চোপড়া, লক্ষ্মী, ভগবান, [illegible], সুরেশ, নানা পালসিকর প্রভৃতিকে নিয়ে এর ভূমিকালিপি গঠিত। নানাভাই ভাট ও


বিশ্বরূপা

(অভিজাত প্রগতিশীল নাট্যমঞ্চ)

(ফোন: ৫৫-১৫২৩)

বৃহস্পতিবার ও শনিবার—৬॥টায়

রবিবার ও ছুটির দিন—৩ ও ৬॥টায়

[illegible] বিধায়ক ভট্টাচার্যের

সেতু

(কিরণ মৈত্রের কাহিনীর অবলম্বনে)

পরিচালনা—নরেশ মিত্র আলোক—তাপস সেন

শ্রেঃ নরেশ মিত্র, অসিতবরণ

অরুণকুমার, অজিতাভ, সন্তোষ, তারক, কমল, ডাঃ দীপক, জয়শ্রী, সুব্রতা, ইরা, সাবিত্রী আরতি

ও

তৃপ্তি মিত্র (বহুরূপী)



॥ সর্বাধিক প্রচারিত বাংলা মাসিকপত্র ॥

জলসা

ডিসেম্বর সংখ্যা প্রকাশিত হইয়াছে। দাম এক টাকা

হরিনারায়ণ চট্টোপাধ্যায়ের উপন্যাস

মদনভস্ম

রমাপদ চৌধুরীর

লেখালেখি

সাগরময় ঘোষের

সম্পাদকের বৈঠক

গৌরকিশোর ঘোষের

ব্রজবুলি

শচীন ভৌমিকের গল্প

একটি নিছক প্রেম

এ ছাড়া নিয়মিত অন্যান্য বিভাগীয় রচনা।

জলসা । ৫বি ডাঃ সুরেশ সরকার রোড, কলিকাতা—১৪

চিত্রগুপ্ত যুগ্মভাবে এর পরিচালক ও সুরকার।

• • •

যে ক'খানি বাংলা ছবি হাউস চলছে সেগুলির জনপ্রিয়তা দেখে মনে হয় ডিসেম্বরের মধ্যে তারা আসর ছাড়বে না। সুতরাং বড়দিনের মরশুমে যে সব নতুন ছবির মুক্তি ঘোষিত হয়েছিল, জানুয়ারীর আগে তাদের সাক্ষাৎ মিলবে বলে মনে হয় না।

আসন্ন মুক্তি প্রতীক্ষিত ছবিগুলির মধ্যে রয়েছে বিকাশ রায় প্রযোজিত-পরিচালিত "রাজা সাজা", এমকেজির "মায়ামৃগ" অগ্রদূতে নিবেদিত "খোকাবাবুর প্রত্যাবর্তন" হীরেন বসুর "[illegible] নারদের সংসার" অর্ধেন্দু মুখোপাধ্যায় পরিচালিত "গরীবের মেয়ে", জে এম পিকচার্সের "উত্তর মেঘ" এবং আরো দু একটি নতুন চিত্রার্ঘ।

গত দু'সপ্তাহ ধরে "মা" নামের একখানি ওড়িয়া ছবি কলকাতায় প্রদর্শিত হচ্ছে। ছবিখানি কলকাতাতেই তোলা। এক নিঃসহায় বিধবা কেমন করে তার একমাত্র মেয়েকে লেখাপড়া শিখিয়ে জীবনে সুপ্রতিষ্ঠ করল তাই নিয়ে এর কাহিনী। জ্ঞানীন্দ্র বর্মার গল্প অবলম্বনে চিত্রনাট্য লিখেছেন নিতাই পালিত এবং তিনিই ছবিখানি পরিচালনা করেছেন। ভূমিকালিপিতে নতুন মুখের ছড়াছড়ি। কয়েকজনের নাম—চন্দনা, গৌরপ্রসাদ, লক্ষ্মী, গোবিন্দ তেজ, বিজয়কুমার। ছবিটির বৈশিষ্ট্য এর সারল্য ও আন্তরিকতা।

• • •

প্রোগ্রেসিভ এন্টারপ্রাইজের ভক্তিমূলক ছবি "নদের নিমাই"-এর কাজ সমাপ্তপ্রায়। হিন্দুর উন্মত্ত পরিবর্তীতে যে মহাপ্রভু শান্তির জীবন বাণী জনসাধারণকে শুনিয়েছিলেন তাঁরই পুণ্য জীবন লেখ্য—আবির্ভাব থেকে তিরোভাব পর্যন্ত—ছায়াছবির পর্দায় পরম নিষ্ঠার সঙ্গে তুলে ধরবার প্রচেষ্টা করেছেন এর নির্মাতারা। পরিচালক শ্রীবিমল রায় নবদ্বীপ-ধামে শিল্পী ও কলাকুশলীদের নিয়ে গিয়ে বিষ্ণুপ্রিয়া মন্দিরের দৃশ্যাবলী তুলে এনেছেন। কোন ছবিতে ইতিপূর্বে বিষ্ণুপ্রিয়া মন্দিরের ভিতরের দৃশ্য দেখান হয়নি। এই দিক দিয়ে "নদের নিমাই" পরিকল্পনার গৌরব অর্জন করল। নাম ভূমিকায় অভিনয় করেছেন অসীমকুমার। অন্যান্য ভূমিকায় আছেন সবিতা চট্টোপাধ্যায়, ছবি বিশ্বাস, জহর গাঙ্গুলী, নীতীশ মুখোপাধ্যায়, সন্ধ্যা সেন ও অন্যান্য বহু শিল্পী।

হীরেন্দ্র মুখোপাধ্যায়ের পরিচালনায় "[illegible]"-এর চিত্রগ্রহণ পুরোদমে চলেছে। মঞ্জু বন্দ্যোপাধ্যায়, কালী বন্দ্যোপাধ্যায়, প্রদীপকুমার, ছবি বিশ্বাস, পাহাড়ী সান্যাল, জহর গাঙ্গুলী, চক্রবর্তী প্রভৃতিকে নিয়ে এর ভূমিকালিপি গঠিত হয়েছে। পরিচালক মুখোপাধ্যায় শীঘ্রই [illegible] যাচ্ছেন ছবির বহির্দৃশ্য তুলতে।

• • •

ইউ কে ফিল্মসের নির্মীয়মাণ ছবি "[illegible]"র শুভ মহরৎ গত ১০ই ডিসেম্বর ইন্দ্রপুরী ফিল্ম লেবরেটরীতে অনুষ্ঠিত হয়। অসিত চট্টোপাধ্যায়ের সঙ্গীত পরিচালনায় [illegible] রায়, গায়ত্রী বসু, প্রতিমা বন্দ্যোপাধ্যায় ও নির্মলা মিশ্রের গান রেকর্ড করেন সত্যেন চট্টোপাধ্যায়।

গত রবিবার ১৩ই ডিসেম্বর ইস্টার্ন টকিজ স্টুডিওতে অভ্যুদয় চিত্রমের প্রথম নিবেদন "[illegible]"র মহরৎ মহাসমারোহে সম্পন্ন হয়। প্রেমেন্দ্র মিত্রের কাহিনী অবলম্বনে ছবিটি পরিচালনা করবেন অনুপ ভাদুড়ী।

কথাছবির প্রথম প্রচেষ্টা "[illegible]"র শুভ মহরৎ গত মঙ্গলবার ১৫ই ডিসেম্বর, রাধা ফিল্ম স্টুডিওতে অনুষ্ঠিত হয়। শিব ভট্টাচার্য ছবিখানির পরিচালক।

**আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র-উৎসব**

আগামী ২৭শে ডিসেম্বর থেকে কলকাতায় ও পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র-উৎসব আরম্ভ হচ্ছে। বিভিন্ন দেশের প্রায় ১৫০টি শিশু-চিত্র আগামী ২৭শে ডিসেম্বর থেকে ৪ঠা জানুয়ারী (১৯৬০ সাল) পর্যন্ত কলকাতার বিভিন্ন চিত্রগৃহে উৎসবের অনুষ্ঠান-সূচী হিসাবে দেখানো আরম্ভ হবে। এবং ৫ই জানুয়ারী থেকে ১৬ই জানুয়ারী পর্যন্ত দেখানো হবে পশ্চিমবঙ্গের জেলাসমূহে। বিভিন্ন হাসপাতালের

বৈজয়ন্তীমালার নৃত্য প্রদর্শনী আগামী নিখিল ভারত সঙ্গীত সম্মেলনের একটি বিশিষ্ট আকর্ষণ। ২৫শে ডিসেম্বর থেকে মহাজাতি সদনে সম্মেলনের পঞ্চদশ অধিবেশন সুরু হবে।

শিশু-'ওয়ার্ল্ড' ও অপরাধ-প্রবণ শিশুদের প্রতিষ্ঠানেও ছবি দেখাবার বন্দোবস্ত করা হচ্ছে। চিত্রপ্রদর্শনী ছাড়াও উৎসবের অঙ্গ হিসাবে শিশু-চিত্র সম্বন্ধে একটি আলোচনাচক্রের ব্যবস্থা করা হবে এবং একটি বিশেষ অনুষ্ঠানে শিশু-শিল্পীদের সম্বর্ধনা জানানো হবে।

সম্প্রতি অনুষ্ঠিত একটি সাংবাদিক বৈঠকে এই উৎসবের ব্যবস্থাপক কমিটির সভাপতি শ্রীমুরলীধর চট্টোপাধ্যায় বলেন, উৎসব-কমিটি ইতিমধ্যেই রাশিয়া, ইংলণ্ড, ফ্রান্স, চেকোশ্লোভাকিয়া, সুইজারল্যাণ্ড, পোল্যাণ্ড, সুইডেন, জাপান, অস্ট্রেলিয়া, কানাডা, পশ্চিম জার্মানী ও নেদারল্যাণ্ডস থেকে প্রতিযোগিতার শিশু-চিত্র, প্রামাণ্য-চিত্র, কার্টুন চিত্র ও 'পাপেট' চিত্র পাবেন বলে প্রতিশ্রুতি পেয়েছেন। ভারতবর্ষের মোট ৫ খানি শিশু-চিত্র এই উৎসবে দেখানো হবে—তার মধ্যে ৭টি বাংলা।

সাংবাদিক বৈঠকে শ্রীচট্টোপাধ্যায় মন্তব্য করেন, অধিক পরিমাণে শ্রেষ্ঠ শিশু-চিত্র নির্মাণে সংশ্লিষ্ট সকলকে উৎসাহিত করা ও শিশুদের মধ্যে শিশু-চিত্রের কদর বাড়ানোই এই উৎসবের অন্যতম লক্ষ্য। এই প্রসঙ্গে তিনি বলেন, সরকারী সহযোগিতা ব্যতীত এদেশে অধিক পরিমাণে শিশু-চিত্র তৈরী করাই সম্ভব হতে পারে না।

বিদ্যালয়ের শিক্ষক বা প্রতিষ্ঠানের মারফত শিশুরা বিনা প্রবেশ-দক্ষিণায় এই উৎসবে যোগ দিতে পারবে। বিভিন্ন বিদ্যালয় বা

কেন মিছে

কষ্ট পাচ্ছেন?

তাড়াতাড়ি আরামের জন্যে

বি.আই. কফ সিরাপ ব্যবহার করুন

দমকা ও পুরোনো কাশিতে

এবং শ্বাসনালীর প্রদাহে

বিশেষ উপযোগী

বেঙ্গল ইমিউনিটি কোম্পানী লিমিটেড

প্রতিষ্ঠান ১, টাকা ৫০ নয়া পয়সার বিনিময়ে প্রথম ১০ জন শিশু ও শুধু ১, টাকায় পরবর্তী প্রতি পাঁচজন শিশুর উৎসবে যোগদানের জন্য স্বীকৃতি লাভের সুযোগ গ্রহণ করতে পারে। এই স্বীকৃতি লাভে ইচ্ছুক প্রতিষ্ঠানগুলিকে আগামী ২০শে ডিসেম্বরের মধ্যে ব্যবস্থাপনা কমিটির নিকট টাকা জমা দিতে হবে। প্রতিষ্ঠানগুলিকে উৎসব-কমিটির অফিস (১০৭, লোয়ার সার্কুলার রোড, কলকাতা-১৪) থেকে যথাসময়ে ৬ বছর থেকে ১৫ বছরের শিশুদের জন্য বিনামূল্যে প্রবেশ-পত্র সংগ্রহ করতে হবে।

### দক্ষিণীর নৃত্যানুষ্ঠান

গত রবিবার দক্ষিণীর বার্ষিকী নৃত্যানুষ্ঠান নিউ এম্পায়ারে সুসম্পন্ন হয়। দু-ঘণ্টার এই অনুষ্ঠানে প্রথমে দক্ষিণীর শিল্পীরা মণিপুরী ও কথাকলি ঢঙে কয়েকটি একক ও সমবেত নৃত্য এবং একটি মোহিনী-অট্টম নৃত্য পরিবেশন করেন। এ-ছাড়া কয়েকটি রবীন্দ্র-সংগীতের সঙ্গে গানের উপযোগী নৃত্যও পরিবেশিত হয়। বিরতির পর বসন্ত ঋতুর নানা রূপ ও ভাব নিয়ে রচিত একটি রবীন্দ্রগীতিগুচ্ছ তাঁরা শ্রোতাদের উপহার দিলেন। একক ও সমবেত কণ্ঠে গীত গানগুলির সঙ্গে ছন্দ মিলিয়ে নৃত্যশিল্পীরা বসন্তের পরিবেশটি ফুটিয়ে তুললেন। ভঙ্গি আর সংগীত হল একাকার। নৃত্যে চন্দ্রিকা বসু বিশেষ নৈপুণ্য ও শিল্পবোধের পরিচয় দেন। আর যাঁরা নৃত্যে অংশ নেন, তাঁদের মধ্যে ছিলেন কৃষ্ণা রায়, বাণী ভট্টাচার্য, অনিন্দিতাসেনা রাজকুমার, অঞ্জলা রায়, নন্দিতা রায়, লেখা মুখোপাধ্যায় প্রভৃতি। রবীন্দ্র সংগীতে অংশ নেন দীপ্তি বন্দ্যোপাধ্যায়, কল্পনা বসু, মীনা বন্দ্যোপাধ্যায়, অমরেন্দ্রনাথ রায়, করুণা দাশগুপ্ত প্রভৃতি। নৃত্য পরিকল্পনা করেন অনিন্দিতাসেনা ও চন্দ্রিকা বসু।

# নাট্যাভিনয়

রবীন্দ্রনাথের নাটক অভিনয়ে বহুরূপী সম্প্রদায় বেশ খ্যাতি অর্জন করেছেন। "চার অধ্যায়", "রক্ত করবী" ও "[illegible]"-এর পর এবার তাঁরা "মুক্তধারা" মঞ্চস্থ করেছেন। নিউ এম্পায়ার মঞ্চে গত ১৫ ও ১৬ই ডিসেম্বর প্রথম দুটি অভিনয় হয়ে গেছে এবং ২১শে ডিসেম্বর তৃতীয় অভিনয়ের ব্যবস্থা হয়েছে। মঞ্চের পরিকল্পনা তাপস সেনের এবং নির্দেশনা শম্ভু মিত্রের। মঞ্চসজ্জা করেছেন [illegible] বিভিন্ন ভূমিকায় বহুরূপীর [illegible] শিল্পীদের সঙ্গে বহুরূপী [illegible] মেধাবী ছাত্রেও অভিনয় করেছেন।

• • •

[illegible]

• • •

[illegible] ২০শে ডিসেম্বর সন্ধ্যা ৬টায় [illegible] ১৭, [illegible] নাট্যানুষ্ঠানের আয়োজন করেছেন। এই অনুষ্ঠানে শিল্পীদের [illegible] মধুসূদনের 'কৃষ্ণকুমারী', [illegible] এবং [illegible] 'তুই' শব্দ [illegible] একাঙ্কিকা মঞ্চস্থ হবে।

• • •

এক সুস্থ পরিবারের [illegible] গত ১৮ই নভেম্বর সুরশ্রী নাট্যসংস্থার সভ্যগণ নরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় রচিত "জীবন-প্রবাহ" নামে একটি সামাজিক নাটক রঙমহল মঞ্চে বিশু চট্টোপাধ্যায়ের পরিচালনায় অভিনয় করেন। নাটকের সংলাপ ও চরিত্র সৃষ্টি বিশেষ প্রশংসনীয়। ঘটনার বিচিত্র ঘাত-প্রতিঘাতে নাটকে তীব্র গতিবেগ সৃষ্টি হয় এবং শেষ পরিণতি দর্শক মনে গভীর ছাপ রেখে যায়। হারু দত্ত, মায়া চক্রবর্তী ও পরিচালকের অভিনয় উল্লেখযোগ্য হয়েছিল।

# খেলার মাঠে

**একলব্য**

বাঙ্গালোরে বসছে জাতীয় টেবল টেনিসের আসর। এই সময় আবার কলিকাতায় আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে। এ সব খেলার আকর্ষণও কম নয়। কিন্তু আপাততঃ টেস্ট ক্রিকেটের আলোচনাতেই এখন সবাই মশগুল, তাই ক্রিকেট নিয়েই দু চারটি কথা বলি।

• • •

অস্ট্রেলিয়ান ক্রিকেট টীম পাকিস্তান থেকে 'রাবার' লাভ করে ভারতে এসে খেলা আরম্ভ করেছে। ভারতের সর্বত্রই এখন ক্রিকেটের আলোচনা। ক্রিকেট নিয়েই সবাই মশগুল। কিন্তু ক্রিকেটের সঙ্গে সঙ্গে অন্যান্য খেলাধুলোর আয়োজনও কম নয়। এর্ণাকুলমে এশিয়ান ফুটবল প্রতিযোগিতার খেলা চলছে। জামসেদপুরে সম্প্রতি জাতীয় ব্যাডমিণ্টন প্রতিযোগিতার খেলা শেষ হয়ে গেল। আর ছোট বড় হকি টুর্ণির খেলা তো লেগেই আছে।

কলকাতায় ভারত ও অস্ট্রেলিয়ার পঞ্চম টেস্ট খেলা আরম্ভ হবে জানুয়ারীর ২৩ তারিখে। তার জন্য ইডেন উদ্যানের ক্রিকেট সংস্থার কর্মতৎপরতার অন্ত নেই। ভারতের টেস্ট খেলার ইতিহাসে এক ১৯৫২ সাল ছাড়া কলকাতায় কোন বার পঞ্চম টেস্ট খেলার আসর বসেনি। ১৯৫২ সালে ভারত ও পাকিস্তানের পঞ্চম টেস্ট খেলা কলকাতায় অনুষ্ঠিত হয়েছিল। সে খেলার আকর্ষণও ছিল। কারণ ভারত দুটি ও পাকিস্তান একটি টেস্ট জেতবার পর চতুর্থ টেস্ট খেলার ফলাফল অমীমাংসিত থাকে। ফলে স্বাভাবিক ভাবেই পঞ্চম ও শেষ টেস্টের আকর্ষণ বেড়ে যায়। কারণ এ খেলায় পাকিস্তান জয়ী হলে ক্রিকেট ইতিহাসে ভারতের প্রথম 'রাবার' লাভ সম্ভব হত না। কলকাতার পঞ্চম টেস্ট খেলাটি অমীমাংসিত থাকবার ফলেই ভারত 'রাবার' পায়। যাই হোক এবার ফলাফলের দিক দিয়ে ভারত ও অস্ট্রেলিয়ার পঞ্চম টেস্টের কোন আকর্ষণ থাকবে বলে মনে হয় না। তার আগেই হয়তো শক্তিশালী অস্ট্রেলিয়া দলের 'রাবার' লাভের প্রশ্নের মীমাংসা হয়ে যাবে। তবুও মহানগরী কলকাতার একটা আলাদা বিশেষত্ব আছে। এখানে ফুটবল, ক্রিকেট, হকি যে খেলাই হোক না কেন তার জন্য দর্শকের কোনদিন অভাব হয় না। খেলা দেখবার জন্য ক্রীড়া উৎসাহীদের উৎসাহ উদ্দীপনারও অন্ত থাকে না। ক্রীড়ারসিক ছাড়া আর এক শ্রেণীর দর্শকরা বছরের একটি বড় ক্রিকেট খেলাকে ক্রিকেট মেলা হিসাবেও মনে করেন। দামী পোশাক-আশাকে সজ্জিত হয়ে তারা মাঠে যান। খানাপিনা চলে। বন্ধু-বান্ধবীদের সঙ্গে মিলে মিশে পাঁচদিনের এক উৎসবের আমেজ অনুভব করেন।

কলকাতার টেস্ট খেলার এখনো দেরি আছে। যথাসময়ে সে আলোচনা করা যাবে। ক্রিকেটের আগে কলকাতায় দুটি বড় খেলার আসর বসছে। ডিসেম্বরের ২১ তারিখ থেকে সাউথ ক্লাবে আরম্ভ হচ্ছে এশিয়ান লন টেনিস প্রতিযোগিতা। আর ২৩ তারিখ থেকে ইডেন উদ্যানের ইনডোর

সবাই জানেন বোম্বাইয়ের খেলোয়াড় জি এস রামচাঁদ অস্ট্রেলিয়ার সঙ্গে ভারতের

নতুন অধিনায়ক জি এস রামচাঁদ

প্রথম দুটি খেলায় অধিনায়ক নির্বাচিত হয়েছেন। পরের টেস্টে রামচাঁদই অধিনায়ক থাকবেন কি অন্য কারো উপর অধিনায়কত্বের দায়িত্ব অর্পিত হবে সে সম্বন্ধে এখনো কিছু ঠিক হয়নি। কাজেকাজেই রামচাঁদের বিচক্ষণতা ও পরিকল্পনার সফলতার উপর অনেক কিছুই নির্ভর করছে। এখন, যে রামচাঁদকে ইংলণ্ডগামী ভারতীয় দল থেকে একেবারে ছাঁটাই করে দেওয়া হয়েছিল তাকেই আবার কেন অধিনায়ক নির্বাচিত করা হল স্বাভাবিকভাবেই এ প্রশ্ন মনে আসতে পারে। কিন্তু ভারতীয় ক্রিকেটের অন্তঃপুরের কর্তাদের মতিগতি এবং কার্যকলাপের খবর যাঁদের ভালভাবে জানা আছে তারা কেউই এতে বিস্মিত হননি। কারণ শুরু থেকেই ভারতীয় ক্রিকেটের কর্মকর্তারা ন্যায়নীতি বিসর্জন দিয়ে দলীয় স্বার্থের দিকে নজর রেখে অধিনায়ক নির্বাচন করেছেন। রামচাঁদকে নিয়ে এ পর্যন্ত ১২ জন খেলোয়াড় অফিশিয়াল টেস্টে ভারতীয় দলের অধিনায়কত্ব করবার সুযোগ পেয়েছেন। এরা হচ্ছেন সি কে নাইডু, ভিজিয়ানাগ্রামের মহারাজকুমার 'ভিজি', পাতৌদির নবাব, লালা অমরনাথ, ভি এস হাজারে, বিজয় মানকড়, গোলাম আমেদ, পলি উমরিগার, হেমু অধিকারী, দত্তগায়কোয়াড়, পঙ্কজ রায় ও জি এস রামচাঁদ। অধিনায়ক নির্বাচনের এই ইতিহাস খুবই দীর্ঘ। একটি বা দুটি প্রবন্ধে এ সম্বন্ধে আলোচনা সম্ভব নয়। অধিনায়ক নির্বাচন নিয়ে পর্দার অন্তরালে কত ঘোঁটই না হয়েছে কত জল ঘোলা হয়েছে তার ইতিহাস ওয়াকিবহাল মহলের অজানা নেই।

বরাবর দেখা ভারতীয় ক্রিকেটের গোড়া থেকেই অধিনায়ক নির্বাচনের সমস্যা দেখা দিয়েছে। ১৯৩২ সালে সরকারীভাবে ভারত যখন টেস্ট খেলার অধিকার পেল তখন বিখ্যাত ক্রিকেট খেলোয়াড় সি কে নাইডুর অধিনায়ক নির্বাচিত হবার কথা। কিন্তু ইংলণ্ডগামী ভারতীয় দলের অধিনায়ক হলেন পোরবন্দরের মহারাজা। ভারতের ক্রিকেট তখন রাজন্যবর্গের প্রভাবাধীন। তাই সাধারণ ঘরের ছেলে নাইডুর অপেক্ষা উপেক্ষিত হল। তবুও সেবার লর্ডস মাঠে ইংলণ্ডের সঙ্গে একটিমাত্র টেস্ট খেলায় নাইডুই ভারতীয় দলের অধিনায়কত্ব করেন এবং ১৯৩৩-৩৪ সালে ভারত ভ্রমণকারী জার্ডিনের দলের বিরুদ্ধে নাইডুর অধিনায়কের পদ বজায় রইল বটে, ১৯৩৬ সালে আবার ভারতীয় দলের দলের ইংলণ্ড সফরের সময় অধিনায়ক হলেন ভিজিয়ানাগ্রামের মহারাজকুমার 'ভিজি'। ক্রিকেট খেলায় ভিজি নাকি সুপণ্ডিত। রাজন্যবর্গের প্রভাবেই যে 'ভিজি' সেবার অধিনায়ক হয়েছিলেন সে বিষয়ে সন্দেহ নেই। যাই হোক ভিজির মহারাজকুমারের পর আবার যখন ১৯৪৬ সালে ভারতীয় দলের ইংলণ্ড সফরের কথা এল তখন কীর্তিমান খেলোয়াড় বিজয় মার্চেন্টের অধিনায়ক হবার কথা। কিন্তু মার্চেন্টকে অধিনায়ক করা হল না। পরিবর্তে অধিনায়ক হলেন অনভিজ্ঞপ্রায় খেলোয়াড় পাতৌদির নবাব। তারপর ১৯৪৭-৪৮ সালে ভারতের সর্বপ্রথম অস্ট্রেলিয়া সফরে মার্চেন্টকে অধিনায়ক করা হলেও তিনি অস্ট্রেলিয়ায় যেতে পারেন না। সেই সঙ্গে রুসি মোদী এবং মুস্তাক আলীও দলের বাইরে রইলেন। তখনকার এক নম্বর, দুই নম্বর ও তিন নম্বরের খেলোয়াড় মার্চেন্ট, মুস্তাক-মোদী বিহীন ভারতীয় দলের অধিনায়কত্ব করলেন লালা অমরনাথ।

তারপর ১৯৪৮-৪৯ সালে ওয়েস্ট ইণ্ডিজের ভারত সফরের সময় অমরনাথের অধিনায়কত্বই বজায় রইল। মার্চেণ্ট আর ভারতীয় দলের হাল ধরলেন না। তারপর অমরনাথ হলেন ভারতীয় ক্রিকেট থেকে বহিষ্কৃত। ডিমেলো তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করে তাঁকে ভারতের ক্রিকেট থেকে বিতাড়িত করলেন। কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করলেন অমরনাথ। আবার তিনি স্ব-মর্যাদায় প্রতিষ্ঠিত হলেন। কিন্তু ১৯৫১-৫২ সালে ইংল্যাণ্ডের নাইজেল হাওয়ার্ডের দলের ভারত সফরের সময় অধিনায়ক নির্বাচিত হলেন ভি এস হাজারে। ইংলণ্ড দলের ভারত সফরের পর হাজারের অধিনায়কত্বেই ভারতীয় দল ইংলণ্ড সফরের উদ্দেশ্যে যাত্রা করল। ইংলণ্ড থেকে ভারতীয় দল ফিরে এল। সঙ্গে সঙ্গে আরম্ভ হল পাকিস্তান দলের ভারত সফর। এইবারে হাজারেকে দলে গ্রহণ করা হলেও অপ্রত্যাশিতভাবে তাঁকে অধিনায়কের অধিকার থেকে বঞ্চিত করা হল। পাকিস্তানের বিরুদ্ধে টেস্ট খেলায় অধিনায়কত্ব করবার জন্য আবার অমরনাথের ডাক পড়ল। এল ১৯৫৩ সালের ওয়েস্ট ইণ্ডিজ সফর। আবার হাজারে ফিরে এলেন ভারতীয় দলের অধিনায়করূপে। কি বিচিত্র পালা বদল! জ্ঞানবৃদ্ধ ক্রিকেট খেলোয়াড় বিনু মানকড়ের কথা কিন্তু এতদিন বিবেচনাই করা হয়নি। ১৯৫৫ সালে ভারতের পাকিস্তান সফরের সময় তাঁকে অধিনায়ক করে 'কনসোলেশন প্রাইজ' দেওয়া হল। ১৯৫৫-৫৬ সালে মানকড়কে দলে গ্রহণ করা হল, কিন্তু প্রথম টেস্টের জন্য অধিনায়ক হলেন গোলাম আমেদ, পরের চারটি টেস্টে পলি উমরিগর। ১৯৫৬ সালেও অস্ট্রেলিয়ার বিরুদ্ধে তিনটি টেস্ট খেলাতেও উমরিগর ভারতীয় দলের অধিনায়কত্ব করলেন। গতবার ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে পাঁচটি টেস্ট খেলায় অধিনায়কত্ব করলেন ৪ জন খেলোয়াড়—গোলাম আমেদ, উমরিগর, মানকড় ও হেমু অধিকারী। ১৯৫২ সালের ইংলণ্ড সফরকারী ভারতীয় দলের অধিকারী সহকারী অধিনায়ক নির্বাচিত হয়েছিলেন। পাকিস্তানের বিরুদ্ধে যে দুটি টেস্টে তাঁকে দলে নেওয়া হয়েছিল, সে দুটি টেস্টে মাত্র এক এক ইনিংস খেলার সুযোগ পেয়ে ৮১ ও ৩১ রান করে নট আউট ছিলেন। তবু বাকী তিনটি টেস্টে তাঁকে দল থেকে বাদ দেওয়া হল। ভারতের ওয়েস্ট ইণ্ডিজের সফরের সময়ও তাঁর ডাক পড়ল না। পাকিস্তান সফরের সময়ও তিনি উপেক্ষিত হয়ে রইলেন। সেই অধিকারীর ডাক পড়ল গতবার ওয়েস্ট ইণ্ডিজের বিরুদ্ধে পঞ্চম টেস্টে ভারতীয় দলের অধিনায়কত্ব করবার জন্য। আবার তাঁকে জীর্ণ বস্ত্রের মত পরিহার করা হল। ইংলণ্ড সফরের জন্য অধিনায়ক মনোনীত হলেন ভারতীয় ক্রিকেট থেকে আর এক নির্বাসিত খেলোয়াড় দত্তজীরাও গাইকোয়াড়। বলা বাহুল্য, ইংলণ্ড সফরের সময় রামচাঁদকে ভারতীয় দল থেকে ছাঁটাই করে দেওয়া হয়েছিল। আজ আবার তাঁকেই অধিনায়কের আসনে বসান হয়েছে। এইভাবে অধিনায়ক নির্বাচনের অবহেলার যে কত ইতিহাস আছে, তা লিখতে গেলে এক মহাভারত হয়ে যাবে। তাই সে চেষ্টা করব না। হ্যাঁ, একটা কথা লিখতে ভুল হয়ে গেছে। অফিসিয়াল টেস্টের ১২ জন অধিনায়কের মধ্যে পঙ্কজ রায়েরও নাম আছে। পঙ্কজ রায় ইংলণ্ডে একটি টেস্টে ভারতীয় দলের অধিনায়কত্ব করেছিলেন—ডি কে গাইকোয়াড় অসুস্থ হয়ে পড়ায়।

• • •

আজকের অধিনায়ক জি এস রামচাঁদও এর আগে একদিন ভারতীয় দলের অধিনায়কত্ব করেছেন। গতবার ওয়েস্ট ইণ্ডিজের সঙ্গে চতুর্থ টেস্ট খেলার আগে নির্বাচিত অধিনায়ক গোলাম আমেদ পদত্যাগ করেন। উমরিগরের উপর অধিনায়কের ভার পড়ে। কিন্তু একজন দলীয় খেলোয়াড়ের অন্তর্ভুক্তি নিয়ে বোর্ড-সভাপতির সঙ্গে মতানৈক্যের ফলে তিনি অধিনায়কের দায়িত্ব নিতে অস্বীকৃত হন। তখন দলের নেতৃত্বের ভার অর্পিত হয় মানকড়ের উপর। মানকড় আবার খেলার সময় একদিন অসুস্থ হয়ে পড়েন। সেইদিন দলের অধিনায়কত্ব করেন জি এস রামচাঁদ। বিশেষজ্ঞদের অভিমত—এইদিন নাকি দলের পরিচালনায় রামচাঁদ কৃতিত্বেরই পরিচয় দিয়েছিলেন। তাছাড়া বোম্বাইয়ে ক্রিকেট ক্লাব ইণ্ডিয়ার সঙ্গে ওয়েস্ট ইণ্ডিজ দলের খেলাতেও রামচাঁদ অধিনায়কত্বে সুখ্যাতি অর্জন করেছিলেন। কিন্তু রামচাঁদ নাকি ছিলেন ভারতীয় দলের 'প্রব্লেম বয়'। দলীয় কোন্দলে তিনি নাকি অধিনায়ক গোলাম আমেদের সঙ্গে সহযোগিতা করেন নি। গোলাম আমেদের অভিযোগ ছিল কানপুর টেস্টে রামচাঁদ তিনটি ক্যাচ ইচ্ছে করেই ফেলে দিয়েছেন। এই জন্যই বোধ করি ইংলণ্ডের মাটিতে খেলার অভিজ্ঞতাসম্পন্ন নির্ভরযোগ্য খেলোয়াড় রামচাঁদকে ইংলণ্ড সফরকারী ভারতীয় দল থেকে বাদ দেওয়া হয়। ভারতীয় ক্রিকেট কর্তৃপক্ষের মতে, রামচাঁদ এখন শুধরে গিয়েছেন। তাছাড়া ভারতীয় ক্রিকেটে বোম্বাইয়ের খেলোয়াড়দের প্রাধান্য অনস্বীকার্য—রামচাঁদ উমরিগরের অনুগত লোক। উমরিগরকে যখন অধিনায়ক করা হল না, তখন রামচাঁদকে অধিনায়ক করলে বোম্বাইয়ের খেলোয়াড়দের ভাল সহযোগিতা পাওয়া যাবে—এই আশাতেই রামচাঁদকে অধিনায়ক করা হয়েছে।

খেলোয়াড় হিসাবে রামচাঁদ কোনদিন উচ্চ মর্যাদার সম্মান পাননি। মাঝারিদের মধ্যেই তিনি সীমাবদ্ধ থাকতেন। কিন্তু রামচাঁদের খেলার মধ্যে যে নির্ভীক উদ্দাম আছে, বর্তমান ভারতীয় ক্রিকেটে তার নিতান্ত প্রয়োজন। রামচাঁদের খেলা প্রাণ-প্রাচুর্যে ভরা। যেমন নির্ভীক ব্যাটিং, তেমন ইনসুইং বোলিং, তেমনই সুন্দর ফিল্ডিং। দেখা যাক, নতুন অধিনায়ক হিসাবে নড়বড়ে ভারতীয় দলের মধ্যে রামচাঁদ কতটুকু প্রাণ-সঞ্চার করতে পারেন।

এই সঙ্গে টেস্ট খেলায় রামচাঁদের ব্যাটিং ও বোলিংয়ের একটা হিসাব দেওয়া হল। এ থেকে তাঁর খেলার কিছুটা আভাস পাওয়া যাবে।

**জি এস রামচাঁদের টেস্ট অ্যাভারেজ**

| | ব্যাটিং | | | | | বোলিং | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ইনিংস | নট আউট | মোট রান | সর্বোচ্চ রান | গড় রান | ওভার | মেডেন | রান | উইকেট | গড় |
| ১৯৫২ ইংলণ্ড ... ... | ৭ | ০ | ৬৮ | ৪২ | ৯·৭১ | ১৩০·২ | ৩১ | ৩০৪ | ৪ | ৭৬·০০ |
| ১৯৫২—পাকিস্তানের বিপক্ষে ... | ৩ | ১ | ৬৩ | ২৫* | ৩১·৫০ | ৬৯ | ২০ | ১৭৪ | ৬ | ২৯·০০ |
| ১৯৫২-৫৩ ওয়েস্ট ইণ্ডিজে ... | ১০ | ০ | ২৪৯ | ৬২ | ২৪·৯০ | ১৫১ | ৩৬ | ৪০২ | ৮ | ৫০·২৫ |
| ১৯৫৪—পাকিস্তানে ... | ৬ | ১ | ১৪৭ | ৫৩ | ২৯·৪০ | ১১১ | ৪৪ | ২০০ | ১০ | ২০·০০ |
| ১৯৫৪-৫৫—নিউজিল্যাণ্ডের বিপক্ষে | ৬ | ২ | ২৩৪ | ১০৬* | ৫৮·৫০ | ১৬২ | ৭২ | ২৭৬ | ৫ | ৫৫·২০ |
| ১৯৫৬—অস্ট্রেলিয়ার বিপক্ষে ... | ৬ | ০ | ১৫৮ | ১০৯ | ২৬·৩৩ | ২৭ | ৫ | ৯১ | ২ | ৪৫·৫০ |
| ১৯৫৮-৫৯ ... ... ... | ৬ | ১ | ১৫০ | ৬৭* | ৩০·০০ | ৯২ | ২১ | ২১৮ | ৪ | ৫৪·৫০ |

* তারকা চিহ্ন নট আউটের নির্দেশসূচক

পাকিস্তান ও অস্ট্রেলিয়া দলের তৃতীয় টেস্ট খেলার পর্যালোচনা করা হয়নি। খেলাটি অমীমাংসিতভাবে শেষ হয়েছে। অস্ট্রেলিয়া দল ঢাকার প্রথম টেস্টে ৮ উইকেটে এবং লাহোরের দ্বিতীয় টেস্টে ৭ উইকেটে পরাজিত করায় আগেই 'রাবারের' প্রশ্নের মীমাংসা হয়ে গিয়েছিল। করাচী টেস্টের আর তেমন আকর্ষণ ছিল না। তবু শেষ টেস্ট খেলায় পাকিস্তান দল জিততে পারে কিনা তা দেখবার জন্য অনেকেই আগ্রহী ছিলেন। কিন্তু প্রথম খেলার মত [illegible] পাকিস্তানের [illegible] দ্বিতীয় ইনিংসে [illegible] কিন্তু প্রথম ইনিংসের [illegible] দ্বিতীয় ইনিংসে [illegible] কিন্তু [illegible] করে না।

[illegible] প্রথম দিন [illegible] ৫ উইকেটে [illegible] ১৬৬ রান [illegible] তিনি এই দিন ৭২ রান [illegible] নট আউট [illegible] টেস্টে হাজার রান পূর্ণ করেছেন [illegible] ইংল্যান্ডের [illegible] ১২টি টেস্টে হাজার রান পূর্ণ করে যে রেকর্ড করেছিলেন, সাঈদ আহমদ [illegible] টেস্টে হাজার রান করে সে রেকর্ড ম্লান করে দিয়েছেন।

খেলা শুরুর দ্বিতীয় দিন ২৮৭ রানে পাকিস্তানের প্রথম ইনিংস শেষ হবার পর অস্ট্রেলিয়া দল দিনের শেষে দুই উইকেট হারিয়ে ৩৬ রান তোলে। সাঈদ আহমদ মাত্র ৯ রানের জন্য সেঞ্চুরী করতে পারেন না।

তৃতীয় দিন ২৫৭ রানে অস্ট্রেলিয়ার প্রথম ইনিংস শেষ হয়ে যায়। ফলে প্রথম ইনিংসের খেলায় ৩০ রানে অগ্রগামী থেকে পাকিস্তান শেষ সময়ে দ্বিতীয় ইনিংসের [illegible] কোন রান হয় না। সমস্ত উইকেটই অটুট থাকে।

একদিন বিরতির পর চতুর্থ দিনের [illegible] সময় ব্যাট করে পাকিস্তান [illegible] ৫ উইকেটে মাত্র ১০৪ রান। আরও মন্থর ব্যাটিং করতে হবে। শেষ দিন [illegible] এবং [illegible]। পাকিস্তান দল ৮ উইকেটে ২২৫ রান তুলে মাত্র ২ ঘণ্টা অস্ট্রেলিয়া দলকে ব্যাটিং করবার সুযোগ দেয়। জয়লাভের জন্য অস্ট্রেলিয়ার প্রয়োজন থাকে ২২৫ রানের। ২ ঘণ্টায় ২২৫ রান করা টেস্ট ক্রিকেটে অসম্ভব ব্যাপার। সুতরাং অস্ট্রেলিয়া দল ২ উইকেটে ৮৩ রান তুললে খেলাটি শেষ হয়ে যায়।

সংক্ষিপ্ত স্কোর:—

**পাকিস্তান—প্রথম ইনিংস**—২৮৭ (সাঈদ আহমদ ৯১, ইজাজ বাট ৫৮, হানিফ মহম্মদ ৫১, ওয়ালিস ম্যাথিয়াস ৪৩; রিচি বেনোড ৯৩ রানে ৪ উইকেট, রে লিণ্ডওয়াল ৭২ রানে ২ উইকেট)।

**অস্ট্রেলিয়া—প্রথম ইনিংস**—২৫৭ (নীল হার্ভে ৫৪, কেন ম্যাকে ৪০, এলান ডেভিডসন নট আউট ৩৯, লিণ্ডওয়াল ২৩, গ্রাউট ২০; ফজল মামুদ ৭৪ রানে ৫ উইকেট, ইন্তিখাব আলম ৬৯ রানে ২ উইকেট, মুনির মালিক ৭৬ রানে ২ উইকেট)।

**পাকিস্তান—দ্বিতীয় ইনিংস** (৮ উইঃ ডিক্লেয়ার্ড) ২২৫ (হানিফ মহম্মদ নট আউট ১০১, ডানকান শার্প ৩৫; এলান ডেভিডসন ৭০ রানে ৩ উইকেট, কেন ম্যাকে ৫৮ রানে ২ উইকেট)।

**অস্ট্রেলিয়া—দ্বিতীয় ইনিংস** (২ উইকেটে) ৮৩ (কলিন ম্যাকডোনাল্ড ৩০, গেভিন স্টিভেন্স ২৬)।

(খেলা অমীমাংসিত)


রান্নার স্বাচ্ছন্দ্য

রান্নায় আপনি তখনই উৎসাহ বোধ করবেন যখন কয়লা ভেঙে উনুন ধরাবার ঝামেলায় ও অস্বাস্থ্যকর ধোঁয়ায় আপনাকে বিব্রত হতে হবে না।

• বিনামূল্যে একসেট পলতে
• যে কোন অংশ সহজলভ্য

PATENT NO 62354 OF—'57

খাস জনতা
কেরোসিন কুকার

প্রস্তুতকারক:
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

GOVT. ... LIBRARY

# সাপ্তাহিক সংবাদ

## দেশী সংবাদ

৭ই ডিসেম্বর—পশ্চিমবঙ্গ সরকারের পাবলিক একাউণ্টস কমিটি কর্তৃক উহার তৃতীয় রিপোর্টে আর্থিক ব্যয়ের ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণ ব্যবস্থায় অসন্তোষ প্রকাশ করিয়া কয়েকটি ক্ষেত্রে আর্থিক ত্রুটি বিচ্যুতির উল্লেখ করা হইয়াছে। ঐসব ক্ষেত্রে সরকারী কোষাগারের প্রচুর অর্থের অপচয় হইয়াছে বলিয়া অভিযোগ করা হইয়াছে। কমিটি ভবিষ্যতে কঠোরভাবে অডিটর জেনারেলের নির্দেশ পালন করিতে নির্দেশ দিয়াছেন।

৮ই ডিসেম্বর—বেরুবাড়ী ইউনিয়ন ও ছিটমহল বিনিময় সম্পর্কে পাক-ভারত চুক্তি কার্যে পরিণত হওয়া আইনসংগত কিনা ইহা জানিবার জন্য রাষ্ট্রপতি বিষয়টি সুপ্রীম কোর্টের বিবেচনার জন্য অর্পণ করিয়াছিলেন। অদ্য প্রধান বিচারপতি শ্রী পি বি সিংহের সভাপতিত্বে ৮ জন বিচারপতির এক বেঞ্চে এই সম্পর্কে বিচার আরম্ভ হইয়াছে।

অদ্য পশ্চিমবঙ্গ বিধান পরিষদে বিরোধী পক্ষের সদস্যগণ এই রাজ্যের সকল শ্রেণীর দুঃস্থ শিশুদের কল্যাণার্থে একটি পূর্ণাঙ্গ আইন প্রণয়নের নিমিত্ত সরকার হইতে প্রয়োজনীয় ব্যবস্থা করিবার দাবি উত্থাপন করেন। ঐ বিলটি এই দিনই পরিষদে গৃহীত হয়। পূর্বে ইহা বিধান সভায় গৃহীত হইয়াছে।

৯ই ডিসেম্বর—প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার আজ অপরাহ্ন ৫টা ২ মিনিটের সময় পালাম বিমান ঘাঁটিতে অবতরণ করেন। ভারতীয় বিমান বাহিনীর ১৮ খানি হাণ্টার জেট বিমান রাষ্ট্রপতির বিমানখানিকে আগাইয়া লইয়া আসে। প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার পালাম বিমান বন্দরে উপনীত হইলে লক্ষ লক্ষ নরনারী উল্লাসধ্বনি করিয়া তাঁহাকে সম্বর্ধনা করেন।

১০ই ডিসেম্বর—শান্তি-সৌহার্দ্য বহির্গত প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার আজ প্রতিশ্রুতি দিয়াছেন—"আমি অন্যান্য সকল মানুষের সংগে শান্তির জন্য, স্বাধীনতার জন্য, মানব মর্যাদার জন্য এবং পৃথিবীর প্রত্যেক নরনারী ও শিশুর উজ্জ্বল ভবিষ্যতের জন্য যথাসাধ্য চেষ্টা করিব।"

আসামের প্রবীণ কংগ্রেসকর্মী শ্রীমহীতোষ দাস অদ্য আসাম বিধানসভায় জানান যে, চীনা আক্রমণ প্রতিরোধের জন্য সেনাবাহিনীর লোকজন লইয়া একখানি ট্রেন যখন পূর্ব সীমান্ত অভিমুখে যাইতেছিল, তখন উহাকে লাইনচ্যুত করার চেষ্টা হইয়াছিল। আসামের অভ্যন্তরে পঞ্চম বাহিনীর এই কার্যকলাপে সকলে শংকিত হয়।

১১ই ডিসেম্বর—প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার আজ ক্ষুধার বিরুদ্ধে পৃথিবীব্যাপী সংগ্রাম আরম্ভ করিবার আহ্বান জানাইয়া বলেন যে, ইহা এমন এক ধরনের সংগ্রাম, যাহা মানুষকে মহিমান্বিত এবং উন্নত করে।

অদ্য দিল্লী বিশ্ববিদ্যালয়ের এক বিশেষ সমাবর্তন উৎসবে প্রেসিডেণ্ট আইসেনহাওয়ারকে সম্মানসূচক "ডক্টর অব ল" উপাধিতে ভূষিত করা হয়।

নির্ভরযোগ্য সূত্রে জানা গিয়াছে যে, কালিম্পংয়ের একজন বিশিষ্ট ব্যবসায়ী বিনা লাইসেন্সে তাঁহার বাসস্থানের ভূগর্ভস্থ এক কক্ষে একটি বেতারবার্তা প্রেরক যন্ত্র রাখার দায়ে গ্রেপ্তার হইয়াছে। ঐ যন্ত্র সীমান্তের ওপারে চীনা সৈন্যদের সহিত সংযোগ রক্ষার উদ্দেশ্যে ব্যবহৃত হইত বলিয়া অনুমান করা হইতেছে।

১২ই ডিসেম্বর—আট মাস নীরব থাকিবার পর নাগাদের প্ররোচিত নাগাদের কার্যকলাপ আবার আরম্ভ হইয়াছে। সরকারীভাবে জানা গিয়াছে—গত ৯ই ডিসেম্বর কোহিমা হইতে প্রায় ৩০ মাইল দূরে পাহাড়ের গ্রামবাসী গ্রামগুলিতে নাগাগণ [illegible] আক্রমণ করে।

দামোদর উপত্যকা অঞ্চলে বন্যানিয়ন্ত্রণ ও জলসম্পদের উপযুক্ত ব্যবহার সম্পর্কে শ্রী এম ডি কুলকার্নির নেতৃত্বে সম্প্রতি যে কমিটি গঠিত হইয়াছিল সেই কমিটি বিস্তারিত [illegible] পর এই সিদ্ধান্তে উপনীত হইয়াছেন বলিয়া বিশ্বস্তসূত্রে জানিতে পারা গিয়াছে যে, ডি ভি সির বর্তমানে যে ৫টি বাঁধ আছে, তাহা ছাড়া অবশ্যই অবিলম্বে আরও একটি বাঁধ নির্মাণ অপরিহার্য।

প্রধানমন্ত্রী শ্রীনেহরুর সম্বর্ধনায় প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার যে ভোজসভার আয়োজন করেন, ঐ সভায় উভয়ের মধ্যে ৮৫ মিনিটব্যাপী বিশ্ব পরিস্থিতি সম্পর্কে আলোচনা হয় বলিয়া জানা যায়।

১৩ই ডিসেম্বর—আজ রাত্রে প্রকাশিত এক যুক্ত ইস্তাহারে প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার ও প্রধানমন্ত্রী নেহরু, ভারত মার্কিন বন্ধুত্বপূর্ণ সম্পর্কের জন্য গভীর সন্তোষ প্রকাশ করেন এবং [illegible] আস্থার সহিত এই আশা ব্যক্ত করেন যে, ভবিষ্যতেও দুই দেশের মৈত্রী অটুট থাকিবে।

এলাহাবাদ বিশ্ববিদ্যালয় আজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। শিক্ষা বিভাগের ডিরেক্টর এক সপ্তাহের জন্য এলাহাবাদ শহর ও জেলার সমস্ত স্কুল ও কলেজ বন্ধ রাখারও নির্দেশ দিয়াছেন। শহরে ১৪৪ ধারা জারী করা হইয়াছে।

## বিদেশী সংবাদ

৭ই ডিসেম্বর—মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেণ্ট জেনারেল আইসেনহাওয়ার আজ করাচী পৌঁছিবার অব্যবহিত পরে বলেন যে, তাঁহার দেশ শান্তি ও পারস্পরিক নিরাপত্তার জন্য পাকিস্তানের সহিত একযোগে কাজ করিতে চায়। তবে সর্বদা যথার্থ ন্যায়সংগত ও শুভকার্যে আত্মনিয়োগ করার জন্যই এই নিরাপত্তা ও শান্তি সংগ্রহ করা।

করাচীর সরকারী সূত্রে প্রকাশ যে, প্রেসিডেণ্ট আইসেনহাওয়ার ও প্রেসিডেণ্ট আয়ুব খাঁর মধ্যে ঘণ্টাব্যাপী আলোচনা ভারত ও পাকিস্তানের সম্পর্কের উপর সুদূরপ্রসারী তাৎপর্যমূলক প্রভাব বিস্তার করিবে।

পাক প্রেসিডেণ্ট ফিল্ড মার্শাল আয়ুব খান আজ প্রেসিডেণ্ট আইসেনহাওয়ারকে পাকিস্তানের সর্বোচ্চ সম্মানসূচক নিশান-ই-পাকিস্তান পদকে ভূষিত করেন।

৮ই ডিসেম্বর—সিংহলে কমলাসীন শ্রীলঙ্কা ফ্রিডম পার্টির ওয়ার্কিং কমিটি অদ্য প্রধানমন্ত্রী শ্রীবিজয়ানন্দ দহনায়কের পদত্যাগপত্র গ্রহণে অসম্মতি প্রকাশ করেন। তিনি যে সময়ে পদ ত্যাগ করিয়াছেন উহা গ্রহণ না করিয়া তাঁহাকে দল হইতে বহিষ্কৃত করা হয়।

ভারত সরকারী প্রতিনিধি [illegible] মার্কিন [illegible] জন্য ভূমিবিষয়ক উদ্দেশ্যে [illegible] ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হইয়াছে।

৯ই ডিসেম্বর—[illegible] কর্তৃপক্ষ [illegible] পার্টির [illegible] বিশেষ [illegible] জন্য বন্ধ করিয়া দিয়াছেন।

[illegible]

১০ই ডিসেম্বর—[illegible] এই [illegible] রাখিয়াছেন।

[illegible] একটি [illegible]

১১ই ডিসেম্বর—[illegible] পরিকল্পনার জন্য [illegible] হইতে [illegible] পাইবে। ইহার পরিমাণ ১০১১৭০০ ডলার। অনুরূপ [illegible] আর্থিক সাহায্য দেওয়ার উদ্দেশ্যে গত বৎসর বিশেষ ভাণ্ডার প্রতিষ্ঠিত হইয়াছে।

১৩ই ডিসেম্বর—রাষ্ট্রপুঞ্জ সাধারণ পরিষদ গত রাত্রিতে আলজেরিয়ার সমস্যা সংক্রান্ত এশিয়া-আফ্রিকার প্রস্তাবটি অগ্রাহ্য করেন। যদিও প্রস্তাবটি অনুচ্ছেদের স্বতন্ত্রভাবে ভোট গ্রহণ করা হইলে উহা সমগ্রভাবেই অনুমোদিত হইয়াছিল। জনৈক আলজেরিয়ান মুখপাত্র এ সম্পর্কে বলেন, আকস্মিক জোটের চক্রান্ত ও গোপন কারসাজিই এ ধরনের বিপর্যয় ঘটাইয়াছে।

সম্পাদক—শ্রীঅশোককুমার সরকার সহকারী সম্পাদক—শ্রীসাগরময় ঘোষ

প্রতি সংখ্যা—৪০ নয়া পয়সা। কলিকাতা : বার্ষিক—২০, ষাণ্মাসিক—১০, ও ত্রৈমাসিক—৫, টাকা। মফঃস্বল : (সডাক) বার্ষিক—২২, ষাণ্মাসিক—১১, টাকা ও ত্রৈমাসিক—৫ টাকা ৫০ নয়া পয়সা
মুদ্রাকর ও প্রকাশক : শ্রীরামপদ চট্টোপাধ্যায়, আনন্দ প্রেস, ৬ সুতারকিন স্ট্রীট, কলিকাতা—১। টেলিফোন : ২৩—২২৮৩। স্বত্বাধিকারী ও পরিচালক : আনন্দবাজার পত্রিকা (প্রাইভেট) লিমিটেড।

# হাতের কাছে ক্যাপস্টান মজুত রাখুন!

যেখানেই থাকুন, আর যাই করুন — সবসময়ে হাতের কাছে ক্যাপস্টান মজুত রাখবেন। ধূমপানে এমন আনন্দ আর কিছুতেই পাবেন না।

উইল্‌স-এর ক্যাপস্টান-এর
তুলনা নেই

দি ইম্পিরিয়াল টোব্যাকো কোম্পানী অফ ইণ্ডিয়া লিমিটেড কর্তৃক প্রচারিত।

CAP/386

# পণ্ড্‌স কোল্ড ক্রীম

* পরিষ্কার করে
* সুন্দর করে
* সুরক্ষিত রাখে

রোজ রাতে পণ্ড্‌স কোল্ড ক্রীম বেশ ভালো ক'রে আপনার মুখে মাখুন। এই ক্রীম রোমকূপের গভীরে প্রবেশ ক'রে ময়লা বের করে দেয়। ত্বকের পক্ষে পুষ্টিকর এই চমৎকার পণ্ড্‌স কোল্ড ক্রীম নিয়মিত ব্যবহারে আপনার মুখশ্রী বাস্তবিকই নির্মল ও কমনীয় হ'য়ে উঠবে।

**ভ্যানিশিং ক্রীম:** হালকা ও তুষার-সাদা পণ্ড্‌স ভ্যানিশিং ক্রীম আপনার ত্বকের কমনীয় কান্তি সুরক্ষিত রাখবে—পরিষ্কার ও সুন্দর করে তুলবে। পণ্ড্‌স ভ্যানিশিং ক্রীম মাখার সঙ্গে সঙ্গেই মিলিয়ে যায়—এটি একটি নিখুঁত পাউডার বেস্‌ এবং এর ওপর পাউডার ঘণ্টার পর ঘণ্টা সমানভাবে লেগে থাকে।

P 7740 চিসব্রো-পণ্ড্‌স ইন্‌ক (সীমিত দায়ে মার্কিন যুক্তরাষ্ট্রে সমিতিবদ্ধ)

বর্ষ]  শনিবার, ১০ পৌষ, ১৩৬৬ বঙ্গাব্দ  **DESH** Saturday, 26th December, 1959  মূল্য—৪০ নয়া পয়সা  সংখ্যা ৮



দেবতার কাছাকাছি...

পরিষ্কার-পরিচ্ছন্ন থাকাটা ওঁর কাছে প্রায় ধর্ম্মের সামিল। পূজার্চ্চনায় যাবার আগে গোদরেজ স্যাণ্ডেল দিয়ে স্নান করা ওঁর নিত্যনৈমিত্তিক কর্ম্ম। গোদরেজ স্যাণ্ডেল ছাড়া অন্য কোন সাবানই উনি ব্যবহার করেন না, কেননা ওটা নিশ্চিত-ভাবে জান্তব চর্ব্বি থেকে মুক্ত।

কোমলকারক ভেজিটেবল অয়েলের সাবানে বিশুদ্ধ মহীশূর স্যাণ্ডেলউড অয়েল যুক্ত হয়ে গোদরেজ স্যাণ্ডেল সাবানকে একটা স্বতন্ত্র বৈশিষ্ট্য এনে দেয়। ভেজিটেবল্ অয়েল টয়লেট সাবানের প্রস্তুতকারকদের অগ্রগামী কর্ত্তৃক তৈরী এই সাবানে চটপট প্রচুর ফেনা হয় যা শীতল ও স্নিগ্ধ করে এবং এর খাঁটি চন্দনের গন্ধটি অনেকক্ষণ থাকে···

গোদরেজ স্যাণ্ডেল আপনাকে দামের পুরো মূল্য দেয়।

গোদরেজ

সাবানের
জগতে
সেরা
নাম।

দেশ [illegible]

# প্রতিটি গ্রন্থে রহস্য—রোমাঞ্চ—[illegible]—শিহরণ।




(১) মোহন (২) কারাগারে মোহন (৩) [illegible] (৪) রমার বিয়ে (৫) [illegible] মোহন (৬) রমা-হারা মোহন (৭) [illegible] (৮) মোহনের জার্মানী অভিযান (৯) মোহনের অজ্ঞাতবাস (১০) ব্যবসায়ী মোহন (১১) নারী-হারা মোহন (১২) রুদ্র-সীমান্তে মোহন (১৩) মুখোশ মোহন (১৪) মোহনের দুর্নাম (১৫) মোহন ও [illegible] (১৬) দস্যু মোহন (১৭) মোহন ও স্বপন (১৮) মোহনাস্ত্র-মন্ত্রে স্বপন (১৯) স্বপনের সীমান্ত সংঘর্ষ (২০) গোপাপেশা-দুর্গে মোহন (২১) নেতা মোহন (২২) মোহনের প্রথম অভিযান (২৩) মোহন ও পঞ্চম-বাহিনী (২৪) ফাঁসির মঞ্চে মোহন (২৫) রমার সাধ (২৬) মোহন ও [illegible] (২৭) মোহনের প্রতিদ্বন্দ্বী (২৮) বার্লিনে মোহন (২৯) স্বপন ও দস্যু (৩০) বন্দ্ মোহন (৩১) মোহন ও হাট (৩২) তরুণ মোহন (৩৩) জার্মান-ষড়যন্ত্রে মোহন (৩৪) [illegible] মোহন (৩৫) স্বপনের রহস্য অভিযান (৩৬) [illegible] স্বপন (৩৭) মোহনের অভিনয় (৩৮) নিশাচরের মোহন (৩৯) মোহন-চপলা সংঘর্ষ (৪০) মোহনের অনুরাগ (৪১) প্রিয় মোহন (৪২) সর্বজ্ঞ মোহন (৪৩) মোহনের তিন শত্রু (৪৪) হত্যা-দুর্গে মোহন (৪৫) [illegible] মোহন (৪৬) মোহনের প্রতিদান (৪৭) স্বপনের এ্যাডভেঞ্চার (৪৮) নবরূপে মোহন (৪৯) মোহনের নূতন অভিযান (৫০) হারা মোহন (৫১) সুন্দরবনে মোহন (৫২) যুবক মোহন (৫৩) মোহন ও আণবিক বোমা (৫৪) মোহনের প্রতিশোধ (৫৫) মোহনের রূপ-পরিবর্তন (৫৬) করমচাঁদ মোহন (৫৭) মোহন ও বনবিহারী (৫৮) বিচারক মোহন (৫৯) সোভিয়েট রাশিয়ায় মোহন (৬০) মোহন ও রেকার (৬১) মোহনের পদ-রক্ষা (৬২) মোহনের দ্বিতীয় অভিযান (৬৩) মোহন ও শিকার (৬৪) মহাযুদ্ধে মোহন (৬৫) সাগরতলে মোহন (৬৬) বন্দী মোহন (৬৭) নারী-হারা স্বপন (৬৮) মোহন ও যক্ষের ধন (৬৯) বিপদ-জালে মোহন (৭০) সন্ন্যাসী মোহন (৭১) মৃত্যু-হারা মোহন (৭২) মোহনের মানবতা (৭৩) অপহৃতা রমা (৭৪) ছদ্মবেশী মোহন (৭৫) মোহন ও হীরা (৭৬) [illegible] মোহন (৭৭) মহানুভব মোহন (৭৮) মোহনের লক্ষ্যভেদ (৭৯) স্বপন ও [illegible] (৮০) প্রিয় স্বপন (৮১) অনুরাগী স্বপন (৮২) [illegible] স্বপন (৮৩) দস্যু সদনে মোহন (৮৪) অন্তরালে মোহন (৮৫) মোহনের এ্যাডভেঞ্চার (৮৬) মৃত্যুর পশ্চাতে মোহন (৮৭) দুঃসাহসিক স্বপন (৮৮) অপহৃত মোহন (৮৯) মোহন ও রাজপুতানী (৯০) মোহনের জয়যাত্রা (৯১) মহাযাত্রী স্বপন (৯২) দুর্বার মোহন (৯৩) উদ্ধারের পথে মোহন (৯৪) মোহন ও দমন (৯৫) প্রেমময় মোহন (৯৬) মোহনের পদধ্বনি (৯৭) স্বপন ও জলদস্যু (৯৮) [illegible] স্বপন (৯৯) দুর্জয় স্বপন (১০০) মহাসাগরে স্বপন (১০১) মোহন ও মহাদেবী (১০২) নায়ক মোহন (১০৩) বন্দী স্বপন (১০৪) [illegible] (১০৫) [illegible] (১০৬) [illegible] মোহন (১০৭) মোহন-নির্ভীকতা (১০৮) [illegible] মোহন (১০৯) [illegible] মোহন (১১০) [illegible] মোহন (১১১) [illegible] মোহন (১১২) রহস্য-জালে মোহন (১১৩) মোহনের [illegible] (১১৪) [illegible] মোহন (১১৫) মোহন ও [illegible] (১১৬) মোহনের [illegible] (১১৭) [illegible] (১১৮) [illegible] মোহন (১১৯) [illegible] (১২০) [illegible] (১২১) মোহনের [illegible] (১২২) [illegible] মোহন (১২৩) [illegible] মোহন (১২৪) [illegible] … [illegible] (২০১) [illegible] (২০২) [illegible] মোহন (২০৩) [illegible] মোহন (২০৪) অন্তরালে মোহন। যন্ত্রস্থ—(২০৫) আবার মোহন-চপলা (২০৬) মোহন-চপলা সংঘাত। প্রতি খণ্ড ২

---

দাম্পত্য-বিজ্ঞান গ্রন্থমালা

**নর-নারী** শ্রীশৈলেন বিশী বি-এল রচিত। প্রসিদ্ধ মনস্তাত্ত্বিক পণ্ডিতপ্রবর বসু লিখিয়াছেন, "কামপ্রবৃত্তি সম্বন্ধে নর-নারীর অজ্ঞতা এই গ্রন্থপাঠে দূর হইবে। এই সুখপাঠ্য গ্রন্থখানিতে নর-নারীর বহু জ্ঞাতব্য তথ্য স্থান পাইয়াছে।" মূল্য ২৷৹

লেডি ডাক্তার প্রণীত বিখ্যাত গ্রন্থসমূহ

১। যৌবন-সম্ভোগ ৬ষ্ঠ সং ১৷৹
২। বিবাহ-বিজ্ঞান ৭ম সং ১৷৹
৩। দেশবিদেশের যৌনতত্ত্ব ৪র্থ সং ১৷৹
৪। দেশবিদেশের যৌনবোধ ৪র্থ সং ১৷৹
৫। যৌন-বিজ্ঞান ৪র্থ সং ১৷৹
৬। কাম ও যৌন-জীবন ৫ম সং ১৷৹
৭। কন্যাত্বরাপ ও যৌন-সমস্যা ৪র্থ সং ১৷৹

শ্রীঅমিয়কুমার বাগচী বি-এ প্রণীত

**পতিতা** পতিতা জীবনধারার সমস্যা ও আলোচনা মূল্য ২

**যৌন-জীবন** যৌন-জীবন সম্বন্ধে অবশ্য জ্ঞাতব্য তথ্যসমূহ এই গ্রন্থে পড়ুন। ২৷৹

**ব্যভিচার** গবেষণামূলক তথ্য-বহুল বিরাট যৌন-গ্রন্থ। মূল্য—২ টাকা।

বিখ্যাত যৌন-বিজ্ঞানী হিরণ্ময় প্রণীত

**প্রেম ও প্রেমরতি**

Love technique সম্বন্ধে অভিনব গ্রন্থ। বহু চিত্র পরিশোভিত। মূল্য—২

**মনোবাসনা ও মনোবিকার**

[পরিবর্ধিত ও বহু চিত্র সম্বলিত]

বিকৃত মনোবাসনা ও মনোবিকারের হস্তে পতিত হইয়া মানুষ কিভাবে বিপন্ন হয়, তাহারই তথ্যবহুল আলোচনা। ২৷৹

**কেন এমন হয়** কয়েকটি সত্য কাহিনীর মাধ্যমে যৌন-তত্ত্বের অপরূপ ব্যাখ্যা। ১

**কেমন করে বাঁচি** যৌন প্রশ্ন বিশ্লেষণ। ২

---

সাধারণ পাঠকেরা অন্যূন দশ টাকার বই ভি. পি-তে নিলে ডাক-মাশুল লাগবে না।

**শিশির পাবলিশিং হাউস—২২।১, কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা—৬**

চিকিৎসক
আইন ব্যবসায়ী
ইঞ্জিনীয়ার

আপনার ছেলেকে কি তৈরী করাতে চান ?

ওর ভবিষ্যৎ আপনারই হাতে।
ভবিষ্যৎ জীবনে ও কি হবে সে সম্পর্কে আপনার যদি কোন পরিকল্পনা থাকে এবং ওকে যদি আপনি সেই রকম-ভাবে শিক্ষিত করে তুলতে চান, তাহলে আপনার সঞ্চয় করা অত্যন্ত প্রয়োজন।

যাঁরা নিয়মিতভাবে সঞ্চয় করেন তাঁদের সকলের পক্ষেই ভারত সরকারের ক্রমবর্ধমান নির্দিষ্টকালীন জমা পরিকল্পনা সুবিধেজনক। আপনার নিকটবর্তী পোষ্ট অফিসে প্রতি মাসে একটা নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দিয়ে ৫ অথবা ১০ বছর পর করবিহীন সুদসহ একটা মোটা অঙ্কের টাকা পেতে পারেন। নির্দিষ্ট সময়ের পর, ৫ বছরের জমায় শতকরা প্রায় ৩·৩ টাকা এবং ১০ বছরের জমায় শতকরা ৩·৮ টাকা সুদ পাওয়া যায়।

জাতীয় সঞ্চয় সংস্থা

আপনার পোষ্ট মাষ্টার আনন্দের সঙ্গেই ক্রমবর্ধমান নির্দিষ্টকালীন জমা পরিকল্পনার বিস্তারিত সংবাদ দেবেন।

DA 59/303

GOVERNMENT LIBRARY
Cooch Behar

# সূচীপত্র

| বিষয় | লেখক | পৃষ্ঠা |
|---|---|---|
| বাঙালীর মেধার কি অবনতি ঘটিতেছে? | - | ৫৬৯ |
| প্রসঙ্গত— | - | ৫৭০ |
| বৈদেশিকী— | - | ৫৭১ |
| গানের আসর— | শার্ঙ্গদেব | ৫৭৩ |
| বিশ্ববিচিত্রা— | - | ৫৭৫ |
| প্রথম কদম ফুল— | শ্রীঅচিন্ত্যকুমার সেনগুপ্ত | ৫৭৭ |

স্মরণীয়

[illegible]
গ্রন্থতিথি

৭ই কার্তিক ও ৭ই অগ্রহায়ণে
প্রকাশিত গ্রন্থ :

বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের
[illegible] গান ৫,
[illegible] চৌধুরীর
নীলে সোনায় [illegible] ৩.৫০
মানিক বন্দ্যোপাধ্যায়ের
[illegible] ২.৫০
[illegible]
[illegible] রাজকুমার ২.৫০
[illegible] রায়ের
ঘরে-বাইরে [illegible] ৫.৫০

১৯৫৬-৫৮ সালের মধ্যে বাংলা ভাষায় শ্রেষ্ঠ গ্রন্থ বিবেচিত হওয়ায়

কলকাতার কাছেই

১৯৫৯ সালে সাহিত্য আকাদমী পুরস্কার লাভ করিয়াছে

গজেন্দ্রকুমার মিত্রের কলকাতার কাছেই (উপন্যাস) ৫-৫০

আমাদের প্রকাশনার কয়েকটি উল্লেখযোগ্য বিবিধ গ্রন্থ :

[illegible] বিচিন্তা ২॥০ ॥ মোহিতলাল মজুমদারের বাংলার নবযুগ ৬, : সাহিত্য-বিচার ৬, ॥ [illegible] দেবী চৌধুরাণীর পুরাতনী ৫, ॥ [illegible] আমার জীবন ২॥০ ॥ [illegible] ভারতীয় গ্রামীণ সংস্কৃতি ১, ॥ [illegible] পরম রমণীয় ৪, ॥ নলিনীকান্ত সরকারের শ্রদ্ধাস্পদেষু ২॥০ ॥ [illegible] চক্রবর্তীর অলঙ্কার-চন্দ্রিকা [illegible] ॥ [illegible] ঠাকুরের অবনীন্দ্র-চরিতম্ ৩, ॥ [illegible] আত্মজীবন-চরিত ৩, ॥ [illegible] দেবীর [illegible] চিত্তরঞ্জন [illegible] ॥ হুমায়ুন কবীরের শরৎ সাহিত্যের মূলতত্ত্ব ১॥০ ॥ [illegible] বিপ্লবী জীবনের স্মৃতি ১২, ॥ [illegible] অমৃতপথযাত্রী ৩৬০ : ভারতের আদিবাসী ৩, : ভারতীয় কোকের ইতিহাস ৩, ॥ [illegible] যখন নায়ক ছিলাম ৫॥০ ॥ [illegible] যখন আমি জেলে ৬, ॥ [illegible] এই কলকাতায় ২, ॥ [illegible] চক্রবর্তীর ঊনবিংশ শতাব্দীর কবিওয়ালা ও বাংলা সাহিত্য ৮, ॥ বনফুলের শিকার [illegible] ২॥০ ॥ [illegible] ঊনবিংশ শতাব্দীর বাঙালী ও বাংলা সাহিত্য ৩, ॥ [illegible] দৃষ্টিকোণ ২।০ ॥ [illegible] ১৬০ ॥ [illegible] বিবি ও জোটা ২, : [illegible] ২॥০ ॥ [illegible] বঙ্কিমচন্দ্র ও মুসলমান সমাজ ১৬০ ॥ [illegible] আমরা ও তাঁহারা ৩।০ ॥ [illegible] শিকার পাথেয় ৪॥০ ॥ [illegible] শিশুর জীবন ও শিক্ষা ৪৬০ ॥ [illegible] গ্রন্থাগার : কর্মী ও পাঠক ১, ॥ [illegible] আপনার বিবাহ-যোগ ২।০ ॥ [illegible] ভারতে জ্যোতিষচর্চা ও কোষ্ঠি বিচারের নিয়মাবলী ১০, ॥ [illegible] বিদ্রোহে বাঙালী ৫৬০ ॥ [illegible] রবীন্দ্রনাথ ৩॥০ ॥ [illegible] শরৎচন্দ্রের রাজনৈতিক জীবন ২॥০ ॥ [illegible] কলকাতার পথঘাট ৩, : [illegible] ২।০ ॥

ইণ্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং প্রাইভেট লিঃ
গ্রাম : কালচার ৯৩, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা ৭ ফোন : ৩৪-২৬৪১

[illegible]

একদিন যা ঘটেছিল......ওদের গ্রামের ছেলের ছোট্ট সংসার। মাধুরী এসেছে নতুন বৌ হয়ে। খাস্ কোলকাতার মেয়ে মাধুরী। মাধবপুরের মতো গ্রামে ঠিক সে পুরোপুরি খাপ খাইয়ে নিতে পারে না। রাত্রি হলে এখনও তার বুকের ভয় করে। শেয়ালের ডাকে ঘরে দোর দেয়। হুতুম প্যাঁচার ডাকে তার নিশিথ রাতেও ঘুম ভাঙে। ঝিঁ ঝিঁ পোকার শব্দও বাকি মাধুরীর জীবন ভর। গাঁয়ের বৌ-ঝা সকলে মাধুরীকে নিয়ে হাসাহাসি করে। মাধবপুরের মতো

# তারাপদ মাষ্টার

অজ গ্রামদেশে এসে কোলকাতার লোকও সত্যিই ভয়ে বোকা বনে যায়।......তবু মাধুরীর গ্রামকে কিন্তু ভাল-লাগে। ভালবেসে ফেলে মাধুরী ও গাঁয়ের মাটি আর মানুষ-গুলোকে—আপ্রাণ চেষ্টা করে ওদের আপন করে নিতে।...

বৃদ্ধা শাশুড়ী মঙ্গলাবালার যত্ন নিতে মাধুরী কখনও ভুল করে না। তাইতো তিনি মাধুরীকে এত ভালবাসেন। ফরমাস মতো তাঁকে মাধুরী ভালটা মন্দটা বেঁধে খাওয়ায়। আর কত দিনইবা বাঁচবেন—এই ভেবে মাধুরী বৃদ্ধার সব অনুরোধই মেনে চলতে চেষ্টা করে। ওদের ছোট্ট সংসারে মাধুরীকে পেয়ে বোধহয় সব চাইতে বেশী খুশী হয়েছেন তাঁর শাশুড়ী।......কত অনুযোগ অনুনয়ের পর তারাপদ বিয়ে করতে রাজী হয়েছে। বেচারী তারাপদ এই বিয়ের কথা নিয়ে মা'র কাছে কতই না কথা শুনেছে। মাধুরী এসে অবধি তাকে আর সকাল সাঁঝে মা'র বোকাবেলায় যেতে হয় না।

এম. এ. পাশ করে গাঁয়ের স্কুলের মাষ্টারীর কাজ নিয়েছে তারাপদ। ভাল চাকুরীর আশায় সে গ্রাম ছেড়ে শহরে চলে যায়নি। গ্রামকে সে ভালবাসে। এ গাঁয়ের ছেলে বুড়ো সবার সে আপনারজন—তারাপদ মাষ্টার। এদের নিয়েই তারাপদর দিন কেটেছে।......মাধুরী আজ তার স্বামীর পাশে এসে দাঁড়িয়েছে তার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে—মাধবপুরকে আদর্শ গ্রাম করে গড়ে তুলতে।......ইতিমধ্যে মাধুরী সবার প্রিয় হয়ে উঠেছে। সেলাইয়ে রান্নায় মাধুরীর পাড়া জোড়া নাম। আনাড়ী ভাবলেও আজকাল কাজের ফাঁকে গাঁয়ের বৌ-ঝাই এসে মাধুরীর কাছে ভীড় জমায়। বুড়ীদের আসরে মঙ্গলাদেবী বৌ-মার যা প্রশংসা করে বেড়ান, তাতে সব শাশুড়ীই চায় বৌ-মা তাদের মাধুরী বৌ'র মতো কাজকর্ম শিখুক।.........গাঁয়ের বৌদের বড় নিয়ে রান্না শেখায়—মাধুরী। অবাক হয়ে তারা দেখে মাধুরীর রান্নার নতুন ঢং। মাধুরী তার সব রান্নাতেই ডাল্ডা ব্যবহার করে। ওদের কাছে, আজব লাগে। কালু মুদীর দোকান সাজানো খেজুর গাছ মার্কা 'ডাল্ডার' টিন তারা অনেকেই দেখেছে। বৌ-মা জানে 'ডাল্ডা' দিয়ে মেঠাই-মণ্ডা ভাজাভুজি হয়—সব রকম রান্নার কাজও যে 'ডাল্ডায়' হয় এ কথা তারা ভাবতেও পারে না। তাই মাধুরীকে 'ডাল্ডা' দিয়ে সব রান্না রাঁধতে দেখে ওদের অত আশ্চর্য্য লাগে। কৌতূহল বাড়ে—তবু মাধুরীকে জিজ্ঞেস করতে তারা লজ্জা পায়। লজ্জার মাথা খেয়ে 'মেজ-বৌ' একদিন জিজ্ঞেস করে বসে। মাধুরী কিন্তু ওর কথায় হাসে না, বুঝিয়ে বলে ওকে 'ডাল্ডার' কাহিনী। 'মেজ-বৌ' পায় তার প্রশ্নের জবাব, কেন মাধুরী সব রান্নাতেই 'ডাল্ডা' ব্যবহার করে।......

"খাঁটি ভেষজ তেল থেকে 'ডাল্ডা' তৈরী। আর প্রতি "আউন্স" 'ডাল্ডা'তেই আছে ভিটামিন 'এ'র ৭০০ 'ইণ্টার ন্যাশনাল ইউনিট' এবং 'ডি'র ৫৬ 'ইণ্টার ন্যাশনাল ইউনিট'—আমাদের শরীর রক্ষার প্রয়োজনীয় দুটি উপাদান। কেবলমাত্র বিশেষ বিশেষ রান্নার কাজেই 'ডাল্ডা' ব্যবহার হয় না। 'ডাল্ডা' দিয়ে আমরা সব রকম রান্নাই রাঁধতে পারি। আর 'ডাল্ডা' সব সময় সীল করা টিনে পাওয়া যায় বলে ধুলোময়লা পড়বার বা ভেজালের কোন ভয় থাকে না। 'ডাল্ডা' চেনবার সহজ উপায় হোল—সীল করা টিনের গায়ের 'খেজুরগাছ' মার্কা ছাপ"—মাধুরী তার 'ডাল্ডার' বিশ্লেষণ পর্ব শেষ করে। গাঁয়ের বৌ-ঝা ঘরে ফেরে।

দিন কতক পরের কথা। বাইরে গনেশ ব্যাপারীর গলা শুনে মাধুরী দাওয়ায় এসে দাঁড়ায়। দেখে গনেশ ব্যাপারীর হাতে 'ডাল্ডা'র একটা ছোট্ট টিন। আজই হয়ত গনেশ কিনেছে। সত্যাসত্য জেনে নিতে মাষ্টারের কাছে ছুটে আসা। কিন্তু কেন? নিশ্চয়ই এ সব মেজ-বৌর পরামর্শে। নইলে গনেশ আবার 'ডাল্ডা' কিনতে যাবে কেন!...স্বামীর চোখে চোখ পড়ায় মাধুরী ভেতরে চলে আসে। ভেতর থেকে কান পেতে শোনে স্বামীর কথা "হ্যাঁ গনেশ, একেবারে খাঁটি জিনিষ 'ডাল্ডা' ওতে আর বলার কি আছে। ব্যবহার করলেই বুঝতে পারবে......" হেসে মাধুরী কাজে চলে যায়।

DL.P. 6-X56 BG

হিন্দুস্থান লিভার লিমিটেড বোম্বাই।

# সূচীপত্র


| বিষয় — লেখক | পৃষ্ঠা |
|---|---|
| নিজেরে হারায়ে খুঁজি—শ্রীঅহীন্দ্র চৌধুরী | ৫৮৫ |
| নকল মক্কল—শ্রীপ্রবোধবন্ধু অধিকারী | ৫৯৩ |
| বাইশে শ্রাবণ—শ্রীনির্মলকুমারী মহলানবিশ | ৬০৭ |
| নবতীর্থ রাউরকেলা—শ্রীঅমিতাভ দাশগুপ্ত | ৬১৭ |
| দিন পেরিয়ে দিন (কবিতা)—শ্রীশোভন সোম | ৬২৩ |
| জীবন-স্বপ্ন (কবিতা)—শ্রীসত্যেন্দ্রনাথ পাল | ৬২৩ |
| অন্তর্নিহিত (কবিতা)—শ্রীইন্দুমতী ভট্টাচার্য | ৬২৩ |



কয়েকখানি অত্যুৎকৃষ্ট প্রাইজ ও লাইব্রেরী পুস্তক

ডক্টর অসিতকুমার বন্দ্যোপাধ্যায় প্রণীত

## বাংলা সাহিত্যের ইতিবৃত্ত

প্রথম খণ্ড

[illegible] ... প্রথম খণ্ডের দাম—১২.৫০

## ভারতীয় সাহিত্যে বারমাস্যা

ডক্টর শিবপ্রসাদ ভট্টাচার্য

[illegible] ... বাংলা, হিন্দী, পাঞ্জাবী, উড়িয়া, আসামী, তামিল, তেলেগু, রাজস্থানী, গুজরাটী প্রভৃতি ভাষার বিভিন্ন ... [illegible] ... পৃষ্ঠা ২৫২। মূল্য ৬.৫০

## ঊনবিংশ শতকের গীতিকবিতা সংকলন

ডক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ও ডক্টর শ্রীঅরুণকুমার মুখোপাধ্যায়

ঊনবিংশ শতকের ... বাংলা গীতিকাব্য। এই গ্রন্থ গীতিকবিতার ... সংকলন। ১৮৬০ থেকে ১৯১০ : এই ... [illegible] ... পৃষ্ঠা ৭৭৬ : ... মূল্য ১২.০০ [illegible]

মডার্ণ বুক এজেন্সী প্রাইভেট লিমিটেড

১০, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট, কলিকাতা-১২। ফোন: ৩৪ ৩১০১



ন্যাশনালের প্রকাশিত কয়েকটি বই

অনুবাদ সাহিত্য

আলেকজান্দার কুপ্রিনের

**রত্নবলয়**

[illegible]

—[illegible]

অনুবাদক : [illegible] ... ৬.৫০

[illegible]

**বুখারার বীরকাহিনী**

[illegible] ... কাহিনী।

অনুবাদক : [illegible] ... [illegible]

আর্কাদি গাইদারের

**অগ্নি-পরীক্ষা**

১ম খণ্ড : দুই বোন ... [illegible]
২য় খণ্ড : [illegible] ... [illegible]
৩য় খণ্ড : বিষম প্রভাত ... ৬.০০
তিন খণ্ড একত্রে ১৩.০০

পিয়েরের পাভলেঙ্কোর

**জীবনের জয়গান** ... ৪.০০

নিকোলাই অস্ত্রোভস্কির

**ইস্পাত** ... ৬.৫০

হাওয়ার্ড ফাস্টের

**স্পার্টাকাস** ... ৫.০০

**শেষ সীমান্ত** ... ৪.০০

শীঘ্র বের হবে

ইলিয়া এরেনবুর্গের

নবম তরঙ্গ

ন্যাশনাল বুক এজেন্সি প্রাঃ লিমিটেড

১২ বঙ্কিম চ্যাটার্জী স্ট্রীট : কলকাতা ১২

১৭২ ধর্মতলা স্ট্রীট : কলকাতা ১৩

ঘন ঘন চুল পরিষ্কারের জন্য

টাটা-র

কোকোনাট অয়েল

শ্যাম্পু

ব্যবহার করুন

- খাঁটি নারকেল তেলে তৈরী
- ময়লা, ধুলোবালি ও বাসি তেল দূর করে
- সহজেই ধুয়ে ফেলা যায়
- চুলের গোড়া পরিষ্কার রাখে ও চুল চকচকে উজ্জ্বল ক'রে তোলে

দি টাটা অয়েল মিলস কোম্পানী লিমিটেড

GOVERNMENT LIBRARY
Cooch Behar

# সূচীপত্র

| বিষয় | লেখক | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| আলোচনা— | - | ৬২৪ |
| ট্রামে-বাসে— | - | ৬২৫ |
| বিজ্ঞান বৈচিত্র্য— | - | ৬২৬ |
| পুস্তক পরিচয়— | - | ৬২৭ |
| রংগজগৎ— | চন্দ্রশেখর | ৬৩০ |
| খেলার মাঠে— | একলব্য | ৬৩৭ |
| সাপ্তাহিক সংবাদ— | - | ৬৪৫ |

এ বছরের সাহিত্য একাদমী পুরস্কারপ্রাপ্ত
শ্রীগজেন্দ্রকুমার মিত্রের
**সোহাগপুরা ৪৲**
মহারাণী সম্রাজ্ঞী লালকুঁয়ারের পতন-অভ্যুদয়ের আশ্চর্য কাহিনী।
এটি শতাব্দীর অন্যতম শ্রেষ্ঠ ঐতিহাসিক উপন্যাস।

ডাঃ হেমেন্দ্রনাথ দাশগুপ্ত রচিত
**দেশবন্ধু-স্মৃতি ১০৲**
"It is the greatest tragedy in my life that I have been drawn to a profession that I do not like."
দেশবন্ধু চিত্তরঞ্জনের এইরূপ প্রামাণ্য জীবনী বাংলাভাষায় আর নাই।

ডাঃ মাখনলাল রায়চৌধুরী
**রামায়ণে রাক্ষস সভ্যতা ৪৲**

যোগেশ বাগল প্রণীত
**কলিকাতার সংস্কৃতি কেন্দ্র ৫৲**

প্রমথনাথ বিশী
**বাংলার কবি ৪৲**

সুনীলকুমার বন্দ্যোপাধ্যায়
**বাংলা সাহিত্যের চতুষ্কোণ ১২৲**

সুবোধ চক্রবর্তীর উপন্যাস
**একটি আশ্বাস ৬॥৹**

হরিনারায়ণ চট্টোপাধ্যায়ের উপন্যাস
**অন্য দিগন্ত ৫৲**

মহেন্দ্রনাথ গুপ্ত প্রণীত
**হে অতীত কথা কও ৪৲**
**বউডুবির খাল ৩৲**

বিশ্বনাথ চট্টোপাধ্যায়ের উপন্যাস
**অরণ্য বাসর ৬৲ ছায়ানট ২॥৹**
সঞ্জয় ভট্টাচার্য—**স্মৃতি ৩৲**

**সমান্তরাল ৩॥**
প্রশান্ত চৌধুরী রচিত সর্বাধুনিক উপন্যাসখানি "লাল পাথর"এর মত সমাদৃত হবে আশা করা যায়।

শ্রীগুরু লাইব্রেরী, ২০৪ কর্ণওয়ালিস স্ট্রীট, কলিকাতা ফোন ৩৪-২৯৮৪

আগামী বাংলা নববর্ষে বাহির হইবে
মূল্যে, পরিপাটি, রচনা-গৌরবে শ্রেষ্ঠ
নববর্ষ-সংকলন
**মধুরাংশ্চ**
সম্পাদক:
শ্রীদক্ষিণারঞ্জন বসু
প্রকাশক:
শ্রীঅমিয়রঞ্জন মুখোপাধ্যায়
গল্প-সংকলন "মধুরাংশ্চ" বিদগ্ধজনের নিকট আন্তরিক সমাদর লাভ করায় আমরা বাংলা নববর্ষ উপলক্ষে আর একটি সংকলন প্রকাশে উদ্যোগী হইয়াছি। বাংলাদেশের শ্রেষ্ঠ লেখক-লেখিকাদের রচনা-সম্ভারে এই সংকলনটি পূর্বের মানকে অতিক্রম করিয়া যাইবে। পাঠের জন্য, সংগ্রহের জন্য, উপহার প্রদানে "মধুরাংশ্চ" অপরিহার্য। আমরা গ্রাহক, বিজ্ঞাপন-দাতা, পুস্তক-বিক্রেতা ও বিজ্ঞাপন-এজেন্টদের সহযোগিতা কামনা করি।

সম্প্রতি প্রকাশিত হইয়াছে
**বরণীয়**
শ্রীযোগেশচন্দ্র বাগল
[illegible]

বারোটি অপূর্ব
প্রেমের গল্প
**সুভদ্রার ভিটে**
একজন শক্তিশালী কথাশিল্পী
দক্ষিণারঞ্জন বসুর
একখানি অনবদ্য গল্প-সংকলন
মূল্য সাড়ে তিন টাকা মাত্র

**এ মুখার্জী অ্যাণ্ড কোং**
**প্রাইভেট লিঃ**
২, বঙ্কিম চাটার্জি স্ট্রীট,
কলিকাতা—১২
ফোন: ৩৪-১৬০৩
গ্রাম: প্রকাশিকা

সম্প্রতি প্রকাশিত নতুন গ্রন্থ

অচিন্ত্যকুমার সেনগুপ্তের

**প্রচ্ছদপট**

নিত্যকালের চিত্তস্পন্দী উপন্যাস

দাম : ৩·৫০ টাকা

শৈলজানন্দ মুখোপাধ্যায়ের

**মনের মানুষ**

ভালোবাসার আপন জনকে হারাবার ট্রাজেডি—করুণ-মধুর ভাবনায় ভাবিত রসোত্তীর্ণ গ্রন্থ

দাম : ৩·০০ টাকা

অন্যান্য উল্লেখযোগ্য প্রকাশন...

| | | | |
|---|---|---|---|
| প্রেমের গল্প | অচিন্ত্যকুমার সেনগুপ্ত | ॥ | ৪·০০ |
| প্রেমের গল্প | তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | ॥ | ৪·০০ |
| রূপসী রাত্রি | অচিন্ত্যকুমার সেনগুপ্ত | ॥ | ৫·০০ |
| ভারত প্রেমকথা | সুবোধ ঘোষ | ॥ | ৬·০০ |
| শতকিয়া | সুবোধ ঘোষ | ॥ | ৮·০০ |
| তিন শূন্য | তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | ॥ | ৩·৫০ |
| বিবেকানন্দ চরিত | সত্যেন্দ্রনাথ মজুমদার | ॥ | ৫·০০ |
| চিন্ময় বঙ্গ | আচার্য ক্ষিতিমোহন সেন | ॥ | ৪·০০ |
| গল্প-সংগ্রহ | সরলাবালা সরকার | ॥ | ৫·০০ |
| রবীন্দ্রমানসের উৎস-সন্ধানে | শচীন্দ্রনাথ অধিকারী | ॥ | ৩·৫০ |
| ছেলেদের বিবেকানন্দ | সত্যেন্দ্রনাথ মজুমদার | ॥ | ১·২৫ |

...প্রকাশের অপেক্ষায়..

| | | | |
|---|---|---|---|
| প্রেমের গল্প | শৈলজানন্দ মুখোপাধ্যায় | ॥ | ৪·০০ |

**আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড**

৫ চিন্তামণি দাস লেন ॥ কলিকাতা ৯

= মিত্র - ঘোষের বই মানেই শ্রেষ্ঠ বই =

গজেন্দ্রকুমার মিত্রের
সর্বশ্রেষ্ঠ ঐতিহাসিক উপন্যাস

**বহ্নিবন্যা** (২য় মুদ্রণ) ৮॥

প্রেরণা ৩৲ সাবালক ২৸০
ছুটি ২।০ আবছায়া ২৸০
ভাড়াটে বাড়ী ৩৲

প্রবোধকুমার সান্যালের
শ্রেষ্ঠ গল্প ৫৲

নরেন্দ্রনাথ মিত্রের
শ্রেষ্ঠ গল্প ৫৲

গজেন্দ্রকুমার মিত্রের
শ্রেষ্ঠ গল্প ৫৲

মন্মথনাথ ঘোষের
শ্রেষ্ঠ গল্প ৫৲

ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের
শ্রেষ্ঠ গল্প ৫॥০

বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের
শ্রেষ্ঠ গল্প ৫৲

তারাশংকর বন্দ্যোপাধ্যায়ের
প্রিয় গল্প ৫৲

আশাপূর্ণা দেবীর
শ্রেষ্ঠ গল্প (যন্ত্রস্থ)

আশুতোষ মুখোপাধ্যায়ের

**সমুদ্র সফেন** (নূতন মুদ্রণ) ৪॥

পঞ্চতপা ৬॥০ নবনায়িকা ৩॥০

—অন্যান্য উপন্যাস—

সাত পাকে বাঁধা
কাল, তুমি আলেয়া

মণিলাল বন্দ্যোপাধ্যায়ের
নূতন উপন্যাস

**পরিশোধ** ৪॥০

নিরুপমা দেবীর

**প্রত্যর্পণ** ৩৲

—সম্পূর্ণ অপ্রকাশিত উপন্যাস—

নীহাররঞ্জন গুপ্তের

**হীরা চুনি পান্না** (নূতন মুদ্রণ) ৪॥০

**কালোভ্রমর** (২ খণ্ড একত্রে) ৫৲

তারাপদ মুখোপাধ্যায়ের

**আধুনিক বাংলা কাব্য** ৬৲

**কুমুদরঞ্জন মল্লিকের শ্রেষ্ঠ কবিতা**

পুনর্মুদ্রণ—৬৲ টাকা

কবিশেখর কালিদাস রায়ের
[illegible] সাহিত্য আলোচনা

**সাহিত্য প্রসঙ্গ** ৫৲

নরেন্দ্রনাথ মিত্রের
নূতন উপন্যাস

**অনমিতা** (২য় মুদ্রণ) ৪৲

হরিনারায়ণ চট্টোপাধ্যায়ের

**ইরাবতী** (৩য় মুদ্রণ যন্ত্রস্থ)

**তরঙ্গের পর** (যন্ত্রস্থ)

দ্বারেশচন্দ্র শর্মাচার্যের
অসামান্য উপন্যাস

ভূগুজাতক ৫৲
অপরূপা ৫॥০

মিত্র ও ঘোষ : ১০, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা—১২

# দেশ

DESH 40 Naya Paisa
Saturday, 26th December, 1959.

২৭ বর্ষ ॥ ৮ সংখ্যা ॥ ৪০ নয়া পয়সা
শনিবার, ১০ পৌষ, ১৩৬৬ বঙ্গাব্দ

কিছুদিন হইতে বিভিন্ন পত্রপত্রিকায় বাঙালীর ইনটেলেক্ট বা বুদ্ধি সম্বন্ধে আলোচনা আরম্ভ হইয়াছে। অনেক পত্রলেখক বিষয়টি সম্পর্কে মন্তব্য জ্ঞাপন করিয়াছেন। ইঁহাদের অধিকাংশেরই ধারণা যে, বাঙালীর বুদ্ধিতে একটা মন্দা অবস্থা দেখা দিয়াছে। এই মন্তব্যের সমর্থনে ইঁহারা যেসব প্রমাণ হাজির করিয়াছেন, তন্মধ্যে পরীক্ষার ফলাফল ও চাকুরী-প্রাপ্তি অন্যতম। এমন [illegible] ভার এমন [illegible] উপরে ছাড়িয়া দেওয়া যায় কি না সন্দেহ। [illegible] কিন্তু ইহাতেই কি প্রমাণ হয় যে, বাঙালীর মেধা এখন [illegible] এক সময়ে বুদ্ধির অপচয় সম্বন্ধে বাঙালীকে সচেতন করিতে চেষ্টা করিয়াছেন। কিন্তু তাঁহার সাফল্য-প্রমাণ সম্পর্কে [illegible] মনের ছিল। [illegible] পরীক্ষা পাশ করিয়া চলিলে বুদ্ধির অপকর্ষ সাধিত হয় বলিয়া তিনি বিশ্বাস করিতেন; বাস্তবজ্ঞানহীন লেখাপড়ায় বুদ্ধির উৎকর্ষ সাধিত হয় না বলিয়া তিনি বিশ্বাস করিতেন। আর তিনি শুধু বাঙালীর মেধা লইয়া আলোচনা করেন নাই; তিনি বলিয়াছেন যে, খ্রীষ্টীয় দ্বাদশ শতাব্দীর পর হইতে ভারতীয় মেধা মৌলিক গবেষণার পথ পরিত্যাগ করিয়াছে — ভারতীয় মেধায় মন্দা ভাব আসিয়াছে।

আপাতদৃষ্টিতে দেখিলে হঠাৎ মনে হওয়া অসম্ভব নয় যে, বাঙালীর মেধা এখন নিম্নমুখী, কিন্তু এমন জটিল ব্যাপারে মীমাংসার ভার আপাতদৃষ্টির উপর ছাড়িয়া দেওয়া যায় কি? একটু তলাইয়া দেখা আবশ্যক। প্রায়ই শুনিতে পাওয়া যায় যে, আজকাল স্কুলের

## বাঙালীর মেধার কি অবনতি ঘটিতেছে?

ছেলেরা কিছুই শেখে না। কিন্তু কথাটা কি সর্বৈব সত্য? আজকাল স্কুলের একজন সাধারণ মেধাবী ছাত্র দেশ ও পৃথিবী সম্বন্ধে যত খুঁটিনাটি খবর রাখে, বিশ বছর আগেকার অনুরূপ বালক তাহা রাখিত না। ইহা কি জ্ঞানের প্রসারের লক্ষণ নয়?

**বিজ্ঞপ্তি**

প্রখ্যাত ঔপন্যাসিক শ্রীবিমল মিত্রের বর্তমানকালের পটভূমিকায় লেখা নতুন উপন্যাস 'কড়ি দিয়ে কিনলাম' আগামী সপ্তাহ থেকে দেশ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হবে। সম্পাদক দেশ

আজকার স্কুলের বালক বাংলা ব্যাকরণ ও ভাষাতত্ত্ব সম্বন্ধে যে-সব কথা জানে, পঁচিশ বছর আগেকার অধ্যাপকেরা তেমন জানেন কি না সন্দেহ। ইংরাজী ব্যাকরণ আগের আমলের ছেলেরা কিছু বেশি জানিত, হয়তো শুদ্ধতর ইংরাজী লিখিত। কিন্তু অপর পক্ষে এখনকার ছেলেরা বাংলা অনেক ভালো লেখে। এখন এই সব বিষয়ে হরণ পূরণ করিলে কি দাঁড়ায় যে, এখনকার ছেলেরা কম শিখিতেছে, অর্থাৎ তাহাদের মেধায় ভাটার চিহ্ন পরিস্ফুট? আমাদের তাহা মনে হয় না। তারপরে কলেজের কথা। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে প্রথম শ্রেণীতে অনার্স-প্রাপ্ত ছাত্রের সংখ্যা অন্যান্য বিশ্ব-বিদ্যালয়ের অনুরূপ ছাত্রের তুলনায় কম সন্দেহ নাই। কিন্তু ইহাতেই কি প্রমাণ হইয়া যায় যে, মেধাবী ছাত্রের সংখ্যা অন্যান্য বিশ্ববিদ্যালয়ে অনেক বেশি? এমন হওয়া অসম্ভব নয় যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার মান উন্নততর, সাংসারিক উদ্দেশ্যসিদ্ধির জন্য সে মান খাটো করিতে চান নাই কলিকাতা বিশ্ববিদ্যালয়।

বৃহত্তর ক্ষেত্রে তাকাইলে দেখিব যে, বাঙালী সাহিত্যিকগণ এখনো সর্ব-ভারতীয় ক্ষেত্রে শ্রদ্ধার আসন রক্ষা করিয়াছেন। আজকার দিনে বাঙালীর মধ্যে মধুসূদন, বঙ্কিমচন্দ্র বা রবীন্দ্রনাথ নাই সত্য, কিন্তু যাঁহারা আছেন, স্ব স্ব ক্ষেত্রে তাঁহারা বাঙালীর মেধার গৌরব ঘোষণা করিতেছেন। সমগ্র ভারতে ছয়-খানি "এ শ্রেণীর" সংবাদপত্র, তন্মধ্যে তিনখানিই প্রকাশিত হয় কলিকাতা হইতে, অধিকাংশ পাঠক অবশ্যই বাঙালী। ইহাতেও বাঙালীর জিজ্ঞাসা ও ঔৎসুক্য প্রকাশ পায় — এ দুটি মন্দগ্রস্ত মেধার লক্ষণ নয়।

তবে যে হঠাৎ বাঙালীর মেধা মন্দগ্রস্ত মনে হয় তার কারণ, আগে বাঙালীর প্রতিযোগীর অভাব ছিল, এখন সর্বত্র প্রতিযোগী—তাই তুলনায় তাকে মন্দগতি মনে হয়। আর এক সময়ে যে বাঙালীর প্রতিযোগীর অভাব ছিল, তার কারণ বাঙালীই সর্বাগ্রে ইংরাজী শিক্ষা পাইবার সৌভাগ্য হইয়াছিল। কালের হিসাব কয়খানি একটি তথ্য হইতে বুঝিতে পারা যাইবে। ১৮১৭ সালে হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হইয়া ইংরাজী শিক্ষার আনুষ্ঠানিক পর্বের উদ্বোধন করে, অথচ ১৮১৮ সালে [illegible] হয় নাই—এখনো মহারাষ্ট্রে পেশবার শাসন চলিতেছে। ইংরাজী শিক্ষা দাক্ষিণাত্যের [illegible] মধ্যে। ইহারও ত্রিশ বছর পরে মাদ্রাজে ইংরাজী শিক্ষার সূচনা। কাজেই এ বিষয়ে বাঙালী যে সর্বাগ্রে সুযোগ লাভ করিয়াছিল, তাই তাহারা অনেক দিন পর্যন্ত জ্ঞানচর্চা ও চাকুরীর বাজারে শীর্ষস্থানে বসিয়াছিল। কিন্তু এমন তো চিরকাল চলিতে পারে না। কালের ও স্বভাবের নিয়মে অন্যান্য রাজ্য অগ্রসর হইয়া আসিয়াছে, তাই তুলনায় বাঙালীকে আজ অনেক মন্দগতি দেখাইতেছে। তাই বলিয়া এই মন্দগতিকে মেধার লক্ষণ বলা উচিত হইবে না। তা ছাড়া [illegible] তাহার উপর দিয়া কতকগুলো রাজনৈতিক দুর্যোগ গিয়াছে, তাহাতে জনসাধারণের জন্য মেধার দুরবস্থা হওয়া অস্বাভাবিক নয়। কিন্তু ইহাতে বাঙালীর ইনটেলেক্ট বা মেধার অপকর্ষ প্রমাণিত হয় না।

# প্রসঙ্গত

বোম্বাই প্রদেশকে মারাঠীভাষী বোম্বাই ও গুজরাটীভাষী গুজরাটে বিভক্ত করা সম্পর্কে নিখিল ভারত কংগ্রেস কমিটি কর্তৃক গঠিত নয়জন সদস্যযুক্ত কমিটির সুপারিশ কংগ্রেস ওয়ার্কিং কমিটি কর্তৃক গৃহীত হয়েছে। বিদর্ভকে একটি পৃথক প্রদেশরূপে গঠনের জন্যে যে দাবী উঠেছিল, তা গৃহীত হয়নি। ওয়ার্কিং কমিটি এই অভিমত প্রকাশ করেছেন যে, বিদর্ভের পক্ষে বোম্বাইয়ের অন্তর্ভুক্ত হওয়াই বিদর্ভের স্বার্থের দিক থেকে এবং সমগ্র জাতির স্বার্থের দিক থেকেও সমীচীন।

ভারতের বিভিন্ন প্রদেশকে ভাষার ভিত্তিতে পুনর্গঠনের জন্যে চারিদিক থেকে যে দাবী উঠেছিল, শাসন-কর্তৃপক্ষ তা গ্রহণ করেননি। স্বাধীনতা লাভের পূর্বে কংগ্রেস ভাষার ভিত্তিতে প্রদেশ গঠনের নীতি মেনে নিয়েছিল। কিন্তু, যে কারণেই হোক, স্বাধীনতা লাভের পরে সে নীতি পরিত্যক্ত হয় এই অজুহাতে যে, তার ফলে বিভিন্ন প্রদেশের মধ্যে ভেদ-বুদ্ধি প্রবল হবে এবং ভারতের ঐক্য বিনষ্ট হবে। এই নতুন নীতির বিরুদ্ধে প্রথম সক্রিয় প্রতিবাদ ওঠে অন্ধ্রে। প্রতিবাদ যখন দুর্বার হয়ে উঠল, তখন শুধু অন্ধ্রকেই পৃথক প্রদেশে পরিণত করা হল। কিন্তু ভাষাভিত্তিক প্রদেশ পুনর্গঠন নীতি হিসাবে স্বীকৃত হল না।

তখন আন্দোলন শুরু হল একই সাথে পশ্চিমবঙ্গ ও বোম্বাই রাজ্যে। তীব্র আন্দোলনের পর পশ্চিমবঙ্গের দাবী আংশিক পূরণ করা হল। কিন্তু বোম্বাই-এর দাবী মিটল না, বরং বৃহত্তর বোম্বাই রাজ্য গঠন করা হল, বলতে গেলে গায়ের জোরেই। এবারে বোম্বাই রাজ্যের দাবী অবশ্য মিটল, কিন্তু তাও আংশিকভাবে। বিদর্ভের দাবী অপূর্ণ রইল। অর্থাৎ সেখানেও অসন্তোষ যতদিন না দুর্বার হয়ে উঠছে, ততদিন তার দাবী পূর্ণ হবে না।

কংগ্রেস ওয়ার্কিং কমিটির সুপারিশে ভাষাভিত্তিক প্রদেশ গঠনের নীতির কোনো উল্লেখ নেই, যদিও কার্যত সেই নীতিরই স্বীকৃতি এর মধ্যে নিহিত। বৃটিশ চলে গেলেও তার আমলাতন্ত্র যে রয়ে গেছে, তার প্রমাণ এর থেকে পাওয়া যায়। এক দায়ে মিটিয়ে ফেলে অসন্তোষ সম্পূর্ণরূপে দূরীভূত করা আমলাতন্ত্রের কোষ্ঠিতে নেই। প্রত্যেক ব্যবস্থায় নবতর অসন্তোষের বীজ রেখে যাওয়া তার নীতি।

*

ফাইন আর্টস্ আ্যাকাডেমী এবার ছাব্বিশ বৎসরে পদার্পণ করল। এতদিন পর্যন্ত অ্যাকাডেমীর নিজস্ব ভবন ছিল না। অত্যন্ত আনন্দ এবং গৌরবের বিষয়, এবারে তার নিজস্ব ভবন হল এবং সেই নবনির্মিত ভবনেই এবারে চিত্রপ্রদর্শনী খোলা হয়েছে। ভবনটি এখনও সম্পূর্ণ হয়নি। বর্তমানে সমসাময়িক চিত্রের প্রদর্শনী হলটি সম্পূর্ণ হয়েছে। সম্পূর্ণ ভবনে আরও অনেকগুলি গ্যালারী থাকবে। উপযুক্ত আলো ও মঞ্চসহ একটি সভাসমাবেশের জন্যে উন্মুক্ত স্টুডিওর পরিকল্পনাও রয়েছে। প্রশস্ত প্রদর্শনী হল ও প্রেক্ষাগৃহটি, যখন শিল্প প্রদর্শনী হবে না, তখন আর্ট, সঙ্গীত ও অন্যান্য সাংস্কৃতিমূলক কাজের জন্যে ব্যবহৃত হতে পারবে।

প্রদর্শনী উদ্বোধন প্রসঙ্গে ডাঃ বিধানচন্দ্র রায় প্রস্তাব করেছেন, আর্টস কলেজে শিক্ষা সমাপনান্তে শিল্পীরা যাতে এখানে স্নাতকোত্তর শিক্ষালাভ করতে পারেন, তার ব্যবস্থা করা উচিত। আমাদের দেশে শিল্পের আদর যথেষ্ট নয়। সেজন্যে বহু শিল্পীকেই দারিদ্র্যের মধ্যে দিনাতিপাত করতে হয়। এই সমস্ত দুঃস্থ শিল্পীদের সাহায্যের জন্যে ডাঃ রায় ইংল্যান্ডের রয়্যাল অ্যাকাডেমী অব আর্টসের মতো একটি সাহায্য-ভাণ্ডার প্রতিষ্ঠার জন্যেও উপদেশ দিয়েছেন। তাঁর দুটি প্রস্তাবই অত্যন্ত সমীচীন ও সময়োপযোগী এবং আমাদের বিশ্বাস আছে, তাঁর সাহায্য ও পৃষ্ঠপোষকতা পেলে সাহায্য-ভাণ্ডার প্রতিষ্ঠা অনেকখানি সহজ হবে। এই ব্যাপারে উৎসাহ, উদ্যম ও অর্থানুকূল্যের জন্যে লেডী রাণু মুখোপাধ্যায় শিল্পানুরাগী জনসাধারণের ধন্যবাদভাজন হয়েছেন।

*

ভারতবর্ষের সবচেয়ে বড় সমস্যা খাদ্য। ভারতের শস্যভরা মাঠ এবং গোলাভরা ধান আজ গল্প-কাহিনীতে পরিণত হয়েছে। খাদ্যের জন্য অনেকদিন থেকেই ভারতবর্ষ পরমুখাপেক্ষী। শিল্পোন্নতির আবশ্যকতা অবশ্যই আছে। কিন্তু যতদিন ভারতে কৃষির পর্যাপ্ত উন্নতি না হচ্ছে, যতদিন ভারত খাদ্যে স্বাবলম্বী না হতে পারছে, ততদিন শিল্পোন্নতিও ভারতের দারিদ্র্য-মোচন ও জীবনযাত্রার মানোন্নয়ন করতে পারবে না। কারণ ভারতবর্ষ প্রধানত কৃষিপ্রধান। জনসাধারণের বারো আনা অংশ কৃষির উপরই নির্ভরশীল।

ভারতবর্ষের শাসন-কর্তৃপক্ষ এই তথ্য সম্বন্ধে অবহিত বলেই প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় কৃষিই অগ্রাধিকার পেয়েছিল। অবশ্য প্রথম পরিকল্পনার ফলে যে কৃষির উন্নতি হয়েছে, সেচ-ও সার ব্যবস্থায় শস্যোৎপাদন বৃদ্ধি পেয়েছে, এমন কথা বলা যায় না। কিন্তু সরকার এদিকে যে চিন্তা করছেন, তার প্রমাণ পাওয়া যায়।

সমবায় কৃষি-ব্যবস্থার কথা শ্রী নেহরু অনেকদিন থেকেই বলে আসছেন। কয়েকদিন পূর্বে রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদ দিল্লী কৃষি মেলা উদ্বোধন প্রসঙ্গে আধুনিক বিজ্ঞানসম্মত পন্থায় কৃষিকার্যের উন্নতি বিধানের কথা বলেছেন। কেন্দ্রীয় আইন পরিষদে শ্রী পন্থও সেই উক্তিরই প্রতিধ্বনি করেছেন। কিভাবে কি হবে জানি না। কিন্তু সবটাই আন্তরিকতার উপর নির্ভরশীল। সমবায় প্রথা প্রবর্তিত না হলে কৃষির আধুনিকীকরণ সম্ভব নয়। শুধু ইচ্ছা এবং অর্থব্যয়ের দিক দিয়ে সরকারী ব্যবস্থার কোনো ত্রুটি আছে, এমন কথা কেউ বলছে না। কিন্তু কার্যত দেখা গেছে, ফল উল্টো হয়। চিন্তা ও পরিকল্পনার দিকে তার অধিক অনুরাগ হওয়ায় পরিকল্পনা সরকার যদি উল্টো পথ কেন হয়, তবেই কাজে নির্দেশ এবং প্রতিকারের সন্ধান হয়, তাহলেই কৃষির যথার্থ উপকার হতে পারে।

•

[illegible] পরিকল্পনানুযায়ী পশ্চিমবঙ্গ সরকার চার কোটি টাকা বিনিয়োগের সিদ্ধান্ত করেছেন। কতক ক্ষেত্রে সাহায্য হিসাবে এবং কতক ক্ষেত্রে বিনা-সুদে ঋণ হিসাবে এই অর্থ বিতরণ করা হবে বলে জানা যাচ্ছে। তার বিস্তৃত পরিকল্পনা প্রণয়ন করেছেন উন্নয়ন বিভাগ।

তিস্তা নদীর উপত্যকা পরিকল্পনা ও ময়ূরাক্ষী বাঁধের খেসারত। সেচ-ব্যবস্থা এবং বন্যা নিরোধের উদ্দেশ্যে এই দুটি পরিকল্পনা বহু অর্থব্যয়ে নির্মিত হয়েছিল। দুটি উদ্দেশ্যই অন্তত [illegible] ব্যর্থ হয়েছে, সরকারকেও তা স্বীকার করতে হয়েছে। বন্যানিরোধ দূরের কথা, যে অঞ্চলে কখনও বন্যা আসেনি, সে সমস্ত অঞ্চলও বন্যায় বিধ্বস্ত হল পর পর দুবার। তারই খেসারৎ এই চার কোটি টাকা। বলা বাহুল্য, ক্ষতির তুলনায় এই অর্থ নিতান্তই অকিঞ্চিৎকর। সরকার বন্যানিরোধের উপযুক্ত ব্যবস্থা করতে অক্ষম হলে এমন খেসারৎ মাঝে মাঝেই দিতে হবে।

উপর কম্যুনিস্টরা ভারত-চীন সীমান্ত সম্পর্কিত বিবাদ সম্পর্কে এবং "নেহরু-চৌ বৈঠক চাই"এর রব তুলে যে-সব কথা বলছে এবং গভর্নমেন্টের দিক থেকে বাধা না পেয়ে বলছে; এমন কি সেইসব কথা বলার জন্য আহূত মিটিং রক্ষার জন্য পুলিসের সাহায্য পাচ্ছে—তাতে চীনা সরকারের ভারতীয় জনমত সম্বন্ধে একটা একান্ত ভ্রান্ত ধারণা হওয়া সম্ভব। বিশেষ চীনা কম্যুনিস্ট কর্তাদের ধারণায় এটা আসতেই পারে না যে এখানে কম্যুনিস্টরা যে-সব কথা বলছে সে-সব কথা যদি সরকারের

১৮ই ডিসেম্বর চীনা প্রধানমন্ত্রীর যে-চিঠি পণ্ডিত নেহরুর হস্তগত হয়েছে সেই চিঠি লেখার সময়ে মিঃ চৌ এন-লাই এর মনে কি সত্যই এরূপ বিশ্বাস ছিল যে তাঁর প্রস্তাব অনুসারে ২৬শে ডিসেম্বর পণ্ডিত নেহরু ভারত-চীন সীমান্ত সম্পর্কিত বিবাদ সম্বন্ধে আলোচনা করার জন্য চীনে অথবা রেঙ্গুনে গিয়ে হাজির হবেন? এ বিশ্বাস যদি চীনা সরকারের থেকে থাকে তাহলে বুঝতে হবে চীনা কর্তৃপক্ষ মনে করেন যে ভারত সরকারের আত্মমর্যাদা একেবারে অন্তঃসারশূন্য। অথবা চীনাদের ধারণা হয়েছে যে ভারত সরকার খুব দুর্বল। একটি তৃতীয় সম্ভাবনাও আছে—সেটি হচ্ছে এই যে পিকিংএর এরূপ ধারণা যে, ভারতের জনমত আসলে চীনাদের ব্যাপারে বিশেষ চিন্তিত নয়, কতকগুলি প্রতিক্রিয়াশীল মহলই এখানে চীনাদের বিরুদ্ধে উত্তেজনা সৃষ্টি করবার চেষ্টা করছে, সুতরাং জনমতের চাপে নেহরুকে চীনা প্রস্তাবে রাজী হতে বাধ্য হবেন। ভারত সরকার এ চিঠির জবাবে জানাচ্ছেন ভারত সরকারের আত্মমর্যাদা সম্বন্ধে চীনাদের ধারণা খুব উঁচু নয়। সীমান্তে যুদ্ধ করার কঠিনতা সম্বন্ধে পণ্ডিত নেহরু নিজে প্রকাশ্যে বারবার পার্লামেন্টে এবং অন্যত্র যে-সব উক্তি করেছেন সেগুলো নিশ্চয়ই পিকিংএর দৃষ্টিগোচর হয়েছে। তা থেকে পিকিং সরকারের ধারণা হতে পারে যে, ভারত সরকার অত্যন্ত ভীত এবং বলপরীক্ষায় নারাজ। বিশেষত ভারত সরকারের রক্ষামন্ত্রী **শ্রীকৃষ্ণ মেননকে ভারতীয় কম্যুনিস্ট পার্টি** যে-রকম **সমর্থন** করে আসছে তাতে সে ধারণা আরো দৃঢ় হওয়া স্বাভাবিক। ভারতীয় কম্যুনিস্ট পার্টি খোলাখুলি চীন সরকারের সমর্থক (কারণ কম্যুনিস্ট ধর্মশাস্ত্র অনুসারে কম্যুনিস্ট চীনা সরকার কোনো অন্যায় করতেই পারে না)। সেই চীনা সরকারের সৈন্যসামন্তের বে-আইনী এগিয়ে আসা ঠেকাবার দায়িত্ব যাদের উপর ন্যস্ত তাদের উপর যিনি মন্ত্রীরূপে অধিষ্ঠিত তাঁরও অকুণ্ঠ সমর্থক হচ্ছে কম্যুনিস্ট পার্টি। এই বিচিত্র বিড়ম্বনা যতদিন চলবে ততদিন ভারত সরকারের আরক্ষা ব্যবস্থা সম্বন্ধে চীনা সরকারের ধারণা কী হবে সহজে অনুমেয়। তার


বিমল মিত্রের **রাজপুতানী** ৩॥০

বাংলা-উপন্যাসে বিমল মিত্র স্বয়ং একটি অধ্যায়। তাঁর রচনার সকল বৈশিষ্ট্য তাঁর এই নবতম উপন্যাসে পরিণততর রূপ লাভ করেছে।

সুবোধ চক্রবর্তীর **সেই উজ্জ্বল মুহূর্ত** ৩॥০

রম্যাণি বীক্ষ্য-খ্যাত লেখকের প্রথম উপন্যাস 'সেই উজ্জ্বল মুহূর্ত'। রসে-রূপে ঘটনাপ্রবাহের নিপুণ বিন্যাসে এই উপন্যাস একটি অবিস্মরণীয় সাহিত্য-কীর্তি।

বনফুলের **উদয়-অস্ত** ৬৲ **অগ্নীশ্বর** ৩৲

উপন্যাসের নব-নব রূপ আর আঙ্গিকের পরীক্ষায় বনফুলের উদ্ভাবনী প্রতিভা আজও অক্ষয়। 'উদয়-অস্ত' ও 'অগ্নীশ্বর' সেই প্রতিভারই স্বাক্ষর।

নতুন সংস্করণ বের হলো

মাণিক বন্দ্যোপাধ্যায়ের **পুতুলনাচের ইতিকথা**

**শুভাশুভ** ৪৲

মানব-চরিত্রে মাণিকের মর্মভেদী অন্তর্দৃষ্টির সম্মুখে বিচলিত হয় না এমন পাঠক বিরল। শুভাশুভ লেখার ক্ষমতা সেই একজন মাণিকেরই ছিল।

প্রতিভা বসুর

**প্রথম বসন্ত** ২॥০

অনুরাগ ও বিরাগে চিরকালের প্রতিদ্বন্দ্বী নিরুপমা ও আরুণী সাথে এক অর্থে অদ্ভুত প্রেমকাহিনী রচিত হয়েছে প্রতিভা বসুর লেখনীতে।

রমাপদ চৌধুরীর **প্রথম প্রহর** ৫৲ **লালবাঈ** ৫৲
দীপক চৌধুরীর **পাশ** ২য় খণ্ড ৪৲ ১ম খণ্ড ৭৲
রূপদর্শীর **রূপবাণ** ৩৸০
প্র. চ. নি.-র **অথ সংসার চরিতম্** ২৲
হরিনারায়ণ চট্টোপাধ্যায়ের **ঝাঁউসারিকা** ৩৲
বিমল করের **দেওয়াল** ১ম খণ্ড ৪॥০, ২য় খণ্ড ৬৲
সন্তোষকুমার ঘোষের **কিনু গোয়ালার গলি** ৩॥০
তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের **স্বর্গমর্ত্য** ৭৲
নারায়ণ গঙ্গোপাধ্যায়ের **নীলদিগন্ত** ৩॥০
নরেন্দ্র ঘোষের **আজব নগরের কাহিনী** ৭৲
অন্নদাশঙ্কর রায়ের **অজ্ঞাতবাস** ৬৲ **রত্ন ও শ্রীমতী** ৩॥০

অচিন্ত্যকুমার সেনগুপ্তের **কল্লোল যুগ** ৮৲ বুদ্ধদেব বসুর **কালোহাওয়া** ৮৲ গোপালদাস মজুমদার সম্পাদিত **ভারতের বিভিন্ন প্রান্তে** ৩॥০ আশা দেবীর **জীবনদোলা** ৫৲ সাগরময় ঘোষ সম্পাদিত **অষ্টাদশী** ৫৲ সুবোধ ঘোষের **ত্রিযামা** ৬৲ নরেন্দ্রনাথ মিত্রের **শুক্লপক্ষ** ২৲ **সহৃদয়া** ৪৲ দিলীপ রায়ের **দোলা** ৮৲ সমরেশ বসুর **পুতুলের খেলা** ২॥০ প্রবোধ গোস্বামীর **মৎস্যগন্ধা** ৫৲ মণীন্দ্রলাল বসুর **সহযাত্রিনী** ৪৲ প্রেমেন্দ্রনাথ মিত্রের **নীলকণ্ঠের স্বর্গ** ৩৲ নীহার গুপ্তের **এপারে পদ্মা ওপারে গঙ্গা** ৩॥০ উপেন গঙ্গোপাধ্যায়ের **যৌতুক** ৪৲ জ্যোতিরিন্দ্র নন্দীর **প্রিয় অপ্রিয়** ২॥০

**ডি. এম. লাইব্রেরী** : ৪২ কর্নওয়ালিস স্ট্রীট : কলিকাতা ৬

অনুমোদিত না হয় তাহলে তা বলার স্বাধীনতা কোনো দলের, বিশেষ করে কোনো মুষ্টিমেয় দলের থাকতে পারে। কম্যুনিস্টরা যা বলছে তা ভারত সরকার এবং ভারতীয় জনমত উভয়েই যে তার বিরুদ্ধে, একথা পিকিং সরকারের পক্ষে ধারণা করা শক্ত, কারণ এর শত ভাগের এক ভাগও মত প্রকাশের স্বাধীনতা কম্যুনিস্ট চীনে নেই। সুতরাং ভারতীয় কম্যুনিস্টদের চেঁচামেচি দ্বারা চীনা কর্তারা কিছুটা বিভ্রান্ত হতে পারেন। তা নাহলে যে-চিঠি মিঃ চৌ লিখেছেন সেই চিঠির উপসংহারে তিনি কখনই একেবারে দিন তারিখ এবং জায়গা উল্লেখ করে পণ্ডিত নেহরুকে তাঁর সঙ্গে দেখা করার কথা বলতে পারতেন না। কারণ ভারত সরকার যদি একেবারে বেকুব না হন, অথবা একেবারে ভয়ে মুষড়ে না পড়ে থাকেন অথবা কম্যুনিস্টদের চেঁচামেচিকে তাদের জনমত বলে ধরা না হয় তাহলে মিঃ চৌ এন-লাই যা লিখেছেন তার পরে পণ্ডিত নেহরু তাঁর ডাকে চীনে অথবা রেঙ্গুনে ২৬শে ডিসেম্বর ছুটে যাবেন এরূপ কল্পনা চীনাদের মাথায়ও আসত না। আগের চিঠিতেও মিঃ চৌ দুই প্রধানমন্ত্রীর সাক্ষাৎকারের কথা তুলেছিলেন। উত্তরে পণ্ডিত নেহরু কতকগুলি প্রস্তাব করেছিলেন যেগুলির দ্বারা পরিষ্কার হতো উভয়পক্ষের মধ্যে সংঘর্ষের সম্ভাবনা দূর হতো এবং তখন দুই প্রধানমন্ত্রীর মধ্যে সাক্ষাৎ আলোচনা হলে তা ফলপ্রদ হতো। মিঃ চৌ নেহরুজীর সে সব প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। শুধু তাই নয়, ভারতবর্ষের বিরুদ্ধে আরো কতকগুলি নতুন অভিযোগ উত্থাপন করেছেন। লাদাকে ভারতীয় সীমান্তে টহলদারী পুলিসের হত্যা ও বন্দীকরণ সম্পর্কে মিঃ চৌ ভারত সরকারকে আবার মিথ্যাবাদী বলেছেন। অথচ পণ্ডিত নেহরুর গত ২৬শে সেপ্টেম্বর তারিখের চিঠিতে সীমানা সম্পর্কে যেসব ঐতিহাসিক নজিরের বিস্তৃত উল্লেখ ছিল তার কোনো জবাব মিঃ চৌ দেন নাই। ৪ঠা নভেম্বর তারিখের ভারতীয় সরকারের বক্তব্যের নোটেরও কোনো জবাব এখনো চীনা সরকার দেননি। এ অবস্থায় দুই প্রধান মন্ত্রীর বৈঠকের ফল কী হবে, এক চীনের প্রতিষ্ঠা বৃদ্ধি ছাড়া? বর্মাই বৈঠকের প্রস্তাবটি আরো চমকপ্রদ। বেচারা বর্মীরা সীমান্তের ব্যাপারেই এখনও চীনাদের চাপ থেকে উদ্ধার পেল না। এই অবস্থায় বিরাট ভারতবর্ষের প্রধান মন্ত্রী যদি ছুটে যান বর্মায় চীনের প্রধান মন্ত্রীর ডাকে, তবে বর্মার মনোবল বাকী যেটুকু আছে, তাও যাবে। চীন সরকার এবং ভারত সরকার যদি উভয়েই রেঙ্গুনে গিয়ে মিলিত হতে চান, তবে বর্মার পক্ষে উভয় সংকট উপস্থিত হবে। চীনারা এই সুযোগে বর্মার উপরও চাপ বৃদ্ধি করার চেষ্টায় ছিল। নিজের স্বার্থের কথা ছেড়ে দিলেও, ভারত সরকার কখনই বর্মার পক্ষে ক্ষতিকর ও বিপজ্জনক এই প্রস্তাবে সম্মত হতে পারেন না। বর্তমান অবস্থায় পণ্ডিত নেহরুর চীনে যাওয়ার কথা যে ভারতবর্ষ কিছুতেই বরদাস্ত করতে পারে না, সেকথা জেনেই চীন সরকার চীনের সঙ্গে রেঙ্গুনের নাম জুড়ে দিয়েছেন, যদি লাভ হতে দেখা যায়। চীনের কথা বলতে গিয়ে মিঃ চৌ এন-লাই বলেছেন যে, চীন নেহরুকে সাদর অভ্যর্থনা জানাবে, কারণ চীনে কমিউনিস্টরা ভারতবিরোধী প্রচার হয়নি। কিন্তু তাদের কি কোনো মাথাই খারাপ নেই? তবে একথা ঠিক চীন সরকার ইচ্ছামত যে কোনো রকম অভ্যর্থনার আয়োজন করতে পারেন।

যাই হোক শ্রী নেহরু জানিয়ে দিয়েছেন যে, তিনি ২৬শে তারিখে চীনে অথবা রেঙ্গুনে মিঃ চৌ এন-লাইয়ের সঙ্গে সাক্ষাৎ করতে যাচ্ছেন না। দেখা করতে তাঁর কোনো আপত্তি নেই কিন্তু ঘটনাবলী সম্বন্ধে যেখানে দুই পক্ষের ধারণার মধ্যে আকাশ-পাতাল তফাৎ, সেখানে দুই প্রধান মন্ত্রীর মধ্যে সাক্ষাৎ করার দ্বারা কী লাভ হবে? কিন্তু একথা বলে বসে থাকলেও কোনো লাভ হবে না। কারণ কালহরণও চীনাদের লক্ষ্য হতে পারে। চীনারা এখন যে পর্যন্ত এসে বসেছে, সামরিকভাবে সেখান থেকে এদিকে এগুনো তাদের মতলব নাও থাকতে পারে, কারণ যতদূর তারা এসেছে সেখান থেকে ভারতবর্ষের ভিতর রাজনৈতিক ক্রিয়াকলাপ চালানোর পক্ষে যথেষ্ট সুযোগ তাদের হবে এবং হচ্ছে। ভারতের যে-পরিমাণ ভূমি তারা নিয়েছে সেখান থেকে তাদের হটানো ভারতের সাধ্য নেই, এই ধারণা তারা সৃষ্টি করতে চায়। এই ধারণা কীভাবে এবং কত শীঘ্র ভাঙা যায়, সেইটাই ভারত সরকারের চীন সম্পর্কিত নীতির মুখ্য লক্ষ্য হওয়া উচিত। বাকী সব বাজে কথা।

২২।১২।৫৯


সুসাহিত্যে সুপ্রকাশ

● উপন্যাস ●

নববৃন্দাবন
নীলকণ্ঠ । ৫·০০

রাজা
নারায়ণ সান্যাল । ৩·০০

● প্রবন্ধ ●

সাহিত্যের কথা
গুরুদাস ভট্টাচার্য । ৪·০০

কবিতার কথা
বিমলকৃষ্ণ সরকার । ৩·০০

নাটকের কথা
অজিতকুমার ঘোষ । ৪·০০

ছোটগল্পের কথা
রথীন্দ্রনাথ রায় । ৫·০০

সমালোচনার কথা
অসিতকুমার বন্দ্যোপাধ্যায় । ৫·৫০

সুপ্রকাশ প্রাইভেট লিমিটেড
৯ রায়বাগান স্ট্রীট
কলকাতা ৬

(সি ১২২৩)

# বনহরিণীর কাব্য

রবি গুহ মজুমদারের
অনুপমের প্রেমোপন্যাস
দাম—২·৭৫

'দেশ' বলেছেন।...বইখানির সর্বত্র এক অসংবৃত্ত নীল রোমান্টিকতার সুর বাজছে। ...লেখক রসিকতাকে তার সমস্ত সাহিত্যের সাথে মিশিয়ে সম্পর্কে সম্পর্কিত করে তার অন্তর্নিহিত ঐশ্বর্য ও সুপরিণতির বহিঃপ্রকাশরূপে চিহ্নিত করে তিনি বইখানিকে পাঠকের যথার্থ উপভোগ্য করে তুলেছেন।

লেখকের অন্যান্য উপন্যাস :
বাঁধ—৩·৫০ যতদূর পৃথিবী ততদূর পথ—৩·০০

যে কোনও সম্ভ্রান্ত পুস্তকালয়ে খোঁজ করুন।
ডাক পাবলিশার্স — ১/১/১, ডাকহা রোড, কলিকাতা-২৯

(সি-১১৮৭)

# গানের আসর

### শার্ঙ্গদেব

কিছুকাল যাবৎ আমরা কলকাতা বেতার প্রতিষ্ঠানের কার্যকলাপ লক্ষ্য করছি এবং তাঁদের বিবিধ কর্মধারা সম্বন্ধে আমাদের বক্তব্যও সাধারণের গোচর করা উচিত বলে মনে করি।

কলকাতা বেতার প্রতিষ্ঠানের অধিকাংশ শ্রোতার সবচেয়ে বড় অভিযোগ এই যে, তাঁদের প্রতিষ্ঠান তাঁদের কথায় চলে না; পরন্তু যেটা তাঁদের অভিপ্রেত নয় সেটাও তাঁদের উপর জোর করে চাপিয়ে দেওয়া হচ্ছে। সরকারের এই অবাঞ্ছিত মনোবৃত্তির প্রভাব নিয়ে আমাদের কর্তব্যনিষ্ঠার পরিচয় দেওয়া হবে বলে আমরা মনে করি না।

কলকাতার বেতারকেন্দ্র পূর্ব ভারতীয় প্রতিষ্ঠান। সেখানে হিন্দী প্রোগ্রামের এত ভিড় কেন সেটা বোঝা দুষ্কর। এটির অনুষ্ঠানের তালিকা সংগীতানুষ্ঠান ছাড়াই সংক্ষিপ্ত হয়, তাছাড়া এবং কোন কোন দিনের প্রোগ্রাম দেখে মনে হয় কলকাতার বেতার প্রতিষ্ঠান সংগীতানুষ্ঠানটি বোধ হয় ভুলে গেছেন। কয়েকটি হিন্দী অনুষ্ঠান দেখুন—হিন্দী শিক্ষার আসর, সংগীতচর্চা, হিন্দী কবিতা, হিন্দী আলোচনা, রঙ্গচূড়-মঞ্জরী, হিন্দী নিউজ রীল, হিন্দী সাহিত্য পাঠ, হিন্দীতে সাহিত্যবিষয়ক অনুষ্ঠান—এমন কি হিন্দী নাটক। কথা হচ্ছে, কলকাতা বেতার প্রতিষ্ঠান এই হিন্দী অনুষ্ঠানের ভার বইবে কেন? হিন্দুস্থানী সংস্কৃতির পরিবেশনের জন্য হিন্দী ভাষাভাষী এলাকার বেতার প্রতিষ্ঠানের তো অভাব নেই, সেখানে এমন প্রোগ্রামের বাহুল্য কেন? দিল্লী বেতারকেন্দ্র—যেটি উত্তর ভারতের মুখ্য বেতার কেন্দ্র সেখানে এসবের কিছুই নেই। অথচ দিল্লী বেতারের মত আর কোন বেতার কেন্দ্র তাঁদের শ্রোতাকে পরিবেশন করেন কিনা সন্দেহ। অপর সব বেতার কেন্দ্রেই গান-বাজনার ব্যবস্থা প্রচুর করা হয়েছে, কিন্তু ব্যতিক্রম কেবল কলকাতারই বেতার।

সংগীতের দিক থেকে বিচার করলে দেখা যায় হিন্দী গান বাংলা গানকে বংশপরম্পরাগত কোণঠেসা করেছে। সংগীতাঞ্জলি, ভজনগীতি, অবকাশ রঞ্জন, প্রভাত গীতি, ছায়াছবির গান, সুগমসংগীত প্রভৃতি বিবিধ অনুষ্ঠানেই হিন্দী গানের যথেষ্ট আধিক্য।


সদ্য প্রকাশিত

সুমথনাথ ঘোষের

## সাগর-নগর

সাগর-নগর! ভাসমান এই নগরে নানা দেশের, নানা জাতের, নানা পেশার নাগরিকদের হাসি-কান্না সংসার-সাগরের চিরকালের চুনি-পান্না। ॥ ৩·৫০ ॥

বিনয় ঘোষ
বিদ্যাসাগর ও বাঙালী সমাজ
॥ তৃতীয় খণ্ড ॥ ॥ ১২·০০ ॥

এ. এস. কার্দারিক
কাশ্মীর চিত্রেন্দ্র ॥ ৪·০০ ॥

আনন্দকিশোর মুন্সী
ভেসাক থেকে কেম্ব্রিজ ॥ ৬·০০ ॥

সাম্প্রতিক প্রকাশনা

সা হি ত্য প্র কা শ না

প্রবোধকুমার সান্যাল
মঞ্জরী ॥ ৫·০০ ॥

বারীন্দ্রনাথ দাশ
রাজা ও রাজিনী ॥ ৩·০০ ॥

নীহাররঞ্জন গুপ্ত
অপারেশন ॥ ৬·০০ ॥

হুমায়ুন কবির
শিক্ষক ও শিক্ষার্থী ॥ ৩·৫০ ॥
(দ্বিতীয় পরিবর্ধিত সংস্করণ)

বিনায়ক সান্যাল
রবিতীর্থে ॥ ৪·০০ ॥

জরাসন্ধ
তামসী (৬ষ্ঠ মু) ॥ ৫·৫০ ॥

নারায়ণ গঙ্গোপাধ্যায়
একতলা (৩য় মু) ॥ ২·৫০ ॥

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের • উপন্যাস • মনোজ বসুর

| | | |
|---|---|---|
| হাঁসুলিবাঁকের উপকথা | (৬ষ্ঠ মু) | ৭·৫০ |
| আরোগ্যনিকেতন | (৮ম মু) | ৭·০০ |
| নাগিনী কন্যার কাহিনী | (৩য় মু) | ৬·০০ |
| পঞ্চগ্রাম | (৮ম মু) | ২·০০ |
| বিচারক | (৭ম মু) | ২·৫০ |
| রাইকমল | (৮ম মু) | ২·৫০ |

| | | |
|---|---|---|
| মানুষ গড়ার কারিগর | | ৫·০০ |
| রক্তের বদলে রক্ত | | ২·৫০ |
| বাঁশের কেল্লা | (২য় মু) | ২·২৫ |
| বৃষ্টি, বৃষ্টি! | (৩য় মু) | ৬·০০ |
| জলজঙ্গল | (৪র্থ মু) | ৩·০০ |
| বকুল | (৯ম মু) | ২·০০ |

• হরেকরকমবা •

শিশির কাব্য : সমরেন্দ্র বসু ॥ ৬·০০
পূর্ব পার্বতী : প্রফুল্ল রায় ॥ ৮·৫০
মধুর : মনোজ বন্দ্যোপাধ্যায় ॥ ৬·০০
জল ও প্রবাহ : নিশিকান্ত ॥ ৩·০০
স্বদেশ ও সংস্কৃতি
: বুদ্ধদেব বসু ॥ ২·৫০
বিদেশ বিভুঁই
: শচীন্দ্রমোহন বসু ॥ ৪·০০
শরৎচন্দ্রের চিঠিপত্র
: সুনীল বন্দ্যোপাধ্যায় ॥ ৩·৫০
সুরের মিছিল
: সুনীতিকুমার মুখোপাধ্যায় ॥ ৪·০০
বিষয় চিত্র
: উপেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় ॥ ৫·৫০
সাতরঙ : শিবরাম চক্রবর্তী ॥ ৫·৫০

•

সাহিত্যের খবর অগ্রহায়ণ ১৩৬৬ সংখ্যা বিজ্ঞান-বিষয়ক প্রবন্ধগুচ্ছের রচনায় সমৃদ্ধ হইয়া বাহির হইয়াছে।

[illegible]

॥ প্রবোধকুমার সান্যাল ॥

## দেবতাত্মা হিমালয়

দেবতাত্মা হিমালয় : দ্বিতীয় খণ্ড ॥
॥ ১০·০০ ॥

১৯৬০-এ প্রবন্ধকার তাঁর গ্রন্থে এই পর্বতযাত্রার কাহিনী বর্ণনা করেছেন: [illegible]

দেবতাত্মা হিমালয় : প্রথম খণ্ড ॥ ৮·৫০

বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড ॥ কলকাতা-বারো

এছাড়া গীত এবং ভজনও দুটি নিয়মিত হিন্দী অনুষ্ঠান। এর মধ্যে গীত নামক পদ্ধতির কোন সার্থকতা দেখা যায় না। ভজন সম্বন্ধে এইটুকু বলব যে, এগুলি আসলে হিন্দী রাগপ্রধান গান। নামের সার্থকতার জন্য ভক্তির কিছু ছিটেফোঁটা ছড়ানো থাকে মাত্র।

এছাড়া দক্ষিণ ভারতীয় সঙ্গীতের প্রচারও আছে পনের দিনে দুবার। মাদ্রাজ থেকে নিয়ম করে উত্তর ভারতীয় সঙ্গীতের প্রচার হয় বলে মনে হয় না। এ সপ্তাহের আকাশবাণীর প্রোগ্রামে মাদ্রাজ রেডিওতে সে রকম কোন ব্যবস্থার পরিচয় পাওয়া গেল না। সবরকম সঙ্গীত শোনবার ব্যবস্থা ভাল মানি, কিন্তু সেটা কেবল এক কেন্দ্রের বেলায় প্রযোজ্য হলে সমদর্শিতার পরিচয় দেওয়া হয় না। তাছাড়া এর জন্য পঁচিশ মিনিট করে সময়টাও অত্যন্ত অধিক বলে মনে হয়।

সবরকম অনুষ্ঠান কলকাতা থেকে প্রচার করবার কারণ কলকাতায় ভারতের সব জাতির লোক আছেন। তাই যদি হয় তবে দিল্লী থেকে সেটা করা হয় না কেন? সেখানেও তো একই ব্যাপার। কিন্তু তার বেলায় দেখা যায় আকাশবাণীর প্রোগ্রামে বড় বড় করে লেখা—কেবলমাত্র—পাঞ্জাবী প্রোগ্রাম। দিল্লী রেডিও অন্য ভাষাভাষীদের জন্য অনুষ্ঠানের ব্যবস্থা করবার কোন আবশ্যকতা বোধ করেন না।

এই সব ব্যাপারে যে বিপুল সময় কলকাতাকে দিতে হয় সেটা না হলে বাংলার সাংগীতিক এবং সাংস্কৃতিক অনুষ্ঠান অনেক বেশি দেওয়া যেতে পারত।

আরো আছে। বর্তমানে ত্রিপুরার জন্য অনুষ্ঠান নিয়মিতভাবে দেওয়া হচ্ছে কিন্তু আর কোন জাতির জন্য আলাদা অনুষ্ঠানের ব্যবস্থা নেই। দার্জিলিঙের দিকে বহু নেপালী বাস করেন, যাঁরা স্থায়ীভাবে ভারতের বাসিন্দা। তাঁরা দুঃখ করে আমাদের কাছে অভিযোগ জানিয়েছেন যে, তাঁদের চিত্তবিনোদনের কোন ব্যবস্থাই বেতারের তরফ থেকে হয় নি।

পল্লীমঙ্গল, মজদুরমণ্ডলী প্রভৃতি প্রোগ্রামে যে সাংস্কৃতিক অনুষ্ঠান আছে, সেটা নেহাৎ চোখ-ভুলানো ব্যাপার। এসব দেখে মনে হয় রাষ্ট্রীয় প্রচারের চাপে সাংস্কৃতিক প্রচার অতি শীর্ণ কলেবরে কোনরকমে আত্মরক্ষা করছে মাত্র এবং সরকারের যাবতীয় প্রচারের দায়িত্ব বোধ হয় কলকাতা বেতার কেন্দ্রকেই বহন করবার নির্দেশ দেওয়া হয়েছে। এই বেতার প্রতিষ্ঠানটি একান্তভাবে দিল্লীর অনুগত এবং দিল্লীর কর্মকর্তারা পুতুলনাচের মত এঁদের মাথায় সরকারি শাসনের সুতো বেঁধে রেখেছেন।

সব বাদ দিয়ে যে অল্প সময় সাংস্কৃতিক প্রচারের জন্য তাঁদের হাতে থাকে, তার সদ্ব্যবহারেরও বেশ সহজ উপায় তাঁরা বার করে নিয়েছেন গ্রামোফোন রেকর্ড বাজিয়ে। আমরা হিসেব করে দেখেছি প্রতিদিন গড়ে প্রায় দুঘণ্টা রেকর্ড বাজান হয়। এত রেকর্ড বাজাবার কোন সংগত কারণ আছে বলে আমাদের মনে হয় না। এমনিতে সময়ে অসময়ে রেকর্ড তো আছেই, তাছাড়া যে-কোনও আলাদা প্রোগ্রামেও গ্রামোফোন বাজিয়ে অনেকখানি সময় নষ্ট করা হয়। গ্রামোফোন রেকর্ড লোকে শুনতে চায়, সেই রকম অবস্থার সৃষ্টি করা এবং একটা বিজ্ঞাপনের কাজও বেশ সরকারি ব্যবস্থায় কায়েমি হয়ে দাঁড়িয়েছে। অপরাপর বিজ্ঞাপনদাতারা চাইলে বেতারের প্রচারের সুযোগ নিতে চাইবেন না কেন?

কলকাতার বেতার প্রতিষ্ঠান ক্রমাগতই নতুন শিল্পীদের ফিরিয়ে দেন তাঁদের সময় নেই বলে, কিন্তু এই রেকর্ড বাজান কমিয়ে দিলেও অনেক সময় তাঁরা নতুন শিল্পীদের জন্য ব্যয় করতে পারেন। অপরাপর অবাঞ্ছিত প্রচার কমিয়ে দিলে তো কথাই নেই।

রেকর্ড বাজাবার ব্যাপারটাও অদ্ভুত এলোমেলো। যাঁরা বেতারের নিয়মিত শিল্পী, তাঁদের রেকর্ড পুনঃ পুনঃ প্রচারের কোন সংগত কারণ দেখা যায় না। একই রেকর্ডের পুনরাবৃত্তি কেন যে হয়, তাও বোঝা আমাদের সাধ্য নয়। অনুরোধের আসর ব্যাপারটা যে কী, সেটাও বুঝে উঠতে পারিনি। এই অনুরোধের মধ্যে অনেক "ইন্টারেস্টেড" ব্যাপার আছে বলে অনেকে অনুমান করেন। নিয়ম করে প্রতি সপ্তাহে দু ঘণ্টা ধরে অধিকাংশ সময় গানের তথাকথিত অনুরোধের আসর কী না হলেই নয়?

বছরের পর বছর ধরে বেতারের আধুনিক গানের কোন উন্নতি দেখা গেল না। এসব গানের নতুন [illegible] জনপ্রিয় [illegible] হয় এবং [illegible] করবার জন্য [illegible] কেউ [illegible] [illegible] পর্যন্ত [illegible] প্রতিশ্রুতি [illegible] এমন [illegible] হয় [illegible] সাফল্যের [illegible] জনপ্রিয় [illegible] কাদের [illegible] কোন রেকর্ড আছে [illegible] নেই কেন? [illegible] এমন [illegible] কেন, যাঁদের [illegible] কোন ক্ষমতাই নেই। এই সব ব্যাপার [illegible] আধুনিক গানের [illegible] কোন চেষ্টা [illegible] নেই।

এ হল সংক্ষেপে অবস্থাটা যে কী, তার বর্ণনা। এছাড়া বিবিধ সংগীতানুষ্ঠান সম্বন্ধেও অভিযোগের অন্ত নেই। সেসব প্রসঙ্গ এবারে আর তুললাম না। কিন্তু বেতার প্রতিষ্ঠানের এই পরিস্থিতি এবং মনোভাব, অতিশয় পরিতাপজনক। সব দিক পর্যবেক্ষণ করে আমরা স্বীকার করতে বাধ্য হচ্ছি যে, কেন্দ্রীয় সরকার বাংলার শ্রোতাদের অভিযোগ দিনের পর দিন উপেক্ষা করে চলেছেন। অনুষ্ঠান-গুলির সৌষ্ঠব, সৌন্দর্য শোনার চাহিদা, দেশগত সংস্কৃতি সম্পর্কে তাঁরা একেবারে উদাসীন। কেবলমাত্র রাষ্ট্রীয় ব্যাপারে চাড়ুকদের প্রচারের সুযোগ তাঁরা কলকাতা কেন্দ্র থেকে গ্রহণ করে চলেছেন।


নিউস্ক্রিপ্ট প্রকাশিত বই

| | |
|---|---|
| গল্পলোক সুবোধ ঘোষ | ৪·০০ |
| সঞ্জয় ভট্টাচার্য বৃত্ত ও অপরা | ২·৫০ ও ৩·০০ |
| আঙুরলতা বিমল কর | ২·৭৫ |
| প্রবোধবন্ধু অধিকারী প্রজাপতির রঙ | ২·৫০ |
| ছেলেবেলার দিনগুলি পুণ্যলতা চক্রবর্তী | ৩·০০ |
| নলিনী দাস রা-কা-যে-টে-না-পা | ১·৭৫ |

প্রকাশিতব্য গ্রন্থ

| | |
|---|---|
| প্রেমই ধন্বন্তরি প্রেমেন্দ্র মিত্র | ২·৫০ |

নিউস্ক্রিপ্ট ১৭২।৩, রাসবিহারী অ্যাভিনিউ, কলকাতা ২৯
এ১৪, কলেজ স্ট্রীট মার্কেট, কলকাতা ১২

# বিশ্ব-বিচিত্রা

[illegible]

[illegible]

[illegible] করতে ; তোমার উত্তরের অপেক্ষায় রইছি,


**শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের**

[illegible] উপন্যাস

## তীরভূমি

জীবনের প্রৌঢ়ত্বে পৌঁছে যেখানে জীবন-কাহিনীতে যতি পড়বার কথা এই বিচিত্র [illegible] উপন্যাসটির ঠিক সেইখানেই শুরু। [illegible] জীবনের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] গভীর [illegible] সমৃদ্ধ। লেখকের অনাত্ম শ্রেষ্ঠ উপন্যাস। দাম ৪·৫০

**প্রবোধকুমার সান্যালের**

## অগ্নিসাক্ষী

উঁচু পর্দায় বাঁধা বলিষ্ঠ সুরের উপন্যাস

সুন্দর প্রচ্ছদ । দাম ৩·৫০

| | | |
|---|---|---|
| রমাপদ চৌধুরীর [illegible] | দুটি চোখ দুটি মন । | ৪·৫০ |
| | আপন প্রিয় (৪র্থ সং) । | ৩·০০ |
| | কথাকলি (২য় সং) | ৩·০০ |
| [illegible] | রূপসাগর (২য় সং) । | ৬·০০ |
| | পলাশের নেশা (৩য় সং) । | ৩·০০ |
| [illegible] | বধূবরণ (২য় সং) । | ২·৭৫ |
| | অপরূপা । | ৪·০০ |
| [illegible] | জনপদবধূ (২য় সং) । | ৬·৫০ |
| | নীলাঞ্জনছায়া । | ৩·০০ |

অন্যান্য বই

॥ গল্প সংগ্রহ ॥

| | | |
|---|---|---|
| [illegible] । | মন মানে না । | ৩·৭৫ |
| [illegible] । | স্বয়ম্বর (৪র্থ সং) । | ৩·৫০ |
| [illegible] । | তৃষ্ণা (২য় সং) । | ৩·৫০ |
| [illegible] । | পরমায়ু । | ৩·৫০ |

॥ উপন্যাস ॥

| | | |
|---|---|---|
| [illegible] | শুক্লসন্ধ্যা । | ৫·০০ |
| [illegible] । | সুখের রেখা । | ৫·০০ |
| [illegible] । | আকাশদীপ । | ৬·০০ |
| [illegible] । | একান্ত আপন । | ৬·০০ |
| [illegible] । | বাধা (২য় সং) । | ৭·০০ |
| [illegible] । | অনুবর্তন । | ৫·০০ |
| [illegible] । | কালিতীর্থ কালিঘাট (২য় সং) | ৬·০০ |
| লীলা মজুমদার । | চীনে লণ্ঠন (২য় সং) । | ৩·২৫ |
| [illegible] । | আমার ফাঁসি হল (২য় সং) । | ৩·৫০ |
| [illegible] । | বনভূমি (২য় সং) । | ৩·০০ |
| নরেন্দ্রনাথ মিত্র । | দীপপদ্ম । | ৬·৫০ |

॥ রম্য রচনা ॥

| | | |
|---|---|---|
| সৈয়দ মুজতবা আলী । | ধূপছায়া (৬ষ্ঠ সং) । | ৪·৫০ |
| লীলা মজুমদার । | ইস্টি কুটুম । | ৩·৫০ |

যন্ত্রস্থ প্রকাশ

[illegible] দেবী ॥ পঞ্চমীতমা | [illegible] ॥ আহ, আহ, পথে পথে

ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড, কলিকাতা-১২

খৃষ্টপূর্ব ৭০৫-৬৮১ অব্দের এশীয় ভাস্কর্যের নিদর্শন—ব্যাবিলনীয় বন্দিনীদের সম্রাটের কাছে নিয়ে যাওয়ার দৃশ্য।

কবে আমায় বিয়ে করবে বল?" প্রথম-প্রথম এঞ্জেলা ফ্রান্সিসকোর এই ধরনের কথার কোন জবাব না দিয়ে চলে যেত, কিন্তু ক্রমে অতিষ্ঠ হয়ে 'মূর্খ, জড়বুদ্ধি!' বলে ফ্রান্সিসকোকে হাঁকিয়ে দিতে থাকে। পরিচিতদের কাছে এঞ্জেলা বলে: "এটা আমি জানি যে, ফ্রান্সিসকোর মত পাত্র অনেক মেয়ের ভাগ্যের কথা, কিন্তু আমার ওপর ওর নজর কেন? ও আমার মনোমত নয়।"

এরপর থেকে ফ্রান্সিসকো প্রতি রাতে এঞ্জেলার শয়নকক্ষের জানলার ধারে দাঁড়িয়ে ভগ্নস্বরে এঞ্জেলার নাম ধরে ডেকে কাটাতে লাগল। দিনের বেলা এঞ্জেলার বাড়ির সন্নিকটবর্তী একটা কাফেতে বসে থাকতে লাগল একবার তার চোখের দেখা দেখবার জন্য। এঞ্জেলা সিনেমায় গেলে ফ্রান্সিসকো ঠিক তার পিছনের সীটে গিয়ে বসে। এইভাবে বছরের পর বছর কেটে যেতে লাগল। ফ্রান্সিসকো শেষ পর্যন্ত বোকার মতো একটা কাণ্ড ঘটিয়ে না বসে, এইজন্য বিচলিত হয়ে তার বন্ধুরা এঞ্জেলাকে অনুনয় করলে বিয়েতে রাজী হবার জন্যে। এঞ্জেলা তাদের হাঁকিয়ে দিলে এই বলে যে, তার যাকে খুশি বিয়ে করবে এবং সেজন্যে অপর কাউকে মাথা ঘামাতে হবে না।

মাঝে যুদ্ধ বেধে গেল। পো নদী পারাপারের সেতুটি বোমায় বিধ্বস্ত হল, কিন্তু ফ্রান্সিসকোর মন কিছুতেই দমলো না। একটা নৌকা কিনে তাই বেয়ে সে তার নিত্যকার 'অভিসার' যাত্রা অব্যাহত রেখে চললো। একবার এঞ্জেলা তার হাত-ব্যাগে পাথর ভর্তি করে ফ্রান্সিসকো কাছে আসতেই তাকে ছুঁড়ে মারে। পরদিন ফ্রান্সিসকো ঠিক সময়ে আবার এসে হাজির মাপ চাইতে।

কোন উপায় না পেয়ে এঞ্জেলা পুলিসের সাহায্য নেয়। ১৯৫৭ সনে এক বিচারপতি ফ্রান্সিসকোকে সাধারণের উপদ্রব বলে অভিহিত করে তিন মাসের সদ্ভাবে থাকার মুচলেকা লিখিয়ে নেন। এর পর আবার তাকে গ্রেপ্তার করা হয় এবং এবারে তাকে মনোচিকিৎসকদের কাছে হাজির করে দেওয়া হয়। পরীক্ষা করে চিকিৎসকরা রায় দেন যে, ফ্রান্সিসকো বেশ স্বাভাবিক, কেবল প্রেমের ব্যাপারে যা একটু বাড়াবাড়ি। ছাড়া পেয়ে সে আবার ঠিক আগের মতো আচরণ আরম্ভ করলো। এঞ্জেলাকে রাস্তায় দেখলেই 'প্রিয়তমা স্ত্রী' বলে সম্বোধন করতে আরম্ভ করলো। এঞ্জেলা তার উত্তরে 'মূর্খ' বলে তিরস্কার করলে উৎসাহের স্বরে বলে ওঠে, 'রাগ করলে! আমি কিন্তু সেভাবে বলিনি।"

ইতালীর এক পত্রিকা ফ্রান্সিসকোর এই চল্লিশ বৎসরব্যাপী পাণিপ্রার্থনার কাহিনীটি সবিস্তারে প্রকাশ করে দেয় এবং কোন কিছুতেই ব্যাপারটির নিষ্পত্তির সম্ভাবনা যা দেখা যায়নি তাই ঘটে গেল। ফ্রান্সিসকো সেই পত্রিকার সম্পাদককে লিখে জানিয়েছে যে, সে এঞ্জেলার পিছু ঘোরা ছেড়ে দিয়েছে; কারণ মেয়েদের মন পাওয়া ভার। এঞ্জেলাও আজ চল্লিশ বছর বয়সেও কুমারীই রয়ে গিয়েছে। ফ্রান্সিসকোর কথা শুনে জানায়: "কোন দিনই ওকে ভাল লাগেনি, আর এখন ত আরও খারাপ লাগে।" ফ্রান্সিসকো তাকে তার যাবতীয় সম্পত্তির উত্তরাধিকারিণী নির্বাচন করে রেখেছে, এই কথা জানানোতে এঞ্জেলা অত্যন্ত কটু স্বরে জবাব দেয় যে, ওর কোন কিছুর সম্পর্কে সে থাকতে চায় না, ও জীবিত থাকতেও নয়, মৃত্যু হলেও নয়।


প্রেমের প্রত্যয়ে দৃঢ় অসামান্য উপন্যাস

অচিন্ত্যকুমার সেনগুপ্ত-র

রূপসী রাত্রি

"প্রেমেরও জীবনায়ন দরকার। অনেক বাধা-বিপত্তির মধ্য দিয়ে দুঃখের দহনে পুড়ে, ঘাত-প্রতিঘাতে জর্জর হয়ে এবং হতাশা ব্যর্থতার জ্বালা সয়ে যে প্রেম বিশুদ্ধ জীবনায়নের জন্ম দেয় — প্রেম সার্থক সেখানেই। বলতে দ্বিধা নেই সেই সার্থকতায় শুচি-স্নাত উপন্যাস অচিন্ত্যকুমার সেনগুপ্তের 'রূপসী রাত্রি'। তিনি চিরাচরিত পথে পা বাড়াননি। তাঁর লক্ষ্য আরও ঊর্ধ্বে, এক বিশেষ মূল্যবান বক্তব্যে।"

দাম: পাঁচ টাকা

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
৫ চিন্তামণি দাস লেন। কলিকাতা ৯

# প্রথম কদম ফুল

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

১৬

দীপঙ্করকে অফিসে গিয়েই ধরল সুকান্ত।

'কাল তোমাদের এখানে [illegible]।' সুকান্ত বললে, 'বাঃ, কোথায় এসে বাসা নিয়েছ।'

মুখের দিকে তাকাল দীপঙ্কর। না, ভুল নয়, অনুকম্পা নয়, প্রচ্ছন্ন আছে না একটা বেদনার সুর। বললে, '[illegible] দেখেছ? টিনের কৌটো আর কাঁচের [illegible] দিয়ে একলা ছাপ করে পড়েছে। কখনো কখনো আমার এই টিন-কৌটোতেই মনে হয় [illegible] রেখেছে মুখে। তার চেয়ে ভালো আছি।'

'না, না, অফিসটা ভালো নয়।' সুকান্ত প্রতিবাদ করলে। বললে, 'বরং সবাইকে আনলেই [illegible]—'

'না, এ উপায় ছিল না। প্রতিটি মুহূর্তেই [illegible] বাবের চোখ। দেখেছ তো কোনটাকে?'

'বরং এর চেয়ে একটা ভালো আস্তানা কোথাও করা যেত।' বলবে আর কী, বললে সুকান্ত।

'টাকা কোথায় আর পেলাম কই? জানো এই জন্যে সেলামি দিতে হয়েছে গয়লানীকে।'

'অসম্ভব। না, না, তুমি একটা বড় বাসা দেখ। এখানে বাবের চোখ না থাকলেও ভূতেরও চোখ আছে।'

'দেখছি তো, দেখ কে।' হাসল দীপঙ্কর: 'মাইনেটা যদি বেশি হত!'

'কত মাইনে?'

'দশ [illegible]।'

চারদিকে তাকাল সুকান্ত। বললে, 'অফিসটা তো ছোট। আমি ভেবেছিলাম—' দোতলায় একটা লম্বা ঘর কাঠের পার্টিশন দিয়ে তিন টুকরো করা। আর ও-পাশে একটা বারান্দা। চার কামরার অফিসে কী বা জাঁকজমক হবে। কী বা দেখে ভোলে অন্যকে। লোকজনও তো বিশেষ দেখছি না। সুকান্তর মুখে হতাশার ছায়া পড়ল।

'অফিসের আয়তন দিয়ে ব্যবসার আয়তন বোঝা যায় না। [illegible] পাঁচ এর চেয়েও ছোট হয়।' দীপঙ্কর সুর বদলাল: 'তাছাড়া আমাকে না [illegible] একেবারে ঘরে বসে বলা যায় না। তাছাড়া কলকাতার বাজারে [illegible] কী! আমার চাকরি না হলেই মাইনে বাড়াতে হবে এটা বুঝি না, কিন্তু চুক্তির বাইরে আমার মত বাড়াও সেই সঙ্গে চুক্তির বাইরে মাইনেও বাড়াতে না এটা অদ্ভুত।'

'কেন, তোমাকে [illegible] কাজ?'

'শুধু যখন চুক্তি তখন কথা ছিল যতো [illegible] এটা-ওটা স্টেটমেন্ট তৈরি করার কাজ। দু-চারটে চিঠি লিখতে দাও তাও না হয় করলাম। এখন বলছে লোডিং ইনস্পেকশনে যাও। আর সে-সব গুদোম কোথায়! খিদিরপুর, ক্যানিং। [illegible], ঠাকুরপুকুর, ডায়মণ্ডহারবার। আগে আগে সন্ধ্যে হলেই বাসায় ফিরতাম, এখন কত রাত যে হয়ে যায় ফিরতে!'

'আলাদা ইনস্পেক্টর নেই?'

'বসেনই আগে ঘোরাঘুরি করত। গাড়ি আছে, পায়ে-পায়ে লাগায় না। এখন প্রায়ই তাকে ট্যুরে যেতে হয় বাইরে, পার্টির সঙ্গে যোগাযোগ করতে। তাই আমার উপর ভার পড়ে। বলে, একজন হোলটাইম সুপারভাইজার রাখবে। কী দরকার! আমার মাইনেটা ডবল ও সম্মত করে দিক, আমিই হোল টাইম এক্সপার্ট। শুধু একটা গালভরা নাম দিয়ে কী হবে। তাছাড়া, সেই কাউন্ট ক্যান্টিনটা তো আর্টিস্ট—'

'এদের দিকের এই কারবার?' সুকান্ত তাকাল জিজ্ঞাসু চোখে।

'ওর নাম, বিরাট ইম্পোর্টের কারবার।' দীপঙ্কর উচ্ছ্বসিত হয়ে উঠল: 'বিদেশ


## কলিকাতায় নূতন চাউল আমদানী!

[illegible]

পশুপতি দাস এণ্ড সন্স প্রাইভেট লিঃ

৪৩ ২, সুরেন্দ্রনাথ ব্যানার্জী রোড, কলিকাতা—১৪

[illegible]

তাজ মার্কা
কাজল নিম
দৃষ্টিশক্তি ও সৌন্দর্য্য বর্দ্ধক
এস, মেহের এলাহি মোঃ সফি
৩৭, লোয়ার চিৎপুর রোড, কলিকাতা-১
মূল্য -৫০ ন.প.।
অন্যান্য সম্ভ্রান্ত দোকানেও পাওয়া যায়

থেকে নানারকম র-মেটিরিয়েলস নিয়ে এসে বিক্রি করে এখানকার ইন্ডাস্ট্রিয়াল ফার্মের কাছে। দিশি ফার্মের প্রোডাকশান বন্ধ যদি ওসব মেটিরিয়েলস না পায়। আর বিদেশেই জন্মায় ওসব উপাদান। আর এরা এ কোম্পানি, ঐ বিদেশী কোম্পানিদের সোল এজেন্ট। সুতরাং, বুঝতে পারছ, চালাও ব্যবসা। এই তো কর্তা সেদিন ঘুরে এল টোকিও থেকে। শিগ্গির আবার যাবে নাকি হংকং—'

'কে কর্তা? বরেনের বাবা?'

'হ্যাঁ, ঐ তো রয়েছে ঐ ঘরে।' ফ্যানহু ঘরের দিকে ইঙ্গিত করল দীপঙ্কর, আর, সঙ্গে-সঙ্গেই নিজেরও অজানিতে কণ্ঠস্বর নিস্তেজ হয়ে এল। তাড়াতাড়ি কণ্ঠস্বর সহজ করে নিয়ে বললে, 'বেশ আছে আনন্দে। এই মানুষ, ঐ কানাডা। হাওয়ায় পাখা মেলে দিলেই হল। নিচে রুপোর চাকা আর উপরে সোনার পাখা।'

হঠাৎ জিগগেস করল সুকান্ত, 'বরেন আছে?'

'আছে। ঐ ঘরে।' প্রান্তের সুইং-ডোরটা ইঙ্গিত করল দীপঙ্কর। 'যাবে? দেখা করবে ওর সঙ্গে?' শুধু মামুলি জিজ্ঞাসা নয়, যেন বা আশায় ভরা উৎসাহের স্পর্শ।

'দরকার কি। যাই না। কিন্তু, কী আশ্চর্য', পকেটে হাত ঢোকাল সুকান্ত, 'আসল কথাটাই তোমাকে বলা হয়নি এতক্ষণ। আমার বিয়ে। সেই যে মেয়েটিকে দেখে-ছিল ডুংনতে, তার সঙ্গে। কী সব বাজে কথায় কাজের কথাটাই চাপা পড়ে গিয়েছিল।' একটা চিঠি বার করে বাড়িয়ে ধরল দীপঙ্করের দিকে। বললে, 'এসো কিন্তু। দেখে রাখো তারিখ। আর কোনো দুর্দিনই যাওয়া চাই—'

কণ্ঠহাসি হাসল দীপঙ্কর। চিঠিটা প্রায় অজ্ঞানেই রেখে দিল পকেটে, তাকিয়েও দেখল না। বললে, 'বরেনকেও বলো না।' এগুচ্ছিল সুকান্ত, কথা যার টানল পিছন থেকে। 'আর সেই সঙ্গে আমার কথাটা কিন্তু মনে রেখো।'

'তোমার আবার কোন কথা!'

'বা, এতক্ষণ বলছিলাম কী তোমাকে!' পীড়িত মুখ করল দীপঙ্কর। 'বিয়ে তো লোকে আকছার করছে, তাই বলে দরকারী কথা কে ভুলে থাকে?'

'মানে, তুমি বলছ, তোমার ঐ গোডাউন ইনস্পেক্ট করার কথা?' সুকান্ত মাথা চুলকোলো। 'গোডাউনগুলো কার?'

'ব্যাংকের। কিন্তু প্রশ্নটা তা নয়।'

'ব্যাংকের গোডাউন? কেন, এদের নিজেদের নেই?'

'কী দরকার করে? ব্যাংকেই তো কায়দা, খরচ-ও। এ দিকে ব্যাংকের গুদোমে এসে জমছে, সময় মত খালাস করে নিচ্ছে পার্টি। তারপর দরকার একজন আছে, ঘুরে-ঘুরে দেখা-শোনা করবে, মালের হিসেব রাখবে। কিন্তু বাইরে এক পয়সা তার আসান নেই।'

'ও! তুমি তোমার মাইনে বাড়ানোর কথা বলতে বলছ? সেই না?'

এবার আর কথা না, অস্পষ্ট হাসল দীপঙ্কর। বললে, 'বুঝেছ এতক্ষণে?'

'হ্যাঁ, এ তো তুমি নিজেও বলতে পারো।'

'আমি বললে হবে না।' মুখ নিচু করল দীপঙ্কর।

'আমি বললে হবে?'

'হবে। তুমি ওর বন্ধু। তোমার কথা ও ফেলতে না পারবে।'

'না, ওর বন্ধু তো তুমিও। আমি তো জানি সেই সূত্রেই তোমার চাকরি হয়েছে এখানে।'

'কার সঙ্গে কার তুলনা!' একটু কেঁপে হাসল দীপঙ্কর। বললে, 'আমি ওর মুখ-চেনা, আর তুমি ওর হৃদয়-চেনা। স্কুল কলেজ এক সঙ্গে ছিলাম তিনজন। পাশ করে তুমি ওকে টেনে নিয়ে গেলে কলেজে, আমি চুকলাম ব্যবসায়। সেই থেকে তোমার সঙ্গে না হলেও ওর সঙ্গে ছাড়াছাড়ি হয়ে গেল। আর, বলো, ওর বন্ধুত্বই না আমি ভুলতে পারি! স্কুলে কোনোদিন কোনো পারলাম না!'

'বন্ধুত্বটাই বা কদিন ছিল আমার সঙ্গে!'

'নাই বা থাকল। তুমি এগিয়ে গেলে আর ও সুন্দর আই-এস্ট হেজে গিয়ে ফেটে পড়ল। ফেটে পড়ল তো না ফেটে পড়ল। নিজে বানিয়েছে বাড়ি, বাপের কিছু হাতিয়ে না এদিক-সেদিক, তাকেও নাড়াল। সেখানে-সেখানে অর্থনৈতিক পরামর্শ করে তুলল। ছেলেরা বয়সের মাথায় বড় এসে উঠলেও মনে মনে এখনো কিছু সহজে আছে। অন্তত কারু কারু কাছে আছে। আর তাদের মধ্যে তুমি দু একজন তাতে সন্দেহ কি। তোমাদের কত একদিন ভালোবাসা ছিল!'

'ছিল!' সুকান্ত হাসল।


হিউলেট্স মিক্সচার

বদহজম এবং খাওয়ার পর পাকস্থলীর ব্যথায় দীর্ঘস্থায়ী উপশম এনে দেবে

হাতের কাছে সবসময় এক শিশি রাখুন

মানসিক দুশ্চিন্তা ও সময়মত না খাওয়া, অতিপানভোজন প্রভৃতি দূষিত কারণে থেকে যে অম্ল বদহজম ও খাওয়ার পর পাকস্থলীতে ব্যথা হয়। হিউলেট্স মিক্সচার পাকস্থলীর পাচক পরিপাকের শক্তি দিয়ে হজমের সহায়তা করে; অম্লনাশক অম্লরসের ভার থেকে পাকস্থলীর বিরক্তির প্রতিক্রিয়া রোধ পেটের ব্যথায় তৎক্ষণাৎ আরাম এনে দেয়। ৮০ বছরেরও ওপর পৃথিবীব্যাপী সব ডাক্তাররা হিউলেট্স মিক্সচার খাওয়ার ব্যবস্থা দিয়ে আসছেন।

শিশু: শিশুদের পেটের পীড়ায়ও হিউলেট্স মিক্সচার চমৎকার। কয়েকটি ফোঁটাতেই প্রায় সঙ্গে সঙ্গে আরাম।

পেট খারাপে আফিম সংযুক্ত হিউলেট্স মিক্সচার ব্যবহার করুন। হিউলেট্স মিক্সচার আফিমসহ বা আফিম ছাড়া দুরকমই পাওয়া যায়।

হিউলেট্স মিক্সচার

সি. জে. হিউলেট এণ্ড সন (ইণ্ডিয়া) প্রাইভেট লিমিটেড
৮৩/এ, আচার্য জগদীশ বসু রোড, কলিকাতা-৩

'বড়ই এখন উপেক্ষার হলো পড়ুক, ধৈর্য ধরে কিছুটা বালি খুঁড়লেই পাওয়া যাবে ভালোবাসার জল।' দীপঙ্কর বললে, 'আমরা যখন ফার্স্ট ক্লাসে উঠে ওকে ধরি, ও তার আগে দু-দুবার এলাউড হয়নি টেস্টে। মনে আছে, তুমিই ওকে নিজের কাছে বসিয়ে পড়িয়ে-পড়িয়ে তৈরি করে দিলে। আর মনে নেই সেই খেলার মাঠের কথা?'

'সে আবার কবে?' অবাক হবার ভান করল সুকান্ত।

'সেই খেলার মধ্যে কালবোশেখীর প্রচণ্ড ঝড় উঠল, দশদিক আঁধার করে নামল আকাশ বর্ষণ, আমরা যে যার দিকে ছুটলাম আশ্রয়ের খোঁজে। কেউ লক্ষও করিনি কখন একটা গাছের ডাল ভেঙে এসে রমেনের উপর পড়েছিল। তুমি কাছে ছিলে, তুমি দেখলে। দেখলে, রমেন শুধু মাটিতে মুখ থুবড়েই অজ্ঞান হয়ে গিয়েছে। সাহায্যের জন্য কাকে নাম ধরে ডাকলে আমাদের, ঝড়-বৃষ্টির তাণ্ডবের মধ্যে কে বা শোনে, শুনলেও কে তার জবাব দেয়। তখন তুমি কী করলে? তুমিও ছুটলে।'

'তাতে কি, আমিও ছুটলাম।'

'হ্যাঁ, কিন্তু তুমি ছুটলে নিজেকে বাঁচাতে নয় রমেনকে বাঁচাতে। কাছাকাছির মধ্যেই লোকজন নিয়ে এলে, শাদা নিয়ে এসে ধরে শুইয়ে দাঁড়ালে। ধরাধরি করে ওকে তুলে নিয়ে এলে এক ডাক্তারখানায়। বাঁচিয়ে দিয়ে এলে, ভালো করে তুললে। কি, মনে নেই?'

'আমার মনে থাকার দরকার কী! রমেনের মনে আছে কিনা সেইটেই জিজ্ঞাস্য।'

'নিশ্চয়ই আছে। সে কথা কি কেউ ভুলতে পারে? ঝড়জল মাথায় করে অন্ধকার মাঠ দিয়ে তোমার সেদিনের ছোটাটা জলজ্যান্ত হয়ে এখনো আঁকা আছে চোখের সামনে।'

'কিন্তু কে জানে সেদিনের সেই অন্ধকার আর কারো মনে হয়তো অন্ধকারই হয়ে আছে।' বললে সুকান্ত, 'জলের ঝাপটায় একটি রেখাও হয়তো আর জেগে নেই।'

'আছে, আছে।' জোর দিল দীপঙ্কর; 'একটা শব্দেরও স্বরবর্ণটুকু থাকে। আর এ তো শব্দ—এক ইস্কুলের ছাত্র।'

'এক সার্কাসের জানোয়ার।' হাসল সুকান্ত।

'তাই তুমি বললেই হবে। তুমি যদি বলো আমার হয়ে—'

'বলব, নিশ্চয়ই বলব। কিন্তু আমি ভাবছি, সামান্য কাজের জন্য বাড়তি মাইনের দাবি এ তো নিশ্চয়ই অন্যায়ই বলা চলে। এ তো নাচনেওয়ালা জাতীয়দের কথা। তাছাড়া, তুমি স্কুল-ফ্রেণ্ড, পুরোনো পরিচিত, তোমার কথাতে অন্তত মুখ-চেনা তো নিশ্চয়ই—'

'মুখ-চেনা!' অন্তরঙ্গতা স্বীকার করল দীপঙ্কর; ভাবে ভঙ্গিতে সেই পুরোনো


● শান্তি-র আবার নূতন বই বের হল ●

প্রমথনাথ গুপ্তের

# কাকোরী ষড়যন্ত্রের স্মৃতি

শান্তি লাইব্রেরী, ১০-বি, কলেজ রো, কলিকাতা—৯

গৌরীশঙ্কর ভট্টাচার্যের
**রাত্রির বয়স**
● সাড়ে তিন টাকা ●

সুশীলকুমার ঘোষের
**গ্রহ সারথি**
● ছয় টাকা ●

প্রকাশিত হইল!
গৌরীশঙ্কর ভট্টাচার্য অনূদিত
ভিকি বাউমের
**গ্র্যাণ্ড হোটেল**
● ছয় টাকা ●

প্রকাশের অপেক্ষায়:
অধ্যাপক শ্যামলকুমার চট্টোঃ
**বাংলা গদ্যের ক্রমবিকাশ**
গৌরীশঙ্কর ভট্টাচার্যের
**আকাশ-নন্দিনী**
রমেশচন্দ্র সেনের
**কাজল**

রমেশচন্দ্র সেনের
নূতন উপন্যাস
**নিঃসঙ্গ বিহঙ্গ**
● আড়াই টাকা ●

গ্রন্থ ভবন : ৯৩ মহাত্মা গান্ধী রোড : কলিকাতা ১২

সিমের গন্ধ এতটুকুও ভেসে আসে না কোমোনিক।* আমি তো ওর এমপ্লয়ী, ওর চাকুরে। আগের সুরে আমাকে আর ভুলেও তুমি বলে না—আপনি বলে।'

'বা তাই তো বলবে। তাই তো আজ-কালকার কোড অফ কনডাক্ট, ব্যবহারনীতি। নিম্নপদস্থকেও আপনি বলতে হবে। বাস-ট্রাম কণ্ডাক্টর তো দূরের কথা, অফিসের চাপরাশি, পোস্টম্যান, এমন কি হোটেল-রেস্তরাঁর বয়কেও তুমি বলা চলবে না। চাকরদের জন্যে যে বিল আসছে তাতেও একটা ক্লজ থাকবে, তাদের আপনি বলা চাই। রেল-স্টিমারের কুলিদেরও সেই আওয়াজ।' সুকান্ত প্রায় বক্তৃতা দিয়ে উঠল।

'তুলুক আওয়াজ, আপত্তি নেই। কিন্তু কাজকর্মের বাইরে, অফিসের বাইরে, একেবারে আলাদা পরিবেশে যখন দেখা হয়, তখনো সেই 'আপনি'। কিছুতেই পুরোনো চোখে চায় না চিনতে। প্রভুত্বের চেহারাটা সব সময়েই পিছনে লাগিয়ে চলেছে।'

'আর সেই তোমার সামনে বসছে গাঁট হয়ে, তুমিও বাধা ছেলের মত দাঁড়াচ্ছ জোট হয়ে।' সুকান্ত ঝাঁজ আনল গলায়।

'উপায় কী তাছাড়া। প্রভুর কাছে ভৃত্য সব সময়েই ভৃত্য। নিত্যভৃত্য।'

'তবে দেখা করে কাজ নেই।' সুকান্ত পিছু হটল। 'হয়তো আমাকেও চিনবে না, আপনি করে বলবে।'

'না, না, তুমি তো ওর এমপ্লয়ী নও—'

'রক্ষে করো।'

'তোমাকে তাই ঠিক চিনবে। কথা কইবে আগের সুরে।'

'তা হলে যেতে বলছ? যাব?'

'অন্তত আমার জন্যে যাও। আমার বিশ্বাস তুমি বললেই আমার সুরাহা হবে। তুমি বললেই জাস্টিস [illegible] হবে ওর কাছে। নইলে, মানুষের জাস্টিস আর কী! যার যেখানে স্বার্থ তার সেখানে জাস্টিস! সেই জন্যেই খবর রাখি যে তোমার [illegible] [illegible]। আমি ডিসমিস হলেও 'কাকাকে' বিরুদ্ধ বলবে, প্রশংসা করবে তোমাকে, একথা [illegible] পুরোনো ইতিহাসে কোথাও লেখা নেই। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] সেদিন হয়তো [illegible]। আমার বেকার [illegible]।'

'তোমার হবে।'

'হ্যাঁ, [illegible] তাদের জন্যে, ছাত্রের জন্যে আর আমার [illegible] অফিসের জন্যে। তাঁর একটিমাত্র [illegible] উনি অনেক [illegible]। কিছুতেই পারা দিয়ে উঠতে পারি না তার সাথে।'

'কী রকম [illegible]?' সুকান্ত কৌতূহলী হল।

'আমি ভুল করছি, উনি হবে বলছেন। আর হবে আর বেশি হাত [illegible] সব কিছুই কাটা পড়ে। সেটার ভাগ পড়বে [illegible] ইন্দ্রজালের বই নেয় বটেই, মিস্টার, ডাক্তার, ম্যাজিস্ট্রেট-ডাক্তার, এমন কি হাস-পাতাল, পুলিশ-হাকিম—সবকিছু।' বলেছেন দিয়ে সুকান্তকে এক পা এগিয়ে দিল দীপঙ্কর। গলা নামিয়ে বললো, 'বেকার থাকার কৌশল জানো। যদি দরকার হবেই হয় তবে আর কাজকর্মের দরকার কি। ছাঁটাইয়ে একদম না হলেই [illegible] বলে ডাকা যাবে।' একটু থেমে দীপঙ্কর: 'তবে তুমি যখন আছ তখন সবকিছুই কাজ হয়ে যাবে।'

'তোমার যে কার্ড লাগবে না তো?' পরে এসেও সুকান্তর দ্বিধা নাকি?

'তোমার আবার কার্ড!'

সুইং-ডোর ঠেলে ভিতরে ঢুকল সুকান্ত।

র‍্যাকেটে কোর্টটি ঝুলছে হ্যাঙ্গারে, শার্ট-টাইয়ে-ট্রাউজার্সে [illegible] প্রতিচ্ছবি, ব্যরেন বসে আছে নিখুঁত মানা-যোগে। বিরক্ত-সন্দিগ্ধ চোখে আগন্তুকের দিকে তাকাল [illegible] [illegible]। পরক্ষণেই উঠল উল্লাস হয়ে: 'আরে, সুকু, সুকু যে। কী মনে করে? আয় আয় বোস।' ভঙ্গির


তরুণ ছোটগল্পকারদের

# ছোটগল্প

মূল্য একমাত্র মুখপত্র

সাহিত্যে আন্দোলনের ভূমিকা নতুন মূল্যবোধের প্রতিষ্ঠায়। সম্প্রতি জীবনের নবমূল্যায়নের সাহায্যে [illegible] [illegible] এক অনাতম অনিবার্য আন্দোলন এই দিকনির্দেশে [illegible] হয়েছে। পত্রিকাটি ইতিমধ্যেই লোকপ্রিয়। বর্ষ [illegible] সংখ্যা প্রকাশিত হয়েছে। সংখ্যা মূল্য ০·৫০। গ্রাহকমূল্য বার্ষিক সডাক ২·৫০ ॥

॥ সর্বত্র এজেন্সী চাই। পত্রালাপ করুন ॥

১১।৪ নবকৃষ্ণ পড় স্ট্রীট। কলকাতা ৫ [illegible] ৩৩-১৯৭০

(দি ১০৩০।২)



সাহিত্য রসিকদের জন্য : সমালোচনা গ্রন্থ।

অধ্যাপক জাহ্নবীচরণ ভট্টাচার্য

**বৈষ্ণব কবিতা**—দার্শনিক ভিত্তি ও কাব্য-বিশ্লেষণ মূল্য—৩।২৫ নঃ পঃ

**শাক্ত পদাবলী**—সাধনতত্ত্ব ও কাব্য-বিশ্লেষণ মূল্য—৩, টাকা

[উপরিউক্ত দুখানা বইতে B. A. Special Bengali Bengali Honours এবং M. A.র ছাত্র-ছাত্রীদের উপযোগী নির্ভরযোগ্য সমালোচনা আছে।]

অধ্যাপক হরনাথ পাল

**কবি মোহিতলাল**—মূল্য ৫।৫০ নঃ পঃ

[আজীবন সত্য সুন্দরের সাধক কবি মোহিতলালের প্রথম পূর্ণাঙ্গ সমালোচনা গ্রন্থ]—"কবির কাব্য সম্বন্ধে এইরূপ বিশদ ও বিস্তৃত আলোচনা ইহার পূর্বে হয় নাই।" —যুগান্তর। ২৩।১২।৫৯

অধ্যাপক ভোলানাথ ঘোষ

**বাঙ্‌লা সাহিত্য পরিক্রমা**—পরিবর্ধিত সংস্করণ। মূল্য—১১, টাকা

[হাজার বছরের বাঙ্‌লার সমাজ ও সাহিত্যের সর্বাঙ্গীণ আলোচনা]

**ছন্দ ও অলঙ্কার**—মূল্য ১।৫০ নঃ পঃ

**বাঙ্‌লা সাহিত্যের ইতিবৃত্ত**—মূল্য ২।৫০ নঃ পঃ

উপন্যাস

নীলিমা দাশগুপ্ত

**রাজমহল**—মূল্য ২।৭৫ নঃ পঃ

অমরেন্দ্র মুখোপাধ্যায়

**যাত্রা হ'ল শুরু**—(তৃতীয় সংস্করণ) মূল্য ২।৭৫ নঃ পঃ

অমরেন্দ্র ঘোষ

**অহল্যা কন্যা**—(দ্বিতীয় সংস্করণ) মূল্য ২।৫০ নঃ পঃ

রমাপতি বসু

**অনুশীলন**—মূল্য ২।৫০ নঃ পঃ

**এস্ ব্যানার্জি এন্ড কোং** — ৬, রমানাথ মজুমদার স্ট্রীট, কলিকাতা-৯

**বামা পুস্তকালয়** — ১১৩, কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

সমস্ত তাঁকিয়েছে মুহূর্তে স্তব্ধতা করে দিল। সিঁথিতো ছুঁয়ে দিয়ে বললে, 'কতদিন পরে দেখা বল তো।'

নিশ্চিন্ত হয়ে বসল সুকান্ত। মুখময় মিষ্টি হাসি নিয়ে জিজ্ঞেস করলে, 'কেমন আছিস?'

'তুই কেমন আছিস? চেহারাটা তো বেশ হাট্টা দেখাচ্ছে।'

'তোর চেয়েও?'

'আমার সব গোলমাল। বলছি।'

'কলেজ বল।' সাগ্রহে তাকাল সুকান্ত।

'কলেজ ছেড়ে দিলাম, তুই না?' [illegible] একবার [illegible] রইল। বললে 'কিছু নেই, [illegible] করছে। [illegible] একটা [illegible] কী [illegible]? [illegible] তারপর? এখন?'

'কিছু নেই।'

[illegible] না।'

'কিছু পারছি না।'

[illegible]

[illegible] না?'

[illegible]

[illegible] আর [illegible] তাই [illegible] উঠল সুকান্ত।

[illegible] তাই। [illegible] চেহারাটা [illegible] হয়েছে।'

'কী?'

'কিছু এখনি। [illegible] [illegible]; [illegible] হয়ে গেল, [illegible] আর [illegible] হয়ে গেছিস? এই [illegible] এসে গেল? এখন [illegible]?'

'আর [illegible] একেবারে।'

'[illegible] আর তাই [illegible] পেয়েছিস? কিছুটা একটা [illegible]? [illegible] কী? [illegible] হাত [illegible] করে বললে: 'একটু [illegible] না? একটু [illegible] করে [illegible] না? [illegible] [illegible] কি [illegible]? [illegible] না হলে কি বাধা হয়? [illegible] না হলে কি

আনন্দ আছে? রোমাঞ্চ আছে? তার মানে? তাহা সাজিয়েছিস কেন? খুব শাঁও মেরেছিস বুঝি?'

'একটা কথাই যথেষ্ট, এখানে একেবারে আটটা। অন্তরঙ্গতা।'

'তবে আকর্ষণটা কিসে?' চোখ দুটো একটু সরু করতে চাইল যেন: মানে, জিনিস খুব ভালো?'

শব্দ করে হেসে উঠল সুকান্ত। বললে, 'তা এখনি কী করে বলি! জিনিস না হলে কি জিনিস বোঝা যায়?'

'তা হলে রহস্যটা কোথায়?'

'তুই এর বুঝিস আর একটু বুঝিস না? ভালোবাসার মত পড়েছিস?'

'ভালোবাসাকে মত পড়েছি।'

'ঐ, হ্যাঁ, ঐ কাজ করে। [illegible], দুর্দান্ত মজলা। সেই ভালোবাসা হয়েছে।'

'ভালোবাসা হয়েছে।' [illegible] করে উঠল

বললেন। তুই একটা মেয়েকে ভালোবাসিস এ সবটাই আন্দাজ করতে পারি। এককালে যাকে দেখেছিস তাকেই ভালোবেসেছিস—সে কথা নয়। কিন্তু তোকে কোনো মেয়ে পাকে পড়ে ভালোবাসবে এ অবিশ্বাস্য। বল, কে, মেয়েটা কে?'

'আমার সাথে পড়ত। আমার সঙ্গেই পাশ করেছে এম-এ।'

'বলিস কি! একটা এম-এ পাশ মেয়ে তোর প্রেমে পড়েছে?'

'সেইটেই তো আশ্চর্যের দেশে মহাশ্চর্য! তুই তো আমাদের সব জানিস—কত দুর্বিষহ দৈন্য নিয়ে বড় হয়েছি। চাল নেই, চুলো নেই, কিছু নেই, কোথাও কেউ—অবস্থায় একজন তবু পাব কী অদ্ভুত, তারই কিনা একজন ভালোবাসে, আর শুধু [illegible] এর জন্য নয়, জীবন-ভোর দিন-রাত্রির জন্য তাকে পেতে চায়।

---


# আমাদের শান্তিনিকেতন

শ্রীসুধীরঞ্জন দাস

লেখক বলেন:

[illegible]

এই লেখায় যে আনন্দ-কৌতুক উৎসব-উদ্দীপনা প্রকৃতিপ্রীতি ও সাধনার পরিবেশ সৃষ্টি হয়েছে পরিচ্ছন্ন-সুন্দর ভাষার মধ্যে মনোজ্ঞ রূপে, তারই ফাঁকে আভাসিত হয়ে উঠেছে শান্তিনিকেতন-ব্রহ্মচর্যাশ্রমের বা বিশ্বভারতীর কোন্ কাজে কী ছিল মহর্ষির ধ্যান ধারণা ও সাধনা।

শিল্পী শ্রীনন্দলাল বসুর আঁকা [illegible] ও রেখাচিত্র, [illegible] ফোটোগ্রাফে [illegible] সুন্দর, [illegible] মনোহর ও চমৎকার-জনক, মনোরমও বিষয়। মূল্য ৫, শোভন ৭,

বিশ্বভারতী

কলিকাতা ৭

Cooch Behar

[illegible]তরঞ্জন বন্দ্যোপাধ্যায়ের

নতুন বই

# মুখোমুখি

আজকের এই জীবনের মুখোমুখি হচ্ছে, জীবনের মোকাবিলা করছে, জীবনের হাতে মার খাচ্ছে—এমনই কয়েকটি যুবক-যুবতীর কাহিনী।

॥ আড়াই টাকা ॥

পুস্তক প্রকাশক। ৮।১বি, শ্যামাচরণ দে স্ট্রীট, কলি-১২

দি ১২২৭

'আর্ভেনির'-এর নতুন উপন্যাস

# সিন্ধু বারোয়াঁ

দেবেন্দু পালিত

বেদনামথিত প্রেমের সংহত আবেগে কিশোর কয়েকটি সাধারণ চরিত্রের পুরুষের ও নারীর অসাধারণ হৃদয় এবং বিচিত্র মানসিকতার উজ্জ্বল প্রতিফলন 'সিন্ধু বারোয়াঁ'—আধুনিক মানসের পরিপ্রেক্ষিতে আবহমান সত্যের অপূর্ব মঞ্জনাময় রূপায়ণ—সাম্প্রতিক কথা-সাহিত্যে শক্তিমানদের মধ্যে সর্বাপেক্ষা তরুণ হয়েও বিষয় ও শৈলীর নিজস্ব বৈশিষ্ট্যে দিবেন্দু পালিত সুপরিচিত। এই সরস সুন্দর শুচিস্নিগ্ধ প্রেমের উপন্যাস তাঁর পরিণত পরিচয়। দাম : তিন টাকা

অন্যান্য বই

দ্বীপের নাম টিয়ারঙ ॥ রমাপদ চৌধুরী ॥ ২য় সংস্করণ দাম : ৩·৫০

ছয় ঋতু বারো মাস ॥ মিহির আচার্য ॥ দাম : ৩·০০

রূপালী রেখা ॥ নরেন্দ্রনাথ মিত্র ॥ দাম : ৩·২৫

যন্ত্রস্থ বই

পিঙ্গলার প্রেম ॥ বিমল কর ॥ দাম : ২·৫০ ২য় সংস্করণ যন্ত্রস্থ

মিতালি মধুর ॥ বারীন্দ্রনাথ দাশ ॥ যন্ত্রস্থ

সম্প্রতি প্রকাশিত কিশোর উপন্যাস

গরু ছিল কবি

শিবরাম চক্রবর্তী

বিচিত্র ঘটনার সমাবেশে চিত্তচাঞ্চল্যকর অথচ সরস কৌতুহলময় এই কিশোর উপন্যাস রুদ্ধনিশ্বাসে পড়বার মতন ॥ দাম : ২·৫০

॥ আর্ভেনির ॥ ৩২৮বি, রাসবিহারী অ্যাভিনিউ ॥ কলকাতা ১৯

পৃথিবীর ধূলোতে আশ্চর্যের ঋতু এখনো শেষ হয়নি। সূর্য উঠুক আর অস্ত যাক, আশ্চর্যের [illegible] নেই।'

বরেনের মনে হল আবার সে হারল, হার হল সুকান্তের কাছে। চেয়ারের [illegible] [illegible] পড়ল।

পাড়ায় তাদের ঠিক পাশের বাড়িতেই যেদিন সুকান্তরা ভাড়াটে আসে সেদিন খুব মন খারাপ করেছেন। দূর মফঃস্বল থেকে এসেছে, বাঙাল-বাঙাল দেখতে, সেটাই তার উপর সদয় ছিল না বরেন। নয় কী স্পর্ধা, তাদের ইস্কুলে এসে ভর্তি হল, শুধু ইস্কুলে নয়, ঠিক তার ক্লাসে, তারই সেকশনে, আর [illegible], [illegible]-[illegible] [illegible] [illegible] [illegible] কোর্ট [illegible] নিয়ে বসল তার পার্টিতে। প্রথম-প্রথম মনে হত বরেনের, যেন কে-এক [illegible] ঢুকে সমস্ত মস্তিষ্কের [illegible] করে দিচ্ছে। কথা কইতেও চাইত না, নাক সিঁটকে থাকত। কিন্তু একটা লোক যদি [illegible] কারণে-অকারণে সহানুভূতি করে, উপকার করবার জন্য উদগ্রীব হয়ে থাকে তবে তার প্রতি ক্রমে ক্রমে নরম না হয়ে উপায় কি। ও কেন উড়ে এসে জুড়ে বসবে, শুধু [illegible]-পাড়ায় নয় এমন কি [illegible] মনে, বাঙাল হয়েও কেন চিরকালের [illegible] হয়ে থাকবে না, বরং [illegible] [illegible] করে রাখবে, এ বরেনের [illegible] ছিল। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কষ্ট করে [illegible] [illegible] থেকে [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] করবে, তার প্রতি [illegible] হওয়াটাই স্বাভাবিক। কিন্তু মুখে [illegible] [illegible], [illegible] সুকান্তের হার [illegible], তার প্রেমে উপরে স্পর্ধা [illegible] [illegible] [illegible], এ বরেনের প্রচ্ছন্ন অভিলাষ। তাই [illegible] না পারলেও যখন তাকে বরেনের মতন নরেনের [illegible] অর্থ ছিল না। মাথা নেই টাকায় সুকান্ত তার নাগাল পায়। অনেককে কটা ডিগ্রি পেতে পারে, কিছুটা হয়তো নাম, কিন্তু টাকার কাছে ও-সব সোনার কাছে রাংতা। টাকা দিয়েই নাম-কাম মান-শান্তি কিনতে পারে সমস্ত। এমন কি, যদি সুকান্ত হাত পাতে, কিছু তাকে দিয়েই দিতে পারে অকাতরে।

ধরে নিশ্চিন্তে ছিল বরেন, [illegible] নিশ্চিন্তে। কিন্তু এ আজ সে কী শুনল? একটি মেয়ে ভালোবেসেছে সুকান্তকে, তাকে তার হৃদয় দিয়েছে। আর এ মেয়ে প্রেমের পাওয়া নয়, স্থির কালের পদ্ম। শুধু রূপসী নয়, বিদুষী। আর, একটা হৃদয় পাওয়া মানে একটা সাম্রাজ্যের চেয়েও বেশি পাওয়া। তার চেয়ে ঢের ঢের বড় ধনী আজ সুকান্ত।

কতদিন ধরে একটা ভালোবাসার জন্যে বসে আছে বরেন। টাকার শব্দ দিয়ে তার

নূপুরের ধ্বনি তৈরি হয় না। মনে আছি তো, থাকব, আরো থাকব। কিন্তু এরই মধ্যে এক ফাঁকে সুকান্ত জয় করে নেবে অজ্ঞাতনামীকে, এ ধারণার অতীত। কিন্তু যা আজ ধারণার বাইরে তাই কাল ঘটে যেতে পারে, তারই জন্যেই তো পথচলা।

[illegible] একটু [illegible] ভালো করে। [illegible] নিজ চেয়ারটাকে। '[illegible] তোমাকে কৃপা করল, [illegible] সেই [illegible]।'

[illegible] তাকেই ঠিক দেখা [illegible] না [illegible] উঠে পড়ল সুকান্ত। [illegible] চিঠি লিখছি। [illegible] কিন্তু। [illegible]

'[illegible] না? [illegible] হবে।' [illegible] উঠে পড়ল। [illegible] সেই [illegible] [illegible]।'

'[illegible] দিয়ে [illegible] করলাম না [illegible] কিছু মনে [illegible] না।'

'ছি ছি, [illegible] কি আমার সেই সম্পর্ক?' আবার একটা সিগারেট ধরালেন। তাড়াতাড়ি বেরিয়ে এল সুকান্ত।

ওর পেছনে ছিল, দীপঙ্কর তাকে ঠিক ধরেছে। বললে, 'বরেন কী বললে আমার কথা?'

'বললে, হ্যাঁ, দেবে, দেবে তোমাকে একটা এক্সিডেন্ট—'

'দেবে?' [illegible] দীপঙ্কর [illegible] সুকান্তকে। '[illegible] তো কী [illegible] তুমি [illegible] এটুকু হল। বরেন যখন একবার কথা দিয়েছে তখন আর [illegible] হবে না। [illegible] তুমি [illegible]'

[illegible] দিয়ে [illegible] বেরিয়ে [illegible] সুকান্ত।

আর এদিকে, কার্তিক [illegible] হস্টেলে।

[illegible] একটা [illegible] উপর [illegible] পড়েছে। [illegible] সম্পর্কে [illegible] নিয়ে [illegible] কে [illegible] এবং [illegible] কিনা [illegible]—

'এই কার্তিক [illegible] সবাই [illegible]

'কিন্তু [illegible] সেই [illegible] নয়। [illegible] না [illegible] দিয়ে।'

'[illegible] না বটেই। [illegible] এই [illegible] এবং [illegible] কার [illegible]?'

'কিন্তু আছে?'

'তাই এখানে হয়। আর [illegible] কিনা [illegible]?'

দেখল, আছে। তার হাতে চিঠি দিল কার্তিক। বললে, [illegible] না। তুমি কিছু [illegible] কেউ একবার না থাকলে [illegible] না।'

[illegible] কার্তিককে [illegible] বললে, 'কিন্তু এক কথা। [illegible] তুই আমার কাছে একদিনও আসিসনি।'

'[illegible] কি [illegible]।'

'তার আমাকে সব বলবি—কী হল, [illegible]?'

[illegible] হেসে উঠল কার্তিক। বললে, '[illegible] হয়, না ঠেকানো যায়? তুমি [illegible] এসে বলতে পারলে এ কেমন কি?'

(ক্রমশ)

নিরপেক্ষ মতবাদের সচিত্র মাসিক

**প্রভাত**

[illegible]

(সি ৮৭০)

**গলক্ষত**

**বায়োরাসী** সর্বপ্রকার [illegible] অব্যর্থ ঔষধ। [illegible] লিখুন। **কবিরাজ [illegible]**, [illegible] হাওড়া।

(সি ৬৭৭)

**মাথায় টাক পড়া ও পাকা চুল**

আরোগ্য [illegible] প্রতি দিন [illegible] ও প্রতি শনিবার ও রবিবার বৈকাল ৩টা হইতে ৭টার সাক্ষাৎ করুন। ৩৭ [illegible] রোড, [illegible], কলিকাতা।

(সি ১১২৭)

[illegible] যুক্ত অদ্বিতীয় [illegible]

**হেমান্ত সার্সাপ্যারিলা**

[illegible]

[illegible]

সাহিত্য ও সংস্কৃতিমূলক পত্রিকা

**স্ফুলিঙ্গ**

৫ম বর্ষ — পৌষালী সংখ্যা

এতে লিখেছেন—শ্রী[illegible] রায়, [illegible] সরকার, প্রভাকর মাঝি, [illegible] রায়, [illegible] চট্টোপাধ্যায়, [illegible] এবং আরো অনেকে। প্রতি সংখ্যা [illegible] মাত্র। এজেন্ট আবশ্যক।

স্ফুলিঙ্গ কার্যালয়, [illegible]

(সি এন ২২০)

**বীরেন্দ্রনাথ রক্ষিত**



সন্ধ্যা

পূর্বাভিসার

কাব্যগ্রন্থ

[illegible]

[illegible]

সাহিত্য

১ [illegible] দে স্ট্রীট

কলকাতা ১২

**ধবল-অসাড়**

[illegible] বিফলতা [illegible] একজিমা প্রভৃতি রোগের জন্য [illegible] শ্রীবাঁক-[illegible] (হাওড়া), কলিকাতা ২৮ ফোন ৫৭-২৪৭৮

# টাটার ৫০১ খাঁটি গুঁড়ো সাবান দিয়েই আমি আমার সব কিছু কাচি

তার কারণ

- ৫০১ খাঁটি গুঁড়ো সাবানে প্রচুর ফেনা হয় আর তাতে জামাকাপড়ের ময়লা আলগা হয়ে বেরিয়ে যায়।
- এতে খুব সহজে ও ভালোভাবে জামাকাপড় পরিষ্কার হয়।
- এর ভেতরে অপ্‌টিক্যাল ব্রাইটনার থাকায় সাদা কাপড় ধবধবে আর রঙীন কাপড় ঝকঝকে দেখায়।

তাছাড়া

- ৫০১ খাঁটি গুঁড়ো সাবান যে কোন কাপড় কাচবার পক্ষেই সেরা—ঝিরঝিরে নাইলন, দামী সিল্ক, নরম পশম কি সুতী কাপড় সব কিছু।

**[illegible]**

দি টাটা অয়েল মিলস কোম্পানী লিমিটেড

# নিজেরে হারায়ে খুঁজি

শ্রীঅহীন্দ্র চৌধুরী

৭

জীবনে বাবার হাতে প্রহার সেই প্রথম। তিনি চলে গেলেন, ঘরেও আর কেউ নেই, আমি চুপ করে গালে হাত দিয়ে বসে রইলাম। ক্ষীণ অভিমান, ব্যথা, অপমান-বোধও কিছুটা, সব মিলিয়ে তিক্ততা যেন শরীরে মনে উঠিয়ে দিলে [illegible]! নীরবেই বসে বসে মুছতে লাগলুম চোখের জল, বাড়ীর কিছু জানতে দিলুম না।

কিন্তু তার বিনিময়েও কি উন্মাদনার সেই কীর্তিকলাপ নিতে পারি? সে যে আরও উদ্দীপ্ত হয়ে উঠল। শিশির দিয়ে ১৯২০ সালের কথায় এসেছিলাম। সেই সালেরই কথা বলে চলেছি। রঙ্গাল ক্লাবে সেবার সম্প্রদায়ের ছিল প্রচুর থিয়েটার দেখার শখ। স্কুলের পর সেখানে গেলেই [illegible], খেলাধুলার পর সকলে গোল হয়ে বসে সেই থিয়েটারের গল্প। এঁরা [illegible] দেখেছেন [illegible]— [illegible] এঁরা সবে ভক্ত ছিলেন। সেই সব গল্প শুনতুম। [illegible] একেবারে [illegible] দিয়েছেন, ওখানে এমনি করে অভিনয় করলেন। শুনে শুনে দেখার শখ আমারও তীব্রতর হয়ে উঠল। [illegible] নাটক দেখা শেষ, এবার দেখা।

কিন্তু কই আর দেখতে পেয়েছি? এদের মত অত নয়। সব মিলিয়ে দু'তিনখানা হবে। যেমন, সেবার পায়ে 'বাপ্পাপ্রতাপ' 'আত্মদান।' প্রতি বড়ো নাটকের পর কমিকখানা অথবা প্রহসন হত থিয়েটারে, সেসব আমার পক্ষে দেখা সম্ভব হত না। কারণ, আমি ত বাড়িতে না জানিয়ে লুকিয়ে যেতুম—রাত শেষ করে ভোর বেলায় ফিরলে কৈফিয়ত দেব কি বাড়িতে? বলা বাহুল্য তখন থিয়েটার ভাঙত ভোরবেলায়। মূল নাটক শেষ হতো রূপও পড়ত, আমিও সীট ছেড়ে উঠলুম—একা। তখনকার দিনে শেয়ারের ঘোড়ার গাড়িতে লোকে থিয়েটার দেখতে যেত অত বাস্-ট্রামের প্রাচুর্য তখনও হয়নি। ভোর রাত্রে থিয়েটার শেষে বন্ধুরা ঐরকম করে ফিরে আসত শেয়ারের গাড়ি ধরে—শেয়ারে আট আনা-দশ আনা পড়ত। কিন্তু, ফেরার সময় ঐ অত রাত্রে আমি শেয়ারের গাড়ি পাবো কোন কালে? আমার মত মধ্যখান থেকে উঠে আসছে কে? দু'একখানা দৈবাৎ পাওয়া যেত, কিন্তু বাড়তি পয়সাই বা পকেটে কই? তাই, স্রেফ পায়ে হেঁটে আসতে লাগলুম সেই বিডন স্ট্রীট থেকে ভবানীপুরে, চৌরঙ্গীর পথ ধরে, চিত্তরঞ্জন অ্যাভিনিউর নতুন রাস্তা তখনও হয়নি!

হাঁটতে হাঁটতে ক্লান্ত হয়ে বাড়ি যখন ফিরলুম, তখন রাত দেড়টার কম নয়। তারপর দরজা খুলে দিত। মা জিজ্ঞাসা করত, এতো দেরী যে?

শরীরের ক্লান্তি গোপন করে কোনরকমে উত্তর দিতুম, বন্ধুর বাড়িতে নেমন্তন্ন ছিল, খাওয়ার পর গল্প করতে করতে দেরী হয়ে গেল।

মিথ্যা আরও মিথ্যা টেনে আনে। 'বন্ধুর বাড়িতে খেয়ে এসেছি' বলেছি, অতএব, রীতিমত ক্ষুধার্ত থাকা সত্ত্বেও ঢাকা-দেওয়া খাদ্য-সামগ্রীর থালাটার দিকে তাকিয়ে নিস্পৃহ কণ্ঠে বলতে হত, খাবো না।

অবশ্য, বেশী দেখতাম না বলেই এক্ষেত্রে মিথ্যাচরণে পার পেয়ে গিয়েছিলাম। মাত্র তিনবার। ঘন ঘন হলে এসব কৈফিয়তে কুলাতো না!

কিন্তু থিয়েটার দেখাও ত কিছু হল, কিন্তু থিয়েটার না করলে ত চলছে না! মনের মধ্যে প্রচণ্ড একটা অস্থিরতা, কিছু করা চাই!


রবীন্দ্র শতবর্ষপূর্তি গ্রন্থমালা

## রবীন্দ্র জীবন কথা

শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায়

অল্পপরিসর একখানি কোনো গ্রন্থে রবীন্দ্রনাথের দীর্ঘজীবনের সাহিত্য ও কর্ম সাধনা, তাঁহার জীবনকথার পরিচয় সাধারণ পাঠক যাহাতে লাভ করিতে পারেন, এই উদ্দেশ্যে 'রবীন্দ্র-জীবনী'কার কর্তৃক এই গ্রন্থ বিশেষভাবে লিখিত, ইহা লেখকের সুবৃহৎ 'রবীন্দ্রজীবনী'র সংক্ষিপ্তসার নহে।

অপ্রকাশিত প্রতিকৃতি ও হস্তলিপির ("ভগবান তুমি যুগে যুগে দূত পাঠায়েছ বারে বারে") প্রতিলিপি, বংশলতিকা ও রবীন্দ্রগ্রন্থপঞ্জী সংকলিত। পৃ ২৯৬।

মূল্য কাগজের মলাট ৬, বোর্ড বাঁধাই ৮,

রবীন্দ্রশতবর্ষপূর্তি উপলক্ষে বিশ্বভারতী যে রবীন্দ্র-পরিচিতি-গ্রন্থমালা প্রকাশের আয়োজন করিয়াছেন ইহা তাহার প্রথম গ্রন্থ।

পরবর্তী গ্রন্থ

শ্রীইন্দিরা দেবী চৌধুরাণী প্রণীত

### রবীন্দ্রস্মৃতি

বর্তমানে যন্ত্রস্থ, শীঘ্রই প্রকাশিত হইবে।

### বিশ্বভারতী

৬/৩ দ্বারকানাথ ঠাকুর লেন। কলিকাতা ৭

[illegible]রা একদম বলত, আর না, আমরাও লুকিয়ে একটা থিয়েটারের ক্লাব করি।

স্কুলের ক্লাসের কাউকে কাউকে চুপি চুপি করলাম সে প্রস্তাব। তারা যেন সভয়ে শিউরে উঠল বললে, কাদের সংগে?

প্রস্তাবকদের নাম বললাম।

শুনে, তারা বলত—সর্বনাশ! ওরা সব খারাপ ছেলে! মিশিস নি ওদের সংগে!

মনটা একটু বোধহয় থমকেও গিয়েছিল। কিন্তু কতক্ষণের জন্য? মনে হল, ওরা স্কুল-পালানো, স্কুলে-নাম-কাটানো ছেলে হতে পারে, কিন্তু কোথায় ওরা খারাপ? নাটকের অদম্য আকর্ষণটি আমাকে তখন টেনে ধরেছে, আমার মন দ্রুত ধাবিত হতে লাগল সেই দিকে।

অথচ ক্লাব যে করব ঘর পাবো কোথায়? যেখানেই আমরা যাই, ঘর নিয়ে গান-বাজনা করব শুনে সবাই একযোগে না-না করে ওঠে। শেষ পর্যন্ত অনেক গলদঘর্ম হয়ে, অনেক খোঁজাখুঁজির পরে, একটা বস্তিতে আস্তানা পাওয়া গেল। আমাদের অঞ্চলেরই কাছে তখন বিখ্যাত জলটুঙ্গির বস্তি ছিল, তারই একদিকে একটি খোলার ঘর। সেই খোলার ঘরে মহা উৎসাহে নাটকের মহড়া। কোথায় অভিনয় হবে বা আদৌ অভিনয় হবে কি না, এসব চিন্তা করার দরকার নেই, অভিনয় হবে, এ সম্ভাবনাও কল্পনাতীত, শুধু নাটকের পার্ট বণ্টন করে নিয়ে নিজেরা-নিজেরাই যার-যার অংশ মুখস্থ করে নিয়ে উদাত্ত কণ্ঠে তার আবৃত্তি। সেসব কী উদ্দীপনার দিনই না গেছে!

কিন্তু আমাদের সেই উদাত্ত কণ্ঠ সেই বীররস আর মধুর রস, সব একদিন হঠাৎই চাপা পড়ে গেল। মনের উৎসাহে আবৃত্তি করছি, এমন সময় দুর্দান্ত চেহারার এক মুসলমান গুণ্ডা এসে দরজার কাছে দাঁড়িয়ে রুক্ষস্বরে প্রশ্ন করলে, ক্যা হো রহা হৈ ইধর?

আমরা মুহূর্তে স্তব্ধ হয়ে গেলাম। প্রতাপ সিংহের মহত্ত্বগাথা, বিক্রম সঙ্গাতনের ঢেউ, কী যে ঠিক সেই সময় হচ্ছিল আজ মনে নেই, সব কে যেন মুহূর্তে টুঁটি টিপে বন্ধ করে দিল। আমরা নিঃশব্দে কামরার বাইরে বেরিয়ে এলাম। সেইরূপ চেহারা, টেরা কাটাকাটা দাড়ি গোঁফ, হাতে পাকা লাঠি। দেখেই আমাদের রক্ত যেন জল হয়ে গেল। আমরা আমতা-আমতা করে বললাম, মিঞা, ছোকরা হায় গানের জন্য।

—গান বাজনা? সে যেন খিঁচিয়ে উঠল, সাপ সাংগ, হমলোক হিঁয়া গানা বাজনা নেহি হোগা। ইয়ে হ্যায় ভদ্রপল্লী, সমঝে? হটাও ইয়াসে। আভি হটাও। হুকুম!

উপায় নেই। বিনা যুদ্ধে এ অপমানকে মেনে নিতেই হবে। পরে শুনেছি ও-পাড়া ও-অঞ্চলের কুখ্যাত গুণ্ডা। কুখ্যাত কি সুখ্যাত সেই মুহূর্তে তা জানতে পারিনি, তবে চেহারাতেই বুঝেছিলুম, টাঁ-ফোঁ করলে কোমরের লুকোনো ছোরাখানাই হয়ত বুকে বসিয়ে দেবে! কিন্তু, হারমোনিয়ম-তবলা নিয়ে উঠে যেতে-যেতেও একটা কথা মনে না জেগে পারেনি, গুণ্ডাজী বস্তিটাকে হঠাৎ 'ভদ্রপল্লী' ঘোষণা করলে কেন? জলটুঙ্গির বস্তি সে সময় এত কুখ্যাত ছিল যে, কোনো ভদ্রলোক ওর ভিতরে ত দূরের কথা, ওর ধার দিয়েও হাঁটত না। তাহলে 'গান-বাজনা' এতদূর নিকৃষ্ট জিনিস যে,

PYG. 13-X.10 BG ডিস্ট্রিবিউটরস : আই. সি. আই. (আই) প্রাইভেট লিঃ কলিকাতা, বোম্বাই, দিল্লী, মাদ্রাজ

জলটুঙির বাগিচার মত বাগিচার নিজস্ব ঐতিহ্যকেও অবিলুপ্ত করে তোলে!

খেদ করে আর কী হবে, চলে আসতে হল। অথচ খোঁজাখুঁজি করে সন্ধান পাই না। আমাদের মধ্যে একজন ছিলেন মহামেডান ক্লাবের সভ্য, প্রভাস বন্দ্যোপাধ্যায় নাম, কাঁসারীপাড়া রোডে তাঁর বাড়ি, হরিশ মুখার্জী রোড থেকে ভবানীপুরের বাজারের মোড় পর্যন্ত এখন যে লেনের মোড় রোড, সেটা তখন কাঁসারীপাড়া ছিল ... হরিশ মুখার্জী রোড অতিক্রম করলেই বাঁ দিকে পড়ত তাঁর বাড়ি। [illegible]

আর একজন ইংরাজী সন্ত্রাস নাম মনে পড়ে। প্রমথনাথ চট্টোপাধ্যায়, তাঁর বাড়ি বেলিপাড়ার দিকে। কিন্তু কোথায় জমায়েত হওয়া যায়? শেষ পর্যন্ত—মাঠে। কোন মাঠে? হরিশ মুখার্জী রোড আর কাঁসারীপাড়ার ক্রসিং ছাড়িয়ে দক্ষিণ-পূর্ব দিকে পানের দোকান ছিল একটি, তারপরে আস্তাবল, তারপরে মাঠ। সেই মাঠেই বসা হত। ফুটবল খেলার পর আমরা একসঙ্গে চলে আসতুম। সেই সময় আমাদের আরেক সঙ্গী জুটেছিল, তার নাম ভূতনাথ সিং—হিন্দুস্থানীই হবে—তবে বহুকাল এদেশে থেকে বাঙালীই হয়ে গেছে বলা যেতে পারে। তাদের ছিল মস্ত খাবারের দোকান, এবং ঘোড়া ও ঘোড়া-গাড়ির ব্যবসাও ছিল তাদের। ভূতনাথেরও লেখাপড়া হয়নি, ও-ও স্কুলের নাম-কাটানো ছেলে, নাটকে খুব ঝোঁক হল।

LIBRARY Cooch Behar

শান্তি লাইব্রেরী গৌরব

অমিয়রতন মুখোপাধ্যায়ের
নবতম মহান কাব্য

আসন্ন

অমিয়রতনের কবিতা ও কাব্য সম্বন্ধে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত একবার লিখেছিলেন: "তিনি শুধু কবি নন, দার্শনিক ও পণ্ডিত। তাঁর রচনারীতি ও ভাবাবেগের বৈচিত্র্য বিস্ময়কর ... গভীর অন্তর্দৃষ্টি ও রসবোধের যে পরিচয় দিয়েছেন তার তুলনা নেই ...।" অমিয়রতনের তৃতীয় কাব্যগ্রন্থ 'আসন্ন'-পাঠে এর চেয়েও গভীর ভাবের কবিকে অভিনন্দিত করতে হবে। কবি প্রেমেন্দ্র মিত্র ঠিকই বলেছেন: "কালের ঐকান্তিকতায় অমিয়রতন সেই গভীরতার সন্ধান পেয়েছেন সমস্ত সার্থক রচনার যা একমাত্র উৎস।"

কবিতা পড়ুন। "গদ্য উপন্যাসের মত কবিতাও যে আগ্রহভরে পড়তে হয়, চমৎকারভাবে অমিয়রতন-ই তা প্রমাণ করেছেন।"

প্রিয়জনদের উপহার দেওয়ার মত প্রকাশিত মনোরম কাব্য 'আসন্ন' : ৭·০০ ।

শান্তি লাইব্রেরী, ১০-বি, কলেজ রো, কলিকাতা-৯ । ৩৫-২০৩২ ।

ক্যান্থারল

ক্যান্থারাইডিন কেশ তৈল

অমিশ্র ক্যান্থারাইডিনের সহিত অন্যান্য উদ্ভিজ্জ তৈলের বিজ্ঞান-সম্মত সংমিশ্রণে প্রস্তুত অনুপম সুবাসিত কেশতৈল।

৫ আউন্স শিশি-কার্টন সমেত ও ১০ আউন্স শিশি কার্টন ছাড়া পাওয়া যায়।

দি ক্যালকাটা কেমিক্যাল কোং লিঃ

কলিকাতা—২৯

খাবারের দোকানের দিকে তেমন ঝোঁক ছিল না ওর বাবার মত, ওর ঝোঁক ছিল বরং ঘোড়া ও ঘোড়ার ব্যবসার দিকে। পরবর্তী কালে ওর বাবা মারা যাবার পর ঘোড়ার ব্যবসাটা নিজে দেখত আর ফলাও করেছিল, নিজে ভালো ঘোড়সওয়ারও ছিল সে।

এই যে ভূতনাথ সিং, এ জোগাতো আমাদের ঠাণ্ডা জল। আমরা গল্প করছি, প্রফুল্লবাবু গান গাইছেন খালি গলায় অবশ্য, আর মাঝে মাঝে ভূতনাথ তাদের খাবারের দোকান থেকে নিয়ে আসছে গেলাস আর ঘটি করে ঠাণ্ডা জল।




শুনতে শুনতে আরও থিয়েটারের নেশা জমে উঠল। সে হঠাৎ একদিন বললে, তাদের বাড়ির বৈঠকখানায় রিহার্সাল হতে পারে। তবে, সব দিন নয়। শনিবার আর রবিবার।

—তাই সই। কিন্তু, এতদিন বলিসনি কেন।

ভূতনাথ সলজ্জ হাসল একটু, মুখ নীচু করে।

আমরা আবার উৎসাহিত হয়ে উঠলুম। এ একেবারে পাকা বাড়ি—বড়ো বৈঠকখানা, বস্তীর খোলার সেই সব স্যাঁতসেঁতে ঘর নয়। তাছাড়া, তবলা-হারমোনিয়াম-মন্দিরা নিয়ে বসতে-না-বসতেই যে উঠিয়ে দেবে, এমন মনে হচ্ছে না।

তা-ই হল। দেখলাম, ভূতনাথের বাবা লোক ভাল। অন্ধ স্নেহ তাঁর ছেলের প্রতি। আমরা ছেলের বন্ধু, আমাদের ওপরও তাঁর স্নেহ জন্মাল। ক্রমশ এমন হল, আমাদের জন্য বৈঠকখানা প্রায় ছেড়েই দিলেন বলা চলে। আমাদেরও তখন মহড়ার এই নেশা যে, খেলাধুলো নিয়মিত আর হয়ে উঠত না, শুধু এই ছিল যে স্কুলের পড়াটা ছেড়ে দিইনি। ওটা বজায় রেখে চলেছি।

মহড়ায় আমাদের প্রম্পটারের দরকার হত না খুব মুখস্থ রাখতে পারতুমও। ভূমিকা মুখস্থ করায় অসুবিধে ত ছিল না, ঐ মহড়া নিয়েই আমাদের আনন্দ। আমরাই অভিনেতা, আমরাই দর্শক। অ্যাক্টিংয়ের কোন ক্লাইম্যাক্স কেমন হবে সে কথা যেই থিয়েটারের পালাটা দেখে এসেছে, তারা বলে দিত, অবশ্য যতটুকু তাদের পক্ষে মনে থাকা সম্ভব। বাকিটা আমাদের কল্পনা। রবিবার হত আমাদের ফুল রিহার্সাল। অর্থাৎ হুইসিল বাজিয়ে প্রথম ড্রপ তোলা থেকে শেষ 'যবনিকা পতন' পর্যন্ত। ড্রপ ত প্রকৃতপক্ষে ছিল না, হুইসিলের শব্দটাই ছিল ড্রপের নির্দেশ। আর, সখীদের গান-গুলি গেয়ে দিতেন প্রফুল্লবাবু। শুধু সখী কেন, অন্য সবার গানও। তবে তাঁকে বলতে হত না। হারমোনিয়াম নিয়ে তিনি একেবারে রেডী। অ্যাক্টিং-এর পরই হয়ত গান আছে, গানের পর সংলাপ, তারপরে আবার গান। দেখতে হত না, সংলাপও আছে, ওঁরও গান শুরু হয়ে গেছে।

এই মহড়ার নেশা এর পেয়ে বসলো যে, স্কুলেও নিয়মিত যাওয়া হত না। কোনদিন টিফিনেরও ঘণ্টা পড়েছে, আমিও চলে এসেছি। ১৯১০ সালের কথা ত? গোপনে থিয়েটার দেখাও হয়ে গেছে। 'তপোবলে' 'শঙ্করাচার্য'ও দেখেছি। ইতিমধ্যে স্কুলে হল কী, আমি তখন সেকেন্ড ক্লাসে পড়ি, আমাদের কলেজ বিভাগে ফার্স্ট ইয়ার ক্লাসে এসে ভর্তি হলেন ধীরেন্দ্রনাথ মিত্র।

## ডাক্তার হউন

ঘরে বসে ডাকযোগে পড়াশুনো করে সরকার দ্বারা রেজিস্টার্ড করা কলেজ থেকে ডিপ্লোমা নিন। বিনামূল্যে প্রোস্পেক্টাস-এর জন্য লিখুন।

**Indian Homeopathic College**
(DC.) Jullundur City.



বাইওকেমিক

## গার্হস্থ্য চিকিৎসা

ডাঃ টি, এন, সামন্ত, এল, এম, এস প্রণীত এই পুস্তকে রোগের বিবরণ ও চিকিৎসার অতি সহজ ভাষায় লিখিত আছে। গৃহস্থেরা অতি সহজেই এই পুস্তকের সাহায্যে চিকিৎসা করিতে পারিবেন। মূল্য ২.৫০।

**সামন্ত বাইওকেমিক ফার্মেসী**
৩৮/২ [illegible] রোড, কলিকাতা-২
বাইওকেমিক ঔষধ এবং পুস্তকের বিশ্বস্ত ও প্রাচীনতম প্রতিষ্ঠান।



১০ম

## টি-বি সীল

বিক্রয় অভিযান

| | |
|---|---|
| আরম্ভ হয়েছে | ২।১০।৫৯ |
| সমাপ্তি হবে | ২৬।১।৬০ |




প্রত্যেকটি সীল বিক্রয়লব্ধ অর্থ নিঃসহায় যক্ষ্মারোগীর নিরাময় ও পুনঃপ্রতিষ্ঠা কার্যে ব্যয়িত হয়ে থাকে। পশ্চিম বাংলায় যক্ষ্মা-প্রতিরোধ অভিযানে আপনার সক্রিয় সহানুভূতি অত্যাবশ্যক।

**বংগীয় যক্ষ্মা সমিতি**
পোষ্ট ২১, পকীর ৯৯, চি আই টি রোড, কলিকাতা—১৪

(১১৫)


তিনি উত্তরকালে "রিজেন্ট থিয়েটার" করেছিলেন "থিয়েটার রয়েল"-এ। সেটা এখন গ্র্যান্ড হোটেলের নীচেকার 'প্রিন্সেস' নামের বিখ্যাত সরাইখানা। ধীরেন্দ্র মিত্রের ছিল প্রবল থিয়েটারের শখ। তিনি আমাদের সেই আমলের স্বর্গীয় চ্যাটার্জীকে সুপারিশ ধরে প্রিন্সিপাল সাহেবের কাছ থেকে অনুমতি আদায় করলেন থিয়েটার করার। স্কুল-কলেজে একটা হৈ-চৈ পড়ে গেল। আমার মনটাও যেন মুহূর্তে তরঙ্গায়িত হয়ে উঠল। একে-ওকে-তাকে জিজ্ঞাসা করে বেড়াই, কী থিয়েটার হবে? সদুত্তর পাই না। অবশেষে গিয়ে ধরলুম একেবারে সুধীরবাবুকে। গম্ভীর গলায় তিনি উত্তর দিলেন,—রঘুবীর।

—কবে হবে?

পুজোর আগেই।

—স্কুলের ছেলেরাও করবে কি?

—হ্যাঁ, স্কুল, কলেজ আর এক্স-স্টুডেন্ট সব মিলিয়ে।

প্রবল উৎসাহে মনটা যেন নেচে উঠল। তার কাছ থেকে বইটা সংগ্রহ করে বেশ পড়েও শেষ করেছি। মনের মত পার্ট বেছে নিয়ে মুখস্থও প্রায় শেষ করেছি। [illegible] তিন-চারটে পার্টই পছন্দ হয়ে গেছে, মন বলছে, কোনটা ছেড়ে কোনটা ধরি? সব কটাই মুখস্থ করে ফেলি। এবার আমার পার্ট কেন? এবার [illegible] উঠে সেই জমকালো পোশাক, মুখে লাগাব রঙ!

কিন্তু না হায়রে! শেষ পর্যন্ত সমস্ত বড়দের হাতে পার্ট বিলি হয়ে গেল। স্কুলের ছেলেদের না নিলে নয়, এমনি ছোটখাটো দু-একটা ছোট ছোট পার্ট দিয়েছে, কোনোটায় মুখে দুটো একটা কথা মাত্র, কোনোটায় মুখে টু-ও নেই। আর আমাদের ভাগ্যে সেটুকুও জোটেনি। আমরা দর্শক পড়লুম।

এক্স-স্টুডেন্ট হিসেবে হিমাংশু চক্রবর্তী মশাই এসেছিলেন প্লে করতে, এক্স-স্টুডেন্ট হিসেবে এসেছিলেন হরিমোহন বসু। উত্তরকালে অভিনেতা হিসেবে 'নিউ থিয়েটার্স' বিশেষ প্রতিষ্ঠালাভ করেছিলেন, হরিমোহনবাবুও নাম করেছিলেন। এক্স-স্টুডেন্ট হিসেবে আরও একজন এসেছিলেন, তাঁর নাম [illegible]। [illegible] ইনি সুদর্শন, সুগায়ক এবং নারীচরিত্রে অভিনয় করতে বিশেষ পারদর্শী ছিলেন। উত্তরকালে নারী-চরিত্রাভিনেতা হিসেবে এত যশ অর্জন করেছিলেন যে, মফঃস্বল থেকে প্রচুর ডাক আসত ওঁর। ওঁর মত উঁচুদরের অভিনেতা খুব কমই দেখতে পাওয়া যায় আজকাল। আর ছিল আমাদের সঙ্গে পড়ত ভূপেন আচার্য বলে একটি ছেলে, তার ছোট ভাই নন্তু—ভালো নাম, বসন্ত আচার্য। স্কুলের দুটি ছেলে, সুরেশ


## ফলিত জ্যোতিষ

জ্যোতিষশাস্ত্রী শ্রীহরিহর মজুমদার বি, এল, এ, সি, আই, আই (লণ্ডন)
প্রাঞ্জল ভাষায় শ্রেষ্ঠ জ্যোতিষ গ্রন্থ। কোষ্ঠী বিচারের উচ্চপ্রশংসিত প্রামাণ্য গ্রন্থ। ৩.২৫
গ্রেসিডেন্সী লাইব্রেরী, ১৫ কলেজ স্কোয়ার, কলিকাতা-১২



## জাগরী

১ম বর্ষ সাহিত্য মাসিক। বার্ষিক—২.৫০ টা.
• [illegible] কবিতা-গল্পকারে লেখকদের প্রত্যেককে যথাসময়ে ফলাফল জানানো হবে। জাগরী (পৌষ) বিশেষ সংখ্যায় লেখা পাঠাতে পারেন।
উপন্যাসের শ্রেষ্ঠ বই:
**সাগর পারে ফিরি (২.৫০)**
সম্পাদক ৩.৫৫
JAGARI : Calcutta—3.

(সি ১১৩৬)



শৈলজানন্দ মুখোপাধ্যায়ের
সর্বাধুনিক উপন্যাস

## হে নিরুপমা

মূল্য—২.৫০ নঃ পঃ

শশিভূষণচন্দ্র ভট্টাচার্যের
অনবদ্য শ্রেষ্ঠ উপন্যাস

**পতিতা ধরিত্রী**

মূল্য—২.৫০ নঃ পঃ

শচীন্দ্রকুমার রায়ের
বৃহৎ নূতন [illegible] উপন্যাস

| | |
|---|---|
| বিমান বোটে বোম্বেটে | ... ৫.০০ |
| শতাব্দীরে নারী | ... ২.০০ |
| চক্রান্তকালে নারী | ... ২.০০ |
| গিরিচূড়ার বন্দী | ... ২.০০ |

**প্রমদা প্রকাশনী**
৫/১ [illegible] লেন স্ট্রীট
কলিকাতা-৬

(সি ১১৩৩)

গলার জন্ত ব্রনকাইটিস্, কাশি এবং সর্দি পেপস্ গলার ও বুকের বড়ি তাড়াতাড়ি সারিয়ে দেয়। পেপস্ চুষে দেখুন, এর আরোগ্যকারী তাপ কি ভাবে কাজ করছে। কি ভাবে বেদনা নিবারণ ও জীবাণু ধ্বংস করছে।

সি. ই. ফুলফোর্ড (ইণ্ডিয়া) প্রাইভেট লিঃ
FPY 56 BEN
পরিবেশক—মেসার্স কেম্প এণ্ড কোং লিঃ
৩২সি চিত্তরঞ্জন এভেনিউ, কলিকাতা-১২

রায়চৌধুরী, সে করেছিল 'সখার মা'র পার্ট', আর ওই বসন্ত, ও করেছিল 'পরীবাবু'র পার্ট—এই দুটিই ছিল স্কুলের ছেলে, যারা বড়ো পার্ট করেছিল। রিহার্সাল আমরা দেখতে যেতুম, কিন্তু হৈ-হল্লা করতুম। মাস্টাররা বিরক্ত হতেন, মুখ ফিরিয়ে চক্ষু রক্তবর্ণ করে প্রশ্ন করতেন, কী হচ্ছে কী?

আমরা নিশ্চুপ। কয়েকটি নিপাট ভালোমানুষ যেন চুপচাপ বসে আছি পিছনের সারিতে।

কখন যেন রিহার্সালের সময় এক দূতের প্রয়োজন হল। কে করবে দূত? খাতায় লিস্ট দেখে আমার পার্শ্ববর্তী এক বন্ধুর নাম উচ্চারিত হল। কিন্তু কোন সাড়া নেই। কে যেন আঙুল দিয়ে দেখিয়ে দিলে,—ঐ যে ওখানে বসে আছে।

মাস্টার ডাকছেন। বন্ধুবর বলে উঠলেন, 'পার্ট করবো না স্যর।'

—কেন?

কেনর উত্তর তাঁর অভিমানবশতই সে দিল না। চুপ করে রইল। শিক্ষক মহাশয়ের পুনঃ পুনঃ প্রশ্নে অবশেষে সে দিলে সংক্ষিপ্ত, অথচ স্পষ্ট উত্তর, 'বাড়িতে বারণ আছে।'

মোক্ষম উত্তর।

কিছুক্ষণ পরে আবার এলো এক দুষ্ট সৈনিকের ভূমিকা। আবার রব উঠল, সৈনিক—সৈনিক!

ওদের কে বলে উঠলো আমার নাম। বলে উঠল, ও বাইরে রিহার্সাল দেয় স্যর, ও পারবে।

কিন্তু আমার তখন অভিমানে ঘা লেগেছে। দ্বিতীয়ত, 'বাইরে রিহার্সাল দেয়' এটা সুসংবাদ নয়—অভিভাবকদের কাছেও নয়, শিক্ষকদের কাছেও নয়। মনের মধ্যে হঠাৎ একটা মরিয়া ভাব এসে গেল, বললুম—'করব না।'

—তোমারও বাড়িতে বারণ আছে নাকি?

—বারণ না থাকলেও করব না।

—কেন?

—ওসব নির্বাক সৈনিকের পার্ট-টার্ট আমরা করব না। বলে সদলবলে গট্ গট্ করে সেদিন বেরিয়ে এলুম হল থেকে।

গেলাম আমরা ওখানে পরদিন।

—তোমরা কী চাও? তোমরা ত করবে না।

আমরা রিহার্সাল দেখব।

শিক্ষকমশাইরা আর কিছু বললেন না। আমাদের মত আরও অনেকে বসে মহড়া দেখছে। তাদের মধ্যে বসে আমরা মাঝে মাঝে চিৎকার বা হল্লা করে উঠতুম।

বাধাতে পড়তে হল না। রব উঠত—কে—কে?

আমরা ভালোমানুষের মতো মুখ করে চুপচাপ রইলুম।

কিন্তু ধরা পড়তে হল। কজন ছাত্রের মধ্যে থেকে গোলমালকারীকে ধরা

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাস্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২
KALPANA.O.M.19B

আদৌ কঠিন ছিল না। একজন শিক্ষক বললেন, 'ওরকম হল্লা করলে হল থেকে বার করে দেবো।'

তার মানে! আমরা কি স্কুলের ছাত্র নই? বেশ করব, আমরা হল-এ থাকব।

এমনি গোলমাল দিনের পর দিন। বেড়েই চলল মনোমালিন্য। শেষ পর্যন্ত দেখলাম, আমরা বন্ধুরা যে যার দিকে সব সরে দাঁড়িয়েছে, শিক্ষক মশাইদের বিষদৃষ্টিতে পড়ে গেলাম—আমি একা!

একদিন একজন শিক্ষক আমাকে একেবারে ধরে নিয়ে গেলেন হেডমাস্টার [illegible] মশায়ের কাছে। নালিশ করলেন আমার নামে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] কিন্তু এ মনোমালিন্যের কথা সেদিন বলার মত ছিল না [illegible] অবশ্য [illegible] কেউ আমাকে সঠিক বুঝতে পারছে না। আমার মন যে কি চায়, সেটা [illegible] কেউ বুঝছে না কেন? বোঝাতে পারি না, কিন্তু বুঝে নেবারও কি কেউ নেই?

[illegible] বাড়ির মহড়ায় আরও জোর যেন আমাদের বেড়ে গেল। এলো ১৯২১ সাল। উঠলুম ফার্স্ট ক্লাসে। 'চন্দ্রগুপ্ত' অভিনয় দেখে এলুম একদিন এই সালেই। তারপরে মোহনবাগানের শীল্ড নেওয়া। ইলিয়ট শীল্ড-এ খেলতে গিয়ে আমার অ্যাকসিডেন্ট। বাড়িতে বেশ কিছুদিন অবরুদ্ধ হয়ে থাকা। তারপরে আবার পুজোর আগে স্কুলে থিয়েটারের উদ্যোগ। শুনলাম, এবার বই হবে স্থির হয়েছে, ক্ষীরোদপ্রসাদের 'রঞ্জাবতী'। গতবার গোলমাল করে হেডমাস্টারের বেত খেয়েছিলুম



বলে এবার আমাদের নাট্য সম্পাদক ধীরেন-বাবু, যার কথা একটু আগেই বলেছি, তিনি আমায় ডেকে বললেন প্লে করতে।

শুনে মনে হল, উনি আমাকে করুণাই করছেন। আমি গোঁ ধরে রইলাম। থিয়েটারও করব না, গোলমালও করা চাই। দেখি, আমার কথা প্রিন্সিপাল সাহেবের কান পর্যন্তও গেছে।

সব মিলিয়ে যা দাঁড়ালো, তাতে আমাকে যেন ভিতরে ভিতরে ক্ষেপিয়েই দিল। ও'রাই যেন আমাকে ক্রমাগত খুঁচিয়ে খুঁচিয়ে তিক্ততা বাড়িয়ে দিলেন, নইলে প্রথমটায় আমি ঠাণ্ডা হয়েই ছিলাম। কয়েক-বার জরিমানা পর্যন্ত করলেন তুচ্ছ অপরাধ ধরে, কয়েকবার শাস্তিও দিলেন। আমিও ছিলুম একবগ্‌গা গোছের।

'রত্নাবলী'তে এবার সেই-সব Ex-studentরাই এসেছেন, আমার বন্ধুরাও সব গেছে, গেল আমার সহপাঠী প্রবোধ বন্দ্যো-পাধ্যায়—বাড়ি ছিল তার হোগলনী পাড়ায়। যেতে পারলাম না শুধু আমি। আমার মন কেমন যেন সায় দিল না কিছুতেই। এ-নিয়ে রীতিমত স্নায়ুযুদ্ধ চলেছিল কয়েকদিন। রীতিমত বিরোধ। কয়েকবার কথা-কাটাকাটি, বাদানুবাদ। আমার মন সম্পূর্ণ বিমুখ হয়ে গেছে। মনে হচ্ছিল, এরা কেউ আমাকে বুঝতে চেষ্টা করছেন না। হয়ত করুণা করে এবার এক কাটা সৈনিকের পার্ট বড়োজোর দেবে, এর বেশী এদের কাছে আশা পর্যন্ত করতে মন চাইল না।

শেষে অবস্থা এতদূর পর্যন্ত গড়ালো যে, আমি স্থির করলুম, স্কুল ছেড়ে দেব। অথচ, সামনে ডিসেম্বর, তারপরেই বছর পেরিয়ে ১৯১২-র মার্চ মাসে পরীক্ষা। বাড়িতে কতো আমাকে বোঝানো হল, কিন্তু কিছুতেই কিছু হলো না, আমার যে-কথা সেই কাজ। বললাম, ও স্কুলে আর পড়ব না। ট্রান্সফার নেব।

বাবা একদিক দিয়ে ভাবলেন, কথাটা মন্দ নয়।

তাঁর মনে হয়েছিল, ছেলেকে কলকাতায় না রেখে বাইরে পাঠানোই ভালো। তাহলে যদি মানুষ হয়। এখানে ত বদসংসর্গে পড়ে উচ্ছন্নে যেতে বসেছে!

মধুপুরে স্যার আশুতোষ তখন একটা স্কুল করেছেন George V. Coronation School—ঠিক হলো সেইখানে আমাকে পাঠানো হবে পড়তে। অবশ্য জামতাড়া স্কুলও তখন নামকরা স্কুল ছিল।

কিন্তু ওখানে আমাকে পাঠিয়ে কোন লাভই হবে না। খোঁজ নিয়ে জানা গেছে, আর দেড়টি মাসের একটি স্কুলেও অ্যাডমিশন পাওয়া যাবে না। অতএব, যাওয়া হলো না বাইরে কোথাও। এদিকে ফল হলো এই আগামী মার্চের পরীক্ষা দেবো সে আর বুঝি হল না। আগামী ডিসেম্বরে টেস্ট। কিন্তু কোনো স্কুলে না পড়ে টেস্ট দেওয়া যায় কী করে। প্রাইভেটে? আবার মনোনিবেশ করার মতো মন তখন ছিল না। অভিভাবকেরা চিন্তিত হলেন, আমার ভয় চিন্তা ছিল না আমি মধ্যবর্তী পড়তাম মাঝে। স্কুল বন্ধ হবার আগের দিন—সেদিন লণ্ডন মিশনারী স্কুলে থিয়েটার 'রত্নাবলী'। সে সবের আয়োজন দেখতে গেলাম দুপুরের দিকে। স্টেজ বাঁধা হচ্ছে। একপাশে দাঁড়িয়ে চুপচাপ লক্ষ্য হয়ে সব দেখছি। এমন সময় উদ্যোক্তাদের কে এক-জন যেন আমাকে দেখতে পেয়ে এগিয়ে এলেন। আমার ওপর ও রাগ ছিল, তাই তীব্র স্বরে বলে উঠলেন- তুমি এখানে কেন?

—স্টেজ দেখছি।

—তুমি আর এ স্কুলের ছাত্র নও।

শুনে, আমার মাথায় যেন রক্ত চড়ে গেল। হল-এর একদিকে দাঁড়িয়ে চেঁচিয়ে উঠলাম, রীতিমত গালাগালি দিয়ে উঠলাম। ও'রা আরও রেগে সোজা গেলেন হেডমাস্টারের কাছে নালিশ করতে।

এক সময় তাকিয়ে দেখি, সত্যিই হেড-মাস্টার পূর্ণবাবু আসছেন এগিয়ে হনহন করে। আমি করলাম কী, সামনের গেটের দিকে ছুটলাম। কিন্তু আমি পৌঁছবার আগেই গেটটা ওরা বন্ধ করে দিয়েছে। শেষ পর্যন্ত অন্য উপায় না দেখে রেলিং টপকে পালালুম, ও'রা আর ধরতে পারলেন না।

কিন্তু সঙ্গে সঙ্গে এও প্রতিজ্ঞা করলাম, একখানা কার্ড জোগাড় করে যেমন করে হোক আজসন্ধ্যায় ওদের "রত্নাবলী"-র দর্শকরূপে আমাকে উপস্থিত থাকতে হবেই।

(ক্রমশ)





সর্বক্ষণ প্রফুল্লতার জন্য



মধুর সুগন্ধযুক্ত, মোলায়েম ট্যালকম পাউডার এবং অন্য টয়লেট পাউডারে নেই, ত্বকের দাগ এবং ঘামের দুর্গন্ধ উৎপাদক জীবাণু বিনাশকারী জি-১১* যুক্ত...তবুও গোদরেজ টয়লেট পাউডারের দাম বেশী নয়।

অতি সত্বর ঘামাচি, চুলকানি স্থায়ী-ভাবে দূর করে...তাই শিশুদের বিশেষ উপযোগী।

গোদরেজ

টয়লেট পাউডার

দুর্গন্ধ নিবারক ত্বকের পরিচর্যা করে সুগন্ধযুক্ত আনন্দদায়ক

সর্বাপেক্ষা সুফল পেতে হ'লে সিন্থল দিয়ে স্নানের পর ব্যবহার করুন।

(* পেটেন্ট (রেজি:) সাবস্ক্রাইবেবিন্ড)

গোদরেজ সর্ব শ্রেষ্ঠ সা বা ন ও অন্যান্য প্রসাধন সামগ্রীর নির্মাতা

প্রবোধবন্ধু অধিকারী

[illegible]

হওয়ার উপক্রম করলেন। তাকাতে চেষ্টা করলেন বারান্দার ছাদের দিকে। শেষ পর্যন্ত সেখানেও [illegible] না [illegible]। তাঁর অসুস্থ, মৃদু উত্তেজিত, অস্থির শরীর যেন পাখীর মতন হালকা। মন উড়তে চাইছে কিন্তু ডানা নেই, নেই...অবিনাশ আবার তাকালেন সুষমার দিকে।...আমি যাব...তাঁর দৃষ্টি করুণ ক্লান্ত ক্ষীণ এবং তাঁর আবেদনে সহজ, আন্তরিক। অদ্ভুত এক বিস্ময়কর মুখে। সমস্ত মুখে কাঁপছিল যেন, একটা সূক্ষ্ম কাঁপন যা খাঁচায় আটকানো অসহায় পাখির বুকের অস্থিরতা মিশল। স্পন্দন বাড়ছে। নিশ্বাস পর্যন্ত ক্লান্ত...“সুষমা” অবিনাশ ডাকলেন করুণ ক্লান্তির গলায়।

[illegible] দুটি [illegible] কাঁপল, এপাশের ঠোঁটে প্রশ্রয়ের হাসি দিয়ে কচি পাতার মৃদু [illegible]। ঠোঁটে ঠোঁট [illegible] খুলল না। ...আমি [illegible] সুষমা, আমার সময় হল এবার, [illegible] অবিনাশ, ঠোঁটবদ্ধ মুখে। [illegible] এক [illegible] বাতাস কাঁপল।

[illegible]

এক ছায়া উঠে এল। [illegible] ছিঁড়ে চারে চারে। অপলক। সেই অপলক ছায়া কালো, কালো অন্ধকার। তারা ফুটল। এক দুই তিন অসংখ্য... সেই তারা জ্বলল, নিভল, জ্বলল; হঠাৎই

টুপটাপ ঝরে পড়ুক। অনেক আছে। আস্তা নয়, ফুল। অসংখ্য রক্তে ফুল...

হ্যাঁ।

কেন?

মধুসূদন চট্টোপাধ্যায়ের মর্মস্পর্শী গ্রন্থ

ডোভার পেরিয়ে

এম. সি. সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিঃ
১৪ বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট, কলিকাতা-১২

(সি ১১১০)

কুমুদরঞ্জনের কাব্যবিচার

প্রাচীন কাব্য

সৌন্দর্য জিজ্ঞাসা ও নব মূল্যায়ন

গ্রন্থনিলয়, ১৭২, কর্ণওয়ালিশ স্ট্রীট, কলিকাতা—৬

বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের
নতুন গ্রন্থ নিবেদন

কবি ও অকবি ৩॥০

নেপথ্য নায়িকা ৫৲ রক্তকমল ৩॥০

মিত্র ও ঘোষ : কলিকাতা—১২

নিত্য ব্যবহারে

নিম

টুথপেষ্ট

ছেলেবেলা থেকে এই টুথ পেষ্ট ব্যবহার করলে দাঁত শক্ত ও মাঢ়ী সুদৃঢ় হয়।

একটি
ক্যালকেমিকো
অবদান

মাথাধরা,
পেশী ও গ্রন্থির বেদনা,
সর্দি-জ্বর ও ইনফ্লুয়েঞ্জায়

নিরাপদ ও
নিশ্চিত
আরামের জন্য

এলাসিড

বেঙ্গল ইমিউনিটি
কোং লিঃ

[illegible]

মীনার অন্ধকারে। প্রায় গর্তে উঠছেন অবিনাশ; থেমেও গেলেন হঠাৎ। [illegible] এবং মনোভাবের এক ভার ঘটেছে। সেই [illegible]

[illegible]

অথচ উঠছে এই পথ, নামছে অথচও। [illegible] এই [illegible] পথ, এই পথে [illegible] সমস্ত [illegible] উজ্জ্বলতা কোথাও। পথ [illegible] নিচু হল এই পথ—দিনাথ,' অবিনাশ ডাকলেন। তাঁর ডাকের সুর [illegible] ঢেউ তুলল, [illegible] মতন করুণ শুনলো। [illegible] অবিনাশ, 'দিনাথ,' অবিনাশ আবার ডাকলেন, 'তুমি কি ক্লান্ত, দিনাথ?'

'না।'

'ভয় পেয়েছ?'

'না।'

'[illegible] পড়ছে না?'

'না।'

'পথ যে নিচু হয়ে যাচ্ছে, দিনাথ!'

'উঠো এবার।'

পথ উঠল। এবার সোজা সরল অন্ধকারে। অবিনাশের মনে ভয়ের যেটুকু অবশিষ্ট ছিল, তা মুছল। অন্ধকার হলেন অবিনাশ। ছোট্ট নিশ্বাস পড়ল তাঁর। অবিনাশের মনে হল, দূরে কি কান্না—এই কান্না শুনো প্রান্তরের কোথাও কেউ কাঁদছে। [illegible] এই কান্না। [illegible]

কান্না ভেসে আসছে। কী করুণ! অবিনাশ এক অকল্পনীয় অনুভূতির ক্ষীণ স্পন্দন শুনতে পাচ্ছেন। এই কান্নার কান্না নয়; সুন্দর এক সুরের মতন। যেন সেই সুর বাজছে [illegible]। ঝিঁঝির ঝিঁঝির ক্রমে করুণ সুরে—ছাড়া ছাড়া ভাবে বেহালা-বাদিনের বেহালায় ছড় টানার মতন হচ্ছে। অথচ শব্দহীন এই বেহালা অন্ধকারেও



অদ্ভুত এক সমতা আছে। আর মিল। খানিক মোহিত হয়ে থাকলেন অবিনাশ। স্তব্ধতা, বিহ্বলতা এবং এক বিভ্রান্তির ভাব অন্য জগতে নিয়ে যাচ্ছিল তাঁকে। যেন তিনি চলে যাচ্ছেন। রাত্রির শেষ প্রহরে বিষ্ণুপ্রিয়াকে ছেড়ে নিমাইয়ের সংসার ত্যাগের মতন। "উইংসের আড়ালে এই বিদায়-মুহূর্তকে করুণ করে তোলবার জন্যে বেহালার ছড় কেঁপে কেঁপে কাঁদছে। সেই কান্না ছড়িয়ে পড়েছে এইখানে। 'বিনাশ, বিনাশ', অবিনাশ ডাকলেন।

'অবিনাশ,' বিনাশ ডাকল।

দুজনের ডাক মিলে মিশে গেল জলের মধ্যে জল ঢালার মতন।

'আই বিনাশ,' ডাকতে গিয়ে আচমকা হেসে উঠলেন অবিনাশ। জোরে, শব্দ করে। তার হাসির শব্দ পাক খেয়ে খেয়ে ছড়াল, আলোর তলায় ঝুলল খানিক, ফিকে কুয়াশায় ধাক্কা খেয়ে ভাঙল, ছড়িয়ে পড়ল টুপটাপ। অবিনাশ হাসছেন তবুও। 'তোমার স্বভাব বিনাশ, শিশুর মতন।'

'কেন?'

'এই যে কেমন করছ!'

'কেমন?'

'এই লুকোচুরি খেলার মতন। কখনও সামনে আসছ আমার, আবার পেছনে পালাচ্ছ।'

সামনে আলোর থাম। ঝিঁঝিঁ ডাকছে কোথাও শুনতে পেলেন অবিনাশ। আচমকা ধরতে গেলেন বিনাশকে, 'এই যে, এই যে পালাচ্ছ পেছনে।'

'সামনে আলো; এবার আমার জায়গা পেছনে।'

'কেন?'

'আলো আমার শত্রু। আমি ছিলাম তোমার মধ্যে, তোমার দেহের অন্ধকারে—ছায়া হয়ে লুকিয়ে। আলো আমার স্বরূপ প্রকাশ করবে।'

আর কথা বললেন না অবিনাশ। হাঁটতে হাঁটতে ঝিঁঝিঁর ডাক শুনছিলেন। আলো সরে গেল পেছনে। বিনাশ এল সামনে 'রাত এখন অনেক, না বিনাশ?'

'হাঁ।'

'কিন্তু বিনাশ, সুষমাকে আমি কথা দিয়ে এসেছিলাম যে...'

'সুষমা তোমার নয়।'

'কার?'

'আমার।'

'কেন?'

'কারণ, আমি সুষমাকে ভালবাসি। তুমি বাসো না। সুতরাং...' বিনাশ থামল সামান্য, 'সুষমার কাছে আমি যাব, তুমি না।'

'কেন না?'

'সুষমা চায় না তোমাকে।'

'কাকে চায়?'

'আমাকে। তুমি জান, আজ সন্ধ্যাতেও আমরা এক সঙ্গে ছিলাম। তিক্ত-বিরক্ত হয়েছে সুষমা তোমাকে নিয়ে। সারাজীবন ধরে সে অনেক দিয়েছে, পায় নি কিছুই। তুমি তাকে জ্বালিয়ে পুড়িয়ে মেরেছ। অত্যাচার অনাচার করেছ, নির্যাতন নিপীড়ন করেছ।' বিনাশ থামল।

'কিন্তু বিনাশ...' কি বলতে গিয়ে ভয় পেলেন অবিনাশ। ভাবলেন, সব কথাই জানে না বিনাশ। আমার মনের কথা, সুষমার কথা এবং আমাদের কলঙ্কের ইতিহাস। বাইশ বছরের। কেমন বিহ্বল বিমূঢ় নিশ্চল হয়ে পড়লেন। তার বুকের তলায় দুটি রুক্ষ অশ্রু ঝরে। 'সুষমা...' অবিনাশ ডাকলেন। চিবুক থেকে সুষমার মুখে। কপাল বেয়ে নাক, নাক থেকে চোখের কোল ছুঁয়ে কানের গোড়া ছুঁলে সেই চিবুক... গাল থেকে ঘাড় অবধি। ভুরুর তলা থেকে আর এক চিবুক [illegible] ছুঁলে। সুষমা। হাত বাড়িয়ে ধরতে গেলেন অবিনাশ।



সুষমার মুখ-চোখ ভাঙল। চিত্ত আলগা হয়ে খসে এল খণ্ড খণ্ড হয়ে। 'বিনাশ', অবিনাশ ডাকলেন, 'তুমিই যাও যাও বিনাশ—'

স্বর্গীয় সুখের দিকে তাকিয়ে এই কথাই বলা উচিত। কারণ তুমি তার অমৃতই।'

'আর তুমি?' অবিনাশ শেষে দাঁড়িয়ে বিনাশকে দেখালেন। দাঁড়িয়ে পড়লেন থমকে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible] জ্যোৎস্না নয়। অন্য এক নৈসর্গিক আলো [illegible] একটুকু। [illegible] অবিনাশ। [illegible] আরও দূরে গিয়ে এখন বিন্দু হয়েছে—সেই বিন্দুও



মুখে গেল হঠাৎ।...এক সপ্তধাতুর মহলে যেন নেমে গেলেন অবিনাশ। উড়ে বেড়াচ্ছিলেন হালকা ছোট পাখির মতন কিছু বাধা পেলেন। পাখা নেই তাঁর। পাখি নন। অন্য কিছু। অবিনাশের মনে হল এই পৃথিবীর জন্ম হয়েছে সবে। জল জল জল... আদি পৃথিবীর উষ্ণ জল। সেই জলের ওপর সব জমল। শক্তিকে হতে হতে মাটির রূপ ধরল। আর তিনি এই জলের তলায় বুদবুদ হয়ে লুকিয়ে ছিলেন, এবার উঠলেন।

এই জলের কি রঙ অবিনাশ জানেন না। তিনি উঠলেন। এই বিরাট বিশাল অন্তহীন জলধির তুলনায় একটিমাত্র বুদবুদ। তারও যেন রূপ পালটাচ্ছে। অন্য কিছু হয়ে গেল। মাছের মতন। চোখ খুললেন অবিনাশ। সামান্য সবুজ আভার মধ্যে হালকা হলদে রঙ। জল কেটে চলেছেন তিনি...রূপ পালটাচ্ছে তাঁর।

প্রায় মরার মতন এতক্ষণ পড়েছিলেন অবিনাশ, অজ্ঞান হয়ে। এখন জ্ঞান ফিরে এল তাঁর। চোখ খুললেন অবিনাশ। উঠলেন। এই পৃথিবীর রূপ অন্য। এখানে জনপদ নেই, বসতি নেই, গাছগাছালি কি পাখি


ফিনিক্স দ্বারা পরিকল্পিত বস্ত্র যদি আপনি ব্যবহার করেন, তবে তা যে সুরুচি ও মর্যাদা সম্পন্ন হবে সেবিষয় আপনি নিশ্চিন্ত হতে পারেন।

# রুইয়া বস্ত্র

রুইয়া বস্ত্র বহুপ্রকার আকর্ষণীয় ডিজাইন, বিচিত্র রঙ ও শেডে পাওয়া যায়। ফিনিক্স মিলের ভয়েল প্রিন্ট ও লেনো সত্যিকারের সৌন্দর্যের পথপ্রদর্শক।

দি ফিনিক্স মিলস্ লিমিটেড,
লোয়ার প্যারেল, বম্বে-১৩

[illegible]

[illegible] আমি এমনি সুষমা। [illegible] তোমার কেউই নয়, আপন নয়, [illegible] নয়...

[illegible]

[illegible] করছে আর প্রায় লুকিয়ে [illegible]।


শ্রীজগদীশচন্দ্র ঘোষ-সম্পাদিত

**শ্রীগীতা**

মূল, অন্বয়, অনুবাদ, টীকা, ভাষ্য-রহস্য ভূমিকাসহ অসাম্প্রদায়িক সমন্বয়মূলক ব্যাখ্যা। ৫৲ টাকা।

**শ্রীকৃষ্ণ ও ভাগবতধর্ম**

শ্রীকৃষ্ণ-তত্ত্ব ও লীলার সর্বাঙ্গসুন্দর শাস্ত্রীয় আলোচনা। ৪৷৷৹ টাকা।

**ভারত-আত্মার বাণী**

উপনিষদের যুগ হইতে ভারতের যুগ-যুগান্তরের বিশ্বমৈত্রীর বাণীর ধারাবাহিক আলোচনা। ৫৲ টাকা।

প্রেসিডেন্সী লাইব্রেরী
১৫ কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

**PINE COUGH**
**ELIXIR**
WITH OIL OF PINE

সর্দি, কাশি, ব্রঙ্কাইটিস, হাঁপানী এবং যাবতীয় শ্বাসযন্ত্রের রোগে আশু ফলপ্রদ।

বাথগেট এণ্ড কোং লিঃ
কলিকাতা—১

**ক্লিপার**
**ডিলুক্স**

পি. আর. নং ৭৮১৬১
টি. এম. আর. নং ১৩১১৭০

[illegible]

THE CLIPPER
PEN CO
204 Hornby Rd.
Bombay-1.

# কেমিকো

## হোমিওপ্যাথিক লিভার টনিক

লিভারের সর্ব্বপ্রকার দোষে ও হজমের গোলমালে বিশেষতঃ শিশুদের পক্ষে চমৎকার ফলপ্রদ।

সোল এজেন্ট :—
এম, ভট্টাচার্য্য এণ্ড কোং প্রাইভেট লিঃ
৭৩, নেতাজী সুভাষ রোড, কলিকাতা-১

**মহেশ লেবরেটরিজ প্রাইভেট লিঃ**
৩০।৪, ক্যানেল ইষ্ট রোড, কলিকাতা-১১



## বিশেষভাবে এই কেশতৈলটিই আপনি কিনবেন কেন ?

চুল পরিষ্কার রাখবার জন্যেই সাধারণতঃ আপনি কেশতৈল কিনে থাকেন। কিন্তু উপর-উপর চুল চকচকে রাখাই যথেষ্ট নয়। চুলের তেলের আরও কতকগুলো বিশেষ গুণ থাকা দরকার যাতে মাথার ত্বক সুস্থ থাকবে আর চুলের গোড়া তার উপযুক্ত খাদ্য পাবে। এ সমস্ত গুণই যে কেশতৈলটিতে আছে, তা হচ্ছে

# কেয়ো-কার্পিন

সুরভিত কেশতৈল
চুলে নতুন জীবন দেয়

দে'জ মেডিকেল ষ্টোর্স প্রাইভেট লিঃ
কলিকাতা • বোম্বাই • দিল্লী • মাদ্রাজ • গৌহাটি • পাটনা • কটক •


অবিনাশের চোখের পাতা পড়ছে না... পড়ছে না...নড়ছে না। রক্ত জমেছে চোখে: কপালে বিন্দু বিন্দু ঘাম দেখা দিয়েছে। চিবুকের হাড় অল্প উঁচু হয়ে। গলা থেকে অবিরাম ধারায় ঘাম নামছে বুকে। বুক ওঠানামা করছে হাপরের মত। সেখানে হাতুড়ি পেটার শব্দ শোনা যাচ্ছে। 'সু-ম-না!' জোরে ডাকলেন অবিনাশ। ভয়ানক গম্ভীর গলায়। তাঁর গলার স্বর জড়ানো, ঘনখানে, বীভৎস এবং দুর্বোধ্যকণ্ঠ। সেই স্বর শীতের উত্তুরে বাতাসের মত আছড়ে পড়ল জানলার কাচের পাল্লায়। কিন্তু শব্দ উঠল না। উঠল না—শীতের কুয়াশার কাপড়টা এল। মনে হল কুয়াশা। বাতাস এসে ঢুকল ঘরে। অবিনাশ অবশ হয়ে এলেন এ পাশের দরজায়।

দরজা খুলে গেল। অবিনাশ দেখলেন, ওরা দু'জন এসে। বিনাশ আর সুমনা একই সঙ্গে ঘরে ঢুকল। [illegible]

পা-ঘষার শব্দ হয়েছিল বুঝি, বিনাশ তাকাল। সামান্য চমকালো তার চোখ। দাঁড়াও, দাঁড়াও—এসো না, আমি আসছি। বিনাশ উঠল। ইশারা করল।

'তুমি!'
'হ্যাঁ!'
'কিন্তু এই কি কথা ছিল?'
'কি কথা?'
'তুমি আসবে না!'
'কিন্তু বিনাশ '

বারান্দা পেরিয়ে পাশে—নেমে এল ওরা। বিনাশ আর অবিনাশ তারপর পাশে।

'আমি খুঁজে দেখলাম বিনাশ, সুরমা আমার।' অবিনাশ হাঁটিতে হাঁটিতে বললেন।

'আমার!' বিনাশ হাঁটিতে হাঁটিতে বলল। 'তুমি শাপ এনেছ এ-কথা ঠিক?'

'ঠিক।'

'তুমি সাক্ষী করে দেখ শাপ, অনুপমার হয়ে আমিই শাপ দিয়েছিলাম সুরমাকে। তুমি নও?'

'না।'

[illegible]

'সুরমা [illegible] সুরমা [illegible] আমার।' অবিনাশ বললেন।

[illegible]

[illegible]

এই লড়াইও থামল এক সময়। বিনাশ পড়ল। পড়ে গেল। বিনাশ মরেছে। অবিনাশ দেখলেন তিনি এক আলোর [illegible] দাঁড়িয়ে। এই সেই ধাম, অবিনাশ ভাবলেন। এইখানে [illegible] বিনাশের, এইখানেই মরণ। অবিনাশ দাঁড়ালেন। বিনাশ হাঁটিতে পারে—এক পা এক পা বিনাশের এক সাথে।

সেই হাত সমানে বাড়ালেন অবিনাশ। আলো নেই। আলো নিভে গেছে কখন। অন্ধকার নেমেছে। শুধু ঘন নিশ্ছিদ্র জমাট অন্ধকার। কী কালো! কী সীমাহীন অনন্ত অসীম সূচীভেদ্য অন্ধকার! সেই নিকষ কালো অন্ধকারের ঢেউ থইথই করছে। ঢেউ আসছে। এই বিরাট বিশাল সীমাহীন অনন্ত অন্ধকারের প্রান্তরের এক কোণে জড় জীবের মত পড়ে আছেন অবিনাশ। সুরমা সুরমা—আকুল আর্তস্বরে [illegible] ডাকলেন। সেই ডাক [illegible] হল। [illegible] অন্ধকারের [illegible] সেই ডাক। অবিনাশের [illegible] সুরমা, সুরমা, বিনাশ মরেছে, বিনাশ বিনাশ বিনাশ...

[illegible]

হয়। অবিনাশ তাঁর উত্তেজনায় বুকে বরে অন্য এক মানুষ থেকে জেগে উঠলেন...

ঘর পেরিয়েছিল সুরমা। আকুল আর্তস্বর উঠেছে তার মনে। চোখে মুখে ভয় আর [illegible]। ইজিচেয়ারে এলিয়ে পড়া অবিনাশকে নাড়া দিচ্ছিল অনেক।

একেবারে জাগালেন অবিনাশ। তখন চোখ [illegible]। সুরমা, [illegible]। 'ওরে [illegible]', [illegible] বললেন অবিনাশ। 'কত [illegible] একেবারে মেরেছি...'

'কাকে?' বিস্ময়ের গলায় শুধোলো সুরমা।

'বিনাশকে।'

'কে বিনাশ?'

'বিনাশ বিনাশ, আমারই—' তাঁর কথা [illegible] অবিনাশ।

এক মুহূর্ত কি ভাবল সুরমা। হাসলও [illegible] বিনাশ নয়।

'কে?'

সুরমার মুখে [illegible]। অবিনাশের মনে হল, বিনাশ এইখানেই লুকিয়ে আছে। এই ঘন [illegible]।




মনের মতো কাজ পেতে হ'লে
কাজে সেরা ও দামে সুবিধে ব'লেই ন্যাশনাল-একো রেডিও এবং ক্লিয়ারটোনের জিনিস বিখ্যাত। আর তা-ও এত বিভিন্ন রকমের পাওয়া যায় যে আপনার যেমনটি চাই বেছে নিতে পারবেন।
ন্যাশনাল একো
রেডিও
ন্যাশনাল-একো রেডিও মডেল ইউ-৭১৭-এসি/ডিসি; ৫ ভালভ, ৩ ব্যাণ্ড, ন্যাশনাল-একো'র বড় সেটের মত অনেক বিধি-ব্যবস্থা এতে আছে।
টাকা
ডিসি; ৬ ভালভ, ৩ ব্যাণ্ড
এই ধরণের রেডিওর মধ্যে সেরা।
টাকা
Kleertone ক্লিয়ারটোন বাতি ও অন্যান্য সরঞ্জাম
ক্লিয়ারটোন বৈদ্যুতিক ওয়াটার হীটার—
ক্লিয়ারটোন সিংক্রোনাস বৈদ্যুতিক দেওয়াল ঘড়ি—
ক্লিয়ারটোন কুকিং রেঞ্জ—
ক্লিয়ারটোন বাতি, ফ্লুরেসেণ্ট টিউব এবং সিল্ভ টাব—
ক্লিয়ারটোন বৈদ্যুতিক কেটলি —
জেনারেল রেডিও অ্যাণ্ড অ্যাপ্লায়েন্সেজ প্রাইভেট লিমিটেড
GRA

# বাইশে শ্রাবণ

**নির্মলকুমারী মহলানবিশ**

[illegible]

---

## শ্রীমহেন্দ্রনাথ দত্ত প্রণীত পুস্তকাবলী—

[illegible]

রাষ্ট্র পরিকল্পনা

1. Energy Re 1.25 2. Mind 3. Natural Religion Each Re 1.
4. Mentation Rs 2. 5. Theory of Vibration Rs 2.
6. Formation of the Earth 2.
7. Tenets of Love 1.50

1. National Wealth 5.50
2. Federated Asia 4.50
3. Lectures on Education 1.25
4. Homocentric Civilization 1.50
5. Lectures on Status of Toilers 2.
6. Nation 2.
7. New Asia Rs 1.
8. Temples and Religious Endowments .50

1. Principles of Architecture 2.50.

বাংলা ভাষার ক্রমবিকাশ

বাংলা ভাষার প্রবাদ ২.

[illegible]

**মহেন্দ্র পাবলিশিং কমিটি**

[illegible]

[illegible]

নেশাকল। কিন্তু শুনেছি গিরিডির খুব কাছেই গোরাপুরের ব্রজেন্দ্রকিশোরদের একটা বাড়ি আছে; কে যেন বলছিল সেটা খুব বড়ো বাড়ি। ওদের যদি বলি আমি ওদের বাড়িতে গিয়ে থাকতে চাই কয়েকটা দিন, তা কি আর ওরা দেবে না? ঐ ওদেরই বাড়িতে তো আমরা কালিম্পঙে গিয়ে থাকি। সেখানকার বাড়িই যদি দিয়েছে তো এখানে দেবেনা কেন? আমার তো মনে হয়না ওদের কাছে চাইলে কোনো আপত্তি হবে।"

আমি বললাম, সে বাড়ি তো খুব চমৎকার আর প্রকাণ্ড বাড়ি। চারিদিক নির্জন, একটা ছোট্ট পাহাড় ওদের জমির মধ্যেই পড়েছে। বাড়িখানা উঁচু টিলার উপরে তৈরী। ওটা আগে একজন জার্মান সাহেবের ছিল শুনেছি। ১৯১৪ সালে লড়াই বাধবার আগেই সে অতি সস্তায় এবাড়ি বিক্রি করে দিয়ে দেশে চলে যায়—তখন এঁরা কিনেছেন। আমি ভিতরে কখনো যাইনি কিন্তু বাইরে থেকে মোটরে যাতায়াতের সময় বরাবর দেখতে পাই। কাছেই খাণ্ডো নদী, বরাকর নদীও মাইল চারপাঁচের মধ্যে।

কবি বললেন [illegible]

[illegible]

৩। [illegible]

৪। [illegible]

বিপদ হবে বলে বলে বিপদ ডেকে আনবার দরকার নেই।

"ঐ দেখো, কুডাক ডাকতে নেই—যতসব মেয়েলী কুসংস্কার। তুমি না ব্রাহ্ম-সমাজের মেয়ে?" আমি বললাম—কেন, আপনার মনে নেই ডাকাত পড়বে ডাকাত পড়বে বলে আমার বাড়িতেও সেই রাতে ডাকাত পড়ালেন। তারপর সেবার রথী-দাদার জন্যে যখন কলকাতা গিয়েছিলেন, মনে আছে? কত রকম বারণ করেছিলাম ওরকম ঠাট্টা করেও 'অসুখ করবে, অসুখ করবে' বলবেন না। কিছুতেই কথা শুনলেন না। আমাকে খ্যাপাবার জন্যে বোলপুরে আসবার আগে সারাদিন কুমারকে বললেন, "কেমন আমার সঙ্গে যাচ্ছ না দেখবে আমার জন্যে কি রকম ছুটে আসতে হবে পরে। এমন অসুখ করবে যে কাগজে রোজ বুলেটিন বের করতে হবে তোমার মেজমামাকে। সে একেবারে [illegible] [illegible] কলকাতা থেকে আসবে। [illegible] নামকরা ডাক্তার সঙ্গে নিয়ে এলেন আপনার চিকিৎসা করতে। সেদিনটি আপনি ঠাট্টা করে বর্ণনা করেছিলেন ঠিক সেইটিই হ'ল।

আমি জোরে দেখছি দেখি, আপনি একেবারে অজ্ঞান অবস্থায় আপনার এই আরামচৌকিটাতে বসে আছেন। অনেকক্ষণ পরে আমাকে কয়েক মুহূর্তের জন্যে চিনতে পেরে একটু হেসে বললেন, "কেমন? সেই এলে তো?" তার পরই আবার বেহুঁশ। বাবা, কি দিনই গিয়েছিল সকলের সেই সময়টা। সেদিনও বার বার আমাকে বলেছিলেন, "কুসংস্কার যত রকমের হতে পারে" ইত্যাদি। কিন্তু হল তো? তাই বলছি আপনার কুডাক ডাকবার দরকার নেই। আপনার মুখ থেকে খারাপ যা বলেন তাই হয়। খুব হাসলেন আমার কথা শুনে। ইতিমধ্যে ক্ষিতিমোহনবাবু এসে বসলেন।

"শুনেছেন মশাই, আমি এদের বলছিলাম যে এবারে পাহাড়ে না গিয়ে হাজারিবাগ, রাঁচি, গিরিডি অঞ্চলে অর্থাৎ ছোটোনাগপুরে ডিস্ট্রিক্টএ কোথাও যেতে আমার ইচ্ছে করছে। কাল আবার আমার শরীরটা যেরকম হ'ল তাতে মনে হচ্ছে পাহাড়ের বেশি ঠান্ডা আমার পক্ষে বোধহয় ভালো হবেনা। আচ্ছা আপনি তো নানা জায়গায় ঘুরে বেড়ান, বলুন তো কোথায় গেলে ভালো হয়।"

ক্ষিতিমোহনবাবু বললেন, আমার মনে হয় রাজগীরে গেলে বোধহয় আপনার শরীরের সবচেয়ে বেশি উপকার হতো। জায়গাটি দেখতে সুন্দর, পুরোনোও বটে এবং যাওয়াও কষ্টসাধ্য নয়। যদি ওখানকার ওই [illegible] স্নান করতে পারেন তাহলে নিশ্চয়ই আপনার শরীরের গ্লানিগুলো অনেক কমে যাবে। আমি তো দেখেছি ওখানে গিয়ে অনেকের খুব উপকার হয়েছে।

কবি বললেন, "দেখি রথীদের কাছে একবার বলে, ওরা কি মনে করে। পাহাড়ে যেতে এবারে আমার একটুও ইচ্ছে করছে না।" আমি বললাম—কেন, এর আগে তো আপনি কালিম্পং গিয়ে খুব আনন্দ পেয়েছেন। "হ্যাঁ, দেখতে সুন্দর একথা তো অস্বীকার করছি না, কিন্তু এবারে যে আমার শরীরটা একটু গোলমাল করছে, ওই পাহাড়ের ঠান্ডাটা ভালো হবেনা আমার পক্ষে।" সেবারের মত আলোচনা এই-খানেই শেষ হ'ল। একবার বললেন, "[illegible] একখানা চিঠি লিখতে হবে ও জিজ্ঞাসা করতে ওর বাবাকে যে [illegible] পাওয়া যাবে কিনা।"

পরদিন অর্থাৎ ১৫ই আগস্ট বিকেলের গাড়িতে আমি চলে এলাম। বিদায় নিতে যখন গেলাম, বললেন, "মনে আছে তো? [illegible] যদি এবার গিরিডিতে [illegible] বাড়িতে যাই, তাহলে তুমি এসে আমার দেখাশুনা করার ভার নেবে।" বললাম, হ্যাঁ মনে আছে। আপনিও বলছি, নিশ্চয়ই নেবো।

কলকাতায় ফিরেই গিরিডি রওনা হতে পারলাম না। কয়েকদিন অপেক্ষা করে যেতে হল। ইতিমধ্যে কবির ২০শে আগস্ট লেখা একখানা চিঠি পেলাম—

শান্তিনিকেতন

কল্যাণীয়াসু,

একেবারে চার প্যাকেট সন্দেশ—একেই না বলে [illegible]। তা মেয়েলী লোকটি

---

৬। বরানগরে [illegible]।

৭। পরলোকগত ডাক্তার স্যর নীলরতন সরকার। অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবিশের [illegible] মেজমামা।

৮। হেমন্তবালা দেবী। ময়মনসিংহ গৌরীপুরের জমিদার পরলোকগত ব্রজেন্দ্র-কিশোর রায়চৌধুরীর কন্যা। কবির বিশেষ ভক্ত।


নূতন বই

**কবি [illegible] দত্ত** ২·৫০
রাজকুমার মুখোপাধ্যায়
কবির জীবনীর একমাত্র আলেখ্য

**যুক্তরাষ্ট্রের ইতিহাস** ১০·০০
নেভিন্স ও কমেজার
বাংলা ভাষায় যুক্তরাষ্ট্রের একমাত্র পূর্ণাঙ্গ ইতিহাস

**West To day** 7.00
**আজকের পশ্চিম** ৪·৫০
ডক্টর প্রফুল্লচন্দ্র ঘোষ
এই মূল্যবান ও শিক্ষাপ্রদ বইটি সকলেরই সযত্নে পড়া দরকার :যুগান্তর:

**বাংলা সাহিত্য প্রসঙ্গ** ৩·৫০
অধ্যাপক নীলরতন সেন
ছাত্র সমাজ এবং সাধারণ পাঠক সমাজ এই গ্রন্থ হইতে তথ্য ও সাহিত্যরসের সন্ধান পাইবেন :[illegible]:

**কক্ষপথ** ২·৭৫
সুনীল সরকার
আলোচ্য উপন্যাসখানির লেখক প্রতি-ষ্ঠাবান না হলেও এই গ্রন্থখানির মাধ্যমে পাঠক সমাজে প্রতিষ্ঠা পাবেন :দেশ:

**তারা তিন জন** ২·০০
নীলকণ্ঠ

**মণিমালা** ২·৫০
লীলা মজুমদার
আলোচ্য উপন্যাসখানি একটি উপভোগ্য রচনা। মা ও মেয়েদের পড়া উচিত :যুগান্তর:

**কালাপানি** ২·০০
জীবানন্দ ভট্টাচার্য
বাংলা কথা-সাহিত্যে নূতন সংযোজন। আমরা তাঁর নতুন অবদানের জন্য সাগ্রহে প্রতীক্ষা করব :[illegible]:

শিশু সাহিত্যে অভিনব সংযোজন

**রোশনাই** ৩·০০
সম্পাদনায়—[illegible]
রোশনাই কিশোরদের একটি সুখপাঠ্য ও সুন্দর সংকলন :দেশ:

**ছবি ছড়ার দেশে** ৩·০০
সম্পাদনায়—বিশ্বনাথ দে
প্রত্যেক পাতায় একগুচ্ছ করে ছবি দিয়ে বাংলা দেশের [illegible] ছড়ার এমন সুন্দর একখানি সংকলন পুস্তক, এক অভাব কাণ্ড। :যুগান্তর:

**এশিয়া পাবলিশিং কোম্পানি**
কলেজ স্ট্রীট মার্কেট : কলিকাতা-বারো

(সি ১১২১)

খুব যে খারাপ লাগে তা বলতে পারিনে।

নানারকম দায় ঘাড়ে চেপেছে। হীরেন্দ্র দত্তের সম্বর্ধনা, সাহিত্য পরিষদে বাণী চাই। আধুনিক বাংলা কবিতা সংকলন বেরিয়েছে, অভিমত চাই। আনন্দবাজারে ছেলেদের বিভাগে কবিতা পাঠিয়ে তাদের ঠাণ্ডা করা চাই; সোম-মঙ্গলবারে ক্লাস নিতে হবে। সর্বোপরি আছে অরবিন্দ১, বেচারিকে অনেক পিটুনির পর ঠাণ্ডা করে দিয়েছি, সে চাটগাঁয়ে চাকরি পেয়েছে—কলকাতা থেকে লোকের আমদানি চলচে—তাছাড়া রাস্তে শুতে যেতে হয়—দিনের বেলা খাবার আসে—কী মুশকিল ভেবে দেখ। কাল আসবে সুধাকান্ত, তার আলাপ টগবগ করে ফুটে উঠবে কানের কাছে। গল্প লেখা চলেইচে কোনো ইনস্পিরেশন নেই নিকটের পাড়ায়। সংসারে—খুচরো দুঃখ আরো অনেক কিছু আছে—যেমন চিন্তা করে দেখো আমও আসে তা দামও দিতে হয়না, তার স্বাদও ভালো, চেহারাও মন্দ নয় অথচ মুখে দিয়ে সুখ পাওয়া যায় না। আমার দুঃখের এই ফর্দ তোমার কোন্ ঠিকানায় পৌঁছবে জানিনে। কোমল হৃদয়ে দুঃসহ ব্যথা লাগবে এই আশংকা। ইতি

১০।৪।৪০ কবি

কবির চিঠির পরে মীরাদির চিঠি এল—

ভাই রাণী,

তুমি এখনও যাওনি? তাহলে তোমার গাছগুলো কি হবে? তোমার মাকে লিখে দিয়েছ তো?

গরমের কথা যদি বল তো সে বিষয়ে কলকাতার কাছে বোলপুর হার মানবে মনে কোরোনা। এখানেও চারপাঁচ দিন ঘরে কারো চোখে ঘুম ছিলনা বা গরম ছাড়া কথা ছিলনা। বাবার মতো লোক যিনি সহজে গরম স্বীকার করতে চাননা, তিনিও গত রবিবারে আমাকে সারারাত পাখা চালাবার হুকুম দিতে বললেন শুনলাম। তারপরে আমরা বলাতে সেইদিন থেকে বাইরে দরজা জানলা বন্ধ করতে দেন, তা নইলে air condition ঠিক হয়না। তার আগে বাবা বলতে চাইছিলেন যে ওতে যতটা ঠাণ্ডা থাকলেও মশারির মধ্যে ঠাণ্ডা ঢোকেনা। শনিরবি এই দুটো দিনই বোধহয় সবচেয়ে কষ্ট গেছে। সোমবার সকালটা মন্দ ছিলনা, একটু মেঘলা ছিল অথচ মেঘচাপা গরম ছিলনা। সকালবেলায় হিন্দিভবনের সামনে বৃক্ষরোপণ হল। রোদ ছিলনা বলে অনুষ্ঠানটি আরামে দেখা গিয়েছিল।

১। অরবিন্দমোহন বসু। শান্তিনিকেতন ব্রহ্মবিদ্যালয়ের প্রথম দিককার ছাত্র। পরলোকগত আনন্দমোহন বসুর কনিষ্ঠ পুত্র।

ASP—LIC—12A

# ১৯৫৯ বোনাসের বছর

# একটি লাভ-সমেত পলিসি এখনই কিনুন

## শীঘ্রই দ্বিতীয় দফা হিসাব-নিকাশ

লাইফ ইনসুরেন্স কর্পোরেশনের দ্বিতীয় দফা হিসাব-নিকাশ ১৯৫৯ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত করা হবে। যোগ্য বিবেচিত যে সব লাভ-সমেত পলিসি হিসাব-নিকাশের (ভ্যালুয়েশন) তারিখ পর্যন্ত চালু থাকবে, হিসাব-নিকাশের ফলে ঘোষিত লাভের মধ্যে সে সব পলিসিগুলি গৃহীত হবে।

১৯৫৭ সালের ৩১শে ডিসেম্বর পর্যন্ত কর্পোরেশনের প্রথম দফা হিসাব-নিকাশের ফলে যে মোট লাভ ঘোষণা করা হয়, কর্পোরেশনের বিলিকৃত লাভ-সমেত পলিসিগুলির ওপর নিম্নলিখিত হারে বোনাস দেওয়ার পক্ষে সে লাভ যথেষ্ট ছিল :

**মেয়াদী বীমা : প্রতি হাজার টাকার বীমায় বাৎসরিক ১৪ টাকা**
**আজীবন বীমা : প্রতি হাজার টাকার বীমায় বাৎসরিক ১৭½ টাকা**

**জরুরী :** যে সব পলিসি ১৯৫৯ সালের ৩১শে ডিসেম্বর তারিখের আগেই কম টাকায় চুকিয়ে ফেলা হয়েছে (পেড-আপ) অথবা প্রিমিয়াম না দেওয়ার ফলে নষ্ট হয়ে গিয়েছে সে সব পলিসির ওপর বোনাস দেওয়া হবে না।

আপনার পলিসি সাবধানে রাখুন, নিয়মিত প্রিমিয়াম দিয়ে তা চালু রাখলে দ্বিতীয় দফা হিসাব-নিকাশের ফলে ঘোষিত বোনাস আপনার পলিসির ওপরেও বর্তাবে।

**মনে রাখবেন ১৯৫৯ বোনাসের বছর**

**লাইফ ইনসিওরেন্স কর্পোরেশন অফ ইণ্ডিয়া**

সেইদিনই লাইব্রেরির সামনে গৌরপ্রাঙ্গণে বর্ষামঙ্গলের আয়োজন করা হয়েছিল কিন্তু সন্ধ্যার আগে কয়েক ফোঁটা বৃষ্টি পড়ে সেদিনকার মতো উত্তরায়ণে যেখানে রিহার্সাল হত সেখানেই করা হল। ছেলেরা আসেনি, তবে বড়ো মেয়েদের দিয়ে জায়গাটা ভরে গিয়েছিল। তার পরদিন সকলের জন্যে গৌরপ্রাঙ্গণে আবার করা হয়েছিল, কিন্তু সেবারে দিনই বেশ আরাম করে দেখেছি। এবং নাচগানও বেশি ভালো হয়েছিল কারণ লাইব্রেরির সামনে সেটাকে বড়ো স্টেজ হয় নাচবার জায়গা পায়না, তবে গানবাজনাও উত্তরায়ণে যারা মধ্যে জমাট হয়েছিল বাইরে আওয়াজটা অনেক ফাঁকা হয়ে যায় বলে। তবে এটা বলবো, মাঝে একটা গানের বড়ো অভাব হয়েছিল, এখন তাদের বেশ ফাঁকিয়ে উঠেছে। অনেকদিন পরে এই গানে গান শুনলুম। ছেলেমেয়েদের [illegible] ছিল। একেবারে হয়নি, তবে বেশি ছিলনা, সেইটি ছিল তার একটি বিশেষত্ব ছিল।

বাবা সঙ্গে সেই লেকচারটি পড়েছেন, [illegible] হয়েছিল। বাবা বিশেষ করে বলে দিয়েছিলেন যে এর বেশি লোক এসে যেন পড়ে না। নন্দলাল, ক্ষিতিবাবু, প্রভাতকুমার, সুরেন, প্রমথ, সুধাকান্ত, মীরাদি ও অনিলবাবু এবং সুরেনবাবু। সুরেনবাবুর অতিথিদের পরিবারের [illegible] উপস্থিত ছিলেন। কাটুনের জন্য চায়ের আয়োজন ছিল বাবার ঘরে। [illegible] সেইখানে সকালেই চা খাওয়া হল, [illegible] সকাল থেকে বাবা হঠাৎ [illegible] ছিলেন। [illegible] সময় বাবা যে এখন এই nervous হন—এরকম কাণ্ড আমি এই প্রথম দেখলুম। চোখে না দেখলে ঠিক বিশ্বাস করতে পারতুম না। [illegible] না অবশ্য যে দিন সকাল থেকে বাবার যে কতরকম হয় দেখল হল। তবে [illegible] চাকরের মতো, যেন নিজেকে [illegible] বাবার মত [illegible] মহাদেব।

১। শান্তিনিকেতন আশ্রমের পত্রিকা শ্রাবণ ১৩৩৭। 'বিচিত্রা' প্রথম প্রকাশ ১৩৩৪ পৌষ। ২। শান্তিনিকেতন শিক্ষাভবনের পুরাতন অধ্যাপক প্রমথনাথ বিশী। ৩। কৃষ্ণ কৃপালনী। কবির দৌহিত্রী নন্দিতার স্বামী। ৪। নন্দিতা কৃপালনী। কবির দৌহিত্রী। মীরা দেবীর কন্যা। ৫। শিল্পী নন্দলাল বসুর স্ত্রী। ৬। কিরণবালা সেন। আচার্য ক্ষিতিমোহন সেনের স্ত্রী। ক্ষিতিবাবু, বাড়ীতে 'ঠাকুরমা' নামে পরিচিত, সেই সূত্রে এখানে এর নামও ঠাকুমা। ৭। রানী চন্দ। শান্তিনিকেতনের প্রাক্তন ছাত্রী। অনিলকুমার চন্দের স্ত্রী। শিল্পী মুকুলচন্দ্র দে'র ভগ্নী। ৮। সেই সময় সেক্রেটারি। ৯। কবির ভৃত্য।



সাইকেল করে ছুটেছে চিঠি নিয়ে। কাল যাদের একবার চায়ের কথা বলে ডেকে আবার বারণ করে দেওয়া হয়েছিল সেই কয়েকজনকে আজ বিকেলে আসতে বলেছেন। গল্প শোনার পরিবর্তে সুধাকান্ত তাদের চা ঢেলে entertain করবে। তাতে ওরা যে কি সন্তুষ্ট হবে তা জানিনে।

যাই হোক এখন গল্পটার কথা বলি। লোকে একবারে চমকে যাবে এরকম অতি ভয়ানক মডার্ন নায়িকা এই গল্পে। চক্র বৈঠকের উপরে যারা চটা তারা পড়ে খুব enjoy করবে। বাইরের লোকে কেউ বুঝবে না এর কিসটা কোথায় পড়ল। বুঝলুম শুধু আমি আর সুধাকান্ত। অনিলবাবু জানেন বটে তবে শেষ পর্যন্ত ছিলেন না, বিকেলের ট্রেনে কলকাতায় গেলেন তাই উঠে পড়তে হ'ল। ওতে এক রেবতী ভট্টাচার্য আছেন অত্যন্ত নিষ্ঠাবান ব্রাহ্মণের ছেলে, খুব বিদ্বান—ক্লাবের প্রেসিডেন্ট পদে তাকে বসিয়েছেন।

নীনা বলে একটি সুন্দরী ধনীকন্যা হঠাৎ এক রাত্তিরের মধ্যে বিজন বিজ্ঞানাগার থেকে রেবতীকে টেনে বের করে জোর করে চায়ের নিমন্ত্রণের নাম করে ক্লাবে নিয়ে গেল। তারপর সেখানে গিয়ে রেবতী দেখে তাকে প্রেসিডেন্ট পদে বসাবার জন্যেই সেদিনকার সভার বিশেষ আয়োজন। এক জন ধনী আর্টিস্ট৫ আছেন, তাঁর দুশ্চিন্তা নীনা রেবতীকে ওদের ক্লাবের ফাঁদে জড়াল। রেবতী ছিল নীনার বাপের বিজ্ঞানাগারের একজন ট্রাস্টি। ওকে হাত করতে পারলে টাকাটা নীনার হাতে আসবে এই আশায় নীনা রেবতীকে বিয়ে করবে বলে কথা দিল কিন্তু শেষ পর্যন্ত ফেঁসে গেল। লেখাটা খুব ড্রামাটিক। আগে থাকতে বলে মাটি করবো না, তাই এই পর্যন্ত গল্প স্থগিত রাখলুম।

বাইরে মুষলধারে বৃষ্টি চলছে—থেকে থেকে কবিতাকার শ্রাবণের ধারা। এই বৃষ্টিতে ভিজতে বেরোতে হয়। ইতি।

রবিদাদা

একটা কথা বলতে ভুলেছি। আমি শান্তিনিকেতন থেকে চলে আসবার দুদিন আগে ১৩ই তারিখে দুপুরবেলা খাবার আগে যখন কবির কাছে একবার গিয়েছি তখন বললেন, "এই নাও, কবিতা, আমাকে দেখে চলে যাচ্ছ—তার সান্ত্বনা।" ঠিক হাত থেকে নিলাম। দেখি একটা নতুন কবিতা১০, নিজে হাতে আমার জন্যে কপি করে নাম সই করে রেখেছেন, আমাকে আচমকা খুশি করে দেবেন বলে।

১০। এটি পরে ছাপা হয়। কবিতা, কার্তিক বর্ষ প্রথম সংখ্যা, আশ্বিন ১৩৪৭। কবিতার পুঁথির তারিখ ১১।৮।৪০।

দেশ

বাঁশির আড়ে আকাশবাণী
বলেছি আজমনে
কিছু না জেনে, কিছু বা আধেক জেনে।
সাঁঝের রবি অস্তপথে
গানের সুরে শেষ
তখন ফিরে ফিরিয়ে চেয়ে
সুরের কিছু দেশ।
আলো ধরে বাঁশির চাওয়া
আবেশখানি হারিয়ে যাওয়া
পুষ্পহীন কথা,
ঝিঁঝির গুঞ্জরিত সাথে
দাঁড়িয়ে দেখে আলো হাতে
দুই পারে রেশ-পোহানো
গভীর নীরবতা।
চলতে বলা পারের খেলা
মনোবেদনা ও বেদনা খেলা
বিরহ চিরন্তনী
জোয়ার-ভরা অশ্রময়
দুর দিনের কী কথা কয়
জানি না তুমি তুমি।
জীবনে যবে অসমাপ্ত
হয়, মরণ জানে না ক্ষমা,
মিলনী ধরা মরমরী
শুধু না কভু জানে,
দুর্দিনের দুঃখ সুখের
অজানা হবে হবেই যেতে,
দাক্ষিণ্য দুঃখিত জেনে
প্রাণের বেদনাতে।।

১১।৮।৪০ রবীন্দ্রনাথ ঠাকুর

খুব খুশি হয়ে বললাম, এই কবির স্নেহ নিয়ে এত কষ্ট করে একটা কবিতার কি দরকার ছিল? আমি না হয় খাতা থেকে নতুন কবিতাটা কপি করে নিতাম। আপনি শুধু তলায় নাম সই করে দিলেই হত। বললেন, "সেটা করে ফেলতে পারতুম সবাই আমার হাতের অক্ষর দেখে আমার বেশি খুশি হবে কিনা।" হ্যাঁ, তা নিশ্চয়ই হয়েছি, কিন্তু আপনার একটা পরিশ্রম আমার জন্যে করতে হল এটাতেও মন খুঁতখুঁত করছে। "কি করি বলো?" জোর করে ধরে রেখে দিলুম, এমন কি কুশল মানুষের ইতিহাস তৈরি পর্যন্ত নষ্ট করিয়ে, তাকেই তারপরে একটু কম হয়ে যাবে বলে দেওয়া উচিত? এমনি করে চেষ্টা করি তোমাদের ক্ষতিপূরণ করতে। নিজেই হাতের অক্ষর নষ্ট নয়, নিজেরই বা কতটুকু দিতে পারি। তোমাকেও মনে থাকবে আমি নিজের ইচ্ছেতেই এটুকু তোমাকে দিয়েছি, তুমি জোর করে চেয়ে নাওনি। কি বলো? ঠিক বলিনি?"

এইরকম আচমকা অপ্রত্যাশিতভাবে খুশি করে দেওয়াতে উনি খুব আনন্দ পেতেন। যখন 'সানাই' বইখানা ছাপা হয়ে বেরোলো তখন আমাদের গ্রন্থনবিভাগের 'পরিচালক' নামে পরিচিত উনি ছিলেন। রোজ আমাকে দিয়ে কিশোরীমোহন সাঁতরাকে১১ টেলিফোনে

১১। বিশ্বভারতীর প্রকাশন-বিভাগের তদানীন্তন সহকারী সচিব।

"হাতই আপনার ভাগ্য"
জানতে চান?
আসুন অথবা দুই হাতের ছাপ পাঠান।
পারিশ্রমিক ৫, টাকা হইতে ২০, টাকা।
মাস্টার পামিস্ট
ভূপেন চ্যাটার্জি বি-এ
নিউ টালিগঞ্জ (ট্রিকেল বাড়ী)
ডাক—কলিকাতা-৩৩
[৮নং বাসে নেতাজী নগরে নেমে পুকুর ওপারে অথবা ট্রাম বাস-স্টপ থেকে জানতে হবে।]

বহুমূত্র রোগীদিগকে বিনা খরচায় পরামর্শ দান

প্রস্রাবের সঙ্গে চিনি বের হলে তাকে বলা হয় ডায়াবেটিস মেলিটাস এবং চিনি ছাড়া বহুবার প্রস্রাব হলে তাকে বলা হয় ডায়াবেটিস ইনসিপিডাস। যেসব রোগী এই রোগে ভুগে থাকেন, তাঁদের পিপাসা ও ক্ষুধা অত্যন্ত বেড়ে যায়, সমস্ত শরীরে বেদনাবোধ করেন, শারীরিক ও মানসিক সর্বপ্রকার কাজে অনুৎসাহ অনুভব দেখা দেয়। দিন দিন ওজন হ্রাস পেতে থাকে, দুর্বলতা হয়, চর্মরোগে ভুগে থাকেন, রক্তের চাপ কমতে হয়, মূত্রাশয় দুর্বল এবং শ্বাসকষ্ট প্রভৃতি। এই রোগকে অবহেলা করার ফলে হয়, দৃষ্টিশক্তি কমিয়ে, অনিদ্রা, কার্বাঙ্কল, দৈহিক ও মানসিক শক্তি হ্রাস, অকালবার্ধক্য দেখা দেয় এবং সাংঘাতিক দুর্ঘটনা ঘটতে পারে। যাঁরা এই রোগে ভুগছেন, তাঁদিগকে বিনা খরচায় ডাক্তারের পরামর্শ দেওয়ার জন্য আমাদের নিকট লিখিতে অনুরোধ করছি—যার ফলে তাঁরা ইনজেকশন না নিয়ে, উপবাস না করে বা পথ্য নিয়ন্ত্রণ না করেও এই মারাত্মক রোগের হাত থেকে রেহাই পাবেন এবং সর্বসময় যৌবন ও শক্তিশালী বোধ করবেন এবং দৈহিক কার্যকলাপে আবার বেড়ে যাবে। খুব বিলম্ব না হওয়ার আগেই লিখুন অথবা সাক্ষাৎ করুন।

ডেনাস রিসার্চ লেবরেটরী (D.C)
পোঃ বক্স ৫৮৭
৬৫, কানাই শীল স্ট্রীট (কলুটোলা)
কলিকাতা



বিশ্বভারতী আপিসে তাগাদা দেওয়াচ্ছেন যে বইটা যেন তাড়াতাড়ি বেরোয়। আমি কিছুই জানি না তার আসল কারণটা কি। ও বইটা যে আমাকেই উৎসর্গ করেছেন তা ঘুণাক্ষরেও আমাকে জানতে দেননি।

কিশোরীবাবু একদিন বইখানা বিকেলে নিয়ে এলেন। আমি পাশের ঘরে কি কাজ করছিলাম, চেঁচিয়ে আমাকে ডাক দিলেন। ঘরে যেতেই বইখানা আমার হাতে দিয়ে বললেন, "এই নাও, আমার নতুন বই আজ বেরোলো, কিশোরী এইমাত্র এনে দিলেন।" কিশোরীবাবুও গম্ভীর হয়ে চুপ করে আছেন। আমি বইখানা হাতে নিয়ে প্রথম পাতাখানা ওলটাতে গিয়েই দেখি উৎসর্গ পত্রে আমার নাম লেখা।—এ কি! আমাকে? বলে আনন্দে হাততালি দিয়ে চেঁচিয়ে হেসে উঠেছি। সঙ্গে সঙ্গে কিশোরীবাবু আর কবিরও উচ্ছ্বসিত হাসি।

কিশোরীবাবু বললেন, আমাকে গুরুদেব বিশেষ করে বারণ করে দিয়েছিলেন যেন খবরদার আপনাকে এ খবরটা আগে জানতে



ইণ্ডিয়ান আয়রন অ্যাণ্ড স্টীল কোম্পানি লিমিটেড-এর
বার্নপুর কারখানার প্রসারিত দৃশ্য

এই ইস্পাত-নগরীর চোখে ঘুম নেই। দিন রাত্রির প্রতিটি মুহূর্ত এর বিরাট কারখানা কর্ম-চাঞ্চল্যে মুখরিত, দেশের বিভিন্ন শিল্পের প্রয়োজনীয় লোহা ও ইস্পাতের চাহিদা মেটাতে মানুষ ও যন্ত্রের কর্মসাধনা এখানে অব্যাহত। আধুনিকতম উৎপাদন-কৌশল ও মানের নিয়ন্ত্রণ নীতি কঠোর ভাবে অনুসরণ করে এই কোম্পানি রেল, স্ট্রাকচারাল, ব্লুম, শিট, বিলেট, স্ল্যাব, পিগ-আয়রন, স্পান আয়রন পাইপ, ভার্টিকালি কাস্ট আয়রন পাইপ এবং আয়রন স্টীল ও নন্-ফেরাস্ কাস্টিং প্রভৃতি নানা রকমের জিনিস ব্যাপকভাবে উৎপাদন করে চলেছে।

BC-7188N

না দিই। উনি নিজে উপস্থিত থেকে বই-খানা আপনার হাতে দিয়ে দেখতে চেয়েছিলেন আপনি কি করেন। উনি কাল কি পরশু চলে যাবেন বলে ক্রমাগত চিন্তিত হয়েছিলেন যাতে নিজের হাতে দিয়ে যেতে পারেন। এইবার আমি খুশি যে আপনাদের কাছে প্রতিশ্রুতি রক্ষা করতে পেরেছি।

কবি যে কি খুশি হয়েছিলেন আমার আনন্দ দেখে তা বলতে পারি না। বললেন, 'কি করি? এই বাড়ি, নিজের হাতে গড়া বাগান, সব তোমাকে শীগগিরই ছেড়ে যেতে হবে বলে দুঃখ পাচ্ছ, তাই ভাবলুম নতুন বইখানা তোমাকে দিলে মনের ভার একটু কমবে। রইল এই বাড়িখানার ছবি আমার ঐ কবিতার মধ্যে। এ বাড়িতে আর তোমরা থাকতে পারবে না, কিন্তু কবিতাটা তো বরাবর তোমার কাছে থাকবে।' তাঁর 'নেড়া-কোণা' ঘরের জানলার ধারের যে বাগানের এবং পাকুরের যে আভাটুকু দেখতে পেতেন তারও একটা ছবি শুধু কালি দিয়ে এঁকে আমাকে দিয়েছিলেন সেই সময়। কত-জনের জীবনে যে এইরকম স্নেহের স্পর্শ ছড়িয়ে দিয়ে গেছেন তার ঠিকানা নেই। কি অসীম স্নেহানুভূতি থাকলে মানুষ পরের আনন্দ দেবার জন্যে এমনি করে ব্যস্ত হয়।

আমার শিবপুর থেকে আসবার মাস প্রায় শেষ হয়ে এল। যাবার আগে আরো একটু বেশি অসুখে পড়েছিলাম। এখনও পাহাড়ে যাবার কয়েকদিন দেরি আছে, কাজেই আমি একটু পিছিয়ে যাব ভাবছি। ছুটি হলে আমার স্বামী গিয়ে পুরো ছুটির মাসটা কাটিয়ে আসবেন এই ঠিক হয়েছে।

আমি মনে মনে জল্পনা কল্পনা করছি যে, কবি হয়তো কালিম্পং যাবেন কিংবা থাকবেন দার্জিলিং শ্রীযুক্ত ... রায় চৌধুরীর বাড়িতে আসবেন, এসে কাটাবেন কিছুদিন। এর মধ্যে আমার স্বামীর চিঠি পেলাম যে কবি শেষ পর্যন্ত কালিম্পঙেই যাচ্ছেন। ওঁকে অনেক করে এখানে ওখানে পাঠিয়েছে অনেক জায়গায় বলে কোথাও আর বর্ষাকালের ঠিক যে কবি ওঁদের সঙ্গেই থাকেন। পাহাড়ে তো বরাবরই ভাল থেকেছেন কাজেই এবারেই বা না থাকবেন কেন? আজকাল হঠাৎ হঠাৎ এক একটা আইডিয়া মাথায় ঢোকে আর তাই নিয়ে worry করতে থাকেন। এবারও ঐ রকম একটা কিছু ঘটেছে বোধ হয়। কিন্তু ওখানে গেলেই আবার এটা ভুলে যাবেন।

আমার স্বামীর আর একটা চিঠি পেলাম—কবি যেদিন পাহাড়ে যান সেইদিন যাবার আগে দেখা করতে গিয়েছিলেন; তারপরে বাড়ি ফিরে লেখা। লিখছেন, "জোড়াসাঁকো গিয়ে দেখি কবি লালবাড়ির দক্ষিণের বারান্দায় গম্ভীর বিষণ্ণ মুখে বসে আছেন। শান্তিনিকেতন থেকে এসে উনি এখন লালবাড়ির দক্ষিণপশ্চিম কোণের ঘর-খানাতে রয়েছেন।' আমাকে বললেন, 'শুনছ, পাহাড়ে তো যাচ্ছি কিন্তু কেন জানি না আমার ক্রমাগত মনে হচ্ছে এই যাওয়াটা আমার ভাল হবে না, একটা বিপদ ঘটবে।' কেন উনি এরকম বললেন জানি না, কিন্তু ওঁর এই মন খারাপ করে যাওয়া দেখে আমারও খারাপ লাগছে। কেন এত মন খারাপ করে বাড়ি থেকে বেরোলেন, তার চেয়ে বোধ হয় না গেলেই হতো।"

এই চিঠি পাবার দু'একদিন পরেই কবির কাছ থেকে চিঠি এল—কালিম্পং থেকে লেখা।

কল্যাণী,

জীবনের বন্ধন থেকে কখনও এবার বেরিয়ে চলে এসেছি হালকা পালকে অনেক জোর দিয়ে। চলাফেরা বন্ধ অর্থাৎ চলং-শক্তিহীন হয়ে বর্তমানে আমার অবস্থিতি কালিম্পঙে। চক্রহীন দেশে যাওয়া নিষেধ। ওদিকে বাংলা দেশের সমস্ত প্রদেশ গরম অসহ্য, তাই পালিয়ে এসেছি।

তোমার সম্বন্ধে জনশ্রুতি সন্তোষজনক নয়। তুমি জানিয়েছ Calc Sulph তোমার পক্ষে উপকারী। এটা অসম্ভব নয়। Siliciaর সঙ্গে পর্যায়ক্রমে খেয়ে দেখতে পারো। লেখাপড়া আমার বন্ধ, চলাফেরা ঘুচেছে। অসুস্থতারই ফাঁকে ফাঁকে আমার অস্বাস্থ্যের দায় চাপিয়ে বসে আছি—তাঁর সঙ্গিনী আছেন সেই ইংরেজ মেয়েটি। কিছু কিছু সুস্থতার আভাস পাওয়া যায় ওঁর কাছ থেকে। এতদিন এখানে শরৎ-রৌদ্রের প্রভাব ছিল। আজ আকাশেই প্রকাণ্ড মেঘের আয়োজন পড়েছে।

২০।৯।৪০

কবি

(ক্রমশ)

পাণ্ডুলিপি বই এবং এদেশে প্রকাশিত পুরাতন বাংলা-ইংরাজী সংবাদপত্রাদি কিনিতে চাই। মূল্যসহ বিস্তারিত বিবরণ জানান। বক্স নং ২১১ "দেশ" কলিকাতা—১।

এর পর যখন কিনবেন

আমাদের দোকানে একবার আসবেন এবং ফিলিপস্ লোহাসোনিক রেডিওর প্রভৃতি-এর চমৎকার সমন্বয়ী শুনে যাবেন। এখানে সহজ কিস্তিতেও পাওয়া যায়।

শুগেনস্

২৩—৫৮৭৮

৭ পার্ক স্ট্রীট, কলিকাতা—১৬

রেডিও মানে ফিলিপস…

উত্তর কলিকাতার অনুমোদিত ডিলার্স

ইলেকট্রো রেডিও

এন্টারপ্রাইজ

… ওয়ালিস স্ট্রীট

মদন মিত্র লেন, কলিকাতা-৬

ফোন:- ৫৫-১৮০৭

সতীশ কবিরাজের

মহাভৃঙ্গরাজ তৈল

পরিকল্পনা কমিশনের সদস্য বিজ্ঞানাচার্য স্বর্গীয় ডাঃ জ্ঞান-চন্দ্র ঘোষ, ডি, এস, সি কর্তৃক পরীক্ষিত ও সুবাসিত।

আর্য্য ঔষধালয় - কলিকাতা

# পণ্ড্‌স কোল্ড ক্রীম

* পরিষ্কার করে
* সুন্দর করে
* সুরক্ষিত রাখে

রোজ রাতে পণ্ড্‌স কোল্ড ক্রীম বেশ ভালো করে আপনার মুখে মাখুন। এই ক্রীম লোমকূপের গভীরে প্রবেশ করে ময়লা বের করে দেয়। ত্বকের পক্ষে পুষ্টিকর এই চমৎকার পণ্ড্‌স কোল্ড ক্রীম নিয়মিত ব্যবহারে আপনার মুখশ্রী স্বাভাবিক নির্মল ও কমনীয় হয়ে উঠবে।

**ভ্যানিশিং ক্রীম :** হালকা ও সুবাস-ভরা পণ্ড্‌স ভ্যানিশিং ক্রীম আপনার ত্বকের কমনীয় কান্তি সুরক্ষিত রাখবে—পরিষ্কার ও সুন্দর করে তুলবে। পণ্ড্‌স ভ্যানিশিং ক্রীম মাখার সঙ্গে সঙ্গেই মিলিয়ে যায় —এটি একটি নিখুঁত পাউডার বেস্ এবং এর ওপর পাউডার লাগাবার পর অনেকক্ষণ সমানভাবে লেগে থাকে।

P 7749 পরিবেশক-পণ্ড্‌স ইন্ক (সীমিত দায়ে মার্কিন যুক্তরাষ্ট্রে গঠিত)

# নবতীর্থ রাউরকেলা

অমিতাভ দাশগুপ্ত

রাত নটায় মনে হল ঘুমের কথা। ঘুমোবার পাকা বন্দোবস্ত। শীততাপ নিয়ন্ত্রিত প্রথম শ্রেণীর আরাম করে হাত পা ছড়িয়ে শোবার এবং ঘুমোবারও জন্য নরম বিছানা পেতে দিয়ে গেছে অনেক আগে। হাওড়া স্টেশনের শেষ আলোটা অন্ধকারে মিলিয়ে যাবার আগেই। রাত এখন সাড়ে নটা হবে তবু ঘুমের কথা মনে হয়নি এতক্ষণ।

মনে হয়নি তোমার একটা কারণ আছে। মনে হয়নি আমাদের চারজনের। মনে হবার অবস্থা তখন কারো ছিল না। দুটিজোড়া তাস যেন চারজোড়া চোখের উপর নাচছে। ঘুম নেই চারজোড়া চোখে।

আরও নিয়েছে। সময় ছাড়া হয়ত আরও কিছু। অর্থাৎ এই সময়টুকুর মৃত্যু ঘটেছে। নিঃশব্দ মৃত্যু। শুধু যে মৃত্যু ঘটেছে তা নয়, এরই মধ্যে ভুলিয়ে দিয়েছে হাওড়া স্টেশনের অদ্ভুত অভিজ্ঞতা। তাস শুধু খেলা নয়। খুনী। নিঃশব্দে খুন করে। হরণ করে।

একটু তিক্ততা জমেছিল মনে। রেল কোম্পানীর বিরুদ্ধে। বলা উচিত পূর্ব রেলওয়ের বিরুদ্ধে। কারণ হাওড়া স্টেশনটা ওদের দখলে। একচ্ছত্র অধিকার বা এক্তিয়ার। বলা যেতে পারে জমিদারি। দক্ষিণ-পূর্ব রেলওয়ে যেন ওদের খাস প্রজা। হয়ত তাই ভোগ করতে হয় কিছুটা সাজা।

গোড়া থেকেই বলি।

নিমন্ত্রণ এসেছিল ভারত-জার্মান সংগঠনের কাছ থেকে। রাউরকেলায় ইস্পাত কারখানা দেখার। ভারত-জার্মান প্রচেষ্টার সফল রূপটা চোখে দেখার। আমন্ত্রিত হয়েছি আনন্দবাজার পত্রিকা গোষ্ঠীর আমরা পাঁচজন আর ছজন শিব-পুর ইঞ্জিনীয়ারিং কলেজের অধ্যাপক। বলা বাহুল্য সাংবাদিকদের দলের নেতা আনন্দবাজার পত্রিকার জেনারেল ম্যানেজার শ্রীকানাইলাল সরকার। তাঁরই পক্ষ-ছায়ায় যেন নিশ্চিন্তে হাতের তাসে ঘাঁটতে বসেছি।

ডাঃ ট্রেপ্টো। তিনি আগেভাগে জানিয়েছিলেন। নির্দেশ দিয়েছিলেন হাওড়া স্টেশনে ঠিক সাড়ে আটটায় হাজির থাকতে। কারণ ট্রেন হাওড়া-সম্বলপুর প্যাসেঞ্জার। ছাড়বে নয় নম্বর প্ল্যাটফর্ম থেকে। তাড়াহুড়োর কিছু নেই। কারণ প্ল্যাটফর্মে ট্রেন থাকবে আর থাকবে আমাদের জন্য শীততাপ নিয়ন্ত্রিত কামরা।

তবু হাওড়া স্টেশনকে চিনি। ছোটবেলা থেকে পরিচয় কলকাতা শহর আর শহরের শিরোমণি হাওড়া স্টেশন-এর সঙ্গে। দিশেহারা হবার বোধহয় এর চাইতে ভাল আর কোন জায়গা নেই। নিউইয়র্ক শহরের গ্র্যাণ্ড সেন্ট্রালের সঙ্গে আমার প্রত্যক্ষ পরিচয় আছে। লণ্ডনের ইউস্টন চিনি। হামবুর্গ বা ফ্রাঙ্কফার্টও অপরিচিত নয়। কিন্তু হাওড়ার মত এমন হারিয়ে যাবার কেন্দ্র স্টেশন বোধহয় আর কোথাও নেই। অন্ততঃ আমার অভিজ্ঞতায় আসেনি।

তাই মনে একটা উদ্বেগ নিয়ে এসেছিলাম স্টেশনে। ঘড়িতে তখন ৮-৩৫ মিঃ। একটু দেরি হয়ে গেছে। অত্যন্ত দুঃখিত বলে ক্ষমা চাইলাম ডাঃ ট্রেপ্টোর কাছে। কিন্তু তিনি বিরক্ত হয়েছেন মনে হল না। হাসতে হাসতে বললেন, 'কিছুমাত্র দেরি হয়নি আপনার। ট্রেন এখনও আসেনি স্টেশনে।'

কানাইবাবু বললেন, 'সব ঠিক আছে। শুধু ট্রেনটা প্ল্যাটফর্মে এলে গেলেই হয়।'

সভয়ে বললাম, 'আসবে তো?'

'আসবে না মানে? এল বলে।'

'মনে হচ্ছে তাই।'

অপরে যাত্রীদের দিকে তাকিয়ে মনে হচ্ছে ট্রেন আসবে। কিন্তু আসবে কেন? এতক্ষণ তো আসা উচিত ছিল। ট্রেন ছাড়বার কথা ছিল ৮-৫৫ মিঃ। ঘড়ির দিকে তাকিয়ে দেখলাম বেজেছে ৮-৪০ মিঃ। পনের মিনিট বাকী।

যাত্রীরা চঞ্চল হয়ে উঠেছে। না হওয়াই অস্বাভাবিক। তৃতীয় শ্রেণীর উদ্বেগ আরও বাড়া উঠতে পারেনি, বলা বাহুল্য সংখ্যাধিক্য তাদেরই বেশী। আরও তাদের দুর্গতির শেষ হল না। চঞ্চল হবে না? একটু ঠাঁই পেলেই ওরা ধন্য হবে যে। চঞ্চল তো হবেই।

কিন্তু রেল কোম্পানী চঞ্চল হয় না। ঘড়ির কাঁটা নড়তে পারে। ওরা কিন্তু এক এক সময় নড়ে বসতেও জানে না।

৮-৪৫ মিঃ।

এবার কিন্তু আমরাও উৎসুক হয়েছি।

যাত্রীরা সামনের দিকে এগিয়ে যাচ্ছে। মোটঘাট কাঁধে। নড়েচড়ে উঠেছে ফাঁকা প্ল্যাটফর্ম। অচলায়তন তবু নড়ছে না। নড়বার কোন লক্ষণ দেখা যাচ্ছে না। দ্বিতীয় একটা উদ্বেগ দেখা দিয়েছে মনে। দক্ষিণ-



ইস্পাতনগরী রাউড়কেলার ব্লাস্ট ফার্নেসের একাংশ

পূর্ব রেলের ট্রেন আসে সাঁতরাগাছি স্টেশনে। হাওড়ায় তাদের ট্রেন রাখার হুকুম নেই। ঠাঁই নেই। পূর্ব-রেল ঠাঁই ছাড়তে চায় না। বেদখল হাতছাড়া হবার ভয়। সবাই তাই তাকিয়ে আছে অন্ধকারের দিকে। যদি একটু আলো দেখা যায়।

আলোর বদলে দৈববাণী এল। অথবা দুঃসংবাদ। অকস্মাৎ শোনা গেল। লোকাহত ছাপিয়ে।

অর্থাৎ বিদ্যুৎ তরঙ্গ তাড়িত ঘোষণা লাউডস্পীকার প্রশ্রয় হয়ে উঠেছে। মিহি মিহি একেবারে মেয়েলী গলায় ঘোষণা: হাওড়া-সম্বলপুর প্যাসেঞ্জার ৮-৩৫ মিঃ এ তের নম্বর প্ল্যাটফর্ম থেকে ছাড়বে। হাওড়া-সম্বলপুর.....

বিশৃঙ্খলার চূড়ান্ত। বাঁধিয়েলতা প্রতি-বাদে কুলোল না। বিশৃঙ্খলার হয়ে ছুটোল সব থেকে ফেরার। প্রান্ত থেকে প্রান্তরে।

হাতে আর সাত আট মিনিট সময়। যা হুটো উপায় আছে। কে কার ঘাড়ে পড়ছে হুঁশ নেই। (আকাটাই আশ্চর্য)। কার কোলের ছেলে কাঁদিয়ে উঠেছে খেয়াল নেই (আকাটাই আশ্চর্য)। ছুটেছে সবাই। নয় নম্বর প্ল্যাটফর্মের দোরার মত পরিত্যাক্ত হয়ে পাশাপাশি হয়েই পড়ে রইল।

আমরা ছোটো প্রয়োজন মনে করিনি। তবু তিল-তলেও থাকিনি। একটু পা চালিয়েই গেলাম। তের নম্বরে গিয়ে দেখি ট্রেন তখন মন্থরগতিতে ঢুকছে প্ল্যাটফর্মে।

আর পাঁচ মিনিট বাকী ট্রেন ছাড়ার। কিন্তু শেষ পর্যন্ত ছাড়ল না ঠিক সময়ে। ৮-৩৫ মিঃ পার হয়ে গেল ছাড়ল গাড়ি তবু নড়ল না। ছাড়ল সাড়ে নটায়।

পরদিন ঘুম ভাঙল অনেক বেলায়। জানালার পর্দা সরাতেই বাইরের ঝলমলে রোদ্দুর চোখে পড়ল। বিহারের বুকে প্রান্তর যেন মুঠো মুঠো সোনা ছড়ান। নবীন প্রভাতের আদর মাখান।

রাউড়কেলায় গাড়ি পৌঁছবার কথা সকাল ছটায়। কিন্তু জানা গেল ঘণ্টা দেড়েক দেরি হয়ে পৌঁছবে।

আমার হাতের আসর জমে গিয়েছিল, তাই নিয়ে কল্পনা চলছে, এমন সময় একেন তাঁর টীকা। চমৎকার বিস্কুট ভদ্রলোক। বয়স বেশী নয়। প্রথম যৌবনে কার্পোরেশনে চাকরি করতে চুকেছিলেন। তখন বয়স ছিল আঠারো। পড়া শেষ হবার আগেই বিলেতের হুকুম এসেছিল তাঁর কাছে, যেমন এসেছিল আরও অনেক ভদ্রলোকের কাছে।

মুখের কথা উঠতেই তাঁর টীকা তার দ



হাতটা দেখিয়ে বললেন, এটা সুন্দর ছিল।

হঠাৎই [illegible] হাতটা [illegible] উপরে। সেটা হাতটা কনুয়ের [illegible] দিয়েছে। কনুইয়ের ঠিক ওপরেই দুপাশে দুটো গভীর ক্ষতের দাগ।

ডঃ চৌধুরী [illegible] বললেন; [illegible] [illegible]। একেবারে [illegible] [illegible] যায়।

[illegible]

[illegible]

এমন ছিলো গেটি যে, [illegible] মনে করতে কষ্ট হয়।

শুধু তা চৌধুরী নয়। বহু জার্মানকে দেখেছি ওদেশে এসেছে। ভারত ও ভারতীয়ের সঙ্গে এরা আশ্চর্য গভীর আন্তরিকভাবে অন্তরঙ্গ হয়ে উঠতে পারে। জার্মানীতে দেখেছি। ব্রেমেনেও দেখেছি।

প্রায় সাড়ে এগারটায় ট্রেন পৌঁছল হাইডেল-বার্গে।

হাইডেলবার্গের পরিচয় চিরকাল জার্মানীতেই হয়ত থেকে যেত, যদি না ইংরাজ [illegible] [illegible] এখানে। এর প্রাচীন পরিচয় [illegible]

[illegible]

তিনি আর এক সঙ্গ [illegible]। [illegible] সময় নেই। এক ঘণ্টা পৌঁছিয়ে [illegible] [illegible]


দেব সাহিত্য কুটীর
২১, ঝামাপুকুর লেন, কলিকাতা-৯
এখানে চিঠি লিখলেই হাজার রকম বইয়ের [illegible]
শুকতারা
[illegible] পূজোর [illegible]
প্রয়োজন বার্ষি[illegible] পড়বে

কে, হোড়ের
কনক
পাউডার

বিখ্যাত
শঙ্খ ও পদ্ম মার্কা
গেঞ্জী ব্যবহার করুন
ডি.এন.বসুর হোসিয়ারী ফ্যাক্টরী
[illegible]

ধবল আরোগ্য
LEUCODERMA CURE
[illegible] [illegible] ঔষধ দ্বারা শরীরের যে কোন স্থানের শ্বেত দাগ, অসাড়যুক্ত দাগ, [illegible], [illegible], একজিমা ও সোরাইসিস রোগ দ্রুত-নিরাময় করা হইতেছে। সাক্ষাতে অথবা পত্রে বিবরণ জানুন। হাওড়া কুষ্ঠ কুটীর, প্রতিষ্ঠাতা—পণ্ডিত রামপ্রাণ শর্মা, ১নং মাধব ঘোষ লেন, খুরুট, হাওড়া। ফোন—৬৭-২৩৫৯।
শাখা—৩৬, হ্যারিসন রোড, কলিকাতা—৯

নবতর সৌন্দর্য
ত্বকের চিকিৎসা

ফ্লোরোজোন গাত্রত্বককে শুভ্রতর ও সুন্দরতর করে
[illegible]
FLOROZONE
আদর্শ সৌন্দর্যপোষক
(H.V.B.)

ভারত-জার্মান মিলনকেন্দ্র রাউরকেলা ক্লাবের এক অনুষ্ঠান

গণপতির সঙ্গে এবং সেই সময় প্রশ্নের জবাব উত্তর করে দেওয়ার অবকাশ পাওয়া যাবে।

বেরিয়ে আসতেই ডাঃ টোমা বললেন:

হাত, সময়টা পুষিয়ে নেওয়া গেল। ভেবেছিলাম, সাংবাদিকরা প্রশ্নের স্রোত বইয়ে দেবেন।

সবিনয়ে নিবেদন করলাম: সাংবাদিকরা প্রশ্ন করার চাইতে কথা শুনতে বেশী ভালোবাসে। আমাদের সাফল্যের ওটাই হল গোপন কথা। কথা শোনা।

তৃতীয় দিন চা-পানের কিছু পরে ৪৬৮ রানে অস্ট্রেলিয়ার ইনিংস শেষ হয়ে যায়। শেষ দিকে উমরীগড় প্রশংসনীয়ভাবে বোলিং করে ৪২ রানে চারটি উইকেট পান। এদিনও ভারতের ফিল্ডিং ভাল হয়, তবে অবশ্য অর্জিল কেন অপ্রস্তুত থাকায় ম্যাকের একটি সহজ ক্যাচ মিস করেন। প্রথম ইনিংসের খেলায় ৩৩৩ রানে পেছনে থেকে ভারতীয় দল দ্বিতীয় ইনিংসের খেলা আরম্ভ করে। [illegible] উইকেট ব্যাটসম্যানের পরম সহায়ক হয়, এ অবস্থায়

দিল্লীতে ভারত ও অস্ট্রেলিয়া দলের প্রথম টেস্ট খেলার আগে ভারতের রাষ্ট্রপতি ডাঃ রাজেন্দ্র প্রসাদের সঙ্গে দুই দেশের খেলোয়াড়বৃন্দ

ডেনমার্কের কীর্তিমান ব্যাডমিন্টন খেলোয়াড় আরল্যান্ড কপসের মারের এক ভঙ্গি

পরাজয় রোধের আশা করা আকাশকুসুম কল্পনার মত। বিশেষ করে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে। তবু কোন উইকেট না খুইয়ে ভারত যখন তৃতীয় দিনের শেষে ৪৬ রান করল তখন ক্ষীণ আশা দেখা দিল ভারতের সমর্থকদের মনে। দ্বিতীয় ইনিংসে ভারতের একটু ভাল খেলার সুনাম আছে। তার উপর দুই ওপেনিং ব্যাটসম্যান পঙ্কজ রায় ও নরী কন্ট্রাক্টর নট আউট আছেন। পরের দিন খেলার বিশ্রাম দিবস। দেখা যাক কি হয়—ভারতের খেলোয়াড়রা দুই দিন উইকেটে টিকে থেকে খেলাটি অমীমাংসিতভাবে শেষ করতে পারেন কি না—এই প্রশ্নই ঘুরতে ফিরতে লাগল সবার মুখে মুখে।

চতুর্থ দিনের সূচনাও ভাল হল। ১২১ রানের মাথায় ভারতের প্রথম উইকেট পড়ল। মধ্যাহ্ন ভোজের সময় উঠল ১ উইকেটে ১২৮ রান। কিন্তু তারপর ভারতের খেলায় ভাঙ্গন ধরল। এক একজন করে ব্যাটসম্যান ব্যাট করতে যান আর অল্প সময়ের ব্যবধানে ব্যাট হাতে করে প্যাভেলিয়নে ফিরে আসেন। ভারতীয় দর্শকদের আশংকার মধ্যে একটি একটি করে বাতি নিভতে থাকে। চতুর্থ দিনের খেলা শেষ হবার নির্দিষ্ট সময়ের ৪০ মিনিট আগে দেখা যায় ভারতীয় ইনিংসে বাতি দিতে আর কেউ অবশিষ্ট নেই। ২০৬ রানেই সব শেষ হয়ে গেছে। ভারত পরাজিত হয়েছে এক ইনিংস ও ১২৭ রানে।

দ্বিতীয় ইনিংসে একটুখানি আশার আলো দেখিয়েছেন পঙ্কজ রায়। তার দুর্ভাগ্যই বলতে হবে মাত্র এক রানের জন্য তিনি শক্তিশালী অস্ট্রেলিয়া দলের বিরুদ্ধে সেঞ্চুরী করার কৃতিত্ব থেকে বঞ্চিত হয়েছেন।

খেলাটির সংক্ষিপ্ত স্কোর বোর্ড।

**ভারত**—প্রথম ইনিংস—১৩৫ (নরী কন্ট্রাক্টর ৪১, সুরেন্দ্রনাথ নট আউট ২৪, জি এস রামচাঁদ ২০; রিচি বেনো ০ রানে ৩ উইকেট, এলান ডেভিডসন ৩১ রানে ৩ উইকেট, লিণ্ডসে ক্লাইন ৩০ রানে ২ উইকেট)।

**অস্ট্রেলিয়া**—প্রথম ইনিংস—৪৬৮ (নীল হার্ভে ১১৪, কেন ম্যাকে ৭৮, ইয়ান মেকিফ নট আউট ৪৫, ওয়ালী গ্রাউট ৪২, লেস ফেভেল ৪১, নর্মান ওনীল ৩৯, এলান ডেভিডসন ২৫, রিচি বেনো ২০; পলি উমরীগর ৪৯ রানে ৪ উইকেট, সুরেন্দ্রনাথ ১০২ রানে ২ উইকেট)।

**ভারত**—দ্বিতীয় ইনিংস ২০৬ (পঙ্কজ রায় ৯৯, নরী কন্ট্রাক্টর ৩৪, পলি উমরীগর ৩২; রিচি বেনো ৭৬ রানে ৫ উইকেট, লিণ্ডসে ক্লাইন ৪২ রানে ৪ উইকেট)।

(ভারত এক ইনিংস ও ১২৭ রানে পরাজিত।)

• • •

মেলবোর্ন অলিম্পিকের ফুটবল খেলায় ভারত চতুর্থ স্থান লাভ করেছিল বলে ফুটবল খেলা নিয়ে আমাদের মনে একটু গর্ব ছিল। আমাদের ফুটবলের কর্মকর্তারা গর্ব করেই বলতেন—বিশ্ব ফুটবলে আমাদের স্থান চতুর্থ। কিন্তু এশিয়ান ফুটবলে সম্প্রতি আমাদের শোচনীয় ব্যর্থতার পর সেই কর্মকর্তারাই বলতে আরম্ভ করেছেন 'আমাদের ফুটবলের কোথায় যেন ঘুণ ধরেছে, এর একটা বিহিত করতেই হবে।'

অলিম্পিক ফুটবলে আমরা চতুর্থ স্থান লাভ করেছিলাম। এশিয়ান ফুটবলেও চতুর্থ স্থান পেয়েছি। তবে বলতে লজ্জা করে—চারজনের মধ্যে চতুর্থ। অর্থাৎ যোগদানকারী চারটি দেশের মধ্যে আমাদের স্থান সবার নীচে। তাও যদি এশিয়ান ফুটবলের মূল খেলায় এই ফলাফল হত, তবে একটা সান্ত্বনা থাকত। এটা হচ্ছে এশিয়ান ফুটবলের পশ্চিমাঞ্চলীয় খেলা। পশ্চিমাঞ্চলের অন্তর্ভুক্ত ৮টি দেশ। এর মধ্যে ছয়টি দেশ প্রতিযোগিতায় অংশ গ্রহণের সিদ্ধান্ত করে। তার মধ্য থেকে আবার সিংহল ও আফগানিস্থান শেষ পর্যন্ত প্রতিযোগিতায় যোগ দেয় না। আগে ব্যবস্থা হয়েছিল নক আউট প্রথায় খেলাগুলি অনুষ্ঠিত হবে। কিন্তু মাত্র চারটি দেশ যোগদান করায় শেষ পর্যন্ত 'রিটার্ন' লীগ প্রথায় খেলাগুলি পরিচালিত হয়েছে। প্রতি দলকেই ৬টি করে ম্যাচ খেলতে হয়েছে। লীগের পারস্পরিক প্রতিদ্বন্দ্বিতার মোট খেলা হয়েছে ১২টি।

এর মধ্যে ভারত জিতেছে মাত্র দুটি খেলায়। একটি পাকিস্তানের বিরুদ্ধে, আর একটি ইরানের বিরুদ্ধে। পাকিস্তান ও ইরানের সঙ্গে 'রিটার্ন' লীগে ভারতকে হার স্বীকার করতে হয়েছে। আর ভারত লীগের দুটি খেলাতেই হেরেছে ইসরাইলের কাছে।

লীগ চ্যাম্পিয়ন ইসরাইল প্রতিযোগিতার একটি মাত্র খেলায় হেরেছে ইরানের কাছে। শক্তিশালী ইসরাইলের কাছ থেকে ইরান 'রিটার্ন' লীগেও একটি পয়েন্ট ছিনিয়ে নিয়েছে। পাকিস্তানের কাছে ইসরাইলকে আর একটি পয়েন্ট নষ্ট করতে হয়েছে। এছাড়া ইসরাইল আর কোন পয়েন্ট নষ্ট করেনি। ভারতকে ৩—১ গোলে ও ১—১ গোলে এবং পাকিস্তানকে ২—০ গোলে পরাজিত করেছে।

এই খেলায় [illegible] ও লীগ টেবিল দেখা যাচ্ছে। [illegible] একটি [illegible]। [illegible] ইরানের [illegible]। ইসরাইল, পাকিস্তান ও ভারত তিনটি দেশকেই ইরানের কাছে হার স্বীকার করতে হয়েছে এবং [illegible] প্রতিযোগিতায় [illegible]। একমাত্র ইরান ছাড়া অন্য কোন দেশ [illegible] পরাজিত করতে পারেনি।

পাকিস্তান সম্বন্ধে বলা যায় ভারত ও ইরানের কাছে যারা একটি করে খেলায় যেমন পরাজিত হয়েছে তেমন একটি করে খেলায় এরা [illegible] জয়লাভ করেছে। [illegible] ইসরাইলের কাছে পাকিস্তানকে হারাতে হয়েছে তিনটি পয়েন্ট।

এখন দেখা যাচ্ছে পশ্চিমাঞ্চলীয় লীগের খেলায় কোন দেশই একচ্ছত্র প্রাধান্য প্রকাশ করতে পারেনি। খেলার ফলাফলও হয়েছে আন্তর্জাতিক খেলার ফলাফলের মত অপ্রত্যাশিত। অর্থাৎ আজ যে জয়লাভ করল, কালই হচ্ছে তাদের পরাজয়। [illegible] মাত্র [illegible] পশ্চিমাঞ্চলীয় লীগে [illegible] করেছেন। এরা হচ্ছেন ইসরাইলের সেন্টার

ফরোয়ার্ড লেভি এবং ইরানের সেণ্টার ফরোয়ার্ড জেজাবী। লেভি হ্যাটট্রিক করেন ভারতের বিরুদ্ধে আর জেজাবী পাকিস্তানের বিরুদ্ধে। পাকিস্তানের সেণ্টার ফরোয়ার্ড ওমরও ইরানের বিরুদ্ধে প্রথম খেলায় তিনটি গোল করেন, কিন্তু তিনি হ্যাটট্রিক করতে পারেননি। ডিসেম্বরের ৭ তারিখ থেকে ১৮ তারিখ পর্যন্ত খেলাগুলি অনুষ্ঠিত হয়েছে এর্ণাকুলামে। উদ্যোগ আয়োজন এবং ব্যবস্থাপনা খুব ভাল হয়েছে সকলেই খবর পেয়েছি।

এখন কথা হচ্ছে, এশিয়ান যুব দলের পশ্চিমাঞ্চলীয় লীগের খেলায় ভারতের [illegible]

[illegible]

প্রথম লীগ

ইরান (৩) ইসরাইল (০)
(সাবুলী, হসেইনি ও জেজাবী)

ভারত (১) পাকিস্তান (০)
([illegible])

ইসরাইল (৩) ভারত (১)
(লেভি হ্যাটট্রিক) (বলরাম)

পাকিস্তান (৪) ইরান (১)
(ওমর ৩ ও জাফর হোসেন) (হাকিমপুরাস)

ইসরাইল (২) পাকিস্তান (০)
(লেভি ও স্টেলমাচ)

ভারত (৩) ইরান (১)
(চুনী গোস্বামী, ইউসুফ ও বলরাম) (জেজাবী)

দ্বিতীয় লীগ

ইসরাইল (১) ইরান (১)
(রেনফেল) (জেজাবী)

পাকিস্তান (১) ভারত (০)
(আকবুল্লা)

ইরান (৪) পাকিস্তান (১)
(জেজাবী হ্যাটট্রিক ও জামালী) (আবদুল কাদের)

ইসরাইল (২) ভারত (১)
(স্টেলমাচ ও লেভি) (বলরাম)

ইসরাইল (২) পাকিস্তান (২)
(ওমর ও গফুর) (রেনফেল ও ডাবারী)

ইরান (২) ভারত (১)
(জেজাবী ২) (ইউসুফ খাঁ)

লীগ টেবল-এ চারটি দল

| | খে | জ | ড্র | প | স্ব | বি | পা |
|---|---|---|---|---|---|---|---|
| ইসরাইল | ৬ | ৩ | ২ | ১ | ১০ | ৮ | ৮ |
| ইরান | ৬ | ৩ | ১ | ২ | ১১ | ১০ | ৭ |
| পাকিস্তান | ৬ | ২ | ১ | ৩ | ৮ | ৯ | ৫ |
| ভারত | ৬ | ২ | ০ | ৪ | ৭ | ৯ | ৪ |

• • •

এবার জাতীয় [illegible]

[illegible]

[illegible] খেলেই তিনি নাটেকারের কাছে হার স্বীকার করেন। তারপর পশ্চিম ভারতের আর দুটি প্রতিযোগিতায় নাটেকারকে হারিয়ে কপন প্রমাণ করেন যে বোম্বাইয়ের হার তার খেলার উন্নত মাপকাঠি নয়। জামশেদপুরেও কপনের কাছে নাটেকারকে স্ট্রেট গেমে হার স্বীকার করতে হয়েছে। শুধু সিঙ্গলসের খেলাতেই নয়। ডাবলস এবং মিক্সড ডাবলসের খেলাতেও বিজয়ীর [illegible] ভারতের জাতীয় ব্যাডমিণ্টন ট্রি-ক্রাউন লাভ করেছেন। মেয়েদের সিঙ্গলস বিজয়িনী হয়েছেন কেরলের কুমারী মীনা শাহ বোম্বাইয়ের মিসেস প্রেম পরাশরকে পরাজিত করে।

জাতীয় চ্যাম্পিয়নশিপের পর [illegible] নাটেকার প্রথম এবং [illegible] দ্বিতীয় স্থান লাভ করেছেন। মেয়েদের [illegible] প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান পেয়েছেন মহারাষ্ট্রের কুমারী মীনা শাহ, মিসেস প্রেম পরাশর ও [illegible]।

নীচে জাতীয় চ্যাম্পিয়নশিপের ফাইনাল খেলার ফলাফল দেওয়া হল—

**পুরুষদের সিঙ্গলস ফাইনাল**

[illegible] ১৫—৭, ১৫—৮ পয়েন্টে নন্দু নাটেকারকে (বোম্বাই) পরাজিত করেন।

**মহিলাদের সিঙ্গলস ফাইনাল**

মিস মীনা শাহ (মহারাষ্ট্র) ১১—৮, ১০—১২, ১১—৮ পয়েন্টে মিসেস প্রেম পরাশরকে (বোম্বাই) পরাজিত করেন।

**মহিলাদের ডাবলস ফাইনাল**

[illegible] ১৫—৫, ৯—১৫, ১৫—৯ [illegible] এবং মিসেস প্রেম পরাশরকে (বোম্বাই) পরাজিত করেন।

**মিক্সড ডাবলস ফাইনাল**

[illegible] ১৫—৮, ১৫—৮ [illegible] (বোম্বাই) পরাজিত করেন।

**ডাবলস ফাইনাল**

[illegible] (বোম্বাই) [illegible] পরাজিত করেন।

**জুনিয়র বালক ফাইনাল**

[illegible] পরাজিত করেন।

কে. হোড়ের
কণক
পাউডার

# সাপ্তাহিক সংবাদ

## দেশী সংবাদ

১২ই ডিসেম্বর—পৃথিবীতে সর্বাধিক সংখ্যক দৈনিক সংবাদপত্র প্রকাশের দিক হইতে ভারতের স্থান তৃতীয়। বিশ্বের দৈনিক সংবাদপত্র ও সাময়িক পত্রিকা সম্বন্ধে আজ ইউনেস্কো কর্তৃক প্রকাশিত এক পুস্তিকায় ইহা বলা হইয়াছে।

খাদ্যের ক্ষেত্রে কোন অদৃষ্টপূর্ব বিপর্যয় ঘটিলে দেশে যাহাতে খাদ্যের অনটন না হয় তাহার ব্যবস্থা করার জন্য এক বৎসরের মধ্যে পঞ্চাশ লক্ষ টন খাদ্যশস্যের একটি মজুত ভাণ্ডার গঠন করা হইবে বলিয়া খাদ্যমন্ত্রী শ্রী এস পাতিল আজ রাজ্যসভায় এক উৎসাহব্যঞ্জক প্রতিশ্রুতি দিয়াছেন।

১৫ই ডিসেম্বর—আজ রাজ্যসভায় দণ্ডকারণ্য পরিকল্পনা সম্পর্কে দুই ঘণ্টাব্যাপী এক আলোচনার সূত্রপাত করিয়া কম্যুনিষ্ট দলের সদস্য শ্রীভূপেশ গুপ্ত "দণ্ডকারণ্য কেলেঙ্কারী" সম্পর্কে বিচার বিভাগীয় তদন্ত এবং পুনর্বাসন মন্ত্রী শ্রীমেহেরচাঁদ খান্নার পদত্যাগ দাবি করেন।

পাসপোর্ট পুনর্নবীকরণ অথবা নূতন পাসপোর্ট ইস্যু করিতে বিলম্ব হওয়ায় পূর্ব-পাকিস্তানে সংখ্যালঘু সম্প্রদায়ের লোকদের যে দুর্ভোগ ভোগ করিতে হইতেছে, তাহা দূর করার জন্য করাচী ও ঢাকায় ভারতীয় কূট-নৈতিক মিশনের প্রতিনিধিগণ পাক-কর্তৃপক্ষের সহিত আলোচনা চালাইতেছেন বলিয়া দিল্লির সংবাদে প্রকাশ।

১৬ই ডিসেম্বর—১৯৬০ সালের ৫ই জানুয়ারীর পূর্বে রাজ্যে আগত বিদেশীদের অস্থায়িত্ব পারমিট লইতে হইবে বলিয়া পশ্চিম-বঙ্গ সরকারের পক্ষ হইতে জানানো হইয়াছে।

অদ্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেটের সভায় আকাডেমিক কাউন্সিলের সুপারিশ মত প্রাক বিশ্ববিদ্যালয় কোর্স ও তিন বৎসরের ডিগ্রী কোর্সের সিলেবাস গৃহীত হয়। ঐ নূতন সিলেবাস ১৯৬০—৬১ সালের সেশন হইতে চালু হইবে।

অদ্যকার অপরাহ্নে রাউরকেলায় ভারতের বৃহত্তম ইস্পাত ও লৌহের পাত নির্মাণ ও কাটাই (স্লাবিং অ্যাণ্ড ব্লুমিং মিল) কারখানায় পরীক্ষামূলকভাবে কাজ আরম্ভ হয় এবং প্রথম ইস্পাতের পাতটি কারখানা হইতে বাহির হইয়া আসে।

১৭ই ডিসেম্বর—ভারতীয় জাতীয় কংগ্রেসের ভূতপূর্ব সভাপতি ডাঃ বি পট্টভি সীতারামাইয়া অদ্য সকালে হায়দরাবাদে প্রাণত্যাগ করিয়াছেন। কিছুদিন পূর্বে তিনি মধ্যপ্রদেশের রাজ্যপাল ছিলেন। মৃত্যুকালে তাঁহার বয়স ৮০ বৎসর হইয়াছিল।

বহুত মুদ্রাপাচার ছাড়া অসমানী [illegible] সম্পর্কে স্টার্লিং ও ডলার এলাকার মধ্যে পার্থক্য উঠাইয়া দেওয়া হইয়াছে বলিয়া আজ নয়াদিল্লীতে সরকারীভাবে ঘোষিত হইয়াছে।

আজ কলিকাতার জেলা শাসকের দপ্তরে অনুষ্ঠিত দুই ঘণ্টাব্যাপী এক ত্রিপক্ষীয় বৈঠকে হাওড়া পোর কর্মচারীদের ২০শে ডিসেম্বরের প্রস্তাবিত ধর্মঘটের শান্তিপূর্ণ মীমাংসা হওয়ায় উক্ত ধর্মঘট প্রত্যাহৃত হয়।

১৮ই ডিসেম্বর—শিবিরবাসী উদ্বাস্তুদের উপর ৯০ দিনের নোটিশ জারী করা সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকার আপত্তি তুলিয়াছেন বলিয়া জানা গিয়াছে। প্রকাশ অদ্য রাইটার্স বিল্ডিংসে রাজ্য পুনর্বাসন দপ্তরের আঞ্চলিক অফিসার-গণের এক সম্মেলনে প্রসঙ্গটি আলোচিত হয় এবং আপাততঃ ঐ নোটিশ জারী বন্ধের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করা হইবে বলিয়া স্থির হয়।

অদ্যকার উড়িষ্যা বিধান সভায় রাজ্য হইতে খাদ্যশস্য রপ্তানির ভবিষ্যৎ নীতি নির্ধারণ সম্পর্কে দুইদিনব্যাপী আলোচনা সমাপ্ত হইয়াছে। শেষ পর্যন্ত রাজ্য সরকারকে রাজ্যের ক্রেতা ও উৎপাদকের স্বার্থের প্রতি দৃষ্টি রাখিয়া খাদ্যশস্য রপ্তানির ভবিষ্যৎ নীতি নির্ধারণের ভার দেওয়া হইয়াছে।

১৯শে ডিসেম্বর—আজ রাত্রি সাড়ে দশটার সময় অকস্মাৎ জি টি রোডের উপর অবস্থিত মুদিয়ালিতে এক বিধ্বংসী অগ্নি-কাণ্ডের ফলে প্রায় ২৩টি দোকান ভস্মীভূত হয়। ক্ষতির পরিমাণ প্রায় ৫০,০০০ টাকা হইবে বলিয়া অনুমান করা হইতেছে।

২০শে ডিসেম্বর—চীনের প্রধানমন্ত্রী ভারতের প্রধানমন্ত্রী শ্রী নেহরুকে আলোচনার জন্য আহ্বান করিয়া যে পত্র প্রেরণ করিয়াছেন, ভারতের প্রধানমন্ত্রী উহার উত্তরের খসড়া লইয়া স্বরাষ্ট্রমন্ত্রী পণ্ডিত পন্থের সহিত আলোচনা করেন বলিয়া জানা গিয়াছে। সম্ভবতঃ চীনা প্রধানমন্ত্রীর বৈঠকের প্রস্তাব সরাসরিভাবে প্রত্যাখ্যান করা হইবে না। বিতর্কমূলক কয়েকটি বিষয় সুস্পষ্টভাবে জানাইতে বলা হইবে।

## বিদেশী সংবাদ

১৪ই ডিসেম্বর—প্রেসিডেন্ট আইসেনহাওয়ার আজ ইরাণী মজলিসে (পার্লামেন্ট) ভাষণ দান প্রসঙ্গে পশ্চিমী গোষ্ঠী কর্তৃক পৃষ্ঠপোষিত সেন্টো জোটের পক্ষে সুদৃঢ় সমর্থন জানান। প্রেসিডেন্ট ও ইরানের শাহ কর্তৃক স্বাক্ষরিত এক যুক্ত ইস্তাহারে সেন্টো (বাগদাদ চুক্তির উত্তরাধিকারী) জোটকে সমর্থন জানানো হয়।

রাষ্ট্রপুঞ্জের সাধারণ পরিষদ আজ পুনরায় ভারতকে তিন বৎসরের জন্য অছি পরিষদের সদস্য নির্বাচিত করিয়াছেন। রাষ্ট্রপুঞ্জের অছি এলাকার শাসন কার্যের তদারকী করাই অছি-পরিষদের মুখ্য কাজ।

১৫ই ডিসেম্বর—নিরপেক্ষ নেপালী সংবাদপত্র স্বতন্ত্র সমাচারে আজ এই মর্মে এক সংবাদ প্রকাশিত হইয়াছে যে কয়েকদিন পূর্বে চীনা সেনাবাহিনী মধ্য-পশ্চিম নেপালে প্রবেশ করিয়াছে এবং নেপালী এলাকায় চীনা পতাকা উত্তোলন করিয়াছে।

রাজ্যের প্রেসিডেন্ট ঐ উইল ম. ১৯শে ডিসেম্বর হইতে দশ দিন সময় [illegible] বিবাহ [illegible] আজ ঘোষণা করিয়াছেন।

১৬ই ডিসেম্বর—প্যারিসে ইউনিয়ন নিউজ প্রেসিডেন্ট আইসেনহাওয়ার ও ভারতের প্রধান মন্ত্রী নেহরুর বিদ্যমান তাঁহাদের সাম্প্রতিক দিল্লি আলোচনায় তিব্বতের বিষয় আলোচিত হওয়ায় চীনের ঘরোয়া ব্যাপারে হস্তক্ষেপের অভিযোগ করেন।

১৭ই ডিসেম্বর—কাঠমাণ্ডুতে চীনা দূতাবাস [illegible] একটি বিশেষ [illegible] একটি [illegible] প্রচারিত হইয়াছে। [illegible] বলা হইয়াছে যে, ভারতীয় সৈন্যরা ঐ সব স্থানে আক্রমণ ও অধিকার স্থাপন করিয়াছে।

১৮ই ডিসেম্বর—চীনের প্রধান মন্ত্রী শ্রী চু এন লাই চীন-ভারত সীমান্ত বিরোধ সম্পর্কে ভারতের প্রধান মন্ত্রী শ্রীনেহরুর সহিত আলোচনা [illegible] জানাইয়াছেন। তিনি আলোচনা শুরুর দিন ধার্য করিয়াছেন আগামী ২৬শে ডিসেম্বর, স্থান—চীনের যে কোন জায়গা কিংবা রেঙ্গুন।

প্রেসিডেন্ট [illegible]

[illegible] একটি আবেদন [illegible]

১৯শে ডিসেম্বর—চীন-ভারত সীমান্ত বিরোধ মীমাংসার জন্য ২৬শে ডিসেম্বর এক বৈঠকের প্রস্তাব করিয়া ভারতের প্রধানমন্ত্রীর নিকট চীনের প্রধানমন্ত্রী যে পত্র দিয়াছেন—তাহার মূল বক্তব্য আজ পিকিং ও [illegible] প্রকাশিত হয়। তবে উভয় সরকারই এই সম্পর্কে কোন মন্তব্য করে নাই।

২০শে ডিসেম্বর—পাকিস্তানের প্রেসিডেন্ট জেঃ আয়ুব খাঁ আজ লণ্ডনে বলেন যে, কাশ্মীর বিরোধের মীমাংসা না হওয়া পর্যন্ত পাকিস্তান ভারতের সঙ্গে সামরিক জোট স্থাপনের বিষয় বিবেচনাই করিতে পারেন না।

কর্তৃপক্ষ মহলের সংবাদে প্রকাশ যে, এপ্রিল মাসে প্যারিসে পূর্ব-পশ্চিম শীর্ষ সম্মেলন অনুষ্ঠানের জন্য শ্রীনিকিতা ক্রুশ্চেভের নিকট প্রস্তাব করা হইবে বলিয়া পশ্চিমী নেতৃবর্গ সিদ্ধান্ত করিয়াছেন।

সম্পাদক শ্রীঅশোককুমার সরকার সহকারী সম্পাদক—শ্রীসাগরময় ঘোষ

প্রতি সংখ্যা—৫০ নয়া পয়সা। কলিকাতা : বার্ষিক ২০, ষাণ্মাসিক—১০, ও ত্রৈমাসিক—৫, টাকা।
মফঃস্বল : (সডাক) বার্ষিক—২২, ষাণ্মাসিক—১১, টাকা ও ত্রৈমাসিক—৫ টাকা ৫০ নয়া পয়সা
মুদ্রাকর ও প্রকাশক : শ্রীরামপদ চট্টোপাধ্যায়, আনন্দ প্রেস, ৬ সুতারকিন স্ট্রীট, কলিকাতা—১।
টেলিফোন : ২৩—২২৮০। স্বত্বাধিকারী ও পরিচালক : আনন্দবাজার পত্রিকা (প্রাইভেট) লিমিটেড।

পিয়ার্স
... সুন্দরী
নারীদের
ঐতিহ্য
PEARS
TALCUM
PEARS
TRANSPARENT
SOAP
"পিয়ার্স" নামটি সারা পৃথিবীর
সুন্দরী নারীদের কাছে অতুলনীয় গুণাবলীর
প্রতীক — মোলায়েম এবং ভাল পিয়ার্সে
তাদের সৌন্দর্য্য সম্পূর্ণ নিরাপদ।
সেইজন্যই তাঁরা পিয়ার্স সাবানের সাহায্যে
তাঁদের লাবণ্যের যত্ন নেন — পিয়ার্স আসল
গ্লিসারিণ যুক্ত সৌন্দর্য্য সাবান।
এটি স্পর্শকাতর ত্বকের পক্ষে এত বিশুদ্ধ এত ভাল।
শিশুদের পক্ষে সেইজন্যই এটি আদর্শ সাবান।
মখমলের মত মোলায়েম পিয়ার্স ট্যালকম
পাউডারে অপূর্ব সুগন্ধ ছাড়াও আছে
সেই একই গুণাবলী এবং বিশুদ্ধতা।
আপনার সৌন্দর্য্য
চর্চায় নিয়মিত
পিয়ার্স ব্যবহার করুন
এ আর এক পিয়ার্স লিঃ লণ্ডনের পক্ষে হিন্দুস্থান লিভার লিঃ কর্তৃক ভারতে প্রস্তুত।

REG. NO. C. 2109

রাজশেখর বসু
মহাভারত ১২·০০ রামায়ণ ৬·৫০
চলন্তিকা (অভিধান) ... ৬·৫০

সর্বপল্লী রাধাকৃষ্ণন সম্পাদিত
প্রাচ্য ও পাশ্চাত্য দর্শনের ইতিহাস ৭·০০

সুধীরচন্দ্র সরকার সংকলিত
পৌরাণিক অভিধান ... ৭·০০

দেবেন্দ্রনাথ বিশ্বাস সংকলিত
বিজ্ঞান-ভারতী ... ৪·৫০

যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি
পৌরাণিক উপাখ্যান ... ৩·৫০

অচিন্ত্যকুমার সেনগুপ্ত
বীরেশ্বর বিবেকানন্দ (১ম) ... ৫·০০

[illegible] বন্দ্যোপাধ্যায় ও
[illegible] বন্দ্যোপাধ্যায়
রবীন্দ্রসংগীতের ভূমিকা ... ২·০০

[illegible]
মন্দিরময় ভারত
প্রথম খণ্ড ৫·০০ দ্বিতীয় খণ্ড ৩·৫০

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের
পথের দাবী ৬·০০
বিপ্রদাস ৫·০০
দত্তা ৩·০০
শেষের পরিচয় ৩·০০
শ্রীকান্ত (নাটক) ২·৫০
পরিণীতা (,,) ১·৫০
ছেলেবেলার গল্প ·৮৫
শরৎ-সাহিত্য-সংগ্রহ [illegible] খণ্ড পুনর্মুদ্রিত হয়েছে। প্রতি খণ্ড ৯·০০

অন্নদাশঙ্কর রায়ের
জাপানে ৬·৫০ পথে প্রবাসে ৩·৫০
রূপের দায় ৩·৫০ কামিনীকাঞ্চন ৩·০০

সুবোধ ঘোষের
শতকিয়া ৪·০০ থির বিজুরী ৩·০০
ফসিল ২·৫০ জতুগৃহ ৩·৫০
প্রাচীন মিশর—[illegible] ৫·৫০

[illegible]
[illegible] ইত্যাদি গল্প ... [illegible]·০০
[illegible] ইত্যাদি গল্প ... ৩·০০
[illegible] ৩·০০ [illegible] ২·৫০
[illegible] ২·৫০ [illegible] ২·৫০

বিনয় চৌধুরী
[illegible] মহানদী ... ৩·৫০

বুদ্ধদেব বসু
কালিদাসের মেঘদূত ... ৬·০০
মৌলিনাথ (উপন্যাস) ... ৪·০০
শেষ পাণ্ডুলিপি ... ৩·২৫
আধুনিক বাংলা কবিতা ... ৮·০০

[illegible] কবিতার বই
[illegible] ... ২·০০
নরেন্দ্র দেব ও রাধারাণী দেবী সম্পাদিত
কাব্য দীপালি ... ৭·০০

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়
[illegible] (নাটক) ... ২·০০
[illegible] নাটক ১·৫০ [illegible] ১·৫০

মৈত্রেয়ী দেবী
ঋগ্বেদের দেবতা ও মানুষ ... ২·৫০

এম. সি. সরকার অ্যাণ্ড সন্স প্রাইভেট লিঃ, ১৪ বঙ্কিম চাটুজ্জে স্ট্রীট, কলিকাতা—১২



॥ আনকোরা নতুন বই ॥

বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের নবতম উপন্যাস মিলনান্তক ৪॥

মণিলাল বন্দ্যোপাধ্যায়ের
নতুন উপন্যাস
পরিশোধ ৪॥

কবিশেখর কালিদাস রায়ের
সাহিত্য প্রসঙ্গ ৫৲

তারাপদ মুখোপাধ্যায়ের
আধুনিক বাংলা কাব্য
— ছয় টাকা —

নিরুপমা দেবীর
প্রত্যর্পণ ৩৲
শ্যামলী ৫৲

নীহাররঞ্জন গুপ্তের
উত্তর ফাল্গুনী ৩॥
কলঙ্কিনী কঙ্কাবতী ৫৸০

গজেন্দ্রকুমার মিত্রের
মহান ঐতিহাসিক উপন্যাস
বহ্নিবন্যা ৮॥

আশাপূর্ণা দেবীর
ছাড়পত্র ৪॥
শ্রেষ্ঠ গল্প ৫৲

নরেন্দ্রনাথ মিত্রের
অনমিতা ৪৲
শ্রেষ্ঠ গল্প ৫৲, চেনামহল ৫৸০

রামপদ মুখোপাধ্যায়ের
জীবনজাহ্নবী ৬॥০

কালীপদ ঘটকের
চন্দন বাহিরা ৫৲

[illegible]
অপরূপা ৫॥০

[illegible]
শ্রীমতী আর্ডের ৪॥০

আশুতোষ মুখোপাধ্যায়ের
সমুদ্র সফেন ৪॥
পঞ্চতপা ৬॥০

হরিনারায়ণ চট্টোপাধ্যায়ের
উপকূলে ৩৲, আরাকান ৫৲
তরঙ্গের পর (যন্ত্রস্থ)

প্রমথনাথ বিশীর
কেরী সাহেবের মুন্সী (২য় মুদ্রণ যন্ত্রস্থ) ৮॥

মিত্র ও ঘোষ : ১০, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা—১২

নবরূপায়ণে

# কুয়াশা

পৌষালী সংখ্যা

তাজমহলের পাথর দেখেছ,
দেখেছ তার প্রাণ?
অন্তরে তার মমতাজ নারী
বাহিরেতে সাজাহান!

প্রেম আর বিরহ! বিস্ময় আর কৌতূহল! সমস্ত কিছু প্রশ্নের উত্তর বয়ে আনবে 'কুয়াশা'র বিশেষ পৌষালী সংখ্যাটি। খ্যাতনামা লেখকের দুটি বড় গল্প। একটি সম্পূর্ণ উপন্যাস ও একটি নাটক। আরো পাঁচটি রহস্য গল্প এবং দুটি বিস্ময়কর নিবন্ধ।

প্রায় আড়াই শ পাতার বই
দাম মাত্র ১৷৷০ টাকা

প্রকাশিত হবে ৭ই জানুয়ারী

## কুয়াশা

রহস্য-রোমাঞ্চ গোয়েন্দা মনস্তত্ত্বমূলক রোমান্টিক ধর্মী মাসিক পত্রিকা

৩৭, সূর্য সেন স্ট্রীট
কলিকাতা—৯



বিদ্যোদয়ের বই

কানাই সামন্ত
**চিত্রদর্শন**
২৫·০০

প্রফুল্ল চক্রবর্তী
**মানব বিকাশের ধারা**
১২·০০

অনিলা দাশগুপ্তা
**স্বাধীনতার পথে প্রাচ্য জগৎ**
"...এই [illegible] ... [illegible] সেই [illegible] ... [illegible]।"
আনন্দবাজার পত্রিকা : ১০ই ডিসেম্বর '৬১
২·৫০

কপিল ভট্টাচার্য
**বাংলা দেশের নদ-নদী ও পরিকল্পনা**
৪·৫০

নির্মলকুমার বসু
**পরিব্রাজকের ডায়েরী**
৪·৫০

সরোজকুমার রায়চৌধুরী
**মধুমিতা**
"...[illegible] ... এবং [illegible] ... [illegible]।"
আনন্দবাজার পত্রিকা : [illegible] ডিসেম্বর, '৬১
৬·০০

অমরেন্দ্র ঘোষ
**নাগিনী মুদ্রা**
৩·৫০

সুশীল জানা
**সূর্যগ্রাস**
৩·৭৫

**বিজ্ঞানী ঋষি জগদীশচন্দ্র** ॥ শতবর্ষপূর্তি সংকলন
"...[illegible] এই [illegible] বিজ্ঞানী [illegible] ... [illegible]।"
দেশ : ২২শে মার্চ, '৬১
৬·০০

| | | | |
|---|---|---|---|
| ময়ূরাক্ষী | ॥ | সরোজকুমার রায়চৌধুরী | ৩·০০ |
| গৃহকপোতী | ॥ | সরোজকুমার রায়চৌধুরী | ৩·৫০ |
| তাপসী | ॥ | প্রফুল্ল রায়চৌধুরী | ৩·৫০ |
| পথে প্রান্তরে ২য় পর্ব | ॥ | [illegible] | ৪·০০ |
| পরিভাষা কোষ | ॥ | সত্যপ্রকাশ রায় | ১০·০০ |
| শতাব্দীর শিশু-সাহিত্য | ॥ | খগেন্দ্রনাথ মিত্র | ৭·০০ |
| বক্তব্য | ॥ | ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায় | ৩·০০ |
| সংস্কৃত সাহিত্যের রূপরেখা | ॥ | ডাঃ বিমানচন্দ্র ভট্টাচার্য | ৬·৫০ |

**মহাভারত** ॥ হেমদাকান্ত চৌধুরী ১২·০০

বিদ্যোদয় লাইব্রেরী প্রাইভেট লিমিটেড
৭২ মহাত্মা গান্ধী রোড ॥ কলিকাতা ৯

# সূচীপত্র


| বিষয় | লেখক | পৃষ্ঠা |
|---|---|---|
| বিশ্বভারতীর আদর্শ— | | ... ৬২৯ |
| প্রসংগত— | | ... ৬৩০ |
| বৈদেশিকী— | | ... ৬৩১ |
| দ্বিতীয় মত—রঞ্জন | | ... ৬৩৩ |
| বিজ্ঞান বৈচিত্র্য— | | ... ৬৩৫ |
| কড়ি দিয়ে কিনলাম—শ্রীবিমল মিত্র | | ... ৬৩৭ |
| যে পত্নী অর্ধাঙ্গিনী নয়—শ্রীসুধাংশু ঘোষাল | | ... ৬৬৫ |



অ্যাসোসিয়েটেড-এর

৭ই পৌষের বই :

প্রবোধকুমার সান্যালের নতুন উপন্যাস
ইস্পাতের স্বাক্ষর ৩·৫০

শিবতোষ মুখোপাধ্যায়ের
লাবণ্যের এনাটমি ৩.

দিলীপ গোস্বামীর
লণ্ডনের পাড়ায় পাড়ায় ৩.

ভোলা চট্টোপাধ্যায়ের
উনিশ শ পঞ্চাশের নেপাল ৩.

## আমাদের প্রকাশিত পাঁচখানি বিবিধ গ্রন্থ ঃ

**রাজশেখর বসুর বিচিন্তা** ২য় সংস্করণ ২·২৫ [illegible]

**দেওয়ান কার্তিকেয়চন্দ্র রায়ের আত্মজীবন চরিত** ৩·০০ [illegible]

**শ্রীপ্রবোধেন্দুনাথ ঠাকুরের অবনীন্দ্র-চরিতম্** ৩·৫০ [illegible]

**নলিনীকান্ত সরকারের শ্রদ্ধাস্পদেষু** ২·৫০ [illegible]

**প্রাণতোষ ঘটকের কলকাতার পথ-ঘাট** ৩·০০ [illegible] কলকাতার ইতিবৃত্ত এই বই ॥

* আমাদের বই পেয়ে ও দিয়ে সমান তৃপ্তি *

**ইণ্ডিয়ান অ্যাসোসিয়েটেড পাবলিশিং কোং প্রাইভেট লিঃ**

গ্রাম ঃ ক্যালকাটার ৯৩, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা ৭ ফোন ঃ ৩৪-২৬৪১


(সি ১০৬৫)

এই বৎসরের অন্যতম শ্রেষ্ঠ উপন্যাস

কণাদ গুপ্তের

# অবরোহণ

মূল্য : আড়াই টাকা ● সব দোকানে পাবেন

পাঠাগার - লাইব্রেরী ও সেবাপ্রতিষ্ঠান

আমাদের কাছে এই বই

২০% কমিশনে পাবেন।

কথা-সাহিত্য মন্দির :

৩৪-বি, আমহার্স্ট স্ট্রীট, কলিকাতা—৯

(সি ১৪১০)

● গৌরীশঙ্কর ভট্টাচার্য অনূদিত

ভিকি বাউম্ রচিত

প্রকাশিত হইল!!

# গ্র্যাণ্ডহোটেল

● ছয় টাকা ●

**হোটেলের ঘুরোনো-দরজাটা ঘুরছে—অনবরত ঘুরছে দরজাটা**

**—লোক আসছে আর যাচ্ছে**

**—দরজাটা ঘুরছে,—ঘুরছে, দরজাটা ঘুরছে···**

এই দরজা দিয়েই নর্তকী গ্রুসিনস্কায়া, চটুলা ফ্ল্যাম, ব্যারন, ডাক্তার, ম্যানেজিং ডিরেক্টর সবাই আসা-যাওয়া করছে। বিরাট দুনিয়ারই ক্ষুদ্র-অনুলিপি এই হোটেল:

**গ্রুঃ**......প্রথম জীবনের প্রণয় ওর মনোরাজ্যে বড়রকমের কোনো বিপ্লব ঘটাতে পারেনি। ওর যা কিছু আশা-স্বপ্ন সবই নৃত্যলোককে কেন্দ্র করে রচিত হ'ত। ওর মনের মানুষ দু-চার জন ছিল বই কি, কারণ হীরা-জহরৎ পোশাক-গাড়ির মতো ও-জিনিসটারও প্রয়োজন ছিল। দিনরাত ওর কাছে প্রেম-নিবেদনের আকুতি নিয়ে কতো লোকই পিছু-পিছু ঘুর-ঘুর করেছে। কিন্তু ওর মনে ছিল সংশয়, **ভালোবাসা** ব'লে কিছু থাকতে পারে এটাই ও বিশ্বাস করে নি তখন।.....কিন্তু এখন.....

**জেনারেল ডিরেক্টর**···যেন ঝাঁপিয়ে পড়েন ওদের ওপর। তাঁর মুখে-চোখে বাঁধন-ছেঁড়ার উন্মত্ততা—কারাগারের দুয়ার ভেঙে বেরিয়ে আসে চুয়ান্ন বছরের ক্ষুধিত, নিপীড়িত জৈব-তাড়নায় উত্যক্ত মানুষ। নিজের কাছ থেকে পালিয়ে যাবার কী প্রাণপণ চেষ্টা তাঁর। সেই পুরাতন আদর্শবাদী বিবেকের বোঝা-বওয়া মানুষটার হাত থেকে নিষ্কৃতি পেতে চায় যৌবনতাড়িত বিপ্লবী প্রাইজিং।··· হাউই-এর মতো নিজেকে ছুঁড়ে দিলেন ফ্ল্যামশেনের বাহুর মধ্যে।......

**ক্রিংগেলাইন**···সেই মেয়েটির মুখের ওপর মুখ নিয়ে গিয়ে থমকে ভাবে—এ কোন্ অজানা দ্বীপে অভিযান করতে এসেছে সে!···

**ফ্ল্যাম্**···এতদিন পরে আজ এই প্রথম অনুভব করছে দেহ বিক্রয়ের চেয়ে অনেক বেশী স্বাদ স্বতউৎসারিত দেহদানে।...

**এইরকম হাজারো নরনারীর আনাগোনার চেনা-জানাতে উপন্যাসের দিক্‌দর্শন বিচিত্র। বিশ্বসাহিত্যের সার্থক সৃষ্টি।**

---

**গ্রন্থ-ভবন : ৯৩ মহাত্মা গান্ধী রোড : কলিকাতা-৭**

(সি ১০৯৬)

যুরোপে লেখা

শ্রীমধুসূদন চট্টোপাধ্যায়ের

চাঞ্চল্যকর ভ্রমণকাহিনী

# ডোভার পেরিয়ে

আর্ট পেপারে উনিশটি ছবি। প্রথম শ্রেণীর কাগজ। প্রথম শ্রেণীর ছাপা। খালেদ চৌধুরী অঙ্কিত প্রচ্ছদপট। মূল্য: ৪·৫০

এম. সি. সরকার অ্যান্ড সন্স

প্রাইভেট লিমিটেড

১৪ বঙ্কিম চাটুয্যে স্ট্রীট, কলিঃ—১২

(সি ১৪২৭)

# গীত-ভানু

'দক্ষিণী' পরিচালিত

শাস্ত্রীয় সঙ্গীত শিক্ষায়তন

১৩২, রাসবিহারী এভিনিউ,

কলিকাতা-২৯

## নূতন শিক্ষাবর্ষ

'জানুয়ারী' মাস থেকে গীত-ভানু'র নূতন শিক্ষা-বর্ষ সুরু হবে। এই শিক্ষাকেন্দ্র কেবলমাত্র হিন্দুস্থানী শাস্ত্রীয় কণ্ঠসঙ্গীত ও যন্ত্রসঙ্গীত শিক্ষাদান করা হয়। আদ্য, মধ্য ও অন্ত্য শ্রেণীতে বিভক্ত ছয় বছরের নির্ধারিত পাঠক্রম। নূতন শিক্ষার্থী ভর্তি করা আরম্ভ হয়েছে। শিক্ষাগ্রহণ ও ভর্তি হবার সময়: শনিবার বিকাল ৪—৭ ও রবিবার সকাল ৮—১১।

# সূচীপত্র


| বিষয় | লেখক | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| বাইশে শ্রাবণ—শ্রীনির্ম্মলকুমারী মহলানবিশ | | ... | ৬৬৯ |
| শপথ—শ্রীজ্যোতিরিন্দ্র নন্দী | | ... | ৬৭৩ |
| নিজেরে হারায়ে খুঁজি—শ্রীঅহীন্দ্র চৌধুরী | | ... | ৬৮২ |
| প্রথম কদম ফুল—শ্রীঅচিন্ত্যকুমার সেনগুপ্ত | | ... | ৬৮৭ |
| চিত্র প্রদর্শনী— | | ... | ৬৯১ |
| কলের পুতুল—শ্রীবরেন গঙ্গোপাধ্যায় | | ... | ৬৯৫ |
| বিশ্ববীক্ষা— | | ... | ৭০১ |



এ বছরের সাহিত্য একাদমী পুরস্কারপ্রাপ্ত

**সোহাগপুরা ৪৲**

**দেশবন্ধু-স্মৃতি ১০৲**

"It is the greatest tragedy in my life that I have been drawn to a profession that I do not like."

ডাঃ মাখনলাল রায়চৌধুরী — **রামায়ণে রাক্ষস সভ্যতা ৪৲**

যোগেশ বাগল প্রণীত — **কলিকাতার সংস্কৃতি কেন্দ্র ৫৲**

প্রমথনাথ বিশী — **বাংলার কবি ৪৲**

প্রবোধ সান্যালের — **এক বাণ্ডিল কথা ৪৲**

গল্প সঞ্চয়ন ৪৲ বন্দীবিহঙ্গ ৩৷৹

সুবোধ চক্রবর্তীর উপন্যাস — **একটি আশ্বাস ৬৷৹**

হরিনারায়ণ চট্টোপাধ্যায়ের উপন্যাস — **অন্য দিগন্ত ৫৲**

মহেন্দ্রনাথ গুপ্ত প্রণীত — **হে অতীত কথা কও ৪৲**

**বউঠাকুরাণীর খাল ৩৲**

বিশ্বনাথ চট্টোপাধ্যায়ের উপন্যাস — **অরণ্য বাসর ৬৲ ডায়মণ্ট ২৷৹**

**সমান্তরাল ৩॥**

প্রশান্ত চৌধুরী রচিত সর্বাধুনিক উপন্যাসখানি "লাল পাথর"এর মত সমাদৃত হবে আশা করা যায়।

শ্রীগুরু লাইব্রেরী, ২০৪ কর্ণওয়ালিস স্ট্রীট কলিকাতা ফোন ৩৪-২৯৮৪

॥ ন্যাশনালের কয়েকটি বই ॥

উপন্যাস

**চরকাসেম** ৩·৭৫

ছোট গল্প

**চৈত্রদিন** ৪·০০

অরুণ চৌধুরীর **সীমানা** ১·৭৫

কবিতা

মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়ের **কটি কবিতা ও একজন** ২·০০

প্রবন্ধ ও ইতিহাস

নরহরি কবিরাজের **স্বাধীনতার সংগ্রামে বাঙলা** ৩·০০

নীরেন্দ্রনাথ রায়ের **সাহিত্যবীক্ষা** ৩·০০

রেবতী বর্মণের **সমাজ ও সভ্যতার ক্রমবিকাশ** ৩·৫০

সত্যেন্দ্রনারায়ণ মজুমদারের **ভাষাতত্ত্বে মার্কসবাদ** ০·৫০

মুজফ্‌ফর আহ্‌মদের **ভারতের কমিউনিস্ট পার্টি গড়ার প্রথম যুগ** ০·৩৭

ন্যাশনাল বুক এজেন্সি প্রাঃ লিমিটেড

১২, বঙ্কিম চাটার্জি স্ট্রীট : কলকাতা ১২

১৭২, ধর্মতলা স্ট্রীট : কলকাতা ১৩

= প্রকাশিত হইল =

# পশ্চিম দিগন্ত

## নির্মল চট্টোপাধ্যায়

ইউরোপের বিশিষ্ট মনীষী বার্নার্ড শ', ওয়েলস্, রাসেল, হ্যাভলক্ এলিস, অস্কার ওয়াইল্ড এবং আধুনিক চারিজন মার্কিন ঔপন্যাসিকের উপর লেখা ছয়টি উজ্জ্বল প্রবন্ধের সংগ্রহ। চিন্তার গভীরতায়, দৃষ্টিভঙ্গীর স্বাতন্ত্র্যে ও প্রকাশের প্রসাদগুণে প্রতিটি রচনা অনন্য।

মূল্য—২৲।

**কল্লোল প্রকাশনী:**
এ-১৩৪, কলেজ স্ট্রীট মার্কেট, কলি-১২



ডন ব্র্যাডম্যানের

**ক্রিকেট খেলার অ আ ক খ—৪৲**

(How to Play Cricket-এর অনুবাদ)।

"ক্রিকেট খেলা শেখার পক্ষে বইখানি চমৎকার। এই গ্রন্থে ক্রিকেট খেলার সমস্ত দিকই বহু ছবির দ্বারা বুঝিয়ে দিয়েছেন ডন ব্র্যাডম্যান।" —যুগান্তর

"...প্রত্যেকেরই এটা বিশেষ কাজে আসবে এবং প্রত্যেক লাইব্রেরীরও এক কপি করে এ বইটি সংগ্রহ করা উচিত।" —পঙ্কজ গুপ্ত

"...আমি প্রত্যেককে বিশেষতঃ তরুণ বয়স্কদের এই বইটি পড়তে পরামর্শ দিচ্ছি। অনুবাদও হয়েছে খুব স্বচ্ছ সুন্দর।" —বেরী সর্বাধিকারী

**আর্ট অ্যাণ্ড লেটার্স পাবলিশার্স**
৩৪, চিত্তরঞ্জন এভিনা, জবাকুসুম হাউস, কলিকাতা—১২।



**উমাচল-গ্রন্থাবলী**

শ্রীমৎ স্বামী শিবানন্দ সরস্বতী প্রণীত

**যোগবলে রোগ আরোগ্য**
(সহজ যৌগিক উপায়ে সর্ববিধ রোগের চিকিৎসাপ্রণালী)—৫।৽

Yogic Therapy—(Simple Yogic Treatment of diseases) Rs. 7/-.

**যৌগিক ব্যায়াম** (আসন-মুদ্রা)—২৲

**যৌগিক ব্যায়াম** (প্রাণায়াম)—২৲

**ব্রহ্মচর্য ও ছাত্রজীবন**—১।।৽

**ঈশোপনিষৎ**
(যুগোপযোগী নবীন ভাষ্য)—২৲

**খাদ্যনীতি ও শিশু-পালন**—১।৽

শ্রীনারায়ণী দেবী অনূদিত

**নিবেদিতা** (লিজেল রেম), যুগাচার্য স্বামী বিবেকানন্দের মানসকন্যা সিস্টার নিবেদিতার অপরূপ জীবন-কথা—৫।।৽

**উমাচল প্রকাশনী**
৫৮।১।৭বি রাজা দীনেন্দ্র স্ট্রীট, কলি:-৬
ও কলিকাতার অন্যান্য পুস্তকালয়

(সি ১৪৪০)



## রমেশ রচনাবলী

রমেশচন্দ্র দত্ত প্রণীত এবং তাঁহার জীবদ্দশায় প্রকাশিত শেষ সংস্করণ হইতে গৃহীত ছয়খানি পূর্ণাঙ্গ উপন্যাস একত্রে গ্রথিত। বঙ্গবিজেতা, মাধবীকঙ্কণ, মহারাষ্ট্র জীবন প্রভাত, রাজপুত জীবন-সন্ধ্যা, সংসার ও সমাজ। শ্রীযোগেশচন্দ্র বাগল কর্তৃক সম্পাদিত এবং রমেশচন্দ্রের জীবনী ও সাহিত্য-সাধনার কথা আলোচিত। পাইকা হরফে ঝরঝরে ছাপা, স্বর্ণাঙ্কিত রেক্সিন বাঁধাই, মনোরম প্রচ্ছদপট। [মূল্য: ৯৲ টাকা।]

## SAMSAD ANGLO-BENGALI DICTIONARY

ইংরেজী ও বাংলা উভয় ভাষাতেই শব্দের উচ্চারণ, ব্যুৎপত্তিগত অর্থ, প্রয়োগের উদাহরণ, শব্দের ব্যুৎপত্তি, পরিভাষা প্রভৃতি সম্বলিত ১৬৭২ পৃষ্ঠার একটি সর্বজনপ্রয়োজনীয় আধুনিক শব্দকোষ। [১২৲]

## সংসদ বাঙলা অভিধান

৪০,০০০ শব্দের ও ২৫০০ চিত্রের প্রকাশক সংক্ষিপ্ত ব্যুৎপত্তিসহ সর্বশেষ অভিধান কোষগ্রন্থ। [৭৲]

**সাহিত্য সংসদ**
৩২এ আচার্য প্রফুল্লচন্দ্র রোড
কলিকাতা ৯।

অন্যান্য পুস্তকালয়েও পাইবেন।



প্রকাশিত হল—

## অবধূতের

নবতম বিস্ময়কর উপন্যাস

# দেবারিগণ

"আজ নয়, কাল নয়—অনাগত ভবিষ্যতের গর্ভে হয়তো এ কাহিনী লুকিয়ে আছে। আশায় মানুষ বেঁচে আছে। আশা করতে দোষ কি যে, এমন একটা সময় আসছে যখন ঘুষ, ভেজাল, ধরাধরি—এই তিন শত্রুর কবল থেকে আমরা মুক্তি পাব। তখনকার সেই অভিশাপমুক্ত জাতির কাছে হয়তো আমার এই কাহিনীটির কিছু মূল্য হবে।"

—— সাড়ে চার টাকা ——

**গুপ্ত প্রকাশিকা**
১০, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা—১২

# সূচীপত্র


| বিষয় | লেখক | পৃষ্ঠা |
| --- | --- | --- |
| হলুদ আলোর কবিতা (কবিতা) | —শ্রীনীরেন্দ্রনাথ চক্রবর্তী | ... ৭০৩ |
| সুন্দর খেলনাগুলি (কবিতা) | —শ্রীগোবিন্দ মুখোপাধ্যায় | ... ৭০৩ |
| পুস্তক পরিচয়— | | ... ৭০৪ |
| প্রেক্ষাগৃহে— | | ... ৭০৯ |
| রঙ্গজগৎ—চন্দ্রশেখর | | ... ৭১০ |
| খেলার মাঠে—একলব্য | | ... ৭১৭ |
| সাপ্তাহিক সংবাদ— | | ... ৭২০ |


প্রচ্ছদ—শ্রীনীরদ মজুমদার


লিপিকার দ্বিতীয় বই

নতুন একটি নাম, এবং প্রবল একটি বিস্ময়!

'মরুবেশ' এর চমকপ্রদ সৃষ্টি

**দুস্তর মরু**

বাংলা সাহিত্যের আসরে অনেকদিন আর নতুন কোনও বিস্ময়ের সৃষ্টি হয়নি। লিপিকার দ্বিতীয় গ্রন্থই সেই নতুন বিস্ময়ের বার্তা নিয়ে এসেছে [illegible] এই ছদ্মনামের আড়ালে যিনি আত্মগোপন করে আছেন [illegible] তিনি গিয়েছিলেন দুস্তর মরুর দেশে। তিনি সাংবাদিক, [illegible] এমন সংবাদ, [illegible] যা কেউ সংগ্রহ করতে পারে না। [illegible] সংগ্রহেই তিনি [illegible] রাজপ্রাসাদে, মরুচারীদের [illegible] একদিকে তিনি [illegible] অন্যদিকে [illegible] আর সেই বিচিত্র বিস্ময়ের সমাবেশেই 'দুস্তর মরু' এক চমকপ্রদ অসামান্য গ্রন্থ হয়ে উঠেছে।

দাম মাত্র তিন টাকা

লিপিকার প্রথম বই

তারাশঙ্করের একমাত্র প্রবন্ধ-গ্রন্থ

**সাহিত্যের সত্য**

পরিবেশক : আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড

৫ চিন্তামণি দাস লেন, কলকাতা ৯



আগামী বাংলা নববর্ষে বাহির হইবে

রূপসজ্জা, পরিপাটি, রচনা-গৌরবে শ্রেষ্ঠ

নববর্ষ-সংকলন

**মধুরাংশ্চ**

সম্পাদক :

শ্রীদক্ষিণারঞ্জন বসু

প্রকাশক :

শ্রীঅমিয়রঞ্জন মুখোপাধ্যায়

[illegible] "মধুরাংশ্চ" [illegible] নিকট [illegible] লাভ [illegible] বাংলা নববর্ষ উপলক্ষে [illegible] একটি সংকলন প্রকাশে উদ্যোগী হইলাম। বাংলাদেশের শ্রেষ্ঠ লেখক-লেখিকাদের রচনা-সম্ভারে এই সংকলনটি [illegible] পাঠের জন্য, [illegible] "মধুরাংশ্চ" [illegible] গ্রাহক, বিজ্ঞাপন-দাতা, পুস্তক-বিক্রেতা ও বিজ্ঞাপন-এজেন্টদের সহযোগিতা কামনা করি।

সম্প্রতি প্রকাশিত হইয়াছে

**বরণীয়**

শ্রীযোগেশচন্দ্র বাগল

[illegible] মূল্য পাঁচ টাকা মাত্র।

বারোটি অপূর্ব

প্রেমের গল্প

**সুভদ্রার ভিটে**

একালের শক্তিশালী কথাশিল্পী

দক্ষিণারঞ্জন বসুর

একখানি অনবদ্য গল্প-সংকলন

মূল্য সাড়ে তিন টাকা মাত্র

**এ মুখার্জী অ্যাণ্ড কোং**

প্রাইভেট লিঃ

২, বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট,

কলিকাতা—১২

ফোন : ৩৪—১৬০৬

গ্রাম : প্রকাশিকা

প্রকাশিত হইল

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

ডক্টর শ্রীসুকুমার সেন প্রণীত

**বাঙ্গালা সাহিত্যের ইতিহাস**

প্রথম খণ্ড পূর্বার্ধ

সম্পূর্ণ পুনর্লিখিত ও পরিবর্তিত এবং কয়েকখানি মূল্যবান চিত্র ও পুঁথির প্রতিলিপিযুক্ত। মূল্য ১২·৫০

পুনর্লিখিত ও পরিবর্ধিত বাঙ্গালা সাহিত্যের ইতিহাস প্রথম খণ্ডের অপরার্ধ মুদ্রিত হইতেছে।

তৃতীয় খণ্ডের নূতন সংস্করণ তৈয়ারী হইতেছে।

**বাংলা সাহিত্যের কাহিনী**—মূল্য ২·২৫

প্রকাশক: **ইস্টার্ন পাবলিশার্স**

৪০-এ, মহেন্দ্র গোস্বামী লেন, কলি-৬

---

ডক্টর শ্রীসুকুমার সেনের নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট পাওয়া যায়

**বাঙ্গালা সাহিত্যের ইতিহাস**—
দ্বিতীয় খণ্ড মূল্য ১০·০০

**বাঙ্গালা সাহিত্যের ইতিহাস**—
চতুর্থ খণ্ড মূল্য ১০·০০

**ভাষার ইতিবৃত্ত**— মূল্য ১০·০০

**চর্যাগীতি পদাবলী**— মূল্য ১০·০০



# শ্রীমহেন্দ্রনাথ দত্তের রচনাবলী

| | | |
|---|---|---|
| ১। | শ্রীমৎ সারদানন্দ স্বামিজীর জীবনের ঘটনাবলী ... | ৩·০০ ন. প. |
| ২। | শ্রীমৎ স্বামী নিশ্চয়ানন্দের অনুধ্যান (২য় সংস্করণ) | ·৫০ ন. প. |
| ৩। | গুপ্ত মহারাজ (স্বামী সদানন্দ) ... ... | ·৫০ ন. প. |
| ৪। | দীন মহারাজ ... ... ... | ·৫০ ন. প |
| ৫। | ভক্ত দেবেন্দ্রনাথ ... ... ... | ১·০০ ন. প. |
| ৬। | মাতৃদ্বয় (গৌরীমা ও গোপালের মা) ... ... | ·২৫ ন. প |
| ৭। | ব্রজধাম দর্শন ... ... ... | ১·৫০ ন. প. |
| ৮। | পাশুপত অস্ত্রলাভ (কাব্য) ... ... ... | ৫·০০ ন. প. |
| ৯। | সঙ্গীতের রূপ ... ... ... | ১·৫০ ন. প. |
| ১০। | নৃত্যকলা ... ... ... | ১·০০ ন. প |
| (11) | **Triangle of love** ...... | 1.50 nP |

The bond of unification and relation between Divinity, Self and the manifested world have been dealt in this treatise in a lucid way. The careful reader will find how the essence amidst all variations from changeable manifestations a permanency is obtained which gives solace to the mind, peace and joy.

| | | |
|---|---|---|
| (1(13) | **Federated Asia** ........ | 4.50 nP |
| (14) | **National Wealth** ........ | 5.50 nP |

**মহেন্দ্র পাবলিশিং কমিটি**

৫নং গৌরমোহন মুখার্জী স্ট্রীট, কলিকাতা—৬

(সি ৬৫৩)



সম্প্রতি প্রকাশিত নতুন গ্রন্থ

অচিন্ত্যকুমার সেনগুপ্তের

# প্রচ্ছদপট

নিত্যকালের চিত্তস্পর্শী উপন্যাস

দাম: ৩·৫০ টাকা

শৈলজানন্দ মুখোপাধ্যায়ের

# মনের মানুষ

ভালোবাসার আপন জনকে হারাবার ট্র্যাজেডি—
করুণ-মধুর ভাবনায় ভরিত রসোত্তীর্ণ গ্রন্থ

দাম: ৩·০০ টাকা

........ অন্যান্য উল্লেখযোগ্য প্রকাশন ........

| | | | | |
|---|---|---|---|---|
| প্রেমের গল্প | । | অচিন্ত্যকুমার সেনগুপ্ত | ॥ | ৪·০০ |
| প্রেমের গল্প | । | তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | ॥ | ৪·০০ |
| রূপসী রাত্রি | । | অচিন্ত্যকুমার সেনগুপ্ত | ॥ | ৫·০০ |
| ভারত প্রেমকথা | । | সুবোধ ঘোষ | ॥ | ৬·০০ |
| শতকিয়া | । | সুবোধ ঘোষ | ॥ | ৮·০০ |
| তিন শূন্য | । | তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় | ॥ | ৩·৫০ |
| বিবেকানন্দ চরিত | । | সত্যেন্দ্রনাথ মজুমদার | ॥ | ৫·০০ |
| চিন্ময় বঙ্গ | । | আচার্য ক্ষিতিমোহন সেন | ॥ | ৪·০০ |
| গল্প-সংগ্রহ | । | সরলাবালা সরকার | ॥ | ৫·০০ |
| রবীন্দ্রমানসের উৎস-সন্ধানে | । | শচীন্দ্রনাথ অধিকারী | ॥ | ৩·৫০ |
| ছেলেদের বিবেকানন্দ | । | সত্যেন্দ্রনাথ মজুমদার | ॥ | ১·২৫ |

........ প্রকাশের অপেক্ষায় ........

| | | | | |
|---|---|---|---|---|
| প্রেমের গল্প | । | শৈলজানন্দ মুখোপাধ্যায় | ॥ | ৪·০০ |

**আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড**

৫ চিন্তামণি দাস লেন ॥ কলিকাতা ৯

# দেশ

DESH 40 Naya Paisa
Saturday, 2nd January, 1960

২৭ বর্ষ ॥ ৯ সংখ্যা ॥ ৪০ নয়া পয়সা
শনিবার, ১৮ পৌষ, ১৩৬৬ বঙ্গাব্দ

## বিশ্বভারতীর আদর্শ

বিশ্বভারতীর এবারের সমাবর্তন উৎসবে নূতন উপাচার্য শ্রীযুক্ত সুধীরঞ্জন দাশ মহোদয় খুব স্পষ্টভাবে তাঁহার দুটি সংকল্প প্রকাশ করিয়াছেন—প্রথম, বিদ্যালয়টির উন্নতি সাধন করিতে হইবে আর দ্বিতীয়, সর্বতোভাবে বিশ্বভারতীর [illegible] কলাত্মক বিদ্যার উপরে জোর দিতে হইবে। [illegible]

প্রথমে বিদ্যালয়টির কথাই ধরা যাক। বিদ্যালয়টিই বিশ্বভারতীর প্রাথমিক ভিত্তি, ইহারই উপরে সমগ্র প্রতিষ্ঠানের সংগঠন [illegible]। রবীন্দ্রনাথের আদর্শ ছিল যে, বিদ্যালয়ের ছাত্রগণই আবার সোপানে সোপানে কলেজ ও অন্যান্য স্নাতকোত্তর বিভাগে প্রবেশ করিবে; বহিরাগতদের পক্ষে কলেজ ও অন্যান্য বিভাগের দ্বার রুদ্ধ হইবে না সত্য, কিন্তু তাহাদের উপরে নির্ভর করিলেও চলিবে না। এখন বিদ্যালয়টি যদি উঠাইয়া দেওয়া হয় বা দুর্বল হইয়া পড়ে তবে বহিরাগত ছাত্রের উপরেই নির্ভর করিতে হয়। কিন্তু প্রশ্ন, বহিরাগত ছাত্রের এখানে আসিবার আকর্ষণ কি হইবে? তাহারা দেখিবে যে, বিশ্বভারতী আর পাঁচটা বিশ্ববিদ্যালয় হইতে স্বতন্ত্র নয়। আমাদের আশঙ্কা প্রায় সেইরূপ অবস্থা ঘটিয়াছে। বিশ্বভারতীর উত্তর বিভাগসমূহের ছাত্র সংখ্যা আশাপ্রদ নয়। নিজস্ব বিদ্যালয়ের ছাত্ররাই যদি বিশ্বভারতীর উত্তর বিভাগের প্রতি আকৃষ্ট না হয় তবে বাহিরের ছাত্রদের দোষ দেওয়া যায় না। আমরা যতদূর জানি বিদ্যালয়টি উপেক্ষিত এবং তাহার অবস্থা আশাজনক নয়। অতীতের উপাচার্যগণ বিদ্যালয়টি সম্বন্ধে উদাসীন ছিলেন বলিলে বোধ করি অন্যায় হইবে না। এ হেন [illegible] স্মরণ করিয়াই বর্তমান উপাচার্যকে বিশেষ জোরের সহিত বিদ্যালয়টির উন্নতি সাধনের সংকল্প প্রকাশ করিতে হইয়াছে। আমরা এ বিষয়ে তাঁহার সহিত সম্পূর্ণ একমত। বিদ্যালয়টি হইতেছে সমগ্র বিশ্বভারতীর ভিত্তি, প্রাণ ও মূলধন। বিদ্যালয়ের নিম্নতম শ্রেণীতে ভর্তি হইয়া যে ছাত্র ক্রমান্বয়ে বিশ্বভারতীর উচ্চতম পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহার মধ্যেই প্রতিষ্ঠানটির সংস্কৃতি প্রতিফলিত। এমন ছাত্রের সংখ্যা [illegible]। শ্রীযুক্ত দাশ যদি বিদ্যালয়ের সম্যক উন্নতি করিতে পারেন তবেই বিশ্বভারতীর ভবিষ্যৎ পাকা হইবে। আমাদের আশা [illegible] নিরপেক্ষভাবে তিনি এই কার্যে হস্তক্ষেপ করিবেন।

এখানে দ্বিতীয় প্রসঙ্গ। কলাত্মক বিদ্যাচর্চাই বিশ্বভারতীর আদর্শ। ইতিপূর্বে কোন উপাচার্য বিশ্বভারতীকে উচ্চতর বিজ্ঞান সাধনার ক্ষেত্রে পরিণত করিবার কল্পনা করিয়াছিলেন। উচ্চতর বিজ্ঞান তথা যন্ত্রবিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠানের অভাব দেশে নাই। প্রতি বৎসর নূতন নূতন প্রতিষ্ঠান দেখা দিতেছে, বস্তুত দেশের মেধা ও মনোযোগ এখন ঐদিকেই আকৃষ্ট। অভাব যথার্থ কলাত্মক বিদ্যা-শিক্ষা প্রতিষ্ঠানের। যে জ্ঞান হাতে হাতে বাস্তব ফল দেয় না, পরোক্ষভাবে মনকে উদার ও সংস্কারমুক্ত করিয়া সত্তাকে চিরকালীন পটভূমিতে শিক্ষা দান করে এরূপ শিক্ষার স্থান ক্রমেই সঙ্কুচিত হইয়া আসিতেছে। আশার এই ঘনায়মান অন্ধকারের মধ্যে শুদ্ধ জ্ঞানের শিখারূপে বিশ্বভারতী দেদীপ্যমান থাকিবে ইহাই বিশ্বভারতীর সংকল্প—আর ইহাই ছিল প্রতিষ্ঠাতা আচার্যের আশা। বিশ্বভারতীর সংকল্প বাক্য পাঠ করিলে দেখা যাইবে যে, মানুষ যেখানে সত্যরূপে স্বতঃপ্রকাশ, তাহার দর্শনলাভ উদ্দেশ্যেই বিশ্বভারতীর প্রতিষ্ঠা। একটা বিজ্ঞান কলেজ ও যন্ত্রবিদ্যা শিখিবার প্রতিষ্ঠান স্থাপন করিয়া সে উদ্দেশ্য সার্থক হইবে না—হয় তো ঠিক উল্টাই হইবে। একমাত্র কলাত্মক বিদ্যার চর্চাতেই পরিপূর্ণ মানুষ গড়িয়া ওঠে। এরূপ বিদ্যাচর্চার স্থানের অভাব দেশের পক্ষে প্রকাণ্ড একটা সমস্যা হইয়া উঠিয়াছে। এই সমস্যা পূরণে বিশ্বভারতীর দায়িত্ব আছে, সে দায়িত্ব স্বয়ং রবীন্দ্রনাথ কর্তৃক ন্যস্ত। ইহার অন্যথা ঘটিলে বিশ্বভারতী অসম্পূর্ণ হইবে, জাত খোয়াইয়া আর পাঁচটা প্রতিষ্ঠানের সামিল হইয়া পড়িবে, বিশ্বভারতীর সে রূপ আমরা দেখিতে ইচ্ছা করি না।

শ্রীযুক্ত দাশ কর্মীপুরুষ, নেহরুর বিশ্বাস ভাজন, দেশের লোকেরও আস্থা তাঁহার উপরে আছে আর সর্বোপরি তিনি রবীন্দ্রনাথের আদর্শে বিশ্বাসী। এখন তিনি যদি এই দুটি কার্য, বিদ্যালয়ের উন্নতি সাধন আর কলাত্মক বিদ্যাচর্চার প্রাধান্য স্থাপন করিতে সক্ষম হন তবে বিশ্বভারতীর হৃতগৌরব পুনরুদ্ধার করিতে সমর্থ হইবেন। তাঁহার চেষ্টায় বিশ্বভারতী স্বরূপে প্রতিষ্ঠিত হইলে তিনি দেশবাসীর কৃতজ্ঞতা ও প্রতিষ্ঠাতা আচার্যের আশীর্বাদ লাভ করিয়া যুগপৎ লোকঋণ ও গুরুঋণ পরিশোধের সাফল্য অর্জন করিতে পারিবেন।

# প্রসঙ্গত

বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উৎসবে [illegible] বিশ্ববিদ্যালয়ের আচার্য শ্রীজওহরলাল নেহরু তাঁর অভিভাষণে ঐতিহ্য ও যুগধর্মের মধ্যে সমন্বয়ের উপর জোর দিয়েছেন। প্রশ্নটি চিন্তাশীল ব্যক্তিমাত্রেরই মনে উঠেছে, কিন্তু খুব স্থিরভাবেও নয়, স্থায়ীভাবেও নয়। জনৈক ইংরেজ তাঁর একখানি গ্রন্থে লিখেছেন, দু'শো বৎসরের বৃটিশ শাসন ভারতবর্ষের যে সাংস্কৃতিক পরিবর্তন করতে পারেনি, "মাই লর্ড মাউন্টব্যাটেন" তা কয়েক বৎসরেই সম্পন্ন করেছেন। দিল্লিতে এখন আর ককটেল ছাড়া পার্টি হয় না। "মাই লর্ডের" বিদায়-গ্রহণের পর আরও কয়েক বৎসর কেটে গেছে। এবং এই কয়েক বৎসরে ইংরেজিয়ানা রেসের ঘোড়ার মতো ছুটে চলেছে!

কোট-পেন্টলুন যুগধর্মের অন্তর্গত বলে মনে করার কারণ, অন্য দেশে বহু কাল থেকে এইটিই তাদের জাতীয় পরিচ্ছদ। আমাদের বাংলা দেশেও সে একটা যুগ কেটে গেছে যখন ইংরিজী ভাষা, পরিচ্ছদ ও আচার-ব্যবহার গ্রহণ করে ইংরেজ হবার স্বপ্নে 'ইয়ং বেঙ্গল' বিভোর হয়ে উঠেছিল। তাদের চোখ ঝলসে গিয়েছিল ইউরোপীয় সংস্কৃতির তীব্র তেজে। কিন্তু সেই উন্মাদনা কাটতে দেরি হয়নি। অল্পদিনেই বুঝতে পারলে, শুধু ভাষা এবং পরিচ্ছদের সাহায্যে ধর্মান্তর হয়, কিন্তু জাত্যন্তর হয় না। ইংরেজ চলে যাবার সঙ্গে সঙ্গে সেই মোহ আবার নতুন করে দেখা দিয়েছে। কিন্তু এও একদিন কাটবে। আর যতদিন না কাটছে, চিন্তাশীল ব্যক্তিমাত্রেই ভয়-ভয়ে থাকবেন।

*

ঐতিহ্য হচ্ছে জাতীয় সংস্কৃতির ভিত্তি। তা মাটির অভ্যন্তরে নিহিত। সেইখানে সংস্কৃতির প্রাণশক্তি। সেইখান থেকে সে প্রাণরস আহরণ করে। মাটিকোর প্রভাব যে শুধু উদ্ভিদরাজ্যেই সীমাবদ্ধ তা নয়, প্রাণীজগতেও তার প্রভাব অপরিসীম। তারই ফলে যেমন ওক গাছ ভারতবর্ষে দেখা যায় না, তেমনি বাঘও দেখা যায় না ইউরোপে। এবং তারই ফলে ধুতি পরলেই ইংরেজ বাঙালী হয় না, তেমনি কোট-পেন্টলুন পরলেই বাঙালী ইংরেজ হয় না।

কিন্তু যুগধর্ম বয়ে চলেছে বায়ু-তরঙ্গে। সেই তরঙ্গ পৃথিবীর এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত প্রবাহিত হয়। তার জন্যে একটি বিশেষ যুগে পৃথিবীর বিভিন্ন দেশে সংস্কৃতিগত পার্থক্য সত্ত্বেও চিন্তাধারার সমগোত্র ঐক্য খুঁজে পাওয়া যায়। মাটির ধর্মের সঙ্গে আকাশের ধর্মের সমন্বয়-সাধনের প্রয়াসের মধ্যেই বিশ্বভারতীর সৃষ্টিতত্ত্ব। কবিগুরুর যে বিশ্বমানবতা ও আন্তর্জাতিকতা তা মোটা স্থূল বস্তু নয়। তা আরও সূক্ষ্ম এবং আরও গভীর। শান্তিনিকেতনের সুন্দর পরিবেশে, আম্রকুঞ্জের উৎসব-সভায় ঋষিকবির সেই সূক্ষ্ম সুরটিই শ্রীনেহরুর ভাষণে ধ্বনিত হয়েছে। কিন্তু শুধু ধ্বনির মধ্যেই তো চলবে না। তার বাস্তবরূপের ভারও মুখ্যত রয়েছে প্রধানমন্ত্রীর উপরই, যিনি একই সঙ্গে বিশ্বভারতীর আচার্যও।

*

ছাত্রদের উচ্ছৃঙ্খলতা আজ রাজ্যের সিংহাসনকেও নাড়া দিয়েছে! ছাত্রদের কথা আজ রাজনৈতিক নেতারা ভাবতে আরম্ভ করেছেন, প্রধানমন্ত্রী শ্রীজওহরলাল নেহরু বলছেন এদের কথা, এমন কি, রাষ্ট্রপতি রাজেন্দ্র প্রসাদও যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন-সভায় এই কথার উল্লেখ করেছেন। ছাত্রদের মধ্যে উচ্ছৃঙ্খলতার পরিচয় অনেকদিন থেকেই দুশ্চিন্তার কারণ হয়ে উঠেছে। ছাত্রেরা এর সমস্ত দায়িত্ব শিক্ষকদের উপর চাপিয়ে এসেছে, শিক্ষকেরা ছাত্রদের উপর, আর জনসাধারণ চাপিয়ে এসেছে একসঙ্গে শিক্ষক, ছাত্র ও শিক্ষাব্যবস্থার উপর। 'নটে গাছটি মুড়োলো' সেই সনাতন অভিযোগ-শৃঙ্খলা' ছেলেরা ফেল করে কেন? বিদ্যালয়ে পড়া হয় না। পড়া হয় না কেন? পড়বে কে, ছেলেরা সিনেমা আর খেলায় মশগুল। শিক্ষকদের মাইনে কম। পাঠ্যতালিকার সংশোধন আবশ্যক। তার জন্যে কমিশন বসে। সিনেমা-খেলার উপর কারও হাত নেই। তবে শিক্ষকদের কিছু-কিঞ্চিৎ বেতন বাড়ে। পাঠ্যতালিকারও সংশোধন হয়। কিন্তু নটেগাছটি মুড়োয় না!

এখন প্রশ্ন ওঠে, "এহ বাহ্য, আগে কহ আর"। 'আগে কহিবার' পালা শুরু হয়েছে। ডক্টর রাজেন্দ্র প্রসাদ বলেছেন, এই উচ্ছৃঙ্খলতার কারণ আরও গভীরে। বেকার সমস্যা, বর্তমান শিক্ষাপদ্ধতির পরিবর্তন, ভাষা সমস্যা, প্রাচীন ঐতিহ্য এবং আরও অনেক কিছু এর মূলে রয়েছে। ছেলেদের মনে নিরাপত্তাবোধের অভাব ঘটেছে। এবং যতদিন যুবকদের সঙ্গে তাদের পরিবেশের সমঞ্জস্য ও সঙ্গতি বিধান না হচ্ছে এবং তাদের মনে নিরাপত্তা-বোধ না জাগছে, ততদিন এই অবস্থার উন্নতির আশা বৃথা। অর্থাৎ যে কথা শ্রীনেহরু সূক্ষ্মভাবে বলেছেন ঃ যুগধর্মের সঙ্গে ঐতিহ্যের সমন্বয়।

*

কলিকাতা রাজভবনে ভারতীয় শিক্ষা পরিষদের সমাবর্তন উৎসবে ডক্টর রাজেন্দ্র প্রসাদ ভাষা সমস্যা সম্পর্কে আর একটি কথা বলেছেন ঃ হিন্দী ভাষার প্রসার ভারতে নিশ্চয় আবশ্যক হয়ে পড়েছে সত্য (রাজনৈতিক প্রয়োজনে), কিন্তু যাঁরা হিন্দী-প্রচারে ব্রতী হয়েছেন তাঁদের লক্ষ্য রাখা উচিত, অনিচ্ছুক স্বদেশে জোর করে যেন হিন্দী চাপিয়ে দেওয়া না হয়। অ-হিন্দী-ভাষীদের এই ভাষার দিকে আকৃষ্ট করা আবশ্যক। বলা বাহুল্য তার জন্যে প্রচার-কার্যের চেয়ে হিন্দী-সাহিত্যের ঐশ্বর্য বৃদ্ধির দিকেই অধিকতর আত্মনিয়োগ করা প্রয়োজন।

এই প্রসঙ্গে ডক্টর রাজেন্দ্র প্রসাদ আরও বলেছেন, বাংলাভাষা অত্যন্ত সমৃদ্ধ, উন্নত ও অগ্রসর। হিন্দী সাহিত্যের ঐশ্বর্য বৃদ্ধির জন্যে বাংলাভাষা থেকে ভারতীয় শিক্ষা পরিষদের ঋণ গ্রহণ করা উচিত। নিজের ভাষার ঐশ্বর্য বৃদ্ধির জন্যে অন্য ভাষার ঋণ গ্রহণ করাও লজ্জাকর নয়। বাংলাভাষাও ইউরোপীয় সাহিত্য থেকে যথেষ্ট ঋণ গ্রহণ করেছে এবং ভারতের অন্য কোনো ভাষা থেকে ঋণ গ্রহণেও লজ্জার কোনো কারণ নেই।

*

বলা বাহুল্য, শুধু অনুবাদের সাহায্যেই তা সম্ভব নয়। মূল ভাষার সঙ্গে পরিচয় বিশেষ আবশ্যক। ভারতবর্ষে অনেক ভাষা প্রচলিত এবং তার অনেকগুলিরই জননী এক, সংস্কৃত। সেইজন্যে এবং ধর্মের জন্যেও ভাষাগত, সংস্কৃতিগত, এমন কি, বেশ-ভূষাগত বৈচিত্র্য সত্ত্বেও একটা মূলগত গভীর ঐক্য ভারতবর্ষকে এক এবং অখণ্ড রেখেছে। সেই গভীর ঐক্যকে পুনর্জাগরণে আমাদের সাহিত্যের দায়িত্ব অনেকখানি।

সেই মহান উদ্দেশ্যে দুটি প্রতিষ্ঠানের প্রয়াস বিশেষ প্রশংসনীয়। একটি নিখিল বঙ্গ সাহিত্য সম্মেলন। সম্প্রতি এই প্রতিষ্ঠানের ৩০তম অধিবেশন বাঙ্গালোরে হয়ে গেল। প্রত্যেক বৎসর বাংলার বাইরে এক একটি রাজ্যে এর অধিবেশন হয় এবং তার ফলে বাংলা সাহিত্যের সঙ্গে সেই রাজ্যের কিছুটা পরিচয় সাধিত হয়। অপরটি নিখিল ভারত লেখক সম্মেলন। সম্প্রতি মাদ্রাজে এর অধিবেশন হয়ে গেল। এখানে ভারতের বিভিন্ন ভাষার লেখক-বৃন্দের সমাবেশ হয়। দুটি সম্মেলনকেই আমাদের শুভকামনা জানাই।

# বৈদেশিকী

আগামী ২৭শে এপ্রিল থেকে প্যারিসে আমেরিকা, বৃটেন, ফ্রান্স এবং সোভিয়েট রাশিয়ার "শীর্ষ সম্মেলন" আরম্ভ করার "পশ্চিমী" প্রস্তাবকে সোভিয়েট গভর্নমেন্ট স্বাগত করেন—তারিখের বিষয়ে ছাড়া। সোভিয়েট গভর্নমেন্ট বলেন যে, "মে দিবস" (১লা মে) উৎসবে সোভিয়েট গভর্নমেন্টের প্রধানকর্তা মিঃ ক্রুশ্চেভের মস্কোতে উপস্থিত থাকা দরকার। সেজন্য শীর্ষ সম্মেলনের তারিখ হয় কয়েকদিন এগিয়ে নয় কয়েকদিন পেছিয়ে দিতে হবে। মস্কো প্রস্তাব করেছে যে সম্মেলন আরম্ভ করার তারিখ ২১শে এপ্রিল অথবা ৪ঠা মে হতে পারে। "পশ্চিমী" তরফ থেকে ১৬ই মে সম্মেলন আরম্ভ করার কথা পাল্টা প্রস্তাব দিচ্ছে। ১৬ই মে মস্কোর মনঃপূত হবে কিনা অথবা সোভিয়েট গভর্নমেন্ট আবার অন্য কোনো তারিখের কথা বলবেন যে, বর্তমান প্রবন্ধ লেখার সময় পর্যন্ত আন্দাজের বিষয়। তবে ইতিমধ্যে অপ্রত্যাশিত বাড়া রকমের কিছু না ঘটলে যে মে মাসের মধ্যে প্রথমদিকেই সম্মেলন হবে বলে ধরে নেওয়া যেতে পারে।

বৈঠকের স্থান যে মস্কোর খুব মনঃপূত হয়েছে তা বলা যায় না। তবে জেনেভা বৈঠকের সময়ে ও বৃটিশ প্রধানমন্ত্রী মিঃ ম্যাকমিলানের পীড়াপীড়ি ছিলেন না। তিনি চেয়েছিলেন জেনিভা। সোভিয়েট গভর্নমেন্টেরও মোটের জেনিভা হতে বেশি পছন্দ ছিল। তবে "পশ্চিমী" তরফ থেকে যেভাবে প্রস্তাবটি গৃহীত হয়েছে তাতে এই আভাস দেওয়া হয়েছে যে, "পশ্চিমী" শক্তিদের এবং সোভিয়েট রাশিয়ার মধ্যে শীর্ষ সম্মেলন একটি হয়েই শেষ হবে না, পর পর কয়েকটি হবে। প্যারিস দিয়ে আরম্ভ। এর পরে মস্কো, ওয়াশিংটন, লন্ডনে বৈঠক হতে পারবে—অবশ্য এই ক্রম অনুসারেই যে হবে তার কোনো নিশ্চয়তা নেই। তবে প্যারিসের পরবর্তী বৈঠক—যদি হয়—তবে সেটা মস্কোতেই হবার সম্ভাবনা। যখন জেনিভাতে না করে পক্ষদ্বয়েরই কারো রাজধানীতে বৈঠক করা ঠিক হল, তখন প্রথম বারের জন্য প্যারিসের নির্বাচন একরূপ অবশ্যম্ভাবী ছিল বলা যায়। দুই পালের গোদা—আমেরিকা ও সোভিয়েট রাশিয়া একে অপরের রাজধানীতে প্রথম বৈঠকের স্থান নির্বাচিত হতে দিতে আপত্তি করত। তাছাড়া, প্রেস্টিজের প্রশ্ন উঠত। ফ্রান্স পশ্চিমী দল-

GOVT. ... LIBRARY Cooch Behar


নাভানার বই

কবিতা

| | |
|---|---|
| জীবনানন্দ দাশের শ্রেষ্ঠ কবিতা ... | ৪·০০ |
| বিষ্ণু দে-র শ্রেষ্ঠ কবিতা ... | ৪·০০ |
| শীতের প্রার্থনা : বসন্তের উত্তর ॥ বুদ্ধদেব বসু ... | ২·৫০ |
| পালা-বদল ॥ অমিয় চক্রবর্তী ... | ২·০০ |
| কঙ্কাবতী ॥ বুদ্ধদেব বসু ... | ৩·০০ |
| নরকে এক ঋতু ॥ র‍্যাঁবো । অনুবাদ—লোকনাথ ভট্টাচার্য | ২·০০ |

গল্পসংগ্রহ ও উপন্যাস

| | |
|---|---|
| প্রেমেন্দ্র মিত্রের শ্রেষ্ঠ গল্প ... | ৫·০০ |
| এক অঙ্গে এত রূপ ॥ অচিন্ত্যকুমার সেনগুপ্ত ... | ৩·০০ |
| চিররূপা ॥ সন্তোষকুমার ঘোষ ... | ৩·০০ |
| গড় শ্রীখণ্ড (উপন্যাস) ॥ অমিয়ভূষণ মজুমদার ... | ৮·০০ |
| ফরিয়াদ (উপন্যাস) ॥ দীপক চৌধুরী ... | ৪·০০ |
| সমুদ্র-হৃদয় (উপন্যাস) ॥ প্রতিভা বসু ... | ৪·০০ |
| বসন্তপঞ্চম ॥ নরেন্দ্রনাথ মিত্র ... | ২·৫০ |
| মীরার দুপুর (উপন্যাস) ॥ জ্যোতিরিন্দ্র নন্দী ... | ৩·০০ |
| মেঘের পরে মেঘ (উপন্যাস) ॥ প্রতিভা বসু ... | ৩·৭৫ |
| তিন তরঙ্গ (উপন্যাস) ॥ প্রতিভা বসু ... | ৪·০০ |
| চার দেয়াল (উপন্যাস) ॥ সত্যপ্রিয় ঘোষ ... | ৩·০০ |
| বন্ধুপত্নী ॥ জ্যোতিরিন্দ্র নন্দী ... | ২·৫০ |
| মাধবীর জন্য ॥ প্রতিভা বসু ... | ২·৫০ |
| নীল ভূঁইয়া (উপন্যাস) ॥ অমিয়ভূষণ মজুমদার ... | ৫·০০ |
| মনের ময়ূর (উপন্যাস) ॥ প্রতিভা বসু ... | ৩·০০ |
| বিবাহিতা স্ত্রী (উপন্যাস) ॥ প্রতিভা বসু ... | ৩·৫০ |

প্রবন্ধ ও বিবিধ রচনা

| | |
|---|---|
| সব-পেয়েছির দেশে ॥ বুদ্ধদেব বসু ... | ২·৫০ |
| আধুনিক বাংলা কাব্যপরিচয় ॥ দীপ্তি ত্রিপাঠী ... | ৭·৫০ |
| পলাশির যুদ্ধ ॥ তপনমোহন চট্টোপাধ্যায় ... | ৪·০০ |
| রবীন্দ্রসাহিত্যে প্রেম ॥ মলয়া গঙ্গোপাধ্যায় ... | ৩·০০ |
| স্মৃতিরঙ্গ ॥ তপনমোহন চট্টোপাধ্যায় ... | ২·৫০ |
| রক্তের অক্ষরে ॥ কমলা দাশগুপ্ত ... | ৩·৫০ |
| সময়টা কেমন যাবে ॥ জ্যোতি বাচস্পতি ... | ৩·০০ |

কিশোর সাহিত্য

| | |
|---|---|
| মিঠুয়া ॥ সমর চট্টোপাধ্যায় ... | ১·০০ |
| অবন পটুয়া ॥ সমর চট্টোপাধ্যায় ... | ২·০০ |

শীঘ্রই প্রকাশিত হচ্ছে

বুদ্ধদেব বসুর শ্রেষ্ঠ কবিতা
(পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ)

**নাভানা**

৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা ১৩

তুচ্ছ হলেও পরের গোলা নয়। শক্তিতে সোভিয়েটের সঙ্গে ফ্রান্সের কোনো তুলনাই হয় না, সুতরাং ফ্রান্স ও সোভিয়েটের মধ্যে কে ছোটো কে বড়ো, কে কার কাছে ছোটো বা বড়ো হল তা নিয়ে মানের প্রশ্ন উঠে না। তাছাড়া প্যারিস শহরের একটা বিশেষ ঐতিহ্য আছে। মিঃ খ্রুশ্চেভের ফ্রান্স পরিদর্শনে আসার একটা কথাও ছিল। সেদিক দিয়ে শীর্ষ সম্মেলনের স্থান হিসাবে প্যারিসের নির্বাচন মিঃ খ্রুশ্চেভের বিদেশ-ভ্রমণের পরিকল্পিত সূচীর সঙ্গে হয়ত এক-রকম মিল খেয়ে যাবে।

অবশ্য প্যারিসের নির্বাচন 'পশ্চিমী' গরজেই বেশি হয়েছে—প্রেসিডেন্ট দ্য গলকে একটু খুশী করার জন্য। কারণ "অতলান্তিক পরিবার"কে কোনরকমেই "সুখী পরিবার" বলা চলে না। তার মধ্যে ফ্রান্সকে নিয়েই বেশি মুশকিল হয়েছে। আসলে ফ্রান্সের আর পূর্বের শক্তি নেই, কিন্তু প্রেসিডেন্ট দ্য গল এমন চালে চলতে চান যেন ফ্রান্স "প্রথম শ্রেণীর" শক্তিই রয়ে গেছে। ফ্রান্স আলজেরিয়ায় সাম্রাজ্যবাদী নীতি অনুসরণ করে চলেছে, যদিও সে নীতির ভারবহনের শক্তি তার নেই। ফ্রান্স চায় যে সে শক্তি অন্যেরা জোগাবে থাক। কিন্তু অন্যদের কোনো পরামর্শ দেবার অধিকার থাকবে না।

আমেরিকা এটা পুরোপুরি বরদাস্ত করতে রাজী নয়। তাতে দ্য গল চটেছেন এবং চটে ন্যাটো সংস্থার সঙ্গে অসহযোগিতা করতে শুরু করেছেন। ন্যাটো কমান্ডের আওতা থেকে ভূমধ্যসাগরস্থিত ফরাসী নৌবহর সরিয়ে আনা হয়েছে এবং ফরাসী ভূমিতে মার্কিন নিউক্লিয়ার অস্ত্র রাখার অনুমতি প্রত্যাহৃত হয়েছে। এইসব নিয়ে আমেরিকা ও ফ্রান্সের মধ্যে মনকষাকষি চলছে। কারণ ফ্রান্স যেভাবে চলছে তাতে ন্যাটো সংস্থার পরিকল্পিত সংগঠনের কাজ গুরুতররূপে ব্যাহত হচ্ছে। সম্প্রতি আমেরিকা ফ্রান্সকে কিছু কিছু কড়া কথাও শুনিয়েছে।

কিন্তু ফ্রান্সকে বাদ দিয়েও তো ন্যাটো চলতে পারে না। তা ছাড়া ফ্রান্সও অপরের দিকে অঙ্গুলি নির্দেশ করতে পারে। কারণ ন্যাটোর শক্তির সঙ্গে নিজের শক্তির একীকরণের ব্যাপারে ফ্রান্সই তো একমাত্র অপরাধী নয়। বৃটিশ বিমানবাহিনীর যে অংশের ঘাঁটি য়ুরোপে অবস্থিত সেটা ন্যাটো কমান্ডের আওতায় আছে বটে, কিন্তু বৃটেনে অবস্থিত বৃটিশ বিমানবাহিনীর আত্মরক্ষামূলক ইউনিটগুলির উপর ন্যাটোর কোনো এক্তিয়ার নেই। তাহলে ফ্রান্সে অবস্থিত ফরাসী বিমানবাহিনীই বা কেন ন্যাটোর এক্তিয়ারের বাইরে স্বতন্ত্র থাকতে পারে না?

আমেরিকা নিউক্লিয়ার অস্ত্রের ব্যবহার সম্পর্কে একক কর্তৃত্ব রাখতে চায় অর্থাৎ কোনো অবস্থায় য়ুরোপে রক্ষিত নিউক্লিয়ার অস্ত্র ব্যবহৃত হবে কি হবে না তার আদেশ ন্যাটোর মার্কিন জেনারেল ছাড়া আর কেউ দিতে পারবে না। সে অধিকারের অংশ দাবি করে জেনারেল দ্য গল কাউকে দিতেও পারবেন না। যে অস্ত্র ফ্রান্সের ভূমিতে এনে রাখা হবে সেই অস্ত্রের ব্যবহার সম্বন্ধে ফরাসী গভর্নমেন্টের কোনোই কর্তৃত্ব থাকবে না—দ্য গল এই ব্যবস্থা মেনে নিতে চান না। বৃটেনে অবস্থিত মার্কিন বোমারু ঘাঁটিগুলিতে যেসব নিউক্লিয়ার অস্ত্র আছে তার ব্যবহার সম্পর্কেও এই নিয়ম অর্থাৎ সে অস্ত্রের ব্যবহার হবে কি হবে না তার সিদ্ধান্ত নির্ভর করবে একমাত্র মার্কিন কর্তৃপক্ষের উপর। অবশ্য বৃটেনের নিজেরও হাইড্রোজেন বোমা আছে, যা এখন পর্যন্ত ফ্রান্সের নেই। যাই হোক (মার্কিন কংগ্রেসের [illegible]) আইন অনুসারে মার্কিন নিউক্লিয়ার অস্ত্র যেখানেই থাক তার ব্যবহারের অধিকার মার্কিন ছাড়া অন্য কারো হাতে দেওয়া যেতে পারে না। বৃটেন বা ফ্রান্সে অবস্থিত নিউক্লিয়ার অস্ত্র সম্পর্কে এই অধিকারের অংশ বৃটেন বা ফ্রান্সকে দিতে হয়ত মার্কিন গভর্নমেন্টের বর্তমানে আপত্তি হোত না কিন্তু দু-এক ক্ষেত্রে নিয়মের এরূপ ব্যত্যয় হলে আরো অনেক জায়গায় মুশকিল হতে পারে, কারণ বিদেশে বহু জায়গায় মার্কিন সামরিক ঘাঁটি আছে। তার কোথায় কোথায় নিউক্লিয়ার অস্ত্র মজুত করা আছে বা করা থাকবে তা বলা যায় না। এক জায়গায় যদি নিয়ম শিথিল করা হয়, তবে অন্যত্র অনুরূপ দাবি উঠতে পারে, যেখানে মার্কিন সরকারের পক্ষে এবিষয়ে অন্যকে দায়িত্বের শরিক করা অন্যায় ও বিপজ্জনক হবে। অবশ্য যে কোনো জাতিই বলতে পারে, "আমার দেশে নিউক্লিয়ার অস্ত্র আনতে দেব না, আর যদি দিই তবে তার ব্যবহার যদি কখনো করা হয় তবে সে বিষয়ে সিদ্ধান্ত করার অধিকারে আমারও অংশ থাকবে।" স্ক্যান্ডিনেভিয়ার দেশগুলি ন্যাটো সংস্থার সঙ্গে যুক্ত, তা সত্বেও স্ক্যান্ডিনেভিয়ার কোথাও ন্যাটোর বিমানবাহিনীর ঘাঁটি রাখতে দিতে তারা আপত্তি করেছে।

সুতরাং ফ্রান্সের উপর চাপ দিতে গেলে ফ্রান্সও অনেক পাল্টা নজির দেখিয়ে নিজের জেদ বজায় রাখতে পারে। সেইজন্য দ্য গলকে কিছুটা তুষ্ট না রাখতে পারলেও চলবে না। নিউক্লিয়ার অস্ত্রের ঘাঁটি স্থাপন করতে দিতে আপত্তি করায় সেগুলো এখন পশ্চিম জার্মানীতে করবার কথা হয়েছে। কিন্তু পশ্চিম জার্মানীতে নিউক্লিয়ার অস্ত্রের ঘাঁটি হলে জার্মান সমস্যা সম্পর্কে রাশিয়ার সঙ্গে বিরোধ নিষ্পত্তির সম্ভাবনা আরো হ্রাস পাবে। প্রকৃতপক্ষে পশ্চিমী মহলে কোনো সর্বসম্মত নীতি এখনো পরিস্ফুট হয়ে উঠতে পারেনি। শীর্ষ সম্মেলনে পশ্চিমী মহল কোন ব্যাপারে কী বলবে তা এখনো ঠিক বোঝা যাচ্ছে না। কি বার্লিন সম্বন্ধে, কি নিরস্ত্রীকরণ প্রসঙ্গে আগের চেয়ে উন্নত কোন নতুন প্রস্তাব উত্থাপিত হবে বা হতে পারে তা বোঝা যাচ্ছে না। ন্যাটো ছেড়ে দেবার কথা নিশ্চয়ই কেউ ভাবছে না। বরঞ্চ ন্যাটোকে আরো শক্তিশালী করবার চেষ্টাই চলছে। অথচ রাশিয়ার সঙ্গে আলোচ্য বিরোধগুলির মধ্যে নিরস্ত্রীকরণ নিশ্চয়ই একটা প্রধান স্থান নেবে বলে লোকে ভাবছে। ন্যাটোর সদস্যদের মধ্যে আবার দেখা যাচ্ছে অনেকেই স্ব-স্ব জাতীয় সামরিক শক্তি বৃদ্ধির পরিকল্পনা করছে। এই এলোমেলো চিত্র শীর্ষ সম্মেলনের বৈঠক বসবার পূর্বে কতখানি পরিষ্কার হবে কিনা কে জানে!

২৯।১২।৫৯

# দ্বিতীয় দশক

Cooch Behar

সেই যে 'রক্তকরবী' নাটকের প্রস্তাবনায় রবীন্দ্রনাথ লিখেছিলেন: 'সূর্যশক্তি পাঁজরের আড়াল থেকেই কাজ করে। তাকে বের করে তার কার্যপ্রণালী উদ্ঘাটন করতে গেলে কাজ বন্ধ হয়ে যায়।' তাঁর [illegible] এখন [illegible] সবাই [illegible] হয়েছে [illegible] [illegible] [illegible] সম্পর্কে [illegible] নিয়ে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] প্রকৃত [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] প্রবন্ধটি [illegible] এখনও সেই প্রশ্নই।

[illegible] বিশ্বভারতীর [illegible] সেই [illegible] যখন রবীন্দ্রনাথ [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] প্রত্যক্ষ [illegible] [illegible] [illegible] তিনি ছিলেন [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এই [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] শান্তিনিকেতনের [illegible] তিনি [illegible] শান্তিনিকেতনবাসীদের রবীন্দ্রভক্তির প্রশ্নাতীত নিদর্শন এ সম্বন্ধে নেই। কিন্তু নব পর্যায়ের শুরু হবে কী করে যদি পুরাতন পর্যায়ের সমাপ্তি না স্বীকৃত হয়? চতুর্থ অঙ্ক কি আরম্ভ হতে পারে তৃতীয় অঙ্কের উপর যবনিকা না পড়লে? অতএব [illegible] কবির তিরোধানের [illegible] —অথচ সবাই গ্রহণ করেনি। একটা দীর্ঘায়িত বিষম গোধূলি

বিশ্বলোককল্পনাই চিন্তার সুষ্ঠুতম পরিবেশে নিশ্চয়ই নয়।

*

সরকারী পৃষ্ঠপোষকতায় প্রার্থিক সাহায্য মিলেছে। চিন্তার স্বচ্ছতা সে-অঞ্চল থেকে আশা করা বৃথা। ইতিমধ্যে আদর্শবোধ ম্লান হয়েছে, আর সঞ্জীবনীবিহীন বিশ্বাসের সঙ্গে অসংগতি প্রকট হয়েছে নব্য ধ্যান-ধারণায়। নেহরু এই উভয়সংকটের কথা উল্লেখ না করে পারেননি। তবু তাঁরাও অবাক লাগে, যে-বিশ্বভারতী সাধারণ না হলেও উচ্চতরে অন্যান্য ভারতীয় বিশ্ব-বিদ্যালয়ের চাইতে প্রভেদে ছিল, যে-নীড়ের সব জানলা খোলা ছিল সারা বিশ্বের সব হাওয়া আত্মীয়তার প্রবেশের জন্য, সেখানেই নাকি স্থির করা প্রয়োজন—বিশ্বভারতী ব্যবহারের টুকরো হবে, নাকি মুক্তধর্মের সঙ্গে সন্ধি করবে। বলা বাহুল্য, এর নিহিত বক্তব্য এই যে রবীন্দ্রনাথ হতে বর্তমান চিন্তাধারা উপেক্ষা করতে হবে তার দুর্বলতা-

---

**কয়লাকুঠির দেশ** শৈলজানন্দ মুখোপাধ্যায় ৩·৫০ ॥ **নীলাঞ্জন** সরোজকুমার রায়চৌধুরী ৪·০০ ॥ **গৃহ ও প্রাঙ্গণ** অতুল চক্রবর্তী ৩·০০ ॥ **চিরকালের লেখা গ্রন্থমালা** (পাঁচ খণ্ড) অখিলেন্দু চক্রবর্তী প্রত্যেকটি ১·২৫ ॥ **কুটীরশিল্প ও পরিকল্পনা** অনাদিনাথ সিংহ ২·৫০ ॥ **কিশোর-বিজ্ঞান গ্রন্থমালা** (তিন খণ্ড) অজিতকৃষ্ণ প্রত্যেকটি ০·৬২ ॥ **বন্ধা ক্যাম্প** অমলেন্দু দাশগুপ্ত ৩·৫০ ॥ **ঠিকানা বদল** অমরেন্দ্র ঘোষ ৫·০০ ॥ **ডার্কাটিকট** অমরেন্দ্রকুমার সেন ১·২৫ ॥ **তারা** অরুণ হালদার ২·০০ ॥ **নিরঞ্জনা** অলকা মুখোপাধ্যায় ২·০০ ॥ **ভারতের চিত্রকলা** অশোক মিত্র ১১·০০ ॥ **ডাক্তারের ডায়েরী** আনন্দকিশোর মুন্সী ৩·৫০ ॥ **পার্বণিকা গ্রন্থমালা** (তিন খণ্ড) আনন্দ ঘোষ প্রত্যেকটি ০·৬২ ॥ **কাকলী-মুখর** আবদুল কালাম শামসুদ্দীন ২·০০ ॥ **নীলাম্বিকা** অর্ধকুমার সেন ৪·০০ ॥ **ঘূর্ণিত নদীর ঢেউ** আশা দেবী ১·০০ ॥ **চলাচল** আশুতোষ মুখোপাধ্যায় ৬·৫০ ॥ **এবংপরের টিকটিকি** ইন্দুভূষণ চট্টোপাধ্যায় ১·০০ ॥ **মা** ঊষা দত্ত ২·৭৫ ॥ **অমৃতকুম্ভের সন্ধানে** কালকূট ৩·০০ ॥ **জননী** কুমুদরঞ্জন মল্লিক ২·০০ ॥ **ক্ষুদিরাম ও প্রফুল্ল চাকী** গোপাল ভৌমিক ১·২৫ ॥ **সনেটের আলোকে মধুসূদন ও রবীন্দ্রনাথ** জগদীশ ভট্টাচার্য ৬·০০ ॥ **নেতাজী ও আজাদ হিন্দ ফৌজ** জ্যোতিপ্রসাদ বসু ২·৫০ ॥ **প্রশ্ন** তারাকুমার মুখোপাধ্যায় ১·২৫ ॥ **বস্তুর্হীনের পথে-বিপথে** তারাপদ রাহা ১·২৫ ॥ **হারানো ছেলে** দেবেশচন্দ্র সেন ১·২৫ ॥ **ধুলোমাটি** নন্দী ভৌমিক ৬·০০ ॥ **দুর্গম পথের যাত্রী** নন্দীগোপাল চক্রবর্তী ১·০০ ॥ **ডাক দিয়ে যাই** নরেন্দ্র ঘোষ ৩·০০ ॥ **আকাশের কথা** নিখিলেশ দাশগুপ্ত ০·৭৫ ॥ **মনা দেখ** নিখিলরঞ্জন রায় ২·০০ ॥ **নবীন ও প্রাচীন** নির্মলকুমার বসু ৪·০০ ॥ **ভারত জীবিকা** নীরেন্দ্রনাথ চক্রবর্তী ৩·০০ ॥ **ঋগ্বেদের নারী-চরিত্র** নৃপেন্দ্রকুমার বসু ৬·৫০ ॥ **ভারত ছাড়** নৃপেন্দ্রনাথ সিংহ ২·৫০ ॥ **পথে পথে** পরিমল গোস্বামী ৩·০০ ॥ **যুদ্ধের ইয়োরোপ** বিমল মিত্র ৪·০০ ॥ **লাল, ফুল, বালভট্ট** ৩·০০ ॥ **খোলা চোখে** মণীন্দ্র রায় ২·০০ ॥ **প্রভাত সঙ্গীত** মহেন্দ্রধর ২·০০ ॥ **সাহিত্য মেলা** (সম্পাদনা) মৈত্রেয়ী রায় ৫·০০ ॥ **লাফা যাত্রা** মোহনলাল গঙ্গোপাধ্যায় ২·৫০ ॥ **মন্দভট্টং** মৌলানা খাদিম খান ২·৫০ ॥ **টেনটাল আর কুনকালি** মৌমাছি ১·৩৭ ॥ **বিদ্রোহ ও বৈরিতা** যোগেশচন্দ্র বাগল ২·০০ ॥ **বৈত সঙ্গীত** রণজিৎকুমার সেন ৪·০০ ॥ **বিজ্ঞানে নোবেল প্রাইজ** রবীন চট্টোপাধ্যায় ১·৫০ ॥ **শিবাপসন্দ** রমাপদ চৌধুরী ২·৫০ ॥ **কথায় কথায়** রূপদর্শী ৩·০০ ॥ **সবুজ চিন্তা** রেবতীভূষণ ঘোষ ০·৭৫ ॥ **বিপ্লবী যতীন্দ্রনাথ** ললিতকুমার চট্টোপাধ্যায় ১·৭৫ ॥ **সাদা কালো** শান্তিরঞ্জন বন্দ্যোপাধ্যায় ৩·০০ ॥ **আরাকান ফ্রন্টে** শান্তিলাল রায় ২·০০ ॥ **অ্যাং বাং** শৈল চক্রবর্তী ০·৭৫ ॥ **জাপানী বন্দীশিবিরে** সত্যেন্দ্রনাথ বসু ২·৫০ ॥ **হারানো অতীত** সরলাবালা সরকার ৩·০০ ॥ **মাটির বাসা** সীতা দেবী ৩·৫০ ॥ **রাগে আর অনুরাগে** সুধাংশুমোহন বন্দ্যোপাধ্যায় ৩·০০ ॥ **'তোমাদের নিত্ত সম্ভার' গ্রন্থমালা** (পাঁচ খণ্ড) সুনির্মল বসু প্রত্যেকটি ১·০০ ॥ **বিপ্লবের পথে** সুবোধ লাহিড়ী ২·০০ ॥ **অনাত্মা** হরিনারায়ণ চট্টোপাধ্যায় ২·৫০ ॥ **শিক্ষক ও শিক্ষার্থী** হুমায়ুন কবির ৩·৫০

**বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড** ॥ কলকাতা-বারো

যদি শিক্ষাধারা প্রবর্তিত হলে 'শিপাহী অব টেগোর' অবমানিত হবে। স্পষ্ট করেই বলা ভালো, আমি এই 'ডিকটাম'-নির্দেশ প্রত্যাখ্যান করি। প্রত্যেক মহাপুরুষের মৃত্যুর পরেই শিষ্যদের মধ্যে হানাহানি লাগে গুরুর বাণীর স্বত্বাধিকার নিয়ে। রবীন্দ্রনাথের বেলায় তার ব্যতিক্রম হয়নি, যেমন হয়নি গান্ধীজীর বেলায়। কিন্তু নীহার সংশয়ের সঙ্গে লক্ষণীয় শুধু এই যে, জনকয় প্রতিদ্বন্দ্বী সত্ত্বেও উভয়ের উত্তরাধিকার বর্তেছে নেহরুতে বর্তেছে। আরো লক্ষণীয়, নেহরুর এই দ্বৈত ভূমিকা অধিকাংশের কাছে বিস্ময়কর বা বিসদৃশ ঠেকেনি। যুগধর্মের সন্ধি এখানে বিনা সংঘর্ষে সংঘটিত হয়েছে।

*

অথচ সংঘর্ষের কারণ ছিল। বিভিন্ন কারণে পারস্পরিক পারম্পর্য সত্ত্বেও এ-কথা অনস্বীকার্য যে রবীন্দ্রনাথ ও গান্ধীতে সাদৃশ্য ছিল সামান্যই। দুজনের মহত্ত্ব একান্তই দ্বিবিধ। নেহরু এতে সেতুবন্ধন করলেন কী করে? আমি বলি, ক্ষমতা দিয়ে।

ক্ষমতার হরেক রকমফের। রবীন্দ্রনাথ কখনো কোনো জেলা বোর্ডের সভাপতি হয়েছিলেন বলে জানিনে। তবু তিনি নিজেকে শক্তিহীন, নিষ্প্রভাব বলে জ্ঞান করতেন এমন তথ্যও অজানা। অথচ রবীন্দ্রজীবনের সর্বাংশ প্রতিবাহিত হয়েছে পরম পরাক্রান্ত বৃটেনের পদানত পরাধীন ভারতবর্ষে। সে-সরকারের কোনো দায় ছিল না ঠাকুরের বাউলকে শ্রদ্ধা করবার। জেলে ফেলে রাখলে বিশেষ কেউ জানত না, বড়জোর নাইট করে দিলে তার অহংকার থাকত অক্ষুণ্ণ। (অরওয়েল লিখেছেন, চার্চিলের চোখে গান্ধীর কী অবস্থা হতো।) তবু কেন রবীন্দ্রনাথ নাইট হলেন? তবু কেন তাঁর নাইটহুড ত্যাগে আন্দোলন শোনা গেল সমগ্র বিশ্বের সর্বত্র? আজ কেন সরকারের বাইরে সবারই এমন শোচনীয় অসহায়তা? উত্তর নৈর্ব্যক্তিক না হলে অসম্পূর্ণ হবে। বৃটিশ শাসনের প্রধান আজ বিদায় হয়েছে, তাই স্বীকার করা আজ মোটামুটি নিরাপদ যে, বৃটিশ দেশদ্রোহী বলে বিবেচিত হবার বিপদ এখনো যায়নি। যে অবস্থায় রবীন্দ্রনাথের ইংরেজ সরকার নিজেকে এতখানি শক্ত মনে করেনি যে, তিনি সমস্ত ভারতের ভাগ্যের ভুক্ত জ্ঞান করতে পারতেন। দ্বিতীয়ত, রবীন্দ্রনাথ এবং অন্যান্য জনকয় ভারতীয়ের এটুকু আত্মবিশ্বাস ছিল যে তাঁরা রাজশক্তিকে অন্যায় জানলে অবজ্ঞা করবার সাহস রাখতেন। আজকে সাহিত্য আকাদেমি সত্ত্বেও সরকারের অবাঞ্ছনীয় হস্তক্ষেপ আজ দ্বিধাহীন। সাংস্কৃতিক ব্যক্তি ও প্রতিষ্ঠানের আত্মসমর্পণ আজ সম্পূর্ণ, এমনকি দেশপ্রেমের সংস্কার আর ব্যক্তিত্ব অনুপ্রেরণার রাষ্ট্রীয়করণে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য—উপকূলের ছাত্রের মতো ছয় শত ব্যক্তি পৃষ্ঠে নাম হয়। সরকার কেন উপাচার্য পদে উপর চাপন করেন?

বিশ্বভারতীর সেবায় আমার বড় দিনগুলোর প্রধান হয়েছে অপ্রত্যক্ষ, তাই নিশ্চয়ই। সাম্প্রতিক ঘটনার আমি জানি কতটুকু? অন্যদের দেবার অধিকার কী আমার? তবু সাহস করি, মনুষ্যত্বের প্রকাশপন্থী মানস আমাদের অতএব থেকে 'বিশ্বভারতী' পড়ে পাই নিশ্চয়ই না দেখে থাকতে পারি নে। বিশ্বভারতীর সাম্প্রতিক কালে হয়েছে কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে নয়, শুধু বিশ্বভারতীর দুর্ভাগ্য পরিবেশের মধ্যে। সরকারী মঞ্জুরীসহ নির্বাচন অধ্যক্ষের হস্ত আর স্বাধীনতার সংকীর্ণতার চাপ দূরে সকল সংস্কার ও বাঁধুনির মধ্যে। অজ্ঞাত আজকের পরীক্ষা কার্য হয়েছে দিন-দুপুরে অকারণই পড়ছে, সরকার সেকালে যে নিরবচ্ছিন্ন মুক্তি পাবার প্রত্যাশা করছিল না। তবে শুনে যে কর্মকর্তারা প্রাচীন শান্তি আর নতুন শান্তি একটিও হবে না। সরকারের বিশ্বভারতীকে দানও নয়, দণ্ডও না। দুয়ের কোনোটিতেই উপকার হবে না। আমার বক্তব্য শুধু এই যে, বিশ্বভারতীর ভবিষ্যৎ সরকারের উপর নির্ভর করবে না, ভারতীর উপর তো নিশ্চয়ই নয়, যদি তার মানে হয় ভারত সরকার; একমাত্র ভরসা বিশ্বভারতী যাঁর কর্ণধার আর রবীন্দ্রনাথ নন। প্রতিষ্ঠানের পুনরুদ্ধার করতে পারেন এমন ব্যক্তি যিনি রবীন্দ্রনাথকে জানতেন বা রবীন্দ্রনাথের নাম পর্যন্ত শোনেননি। বলা বাহুল্য, এমন ব্যক্তি দুর্লভ। ঠিক যেমনি দুরূপনেয় বিশ্বভারতীর পুনরুজ্জীবন। পরিমিত আশা নিয়ে আমি অপেক্ষা করব।


একান্ন পীঠের অন্যতম পীঠ, কালীঘাট

সেই কালীঘাট আর কালীমন্দিরের আড়ালের ইতিহাসকে কেন্দ্র করে গবেষণামূলক রম্য উপন্যাস—

অজিত মুখোপাধ্যায়ের

অমৃত মন্থন

॥ মূল্য—চার টাকা ॥

বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিঃ ॥ ১৪ বঙ্কিম চাটার্জী স্ট্রীট, কলি-১২

অধ্যাপক সুখময় মুখোপাধ্যায় রচিত

কৃত্তিবাস পরিচয়

এ বই-এ কৃত্তিবাস সম্বন্ধে সমস্ত তথ্য একত্র সংকলিত হয়েছে এবং কৃত্তিবাস যে সুলতান রুকনুদ্দীন বরবক শাহের সভায় গিয়েছিলেন, তা প্রমাণ করা হয়েছে। ১·২৫

প্রাচীন বাংলা-সাহিত্যের কালক্রম

আলোচ্য বিষয় সম্বন্ধে একমাত্র পূর্ণাঙ্গ ও প্রামাণিক গবেষণা গ্রন্থ। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের এম-এ ও বি-এ অনার্স পাঠ্যতালিকার অন্তর্ভুক্ত। ৩·৫০

শ্রীসন্তোষকুমার ঘোষ প্রণীত উপন্যাস

কোপাই নদীর মেয়ে

গান্ধীবাদ, সর্বোদয়বাদ, সমাজ সেবার পটভূমিকায় প্রেমমধুর, বিরহ-মিলন বেদনা-করুণ-মধুর-তিক্ত রসসংসক্ত জীবনের কথা আজও পর্যন্ত বাংলা উপন্যাস সাহিত্যে লেখা হয়নি। **যুগান্তর** বলছে..."লেখক গল্পের গ্রন্থনা এবং চরিত্র সৃষ্টি উভয় দিকেই প্রশংসনীয় নিপুণতা দেখিয়েছেন। উপন্যাসটিতে তিনি এমন একটি প্রাণশক্তি দিতে পেরেছেন, যা পাঠককে শেষ পর্যন্ত একাদিক্রমে টেনে নিয়ে যায়। লেখকের ভাষা পরিচ্ছন্ন, বিচার-বিশ্লেষণও পরিপাটি। বইটির সমুচিত আদর বাঞ্ছনীয়।"

—যুগান্তর ৬-১২-৫৯

যক্ষ্মারোগ ও প্রতিরোধ

ডাঃ নলিনীরঞ্জন সেন বলেন "...দেশের হিতাকাঙ্ক্ষী সকলেরই এ পুস্তকখানি পাঠ করিয়া এর জ্ঞাতব্য বিষয় চতুর্দিকে প্রচার করা কর্তব্য। তাঁহার পাণ্ডুলিপিকরণের প্রকরণ আমার বিশেষ প্রশংসনীয় মনে হইল।"

প্রাপ্তিস্থান :—শ্রীগুরু লাইব্রেরী, ২০৪, কর্নওয়ালিস স্ট্রীট, কলিকাতা ৬

# বিজ্ঞান বৈচিত্র্য

চক্রদত্ত

রাশিয়া, চাঁদের উল্টোপিঠের ছবি তুলে বৈজ্ঞানিক জগৎকে চমক লাগিয়ে দিয়েছে। আমেরিকাও চাঁদের ছবি তোলার চেষ্টা করে চলেছে। আমেরিকা যে সমস্ত রকেট চাঁদের দিকে ছুঁড়বে তার সমস্ত যন্ত্রপাতির মধ্যে টেলিভিশন ক্যামেরা একটি প্রধান অংশ। ছবিতে এই রকম একটি [illegible]



চাঁদের ছবি তোলার জন্য টেলিভিশন ক্যামেরা

ক্যামেরার ছবি দেখা যাচ্ছে। এটির [illegible] ক্যামেরার [illegible] চাঁদের [illegible] সম্ভব হবে। [illegible]

•

বড় বড় অফিসে বড়কর্তাদের অনেক সময় ফোনে একটা নির্দেশ এক সঙ্গে কয়েকজন অফিসারকে দেবার দরকার হয়ে পড়ে। তখন যে বড়কর্তাকে সমস্ত [illegible] অফিসারদের হয় অফিসে ডেকে পাঠাতে হয় অথবা আলাদা আলাদা করে ফোনে কথা বলতে হয়। সম্প্রতি এক নতুন ধরনের টেলিফোন বের হয়েছে যার সাহায্যে একবারে এই কাজ করা যাবে। যখনি অনেক জনকে ফোনে কিছু বলতে হবে তখন [illegible] একটা বোতাম টিপে কথা বললে অনেকে কথাটা শুনতে পারবে। আর বোতাম যদি না টিপা হয় এবং শুধু নম্বর ডায়াল করা হয় তাহলে শুধু একজনের সঙ্গে সাধারণ ফোনের মত কথাবার্তা বলা চলবে।

একজন অথবা অনেকজনের সঙ্গে কথা বলার ফোন

•

জার্মানীতে সম্প্রতি বই বাঁধাইয়ের জন্য স্বয়ংক্রিয় যন্ত্র তৈরী করা হয়েছে। বইয়ের ফর্মাগুলো ছাপবার পর সেগুলো এই নতুন যন্ত্রের সাহায্যে আপনা থেকেই ভাঁজ, সেলাই, সাজান এবং ঠিক মত কাটা হয়ে যাবে। এরপর আবার যন্ত্র আপনা থেকে প্রয়োজনীয় মলাট লাগিয়ে একটা সম্পূর্ণ বাঁধান বই হয়ে যন্ত্র থেকে বের হয়ে আসবে। একই যন্ত্র ১৬, ৩২ এবং ৬৪ পৃষ্ঠার ফর্মায় বই বাঁধতে পারবে তবে পৃষ্ঠার আকার ছোট বড় হলে যন্ত্রের ভেতরের [illegible] বদলে নিতে হবে। এতে এক ঘণ্টায় ২৪০টি বই বাঁধান যাবে।

•


প্রকাশিত হল

**তপস্বীমহল** — আশাপূর্ণা দেবী

বাংলা কথা-সাহিত্যে [illegible] আশাপূর্ণা দেবী [illegible] দাম : ৬·০০

**তীরভূমি**

শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের

[illegible] উপন্যাস

দাম ৪·৫০

সাম্প্রতিক প্রকাশন

| | | |
|---|---|---|
| নীলাঞ্জনছায়া | ॥ শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ॥ | ৩·০০ |
| অগ্নিসাক্ষী | ॥ প্রবোধকুমার সান্যাল ॥ | ৩·৫০ |
| আকাশলিপি | ॥ গজেন্দ্রকুমার মিত্র ॥ | ৪·০০ |
| দুটি চোখে দুটি মন | ॥ রমাপদ চৌধুরী ॥ | ৪·৫০ |
| ইষ্ট কুটুম্ব | ॥ লীলা মজুমদার ॥ | ৩·৫০ |
| মন মানে না | ॥ গৌরকিশোর ঘোষ ॥ | ৩·৭৫ |
| শুক্ল সন্ধ্যা | ॥ সরোজকুমার রায়চৌধুরী ॥ | ৫·০০ |
| মুখের রেখা | ॥ সন্তোষকুমার ঘোষ ॥ | ৫·০০ |
| একান্ত আপন | ॥ স্বরাজ বন্দ্যোপাধ্যায় ॥ | ৪·০০ |

প্রকাশের অপেক্ষায়

[illegible]
চিন্তামণি করের
**সান্নিধ্য**
[illegible]

[illegible]
**গ্রীষ্ম বাসর**
[illegible]

ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড, কলিকাতা-১২

কাগজে প্রায়ই দেখতে পাওয়া যায় যে, ব্যাংকে টাকা জমা দিতে যাবার সময় অথবা টাকা নিয়ে আসবার সময় রাস্তায় দরোয়ানের কাছ থেকে ডাকাতে টাকা ছিনিয়ে নিয়ে চলে গেছে।

এই অসুবিধা দূর করবার এক নতুন উপায় বের হয়েছে। যে থলে করে টাকা নিয়ে যাওয়া হবে সেটা বহনকারীর হাতে একটা চামড়ার ফিতে দিয়ে বাঁধা থাকবে। এই ব্যাগটার ভেতরে এমন বন্দোবস্ত করা থাকবে যে, হাত থেকে ব্যাগটা ছিনিয়ে নেবার সঙ্গে সঙ্গে ব্যাগের ভেতর থেকে লাল রংএর ধোঁয়া বের হয়ে টাকা এবং অপহরণকারীকে লাল রং-এ রাঙিয়ে দেবে। এর ফলে টাকাও কোথাও ভাঙান যাবে না এবং ডাকাতকেও সহজেই ধরা যাবে।

নতুন উপায়ে টাকা অপহরণকারী ধরা

•

রাশিয়ার একজন প্রাণীতত্ত্ববিদ সম্প্রতি উত্তর মেরুতে একজাতের মাছের খোঁজ পেয়েছেন যাদের রক্তের রং জলের মত সাদা। আমরা জানি যে মাছের রক্তের রং লাল কারণ রক্তের ভেতরে লাল রক্তকণিকা-গুলিতে 'হেমোগ্লোবিন' থাকে—যার সাহায্যে শ্বাস প্রশ্বাসের কাজ হয়। সাদারক্তওয়ালা মাছেরা যে কি প্রকারে শ্বাস প্রশ্বাসের কাজ করতে পারে তা এখন পর্যন্ত বৈজ্ঞানিকরা বুঝে উঠতে পারেননি। এই ধরনের মাছের তিনটি প্রজাতি এরা এখানে পেয়েছেন। এছাড়াও অবশ্য তাঁরা অন্য যে সমস্ত মাছ ধরেছেন তার মধ্যে কয়েকটি নতুন ধরনের মাছ পাওয়া গেছে।

•

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের রসায়নবিদ ডাঃ মেলভিনের মতে মহাশূন্যে যে হাজার হাজার গ্রহ উপগ্রহ আছে তাদের প্রত্যেকটিতেই পৃথিবীর মত জীবের অস্তিত্ব আছে। তিনি এর কারণ দেখাতে গিয়ে বলেছেন যে, আজকের দিনে আমরা জানি যে, অজৈব বস্তুর ওপর রাসায়নিক প্রক্রিয়ার ফলে জীবন্ত কোষের সৃষ্টি হয়েছে। আর এই যদি হয়ে থাকে তাহলে পৃথিবীর প্রথম সৃষ্টি যেরকম ভাবে হয়েছিল সেইরকম ভাবেই অন্যান্য গ্রহ ও উপগ্রহের সৃষ্টি হয়েছে। পৃথিবীতে যে বস্তু এবং সৌর শক্তি যেরকম ভাবে জীবের সৃষ্টি করেছে ঠিক সেই বস্তু এবং সেই সৌরশক্তি থাকলে আর আর গ্রহ ও উপগ্রহে ঠিক আমাদের মতই জীবের সৃষ্টি নিশ্চয় করেছে।

•

সূর্য কিম্বা চাঁদ প্রথমে ওঠবার সময় অথবা অস্ত যাবার সময় খুব বড় দেখায়। কিন্তু যখন আমাদের মাথার ওপর আসে তখন আমরা একই আকারে অনেকটা ছোট দেখি। কিন্তু এটা কেন হয়? নতুন বৈজ্ঞানিক এ নিয়ে পরীক্ষা নিরীক্ষা করে এর কারণ বার করবার চেষ্টা করেছেন। তাঁরা এর জন্য বিভিন্ন বয়সের, শিশু থেকে আরম্ভ করে প্রাপ্তবয়স্ক লোক নিয়ে পরীক্ষা চালিয়েছেন। বৈজ্ঞানিকদের মতে ছোট ছেলেরা যেমন চার বছর বয়সের—তাদের মাথার ওপরকার জিনিস অনেক ছোট দেখে এবং প্রায় শতকরা ৫০ ভাগ আকৃতির সম্বন্ধে ভুল ধারণা করে। বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এটা ক্রমশ কমতে থাকে এবং প্রাপ্তবয়স্ক লোকেরা প্রায় শতকরা ২০ ভাগ ভুল করে। চাঁদ কিম্বা সূর্য আকাশে ওঠবার সময় বড় দেখানোটা বৈজ্ঞানিকদের মতে শুধু ইন্দ্রিয়গত ব্যাপার। আমরা কোন বস্তুর আকৃতি খুব সহজেই ঠিক করতে পারি যখন সেটা আমাদের দৃষ্টি পথের সমরেখায় সমানভাবে থাকে। যখন সেই জিনিসটি মাথার ওপর থাকে, অর্থাৎ সমান-ভাবে বা সমরেখায় থাকে না তখন আমরা বস্তুটির আকৃতি ঠিক ধারণা করতে পারি না—কারণ এটা আমাদের কোন বস্তু দেখবার সহজ অবস্থা নয়। ফলে আমাদের আকৃতির সম্বন্ধে ভুল ধারণা হওয়াই সম্ভব।

ঋষি দাসের

সোভিয়েত দেশের ইতিহাস ১২·৫০

[ আদিকাল থেকে বর্তমান অবধি সোভিয়েত দেশের ইতিহাস ]

শ্রীঅসমঞ্জ মুখোপাধ্যায়ের
হাসির গল্প ... ৫৲
[ হাসির গল্পের সংকলন ]

পরিব্রাজকের লেখা
বড়ো সাহেব ... ২৲
রাত বিলাপ ... ২৲

শ্রীধীরেন্দ্রলাল ধরের
পশ্চিম দিগন্তে ৫৲ [ সচিত্র ভ্রমণ-কাহিনী ] | মহাকালের পূজারী ২৲ [ ঐতিহাসিক উপন্যাস ] | যুদ্ধের গল্প ৩৲ [ ২৭টি গল্পের সংকলন ]

ক্যালকাটা পাবলিশার্স, ১৪ রমানাথ মজুমদার স্ট্রীট, কলিকাতা—৯

(সি ১০৫৪)

# কড়ি দিয়ে কিনলাম

বিমল মিত্র

## সূত্রপাত

কীসের কথা বলবো, কার কথা বলবো, কেমন করে বলবো! অতীতের কথা না বর্তমানের কথা, জীবনের কথা না মৃত্যুর কথা, আনন্দের কথা না বেদনার কথা! অতীতের কথা তো অনেক অনেক বলেছি। পুরোন কথা তো অনেক লিখেছি। অতীতের অরণ্য থেকে অনেক পাখী তো বর্তমানের আকাশে উড়ে এসেছে। ওরা অমর হয়ে থাক, ওর অক্ষয় হোক ইতিহাসের পাতায়। ওদের জায়গা আছে ইস্কুলের পাঠ্য পুস্তকে, লাইব্রেরীর মোটা মোটা কেতাবে আর মিউজিয়মের কাচের বাক্সে। আবার একশো বছর পরে কোনও ছাত্র হয়ত পুঁথিকীট কোনো ঐতিহাসিক হয়ত ওদের দেখবে, ও নিয়ে গবেষণা করবে। কবে কোন নতুন তাম্রশাসনের কোন শিলালিপির অন্তরালে কোন ইতিহাস লুকিয়ে আছে তা তার আবিষ্কার করে উপাধি পাবে, মর্যাদা পাবে, মান-সম্মান পাবে। তারপর একদিন অবলুপ্ত হয়ে যাবে মহাকালের অমোঘ নিয়মে। কেউ আর মনে রাখবে না, কেউ আর স্মরণ করবে না তাকে।

এই-ই হবে নিয়ম। এ নিয়ে আর আক্ষেপ করা বৃথা।

কিন্তু এবার অন্য গল্প বলি। এবার আমার-আপনার গল্প। এবার এ-যুগের গল্প। এবার কাছের মানুষের গল্প। এবার এখনকার গল্প।

তা এদিকটায় আগে বসতি ছিল না তেমন। এই মাঝেরহাট থেকে কালিঘাট, কালিঘাট থেকে বালিগঞ্জ, বালিগঞ্জ থেকে বেলেঘাটা। বেলেঘাটা থেকে ছেড়ে ট্রেনটা পোড়ো জমি আর শুকনো খালের পাশ দিয়ে বালিগঞ্জে এসে দাঁড়াতো এক মিনিট। তারপর পাখাটা নিচু হলেই ঢং ঢং করে ঘন্টা বাজতো। ঘন্টার শব্দ শুনেই গার্ড-সাহেব সবুজ পাখা দেখিয়ে বাঁশি বাজিয়ে দিত। তারপর হুস হুস করে ট্রেনটা ছেড়ে দিত। দুধারের পচা ডোবা আর জঙ্গলের মধ্যে দিয়ে রেল-লাইন। ঢাকুরিয়ার কাছে এসে দুভাগ হয়ে গিয়েছে। একদিকে লক্ষ্মীকান্তপুর আর ডায়মণ্ডহারবার। আর একদিকে কালিঘাট-মাঝেরহাট হয়ে বজবজ স্টেশন। ট্রেনটা যাবে বজবজের দিকে। গার্ড সাহেব মাথাটা বাড়িয়ে একবার দেখে নিলে। পাখাটা নিচু হয়ে আছে। রাস্তা ক্লিয়ার। ইঞ্জিনটা একবার হুইসল বাজালো। দুপাশের পায়ে চলা পথে তখন তরি-তরকারীর ঝাঁকা মাথায় নিয়ে ব্যাপারীরা চলেছে বাজারে। বেগুনের ঝাঁকা, মাছের ঝাঁকা। লাউকুমড়োর ঝাঁকা। ছোট ছোট আশশ্যাওড়া গাছের ঝোপ। একটা লেভেল-ক্রসিং। সবুজ পাখা নিয়ে দাঁড়িয়ে আছে পয়েন্টওয়ালা। পাখাটা নিয়ে হাতটা বাড়িয়ে দিয়েছে। লোহার গেটটা বন্ধ। দুপাশে সার সার গরুর আর মোষের গাড়ি দাঁড়িয়ে গিয়েছে।

—এ গেটম্যান গেটম্যান!

এ-সব লোক অভ্যেস আছে পয়েন্ট-ওয়ালার। কুড়ি বছর চাকরি হয়ে গেল দুজনের। চুল পেকে গেল কাজ করতে করতে।

—এ গেটম্যান, গেটম্যান!

লোকে অমন তামাশা দেখেই। নতুন নতুন মটরগাড়ি চড়ে সাহেবরা যাবে শহর থেকে শহরতলীতে। ওদিকে রাজপুর, ওদিকে সাহেবদের ক্লাব আছে, জোকপুর ক্লাব। সাহেব-মেমদের ভিড়। গাড়ির পর গাড়ি আসে। গাড়ির অন্ত নেই। ভোরবেলা থেকে শুরু, কার বেলা একটা দুটো পর্যন্ত। তারপর আবার বিকেল থেকে শুরু হয়। সারের পর সার চলেছে। লাল লাল মুখ। দেখলে ভয় হয়। সোঁ সোঁ করে লাইন পেরিয়ে চলে যায় ঝড়ের বেগে। আর শনিবারে হলে তো কথা নেই। ঘোড়-দৌড়ের মাঠ আছে ওদিকে। দুপুর বারোটা থেকেই গাড়ির ভিড়। সেদিন আর নাওয়া-খাওয়া হয় না। একটু অসাবধান হলেই, একটু অন্যমনস্ক হলেই [illegible] এসে যাবে হুড়মুড় করে। লোহার গাড়ির সঙ্গে ধাক্কা লেগে হৈ-চৈ বেধে যাবে। তখন হেড-অফিস থেকে ডি-টি-আই সাহেব এসে যাবে। বেলেঘাটা

উৎসবে

ইণ্ডিয়ান সিল্ক হাউস

কলেজ স্ট্রীট মার্কেট • কলিকাতা

থেকে রেলের পুলিস এসে যাবে। তখন হাতে হাতকড়া পড়ে যাবে, চাকরি নিয়ে টানাটানি।

—গেটম্যান তো বড় জ্বালালে দেখছি, ইঞ্জিনের দেখা নেই, এক ঘণ্টা আগে থেকে গেট বন্ধ করে রেখেছে—এই গেটম্যান—

ওসব কথা শুনতে গেলে গুমটিওয়ালার চাকরি করা চলে না। বাবুদের মেজাজ বিগড়েই আছে হামেশা। ওসব কথায় গুমটিওয়ালা যদি নিজের মেজাজ বিগড়োয় তো তাতে নিজেরই ক্ষতি। অমন কত বাবু দেখেছে, ভুবন কত সাহেবসুবো দেখা গেছে। চাকরি তো করতে হয় না তোমাদের বাপু। আছ তোফা। তোমাদের কী! পয়সা আছে ফুর্তি করতে বেরিয়েছ, ঘরে বউ আছে, মেয়েমানুষ আছে, কুকুর আছে, পেছনের বাক্সের মধ্যে মদের বোতল আছে, ক্লাবে যাবে তার গান গাইবে নাচবে রাত বারোটা পর্যন্ত। তারপর রাত পুইয়ে শেষ রাত্তিরের দিকে ফিরে এই গেটম্যানের ওপর হম্বি। আমি তো তোমার চাকর নই বাপু। তোমার মাইনেও খাই না, তোমার ধারও ধারি না। তম্বি দেখাওগে যাও তোমার বাড়ির চাকর-ঝিদের ওপর। আমরা সরকারী লোক। কোম্পানীর চাকর। কোম্পানীর খাই, পরি, কোম্পানীর ধার ধারি। কোম্পানী জুতো মারলে সে জুতো মাথা পেতে নেব। কোম্পানীর জুতো মারবার এক্তিয়ার আছে। হাজার বার এক্তিয়ার আছে। ডি টি এস যদি বলে—আমার বাগানটা কুপিয়ে দাও তো ভুবন, আমি কুপিয়ে দেব। ডি টি আই যদি বলে—জুতোজোড়া একটু ঝেড়ে দাও তো ভুবন, আমি জুতো ঝেড়ে দেব। তাঁরা হলেন গিয়ে মনিব। মনিবের হুকুম একশোবার শুনবো। তাঁরা হলেন মা-বাপ। রবিনসন সাহেব একবার এসেছিল লাইন দেখতে। সাত ফুট চেহারার লম্বা-চওড়া চেহারা। আসল খাঁটি গোরা সাহেব। খাকি হাফ প্যান্ট পরা। কী সব ইংরিজী বলে—মাথামুণ্ডু বোঝা যায় না। কিন্তু দেবতার মত মানুষটা। ট্রলি করে এসেছিল। কালিগঞ্জ থেকে বেরিয়ে ট্রলি করে বজবজের দিকে যাবে। জমিদারি দেখতে বেরিয়েছে। কেমন সব কাজ হচ্ছে, কেমন সব চলছে এই আর কি। সঙ্গে মেমসাহেব ছিল। আর ছিল একটা কুকুর। আগের দিন খবর পাওয়া গিয়েছে। ডি-টি-আই সাহেব খবর দিয়ে সাবধান করে দিয়েছিল। বড়-সাহেব আসছে! জাঁদরেল সাহেব, কুর্তা-টুর্তা পরে যেন রেডি থাকে সব। দাড়ি-টাড়ি যেন কামানো থাকে। কালো পাখা সবুজ পাখা—সব যেন সাবান দিয়ে কেচে ফর্সা করা হয়। গুমটি ঘরের আশেপাশে যেন জঙ্গল-ঝোপ না থাকে। সাহেব গুমটি ঘরের ভেতরে ঢুকে উঁকি মেরে দেখতে পারে। সব ময়লা-নোংরা জিনিস সরে করে দাও। বাকিগুলো মেজে-ঘষে সাফ করে ফেলো। বড়সাহেব আসবে, জাঁদরেল সাহেব। খারাপ দেখলে আর আস্ত রাখবে না। একেবারে বাঘের বাচ্চা।

সাবধান করে দিয়েছিল ডি-টি-আই সাহেব; কিন্তু আশ্চর্য মানুষ ওই রবিনসন সাহেব।

সাহেব নামতো দেবতা। হাসি-হাসি মুখ। ট্রলির ওপর বসেছিল আর ছোট একটা চুরুট খাচ্ছিল। আর পাশেই ছিল মেমসাহেব। মনে মনে একটু ভয়ও হচ্ছিল ভুবনের। ট্রলি গুমটিতে থামতেও পারে, আবার না-ও থামতে পারে। রবিনসন সাহেবের যদি খেয়াল হয় তো সোজা চলে যাবে কালিঘাট পেরিয়ে একেবারে বজবজের দিকে। হে মা কালী, সাহেব যেন না নামে। হে মা মঙ্গলচণ্ডী সাহেব যেন সোজা পশ্চিম দিকে চলে যায়। কোনও কোনো ফাঁকে খুঁত বেরিয়ে পড়বে গুমটি-ঘরের, আর রিপোর্ট হয়ে যাবে ভুবন মাস্টার নামে। তখন চাকরি নিয়ে টানাটানি। কিম্বা জরিমানা হয়ে যাবে পাঁচ টাকা।

কিন্তু সাহেব নামলো।

ট্রলিটা এসে থামলো একেবারে গুমটি-ঘরের সামনে রেল-লাইনের ওপর।

গেট আগেই বন্ধ করে দিয়েছিল ভুবন। হুঁশিয়ার করে দিয়েছিল সবাইকে। ট্রলিটা এসে থামতেই গেট আবার খুলে গেল। আবার গরুর গাড়ি, মোটর গাড়ি সব পার হয়ে গেল। মোটরগাড়িগুলো হুস হুস করে বেরিয়ে গেল।

ভুবন সোজা গিয়ে সাহেবের পায়ের কাছে খোয়ার ওপর ঢিপ করে একটা প্রণাম করলে।

সাহেবের সেদিকে খেয়াল নেই। কিন্তু দেখলেন মেমসাহেব। আহা, মেমসাহেব নয় তো, যেন জগদ্ধাত্রী। তেমনি রূপ তেমনি গড়ন। তেমনি চেহারা। এই শুধু সিগারেটটা না খেলেই যেন দেবী মানাতো। কিন্তু নেশা করেছেন, এখন আর উপায় কী! তবু মেমসাহেবকে যেন মা বলে ডাকতে ইচ্ছে করছিল। 'মা' বলে হয়ত ডাকতোই ভুবন। মাকেও একটা প্রণাম ঠুকতে যাচ্ছিল—কিন্তু কুকুরটা তখন ভুবনের দিকে ঘেউ ঘেউ করে তেড়ে এসেছে—

চেন-ছাড়া কুকুর। একটু ভয় পাবারই কথা। অবলা জীব, কথা তো বোঝে না।

মেমসাহেব ডাকলেন—জিমি—জিমি—

ভাগ্যিস মেমসাহেব দেখেছিলেন তাই বাঁচা গেল। নইলে খেয়েই ফেলতো কুকুরটা। মেমসাহেবের ডাক শুনেই কুকুরটা একেবারে ল্যাজ গুটিয়ে মেম-সাহেবের বুকে উঠে আদর করতে লেগেছে। সে-যাত্রা ভুবন বেঁচে গেল বটে, কিন্তু বিপদ হলো আর একটা। বড়সাহেব তখন ডি-টি-আই সাহেবের সঙ্গে কী ইংরিজী কথা বলছে। লাইন ধরে হাঁটতে হাঁটতে এটা দেখছে, ওটা দেখছে। গুমটি ঘরটার দিকে আঙুল দিয়ে কী সব দেখাচ্ছে। ছাদ দিয়ে জল পড়ে ভেতরে, দেয়ালটায় ফাটল ধরেছে, একটা অশথ গাছ উঠেছে গুমটির মাথায়। সব দেখাচ্ছে ডি টি আই সাহেবকে। পাশে একটা নর্দমা আছে, সেখানে বর্ষার সময়ে জল জমে। সেই দুর্গন্ধ জল পচে গন্ধ হয়। শরীর খারাপ হয় কোম্পানীর লোকদের। তারপর আছে সাপের ভয়। নাইট ডিউটির সময় কাজ করা বিপদ। ওই যে সাপ, ওদিকে দেখাচ্ছেন সাহেব। পেছনে এই জায়গাটা [illegible] একটু শহরের মতন। একটা রাস্তা [illegible] আছে। সাহেবেরা টিকি [illegible] একটু [illegible] [illegible] [illegible] এই জন্যেই [illegible]।

ডি টি আই সাহেব হুঁ-হুঁ করে রবিনসন সাহেবকে বোঝাচ্ছিলেন।

ভুবন ইংরিজী বুঝতে পারে না। কিন্তু [illegible] সব। এই যে [illegible] এ [illegible] এ নিয়ে ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্টের সঙ্গে [illegible] হয়েছে। [illegible] সাহেবের মত। প্রথম [illegible] পাড়া হলো, তখন এখানে শহরতলী ছিল না। পাশে ছোট পথ ছিল একটা। তখন গুমটিও ছিল না, গেটও ছিল না। গুমটি-ঘরও ছিল না। [illegible] হয় একটা [illegible]। [illegible] গোল কাটা [illegible] লোক। তারা [illegible] তাড়ি [illegible]। [illegible] ঠাকুরের [illegible] লম্বা লম্বা তালগাছের জঙ্গল। [illegible] ঠাকুরেরই নয়—ওই যে উত্তর দিকে জঙ্গল-ভরা দেখছেন, ওখানে একটা তালগাছ রয়েছে। ভোরবেলা ঝাঁক বেঁধে দিয়ে আসতো পাখীরা তালগাছের মাথায়। নিয়ে আসতো [illegible]। [illegible] রসকেই বলে তাড়ি। আপনাদের দেশে যাকে মদ বলে, এদেশে তারাই আর এক-রকম মদ হলো তাড়ি। তাড়িটা সস্তা। নেশা হয় ভালো। এধারের এই জঙ্গলের ভেতর বুড়ো লোকের তাড়ির বাবসা আছে। এদের জন্যেই, প্রথম রেল-কোম্পানীর গেট তৈরি করতে হয়। রাত-বিরেতে কখন কে এ-পথ দিয়ে যাবে ঠিক নেই। তখন থেকেই পাহারা বসাতে হলো।

তখনো কলকাতা শহরটা আরো উত্তরে। চৌরঙ্গী পর্যন্ত এসে শহর ওইখানে আটকে গিয়েছিল। এদিকটায় লোক আসতো না। এখানে ছিল ডাকাতির আড্ডা। শহরে মানুষ খুন করে লাশ এনে ফেলে দিত এই জঙ্গলে। সে-লাশ পচে গন্ধ উঠতো। দু-তিন দিন কেউই টের পেত না। পচা ডোবা আর জঙ্গলের মধ্যে কে খোঁজ রাখবে কার। মাইলের পর মাইল পোড়ো জমি আর খানা-খন্দ। এদিকে খুন করলে ওদিকে টের পায় না কেউ। হঠাৎ এক একদিন হৈ-চৈ হতো ওই জঙ্গলের ভেতর। ওদিকের বস্তির লোকদের কানে যায়। বাঁশী দিয়ে [illegible] করে। জঙ্গলের লুকোনো ঝোপে আগুন লাগিয়ে দেয়। তবু এদিকে আসতে সাহস পায় না কেউ। বলে—ডাকাতের জঙ্গল। ডাকাতের জঙ্গলের দিকে সন্ধের পর আর কেউ আসতে চায় না। ওয়ারেন হেস্টিংসের সময় এর মাইল চারেকের মধ্যে বসতি ছিল না। ইংরেজ কোম্পানীর সাহেবরা কাজ-কর্ম সেরে তারা ফিরতো দিনমানে। আর দিনমানেও একলা একলা ফেরা নিরাপদ ছিল না। ফিরতো দলবল নিয়ে। ওই [illegible] জঙ্গলের লোকেরা আসবার সময় [illegible] সব সঙ্গে নিয়ে আসতো। ইংরেজ [illegible] আর শুধু কি ডাকাত! ডাকাতের সঙ্গে ছিল সব জন্তু জানোয়ার [illegible] এই জঙ্গলে। বড় বড় মাথা সমান উঁচু হোগলা বন। সেই হোগলা বনের মধ্যে শুধু ডাকাত নয় শুধু বাঘই নয়। ইয়া ইয়া সাপ। সাপের রাজত্ব ছিল চারদিকে। সেকালে কে জানতো এখানেও একদিন বস্তি গড়ে উঠবে। এখানেও একদিন কোম্পানীর রেললাইন বসবে। এখানেও একদিন হুস্‌ হুস্‌ করে সাহেব-মেমদের ঘোড়াগাড়ি চলবে। এখানেও বিজলী বাতি, কলের জল, টিউবওয়েল, কলকারখানা বসবে। এখানেই, এই এখানেই একদিন মেলা হবে। শহরের গণ্যমান্য লোক এখানে বেড়াতে আসবে হাওয়া খেতে।

যখন প্রথম রেল-লাইন হলো—সে-ও অনেকদিন আগের কথা। তুমি আমি কেউই তখন জন্মাই নি। ওই বেলেঘাটা থেকে লাইন এসে মিললো বালিগঞ্জ ইস্টিশানে। প্রথমে ওই পর্যন্তই ছিল। তারপর একদিন বজবজে পেট্রল কোম্পানীর ট্যাঙ্ক বসলো। পেট্রল কোম্পানীর আপিস হলো সেখানে। কলকাতার রাস্তায় রাস্তায় তখন সবে নতুন গাড়ি আসতে শুরু করেছে। কলকাতার সাহেবসুবো গাড়ি কিনলো। সেই গাড়ি


এক পক্ষকালের মধ্যে প্রকাশিত হবে

হাজার বছরের

প্রেমের কবিতা

(খৃষ্টপূর্ব ষোড়শ থেকে খৃষ্টীয় সপ্তদশ শতাব্দী)

• সংস্কৃত-পালি-প্রাকৃত • মিসরীয় • হিব্রু
• চীনা • গ্রীক • লাতিন • আরবী
• জাপানী • ফারসী

সোয়া তিন হাজার বছরের প্রেমের কবিতার একটি আশ্চর্য চিত্রবহুল সংকলন।

সম্পাদনা • অবন্তী সান্যাল

কবিতাগুলি অনুবাদ করেছেন:
ভারতচন্দ্র, রবীন্দ্রনাথ ঠাকুর, সত্যেন্দ্রনাথ দত্ত, যতীন্দ্রনাথ সেনগুপ্ত, কালিদাস রায়, শ্যামাপদ চক্রবর্তী, ডাঃ সুশীলকুমার দে, নজরুল ইসলাম, আশুতোষ ভট্টাচার্য, হেমেন্দ্রকুমার রায়, বিষ্ণু দে, বিমলচন্দ্র ঘোষ, কানাই সামন্ত, সুরেন্দ্রচন্দ্র সরকার, হরপ্রসাদ মিত্র, [illegible] রায়, সুভাষ মুখোপাধ্যায়, নীরেন্দ্র চক্রবর্তী, মঙ্গলাচরণ চট্টোপাধ্যায়, অবন্তী সান্যাল, প্রমোদ মুখোপাধ্যায়, জ্যোতি রায়, সিদ্ধেশ্বর সেন ও শান্তিতোষ ভট্টাচার্য।

অঙ্গসজ্জা • পূর্ণেন্দুশেখর পত্রী

মজবুত কাপড়ে বাঁধা এবং সুদৃশ্য জ্যাকেট
ও রঙিন বাক্স সম্বলিত

আনুমানিক মূল্য আট টাকা

নতুন সাহিত্য ভবন
৩ শম্ভুনাথ পণ্ডিত স্ট্রীট, কলিকাতা—২০
ফোন : ৪৭—৪২৩৩

শহরের মাধ্য ঘুরে বেড়ায় এধার থেকে ওধার। লোকে হাঁ করে চেয়ে দেখে। দিশী পাড়ার ছেলেমেয়েরা মটরগাড়ির শব্দ শুনলেই দৌড়ে আসে গলির সামনে। ভিড় জমে যায় চারধারে। বুড়োরা আপিস যেতে যেতে হঠাৎ থমকে দাঁড়ায়। ছেলেরা অবাক হয়ে তাকিয়ে থাকে। চারটে রবারের চাকা, তার ওপর একটা বাক্স মতন খাঁচা। মাথার চালটা ইচ্ছে করলে খুলে ফেলা যায়। আবার দরকার হলে ঢেকে দেওয়াও চলে। রোদ-বৃষ্টি হলে চালটো তুলে দাও, তারপর গায়ে রোদ লাগাবার ইচ্ছে হলে ঢেকে ফেলো।

বি এন আর কোম্পানীর মেভারলি প্রথম গাড়ি কিনলে।

সেদিন আর কাজকর্ম হলো না আপিসে। সারা আপিস ভেঙে বাবুরা গাড়ি দেখতে এলো। চুঁচড়ো, রাণাঘাট, উলুবেড়ে থেকে যারা পায়ে হেঁটে নৌকোয় গঙ্গা পার হয়ে আপিসে আসে, তারা হাঁ করে দেখতে লাগলো। প্রথমে শহরে একখানা-দুখানা গাড়িই ছিল। এধারে থেকে ওধারে গেলে পাড়াসুদ্ধ লোক জড়ো হতো। তারপর গাড়ি বাড়লো। নানা ধরনের, নানা রংএর গাড়ি। গাড়িতে নম্বর লাগাবার নিয়ম হলো। গাড়ির তলায় লোকজন চাপা পড়তে লাগলো। গাড়ির ভিড়ে রাস্তা চওড়া করতে হলো। শেষে টান পড়লো পেট্রোলে। পেট্রল আসতো আগে জাহাজে করে। খিদিরপুরে জেটিতে তেলের পিপে ভর্তি জাহাজ লাগতো। সেই পিপে সাবধানে নিয়ে যাওয়া হতো গুদাম-ঘরে। একবার সেই তেলে আগুন লেগে সে কী কাণ্ড! সারা জাহাজখানা পুড়ে ছাই হয়ে গেল। বোমা ফাটার মত দুমদাম আওয়াজ হতে লাগলো। কত লোক কুলি-কামার যে মারা গেল! আর তেল আসতো রেল-গাড়িতে। মালগাড়িতে ক্যানেস্তারার টিন সিল্ করা তেল আসতো। এসে শালিমারের গুদামে ভর্তি হতো। তারপর সেই টিন কিনে নিয়ে গাড়ির ট্যাঙ্কে ঢালে। তখন আবার গাড়ি গড় গড় করে গড়িয়ে চলবে।

তারপর যেবার পাইপলাইন হলো বজবজে সেইবার হলো এই লাইন। রেলের বড়সাহেবরা জমি জরিপ করতে এলেন। ইঞ্জিনীয়াররা এলেন। ওই বেলেঘাটা থেকে বন-জঙ্গল কাটতে কাটতে রেলের ইঞ্জিনীয়ার ওভারসিয়াররা উঁচু-নিচু সমতল করে দিলে। দুপাশে তারের বেড়া লাগিয়ে দিলে। বন থেকে কত সাপ বেরুল। সাপের কামড়ে মরলো কত লোক। বালিগঞ্জ ইস্টিশান হলো। বাবুদের কোয়ার্টার হলো। কুলিদের বস্তি হলো। জলের পাম্প বসলো। বেলেঘাটা থেকে মালগাড়িতে ভর্তি হয়ে এল লোহা-লক্কড়, এল লক্কড়, এল সাটবল্টু, এল ফিস-প্লেট, এল হাতুড়ি, হাপর, কোদাল, সব। এই এখানকার তালগাছের জঙ্গলের মধ্যে দিয়ে লাইন পাততে পাততে চললো ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট। সিগনাল বসলো, টেলিগ্রাফের পোস্ট বসলো, সিগনাল বসলো। তারপর এসে পৌঁছুলো এই এখানে। এই ঢাকুরিয়া আর গড়িয়াহাটার লেভেল-ক্রসিংএর কাছে।

এই সেখান থেকে আমাদের গল্পের শুরু।

আসলে এ জায়গাটা গল্পের শুরুও বটে আবার গল্পের শেষও বটে।

শেষটাই আগে বলে দেওয়া ভালো। তাতে আগ্রহ বাড়ে। পড়বার ধৈর্য থাকে। নইলে শুরু থেকে শুরু করলে কে পড়বে মন দিয়ে। আজকাল, এই বাস্তুতার যুগে কার এত ধৈর্য! কে পড়বে এত বড় উপন্যাস। কবে কেমন করে নায়ক বড় হলো, কবে লেখাপড়া শিখলো, কবে বিয়ে-থা করলো, কবে মারা গেল—তার পুঙ্খানুপুঙ্খ ইতিবৃত্ত জানবার সময় নেই কারো। যেমন সময় ছিল না ভূষণ মালীর, যেমন সময় ছিল না ডি-টি-আই সাহেবের, আর যেমন সময় ছিল না রবিনসন সাহেবের। বড় থেকে ছোট সবাই কোম্পানীর চাকর। কেউ বড় চাকর, আবার কেউ ছোট-চাকর। কোন দূর দেশ সেটা। স্কটল্যাণ্ড না ইংলণ্ড কেউ জানে না। হয়ত লণ্ডনের কিম্বা বার্মিংহামের কোনও রোড-সাইড ইস্টিশানের কেবিনম্যান ছিল প্রথমে। তারপর কোম্পানীর দৌলতে এখানে এসে একেবারে এক লাফে ডি-টি-এস হয়ে বসেছে পায়ের ওপর পা তুলে। সঙ্গে জাহাজে করে এনেছে মেমসাহেব আর এনেছে একটা সাদা কুকুর।

ডি-টি-আই সাহেব তো মন দিয়ে দেখাচ্ছিল। কিন্তু রবিনসন সাহেব কী বুঝছিল ভগবানই জানেন।

শুনেছি ওদিকটায় ওই উত্তরদিক বরাবর একটা লেক হবে। এমন জঙ্গল সাফ হয়ে যাবে শিগগির। ওদিকে আর জমি বিক্রী করছে না ক্যালকাটা করপোরেশন। ওদিকে সেই ভবানীপুর পর্যন্ত শহরের চেহারা একেবারে বদলে যাবে নাকি। ওদিকে খিদিরপুর, তারপর কালিঘাট, তারপর এদিকে কসবা, মাঝখানের এই জঙ্গলটা সাফ করে দিলে কলকাতা শহরের চেহারা একেবারে পালটে যাবে স্যার। তখন এই ঢাকুরের দিকেও বসতি হবে, লোক্যালিটি হবে। তখন এই রাস্তায় ট্রাফিক বেড়ে যাবে। এই আমাদের সব লেভেল-ক্রসিং-এ আর কুলোবে না। কম্পাস সাহেব সেই রকম নোট দিয়েছে—এই দেখুন স্যার, ফাইল দেখুন! এই প্ল্যান এন্‌ক্লোজ করে দেওয়া আছে। প্ল্যান দেখলেই বুঝতে পারবেন এ-জায়গাটা ফিউচারে কত ইম্‌পর্টেণ্ট হয়ে উঠবে। কম্পাস সাহেব লিখেছে—এখানে একটা স্টেশন করলে ভালো হয়। আমাদের প্যাসেঞ্জার ট্রাফিকও বাড়বে তাতে। ওদিকে বালিগঞ্জ আর পশ্চিমে কালিঘাট—এই দেড়ো ফারলং ডিসট্যান্স এর মধ্যে একটা স্টেশন করে সাইডিং তৈরি করলে সেকশন্-ক্যাপাসিটিও বাড়ে—

রবিনসন সাহেব কথাটা বুঝতে পারলেন না। বাঁ হাতটা মেলে করে নেড়ে বললেন—ইউ মিন্ আওয়ার রেলওয়ে স্টেশন?

ডি-টি-আই সাহেব বললেন—ইয়েস স্যার—

রবিনসন সাহেব খাস বিলিতি রোড-সাইড স্টেশনের কেবিনম্যান ছিল। তাঁর সঙ্গে মেমসাহেব আছে, বিলিতি কুকুর আছে। আর ওদিকে সন্ধে হয়ে আসছিল। টি-টাইমটা উতরে গেছে কাজ করতে করতে।

বললেন—ননসেন্স—

রবিনসন সাহেবের সেই কথাকে গলায় 'ননসেন্স' বলার সঙ্গে সঙ্গে যেন হঠাৎ সমস্ত আবহাওয়াটা একটা বিকট আওয়াজ করে উঠলো। আর মেমসাহেব চিৎকার করলেন। মেমসাহেবও হাউ-হাউ করে উঠছেন। ডি-টি-আই সাহেবও পেছন দিকে ছুটলেন। রবিনসন সাহেবও এদিক ওদিক কোনওদিকে খেয়াল ছিল না। কাজ করতে করতে নাওয়া-খাওয়া টি-টাইমও ভুল হয়ে যায় তাঁর। তিনিও পেছন দিকে দৌড়ে পড়ে গেলেন। ভূষণ মালী এতক্ষণ সাহেবদের পেছনে-পেছনে হাতজোড় করে দাঁড়িয়ে মাথামুণ্ডু সব শুনছিল। সেও দৌড়ে গেল পেছন দিকে।

পেছন দিকে মাঠ উত্তর দিকে। একটা কাঁটা ঝোপ, একটু পচা ডোবা মতন সেখানটা। ঠিক সেইখানে রবিনসন সাহেবের কুকুরটা মাটিতে পড়ে ছটফট ছটফট করছে। তখন তার গলা দিয়ে আর চেঁচাবারও ক্ষমতা নেই। ভূষণ দৌড়ে কাছে গেছে। কিন্তু তার আগেই মেমসাহেব সেই সিল্কের গাউন নিয়েই মাটিতে বসে কুকুরটাকে কোলে তুলে নিয়েছেন।

—জিমি, ডিয়ার, জিমি—

ডি-টি-আই সাহেব, রবিনসন সাহেব দু'জনেই এসে পড়লেন। কুকুরটার দশা দেখে মেমসাহেব হাউ-মাউ করে কান্না জুড়ে দিয়েছেন। রবিনসন সাহেবও মাটিতে বসে পড়ে কুকুরটাকে ধরতে যাচ্ছিলেন।

হঠাৎ ভূষণ মালী চেঁচিয়ে উঠেছে—সাপ, সাপ—

ডি-টি-আই সাহেবও রবিনসন সাহেবকে

কে, হোড়ের
কণক
পাউডার

হাত ধরে এক হ্যাঁচকা টান দিয়েছে— দেবক নায়—দেবক—

একটা কাল-কেউটে! যেতে যেতে এক-বার পেছন ফিরে সাপটা ফণা তুলে দেখালে ধানিকক্ষণ। তারপর আবার এঁকে বেঁকে নিঃশব্দে বনের মধ্যে অদৃশ্য হয়ে গেল।

ভূষণ মাঝীর এখন আরো বয়েস হয়েছে। [illegible]

[illegible]

হয়েছে রা

সবাই গেল—না—

তারপর জিজ্ঞেস করে—কেন, হরিবংশ সাহেব কী করতে?

—না এমনি জিজ্ঞেস করছি।

—হরিবংশ সাহেবই নাকি তোমার চাকরি দিয়েছিল ভূষণ?

ভূষণ বলে—আজ্ঞে না হুজুর, হরিবংশ সাহেবের কুকুরটাকে এখানে সাপে কেটেছিল কি না তাই জিজ্ঞেস করছি—

ভূষণ মাঝী শুধু একলাই গোমান নয়। আসলে [illegible] গোমান [illegible] করে [illegible] করে। [illegible] করে [illegible]। সমস্ত দিনের [illegible] [illegible]


# নতুন রকমের আবরণ

এই নতুন রকমের সাবান—স্নিগ্ধ এবং মনোরম গন্ধযুক্ত সিনথল ব্যবহার করুন—আপনার গায়ে কোন গন্ধ থাকবে না, গায়ের চামড়া সুস্থ থাকবে এবং গায়ের রংও পরিষ্কার দাগহীন হবে।

ভারতে একমাত্র সিনথল সাবানেই জি-১১ (পেটেন্ট হেক্সাক্লোরোফিন) আছে। যে বীজাণুগুলি গায়ে দাগ ছড়ায় এবং গন্ধ সৃষ্টি করে, জি-১১ সেগুলিকে নষ্ট করে। নিয়মিত ব্যবহারের পঞ্চম দিন থেকে শতকরা ৯৫ ভাগ বীজাণু ধ্বংস হয়ে যায়—যা সাধারণ সাবানে সম্ভব হয় না। জি-১১ যুক্ত সিনথল আপনাকে ঘামাচি, তিল, ব্রণ এবং চুলকানি ও অন্যান্য চর্ম্ম-উপদ্রব থেকেও রক্ষা করে। সিনথল সাধারণ সেরা সাবানের চাইতেও বেশী স্নিগ্ধকর, চোখের কোন ক্ষতি করে না—শিশুর পক্ষে সব চাইতে ভাল।

## মনে রাখবেন

এটা প্রমাণিত হয়েছে যে জি-১১ একমাত্র রাসায়নিক পদার্থ যা শরীরের ত্বকের পক্ষে ক্ষতিকর নয় এবং যা সাবানে ব্যবহার করলে সমস্ত বীজাণু নাশ করে। পৃথিবীর সর্ব্বত্র ডাক্তাররা জি-১১ যুক্ত সাবান ব্যবহার করবার নির্দেশ দেন এবং আমেরিকার হাসপাতালগুলিতে বিশেষভাবে জি-১১ যুক্ত সাবানই ব্যবহৃত হয়।

একমাত্র সাবান যা গায়ে ঘামের গন্ধ দূর করে এবং গায়ের রঙের সৌন্দর্য্য বাড়িয়ে দেয়—লক্ষ লক্ষ লোকের ক্ষেত্রে প্রমাণিত।

জি-১১ যুক্ত **সিনথল**

পুরোপুরি রক্ষার জন্যে সিনথল দিয়ে স্নান করবার পর মিষ্টি গন্ধসহ স্নিগ্ধকর জি-১১ যুক্ত গোদরেজ টয়লেট পাউডার ব্যবহার করুন।

গোদরেজ-এর হেয়ার টনিক এবং শেভিং স্টিকও জি-১১ যুক্ত।

গোদরেজ সাবানের জগতে সেরা নাম

আটে চব্বিশ। ভূষণ মালী ছাড়া মঙ্গল দেও আছে। আর আছে দেওকীনন্দন। সকাল আটটা থেকে বিকেল চারটা। বিকেল চারটে থেকে রাত বারোটা। তারপর রাত বারোটা থেকে সকাল আটটা। এমনি ঘুরে ফিরে ডিউটি পড়ে। কাজ বেশি তেমন কিছু নয়। ওই কেবল গেট পাহারা দিয়ে পড়ে থাকা। ওইটেই আসল কাজ। তারপর বোতাম টিপলেই গেট বন্ধ হয়ে যাবে। সে তেমন কিছু হাঙ্গামের ব্যাপার নয়। তিনজনের ডিউটি। পালা বদল করে কাজ করা। আপোষে মিলে মিশে কাজ। কারো শহরে কাজ থাকে তো আর একজনকে বলে গেলেই হলো। তার হয়ে ডবলডিউটি করে দেবে। সকাল আটটা থেকে টানা রাত বারোটা পর্যন্ত একজনই ডিউটি করবে।

বালিগঞ্জ ওয়েস্ট কেবিন থেকে হুকুম হবে—থার্টি থ্রি আপ, লাইন ক্লিয়ার—

দেওকীনন্দন ফোন্ ধরে বলবে—হাঁ—হুজুর—

কেবিনম্যানের টেলিফোনটা ছাড়তে গিয়ে হঠাৎ কী যেন একটা সন্দেহ হবে। বলবে—কে রে, দেওকীনন্দন?

—জী হাঁ—

কেবিনম্যান বলবে—কেন, এখন তো মঙ্গল দেও'র ডিউটি—মঙ্গল কোথায় গেল?

—হুজুর মঙ্গল কলকাত্তা গেছে মেয়ের শ্বশুরবাড়ি, আমি ডবল ডিউটি করছি—

—আর ভূষণ? ভূষণের কোন্ ডিউটি?

দেওকীনন্দন বলে—ভূষণের সেকেণ্ড নাইট হুজুর—রাত বারোটায় আসবে—

আসলে তিনজন গেটম্যান হলেও ভূষণের কথাই বেশি করে বলা। কারণ ভূষণের ডিউটিতেই ঘটনাটা ঘটেছিল। তখনও ছিল তার সেকেণ্ড নাইট ডিউটি। সেবার হলো কী, জেনারেল ম্যানেজার লাইন দেখতে বেরোবে। এমন বছরে একবার লাইন দেখা নিয়ম। সেদিন ইস্টিশান পরিষ্কার পরিচ্ছন্ন করা হবে। স্টেশন মাস্টার সেদিন কাচানো ইউনিফর্ম পরবে, মাথায় টুপি দেবে। মাল-গুদামে সাজানো-গোছানো থাকবে মালের বস্তা। সেদিন ঝক্-ঝক্ তক্-তক্ করবে প্ল্যাটফরম। একটু ধুলো-বালি খুঁজে পাবে না কেউ কোথাও। স্টেশন মাস্টার নিজে বেরোবে দেখতে। আউটার সিগন্যাল ভালো করে চলছে কি না। কেবিনে উঠে লিভার টেনে টেনে দেখবে। জেনারেল ম্যানেজার যদি খুঁত পায় কোথাও তো রিপোর্ট হয়ে যাবে। পার্সোন্যাল ফাইলে দাগ পড়ে যাবে। চাকরির উন্নতির রাস্তা চিরকালের জন্যে বন্ধ। সুইপারকে ডেকে হুঁশিয়ার করে দেবে, কেবিনম্যানকে ডেকে সাবধান করে দেবে। সবারই হর্তাকর্তা-বিধাতাপুরুষ আসছে। কারো রেহাই নেই। সঙ্গে থাকবে সব ডিপার্টমেণ্টের কর্তারা। চীফ ইঞ্জিনীয়ার থাকবে, চীফ মেডিক্যাল অফিসার থাকবে। ট্রাফিক ম্যানেজার থাকবে, ডি-টি-এস থাকবে। আরো অনেকে থাকবে। একখানা স্পেশ্যাল ট্রেন ভর্তি বড় সাহেবরা থাকবে। ট্রেনটা বেলেঘাটা ছাড়বে বেলা দেড়টায়। দুপুরের খাওয়া খেয়ে বেরোবে সবাই। তারপর বালিগঞ্জে এসে পৌঁছোবে পৌনে দুটোয়। বালিগঞ্জে হল্ট আছে আধঘণ্টা। আধঘণ্টার মধ্যে ইস্টিশানের যাবতীয় রাজকর্ম দেখা শেষ করে স্পেশ্যাল ট্রেন ছাড়বে দুটো পনেরো মিনিটে। তারপর ঢাকুরিয়া। ঢাকুরিয়ার পর সোনারপুর। এমনি পর পর লাইন দেখতে দেখতে সোজা চলে যাবে ডায়মণ্ডহারবার। সার্কুলার বেরিয়ে গেছে সাতদিন আগে থেকে। সারা সেকশানে সোর-গোল পড়ে গেছে। যার যা অভাব অভিযোগ এই সময়ে বলবে বড়সাহেবদের। বছরে এই একটা সময়। এই সময়ে কারো প্রমোশন হয়, কারো জরিমানা হয়, কারো নিচু ধাপে নামতে হয়।

ভূষণ কেবিনবাবুকে জিজ্ঞেস করে—এস্‌স্পেশ্যাল এদিকে আসবে না হুজুর?

কেবিনম্যান বলে—নারে, তেরো সেভেন গেল এধারে, ও ডায়মণ্ডহারবারের দিকে যাবে প্রথমে, তারপর যাবে লক্ষ্মীকান্তপুরে—

—আর বজবজ সেকশান?

কেবিনবাবু বলে—সে এখনও সার্কুলার পাইনি—

এদিক কথা নেই বার্তা নেই ঠিক দিন বুঝেই কোপ। বর্ষাকাল নয় কিন্তু নয়। সকালবেলাও কিছু বোঝা যায়নি। একটু একটু কুয়াশা মতন ছিল। সকাল আটটার সময়ও অন্ধকার-অন্ধকার ভাব। যত বেলা বাড়তে লাগলো ততই অন্ধকার হতে লাগলো। বৃষ্টি তখনও পড়েনি, কিন্তু ভিজে ভিজে হাওয়া দিচ্ছে জোরে। বেলেঘাটা স্টেশন তখন জমজমাট। ধোয়া মোছা হয়েছে প্ল্যাটফরম। জাঁদরেল জাঁদরেল সাহেবরা এসে গাড়ি থেকে নামলো। কিন্তু জেনারেল ম্যানেজার আর আসে না। হাতঘড়ি, প্ল্যাটফরমের ঘড়ি, সব ঘড়ি মিলিয়ে দেখা হলো। ঘড়ির বড় কাঁটাটা ছটার ঘর পেরিয়ে গেছে। এমন তো দেরি হয় না কখনও।

কিন্তু এসে পড়েছেন তিনি।

বালিগঞ্জের নর্থ কেবিন থেকে কেবিনম্যান ফোন তুলে ধরলে—হ্যালো, কে? লাহিড়ী? কী হলো? জেনারেল ম্যানেজারের কী হলো? স্পেশ্যাল ক্যানসেলড্ নাকি?

ওদিক থেকে উত্তর এল—ওই এসে গেছে, এই এখুনি এল হে, বড়সাহেবদের কারবার, এই লাইন-ক্লিয়ার পেলাম—

ট্রেন ছেড়ে দিলে। লেট করেই ছাড়লো। কিন্তু ড্রাইভার পাকা। আপার ইণ্ডিয়া এক্সপ্রেস চালিয়েছে একদিন।... এই সেবার ভাইসরয়ের স্পেশ্যালও চালিয়েছে। ইঞ্জিনটাও মজবুত। মনের মত কল পেয়েছে—সুতরাং হুস্ হুস্ করে দেখতে-না-দেখতে বালিগঞ্জ এসে পড়েছে। স্টেশনে তখন স্টেশন মাস্টার নিজে লালপাখা নিয়ে দাঁড়িয়েছিল। চার বোগির স্পেশ্যাল। ঠিক মাপে মাপে দাঁড়িয়েছে ট্রেনটা। বালিগঞ্জ স্টেশনে নামবে সবাই। সব দেখা-শোনা করবে। মাল-গুদাম দেখবে। স্টেশন দেখবে। গাড়ি থেমে রইল কিছুক্ষণ। প্ল্যাটফরমের ওপর জলের ছিটে দেওয়া হয়েছে—ধুলো যেন না ওড়ে।

স্টেশন মাস্টার অভ্যর্থনা করবার জন্যে এগিয়ে গেলেন। আজ তিনি রেলের কোট পরেছেন, টুপি পরেছেন। পুরোদস্তুর স্টেশন মাস্টার।

কিন্তু কেউ নামে না।

কী হলো? হলো কী?

স্টেশন মাস্টার এদিক-ওদিক তাকিয়ে দেখলেন। চীফ মেডিক্যাল অফিসার বড় কামরায়। এদিক থেকে ওদিকে যাচ্ছেন। হাতে ওষুধের শিশি, গলায় স্টেথিসকোপ।

হঠাৎ তারপর আরো জোরে বৃষ্টি নামলো। অকাল বর্ষণ। অন্ধকার করে এলো। হু হু করে হাওয়া দিচ্ছে চারদিকে। কাঁপুনি ধরে সারা গায়ে।

হঠাৎ সেনসাহেব নামতেই স্টেশন মাস্টার এগিয়ে গেলেন সেলাম করে।

বললেন—স্যার কী হলো, ইনস্পেকশান হবে না?

সেনসাহেব পুরোনো লোক। অনেকদিন আগে চাকরিতে যখন নতুন ঢুকেছিল, তখন অনেকে মাঝে মাঝে। বেশ সুন্দর চেহারা। বছর পনেরো আগেকার কথা। স্টেশন মাস্টার তখন সবে নতুন বদলি হয়ে এসেছেন। অনেক ঘাটের জল খেয়ে, অনেক ঘুর-প্যাঁচের কোর্ট এখানে তখন সবে এসেছেন। একদিন এই সেনসাহেবই এলেন ডি-টি-আই হয়ে। তখন জাঁদরেল সাহেব ছিল রবিনসন। রবিনসন সাহেবের নামে সারা লাইন কাঁপতো। এক-একদিন সকাল বেলা ডিউটিতে এসেছেন আর বাড়ি গেছেন রাত এগারোটার পরে। কেবল স্টেটমেণ্ট চাই। ওয়াগনের হিসেব দাও। নানা ফাই, নানা ফরমাজ। হেড-অফিসের জ্বালায় জীবন অতিষ্ঠ হয়ে উঠেছিল। এই যে বালিগঞ্জ ইস্টিশানের দু'পাশে এই ভিড়—এসব তখন কোথায় ছিল! গেটের ধারে গোটা দশেক দোকান শুধু। একটা দোকান ছিল—পরোটা আলুর দমের। পরোটা আর আলুর দম লোকটা করতো ভালো। বৈঠকখানার বাজার থেকে আলু-কপি বাজার করে নিয়ে আসতো। আর একটা মস্ত কাঠের পিঁড়ির ওপরে ঘি দিয়ে

পরোটা বেচতো [illegible] বলে। ইস্টিশানের পোর্টার গিয়ে এক-একদিন বলতো—দুটো গরম পরোটা দোব—

পরোটাওয়ালার নামটা এখন আর মনে পড়ে না।

—কার জন্যে পরোটা চাই—কে খাবে গো?

পোর্টার বলতো—মাস্টারবাবু, আমাদের নতুন মাস্টারবাবু—

মাস্টারবাবু তখনও কোয়ার্টার পাননি এখানে। পরিবারও আসেনি। হোটেল থেকে দু'টি পরোটা খেয়ে দিন কাটায়। আর ওয়েটিংরুম-এর ভেতরে রাত্রে শোবার ব্যবস্থা। তা মাস্টারবাবুর নাম শুনে আর দাম নিতে চায় না লোকটা। চেয়েছিল দু'খানা পরোটা। দিলে চারখানা। সঙ্গে একখানা আলুর দম ফ্রি। সেই মজুমদারবাবু অবাক।

বললেন—কেন দাম নিলে না কেন?

লোকটা বললে—দাম নেবো কেন হুজুর, দাম নেবার কি দরকার আছে ওর—

—কেন, দাম নেবে না কেন? মাস্টারের খাতির করছো নাকি!

—হুজুর, মাস্টারের দাম নিলে ও কি আর [illegible] চালাতে পারবে? [illegible] মাস্টারের দাম নিলে পরে [illegible] ওর [illegible] করবে না?

[illegible] এই অবস্থা, এখন তো লাইন হয়েছে, [illegible] সেই কালিগঞ্জের লেভেল-ক্রসিং পর্যন্ত [illegible]। [illegible] মধ্যে [illegible] শুরু হয়। [illegible] তখন মজুমদারবাবু [illegible]। সেই সময়ে [illegible] এসেছিলেন [illegible] ইনস্টিটিউশনে [illegible] তিনিই প্রথম বলেছিলেন—কালিঘাট থেকে কালিগঞ্জ স্টেশন পর্যন্ত ট্রেন চলবে শিগগির—

কালিগঞ্জ স্টেশনের কামরাটার মধ্যে তখন মজুমদারবাবুর সামনে কাজের পাহাড়। কোনওদিকে দৃষ্টি দেবার সময় নেই। টেবিল ভর্তি কাগজ-পত্র ফাইল। কোন্ কাজটা আগে করবেন তার ঠিক নেই। একগাদা ইনভয়েস, একগাদা ইনডেমনিটি বণ্ড—চোখে মাকে তখন দেখতে পাচ্ছেন না। রবিনসন সাহেব কাণ্ডজ্ঞান লোক হোক, মায়া-দয়া ছিল তাঁর। গড়িয়াহাটার লেভেল-ক্রসিংএ দেখেন তাঁর কুকুরটাকে সাপে কামড়াবার পর আর এখানে থাকলেন না—

ছুটি নিয়ে দেশে চলে গেলেন। সেই জায়গায় এল ঘোষাল সাহেব। বাঙালী হলে কী হবে। একেবারে [illegible]। রোজ একজনের চাকরি না খেয়ে আর জল-গ্রহণ করতো না ঘোষাল সাহেব। কয়লা-ঘাটের হেড-অফিসে গিয়ে কতদিন দেখা করতে গিয়ে দেখেছে ঘোষাল-সাহেব চীৎকার করছেন—গেট আউট—গেট আউট—

গড়িয়াহাটার লেভেল-ক্রসিং-এ একবার একটা লোক কাটা পড়ে। সাক্ষী দিতে গিয়েছিল মজুমদারবাবুকে সঙ্গে নিয়ে গেটম্যান ভুবন। আর কেবিনম্যান কালী-পদ। তিনজনেই হেড-অফিসের ঘোষাল-সাহেবের সঙ্গে দেখা করতে গিয়েছিল। ঘোষাল সাহেবের ওপরেই চাকরি নির্ভর করছিল তিনজনের। এক-কথায় তিনজনের চাকরি চলে যেত।

ঢুকে ঘোষাল সাহেবের ঘরের দিকে দেখতেই ঘোষাল সাহেব চীৎকার করে উঠেছিল—গেট আউট, গেট আউট—

গেট আউট-ই ছিল ঘোষাল সাহেবের বুলি।

কালীবাবু বলেছিল—এ সাহেব মরে তবে ঘোষাল সাহেব মরে না যে—

ভুবন বলেছে—রবিনসন সাহেব বড় ভালো লোক ছিল হুজুর—রবিনসন সাহেবের মেমসাহেবও ভালো ছিল—সেই সাহেব [illegible]—আমি তো মেম-সাহেবের পা জড়িয়ে ধরতুম গিয়ে—

[illegible] এসেছিল ঘর থেকে। [illegible] চেহারা [illegible]। [illegible] পরনে। [illegible] চোখ জুড়িয়ে যায়।

[illegible] হয়েছিল কেন, ঘোষাল সাহেব [illegible]—

মজুমদারবাবু এগিয়ে বলেছিলেন—আমরা ঘোষাল সাহেবের সঙ্গে একবার দেখা করতে এসেছিলাম, গড়িয়াহাটা লেভেল-ক্রসিং এর [illegible] জন্যে—

তিনি বলেছিলেন—তা যখন [illegible] এখন যান—

বলে আবার ভেতরে চলে গিয়েছিলেন তিনি।

কালীবাবু বললেন—একে চিনতে পারলেন তো মাস্টার মশাই—

—না তো!

কালীবাবু মুচকি হাসলেন।

বললেন—আরে চিনতে পারলেন না—ইনিই তো সেই হীরে—ঘোষাল সাহেবের হীরে—

যাক গে, ওসব ব্যাপারে নাক না গলানোই ভালো। সেই একদিনের একটুখানি দেখা। বড় সাহেবদের ঘরের ব্যাপার নিয়ে মাথা-ঘামানোর অভ্যেস মজুমদারবাবুর নেই। মজুমদারবাবুর নিজের ঘরের ব্যাপার নিয়ে কে মাথা ঘামায় তার ঠিক নেই। চাকরি করতে এসেছেন পেটের দায়ে, চাকরিটা বজায় থাকলেই হলো। কবে সেই কালিগঞ্জের জঙ্গল কেটে [illegible] চোখের সামনে [illegible] গজিয়ে উঠলো রাতারাতি তাও টের পাননি। কবে লোক হলো তাও জানতে পারেননি। একদিন বেড়াতে বেড়াতে ওদিকপানে গিয়ে সব দেখে শুনে তো অবাক। সেই লেভেল-ক্রসিং আর চেনা যায় না। [illegible] মন্দির হয়েছে একটা। বড় রাস্তা হয়ে গেছে। হাঁ করে চেয়ে চেয়ে দেখতে লাগলেন। শুধু কালিগঞ্জ আসবার পর একবার সাউথ কেবিন-এ ঢুকেছিলেন—তারপর পায়ে পায়ে হেঁটে গিয়েছিলেন লেভেল-ক্রসিং পর্যন্ত। তারপর ওদিকে আর যাবার দরকারই হয়নি। ভুবন দেখালে কোনখানটা রবিনসন সাহেবের কুকুরকে সাপে কামড়েছিল—কোনখানটার মাটির ওপর বসেছিল মেমসাহেব। আর সে-সব সাহেবই ছিল আলাদা। তারা দেশের মত মানুষ ছিল, তাদের দয়া ছিল, মানুষের দরদ ছিল।

কালীবাবু বলতো—আমার ছেলের বিয়ের সময় [illegible] সাহেব কলকাতা থেকে [illegible] গিয়েছিল, জানেন মাস্টার মশাই—আপনি তখন আসেন নি—

ভুবন বলেছিল—রবিনসন সাহেবের মেম-সাহেবকে দেখেছি হুজুর, আহা, কী চেহারা, যেন জগদ্ধাত্রীর মত রূপ—

মজুমদারবাবু বলতেন—আমাদের মেম-সাহেবও কম যায় না কালীবাবু—গরীবের [illegible]—

[illegible] সাহেবই [illegible]।

ঘোষাল সাহেবের [illegible] যেন সাহেবের [illegible] এসে বললে—এখানে কী করছেন আপনারা—

মজুমদারবাবু বললেন—সেই [illegible] ব্যাপার নিয়ে একবার ঘোষাল সাহেবের সঙ্গে দেখা করতে এসেছি স্যার—

—আপনি কে.

মজুমদারবাবু বললেন—আমি বালিগঞ্জ স্টেশনের স্টেশন মাস্টার, আর এই হলো গড়িয়াহাট লেভেল-ক্রসিংএর গেটম্যান ভূষণ, আর এ হচ্ছে সাউথ কেবিনের কেবিনম্যান করালীভূষণ সরকার—আপনি যদি ঘোষাল সাহেবকে একটু বলে দেন স্যার।

—আপনারা ঘোষাল-সাহেবের সঙ্গে দেখা করেছেন নাকি?

মজুমদারবাবু বললেন—দেখা কী করে করবো স্যার, ও'র ঘর থেকে কে একজন বেরিয়ে এলেন, ও'র পি-এ বোধহয়...

সেন সাহেব বাধা দিয়ে বলেছিলেন—বুঝতে পেরেছি, আপনারা চলে যান, আমি চেষ্টা করে দেখি কী করতে পারি—বাড়ি যান এখন—

তা সেবার সেই সেন-সাহেবের জন্যেই বিপদটা কেটে গিয়েছিল। সেন-সাহেবের জোরের জোরে সেবার এনকোয়ারীতে খালাস পেয়ে গেলেন তিনজনেই। ভূষণ বাইরে এসে সেন-সাহেবের পা জড়িয়ে ধরলে।

বললে—হুজুর, আপনি আমার মা-বাপ হুজুর, আপনার মঙ্গল হবে হুজুর, ভগবান আপনাকে অনেক দেবে হুজুর—

সেন-সাহেব অতি কষ্টে পা ছাড়িয়ে নিলেন। বললেন—ছাড় ছাড় পা ছাড় ভূষণ, পা ছাড়, আমি কে, আমি কেউ না—

ছোকরা সাহেব, কিন্তু বাপের বেটা বটে। সেন-সাহেবের কাছে যে গেছে, সেন-সাহেবকে যে ধরতে পেরেছে তেমন করে, সে আর খালি হাতে ফেরেনি। সাহেব বটে সেন-সাহেব। সারা লাইনময় সেন-সাহেবের প্রশংসা। ওদিকে রাণাঘাট, বনগাঁ, শিলিগুড়ি, ঢাকা, ময়মনসিং থেকে শুরু করে শেয়ালদ'র সব স্টাফ একবাক্যে সেন-সাহেবের প্রশংসায় পঞ্চমুখ। সত্যিই সাহেবের বয়েস কম, এখনও বেশি দিনের চাকরি নয়। সামান্য ক্লার্ক হয়ে ঢুকেছিল হেড-আফিসে। কিন্তু দেখতে দেখতে একদিন ডি-টি-আই হয়ে গেল। রবিনসন সাহেবের বড় পেয়ারের ডি-টি-আই। সেখানেই রবিনসন সাহেব যাবে, সঙ্গে যাবে ডি-টি-আই সেন সাহেব। রবিনসন সাহেব চলে যাবার পর সেই পোস্টে এল ঘোষাল-সাহেব। কিন্তু বেশি দিন টিকলো না ঘোষাল-সাহেব। একদিন চুরির দায়ে ধরা পড়লো। আর সেই সিঁথিতে সিঁদুর পরা মেয়েটি?

করালীবাবু ফোনে বললেন—শুনেছেন মাস্টার মশাই কাণ্ড?

মজুমদারবাবু বললেন—শুনেছি—

—আর শুনেছেন সেই মাগীটার কাণ্ড? সেই যে সিঁদুর পরা, সেই ফরসা মতন মেয়েটা, আমাদের তাড়িয়ে দিয়েছিল—তার কী কাণ্ড শুনেছেন?

মজুমদারবাবু বললেন—কই না, শুনিনি তো কিছু—

তা না-শুনেছেন তো শুনে আর কাজ নেই। পরে সবই শুনতে পাবেন, পরে সবই জানতে পারবেন। শুধু আজ বলে নয়, এমন ঘটনা চিরকালই ঘটে। চিরকাল ধরেই ঘটে আসছে। লাইনের একমুড়ো থেকে আর একমুড়ো পর্যন্ত সেই প্রসঙ্গই চলতে লাগলো ক'দিন ধরে। একদিন লোহা ইঞ্জিন-কেবিন-ওয়াগন লাইন ক্লিয়ারের মধ্যেও আবার রোমান্সের মশলার গন্ধে কেরানী-জীবন মুখর হয়ে ওঠলো। বেশ রসিয়ে রসিয়ে পান চিবোতে চিবোতে শেয়ালদ'র কন্ট্রোলরুমে, কেবিন-ঘরে, প্লাটফরমে আলোচনা চলতে লাগলো। তারপর সেই ঢেউ এসে পৌঁছলো একেবারে গড়িয়াহাটা লেভেল-ক্রসিং-এর গুমটি ঘরে। তখন সেকেণ্ড নাইট ডিউটি করছে ভূষণ...

কিন্তু সে-সব কথা এখন থাক।

তা কোথায় গেল সেই ঘোষাল-সাহেব, আর কোথায় গেল সেই সিঁদুর পরা মেয়েটা। রবিনসন সাহেব গেছে, ঘোষাল-সাহেবও গেছে। এখন এতদিন পরে সেই জায়গায় এসেছে সেন-সাহেব। কতদিন সেন-সাহেব ঢাকা না শিলিগুড়ি কোথায় বদলি হয়ে গিয়েছিল। এখন এসেছে ডি-টি-এস হয়ে। এই এতদিন পরে।

হঠাৎ এতদিন পরে সেই সেন-সাহেবকে দেখে মজুমদারবাবু এগিয়ে এলেন।

বললেন—কী স্যার, কেউ নামছেন না কেন?

সেন-সাহেব বললেন—না, স্পেশ্যাল যাবে না আজ, জেনারেল ম্যানেজারের শরীর খারাপ,—আপ-গাড়ির লাইন ক্লিয়ার দিতে বলুন—

অভাবনীয় কাণ্ড! এমন কাণ্ড ইতিহাসে কখনও ঘটেনি। স্পেশ্যাল ট্রেন ফিরে গেল আবার। আবার ঢিলে-ঢালা কাজ। সারা লাইনময় খবর চলে গেল টেলিফোনে। ডায়মণ্ডহারবার লক্ষ্মীকান্তপুর সর্বত্র। ট্রেন ক্যান্‌সেল্‌ড্‌ হয়ে গেছে। জেনারেল ম্যানেজারের অসুখ। আবার থার্টি থ্রি আপ এল। আবার টুয়েন্টিওয়ান আপ এল, আবার নাইনটিন আপ এল। ডাউন ট্রেনও আসতে লাগলো পর পর। আবার গড়িয়ে চললো চাকা। ওয়াগন আর ইঞ্জিন, লাইন-ক্লিয়ার আর শান্টিং। আবার ম্যুভিং ইয়ার্ডে শান্টিং ইঞ্জিনের ফোঁসফোঁসানি শুরু হলো—

বেলেঘাটা থেকে ফোন এল কেবিনে—স্পেশ্যাল কী হলো হে—ছেড়েছে?

বালিগঞ্জ থেকে উত্তর এল—নাহে, লাইন ক্লিয়ার দিতে হবে ডাউন স্পেশ্যালের—

—কেন?

—স্পেশ্যাল ক্যান্‌সেল্‌ড্‌!

—দূরোর কলা-কচুপোড়া খেয়ে যা—

বলে ঘড়াং করে লিভারটা টেনে দিলে গায়ের জোরে।

স্পেশ্যাল চলে গেছে অনেকক্ষণ! স্পেশ্যালের সঙ্গে অন্য সবাই-ই চলে গেছে। চীফ মেডিক্যাল অফিসার, চীফ ইঞ্জিনীয়র—কেউ বাকি নেই।

মজুমদারবাবু হঠাৎ দেখে অবাক।

—স্যার, আপনি? আপনি ফিরে যাননি?

সেন সাহেব যেন একটু থেমে গেলেন। বালিগঞ্জ প্লাটফরমের একেবারে শেষ প্রান্তে একা একা দাঁড়িয়েছিলেন।

বললেন—না আমার এদিকে একটা কাজ ছিল—

মজুমদারবাবু আর কিছু না বলে চলে গেলেন। তারপরে আর কিছু জানেন না তিনি। তাঁর ডিউটি শেষ হয়ে যাবার পর তিনি বাড়ি চলে গেলেন। পরে শুনেছেন সব ঘটনাটা। শুনে চমকে উঠেছেন।

আর সেনসাহেব তখন আস্তে আস্তে সেই অন্ধকারের মধ্যে নেমে পড়েছেন। চারদিকে নিরন্ধ্র অন্ধকার। হঠাৎ মনে হলো যেন তাঁর চোখের সামনে দরজার শেকলটা খোলে দরজাটা হাট করে খুলে দিলে অঘোরদাদু, আর একটা ভ্যাপসা গন্ধে তাঁর দম যেন বন্ধ হয়ে উঠলো।

অঘোরদাদু বললে—দেখলি তো মুখ-পোড়া, দেখলি তো?

দীপঙ্কর জিজ্ঞেস করলে—এত ঘড়া ঘটি বাটি তুমি কী করবে অঘোরদাদু?

অঘোরদাদু বললে—আমি বেচবো রে মুখপোড়া, আমি বেচবো, বেচলে অনেক টাকা হবে—

দীপঙ্কর আবার জিজ্ঞেস করলে—এত টাকা-কড়ি নিয়ে কী হবে তোমার অঘোর-দাদু? কী করবে তুমি?

অঘোরদাদু রেগে গেল। রেগে দাঁত-মুখ খিঁচিয়ে উঠেছে।

বললে-টাকা-কড়ি নিয়ে কী হয় রে মুখপোড়া? কী হয়? বড় হলে বুঝবি—সব হয়, কড়ি দিয়ে সব কেনা যায়, সব কেনা যায় কড়ি দিয়ে— (ক্রমশঃ)


শুষ্ক মূলারিষ্ট

শোথরোগে সমস্ত শরীর ফুলিয়া হস্তীর ন্যায় আকৃতি বিশিষ্ট হইলেও ৩ দিনে শোথ দূর করে। মূল্য ১।০ টাকা। কবিরাজ শ্রীজলধরপদ রায়, ১৯৭, বহুবাজার স্ট্রীট, কলিকাতা।

কে, হোড়ের
কণক
* পাউডার *

GOVER… …RARY … Behar

# যে পত্নী অর্ধাঙ্গিনী নয়

সুধাংশু ঘোষাল

পত্নীকে অর্ধাঙ্গিনী বলে। তবে পত্নীকে যে অর্ধাঙ্গিনী হতেই হবে এমন মাথার দিব্যি কেউ আজও পর্যন্ত দিতে পারেনি। অধিকাংশ প্রাণীর ক্ষেত্রে স্ত্রীকে অর্ধাঙ্গিনী বললে কোন ভুল হবে না। মানুষের বেলায় সহধর্মিণীকে অর্ধাঙ্গিনী বলতে কোন রীতিগত, নীতিগত বা প্রীতিগত বাধা নেই। তবে এর ব্যতিক্রম যে কোথাও নেই, একথা পাকাপাকি করে বলা শক্ত ঠিক। দুনিয়ায় এমন অনেক প্রাণী আছে যাদের জীবনযাত্রা ভালো করে লক্ষ্য করলে স্পষ্ট বোঝা যায় যে, ঐ প্রাণীগুলির পুরুষেরা কোনদিন তার সহধর্মিণীকে অর্ধাঙ্গিনী বলে ডাকতে পারবে না। কারণ ঐ প্রাণীগুলির স্ত্রী সাধারণত পুরুষ অপেক্ষা আকারে বড়ো। কাজেই ব্যুৎপত্তিগত অর্থ নিয়ে বিচার করলে, অনুপাতে পুরুষটির পক্ষে বিশালকায়া স্ত্রীকে একটি নিজের দিক বলে সম্বোধন করা যুক্তিসঙ্গত নয়, একথা আমরা স্বীকার করতে বাধ্য।

গভীর সমুদ্রে এক ধরনের মাছ (ceratoid angler fish) বাস করে, যাদের ক্ষেত্রে স্ত্রী মাছটি পুরুষ অপেক্ষা প্রায় ১৪।১৫ গুণ বড়ো। একজন বয়স্কা স্ত্রীলোকের গায়ে একটি ছোট পুতুল বেঁধে দিলে যেমন দেখায়, স্ত্রী মাছটির পাশে পুরুষ মাছটিকে ঠিক তেমন দেখায়। সমুদ্রের কোন কোন জায়গা এত গভীর যে, দিনদুপুরে পর্যন্ত সূর্যের আলো ঢুকতে পারে না। সেই ঘুটঘুটে অন্ধকারে এই বিদঘুটে মাছের বাস। ডিম হতে জন্ম হবার সঙ্গে সঙ্গে এক বা একাধিক পুরুষ মাছ কোন স্ত্রী মাছের পেট বা বুকের কাছের চামড়া মুখে করে কামড়ে ধরে। কোন জাহাজের সঙ্গে বোট বেঁধে দিলে বোটটি যেমন জাহাজের সঙ্গে চলাফেরা করে, তেমনি স্ত্রী মাছটির দেহ-সংলগ্ন পুরুষেরা স্ত্রীর সঙ্গে সর্বত্র যাওয়া আসা করে। এভাবে আঁকড়ে ধরার জন্যে কিছু দিনের মধ্যে পুরুষ মাছটির মুখের মাংস ও স্ত্রী মাছের দেহের মাংস একসঙ্গে মিশে যায়। এই অবস্থায় পুরুষটির পক্ষে স্ত্রীকে অর্ধাঙ্গিনী বলে সম্বোধন করায় বাধা আছে। কারণ, প্রথমত স্ত্রী পুরুষ অপেক্ষা অনেক বড়ো; দ্বিতীয়ত পুরুষের ঠোঁটটি স্ত্রী দেহে মিশে যাবার ফলে (যদি এ মাছ রূপকথার মাছের মতো কথা বলতে পারতো তবুও) পুরুষের পক্ষে ঠোঁট নাড়িয়ে একটা কথা পর্যন্ত বলা সম্ভব নয়। ভাঙা বাসনপত্র ঝাং-ঝাল দিয়ে জুড়ে দেবার পর খণ্ড অংশটা যেমন পৃথক করা যায় না, এখানেও তেমনি ছুরি দিয়ে না কাটলে স্ত্রী মাছটির দেহ হতে পুরুষকে বিচ্ছিন্ন করা সম্ভব নয়। অবস্থাটা 'বাহুর প্রেম'-এর মতো। 'প্রাণের বাঁধন দিয়েছি প্রাণেতে দেখি কে খুলিতে পারে।' এ বাঁধন খোলা সহজ নয়। কাজেই দেখা যাচ্ছে গভীর অন্ধকারে ডিম হতে জন্মাবার কিছুকাল পরে যে স্ত্রীর সঙ্গে পুরুষের বিবাহ হয়েছে সেখানে শত ছেলেমেয়ে হোক, মন কষাকষি হলেও বিবাহ-বিচ্ছেদ হবার কোন ভয় নেই। পুরুষটির জননেন্দ্রিয় ছাড়া অন্যান্য অঙ্গপ্রত্যঙ্গ তার কার্যক্ষমতা হারিয়ে ফেলে। পুরুষটির পক্ষে হাঁ করা পর্যন্ত সম্ভব নয়, কাজেই স্ত্রীর সহায়তা ভিন্ন সে খাদ্যদ্রব্য পেতে পারে না। অভ্যন্তরীণ বিষয়, স্ত্রীদেহ হতে রক্ত পুরুষদেহে সঞ্চারিত হয়, আর সেই রক্তের মাধ্যমে খাদ্যদ্রব্য সরবরাহ হয়ে থাকে স্ত্রী-নির্ভরশীল পুরুষ মাছটির দেহে। এককথায় স্ত্রী [illegible] নিজের জন্য ও [illegible]র মতন স্বামীর জন্যে খাওয়া-পরা বাসস্থানের কার্য চালিয়ে থাকে। রেগান ও ক্যাপটেন এ ধরনের বিচিত্র মাছের অদ্ভুত জীবনযাত্রার বর্ণনা দিয়েছেন। স্ত্রীর গলগ্রহ হয়ে থাকার ফলে পুরুষেরা তাদের সাঁতার কাটবার স্বাভাবিক ক্ষমতা পর্যন্ত হারিয়ে ফেলে। কাজেই যদি শক্তি-হীন পতির অক্ষমতার গতি বা অন্ধের যষ্টি হচ্ছে পত্নী। পুরুষগুলির এক বাসনা "চিরকাল তোমার হবো আঁকড়িয়া কঠিন লৌহদ্বারে।" তথাপি পতিতে দিবস নির্বাধ পুরুষগুলি স্ত্রীর নিত্যকালের সঙ্গী।" এদের মধ্যেকার জীবনযাত্রা এক-সঙ্গে, আবার পরলোকযাত্রাও একসঙ্গে, কারণ, স্ত্রী যতদিন বাঁচে পুরুষ ঠিক ততদিনই বাঁচে ও স্ত্রী মারা যাবার সঙ্গে সঙ্গে পুরুষেরাও মারা যায়। এই বিবাহক্ষেত্রে যেমন বিবাহবিচ্ছেদ হবার ভয় নেই, তেমনি সধবা স্ত্রীর পক্ষে বিধবা হবার, অথবা পত্নীবিয়োগে পতির বিপত্নীক হবার কোন আশঙ্কা নেই।

উপরের মাছগুলির ক্ষেত্রে স্ত্রী স্বামী হতে বড়ো হলেও স্ত্রী স্বামীর কোন ক্ষতি করে না। কিন্তু প্রাণিজগতে এমন কয়েকটি প্রাণী আছে, যাদের মধ্যে বিশাল স্ত্রী ক্ষুদ্র ও দুর্বল স্বামীর উপর অত্যাচার করে। এমনকি, স্ত্রীর কবলে স্বামীর মৃত্যু কোথাও কোথাও এক নিত্য-নৈমিত্তিক ঘটনা। মাকড়সাকে এমন একটি উদাহরণ হিসাবে সামনে ধরা যেতে পারে। অধিকাংশ




বাঁদিকের ছবিতে এক বিশালকায় স্ত্রীমাছের পেটের চামড়া আঁকড়ে ধরে আছে তিনটি ছোট ছোট পুরুষমাছ। এদের বিবাহ-বিচ্ছেদ হবার কোন ভয় নেই। স্বামী-স্ত্রীর শ্বাস-প্রশ্বাস, চলাফেরা, খাওয়া-দাওয়া—এমন কি মৃত্যুও একসঙ্গে। ডানদিকে, পুরুষ "সামুদ্রিক ঘোড়ার" পেটের এক থলিতে (তীর চিহ্নিত) ডিম হতে শাবকের জন্ম হয়। এদের ক্ষেত্রে স্ত্রী হচ্ছে নিষ্কর্মা




পুরুষ ও স্ত্রী কাঁকড়াবিছার যুগলনৃত্য।

মাকড়সার স্বামীর আকার ও অবয়ব স্ত্রীর তুলনায় যথেষ্ট ছোট। এদের জীবনযাত্রাও বেশ বৈচিত্র্যপূর্ণ। আমেরিকার যুক্তরাষ্ট্রে এক মাকড়সার নাম "কালো বিধবা মাকড়সা" (Black Widow Spider)। স্ত্রী মাকড়সাটি পুরুষের প্রায় চারগুণ। এরা খুবই বিষাক্ত। নিজের ডিম ও সন্তান রক্ষা করার সময় উত্তেজিত অবস্থায় স্ত্রী মাকড়সা যে কোন মানুষকে পর্যন্ত আক্রমণ করতে পিছপা হয় না। বিষটি এতই ক্ষতিকর যে বিষক্রিয়ায় স্নায়ুমণ্ডলী আক্রান্ত হতে পারে, এমন কি সাময়িকভাবে অঙ্গবিশেষের অনুভূতিশক্তি লুপ্ত হওয়া মোটেই অসম্ভব নয়। কয়েকটি ক্ষেত্রে পেশীতে যন্ত্রণা, শ্বাসকষ্ট, শ্রমবিমুখতা ও মানসিক চাঞ্চল্য দেখা দেয়। যদিও এই মাকড়সা আক্রান্ত মানুষের মৃত্যু হয় না, তবুও উপযুক্ত চিকিৎসকের সাহায্য না নিলে বিষক্রিয়া সপ্তাহকাল পর্যন্ত চলতে পারে।

প্রজনন ঋতুতে অন্যান্য মাকড়সার মতো এই স্ত্রী মাকড়সাটি যেন মুখফুলিয়ে নিজের জালের কেন্দ্রে অভিমানীর মতো বসে থাকে চুপ করে। এবারে বধূর মান-ভঞ্জনের পালা। পুরুষ মাকড়সাটি কেমন-ভাবে বুঝতে পারে স্ত্রী মাকড়সাটি অধীর আগ্রহে তারই জন্যে অপেক্ষা করছে। সে ধীরে ধীরে জালের প্রান্ত হতে কেন্দ্রের দিকে এগিয়ে যেতে থাকে। সামান্য কিছু-দূর গিয়ে সে থমকে দাঁড়ায় এবং তারপর স্ত্রীর দিকে না তাকিয়ে জোরে পা ফেলে পূর্বস্থানে ফিরে আসে। মনে হয় সে যেন পত্নীর সলজ্জ সন্ত্রস্ত চাহনির মাঝে ধরা পড়ে গিয়েছে। কিছুক্ষণ পরে পুরুষ আবার স্ত্রীর দিকে চলতে থাকে। এবারে সে স্ত্রীর আরো কাছে গিয়ে পৌঁছায় এবং থমকে দাঁড়িয়ে পড়ে; আবার পূর্ব স্থানে ফিরে আসে। মাকড়সাটি এভাবে বার বার আসা যাওয়া করে এবং প্রতিবারে আগের তুলনায় ক্রমশ স্ত্রীর কাছে এগিয়ে যেতে থাকে। পূর্বরাগের ব্যাপার আর কি! শেষে সাহসে ভর করে পুরুষ স্ত্রীর সঙ্গে মিলিত হয়। তারপর আগের মতো পালিয়ে যাবার চেষ্টা করে। কিন্তু স্ত্রীমাকড়সা ছাড়বার পাত্রী নয়, সে পুরুষটির পিছু পিছু ধাওয়া করে। প্রাণ ভিক্ষা দেবার ফল রঙ্গিনীর হাতে অপমৃত্যু। স্ত্রীমাকড়সাটি পুরুষটিকে ধরে খেয়ে ফেলে। এভাবে স্ত্রীর প্রচণ্ড ক্ষুধার আগুনে নিজেকে আহুতি দিয়ে পুরুষকে ক্ষান্ত হতে হয়। আপনার আমার তুলনায় এদের কাণ্ডকারখানাও একেবারে উল্টো। আমরা বিয়ের সময় বরপক্ষের আত্মীয়স্বজনকে মাছ মাংস খাইয়ে থাকি। এদের মধ্যে এসব লৌকিকতার বালাই নেই। বিয়ের শুভক্ষণে স্ত্রীর পক্ষে শুভ, বিনীত সেবাব্রতী স্বামীর পক্ষে বুঝি বা অশুভ। স্ত্রীমাকড়সা কাউকে মাছমাংস খাওয়ায় না। বরং নিজে খায়। এ মাংস পাঁঠা বা ছাগলের নয়— নিজের স্বামীর। এই অকালবৈধব্যের জন্য দায়ী স্ত্রীমাকড়সা নিজেই, তাই তার নাম "কালো বিধবা মাকড়সা।" বিয়ের রাতে উত্তেজনাভরা মুহূর্তে যে সিঁদুর টিপটি সে পরেছিলো, প্রচণ্ড বুভুক্ষা আর সনাতন রীতির দোহাই দিয়ে সিঁদুর টিপটি সে নিজেই মুছে ফেলে। স্বামীকে হত্যা করে ডিমপাড়ার পর বিশ্বাসঘাতিনী একটিবারও ভেবে দেখে না যে, ডিম হতে যে বাচ্চা বের হবে তারা কোন দিনও তাদের বাবার কোন হদিশ পাবে না। তবুও স্ত্রী-মাকড়সার ঠিকুজিতে বহুবিবাহ আর বহুবৈধব্যযোগের ছড়াছড়ি।

কাঁকড়া-বিছার ক্ষেত্রেও স্ত্রী পুরুষ অপেক্ষা কিছু বড়ো। এদের প্রজনন ঋতু হচ্ছে গ্রীষ্মকাল। বিকালে বা সন্ধ্যায় এরা গর্ত ছেড়ে বাইরে হাওয়া খেতে বের হয়। পুরুষ বিছার সঙ্গে স্ত্রীর দেখা হলে পুরুষ থমকে দাঁড়ায় না, অথবা পুরুষ মাকড়সার মতো পালিয়ে যাবার কোন চেষ্টা পর্যন্ত করে না। বরং সে ধীরগতিতে স্ত্রী-কাঁকড়াবিছার কাছে এগিয়ে যায়। দুজনে আনন্দে বেশ কিছুক্ষণ নাচানাচি বা মাতামাতি করে। অধিকাংশ ক্ষেত্রেই তারা লেজের প্রান্ত উপরে উঠিয়ে কিছুক্ষণ লাঙ্গুলনৃত্য করে। কখনো-সখনো এদের লেজের ডগা পরস্পরকে স্পর্শ করে। লেজের ডগায় হুল থাকলেও নাচাকালীন অবস্থায় একজন অপরকে আক্রমণ করতে, ও হুল ফোটাতে চায় না। এতক্ষণ এরা সামনাসামনি পরস্পরের দাঁড়া ধরে নৃত্য করছিলো। এবারে যুগলনৃত্য থামিয়ে পুরুষ স্ত্রীকে ঘর গড়তে আনতে উদ্যত হয়। এরা যদি আপনার আমার মতো কথা বলতে পারতো, তবে হয়তো বা জাহাজের ডেকের রেলিং ছুঁয়ে, না হয় বাগিচাজের লোকের চক্ষু ছাড়িয়ে রাতজাগা চাঁদ ও তারাকে সাক্ষী রেখে শপথ করে বলতো। 'বেঁচেছি হবেই বা আমাদের' যুগলের সৌভাগ্য হাত দুটি ধরে সাথে হবার অনুরোধ জানাতো। হাত নেই, ক্ষতি নেই। পুরুষ স্ত্রীকাঁকড়াবিছার দাঁড়া ধরে পিছু হটিয়ে হটিয়ে কোন গর্ত বা পাটেলের দিকে চলতে থাকে। কিছুদূর গিয়ে স্ত্রী-বিছাটি এমন ভাব দেখায় যে, মনে হয় সে আর যাবার ইচ্ছা নেই। পুরুষটি আবার দাঁড়া ধরে স্ত্রীকে অনুরোধ করে। স্ত্রী অনুরোধের ভার ফেলতে না পেরে অনিচ্ছাসত্ত্বেও পিছু নাচিয়ে পড়ে। আবার আরম্ভ হয় সাধাসাধির পালা। এভাবে অনুরাগ ও বিরাগের পারস্পরিক রূপান্তর ঘটিয়ে ঘটিয়ে শেষ পর্যন্ত দুজনে কোন গর্ত বা কোন নিরাপদ স্থানে আত্মগোপন করে। তখন আমাদের চোখ হতে বহুদূরে গোপনে তাদের কাছাকাছি দুটি জনপ্রাণী অসীম নিকটে। এ সময় ডিমের উদ্ভব হলেও স্ত্রী-কাঁকড়াবিছা ডিম পাড়ে আরও ৫।৬ মাস বা বছরখানেক পরে। হাঁস, মুরগী যখন ডিম পাড়ে তখন তার মধ্যে কোন পূর্ণাঙ্গ শাবক থাকে না। কিন্তু কাঁকড়াবিছা যে আবরণযুক্ত ডিম দেয়, তার মধ্যে পূর্ণাঙ্গ বাচ্চা থাকে। এদিক হতে বিচার করলে এখানে "ডিম পাড়া" কথাটা বিজ্ঞানসম্মত হবে না। ডিম দেবার পর স্ত্রী-বিছা নখ ও দাঁড়ার সাহায্যে আবরণটি ছিঁড়ে ফেলে ও বাচ্চা-গুলি বেরিয়ে আসে ও সত্বর মায়ের পিঠে আশ্রয় নেয়। প্রায় ৫।৬ দিন মায়ের পিঠে আদর লুটে নেবার পর তারা নীচে নেমে স্বাভাবিকভাবে চলাফেরা করে। শাবক জন্মের পর পরিত্যক্ত আবরণ বা খোলসটি স্ত্রী-বিছা কখন কখন খেয়ে ফেলে।

পুরুষ কীটজাতিশিশুটি যখন শত অনুনয়-বিনয় করে আত্মনিবেদনের ভঙ্গিতে স্ত্রীকে গর্তের দিকে নিয়ে যায়, তখন সে ঘুণাক্ষরেও বুঝতে পারে না যে, এভাবে সে খাল কেটে কুমীর আনছে। দুজনে একত্র গর্তে প্রবেশ করার দু' একদিন পরে আপনি যদি হঠাৎ হঠাৎ করে গর্তটা অনুসন্ধান করেন, তবে স্ত্রী-কীটজাতিশিশুকে দেখতে পাবেন কিন্তু পুরুষকে দেখতে পাবেন না। তবে সেখানে পুরুষ কীটজাতিশিশুর দেহ ও পায়ের কয়েকটি টুকরো হয়ত ইতস্ততঃ ছড়ানো দেখবেন। এখানে আসল যে ঘটনা বা দুর্ঘটনার ফলে পুরুষের অপমৃত্যু হয় তা দেখা যাক। ব্যাপারটা এই, পুরুষ যখন তার প্রণয়িনীকে নিয়ে গর্তে প্রবেশ করে, তখন অল্পক্ষণ মিলনের পর সে [illegible]

পতঙ্গ রাজ্যেও এই ব্যাপার দেখা যায়। ক্যালিফোর্নিয়ার এক [illegible] এক পতঙ্গের নাম টিমেমা (Timema), যার স্ত্রী পতঙ্গটি পুরুষের প্রায় দেড়গুণ। প্রজনন ব্যাপারে অন্যান্য পতঙ্গের মতো এরাও ডিম পাড়ার কাজ করে। মিলিত অবস্থায় পুরুষ ও স্ত্রী কয়েক ঘণ্টা কেন, একাদিক্রমে কয়েকদিন চুপচাপ থাকতে পারে। সৈনিক গুবরের (Soldier Beetle) স্ত্রী আকারে পুরুষের চেয়ে খানিকটা বড়। এ ধরনের বহু উদাহরণের মধ্যে সামাজিক পতঙ্গ বিশেষ উল্লেখযোগ্য। যেমন পিঁপড়ে। (প্রায় ৬,০০০ বিভিন্ন ধরনের পিঁপড়ে আছে, ভবিষ্যতে এই সংখ্যা ১০,০০০ হবার সম্ভাবনা। কাজেই এখানে একটা সাধারণ বর্ণনা দেওয়া হলো।) এক একটি পিঁপড়ের গর্ত এক একটি ছোটোখাটো সমৃদ্ধিশালী শহর বলা যেতে পারে। পিঁপড়ের রাজ্যে আছে—স্ত্রী, পুরুষ, কর্মী ও রানী। স্ত্রী পিঁপড়ের মধ্যে আকারে বড়ো হচ্ছে রানী। তার আকার পুরুষের দ্বিগুণ হতে বহুগুণ পর্যন্ত হতে পারে। অন্ধকারে সে থাকে। যখন যৌবন এসে ডাক দেয় তখন গর্তের বাইরে বেরিয়ে আকাশে উড়তে থাকে। "নগরীর নটী চলে অভিসারে যৌবন-মদে মত্তা।" উড়ন্ত অবস্থায় পুরুষের সঙ্গে হয় তার মিলন। সে আবার ফিরে যায় তার গর্তে। ডিমপাড়া শুরু করে। রানী অবশ্য ক্রমাগত ডিম পাড়তে পারে না। কিছুদিন ডিম পেড়ে রানী থামে, আবার ডিম পাড়া আরম্ভ করে। এইভাবে ডিম পাড়ার কাজ চলে। রানী বাঁচে সবচেয়ে বেশীদিন। পুরুষের জীবন কাল খুব কম। কর্মীর জীবনকাল ঠিক মাঝামাঝি। কোন কোন কর্মী ৫।৬ বছর বাঁচতে পারে। মৌমাছির ব্যাপার অনেকটা পিঁপড়ের মতো। এদেরও নীল আকাশের নীচে মুক্ত বাতাসে অনন্ত বিহার। রানী মৌমাছি যখন ডিম পাড়া আরম্ভ করে, তখন পুরুষ মৌমাছি এ দুনিয়া হতে বহুদূরে পাড়ি দিয়েছে। পুরুষ সংযুক্ত হবার পর রানী একদিনে প্রায় এক হাজার—দেড় হাজার ডিম দেয়। আমাদের দেশে আমরা যে মৌমাছি দেখি, তাদের স্ত্রী ২।৩ বছর বাঁচে। আমেরিকার এক মৌমাছি আছে, যাদের রানী ১৫ বছর বা আরও বেশীদিন বাঁচে। বোলতা, ভীমরুল ও উইপোকার খবর একই রকম।

প্রজাপতি ও মথের ক্ষেত্রেও এমন উদাহরণ বিরল নয়। আমেরিকার অধিবাসী এক স্ত্রী মথ পুরুষের প্রায় দেড় গুণ। প্রজননকালে স্ত্রী পুরুষের থেকে খাদ্য

অবধূত বিরচিত
শ্রেষ্ঠ পাঁচখানি বই

বহুব্রীহি ৪।।
দুই তারা ২।।
বশীকরণ ৪।।
মরুতীর্থ হিংলাজ ৫,
উদ্ধারণপুরের ঘাট ৪।।

প্রমথনাথ বিশী সম্পাদিত
ভূদেব-রচনাসম্ভার ৮, রমেশ-রচনাসম্ভার ১০,
বিদ্যাসাগর-রচনাসম্ভার ৮, মাইকেল-রচনাসম্ভার ১০,
বিহারীলাল-রচনাসম্ভার (যন্ত্রস্থ) ত্রৈলোক্যনাথের শ্রেষ্ঠ গল্প ৫।।০

বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের
গল্প-পঞ্চাশৎ ৮।।০
বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের
গল্প-পঞ্চাশৎ ৮,
আশাপূর্ণা দেবীর
গল্প-পঞ্চাশৎ ৮,
গজেন্দ্রকুমার মিত্রের
গল্প-পঞ্চাশৎ (যন্ত্রস্থ)
বনফুলের
রচনাসংগ্রহ ৭।।০
শরৎচন্দ্রের
নাট্যসম্ভার (যন্ত্রস্থ)

গজেন্দ্রকুমার মিত্রের
শ্রেষ্ঠগল্প—৫,
নরেন্দ্রনাথ মিত্রের
শ্রেষ্ঠগল্প—৫,
আশাপূর্ণা দেবীর
শ্রেষ্ঠগল্প—৫,
প্রবোধকুমার সান্যালের
শ্রেষ্ঠগল্প—৫,
বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের
শ্রেষ্ঠগল্প—৫,
প্রমথনাথ বিশীর
শ্রেষ্ঠ (নিকৃষ্ট?) গল্প—৫,
সুমথনাথ ঘোষের
শ্রেষ্ঠগল্প—৫,
তারাশঙ্করের
প্রিয়গল্প—৫,

মিত্র ও ঘোষ : ১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা ১২

হয় না। সে যদি পুরুষের সান্নিধ্য না-ও পায়, তবুও চুপচাপ গাছের ডালে বসে থাকে। নর্দী সরমী মরমীর কাছে আর যাই মনে হোক, রাধা কিন্তু অন্তরের ব্যথা নিয়ে চুপটি করে ঘাপটি মেরে বসে নেই। সে এক ফন্দী এঁটেছে। প্রজনন ঋতুতে স্ত্রী মথটির (অন্যান্য বহু স্ত্রী মথের বেলায়ও এটা সত্যি) উদরের কাছের নির্যাস-গ্রন্থি হতে সুগন্ধি রস বের হয়। পুরুষ এ গন্ধ পেয়ে খুঁজতে থাকে স্ত্রীকে। পুরুষ মথটির মাথার শুঁয়ো স্ত্রী অপেক্ষা অনেক বড় ও স্ফীত। অণুবীক্ষণের নীচে পুরুষের শুঁয়োকে বোতল পরিষ্কার করার বুরুশের মতো দেখায়। শুঁয়ো হচ্ছে তার নাক। পুরুষ এই শুঁয়োর দৌলতে স্ত্রীর সন্ধান পেয়ে "আর কতদূরে নিয়ে যাবে মোরে, হে সুন্দরী" বলে ছুটে আসে। এক পর্যবেক্ষক বলেন যে, গভীর অন্ধকারে পুরুষ নাকি দুমাইল দূর হতে স্ত্রীর আঘ্রাণ পেয়ে তার সঙ্গে মিলিত হতে পারে। এই নিঃশব্দ গন্ধ আহ্বান ও আত্মনিবেদন বিস্ময়কর নয় কি!

পতঙ্গ রাজ্য ছেড়ে আসুন আবার সাগর জলে যাওয়া যাক। বহু মাছের স্ত্রী পুরুষ হতে প্রায়শ বড়ো হয়। সামুদ্রিক ঘোড়ার (সী-হর্স) মুখ ঘোড়ার মতো, তবুও সে মাছ। ইভা মেলেনা বার বার নিরীক্ষণ করেছেন, যে স্ত্রী সামুদ্রিক ঘোড়ার সঙ্গে পুরুষের মিলন হয়, তার আকার স্বামী হতে কিছুটা বড়ো। প্রণয়ঘন্দুরের সামুদ্রিক মাছের ভালোবাসা যেন পিরিত মাখো মাখো, জমাট, কিন্তু এদের ব্যাপার যেন অন্যরকম। মিলনের পর পুরুষ সামুদ্রিক ঘোড়া পেটের কাছে এক থলি বিশেষে ডিম নিয়ে ঘোরাফেরা করে। ডিম হতে শাবকের জন্ম হলে তারা এই থলি হতে বেরিয়ে পড়ে। এদের স্ত্রী নিষ্কর্মা। তার ডিম ও শাবকের যত্ন নিতে সে নারাজ।

**মানুষের ক্ষেত্রে স্ত্রীর তুলনায় পুরুষের আকার যদি খুব ছোট হত তবে অবস্থাটা কি হত, ভাবুন দেখি!**

বোনেলিয়া (Bonellia) সাগরজলের এক অমেরুদণ্ডী প্রাণী। পুরুষের আকার স্ত্রী হতে অনেক ছোট। স্ত্রীকে দেখতে বেগুনের মতো। শরীরের অগ্রভাগ বেগুনের বোঁটার মতো—এটাকে 'শুঁড়' বলতে পারেন। এরা সাগর জলে ডিম ছাড়ে। সে ডিম যদি সাগরের তলায় পড়ে যায়, অথবা কোন স্ত্রীর সাক্ষাৎ না পায়, তবে সে ডিম হতে স্ত্রী বোনেলিয়ার জন্ম হয়। পক্ষান্তরে ডিম যদি সৌভাগ্যবশতঃ কোন স্ত্রী বোনেলিয়ার সাক্ষাৎ পায় ও স্ত্রীর 'শুঁড়ে' আঁকড়ে ধরে, তবে সে ডিম হতে পুরুষ বোনেলিয়া জন্মায়। স্ত্রী-দেহ-স্পর্শে পুরুষ হওয়া, আর পরশপাথর ছুঁয়ে সোনা হওয়া একই কথা। এই ঘটনার কারণ কি? সম্ভবত মনে হয় স্ত্রী-দেহে এক হর্মোন তৈরী হয়—যা ডিম ও ডিম-উদ্ভূত লার্ভাকে পুরুষে পরিণত করতে সক্ষম। আমরা কারো বুকে ফুটো করে হৃদয়ের মধ্যে আশ্রয় নিতে পারি না। বিশ্বাস করুন, ক্ষুদ্রকায় পুরুষটি স্ত্রীর শরীরের মধ্যে (জননেন্দ্রিয় বা তার কাছে) বাস করে।

উপরের সব প্রাণীর কথা আলোচনা করা হয়েছে, তাদের কয়েকটির ক্ষেত্রে পুরুষ ও স্ত্রীর আকারের পার্থক্য অপেক্ষাকৃত কম। আবার কয়েকটি প্রাণীর ক্ষেত্রে স্ত্রী স্বামী অপেক্ষা আকারে বেশ বড়। কাজেই [illegible] কাজে লাগিয়ে বলা যায়, একজন অপরের অর্ধাঙ্গিনী নয়। আরও অনেক প্রাণীর ক্ষেত্রে এই ব্যাপার দেখা যায়। মানুষের বেলায় স্ত্রী পুরুষের অর্ধাঙ্গিনী না—এমন অভিযোগ আনা সম্ভব নয়। কিন্তু ভাবুন দেখি, যদি আমাদের ক্ষেত্রে স্ত্রীর দৈর্ঘ্য পুরুষের দ্বিগুণ, তিন গুণ, এমন কি ৮।১০ গুণ হতো, তবে অবস্থাটা কি হতো! পুরুষের আকৃতি যদি খুবই ছোট ছোট হতো, তবে [illegible] [illegible] অফিসে [illegible] [illegible] মানুষের মধ্যে স্ত্রীর [illegible] [illegible] সম্পর্কে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] দেওয়া চলতো [illegible] প্রকৃতির ভুল নাই, বলা যায় না। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] অপেক্ষাও [illegible] না। [illegible] স্ত্রীর কানে কানে [illegible] [illegible] কথা বলতে হলে [illegible] [illegible] ধরবার আকাঙ্ক্ষা উপেক্ষা করে শূন্যে [illegible] কানের নাগাল পাবার জন্য টুল নিয়ে উঠে অথবা স্ত্রীর গায়ে মই ঠেকিয়ে উঠে কথা বলার পালা শেষ করতে হতো। শুধু কি তাই, বিলাসিনী স্ত্রীর, মাথার তেল, সায়া, ব্লাউজ, সেমিজ—সব কিছুর দাম দিতে দিতে নাজেহাল হতে হতো। মাসের প্রথমে পকেট গরম, তবুও পত্নীর মেজাজ নরম করতে গিয়ে নিজে গরম হয়ে সন্ন্যাসবাদী সাজতে হতো। কেউ কেউ মিছিল করে বলতো—"মাইনে বাড়াও"। একদল পিঁপড়ে বা পঙ্গপালের মতো ঠনঠনিয়া হতে দক্ষিণেশ্বরে সর্বত্র মায়ের পায়ে গিয়ে পড়তো, বলতো—"মা, স্ত্রীর দৈর্ঘ্য কমাও, নইলে মার্কেটিং করা সম্ভব নয় (পিকেটিংও ভুলতে বসেছি!); একটু মুখ তুলো মা, জোড়া পাঁঠা মানত রইলো।" এমন আরো কত কি? আমাদের নেহাৎ বরাতটা ভালো বলে, স্ত্রীর দৈর্ঘ্য পুরুষের কয়েকগুণ নয়। পতি-পত্নীর মধ্যে এক চমৎকার মানান-মাফিক মাপ-জোখ আছে। কাজেই মানুষের বেলায় পত্নী অর্ধাঙ্গিনী বটে, এক শ' বার বটে, হাজার বার বটে।

প্রকাশ-প্রতীক্ষায়
সায়ন্তী —সুবোধ ঘোষ

যে বই পড়ে আনন্দ—উপহার দিয়ে তৃপ্তি

| | | |
|---|---|---|
| ॥ পার্কস্ট্রীটে প্লেনাকেন | ॥ যজ্ঞেশ্বর রায় ॥ | ২·২৫ ন. প. |
| ॥ নই কাননের পাখি | ॥ সন্তোষকুমার ঘোষ ॥ | ২·৫০ ন. প. |
| ॥ জলরেখা | ॥ বিমল কর ॥ | ২·৫০ ন. প. |
| ॥ মহুয়া মিলন | ॥ ধীরাজ ভট্টাচার্য ॥ | ২·০০ ন. প. |
| ॥ পথ ও পাথেয় | ॥ দেবদূত ॥ | ২·০০ ন. প. |
| ॥ তুমি কোথায় | ॥ মধুসূদন চট্টোপাধ্যায় ॥ | ২·০০ ন. প. |
| ॥ ছেলেদের নিউটন | ॥ ধীরেন্দ্রনাথ ধাড়া ॥ | ·৭৫ ন. প. |

পরিবেশক:—কারেন্ট বুক সপ্—৫৭এ কলেজ স্ট্রীট, কলি:-১২

# বাইশে শ্রাবণ

নির্মলকুমারী মহলানবিশ

॥ ৩ ॥

প্রেসিডেন্সী কলেজ পূজোর ছুটির জন্যে বন্ধ হবে অক্টোবরের গোড়ায়, কিন্তু সেপ্টেম্বর মাসের একেবারে শেষের দিকে। আমি দিন পনেরো আগে অধ্যাপক গিরিডি এসেছি, কারণ আমার দেহস্বাস্থ্য তেমন ভালো চলছে না। হঠাৎ আটাশে সেপ্টেম্বর সন্ধেবেলা ডাকপিয়ন বাইরে থেকে চেঁচিয়ে উঠলো—টেলিগ্রাম।

আমি অত্যন্ত খুশি মনে দৌড়ে বাইরে গিয়ে পিওনের খাতায় নাম সই করে খামখানা হাতে নিলাম। নিশ্চয় জানি খবর যে অধ্যাপক নির্বিঘ্নেই এবারে পাহাড়ে পৌঁছবার খবর দিচ্ছেন। টেলিগ্রামটি খুলে দেখি আমার অনুমানই মাত্র ঠিক, কিন্তু আসল খবর তা নয়। লেখা—
Poet seriously ill. Arrived with doctors. Removing Calcutta today or tomorrow. Prasanta

কবির খুব অসুখ, ডাক্তারদের নিয়ে এসেছি। আজ অথবা কাল নিয়ে যাচ্ছি কলকাতায়।

প্রশান্ত এসে পৌঁছেছেন কালিম্পঙ থেকে এবং ২৬শে সেপ্টেম্বর পৌঁছেছেন। টেলিগ্রাম আসাটা হচ্ছে ২৮শে তারিখে—আমাকে ছেড়ে গিয়েছেন ঠিক এক সপ্তাহ পরে। আমি হতবুদ্ধির মতো কাগজখানার দিকে তাকিয়ে চুপ করে দাঁড়িয়ে রইলাম। কথাগুলোর যেন কোনো মানে বোঝা যাচ্ছে না। মা আমার মুখের দিকে তাকিয়ে ভয় পেয়ে তাড়াতাড়ি কাগজখানা আমার হাত থেকে তুলে নিলেন দেখবার জন্যে যে কি খবর, কার খবর এসেছে। তিনি জিজ্ঞাসা করলেন, কি করবি এখন? বললাম, কি আর করবো? কলকাতায় ফিরে যাবো তাঁকে দেখতে। মন প্রশ্ন করল, দেখা পাবো তো?

সে রাতে আর কোনো ট্রেন নেই। শেষ গাড়িখানা চলে যাবার পরে টেলিগ্রামটা এসেছে। অগত্যা পরের দিন সকাল পর্যন্ত অপেক্ষা করতেই হবে। মনে মনে বার বার বলতে লাগলাম, এত অনিচ্ছা করে কেন গেলেন পাহাড়ে। বলেছিলেনই তো এবারে যাত্রা শুভ হবে না পাহাড়ে গেলে—কথাটা ফললো। সেদিন আমার কুসংস্কার নিয়ে কত ঠাট্টা করেছিলেন।

পরদিন সকালে খেয়েদেয়ে বেলা দশটার গাড়িতে গিরিডি থেকে রওনা হলাম। মার মন খুঁতখুঁত করতে লাগল আমি এরকম দুর্বল শরীর নিয়ে অতখানি পথ একা যাচ্ছি বলে, কিন্তু যে খবর পেয়ে যাচ্ছি তাতে জোর দিয়ে আপত্তিও করতে পারলেন না।

বিকেলে হাওড়া স্টেশন থেকে সোজা জোড়াসাঁকো চলে গেলাম। দোতলার পাথরের ঘরখানায় কবি শুয়ে আছেন। আমার গাড়ির আওয়াজ পেয়েই প্রতিমাদি বাইরে বেরিয়ে এসে আমাকে হাত ধরে খুশি মুখে অভ্যর্থনা করলেন—

ভাই এসেছ! আমি সমস্তক্ষণ তোমার জন্যে মনে মনে অপেক্ষা করছিলাম। জানি তুমি প্রশান্ত সময়মতো ডাক্তারদের নিয়ে গিয়ে পড়লেন তাই তো ওঁকে পাহাড় থেকে ভালো ভাবে নামিয়ে আনতে পেরেছি। কি বিপদেই যে পড়েছিলাম। একা আমার মাথায় এতবড় দায়িত্ব, অথচ পরামর্শ করবার মতো কোনো লোক হাতের কাছে নেই। উনি শান্তিনিকেতনের দিকে কোথায় গেছেন জানি না। ওদের যে খবর দেবো তার উপায় নেই।

একা ঘরে কাছে ছিল তাদের তার সম্পাদক১ বাড়ি থেকে টেলিফোন করতে লাগলাম, বললাম কিছুতে প্রশান্তকে আগে টেলিফোন করো। তা না করে ওরা দিয়ে একবার বিশ্বভারতী আপিসে ফোন করছে, একবার চারুবাবু২ কি প্রেসিডেন্সীকে ফোন করবার চেষ্টা করছে কিন্তু প্রশান্তকে খবর দেবার সুবিধে হচ্ছে না।

এদিকে বাবামশায় অজ্ঞান হয়ে রয়েছেন বলে ওঁকে ছেড়ে আমিও যেতে পারছি না। মেজদাদার এক ছাত্র এসে বলল যে টেলিফোনে কারো কাছ থেকেই পরিষ্কার কিছু বুঝতে পারলো না যে কালিম্পঙে কোনো সাহায্য আসবে কিনা। তাঁরা বললেন, তাঁরা টেলিগ্রামে খবর দিয়ে দিয়েছেন, তখন আমি রেগে গিয়ে বললাম—তোমাদের দ্বারা কিছু হবে না, নিজেই যাচ্ছি—শুধু প্রশান্তকে খবরটা দিয়ে দিন। এখনি খবর না দিতে পারলে সে আজকের দার্জিলিং মেল ধরতে পারবে না। কোনো-মতে তার কাছে খবর পৌঁছে দিতে পারলেই আমি জানবো আর কোনো ভাবনা নেই, সব ব্যবস্থার ভার সম্পূর্ণ সে নিয়ে নেবে। টেলিফোনে কি ভাগ্য সহজেই তাকে কলেজে পেয়ে গেলাম। তাকে প্রথমেই বললাম, কোনো প্রশ্ন করে সময় নষ্ট কোরো না। আগে শুনে নাও কি খবর, কারণ তিন মিনিট সময় এখনি ফুরিয়ে যাবে।

বাবামশায়ের খুব অসুখ, অজ্ঞান হয়ে গেছেন, আজই ডাক্তার নিয়ে কলকাতা থেকে রওনা হওয়া দরকার। উনি কালিম্পঙে, সেখানে খবর পৌঁছবার উপায় নেই তাই তোমাকে খবর দিচ্ছি, যা ব্যবস্থা করবার সব তুমি করো এখনই, নইলে বাবামশায়কে বাঁচানো যাবে না। প্রশান্ত বললেন, তুমি কিছু ভেবো না বৌঠান, আমি আজই দার্জিলিং মেলে রওনা হয়ে যাচ্ছি ডাক্তার সঙ্গে নিয়ে। প্রশান্তর সঙ্গে কথা বলে আমি যেন হাঁফ ছেড়ে বাঁচলাম, জানলাম সেই রাত্রেই ডাক্তার নিয়ে উনি রওনা হতে পারবেন।

ইতিমধ্যে ইংরেজ সিভিল সার্জন এসে বললেন, মিসেস টেগোর, তোমার ফাদার-ইন-ল'কে এখনি আজ রাত্রেই অপারেশন করা দরকার, তা না হলে ঘোর বিপদ ঘটতে পারে। আমি তো জানি বাবামশায়ের অপারেশনে কি রকম আপত্তি, আর উনি

১ ডক্টর [illegible] এম এল সি। সেই সময় কলিকাতার [illegible]।
২ অধ্যাপক চারুচন্দ্র ভট্টাচার্য। বিশ্বভারতী গ্রন্থনবিভাগের সেই সময় অধ্যক্ষ।


পাণ্ডুলিপি বই এবং এদেশে প্রকাশিত পুরাতন বাংলা-ইংরাজী সংবাদপত্রাদি কিনিতে চাই। মূল্যসহ বিস্তারিত বিবরণ জানান। বক্স নং ২১১ "দেশ" কলিকাতা—১।

শ্রীআয়ুর্বেদাশ্রমের
চ্যবনপ্রাশ
বিশুদ্ধ ও সর্বোৎকৃষ্ট
পূর্ববর্তী রাজ্যপাল হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়, ডঃ রাধাবিনোদ পাল প্রমুখ দেশবাসিগণ কর্তৃক ব্যবহৃত ও উচ্চপ্রশংসিত।
শ্রীআয়ুর্বেদাশ্রম

অজ্ঞান হয়ে গেছেন ব'লেই আমি তাড়াতাড়ি অপারেশন করে দেবো এ হ'তেই পারে না। বিশেষ করে ওঁর ছেলে যখন কাছে নেই তখন এতবড়ো ডিসিশন আমি নিজে করতে পারি না।

সাহেব ডাক্তারের খুব ইচ্ছে যে সে অপারেশন করে—এতবড়ো একটা নামজাদা রুগী তো সে সহজে পাবে না, কাজেই আমাকে ভয় দেখিয়ে বলল, তুমি যদি অপারেশনে মত না দাও তাহলে জেনো যে, ওঁর মৃত্যুর কারণ তুমি হবে।

বললাম, হ্যাঁ সে দায় আমি নিচ্ছি, তা সত্ত্বেও অপারেশনে মত দেবো না। আজ রাত্রেই কলকাতা থেকে আমাদের বন্ধু ডাক্তার নিয়ে রওনা হচ্ছেন, যদি অপারেশন করতে হয় তাঁরাই ঠিক করবেন। তাঁদের মত না নিয়ে আমি কিছু করবো না। কোনোমতে তো সাহেবের হাত থেকে নিষ্কৃতি পেলুম।

সারারাত সকাল হওয়ার জন্যে অপেক্ষা করে বসে আছি। ভাবছি কখন কলকাতার দল আসবে, তারা এলে যে বাঁচি। অবশেষে তোমার সত্যসখাদা৩, জ্যোতিবাবু৪ আর অমিয় বোসকে৫ নিয়ে প্রশান্ত পৌঁছলেন। এদিকে শান্তিনিকেতন থেকে নর্থবেঙ্গল এক্সপ্রেস ধরে সুরেনবাবুরা৬ এলেন।

তোমার সত্যসখাদাদা দেখে বললেন, অপারেশন করতে দেননি খুব ভাল করেছেন। আজ এখনি ওঁকে নামিয়ে নিয়ে যেতে হবে, বলে গ্লুকোজ ইনজেকশন দিলেন এবং তার একটু পরেই অনেকখানি ইউরিন হয়ে গেল।

আজ সকালে আমরা এসেছি, উনিও রেডিয়োর মারফত খবর পেয়ে চলে এসেছেন। তখন থেকে ভাবছি তুমি কখন আসবে, যাক তুমিও এসে পড়লে। প্রশান্ত বলেছিলেন যে, উনি গিরিডিতে তোমাকে অসুখের খবর দিয়েছেন। চলো, ঘরে চলো, বাবামশাই তোমাকে দেখলে খুশি হবেন।

প্রতিমাদি আমার হাত ধরে খাটের কাছে নিয়ে গিয়ে বললেন, বাবামশায়, দেখুন কে এসেছে। রানী আপনাকে দেখবার জন্যে গিরিডি থেকে এসেছে।

কবির তখন শরীরে কি রকম অসহ্য যন্ত্রণা, তেমনি জ্বরে গা পুড়ে যাচ্ছে, মাথাটাও পুরোপুরি পরিষ্কার নয়, কি রকম ঘুমে জড়ানো অবস্থা। কিন্তু প্রতিমাদির কথা শুনে চোখ তাকিয়ে আমাকে দেখে প্রতিমাদিকে সম্বোধন করে বললেন, "ও কেন এল? ও এসে ভালো করেনি।" প্রতিমাদি বললেন—বাঃ! আপনার এত অসুখ শুনেও ও আসবে না আপনাকে দেখতে? সে কি কখনও হয়? বললেন, "কিন্তু ওর অসুখ সামলাবে কে? ওরও যে শরীর ভালো নয়" বলে আমার দিকে চেয়ে বললেন, "ভালো করোনি এসে, আবার শীগ্‌গিরই পালাও গিরিডিতে, পালাও, পালাও।" একটু হেসে বললাম হ্যাঁ যাবো। আপনি তাড়াতাড়ি একটু ভালো হয়ে নিলেই চলে যাবো।

আবার যন্ত্রণায় ছটফট করতে করতে ঘুমের আবেশ এসে গেল। মনে পড়লো ১৯৩৭ সালের সেপ্টেম্বরে কবির অসুখের কথা। মনে-মনে ভাবলাম সেই সময় ডাক্তারদের সবাইকে কী দারুণ লড়াই করতে হয়েছিল। কী ভয়ঙ্কর দুর্ভাবনায় আমাদের সকলের তখন দিন কেটেছে। সেদিনও তো সবাই আশঙ্কা করেছিল ওঁকে বাঁচানো যাবে না। কিন্তু ওঁর অসামান্য জীবনীশক্তিরই জয় হ'ল, উনি সেরে উঠলেন। এবারও যেন তাই হয়, সব বাধাকে পরাস্ত করে দিয়ে উনি যেন সেরে ওঠেন। রবীন্দ্রনাথ নেই একথা কল্পনা করাও অসম্ভব।

আমি রোজই খাওয়া দাওয়ার পর দুপুরে জোড়াসাঁকো যেতুম। সারাদিন কবির কাছে থেকে রাত্রে আমার স্বামীর সঙ্গে বাড়ি ফিরতাম। রোগীর ঘরে যাঁরা রাত জাগতেন তাঁরা দুপুরে আমি আছি জেনে দিনের বেলা একটু বিশ্রামের অবকাশ পেতেন। বাইরের থেকে যাঁরা শুশ্রূষা করতে আসতেন তাঁরা অনেকেই এই দিনের বেলাটাতেই পালা করে সেবা করতেন।

ডাক্তারদের মধ্যে তখন আলাপ আলোচনা চলছে যে, অপারেশন করা হবে কি হবে না। সকলে একমত হতে পারছেন না। স্যার নীলরতনের আপত্তি ছিল বলে তখন ওষুধ দিয়েই চিকিৎসা চললো।

মাথাটা তখন থেকে থেকে খুবই ঝাপসা হয়ে যায়, জ্বরও অত্যন্ত বেশি, শরীরের অন্যান্য গ্লানির তো কথাই নেই। তবু বাইরের নানা রকম খবর একটুও যে মনে পৌঁছচ্ছে না তা নয়। যুদ্ধের খবরে মন খুবই খারাপ হয়ে আছে। সারা পৃথিবীতে বিপদের ছায়া পড়েছে সে কথা ভুলতে পারছেন না। সেটা বুঝতে পারি হঠাৎ দু' একটা কথায়। সব সময়ে ভালো করে মনের ভাব প্রকাশও করতে পারেন না, বলতে গিয়ে মাথাটা আচ্ছন্ন হয়ে যায়। তবু ছটফট করতে থাকেন মনের ভাব প্রকাশ করবার জন্যে।

৬ই অক্টোবর দুপুরবেলা আমি ঘরে একা আছি, অন্যদের মধ্যে কেউ খেতে, কেউ বিশ্রাম করতে গিয়েছেন। হঠাৎ চোখ তাকিয়ে আমাকে বললেন, "একটা কাগজ নিয়ে এসে যা বলছি তা লেখো।" তারপর থেমে থেমে জোরে জোরে বলতে লাগলেন—

"We have known the primitive Mongols, the most terrible cruel hord of mankillers and we have the habit of calling them barbarious but the unalloyed sign of barbarism is revealed when all through the trappings of so-called civilization comes out the treason against humanity and that has been shown in the late history. We who stand by the side of humanity we may be victimised by the satanic power, we may defeated in our enjoyment of human rights and yet we have the consolation to realize that man is great. And the time may or may not come when man will assert the dignity of freedom but we have the consolation to proclaim that man is great."

এইরকম আর একদিন দুপুরে ঘরে বসে আমাকে জিজ্ঞাসা করছেন, "ও কোথায়?" আমি বুঝতে পারছি না কার কথা বলছেন, ভাবছি ডিলিরিয়ামের মতো বুঝি আবার হ'ল। "আঃ, বলো না যা জানতে চাচ্ছি।" বললাম, কার কথা বলছেন বুঝতে পারছি না। অধৈর্য হয়ে বললেন, "তুমি বুঝতে পারছো না কাকে খুঁজছি? প্রশান্তকে চাচ্ছি। তাকে একটা কথা বলতে চাই, এখনি আবার হয়তো ভুলে যাবো কি বলতে চেয়েছিলাম।" আমি বললাম, উনি কলেজে আছেন। খবর দিচ্ছি যে আপনি ডাকছেন। "যাও, তাড়াতাড়ি ডেকে পাঠাও।"

উনি আমার টেলিফোন পেয়ে তখনই চলে এলেন। ওঁকে দেখে খুশি হয়ে বললেন, "অনেকক্ষণ থেকে তোমাকে একটা কথা বলতে চাচ্ছি। চীনদেশের লোকেরা চিরদিন যুদ্ধ করাকে বর্বরতা মনে করেছে। কিন্তু আজ বাধ্য হয়েছে লড়াই করতে দানবরা ওকে আক্রমণ করেছে বলে। এতেই ওদের গৌরব। ওরা যে অন্যায়ের বিরুদ্ধে লড়ছে এই হ'ল বড়ো কথা। ওরা যুদ্ধে হেরে গেলেও ওদের লজ্জা নেই। ওরা যে অত্যাচার সহ্য করেনি,

---

৩ পরলোকগত ডাঃ সত্যসখা মৈত্র। লেখিকার জ্যেষ্ঠতাত পুত্র। ৪ ডাঃ জ্যোতিপ্রকাশ সরকার। ডাঃ নীলরতন সরকারের ভ্রাতুষ্পুত্র। ৫ ডাঃ অমিয়নাথ বসু। ৬ শিল্পী সুরেন্দ্রনাথ কর। সেই সময় শান্তিনিকেতন-সচিব।

বাতরক্ত গলিত নাক কান হাতপায়ের আঙুল প্রভৃতির স্ফীতিসহ চর্মের বিবর্ণতা সোরাইসিস, একজিমা প্রভৃতি রোগের জন্য রোগীর জন্মবারসহ পত্র লিখুন। শ্রীঅমিয়বালা দেবী, পাহাড়পুর ঔষধালয় [illegible]), কলিকাতা ২৮ ফোন ৫৭-২৪৭৮

তার বিরুদ্ধে দাঁড়িয়েছে এরেই ওরা অমর হয়ে থাকবে।"

কলকাতায় আসবার পর আমার শরীর ক্রমশ আরো খারাপ হতে লাগলো। জ্বর সকাল থেকেই লেগে আছে। এদিকে কবির সেরকম অবস্থা হতে ওঁকে ছেড়ে শহরের বাইরে চলে যেতেও ইচ্ছে করছে না। তাতেই যদি তার একটু ভালো হয়ে যাবো, কিন্তু সেই ভালোটুকু আর কিছুতেই হচ্ছে দিচ্ছে না।

একদিন দুপুরবেলা আমি তার জন্যে [illegible] কাছে চিঠিটির [illegible]। [illegible] Kali Sulphur [illegible]

[illegible]

[illegible] ওঁকে দেখতে এলাম না।

আমি [illegible] জিজ্ঞাসা করছি। রথীবাবু [illegible] অন্যান্য যাঁরা বসেছিলেন [illegible] না। তাঁরা বললেন, এখন [illegible] এবং আমাও কোনো আত্মার [illegible] এর উপরে কিশোরীবাবুকে অনেক-[illegible] শরীরের পক্ষে [illegible]। ওঁকে দেখলেই নানারকম আপিসের কথা [illegible] করবেন, তারপর নিশ্চয়ই জ্বর আরো বেড়ে যাবে। কিশোরীবাবুকে বলা আছে উনি একটু আছো হন তারপর দেখা করানো হবে। [illegible] কিশোরীবাবু নিরাশ হয়ে ফিরে গেলেন।

কবি দু'তিনদিন আমাকে জিজ্ঞাসা করেছেন, "কিশোরী কলকাতায় আছেন কিনা।" আরেক বলাতে বলেছেন, "আমার কাছে কেন আসে না?" একথার আমি কি জবাব দেবো।

দু'একদিন পরে আমরা স্থির করলাম চিঠিটি না পেলে আর চলবে না। পুজোর ছুটিও ফুরিয়ে যাবে এবং আমার জ্বরও বাইরে না গেলে কমবে না। কবির কাছে চলে যাবার কথাটা কি করে তুলবো সেই হচ্ছে এক ভাবনা।

[illegible]

[illegible] আশীর্বাদ [illegible] শরীরটাকে সারিয়ে [illegible] [illegible] কবিকেও [illegible] [illegible] কিছু।

এত [illegible] আশীর্বাদ [illegible] নিজের শরীরে এত [illegible] আমার অসুস্থতার কথা ভুলতে পারছেন না। শান্তিনিকেতন থেকে বেরিয়ে পড়ি তাই জেনে চারটের সময় রথীবাবুকে দিয়ে ফোন করে আশীর্বাদ জানালেন। শুধু তাই নয়, পরদিন গিরিডিতে আমাকে একখানা চিঠি

এল। খামে দেখি কবির নিজের হাতের বড় বড় লেখা, হাতের অক্ষর এবং আঁকা-বাঁকা অক্ষরের জন্যে যে রবীন্দ্রনাথের লেখা বলে চেনা শক্ত।

লিখেছেন—

রানী

দিনে দিনে তোমার অন্তরে স্নেহকে জাগ্রত করে আমার প্রতি অন্যায় করেছিলে সে আমার ভুল ভাঙিয়ে না—কেননা তোমার সেবার মধ্যে দাঁড়িয়ে স্নেহের মধ্যে আমিও যে বন্দী হলাম।

কবি

কবি নিজে তারিখ দেননি কিন্তু আমি সেই সময় তারিখ দিয়ে রেখেছিলাম— ১।১০।৪০

সেদিন প্রতিমাদেরও একখানা পোস্টকার্ড পেলাম।

জোড়াসাঁকো, ১।১০।৪০

ভাই রানী,

[illegible] ১১-৫° [illegible] [illegible]

গলক্ষত

বারাসী [illegible]

[illegible]

[illegible] ৬৭৭।

কুঁচ তৈল [illegible] ভারতী ঔষধালয়, ১২৬।২ [illegible] কলিকাতা—২৫। ফোন : ৫৭-১৭১৬।

জটীল ব্যাধি ও স্ত্রী রোগ

২৫ বৎসরের অভিজ্ঞ হোমিওপ্যাথিক চিকিৎসক ডাঃ এস পি মুখার্জি (রেজিঃ) [illegible] ও জটিল রোগাদির [illegible] প্রাতে ৯—১১টা ও বৈকালে ৫—৮টা ব্যবস্থা দেন ও চিকিৎসা করেন।

শ্যামসুন্দর হোমিও ক্লিনিক (রেজিঃ)

১৪৮, আমহার্স্ট স্ট্রীট, কলিকাতা—৯

লেখা সহজ হয়। আজ অন্যদিনের চেয়ে নিঝুম আছেন, বেশি কথা বলেন নি। দুপুরে আজ ঘুমিয়েছেন। কাল রাতেও ঘুম হয়েছিল। ওখানে ঠান্ডা কেমন? ইতি।

প্রতিমাদি

আমরা যেদিন ভোরবেলা কলকাতা থেকে রওনা হয়েছি এই চিঠি সেইদিনই বিকেল বেলাটাতে লেখা।

কয়েকদিন পরে আমার জন্মদিনে গিরিডি থেকে কবিকে প্রণাম জানিয়ে চিঠি লিখেছিলাম, সঙ্গে মীরাদিকেও। ২৯শে অক্টোবর মীরাদি তার জবাব দিলেন—

ভাই রানী,

তোমার দুখানা চিঠি পেয়ে খুব খুশি হয়েছি।......দুজনে মিলে আলিপুরের সেই প্রকান্ড বারান্ডায় কি বাগানে৭ বসে গল্প। তোমার চিঠিখানা পড়ে তাই মনে হচ্ছিল যে, বরাকরের ডাকবাংলোর বারান্ডায় হয়ত আবার সেই যুগের মতো জমতে পারতো। বরাকর ডাকবাংলো সম্বন্ধে আমারও ছোট্ট-বেলার একদিনের স্মৃতি আছে। হাজারিবাগে যাবার পথে খুব মেঘ করে এসেছে, বৃষ্টি পড় পড়, আমরা তখন ডান্ডি করে বরাকর পার হচ্ছি। বাবার সঙ্গে আমি বোধহয় একা ছিলুম; রানীদিদের হাজারিবাগে রেখে আমাকে মেজমা'র কাছে কলকাতায় রেখে আসতে যাচ্ছিলেন। ডাকবাংলোয় এসে দেখলুম একগাদা সাহেব-মেমে ভর্তি—জায়গা নেই। তারপরে কি হ'ল ঠিক মনে নেই।

তোমার জন্মদিনে লেখা চিঠি বাবা নিজেই চশমা দিয়ে পড়লেন। তোমাকে এইকথা লিখতে বললেন যে, অসুস্থ বলে বাইরের প্রকাশের অভাব হলেও অন্তরের ভাব তাই আছে; সেখানে তোমার জন্মদিনে তাঁর সেই স্নেহাশীর্বাদ জমা আছে। আমারও সেইকথা ভাই; সময় অভাবে জন্মদিনের ভালোবাসাটা তোমার কাছে পৌঁছতে অনেক দেরি হয়ে গেল।

কিশোরীবাবুর খবরটা৮ পেয়ে সেদিন মনটা এত খারাপ লেগেছিল ঠিক ঐ কথাটা মনে করে যে এত কাছে থেকেও বেচারির বাবার সঙ্গে দেখা হ'ল না। আমি যদি আগে টের পেতুম নিশ্চয় তাঁকে ডেকে এনে একদিন দেখা করিয়ে দিতুম। তোমাকে যখন বলেছিলেন তুমি যদি একবারটি বলতে কাউকে যে, কিশোরীবাবু দেখা করতে চান আমার মনে হয়না যে তাতে আপত্তি হতো।৯ যাই হোক এখন আর সেকথা বলে কি হবে, শুধু অমিয়ার১০ মনে চিরকালের একটা দুঃখ থেকে যাবে। এ দুঃখ শুধু আমাদের। তিনি গেছেন তাঁর তো আর কোনো বাধা রইল না দেখবার বা শোনবার।

কি আশ্চর্য ঘটনা যে খবরটা পেয়ে দাদা ও কৃষ্ণ যখন কিশোরীবাবুর বাড়ি গেছেন এবং তখনও সেখান থেকে ফেরেন নি তখন থেকে বাবা কিশোরীবাবুর খোঁজ করছেন। শেষকালে দুতিনবার একে ওকে বলে অনিলকে বলেছেন, "অনিল আমাকে কি সব বাজে কথা বলছে; তুই একবার ভালো করে দেখে আয়তো কিশোরী এসেছে কিনা।" তারপরে বুঝি তাঁকে বলা হয়েছিল কিশোরী এখানে নেই, গিরিডি গেছেন। একটা দিন মাত্র; তারপর নিজেই কাগজে কিশোরীবাবুর ছবি দেখেছেন।......

বাবা বেশ ভালো ছিলেন তবে পরশু থেকে শরীরটা আবার একটু খারাপ হয়েছে বলে মনে হয়। পরশুর আগের রাত্তিরে বুকে একটা ব্যথা ব্যথা বলেছেন; রাত্তিরে সেঁক দেওয়া হয়েছিল। তারপরে পরশু সকালেই জ্বর ৯৯°র উপরে ছিল, অন্যদিন সকালে জ্বর থাকে না। তাছাড়া, সেদিন থেকে ভালো করে খাচ্ছেন না। কি হয়েছে ঠিক বলতে পারিনে; একরকম খেয়ে খেয়ে আর ভালো লাগছে না বলেই খাচ্ছেন না কিংবা খিদে হচ্ছে না বলে খাচ্ছেন না তা বলা শক্ত। কাল দাদাকে বলছিলেন মাঝে মাঝে fast করা শরীরের পক্ষে ভালো, তাতে দাদা বললেন, তুমি ত অনেকদিন fast করছ তার আর কি দরকার। নেপালবাবুর১১ ভাই নিকুঞ্জবাবুকে১২ কদিন থেকে আসতে দেখছি, তিনি দু একটা ওষুধ ও পথ্য বলে গেছেন। পথ্য মানে মাংসটা খেতে বারণ করেছেন আর দু একটা তরকারি যেমন মুলো, কচু পেঁপে এইগুলো বেশি খেতে বলেছেন। গাছ থেকে পেড়ে তখুনি সেই ভাব খেতে বলেছেন। সেটা অসুবিধা হচ্ছে না, তবে যথাসাধ্য তাজা দেখে কচি ডাব আনা হয়। তুমি কেমন আছ? আমার ভালোবাসা নিও। ইতি।

মীরাদি

(ক্রমশ)

৭ অধ্যাপক প্রশান্তচন্দ্র মহলানবিশের আলিপুরে মিটিওরোলজিক্যাল অফিসের বাস-ভবন (১৯২২-২৬)।

৮ বিশ্বভারতীর গ্রন্থনবিভাগের সহকারী সচিব কিশোরীমোহন সাঁতরার হঠাৎ মৃত্যু হয়।

৯ আমি যে বলেছিলাম এবং তাতে কোনো ফল হয়নি সেকথা মীরাদি জানতেন না।

১০ পরলোকগত কিশোরীমোহন সাঁতরার স্ত্রী।

১১ শান্তিনিকেতনের বহু পুরাতন অধ্যাপক পরলোকগত নেপালচন্দ্র রায়।

১২ কবিরাজ নিকুঞ্জরঞ্জন রায়।

# পঙ্গু

জ্যোতিরিন্দ্র নন্দী



[illegible]

এক মিনিট বসে থাকে না। আলস্য বলতে কি জানে না। পাঁচটায় ঘুম থেকে উঠে কাজে লেগেছি। বাসন ধুয়েছে, জল ধরেছে, উনুন ধরিয়েছে, বাটনা বেটেছে, ভাত চাপিয়েছে—ভাত চাপিয়ে বাজারে ছুটে গেছে। কাঁপ নিয়ে এল কড়াইশুঁটি নিয়ে এল গলদা চিংড়ি নিয়ে এল। মাছ কুটল কাটল কড়াইশুঁটির খোসা ছাড়াল কাঁপটাকে টুকরো টুকরো করল তারপর ঝোল চাপিয়ে দিল। রান্না হয়ে গেল। রান্না সময়মত নামিয়ে রেবাকে খেতে দিতে পেরে হরিপদ নিশ্চিন্ত, খুশি। তার চোখ দেখলে বুঝতে কষ্ট হয় না। শুভেন্দু দুই কারণে খুশি। রেবা চিংড়ি কাঁপর ঝোল দিয়ে বেশ ভাল করে ভাত খেয়ে অফিসে যেতে পারল, আর এমন শক্ত শক্ত খোসা এতগুলি পা নিয়ে যে গলদা মহারাজ ঘোঁটি ধরে তাকে বাজারের মেছোর (মেছুনী?) ঝুড়ি থেকে তুলে এনে কেটে-কুটে অমন খাসা তরকারী পাক করতে রোগা পা-ওয়ালা। তাও মাত্র দুটো পা। হরিপদর অর্ধ ঘণ্টাও লাগল না। কাজেই, যেন শুভেন্দু চিন্তা করছিল, পা থাকাটা বড় কথা না। মোটা থামের মতো চারটে পা নিয়ে বিপুলকায় হাতী কী করতে পারে হরিপদর মতো রোগা পায়ের মাহুত যখন তার পিঠে চেপে বসে খুঁশিমতন এদিক ওদিক চালিয়ে নিয়ে যায়।

আর এই পায়ের কথা চিন্তা করতে করতেই বুঝি শুভেন্দু হরিপদকে ডেকেছিল। কিন্তু ডাক শুনে রেবা এসেছিল। কাপড় পরা হয়ে গেছে। বটুয়া হাতে ঝুলছে।

'তুমি কি এখন খাবে, বাবা?'

'না না।' শুভেন্দু মিটিমিটি হাসছিল। 'হরিপদকে একটা কথা জিজ্ঞেস করব। তা থাক পরে হবে।'

রেবা নড়ছিল না, সরছিল না। চুপ করে বাবাকে দেখছিল।

'কি, কিছু বলবে মা?' শুভেন্দু মেয়েকে দেখছিল।

রেবা কিছু বলবে কি না চিন্তা না করে শুভেন্দু তৎক্ষণাৎ প্রশ্ন করেছিল: 'বাসে খুব ভিড় হয়? উঠতে কষ্ট হয়?'

'হয়।' অল্প হেসেছিল রেবা। 'তা আমিতে প্রায় টার্মিনাস থেকে উঠি। খুব একটা কষ্ট হয় না।'

'হ্যাঁ, সেজন্যই তো এখানে বাসা করেছিলাম। বাসের ভিড় আমিও সহ্য করতে পারতাম না। ভিড় মানে উঠবার সময় ধাক্কাধাক্কিটা—অসহ্য, জঘন্য।'

'তুমি কিন্তু এখনই খেয়ে ফেলো বাবা, গরম থাকতে—'

'খাব খাব।' শুভেন্দু যে অন্য কথা চিন্তা করছিল মেয়ে বুঝতে পারছিল, টেবিলের টাইমপীস দেখছিল।

'এখনো পাঁচ মিনিট হাতে আছে তোর।' শুভেন্দু আশ্বাস দিয়ে আর একটু গভীর ভাবে মেয়েকে দেখছিল, তারপর দেয়াল দেখছিল, তারপর পশ্চিমের জানালাটা দেখছিল।

'আঃ ভুলে গেছি।' বটুয়াটা চেয়ারের পিঠে ঝুলিয়ে রেখে রেবা তৎক্ষণাৎ ছুটে গিয়ে জানালাটা খুলে দেয়।

'শোন্।'

চমকে উঠেছে ও বাবার ডাক শুনে, আয়নায় মুখ দেখছিল হয়তো দেয়ালের মতন, মুখ না দেখে কেমন একটু ভীত আড়ষ্ট হয়ে শুভেন্দুকে দেখছিল। 'কি বাবা?' সরে এসেছিল ও খাটের পাশে।

চেহারা কঠিন হয়ে গেছে [illegible] হয়ে গেছে টের পেয়ে শুভেন্দু তৎক্ষণাৎ নিজেকে সংশোধন করতে মুখে হাসি টেনে এনেছিল, স্বরটা নরম করে বলেছিল, 'বড় [illegible] দিন তোকে আমি কষ্ট দেব না।'

রেবা চুপ ছিল।

'[illegible] পারছিস?'

রেবা ঘাড় কাত করেছিল।

'আবার কালকে [illegible] [illegible]। [illegible] বইটইগুলো যত্ন করে রাখিস। হয়তো [illegible], কিছু [illegible] [illegible] [illegible] এরা বই রাখবার না।'

'না।'

'কি, ও হ্যাঁ বই।' শুভেন্দু [illegible] [illegible] [illegible] বলে [illegible] দিন তার [illegible] [illegible] হয় না। [illegible] [illegible] [illegible] তারপর [illegible] [illegible]। [illegible] [illegible] [illegible] হবে। তা [illegible] কাজ [illegible] [illegible]। তুই তো [illegible] [illegible] মতন কথা বলছিস। [illegible] তো?'

রেবা ঘাড় নেড়ে [illegible] [illegible] [illegible] দেখতে [illegible] [illegible] [illegible] [illegible] পারছিল না। টের পেয়ে শুভেন্দু [illegible], [illegible] পরে [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] হবেই। [illegible] তো আর [illegible] না। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] দিয়ে—'

'তুমি [illegible] খেয়ে নিও বাবা।' চেয়ারের পিঠ থেকে বটুয়াটা তুলে নেয় রেবা, টেবিলের ঘড়ি দেখে। 'আর হরিপদকে বলে যাচ্ছি, মিনিটের মধ্যে তোমার দুধ গরম করে দেবে।' রেবা দরজার দিকে পা বাড়ায় ও।

'কি, তুই এখনি বেরোচ্ছিস? এখনো দু মিনিট হাতে আছে।' আবার বুঝি রাগ হয়েছিল শুভেন্দু, কঠিন চোখে মেয়েকে দেখছিল। বুঝতে পেরে [illegible] [illegible] সামলে নিয়ে দৃষ্টিটা মোলায়েম করে নরম গলায় সে ডাকল 'শোন্'।

'কি বাবা!'

মুখটা কি ফ্যাকাশে হয়ে উঠেছিল ওর? না কি একটু বেশি স্নো পাউডার,...প্রায় না করে শুভেন্দু শান্ত গলায় প্রশ্ন করেছিল, 'কাল নীহার তোকে কি বলেছিল বলেছিলি যেন, ওর একটা চিঠি কপি করে দিতে বলেছিল, পার্সোনাল কেটার? ম্যানেজার তোকে তার কামরায় ডেকেছিল?'

'না তো।' চোখ পিটপিট করছিল কি রেবা? কিন্তু শুভেন্দুর দৃষ্টি তখন ওর চোখের দিকে। একটুও অবাক না হয়ে সরল হাসির ছটায় চোখ দুটো ঝকঝক করে তুলেছিল ও।

'নীহারবাবু কখনো আমাকে তাঁর কামরায় ডাকেন না, আমাকে না, কাউকেও না, দরকার হলে উনি নীচে নেমে আসেন, আমাদের টেবিলে এসে কথা বলেন।'

শুভেন্দু চুপ ছিল। দেয়াল দেখছিল। ঘড়ির টিকটিক শুনছিল।

'[illegible] বাবা।'

কথা না বলে শুভেন্দু ঘাড় কাত করেছিল। রেবা বেরিয়ে গেছে।

এখন দুপুর। না দুপুর বুঝি গড়িয়েছে। ঘড়ির কাঁটা [illegible] [illegible] [illegible] [illegible] করছে। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]

[illegible]

'হরিপদ!'

'বাবু!'

'কি করছিস?'

'এই তো [illegible] [illegible] [illegible] [illegible]।'

'থাক থাক।' হাত তুলে দিয়ে শুভেন্দু হাসে। 'মুখ দেখে কে বলে মানুষ হয়েছে। শোন্।'

'বাবু!'

মিটসেফের পাল্লা বন্ধ করে হরিপদ সোজা হয়ে দাঁড়াল।

শুভেন্দু ওর চোখ দেখে।

'হরিণ পাওয়া যায়? হরিণের মাংস আনতে পারবি?'

হরিপদ হাসে। অপরিচ্ছন্ন দন্তপঙ্‌ক্তি। একটা দাঁত ভেঙেও গেছে।

'হাসছিস কেন বোকার মতো।' শুভেন্দুর

[illegible]


পাচ্ছেন?
কাশি থেকে
নিশ্চিত আরাম
পেতে হলে
টৈসানল

এবং এখান থেকে হরিপদর নিষ্ক্রমণটাও তো অত্যন্ত নিঃশব্দে ঘটল কেন এমন হয়? শুভেন্দুর ভুরুর মাঝখানে একটা গভীর রেখা জাগে। দুশ্চিন্তার নিশান। মুহূর্তের জন্য। কপালের রেখা মিলিয়ে যায়। শুভেন্দু হাসে। হরিপদর পায়ে জুতো নেই, খালি পায়ে ও চলাফেরা করে বলে শব্দ হয় না। আর এই নিয়ে, যেন কী গূঢ় রহস্য আবিষ্কার করতে গিয়ে শুভেন্দু প্রায় ঘামতে চলেছিল। আচ্ছা, আবার সে চিন্তা করে, জুতো পরা থাকলেই কি শব্দ হয়, সবাই শব্দ করে হাঁটে। নীহার, রেবার অফিসের ম্যানেজার জুতো পায়ে ওপর থেকে যখন নীচে নামে, রেবার টেবিলের কাছে এসে দাঁড়ায়, তখন কি খুব বেশি শব্দটব্দ হয়? জুতো পরা মানুষও কি সময় সময় শব্দ না করে হাঁটতে পারে? হরিপদর মতো? মুখ বুজে রেবা কাজ করছে। শুভেন্দু দেখছিল। টেবিলের কাগজ-পত্রের মধ্যে চোখ ডুবিয়ে স্থির হয়ে বসে আছে অষ্টাদশী, পিঠের ওপর স্থির লম্বমান বেণী, কালো মাথাটার দুপাশ থেকে শক্ত পাপড়ির কোনো বুনো ফুলের মতো দুটো কান ফুঁড়ে বেরিয়ে আছে; অনতিপ্রশস্ত পিঠ—নুয়ে থাকলে আরো সরু দেখায়, ছোট দেখায়, সাদা ফুটকি তোলা হাল্কা গোলাপী ব্লাউজের ওপর অতসী রং আঁচল স্থির নিষ্কম্প—পিছন থেকে দেখলে মনে হয় পরিশুদ্ধ একাগ্রচিত্ত হয়ে ও পুজো করছে। পুজো করছে? কাঁদছে। কাঁদছে? মনে হয় পুজো ও কান্নার মাঝামাঝি কিম্বা ধূসর কোনো ভাবনার নিরবয়ব মুহূর্তগুলি বুকে নিয়ে ও পাথর হয়ে বসে আছে। না তো, অফিসের কাজ করছে রেবা। তবে বুনো ফুলের মতো শক্ত পাপড়ির দু কান খাড়া রেখে ও স্থির হয়ে রইল কেন। দোতলার সিঁড়ির পাথর শব্দ শুনেছে? জুতোর শব্দ। ম্যানেজার আজ আবার নীচে নেমে আসছে। এসে ওর চেয়ার ঘেঁষে দাঁড়াবে টেবিল ঘেঁষে?

আশ্চর্য! শুভেন্দু টের পায় তার দুই ভুরুর মাঝখানের রেখাটা কী গভীর, কত বড় হয়ে গেছে। তার ভয় হল। নিজের দুশ্চিন্তাকে শুভেন্দুর ভয় করে উঠল। এসব কি ভাবছে সে। যেন ইচ্ছা করে, [illegible] করে বুকের ভিতরের ভারের শক্ত ঢেলাটাকে সে গলিয়ে ঘৃণার কাদায় পরিণত করে ফেলল। ফেলে কিছুটা শান্তি পেল। এবং নিজেকে ঘৃণা করতে [illegible] হাতের বুড়ো আঙুলটা দাঁত দিয়ে কামড়ে ধরে শুভেন্দু পশ্চিমের প্রায়ান্ধকার খোলা জানালাটা দেখতে লাগল। [illegible] একটু একটু গন্ধ ছড়াচ্ছে। কিন্তু [illegible] করে আর [illegible] গন্ধ অনুভব করতে সে ভুলে রইল। [illegible] শাসন চলছে। [illegible] বয়সের শত শত রেবা ডালহৌসির নানা অফিসে কাজ করছে, আর তেমন অফিসে ম্যানেজার আছে, নীহার আছে। তাদেরও অনেকের ঘরে বাপ ভাই আছে, অসুস্থ অক্ষম দাদা আছে। কিন্তু তারা কি শুভেন্দুর মতন বিছানায় শুয়ে [illegible] রেবাকে নিয়ে এমন অদ্ভুত ভাবনা দুশ্চিন্তা—

কারণটা অবশ্য সঙ্গে সঙ্গেই সে বুঝতে পারল। সেসব রেবার বাবা কি দাদার ট্রাম থেকে পড়ে নিশ্চয়ই পা কাটা যায়নি। শুভেন্দুর মতন এক-পা হয়ে কেউ বিছানায় শুয়ে নেই। এই পায়ের কথা [illegible] ভাবতে [illegible] সে পায়ের শব্দের [illegible] ভাবছিল, না শব্দ না হওয়ার। নীহার কি শব্দ করে নীচে নামে, না নিঃশব্দে নেমে এসে রেবার চেয়ারের পিছনে ঘড়ি পরা রোমশ মোটা হাতটা রাখে।

আর নিজের ওপর ঘৃণা হল না শুভেন্দুর। দুঃখ হল। এক এক রকম অসুখে বা শরীরের একটা বিশেষ অবস্থায় মানুষের চিন্তা ভাবনারও পরিবর্তন ঘটে, এমন কি তার ইচ্ছা অনিচ্ছার, রুচির, দৃষ্টিভঙ্গিরও। দুঃখটাকে পাতলা করে দিয়ে শুভেন্দু নিজেকে করুণা করতে লাগল এবং করুণার সঙ্গে সূক্ষ্ম হাসির সম্পর্ক থাকে বলে শুভেন্দুর ঠোঁটের প্রান্তে মৃদু হাসি দেখা দিল। নিজের পা নিয়ে এত ভাবছে বলে তো সে হরিপদর পা দুটো [illegible] দেখছিল [illegible] এখন [illegible] উঠল। [illegible]—

[illegible]

[illegible]

[illegible]

[illegible] একটু [illegible]

[illegible]

কেশের পারিপাট্য
আপনার ব্যক্তিত্ব বিকাশে বিশেষ সহায়ক।
'লাইজু' অসংযত কেশকে সংযত ক'রে কেশের পারিপাট্য অক্ষুণ্ণ রাখে, চুলের চাকচিক্য এবং ঔজ্জ্বল্যও বাড়ায়।
বড় মুখ নূতন আধারে পাওয়া যায়।
লাইজু
অনুপম হেয়ার ক্রীম
দি ক্যালকাটা কেমিক্যাল কোং লিঃ, কলিকাতা-২৯

শুভেন্দুর চোখ চকচক করছে।

হরিপদ ঘাড় কাত করল।

'কিছু পায়ের কিছু পাঁউরুটি।'

বাইরে জুতোর শব্দ হল।

'কে?'

'আমি।'

লাল টুকটুকে বটুয়া হাতে রেবা ছুটে এসে বাবার সামনে দাঁড়াল। দুই [illegible] পড়ছে, ঝকমক করছে [illegible] হাসছে মেয়ে।

'আজ প্রথম [illegible] কাটার কাটার ছাতার বাড়ি [illegible] বাবা, [illegible]'

[illegible] দিকে তাকাল না শুভেন্দু, [illegible] কাত করে [illegible] এই [illegible] হরিপদকে বলতে [illegible] সকাল সকাল [illegible]

'ওর হাতে কি ওটা?'

'[illegible]'

'কিছু—'

'কি [illegible]'

[illegible]

'কি [illegible]' শুভেন্দু, [illegible] খুশি করবে [illegible] হরিপদকে কিছু করতে হবে।'

'একটু চা খাবে?' [illegible] হরিপদকে [illegible] হবে।

'কি [illegible] হরিপদ [illegible] আছে নাকি [illegible] হবেই—' [illegible] শুভেন্দু হরিপদের দিকে [illegible] 'হরিপদ—'

স্টোভ-এর [illegible] হরিপদ [illegible] মাথায় নাড়ু উঠল।

'আমি এখনি ইনুন ধরিয়ে [illegible] চা করে দিচ্ছি।'

'আমিও একটু খাব, আমার [illegible] কবিস।' খুশী গলায় শুভেন্দু বলছিল, কিন্তু রেবা অন্য প্রকারে [illegible]

'তারচেয়ে বরঞ্চ এই দোকানটা থেকে চা নিয়ে আয় হরিপদ আমার জন্য, বাবার জন্য। ওদের চা-টা খারাপ না।'

বাবার মুখ দেখে হরিপদ। শুভেন্দু মেয়েকে দেখছে।

রেবা বিছানার কাছে [illegible] হাসি তখনও ঠোঁটের আগায়।

'আমি একটু বেরোব বাবা, উনুন ধরিয়ে চা খেতে গেলে দেরি হবে।'

'ও—অমন [illegible] হয় না, দেরিও হয় না' শুভেন্দু, হাত বাড়িয়ে বালিশের তলা থেকে মনিব্যাগ টেনে বার করে হরিপদর হাতে পয়সা দেয়। হরিপদ [illegible] [illegible] মাথা বাঁট দিয়ে [illegible] চায়ের কেটলি তুলে নেয়।

রেবা [illegible]

শুভেন্দু [illegible]

রেবা ফিরে আসে। একটু [illegible] শুভেন্দু [illegible]

[illegible] ইচ্ছা [illegible] কিছুতেই ছাড়বে না, একবারটি [illegible] যেতেই হবে।'

'কোথায় ওর [illegible]' শুভেন্দু [illegible] 'ওর একজন [illegible]'

[illegible]

[illegible] শুভেন্দু [illegible]

[illegible]

'[illegible]'

'আর [illegible]'

'[illegible] এই [illegible] নাকি [illegible] শুভেন্দু [illegible]'

[illegible]

'[illegible] হবে।' [illegible] বলছিল [illegible]

কথা না বলে শুভেন্দু [illegible] পাশে নামিয়ে রাখল।

হরিপদ চা নিয়ে এল।

শুভেন্দুর জন্য কাচের গ্লাস রেবার হাতে কাপ তুলে দেয় হরিপদ। তারপর বিছানার [illegible] উঁচু করে [illegible] শুভেন্দু [illegible]

'হাঁ, এখন তোর ওদিকের কাজে হাত লাগা।'

হরিপদ বেরিয়ে গেল।

'বাবার নামে খুব একটা কাজ হবে না কিন্তু।' রেবা [illegible]

'চমৎকার ফুলের গন্ধ আসছে।' শুভেন্দু বলল।

যেন একটু তাড়াতাড়ি চা-টা শেষ করছিল রেবা। যেন একটু অন্যমনস্ক হয়ে পড়েছিল ও। কাপ থেকে মুখ তুলল।

'আমায় কিছু বলছ, বাবা?'

ফুলের গন্ধের কথা আর বলে না শুভেন্দু। মেয়ের চোখে চোখ রেখে ইচ্ছা করেই যেন দৃষ্টিটা অসহায় করে ফেলল।

'ভাবছি ক্রাচ পরে হাঁটতে পারব কিনা।'

'কেন পারবে না, অবশ্য অভ্যাস করতে হবে।'

'আমার মনে হয় ক্রাচ পরে হাঁটতে বিশ্রী

শ্রীঅনিলচন্দ্র ঘোষ এম.এ.-প্রণীত

ব্যায়ামে বাঙালী ২৲

বীরত্বে বাঙালী ১৷৷০

বিজ্ঞানে বাঙালী ২৷৷০

বাংলার ঋষি ২৷৷০

বাংলার মনীষী ১৷০

বাংলার বিদুষী ২৷৷০

আচার্য জগদীশ ১৷৷০

আচার্য প্রফুল্লচন্দ্র ১৷৷০

রাজর্ষি রামমোহন ১৷৷০

প্রেসিডেন্সী লাইব্রেরী

১৫ কলেজ স্কোয়ার, কলিকাতা-১২

পরিবার-নিয়ন্ত্রণ

(জন্মনিয়ন্ত্রণের মত ও পথ)

● সচিত্র তৃতীয় সংস্করণ ●

—সর্বাধিকবিক্রিত জনপ্রিয় ডাক্তারের

সংক্ষিপ্ত সুলভ বাংলা সংস্করণ—

প্রত্যেক বিবাহিতের বাস্তব সাহায্যকারী একমাত্র শ্রেষ্ঠ পুস্তক। মূল্য ডাকব্যয় সহ ৭৮ নয়া পয়সা M. O.তে অগ্রিম প্রেরিতব্য। এই অল্পমূল্যের পুস্তক ভি: পি: হয় না। প্রয়োজনীয় পরামর্শের জন্য সাক্ষাৎ বা ফোন বেলা ১টা—৬টা। রবিবার বন্ধ।

ফোন : ৩৪—২০৮৬

মেডিকো সাপ্লাইং কর্পোরেশন

(Family Planning Stores)

রুম নং ১৮ * টপ ফ্লোর

১৩৩ আমহার্স্ট স্ট্রীট কলিকাতা-৯

[illegible] আমহার্স্ট স্ট্রীট [illegible]

চেয়ারের শব্দ হলো বাঁ পায়ের জুতোর। দু'পায়ে জুতো থাকলে যেমন হাঁটার সুবিধে—'

'এখনই তুমি এসব ভাবছ কেন?' ভুরুর মাঝখানে আলপিনের মতো সরু, ছোট্ট টিপ, কালো মেয়েটি হাত থেকে কাপটা নামিয়ে রেখে উঠে দাঁড়াল। 'আমি যাই, বাবা ডাকছে?'

'রাগ করব না, শরতের মধ্যে একে যাব।' দুরে হাত বাড়িয়ে হুক থেকে বটুয়াটা তুলে নিল ও। জুতোর শব্দ হবে কি না হবে, ক্রাচ পরে হাঁটার অসুবিধা হবে ভেবে এখনই মাথা গরম করার কিছু নেই, এখনো দুটো স্টেপ খোলার বাকি আছে, এখনো কিছুদিন তোমাকে—'

মেয়ে বেরিয়ে গেল। বারান্দার জুতোর শব্দ সিঁড়িতে নেমে গেল, সিঁড়ির শব্দ রাস্তায় মিলিয়ে গেল। এখনো কিছুদিন আমাকে বিছানায় শুয়ে থাকতে হবে, শুয়ে কান পেতে থেকে শুনতে হবে ওদের পায়ের শব্দ কখন বিচ্ছিন্ন কখন বিচ্ছিন্ন না, বিড়বিড় করে উঠল শুভেন্দু। [illegible] হয়ে গেছে, শূন্য হয়ে আছে। ঘড়িটা টিক টিক করছে। আর একটু সময় কান পেতে থেকে সে অভ্যস্ত হয়, না আরো শব্দ [illegible] পাথিবীতে উনুন ধরানো হয়, [illegible] হরিপদ বাটনা বাটছে, [illegible] শোনা যায়। শুভেন্দুর ভিতরে [illegible] রসনা ধরানো হয়ে উঠল, ছাদের [illegible] লাগল সে। এক এক রকম ইন্দ্রিয়ের উত্তেজনা মানুষের মন কত বদলে দেয়! শুভেন্দু চিন্তা করে। এইমাত্র শুধু শব্দ আর শ্রুতির ভাবনা ভেবে খুব খারাপ লাগছিল


# দি রিলিফ

২২৬, আপার সার্কুলার রোড

**এক্সরে, কফ প্রভৃতি পরীক্ষা হয়**

দরিদ্র রোগীদের জন্য—মাত্র ৮, টাকা

**সময়**:—সকাল ৯টা থেকে ১২-৩০ ও বৈকাল ৪টা থেকে ৭টা

# ধবল বা শ্বেতকুষ্ঠ

**যাঁহাদের** বিশ্বাস এ রোগ আরোগ্য হয় না, তাঁহারা আমার নিকট আসিলে ১টি ছোট দাগ বিনামূল্যে আরোগ্য করিয়া দিব।

বাতরক্ত, অসাড়তা, একজিমা, শ্বেতকুষ্ঠ, বিবিধ চর্মরোগ, ছুলি মেচেতা, ব্রণাদির দাগ **প্রভৃতি** চর্মরোগের বিশ্বস্ত চিকিৎসাকেন্দ্র।

**হতাশ রোগী পরীক্ষা করুন।**

২০ বৎসরের অভিজ্ঞ চর্মরোগ চিকিৎসক

**পণ্ডিত এস শর্মা** (সময় ৩—৮)

২৬/৮, হ্যারিসন রোড, কলিকাতা-৯

**পত্র দিবার ঠিকানা পোঃ ভাটপাড়া, ২৪ পরগণা**


থাবে। এখন একেবারে [illegible] পর্যন্ত হয়ে উঠল সে। একটু পর হরিপদর [illegible] মসলা [illegible] [illegible]

[illegible]

'[illegible]'

'[illegible]'

[illegible] উঠল শুভেন্দু [illegible]

'[illegible]'

'[illegible]'

[illegible] পাওয়া শব্দ।'

[illegible]

হরিপদ বলিল।

[illegible] শুভেন্দু, [illegible]

[illegible]

হরিপদ [illegible]

[illegible] শুভেন্দু [illegible]

[illegible] হরিপদ [illegible]

[illegible] হরিপদ [illegible] —একবার যখন [illegible] এখনো পাওয়া [illegible] না কি বলিস।'

হরিপদ [illegible] একটা বাটি হাতে [illegible] এই [illegible]

শুভেন্দু আর কিছু বলে না। বাটি হাতে হরিপদ বেরিয়ে যায়।

'উঁহু,' শুভেন্দু ডাকল, 'শোন্।'

হরিপদ ঘুরে দাঁড়ায়।

'আলোটা নিবিয়ে দে।'

আলো নিবিয়ে দিয়ে হরিপদ আস্তে আস্তে ঘর থেকে বেরিয়ে গেল।

হরিপদ তোয়ালে মাথায় জড়ানোর পর শুভেন্দু একটা কাপ্ শেষ নিঃশ্বাস ছাড়ল। [illegible] ভাবছিল, আবার [illegible] কথা। ঘুমিয়ে তার সামনে ভেসে [illegible] উঠছিল তার মাথার সেটা সবচেয়ে [illegible] সবকটির সেটা দেখার জন্য [illegible] আকাশ [illegible] শুভেন্দুর ছুটির দিন। দরজাটার [illegible] ছিল [illegible] হরিপদ [illegible] শুভেন্দু [illegible] হাতে করে [illegible] শুভেন্দু [illegible] একটা চিৎকারের উত্তেজনা এত তীব্র [illegible] হাঁটতে পারবে শুধু, যেখানে সেটা সে [illegible] হরিপদ আর কি, সেই [illegible] দাঁড়িয়ে [illegible]

সমস্তের [illegible] এক একটা [illegible] হরিপদ আর কিছু মনে ছিল না [illegible] তারপর—

[illegible] থেকে যে দুটো কথা শুভেন্দুকে [illegible] হয়েছে, এখনও হচ্ছে, সেই দুটো [illegible] 'কর্মফল'—[illegible] সবাই শুভেন্দুকে দেখতে [illegible] কথা কানে [illegible] শব্দ দুটো প্রয়োগ করেছে। [illegible] শুভেন্দু যে কতদিন চিন্তা করেছে! [illegible] যে এত শাস্তি পেতে ট্রাম থেকে পড়ে পা'টা কাটা গেল। কোনোদিন সে কারও অনিষ্ট করেছে, কাউকে ঠকিয়েছে বলে মনে করতে পারে না। পারে, একটা ঘটনা তার মনে পড়ে এবং যতবার সে তা চিন্তা করে তার হাসি পায়। একটা সিল্কের পাঞ্জাবি একবার

[illegible]

হোমিওপ্যাথিক

# পারিবারিক চিকিৎসা

একমাত্র বঙ্গভাষায় মুদ্রণ সংখ্যা প্রায় দুই লক্ষ পঞ্চাশ হাজার

[illegible]

এম, ভট্টাচার্য এণ্ড কোং প্রাইভেট লিমিটেড

[illegible] ৭৩, নেতাজী সুভাষ রোড কলিকাতা—১




স্বাদে ও গন্ধে......আদর্শ স্থানীয়।

আসল কথা, শুভেন্দুর কখনো কখনো মনে হয়, রেলের ছোকরা হয়ে জন্মানো বা মেয়ে হয়ে আসা বড় কথা না, বা তার উল কি ব্যাডমিন্টনের র‍্যাকেট চাওয়াটাও কিছু না। শুভেন্দুর বাইরে যাওয়ার ইচ্ছাটাই মূল কারণ, আর সেই ইচ্ছায় বাধা দিতে পারে একজন, শোভা, কাজেই শোভার অনুপস্থিতি, তার মৃত্যুই শুভেন্দুর জীবনে এতবড় একটা অ্যাকসিডেন্ট ডেকে এনেছিল। কিন্তু সেটাই বা কথা কি, শুভেন্দু ভাবে, ছুটির দিন বাড়ি থেকে সে না বেরোক অন্য যে-কোনো দিন হয়তো অফিসে যাচ্ছে কি অফিস থেকে বাড়ি ফিরছে বাসে উঠতে বা নামবার সময় পড়ে গিয়ে তার এ-অবস্থা হত। যা হবার। শোভা বেঁচে থাকলেও হত। কাজেই তার পা কাটা পড়ার সঙ্গে কারও হওয়া-না-হওয়া থাকা-না-থাকা, কিছু চাওয়া-না-চাওয়ার কোনো সম্পর্ক নেই। নিয়তি কোনো কারণের অপেক্ষায় থাকে না।

শুভেন্দুর কপাল ঘামছিল। যেন এই উক্তির ঘটনাটাকে সে আর কোনোদিন বদলাতে চেষ্টা করেনি, এখন বদলাতে গিয়ে অসহায়বোধ করতে লাগল। সে একা, বিচ্ছিন্ন। সব মানুষই তাই। এক জনের দুঃখ দুর্ভাগ্যের জন্য আর একজন দায়ী নয়। আর কেউ তার দুঃখের অংশ নিতে এগিয়ে আসে না। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত একলাই তাকে হোঁচট খেয়ে খেয়ে পথ চলতে হয়। কখনও অ্যাকসিডেন্ট, কখনও স্বজন বিচ্ছেদ, কখনও কঠিন ব্যাধি। আর পাঁচজন সমব্যথী আঃ উঃ করে বটে, কিন্তু একটি কোটা তার বেদনা তুলে নিতে পারে না। শারীরিক বাধা বেদনা না, বিকলাঙ্গ হয়ে দিনের পর দিন বিছানায় শুয়ে কাটানোর মানসিক যন্ত্রণার কথা শুভেন্দু ভাবছিল বুঝি।

চমকে উঠল সে। তারপর নিশ্চিন্ত হল। কেউ না। বাতাস। দরজার পাল্লাটা খট করে নড়ে উঠেছে। কেবল নিশ্চিন্ত না, শুভেন্দু একটু খুশি হল। হরিপদ না। হরিপদ আর চুপি চুপি ঘরে ঢুকছে না। যদি বা ঢোকে শুভেন্দু টের পাবে। এই জন্য সে কান খাড়া রেখেছে। চোরের পাটকাঠির মতো পায়ের শব্দ শুনতে সে এখন থেকে প্রস্তুত হয়ে আছে। এবং হঠাৎ তার মনে এই ইচ্ছা কেন জাগছে তাও সে বুঝতে পারছে।

একটা পায়ের অভাব ঘুচাতে সে তার অন্য অঙ্গ প্রত্যঙ্গ, সব কটা ইন্দ্রিয়কেও সজাগ প্রখর রাখতে চাইছে। মানুষ তাই করে। যার ডান হাত চলে যায় সে বাঁ হাতে পটু সে বাঁ হাতে কাজ করে। অসুবিধা হয়, কিন্তু অভ্যাস ও প্রবল ইচ্ছার জোরে একদিন বাঁ হাতেই সে এমন নিপুণভাবে ছবি আঁকতে পারে, লিখতে পারে, মেশিন চালাতে পারে যে অনেকের ডান হাত হার মানে। আবার এও দেখা যায় যারা অন্ধ তাদের শ্রবণশক্তি স্পর্শশক্তি অন্যদের চেয়ে অনেক বেশি প্রখর হয়ে ওঠে। কোনো কোনো [illegible]

[illegible] পেরেছে। [illegible] বিশ্রী শব্দ করে নড়ে উঠল না [illegible] সে খুব একটা [illegible] পারল। তার অর্থ আমার [illegible], অন্যদের শক্তিটা ক্রমেই বাড়ছে। [illegible] হরিপদ, কেবল চোখ মেলে দেখা না, আমি মন দিয়েও আজকাল অনেক কিছু দেখতে পারছি। আমি ঠিক বলে দিতে পারি দুই



উনুনের পাশে চুপ করে বসে আছিস। [illegible]

[illegible]

[illegible]

শ্যামলেন্দু, [illegible]

[illegible]

[illegible] চোখে পড়ছে। কিন্তু এক ফোঁটা জল পথে আসছে না [illegible], তবে কি সব

[illegible] হঠাৎ ফুঁপিয়ে [illegible] উঠে না কি করে হয়। [illegible] শ্যামলেন্দু। [illegible]

[illegible]

শ্যামলেন্দু [illegible] দেখল। [illegible]

[illegible] কিছু বলছে না। [illegible]

[illegible]

[illegible] শ্যামলেন্দু [illegible]

Bathgate's
THYBORENE
[illegible]

২, লালবাজার স্ট্রীট, কলি ১ ... ফোন ২২-৭০৮০

# নিজেরে হারায়ে খুঁজি

শ্রীঅহীন্দ্র চৌধুরী

৮

আমাদের বন্ধুদের একজন—প্রবোধ বন্দ্যোপাধ্যায়—সেদিন দেখা করেছিল—একথা আগেই বলেছি। তার বাড়িতে গেলাম ছুটে। বললাম—এই, একটা কার্ড যোগাড় করে দিতে পারিস আমাকে?

সে একটু আশ্চর্য হয়ে বললে—তোকে দেয়নি?

—না।

সে বললে, অন্যায়। এক্স-স্টুডেণ্ট হিসাবেও ত তোকে ওদের দেওয়া উচিত ছিল। আচ্ছা, দাঁড়া, আমার কার্ডখানাই তোকে দিয়ে দিচ্ছি। দেখি, কে ঠেকায়।

বললাম—বলা যায় না, এতেও ঠেকাতে পারে। আমি ত ওদের বিষ নজরে পড়ে আছি।

যথারীতি সেই কার্ড নিয়ে সন্ধ্যেবেলা গেলাম থিয়েটার দেখতে। গেট-এ আমাদেরই এক শিক্ষক মশাই দাঁড়িয়ে-ছিলেন—তাঁকে গিয়ে কার্ড দেখালাম। বললাম—কী মশায়, যেতে দেবেন?

তিনিও প্রসন্নকণ্ঠে উত্তর দিলেন—কার্ড যখন এনেছ, ঢুকতে পাবে বইকি!

এভাবে হল-এ ঢুকলাম, কিন্তু আমরা বন্ধু কজন যুক্তি করে ঠিক করলাম, নীচে বসব না। বিরাট উঁচু হল আমাদের লণ্ডন মিশনারি স্কুলের। সেই হলের পিছন দিকে দোতলায় ছিল আমাদের ল্যাবরেটরী।

সিঁড়ি দিয়ে উঠে—বাঁদিকে ফিরে ল্যাবরেটরীতে ঢুকতে হত—ওপরে রেলিংঘেরা একটা ছোট্ট বারান্দা ছিল বাইরে, যা দিয়ে ল্যাবরেটরীতে যাওয়া যেত। ঠিক করলাম, ঐ দোতলার মতো বারান্দায় বসেই ল্যাবরেটরীর পাশে আমরা থিয়েটার দেখব। যা ভাবা, সেই কাজ। ওখান থেকে একটা বেঞ্চি টেনে এনে আমরা কজন বসে গেলাম। কিন্তু আমাদের ব্যাপার লক্ষ্য করলেন আরেকজন শিক্ষক, তাঁরা ভাবলেন আমাদের ওখানে বসার পিছনে বুঝি কোনো দুরভিসন্ধি আছে। প্রফুল্লবাবু, আর একজন শিক্ষক মশাই উঠে এলেন আমাদের কাছে। আমাকে ডেকে বললেন—দেখ, তুমি আজ দেখো কার্ড নিয়ে এসেছ। এমন কিছু করবে না অভদ্রতা বা গোলমাল, যাতে তোমার দিকে সবার চোখ পড়ে। আমি তোমার শিক্ষক মশাই—আমাকে কথা দাও।

আমি সহজভাবে একেবারে হেসেও উঠি কথার মধ্যে ছিলাম। মনেও নেই তখন। বললাম—গোলমাল করার ইচ্ছে নেই, শক্তিও নেই। তবে নানারকম ব্যাপারে ভয়ানক ক্ষুব্ধ হয়েছি। দুঃখ পেয়েছি কম না, লজ্জিতও হয়েছি। তবে আপনাকে কথা দিচ্ছি, আমার দ্বারা কোনরূপ অশান্তি হবে না।

চুপচাপ বসে অভিনয় দেখেছি। প্রবোধের অভিনয় বেশ ভালো হয়েছে। আমরা উঠে এলাম। তারপর ফিরে এলাম প্রবোধকে সঙ্গে নিয়ে।

সহপাঠীদের কথায় আজ অনেকের কথাই না আজ মনে হয়। কারো মুখ মনে, কারও নামের অংশ। কারো সহপাঠীর মুখই না মনে পড়ে। চারুচন্দ্র নাগকেও মনে পড়ে। বাগবাজারে বাড়ি ছিল—হোস্টেলে থেকে পড়াশুনা করত—ধর্মে ছিল খৃষ্টান। খুব বন্ধু ছিল সে আমার। পরে সে ডাক্তার হয়েছিল, এখনো বোধ হয় বাগবাজারে প্র্যাকটিস করছে। দশ বছর আগেও তার খবর রাখতাম। বরং, বলা যায়, সে-ই আমার খবর রাখত। পরবর্তীকালে কলকাতায় এসে আমার সঙ্গে দেখা করে গেছে। সঙ্গে এনেছিল তার মেয়েকে। আর-এক বন্ধু ছিল—ইমদাদ রসুল—পরে সরকারী কর্মচারী হয়েছিল—জেলায় জেলায় তাকে সফর করে বেড়াতে হত। তবে যেন শুনেছিলাম, সে আর ইহজগতে নেই। আরেক বন্ধু ছিল—পুলিন চ্যাটার্জি। আমাদের সুধীর চ্যাটার্জি মশায়ের ছোট ভাই। ইনি কাস্টমস-এ চাকরি করতেন, অধুনা অবসর-জীবন যাপন করছেন। আজও ইনি মাঝে মাঝে এসে পড়েন দেখা করতে। কখনো বা টেলিফোনেও করেন।

সহপাঠীদের কথায় শিক্ষক মশাইদের কথাও মনে পড়ে যায়। বিশেষ করে হেডমাস্টার প্রফুল্ল চাকলাদার মশাইয়ের কথা। ইনি আমাদের ভূগোল পড়াতেন, এমন চমৎকার করে পড়াতেন যে, মন্ত্র-মুগ্ধের মতো শুনতে থাকতুম। ভূগোল বিষয়টিকে আমার নিজের কাছে জীবন্ত করে তুলতেন। ক্লাসের দেওয়ালে প্রকাণ্ড ম্যাপটি টাঙিয়ে দিয়ে, আমাদের চোখের সামনে তুলে ধরতেন গোটা পৃথিবীটা। আজও সেই সব কথা ভুলতে পারি না।

ওঁর এই মাপ-জোকের কথায় আমার একটা ঘটনার কথা মনে পড়ে গেল। তিনকড়ি চক্রবর্তী মশায় এক্স-স্টুডেন্ট হিসাবে মাঝে মাঝে আসেন। ইনি ছিলেন আমাদের স্কুলের পুরাতন ছাত্র এবং আমার অনেক সিনিয়র। অনুসন্ধিৎসু মন, একেবারে অপ্রত্যাশিত সময়ে পণ্ডিতমশায়ের কথা উঠতেই তিনকড়িবাবু এই ঘটনার কথা উল্লেখ করলেন। বললেন, পণ্ডিতমশাই, হয়তো আমাদের ভূগোল পড়াতেন। ক্লাসে ভূগোলের মাস্টারও ছিলেন হরিহরবাবু। একদিন তিনকড়িবাবুকে ভূগোলের ম্যাপে সিংহল দেখাতে বললেন। তুমি কিছু কিছুদিন ধরে পড়েছ, বলো, সিলোন দেখাও। তারপর বললেন এসো, দেখাও সিলোন—কই?

ছাত্ররা তাকিয়ে দেখছেন পণ্ডিতমশাই, তারপরই উঁচিয়ে আস্ফালন করছেন এগিয়ে আসছেন।

কাঁপতে কাঁপতে আমি এগিয়ে গেলাম তুই দিক তিনকড়িবাবু। বিরাট পালোয়ান পণ্ডিতমশাই, বাঘের থাবার মতো হাতের মুঠো। পড়া না পারলে সেই হাতের গাঁট্টা যখন মাথায় এসে পড়ত, তখন চোখের সামনে একেবারে সর্ষের ফুল ছাড়া আর কিছুই দেখা যেত না।

তিনকড়িবাবু এমন বাঘের সামনে-সামনি হঠাৎই হুঙ্কার শুনলেন—সিলোন কোথায়, দেখা?

ম্যাপটার দিকে কলের পুতুলের মতো এগিয়ে গিয়ে উঁচুতে খুঁজছি—তিনকড়িবাবু বললেন—সামনে তাকিয়ে দেখি, টিকটিকি। কোথায় সিলোন রে বাবা!

'আর কোথায়!' তিনকড়িবাবু বললেন—'মাথায় এসে পড়ল সেই বিরাশী সিক্কা ওজনের গাঁট্টা, সঙ্গে সঙ্গে প্রবল যন্ত্রণা অনুভব করে মাথায় হাত দিয়ে মাটিতে



বসে পড়লাম। [illegible] সেই [illegible] মেলে তাকিয়েছি, ও দিকে, সামনেই দেখি, সিনেমাটা একেবারে [illegible] করছে। [illegible] —এই যে [illegible] এসেছিল, কিন্তু এবার [illegible] হয়ে গেল। [illegible]

কিন্তু এবার [illegible] সাক্ষাৎ করে [illegible] এলাম। এই [illegible] হয়ে [illegible] [illegible]

[illegible]

বৈদ্যুতিক পাখা আছে বটে, কিন্তু [illegible] প্রায় সবাই [illegible] এসে বসেছে। [illegible] সবাই [illegible] এই [illegible] একটি [illegible] [illegible]

[illegible] এই সব লক্ষ্য করছি, হঠাৎ এক সময় একটি [illegible] [illegible]

[illegible] চড়বার সময়, যা অকল্পনীয়। [illegible] যে সেখানে পায়ে বসে পড়বার জন্য সে এক [illegible] মূল্য বটে। আর কোনোরকম [illegible] নেই, [illegible] এর [illegible] ওর [illegible] —সে এক অদ্ভুত ব্যাপার। [illegible] সেই [illegible] একটা কথা ছিল, সে [illegible] কী? [illegible] ঠিক ওপরেই ছিল [illegible] বন্ধ। সেই [illegible] কী, [illegible] হয়। ও ধারে মাথা উঁচু করে [illegible] না মাথা নীচু করে দেখতে হবে সর্বক্ষণ। কিন্তু [illegible] জায়গা। [illegible] জায়গা পেলো না, [illegible] ঐ যে [illegible] কথা [illegible], তার [illegible] ছিল [illegible] ওপরে। [illegible] কী, সেই [illegible] দিয়ে সেই [illegible] করে থাকবে। আর

সেইভাবে আগাগোড়া থিয়েটার দেখতে। বলা বাহুল্য, অস্বাভাবিক ভীড় হলেই এটা হতো। একেই বলত, 'বাদুড়-ঝোলা'। কখনো বা পা লোহার থাম থেকে সরিয়ে নেয় বা একটু গ্যালারীর কাঠের কিনারে কেউ রেখেছে, অমনি গ্যালারীর লোক উঠত তিরস্কার করে—করছেন কী মশাই, গায়ে পা দেবেন নাকি? অগত্যা, পা আবার চলে যেত লোহার থামে। এমনি করে ঘণ্টার পর ঘণ্টা থিয়েটার দেখা! সাংঘাতিক কথা। নয় কী?

সে রাতে 'দুর্গাদাস' হয়েছিলেন সুরেন্দ্রনাথ ঘোষ দানীবাবু। সমরদাস—নরেশবাবু, ঔরংজীব—প্রিয়নাথ ঘোষ।

কিন্তু যাঁর অভিনয় আমাকে সেদিন অভিভূত করেছিল তিনি দানীবাবু। প্রথম দিকেই, ঔরংজেবের রাজসভা ছেড়ে দুর্গাদাস যখন বেরিয়ে যান, তখনই এক অদ্ভুত দৃশ্যের অবতারণা হয়েছে। যাবার আগে দুর্গাদাস বলছেন—তবে আসি জাঁহাপনা। আদাব।

ঔরংজীব উত্তেজিত কণ্ঠস্বরে বললেন—দাঁড়াও।

তারপরে, আরও কিছু কথার পর ঔরংজীব বললেন, [illegible] —বন্দী কর।

সঙ্গে সঙ্গে তরবারি খুললেন দুর্গাদাস, বললেন—'তরবার' এর জন্যও প্রস্তুত হয়ে এসেছি সম্রাট।

বাস, তুরী বাজালেন। পাঁচজন সৈনিক খোলা তরবারি হাতে প্রবেশ করল তখনই। দুর্গাদাস বললেন,—এই পাঁচজন দেখছেন সম্রাট? আর এক তুরীধ্বনিতে পাঁচশ সৈনিক দরবার-কক্ষে প্রবেশ করবে—ভেবে কাজ করবেন।

উত্তরে ঔরংজীব বললেন—যাও।

এর পর বইতে লেখা আছে 'চলিলা দুর্গাদাসের প্রস্থান।' কিন্তু এই প্রস্থান-দৃশ্যটি নির্বাকভাবে যা দেখালেন দানীবাবু, তা যাঁরা দেখেছেন তাঁরা কখনো ভুলবেন না। ঔরংজীব 'যাও' বলবার পরই তরবারি বন্ধ করে দানীবাবু একবার ফিরে তাকালেন [illegible]। তারপরে সরাসরি বিপরীত দিকে মুখ ফেরালেন তিনি। [illegible] দাড়ি কাঁধ পর্যন্ত এসে পড়েছে, আর জোব্বার মতো পোশাক হাঁটুর নীচ পর্যন্ত ঝুলেছে। যেই উনি বিপরীতদিকে মুখ ফেরালেন, অমনি সেই দাড়ির চুলগুলি গালের ওপর এসে পড়ত, আর পোশাকের ঝালরগুলিও সঙ্গে সঙ্গে ঘুরে যেত। সে যে কী অপূর্ব [illegible]-এর জ্ঞান, বর্ষীয়ানের অভিজ্ঞতা ছাড়া এটা হয় না—আজ তা বুঝতে পারি। সঙ্গে সঙ্গে চড়চড় করে হাততালি পড়ত। তারপরে উনি মধ্যম গতিতে অথচ দৃপ্তভঙ্গীতে, মঞ্চ থেকে প্রস্থান করছেন—খুব দ্রুতও না, খুব ধীরেও না।

চতুর্থ অঙ্কের শেষ দিককার সেই কারাগারের দৃশ্যটিও মনে আছে। দুর্গাদাস এখানে বন্দী। শম্ভুজী ওঁকে বন্দী করে ঔরংজীবের কাছে পাঠিয়ে দিয়েছেন। সম্রাজ্ঞী গুলনেয়ার প্রেম নিবেদন করতে এলেন, দুর্গাদাস প্রত্যাখ্যান করলেন। গুলনেয়ার রেগে ফুঁসে উঠলেন, বললেন—তুমি আমায় উপেক্ষা করছ? বেছে নাও, [illegible] গুলনেয়ার অথবা মৃত্যু।

দর্পভরে দুর্গাদাস উত্তর দিলেন—বেছে নিলাম—মৃত্যু।

এই 'মৃত্যু' কথার সঙ্গে সঙ্গে যাঁর [illegible] যে দর্প প্রকাশ পেল, তাঁর সেই অভিব্যক্তি আর দাঁড়াবার ভঙ্গী হয়ে গেল সুন্দর একটা ছবির মতো। মনে হতো যেন এক চিত্রশিল্পী মুহূর্তে আমাদের চোখের সামনে একটা সুন্দর ছবি এঁকে দিয়েছেন।

এর পরে [illegible] কাসেমকে [illegible] দুর্গাদাসকে হত্যা করতে [illegible] আকস্মিকভাবে [illegible] দিলীর খাঁ [illegible] দিলীর খাঁ [illegible] কী বলে [illegible] দাঁড়িয়েছিলেন [illegible] ভুলবার নয় [illegible] শিল্পীদের [illegible] উক্তি এই আমার [illegible] জানে।"

দানীবাবুর [illegible] এই বর্ণনাই যেন [illegible] মনে উঠেছিল। প্রতিটি অঙ্গচালনা যেন ছবির মতো। সারা মঞ্চ জুড়ে যেন এক [illegible] চলমান করে রেখেছেন। সেই দাঁড়ি, সেই পদক্ষেপ, সেই দৃপ্ত ভঙ্গী আমার মনে চিরকালের হয়ে আছে। দুর্গাদাসও আরও [illegible] অভিনেতা ছিলেন কিন্তু দানীবাবু সেদিন যে ছাপ রেখেছেন তা কখনোই মুছে যাবার নয়।

বাড়িতে এলাম, যথারীতি আমাদের [illegible] নাটকের মহড়া নেই কিন্তু মন যেন আর ভরে না। একটা কী যেন মনে মনে খুঁজে বেড়াচ্ছি—কী এক নতুনত্বের বিকাশ। দানীবাবুর 'দুর্গাদাস' একটা নতুনত্বের আস্বাদ এনে দিল, কিন্তু আরও একটা বিশেষ সার্থক রূপ দেখবার জন্য আমার মন ভিতরে ভিতরে অস্থির হয়েছিল। মনে হচ্ছিল, মহড়ার নামে যে ধরনের অভিনয় ধারাকে অনুসরণ করছি, এই কি ঠিক? এতে মন ভরে উঠেছে কই?

এই সময় হঠাৎ এমন একটা ঘটনা ঘটল যে, আমার নাট্যপ্রয়াস এবং নাট্যধারণা যেন মুহূর্তে নতুন এক ধারায় প্রবাহিত হতে শুরু করল। ১৯২১ সালেরই কথা। হঠাৎ কলকাতায় এলেন Matheson Lang'র বিলেতী থিয়েটার। ইনি এরও আগে এসেছিলেন শুনেছি। তখন ওঁর অভিনয় দেখবার সুযোগ পাই নি। এবার পেলাম। গ্র্যাণ্ড হোটেলে থাকতেন। পায়চারি করতেন, অনেক দেখেছি। দীর্ঘ দেহ—আর বেশ বলবান চেহারা—সুন্দর চৌকোশ—ভরাট মুখ। আমি ওঁর অভিনয় দেখলাম; 'Hamlet' অভিনয় দেখলাম, কিন্তু তার ভাষা একটি বর্ণও বুঝতে পারলাম না। আর সেই [illegible] হবে ঐ [illegible] অদ্ভুত [illegible] ঐ সাবলীল চলাফেরার ভঙ্গী—সে যেন নতুন এক জিনিস দেখলাম। দানীবাবুর [illegible] অভিনয়ে মুগ্ধ হয়েছি, কিন্তু অভিনয়ের যে একটা [illegible] আছে তা ওঁদের অভিনয় না দেখলে সম্যক উপলব্ধি করতে পারতাম না। তাছাড়া Lang-এর নিজস্ব অভিনয়েরও তুলনা হয় না। [illegible] Lang-এর [illegible] কিন্তু [illegible] দেখেছি।

[illegible] কিন্তু [illegible] এর অভিনয়সম্ভার যে কোনো [illegible] এসেছে শুনেছি। অমনি [illegible] ওঁর 'কার্নিভাল' দেখেছি। দেখেছি, 'দি ওয়াণ্ডারিং জু' দেখেছি ওঁর [illegible]। এতে একজন চাইনীজ ম্যাণ্ডারিন বা নোবলম্যানের অভিনয় করেছিলেন Lang। সে যে কী অপূর্ব চরিত্র-চিত্রণ, তা ভাষায় প্রকাশ করা যায় না। তাঁর চলাফেরা—তাঁর অঙ্গভঙ্গী—তাঁর চলন-বলনের grandeur—সে এক দেখবার বস্তু। শেক্সপীয়রেও দেখেছিলাম একরকম ভঙ্গী, 'কার্নিভাল' বা 'ওয়াণ্ডারিং জু'-এ অন্যরকম, এবার চাইনীজ সেজে সম্পূর্ণ ভিন্ন ধরনের অভিনয় দেখালেন Matheson Lang। একটা দৃশ্যের বর্ণনা দেই। চীনদেশে যখন প্রথম ইংরেজ যেতে শুরু করে সেই যুগের পরিপ্রেক্ষিতে ছিল কাহিনী-স্থাপনা। ওঁর মেয়ের প্রণয় হয়েছিল এক ইংরেজ ছেলের সঙ্গে। কোনো

মুরলীর সম্পর্ক নয়। [illegible] মেয়েটি [illegible] করে তোলা [illegible] —হ্যাঁ একে প্রেমই বলতে হয় [illegible] কিন্তু একদিন দূর থেকে মেয়েটি [illegible] ওর মনে [illegible] একটা তরবারি ছিল [illegible]

[illegible]

[illegible] Lang [illegible]

[illegible]

[illegible] Lang বললেন, [illegible] আমার কাছে। [illegible] দেখেছি। যদি তার মর্যাদা দাও, তবে আমার আতিথ্য গ্রহণ করো তুমি। আমার সঙ্গে এক টেবিলে বসে পান-ভোজন করো।

মহিলাটি কোনো কথা বলতে পারলেন না, তাঁর মন তখন পত্রের জন্য ব্যাকুল। এদিকে হয়েছে কী, Lang-এর প্রস্তাবের [illegible] ঐ মহিলাটির কাছ থেকে [illegible]

[illegible]

তারপর Lang [illegible] মহিলাটির [illegible]

[illegible]

[illegible] Chinese [illegible] Chinese Cure [illegible]

[illegible]

[illegible] Lang [illegible]

মেয়েটি [illegible]

[illegible]

বাইরের এই সমাধানের [illegible] কিন্তু ভিতরে ভিতরে [illegible] উত্তেজনা, তা বলার নয়, [illegible] ঝিলিক দিয়ে উঠেছে একটা [illegible] আর তারপরেই উনি চলে যাচ্ছেন ভিতরে, বদল করে আসছেন [illegible] পোশাক।

[illegible] জন্যই উত্তেজিত হয়ে উঠেছে, তারই প্রকাশ ঘটেছে ঐ পোশাক বদল করার মধ্যে।

মেয়েটি করলো কী, [illegible]

[illegible]

Lang উদ্যত তরবারি হাতে [illegible]

[illegible]


# জাতিস্মর কথা

শ্রী[illegible] বসু প্রণীত।

[illegible]

মূল্য—[illegible]

প্রকাশক—শ্রী[illegible] কোম্পানী,
[illegible]

ডি এম লাইব্রেরী,
[illegible]

সেই পাঁচুর পাড় বাবার কানে ঘণ্টী বাজে উঠেছিল প্রলয়ভাবে, তাই ধ্বনির হাত লাগল সজোরে—ঢং-ঢং-ঢং! ঢং-ঢং-ঢং!

পরেশবাবুর নির্দেশ অনুসারে খুলে গেল দরজা। মেয়েটি ছুটে পালিয়ে গেল। অন্দরে দেখা গেল বন্দী-দশা থেকে মুক্ত ওরা পরস্পর। নূতন পাশাপাশি এসে, তারপরে বাগানের পথ দিয়ে ছুটে পালিয়ে গেলেন তাড়াতাড়ি।

বলা বাহুল্য Lang-এর অভিনয় আমাকে শুধু অভিভূতই যে করল তা নয়, আমাকে একেবারে মাতিয়ে তুলল। মনে হলো, অমর থিয়েটারের মঞ্চের নামে যা করেছিলাম, তা ছেলেখেলা। নতুন কিছু করতে হবে। ততদিনে অমর [illegible] ঠাঁই পাড়ু গেছে। [illegible] ডিঙিয়ে হয়ে দাঁড়ালেন অমর জন্য।


দেব সাহিত্য কুটীর
২১, ঝামাপুকুর লেন
কলিকাতা-৯
এখানে চিঠি লিখলেই
হাজার রকম বইয়ের
ক্যাটালগ পাঠানো হয়
শুকতারা
সরস্বতী পূজার দিন
ত্রয়োদশ বর্ষে পড়বে

ডাক্তার হউন
[illegible]
Indian Homoeopathic College
(DC.) Jullundur City.

ধবল আরোগ্য
LEUCODERMA CURE
[illegible] হাওড়া কুষ্ঠ কুটীর, [illegible] ফোন—৬৭-২৩৫৯।
শাখা—৩৬, হ্যারিসন রোড, কলিকাতা—৯


এমন দিনে শোনা গেল, সম্রাট আসছেন। মস্ত হবার মতো এ আয়োজন দিল্লী দেখার হবে। সম্রাট মানে, পঞ্চম জর্জ। ইনিই ১৯০৫ সালে এসেছিলেন Prince of Wales হিসাবে। কিন্তু সে সময়ের সঙ্গে এ-সময়ের তফাত প্রচুর। [illegible] Special Train [illegible] Pontoon bridge [illegible]

[illegible]

ছিল না। যখনই কোনো রাজপুরুষ এসেছেন, তখন সাধারণত পাঁচটার বরাদ্দ দিয়ে। এবার স্বয়ং সম্রাট আসছেন বলে তাঁর সম্মানে তৈরী হয়েছিল এই [illegible]। সে কী [illegible]

[illegible]

[illegible] কিন্তু কেন?

(ক্রমশ)

# প্রথম কদম ফুল

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

১৮

[illegible]

'এখনো তো কই আর্টস।' [illegible] মানুষ, তারপরেই তো আসল খেলা শুরু হবে।'

[illegible] এসেছে। সে ঠোঁট উলটিয়ে বললে, 'হ্যাঁ, এই-এ পাপ।'

'প্রেম পাপ।'

'শুধু পাপ নয়, [illegible] প্রয়োজন।'

[illegible]

আমার উপর ভিড় করবে তো? তা তুমি যত খুশি [illegible]। যত খুশি [illegible]। শুধু মা-বাবার উপর সরাসরি কটাক্ষ কোরো না।

না, না, তা করব কেন?

[illegible]


[illegible]

গদাধর (১ম খণ্ড) ৪·৫০

গদাধর (২য় খণ্ড) ৫·৫০

[illegible]

খেরাগড়ের পৈশাচিক দুর্গ

[illegible]

গীতিকথা (২য় সং) ২·৫০

[illegible]

নক্ষীতায়ন ১·৫০

কল্পতরু প্রকাশনী

[illegible]


[illegible]

'যত সব বাজে কথা।' মৃণালিনী ঝাঁজিয়ে উঠল। 'বাপের বাড়িতে জায়গা কম, তাই কাকার বাড়িতে হচ্ছে। মানুষ তো বিয়ের ব্যাপারে ইস্কুল বাড়িও ভাড়া নেয়। তাই বলে সেটা কি মেয়েকে তাড়িয়ে দেওয়া হল? না—কি তাই বলে মেয়েকে সালঙ্কারা করে দান করে না বাপ-মা?'

জিভের ঠেলায় নিচের ঠোঁটের নিচে টিপলি পাকিয়ে তাতে সযত্নে ব্রুশ ঘষতে লাগল প্রশান্ত। বললে, 'তা উনি তো সালঙ্কারা হয়েই আসছেন।'

'মিথ্যে কথা।' ইঙ্গিতটা কোথায় মুহূর্তে বুঝে নিয়ে জ্বলে উঠল মৃণালিনী। বললে, 'যাতে কিছু দিতে-থুতে না হয়, তারই জন্যে বাপ-খুড়োর এই কারসাজি। এখন শুনতে পাচ্ছি উচ্চ আদালতের জজ নয়, নীচু আদালতের। মফস্বলী হাকিম, ধড়িবাজ, সংক্ষেপে কাজ বাগাবার মতলব। নইলে না দিয়েই পালিয়ে যাচ্ছিল।'

'জজ নয় মা, ম্যাজিস্ট্রেট।'

'বটে? তা হলে তো শুধু ঘুঘু নয়, রাম-ঘুঘু। নইলে আমি মা, আমি জানি না সত্যকে?'

এবার গরম লাগল বরুণার গায়ে। হোস্কার মত ফুলে উঠে বললে, 'বেশ তো, ঠাকুরপো গিয়ে তার নামে পাওনা-গণ্ডা দাবি করবে না, আর শাসিয়ে আসুক, যদি তা না দেয়, এ বিয়ে ভেঙে দেবে।'

'ভেঙে দেবে?' এবার নাকের নিচে কসরৎ দেখাচ্ছে প্রশান্ত: 'তা হলে কোমরে দড়ি পড়বে। বিয়ে করলে নাকে দড়ি হয়, না করলে কোমরে দড়ি।'

'এমনিতে বিয়ে না করলে পুলিস জোর করে বিয়ে দেওয়াতে পারে?' [illegible] এসব ব্যাপারে আইনকানুন জানা, না জানি হায় কত দরকার এমনি একখানা ছাই-ছাই মুখ করলে বরুণা।

'পুলিসে কী না পারে?' গালে হাত বুলিয়ে বুলিয়ে প্রশান্ত দেখতে লাগল কাটা-খোঁচা কোথাও আছে কিনা লুকিয়ে। বললে, 'বিয়ে হোক বা না হোক, খোরপোষের দায় থেকে আর রেহাই নেই।'

বরুণা ঘোলা-ঘোলা চোখে তাকাল মৃণালিনীর দিকে। বললে, 'ডবল খোরপোষ।'

'আহা কোন কথা থেকে কোন কথায় চলে যাচ্ছ।' মৃণালিনী ধমক দিয়ে উঠল। বললে, 'যখন কাউকে দাবি-দাওয়া নাই-বা করল, তাই বলে নিজের থেকে বাপ মেয়েকে কিছু দেবে না? দেবে না?'

'অমন মেয়েকে কোনো বাপেরই দিতে ইচ্ছে করে না।' বরুণা সংসারের [illegible] পাকি পেয়েছে।

'অমন মেয়েকে মানে?' কুধ না শুনিয়ে আর্ত শোনাল মৃণালিনী।

'আর বর্ণনা করে বলতে হবে না। দু'দিন পরেই দেখতে পাবে সকলে। বৃক্ষের কথা ফলেই কইবে ভালো।'

এমন সময় নিরুপমা এসে সেখানে দাঁড়াল। বললে, 'ওরা কিছু দিক বা না দিক, আমাদের ছেলের বিয়ে, আমরাই সব দেব বর-কনেকে। ওদের তোয়াক্কা করব না। ওরা না করুক আমরা উৎসব করব।'

মুহূর্তে কী হল কে বলবে, মৃণালিনী ঘি-পড়া আগুনের মত দাউদাউ করে উঠল। বললে, 'অমন ঘর [illegible] উৎসব হবে কি করে? উৎসব [illegible] এসে [illegible] থাকবে [illegible] কুলিয়ে [illegible] করবেন এই [illegible] উৎসবের [illegible]?'

'কী কথা বললুম [illegible] কী [illegible] হল!' নিরুপমা [illegible] দিকে। [illegible] কঠিন। [illegible]

'এই উত্তর [illegible] মৃণালিনী [illegible]

[illegible]

[illegible] উঠল [illegible]।

[illegible] তাই বলে উঠল প্রশান্ত, [illegible] এক্সক্লুসিভ ইন্টারভিউ।'

'সেটা আবার কী?' উৎসুক উঠল বরুণা।

'আজকাল জেলে চোরদের খুব আদর। তাদের জন্যে দিঘি, বড়-হামাম বাড়ি বানানো, চুলছাঁটা [illegible] জলসা, চোরদের মনোরঞ্জনে [illegible] সব [illegible]। সে এক আনন্দের লহরী। সর্বক্ষণ তাদের বলা হচ্ছে ছুটি সব, আবার ফিরে এস জেলে। এমন সোহাগ আর পাবে না। তার আবার [illegible] কনডাক্ট তাকে দেওয়া হচ্ছে স্ত্রীর সঙ্গে এক্সক্লুসিভ ইন্টারভিউ।' স্ত্রীর দিকে তাকাল প্রশান্ত: 'তার মানে একা ঘরে স্ত্রীর সঙ্গে দেখাশোনা। ধারে-কাছে কোনো ওয়ার্ডার থাকবে না, একেবারে নিজের বাড়ির মত ব্যবস্থা।'

'স্ত্রী যে, সব সময়ে [illegible] করবে কে?'

দিল পাড়ছে বরুণার, দেখে নিজ মুখ টিপে।

'আহা-হা স্ত্রীলোক হলেই হল। স্ত্রীও তো স্ত্রীলোক ছাড়া আর কিছু নয়। জেলারদের পরিবর্তনটা [illegible] প্রশান্ত নিজেই [illegible] সব কল্পনার দিকে তাদের ইশারায় ঠেলে দিল আর কল্পনায় [illegible] ইঙ্গিতে [illegible] দিল সেই সব দূরে-দূরে [illegible]।'

নিরুপমা মৃণালিনীকে লক্ষ্য করে বললে, 'আপনার কি মনে হয় যে [illegible] বিয়ে হলেই [illegible]?'

[illegible]

এই [illegible]

[illegible]

[illegible] সবাই ঘরে-ঘরে বলবে একেবারে অমি কী জানি? ভালো লাগে এসব [illegible]? কত জন্মের তপস্যায় ঠিক সময়ে একটা চাকরি পাওয়া যায় [illegible]। ইচ্ছে করে না একটা গাড়ি কিনতে? [illegible] গাড়ি? আর সিগারেট খেয়ে [illegible] তার ভাই জানলা

দিয়ে বাইরে না ফেলে ভিতরে ঠেলে ফেলবে? টাকা কি অন্যায়, না শুধু বিস্ময়ের চিহ্ন! টাকা হচ্ছে শুধু ক্রিয়া অসমাপিকা। এবং বলতে লজ্জা কি, আত্মনেপদী। নইলে শুধু কোনো রকমে থাকা, যেমন-তেমন করে খাওয়া, মাথা গুঁজে থাকা, টাকাতে লোকের কলঙ্ক। ইচ্ছে করে না গ্যাসের রান্না খেতে? খাবার টেবিলে বসা, চাদরের উপর প্লেট রাখতে? সোফায় বসে কার্পেটে জুতো ঘষতে? রেডিওতে খেলা শুনতে? রেফ্রিজারেটরে আইসক্রীম বানাতে? কলিং বেলে আগন্তুক পেতে? টিউবের নিচে নিওন লাইটে বই পড়তে? কী রকম যেন ঝকঝকে-তকতকে? এর চৌহদ্দি ছেড়ে না। ছি-ছি, নিজের [illegible]-বাঁচিয়ে থাকে। টাকা সব আছে, সব কিসের অর্থ কিছু-কিছু?'

'এবার শুনি বল।'

[illegible] করতে করতে বিজয়া নিচে [illegible] এল। হেমেনকে বললে, [illegible] নিয়ে আজই ঘর ছেড়ে চলে যেতে।'

[illegible] বাইরে [illegible] কথা বলছিল হেমেন। [illegible] কথা [illegible] না। [illegible] একটা [illegible]। [illegible] না [illegible] না [illegible] না। আর, [illegible] [illegible] [illegible] বাইরে [illegible] [illegible]।'

[illegible] শুনে [illegible] মধ্যে [illegible] বিজয়া [illegible] উঠল। অপমানের একটা সীমা আছে। দুদিন বাদে ছেলের বিয়ে, বলছি কিনা ঘর ছেড়ে বেরিয়ে না, তোর ঘরে থাকবে ছেলে-বউ। আর কিছু না পাই ঘর [illegible] [illegible] [illegible]।'

'মাথা খারাপ হলে এরকম অনেক কথাই বলে থাকে অনেকে। গায়ে মাখতে হয় না। এক কান দিয়ে ঢুকিয়ে আরেক কান দিয়ে বের করে দিতে হয়।' তোয়ালে [illegible] মুছে এক টিপ নস্যি নিল হেমেন। 'অপমান ভাবলে অপমান, পাগলামি ভাবলেই মহাশান্তি।'

'তোমার তত্ত্বকথা শুনতে চাই না।' মুখচোখ আগুন হয়ে উঠল বিজয়ার। বললে, 'আজকেই যে করে পারো একটা ফ্ল্যাট জোগাড় করো। যত ভাড়া চায়, যত সেলামী। নয়তো সেই যে কে মেমসাহেব পেরিং গেস্ট রাখে সেখানে গিয়ে উঠব। যাও খোঁজ করো। নিদেন একটা হোটেলে ঘর নাও। দিশি-বিদেশী যেখানে হোক, যত টাকা লাগুক—'

'দাঁড়াও, হ্যান্ডবিলের ফর্দটা দেখি।' কী একটা কাগজের টুকরো গভীর মনোযোগে দেখতে লাগল হেমেন। বললে, 'আমি এখন যাই কি করে? আমার হাতে এখন কত বড় কাজ!'

'কাজ—তোমার কাজ?' মুখ ঝেঁকে উঠল বিজয়া। 'তোমাকে সকলে কত পেয়েছে!'

'পাগুক না পাগুক, কাজটা তো নির্বাহ করতে হবে। দাদার কাছে গেলুম, দাদা বললেন, তিনি কিছু জানেন না, যে এ কাজ করেছে সে এর ব্যবস্থা করুক।'

'ঠিকই তো বলেছেন।' খাটের উপরে পাটি হয়ে বসল বিজয়া।

'মোটেই ঠিক বলেন নি। ওটা ক্রোধের কথা, অভিমানের কথা। নইলে সাধু জোয়ানমানুষ, ও এর কী ব্যবস্থা করবে?'

'তাই তোমাকে মাতব্বরি করতে হবে! গায়ে মানে না আপনি মোড়ল! এতে তোমার কী?'

'আমার কী মানে? দাদার মান, পরিবারের প্রতিষ্ঠা—এ আমি দেখব না? আমি থাকতে সব হেঁটমুখ হয়ে দাঁড়াবে? বাড়ির ছেলের বিয়ে হবে বউ আসবে ঘরে, আর সমস্ত বাড়ি শোকের চেহারা করে থাকবে?'

'তাই তো উচিত। কী কীর্তি করেছেন ছেলে তা তো আর জানো না।'

'আহা!' ধমকে উঠল হেমেন। 'নিজের মনটা চওড়াই করলেন না কি শুধু সংস্কারে, কাদিন আগে না পারে, এ নিয়ে দুশ্চিন্তায় মাথা ঘামায় না। আমার পাঁঠা আমি যে-দিকেই কাটি তাতে লোকের কী কারবার? বই লিখছি আমি, তাতে আমি-ওরা শেষ পরিচ্ছেদ আগে লিখে প্রথম-দ্বিতীয় পরে লিখি তা হলে বই কি অশুদ্ধ হবে? বাজারে চলবে না?'

'বাজারেই চলবে।' দাঁতে দাঁত চাপল বুঝি বিজয়া।

'না, সমস্ত ব্যাপারটা স্বাভাবিক করতে হবে, সজ্জিত করতে হবে। এমনিতে যেমন জাঁকজমক হওয়া উচিত কোন অংশে তার ত্রুটি করা চলবে না। ম্যারাপ বাঁধা হবে, আলোর অলোকময় হয়ে উঠবে বাড়িঘর। তুমি নেমন্তন্নের লিস্টটা দেখনি বুঝি?'

'তুমি আজ অফিসে যাবে না?'

'না, ছুটি নিয়েছি কদিন। ছুটি না নিলে চলবে কি করে? হাত বাড়িয়ে লাটটা দাও তো, প্রেসে গিয়ে নেমন্তন্নের চিঠি-পত্রের ডেলিভারি নিতে হবে। তারপর লিস্টি ধরে বেরোতে হবে বিলোতে। দাদা বললেন, যার বিয়ে সে সব ব্যবস্থা করুক। সাধু সেদিনের ছেলে—ও এসব পারবে? কাকে বলতে কাকে বাদ দেবে তার কিছু ঠিক আছে? আমরা যখন মাথার উপর আছি তখন কীসের অসুবিধে—'

'কে তোমাকে মাথার কথা রেখেছে! এত বড় কথা, বলে কিনা ঘর ছেড়ে দিয়ে চলে যাও বাইরে!'

'কথাটা খুব খারাপ বলে না।' হাসল

"একাঙ্ক নাটিকার ক্ষেত্রে তো তিনি আজও সম্রাট।" —দেশ

একাঙ্ক নাটিকার এই সম্রাট [illegible] অমর বাবুর অবিস্মরণীয় সৃষ্টি

| একাঙ্কিকা | ছোটদের একাঙ্কিকা | নব একাঙ্ক |
| --- | --- | --- |
| [ একুশটি প্রসিদ্ধ একাঙ্ক নাট্যগুচ্ছ ] | [ ছোটদের বারোটি একাঙ্ক নাটক ] | [ দশটি আধুনিক একাঙ্ক নাটক ] |
| মূল্য ৫.০০ ন. প | মূল্য ২.০০ ন. প | মূল্য ৩.০০ ন. প |

গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড সন্স : কলিকাতা—৬




বন্যজন্তু, চোর, ডাকাত ইত্যাদি উপদ্রবকারীদের এবং জেলাসের গুলী আপনার পরম বন্ধুর কাজ করবে। হালকা ওজন ও বিভিন্ন আকারে পাওয়া যায়। প্রচণ্ড আওয়াজ ও চোখ-ঝলসানো আলো আপনাকে বিপদ থেকে রক্ষা করবে।

মূল্য: টাঃ ৮, ১০, ১৫,
নং ৭৭৭ ৮৮৮ ৯৯৯

বিনামূল্যে ২৫টি গুলী। ২৫টি অতিরিক্ত গুলী টাঃ ১/৫০, ১০০টি গুলী ৫, টাকা। চামড়ার কেস ৬, টাকা। লাইসেন্সের অর্ডার প্রতি বোতল ১, টাকা। ডাকব্যয় ২, টাকা। দুই বা ততোধিক পিস্তলের জন্য ডাকব্যয় লাগে না। কেবল ভি পি পি-তে মাল পাঠান হয়।

নিউ ইয়র্ক এজেন্সিজ (ইণ্ডিয়া)

পোস্ট বক্স নং ৬০৯২ বোম্বাই—২।

হেমেন। বললে, 'আমাদের এ ঘরটা পেলে ওদের বেশ ভালো হত, তাতে আর সন্দেহ কী।'

'তবে চলো না, এখুনি চলো [illegible] ঘর ছেড়ে।' খাট থেকে উৎসাহে নেমে পড়ল বিজয়া। 'ফেরবার সময় সব ঠিক করে একেবারে একটা লরি নিয়ে এস।'

'আস্তে। অত উতলা হয়ো না। যাব, ক'দিন পরে যাব। গোলমালটা চুকুক, আর একটা বাড়ি-টাড়িও দেখে ফেলি এর মধ্যে। ক'দিন ওদের কষ্ট।' শার্টটা নিজেই টেনে নিয়ে পরল হেমেন। 'সত্যি উপরের ঐ ছোট ঘরটায় বেঁধমাফিক দুটো তিনতে তক্তাপোশ সরিয়ে নিলেও বড় সড় একটা খাট পড়ে না। তা কি আর করা, যেমন পড়ে তেমনি মাপেরই অর্ডার দিয়ে দিলাম।'

'আর বিছানা?'

'উপরে কি, ওবাড়ি থেকে যখন কিছুই দেবে না তখন আমাদেরই দিতে হবে। কিন্তু, সত্যি, দোকান থেকে কেনা নতুন ওয়াড়-দেওয়া লেপ বালিশ বিছানা মশারির কী অপূর্ব গন্ধ বলো তো! তার কাছে ফুলের গন্ধ লাগে না।' [illegible] বাইরে গিয়েছিল, আবার ফিরল হেমেন। বললে, 'আচ্ছা, তোমার জন্য কী আনব বলো? তুমি কী দেবে বউকে?'

'এই বলা দেবে।' এবার একটা ম্যাগাজিন নিয়ে খাটের উপর শুয়ে পড়ল বিজয়া।

'ছি তুমি কেন নিষ্ঠুর হবে? নতুন বউ —ভাবো তো সে কেমন এক পবিত্র মূর্তি— তাকে তুমি একটু অভ্যর্থনা করবে না? সেই তুমি যে প্রথম এসেছিলে নতুন বউ সেজে, তুমি চাওনি সকলে তোমাকে আদর করুক, কেউ কেউ দিক কিছু, সোনাদানা, আর বাকি সব শাড়ি আর শাড়ি, বই আর বই—'

চোখের কোণ থেকে কি রকম করে তাকাল বিজয়া।

'আমি বলি কি, তোমার নামে একটা নেকলেস কিনে আনি। আর সেটা তুমি— আহা, কী জানি নাম, তুমি ওকে পরিয়ে দাও নিজের হাতে।'

'জানি না। তোমার যা খুশি তাই করো।' খাটের উপর পা টান করে দিল বিজয়া।

'তোমার যা খুশি তাই করো।' একথা বনবিহারীও বললেন নরনাথকে, যখন নরনাথ বললে, কাকলিকে দু'দিন আগেই আমাদের বাড়ি নিয়ে যেতে চাই।

কাকলি এসে দাঁড়াল বাপের কাছে। প্রণাম করল।

নরনাথ বললে, 'ওকে আপনি আশীর্বাদ করুন।'

চুপ করে রইলেন বনবিহারী।

'আপনি এমন একটা কাণ্ড করছেন, যে [illegible] নেই টিকিটি দেবে। কী [illegible] আপনি! কাকলির অপরাধ যে নিজে পাত্র বেছেছে, সেটা অপরাধই নয়, আর ঐ পাত্র সম্পূর্ণ [illegible] সেটা তার নিজের রুচি, নিজের নির্বাচন।'

'এসব কথা আমার ভালো লাগছে না।' বিরক্তমুখে বনবিহারী বললেন, 'আমি যে কখনো চুপ করে থাকিনি। আমি ভাবছিলাম আশীর্বাদ করবার আমার অধিকার আছে কিনা—'

'সে কী কথা? আপনি বাপ—'

'ভাবছিলাম মানুষেরই আছে কিনা। নেই। মানুষ আবার কী আশীর্বাদ করবে! শুধু ভগবান করবেন।'

'বেশ তো তাই বলুন না, ভগবান তোকে আশীর্বাদ করুন।'

নরনাথের কথার পুনরাবৃত্তি করলেন বনবিহারী।

টিকিট এসেছে। নরনাথের সঙ্গে সেও [illegible] গায়ত্রীকে।

গায়ত্রী বললে, 'মেয়ের বিয়ে মা দেখবে না।'

'অনুষ্ঠান [illegible] পরে [illegible]।'

'কোনো মানুষই দেখে না। চোখ বুজে [illegible]।' প্রাণপণে চোখ মুছল গায়ত্রী।

কাকলি মাকে প্রণাম করল।

নরনাথ বললে, 'আশীর্বাদ করুন।'

[illegible]

[illegible]

[illegible]

(ক্রমশ)


# শীতের দিনে-ও

ল্যানোলিন-যুক্ত বোরোলীন
আপনার ত্বক-কে সজীব রাখবে

শীতের কনকনে হাওয়ার হাত থেকে স্বাভাবিক সৌন্দর্য্য রক্ষা করতে বোরোলীন-ই হচ্ছে আদর্শ ফেস্ ক্রীম। নিয়মিত ব্যবহারে, ল্যানোলিন-যুক্ত সুরভিত বোরোলীনের সক্রিয় উপাদান ত্বক-কে কোমল, মসৃণ ও সজীব ক'রে তুলবে আর আপনার অতুলনীয় স্বাভাবিক সৌন্দর্য্যকে বিকশিত করবে। বোরোলীনের যত্নে নিজেকে রূপোজ্জ্বল করুন।

# বোরোলীন

সুরভিত প্রসাধন



বোরোলীনে—ল্যানোলিন আছে বলে শীতের দিনে-ও গাল, হাত ও ঠোঁটফাটার হাত থেকে রক্ষা করে আর রুক্ষতম ত্বকের-ও লাবণ্য বৃদ্ধি করে।

পরিবেশক: জি. দত্ত এণ্ড কোং: ১৬, বনফিল্ড লেন • কলিকাতা-১

# চিত্র প্রদর্শনী

চিত্রগ্রীব

## বড়দিনের প্রদর্শনী

ব[illegible]

[illegible]

আর্ট সোসাইটির বাৎসরিক প্রদর্শনী দেখাতে হবে। কিন্তু পাকের বর্তমান মিউজিয়ামের সেই সব ব্যবস্থাই বাকবন্ধ [illegible] আগে আর্টের [illegible] প্রদর্শনীর ব্যবস্থা [illegible] পারেনি। কিন্তু এবার সত্যিই তাদের

[illegible] নিজেদের বাড়িতে প্রদর্শনীর ব্যবস্থা হল। [illegible] মিউজিয়ামে হবার পক্ষে স্থানটি [illegible] চমৎকার। এখনও নির্মাণের কাজ শেষ হয়নি। শেষ হলে আশা হয় তাদের মধ্যে [illegible] বলে বিবেচিত হবে। এই বাড়ীর [illegible] রচনা স্থায়ীভাবে টাঙানো হয়ে [illegible] হবে। দুটি বড় নির্দিষ্ট হলে চিত্র এবং ভাস্কর্য প্রদর্শনী ছাড়াও নিয়মিত-ভাবে [illegible] শিল্পীদের একক প্রদর্শনীর ব্যবস্থা হবে। [illegible] ব্যবস্থা হবে এবং শিল্পীদের [illegible]

[illegible]

পোর্ট্রেট — চিন্তামণি কর

[illegible]

নিউড — স্বর্গীয় অবিনাশ মুখোপাধ্যায়

আউট ডোর ওয়েটিং হল —[illegible] চৌধুরী

রথীন মৈত্র, মাখন দত্তগুপ্ত, [illegible], দেবযানী কৃষ্ণ, [illegible] এবং গোবর্ধন আশ তাঁদের সুনাম অক্ষুন্ন রাখতে সমর্থ হয়েছেন। স্বর্গীয় অনিলনাথ মুখোপাধ্যায়ের ইতালীতে থাকাকালীন দুটি স্টাডি বিশেষভাবে উল্লেখযোগ্য। মনোময় [illegible] চড়ে [illegible] হয় অসাধারণ [illegible] [illegible] সুকুমার [illegible] [illegible] সম্ভব [illegible] মধ্যে

[illegible] —সুলেখা চট্টোপাধ্যায়

সুনীল দাস, গণেশ হালোই এবং যোগেন চৌধুরীর কাজ বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করে। অ্যাকাডেমির এই প্রদর্শনী ৩১শে জানুয়ারি পর্যন্ত চলবে বলে প্রকাশ।

গত ১৬ই ডিসেম্বর গভর্নমেন্ট কলেজ অব আর্ট অ্যান্ড ক্রাফট-এর উদ্বোধন হয় সাড়ম্বরে। সেই দিনই প্রদর্শনী দেখবার আমন্ত্রণে সেখানে উপস্থিত হই। কিন্তু দর্শকের ভীড়ের চাপে মন দিয়ে কিছুই দেখতে পারলাম না। কেবল এ কোণ থেকে সে কোণে আর সে কোণ থেকে ও কোণে [illegible] ঘুঁটির মত ঠোক্কর খেতে খেতে কোন সময় টুপ করে দরজার বাইরে [illegible]। যাই হোক, এই হট্টগোলের [illegible]

[illegible]

সর্বদিনের প্রদর্শনীর মধ্যে আরও দুটি প্রদর্শনী উল্লেখযোগ্য। একটি আর্টিস্ট্রী হাউস-এ অনুষ্ঠিত শ্রীমতী সুলেখা চট্টোপাধ্যায়ের চিত্র-প্রদর্শনী এবং অন্যটি গ্র্যান্ড হোটেলের [illegible]-রুমে অনুষ্ঠিত ইটালিয়ান গ্রাফিক আর্ট প্রদর্শনী। সুলেখা চট্টোপাধ্যায় সব-সুদ্ধ ৬০টি ছবি টাঙিয়ে তাঁর একক প্রদর্শনীর ব্যবস্থা করেছিলেন। প্যাস্টেল, [illegible] এবং তেল এ তিনটির মাধ্যমেই ইনি সমান স্বাচ্ছন্দ্য দেখিয়েছেন। উগ্র আধুনিক-

ই, [illegible] —[illegible]

সংযোগ, যান্ত্রিক সভ্যতা প্রভৃতির প্রতিক্রিয়া রূপেই এসব রচনার সৃষ্টি। এঁদের নির্দিষ্ট কোনও লক্ষ্য আছে বলে মনে হয় না। মাইথ অব আর্টামিস এবং 'মেল ডান্সার' এ দুটি রচনার সঙ্গে আমরা মুর্তী মহাশয়ের রচনার সাদৃশ্য লক্ষ্য করা যায়। রচনা দুটি [illegible]। নিউড রচনাটিও উৎকৃষ্ট কাজ।

সাউথ পয়েন্ট স্কুলের ছাত্রছাত্রীদেরও [illegible], ও কারুকলা প্রদর্শনীর ব্যবস্থা হয়েছিল এই মহলেই। শিল্পীদের বয়স আট থেকে [illegible] বছরের মধ্যে। শিশুদের চিত্রকলা [illegible]

করে, তাকে কেবলমাত্র বলে অবহেলা করা যায় না। সাউথ পয়েন্ট স্কুলের ছাত্রছাত্রীদের রচনা দেখে আমরা সবাই খুশি হয়েছি। এরা চমৎকার শিক্ষা পাচ্ছে। এত অল্প বয়সেই এদের মধ্যে অনেকেই অঙ্কনের ব্যাকরণ এবং ক্রিয়াকৌশলে বেশ পাকা হয়ে উঠেছে। সবার আগে উল্লেখযোগ্য [illegible] চক্রবর্তীর নাম। এর রচনা দেখে [illegible] কিন্তু এদের [illegible] অত্যন্ত সততার সঙ্গে [illegible], [illegible] নিজেরাই আঁকা। [illegible] চৌধুরী, [illegible] দত্ত, [illegible] সেন, [illegible] রায়, ইন্দ্রজিৎ সিং, [illegible] মজুমদার, [illegible] রায়, [illegible] ব্যানার্জি [illegible]। কারুকলা [illegible]

[illegible] ও সামঞ্জস্যপূর্ণ। আমরা প্রদর্শনীটি [illegible] উপভোগ করেছি।

গ্রান্ড হোটেলে অনুষ্ঠিত প্রদর্শনীটি এর আগে দিল্লিতে অনুষ্ঠিত হয়েছে। প্রদর্শনীটির উদ্যোক্তা ইণ্ডিয়ান কাউন্সিল অব [illegible]। ইতালীর বিশিষ্ট কয়েকজন শিল্পীর ৩০টি গ্রাফিক আর্ট নিয়ে এই প্রদর্শনীর ব্যবস্থা হয়েছিল। ব্যক্তিগতভাবে আমরা [illegible] রচনা অপেক্ষা একরঙা রচনাগুলিই বেশী উপভোগ করেছি, বিশেষ করে 'নাইট ফেস্টিভ্যাল', 'ফিগার', 'ল্যান্ডস্কেপ' এবং 'ফিগার অব উওম্যান'। রঙীন রচনাগুলি বেশীর ভাগ বস্তুনিরপেক্ষ আর্ট। শিল্পীরা যেন অব্যক্তপ্রায় ভাব প্রকাশ করবার জন্যে জোর করে প্রকৃতির সঙ্গে অর্থহীন কলহ বাধিয়ে বসেছেন। রচনাগুলি অস্থির এবং অনিশ্চিত মনের পরিচায়ক। রচনাগুলি ইতালীয় 'ফিউচারিজম'-এর পরের অবস্থা হলেও এগুলিতে অভিব্যক্তিবাদীদের প্রভাব অত্যন্ত স্পষ্ট। ওদেশের যুদ্ধবিগ্রহ, বাণিজ্যের স্বার্থ-


ত্রিবেণীর বই — সব বই-ই ভাল

॥ গল্প সংগ্রহ ॥

| | | |
|---|---|---|
| [illegible] চৌধুরী। | আপন প্রিয় (৪র্থ সং)। | ৩·০০ |
| | কথাকলি (২য় সং) | ৩·০০ |
| সুবোধ ঘোষ। | পলাশের নেশা (৩য় সং)। | ৩·০০ |
| [illegible] আলী ও রঞ্জন। | স্বপ্নমধুর (৪র্থ সং)। | ৩·৫০ |
| সমরেশ বসু। | [illegible] (২য় সং)। | ৩·০০ |
| শৈলজানন্দ মুখোপাধ্যায়। | বহুবরণ (২য় সং)। | ২·৭৫ |
| সন্তোষকুমার ঘোষ। | পরমায়ু। | ৩·৫০ |

॥ উপন্যাস ॥

| | | |
|---|---|---|
| তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়। | রাধা (৪র্থ সং)। | ৭·০০ |
| বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়। | অনুবর্তন। | ৫·০০ |
| শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়। | জনপদবধূ (২য় সং)। | ৪·৫০ |
| অবধূত। | কলিতীর্থ কালীঘাট (৭ম সং) | ৪·০০ |
| শৈলজানন্দ মুখোপাধ্যায়। | অপরূপা। | ৪·০০ |
| লীলা মজুমদার। | চীনে লণ্ঠন (২য় সং)। | ৩·২৫ |
| মনোজ বসু। | আমার ফাঁসি হল (২য় সং) | ৩·৫০ |
| বিমল কর। | বনভূমি (২য় সং)। | ৩·০০ |
| নরেন্দ্রনাথ মিত্র। | দ্বীপপুঞ্জ। | ৪·৫০ |
| সুবোধ ঘোষ। | রূপসাগর (২য় সং)। | ৪·০০ |

॥ রম্যরচনা ॥

| | | |
|---|---|---|
| সৈয়দ মুজতবা আলী। | ধূপছায়া (৬ষ্ঠ সং)। | ৪·৫০ |

॥ অনুবাদ সাহিত্য ॥

| | | |
|---|---|---|
| শিবশঙ্কর পিল্লাই। | দু-কুনকে ধান। | ৩·০০ |
| কালিন্দীচরণ পাণিগ্রাহী। | মাটির মানুষ। | ২·৫০ |

ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড, কলিকাতা-১২



নৈশ উৎসব —এনায়েৎ পতনাইক

ফ্লুপট ডেকরেশন-এর কাজগুলি আমরা বিশেষভাবে উপভোগ করেছি। এ সব কারুশিল্প অন্য কোনও স্কুলে শেখানো হয় বলে শুনিনি। পিযূষ বোস, স্বপন সরকার, প্রীতি পাল, রমেন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং ভেঙ্কট রামের কাজ বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করে।

এক সঙ্গে এতগুলি শিল্পী প্রদর্শনী এর আগে কলকাতায় কখনও হয় নি। প্রদর্শনীর সংখ্যা যেমন বাড়ছে দর্শকের সংখ্যাও সেই সঙ্গে বেড়ে চলেছে। প্রদর্শনী-কক্ষে দাঁড়ি, ক্রাইস্ট, গহনা, স্বপ্না, সন্তু, টেই সম্বন্ধীয় আলোচনা যে একেবারেই হয় না, সে কথা বলছি না। তবে শিল্পকলার শিল্পানুরাগী দর্শকের সংখ্যাও বেড়েছে, তার প্রমাণ অনেক। নামজাদের মধ্যে নাম থাকলে মধ্যবিত্ত পরিবারেরও অনেক আজকাল এগিয়ে আসেন ছবি কেনবার জন্যে। আর্টের জনপ্রিয়তা আরও বাড়ুক যাতে শিল্পীরা ছবির দাম আরও কমান এবং যে ছবি দুর্বোধ্য পরিবেশের দুর্বোধ্যতা না হয়, যাতে কিছুটা কমিউনিকেটিভও হয়। অনুপ্রাণিত ছাড়া আর্ট হয় না—সে কথা একশবার মানি, কিন্তু সেটা দর্শকের ওপর অত্যাচারে যাতে পরিণত না হয়, আর্টের জনপ্রিয়তা বাড়ুক সেজন্য শিল্পীদের সব সময় সে দিকে নজর রাখতে হবে।



# কলের পুতুল

বরেন গঙ্গোপাধ্যায়

রেলের উপর থেকে অনেকগুলো পা পাশাপাশি হয়ে নিজের দিকে ঝুলে পড়েছে। অর্জুন সেই পাগুলোর ফাঁক দিয়ে সামনের জানালার খানিকটা দেখতে পাচ্ছিল। জানালায় চৌকো ফ্রেমের মধ্যে আকাশটাকে যেন বাঁধিয়ে রাখা হয়েছে, এমনি মনে হচ্ছিল ওর। জোনাকি পোকার আলোর মতো তারাগুলির আলো মিট মিট করছে। ভারী সুন্দর দেখাচ্ছে আকাশটাকে। কিন্তু অর্জুনের এখন অবস্থা নেই আকাশটার দিকে চোখ তুলে তাকায়। বেঞ্চের নিচে সেঁধিয়ে ও কেমন জড় হয়ে পড়ে রয়েছে। যেন কাঠ হয়ে গিয়েছে।

খুব সম্ভব এটাই ঘাটশীলা। গাড়িটা থেমে আছে। উপরে একটা বাক্স [illegible] [illegible] যেন [illegible] পুতুল। গাড়িটা যখন ছেড়ে দেবে, তখনই অর্জুনের মনে হবে [illegible] [illegible] [illegible] করে [illegible] [illegible] হবে [illegible] [illegible] [illegible] [illegible]।

[illegible] একটু একটু [illegible] [illegible] [illegible] [illegible] অর্জুনের [illegible] [illegible] করে উঠল। [illegible] [illegible] ওর [illegible] [illegible] [illegible] অর্জুন এখন [illegible] [illegible] [illegible] [illegible] অসম্ভব হবে। [illegible] [illegible] [illegible] [illegible] একটু এগিয়ে এসে [illegible] [illegible] ওকে! সর্বনাশ, কথাটা ভাবতেই অর্জুনের চোখমুখ ফ্যাকাশে হয়ে উঠল। [illegible] [illegible] যদি ওর মুখের উপর [illegible] হয়, তখনি ধরা পড়ে যাবে অর্জুন। যদি ধরা পড়ে যায়, একগাড়ি লোকের কাছে হয়তো কান্নাকাটি করবে ও [illegible] [illegible] না [illegible] ওর সিধনী যাওয়া বড় দরকার। [illegible] করে টেনে ওকে নামিয়ে দেয় ওরা। যদি নামিয়ে দেয়.....

জোরসে গাড়ী আবার একটু নড়ে গেল। অর্জুনও হাঁফ ছেড়ে বাঁচল। হাঁ, এটা ঘাটশীলা। হয় এখানেই ডাকগাড়ি উল্টো দিক থেকে আসবে। অর্জুনের [illegible] গাড়িটা ততক্ষণ ঠায় দাঁড়িয়ে থাকবে। ডাকগাড়ি যতক্ষণ না ছেড়ে যায় ততক্ষণ অর্জুনকেও ঠাণ্ডা হয়ে অচল গাড়ির মধ্যে দম খিঁচে পড়ে থাকতে হবে। ডাকগাড়ি বেরিয়ে গেলে ওদের গাড়িও নড়তে শুরু করবে। সিধনী পৌঁছতে পৌঁছতে রাত হবে একটা কি [illegible]। এখন কটা হবে? মনে মনে প্রশ্ন করল অর্জুন। বারোটা নিশ্চয়ই বেজে গেছে। এখনো এক ঘণ্টা [illegible]। এক ঘণ্টা [illegible] [illegible] নেই। বেঞ্চের নিচ থেকে [illegible] ওকে টেনে বার না করলেই হয়। গাড়িটা ছাড়তে বড় দেরি করছে যেন।

পাগুলো বেঞ্চের উপর থেকে ঝুলে পড়েছে অনেকটা [illegible] কাঠির মতো। লোকগুলির মুখ দেখতে পাচ্ছে না অর্জুন। তবু ওর মনে হচ্ছে মুখগুলি যেন বিরক্তিতে কুঁচকিয়ে রয়েছে। পাগুলোর দিকে তাকিয়ে থেকেই মুখগুলি কল্পনা করবার চেষ্টা করল অর্জুন। [illegible] [illegible] থাকবে না আর! অর্জুন [illegible] [illegible] পারছে না। হাতটাও ওঠাতে পারছে না। গলাটা একটু টান করে দিতে পারছে না। নড়তে চড়তে ভয় পাচ্ছে অর্জুন। যদি কেউ টের পেয়ে যায়। চোখের উপর দিয়ে ফুলঝুরির মতো ঝলকে কয়েকটা [illegible] নেচে উঠে মিলিয়ে গেল। মাথাটা ঝিম ঝিম করে উঠল। কাল ভোরের আগে সিধনী গিয়ে পৌঁছবার এই একটিই মাত্র গাড়ি। এ-গাড়িটা হাতছাড়া হলে কি করে ও ভিক্ষে করবে শিবনীর মেলায়? সিধনী যদি সময়মতো না পৌঁছতে পারে অর্জুন, কি হবে [illegible] করবে ও খুশিরামের কাছে। খুশিরাম কি ওকে রেহাই দেবে।

খুশিরামের চেহারা সামনে ভেসে উঠল। [illegible] [illegible] হয়েছে, [illegible] [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] একটা কাটা দাগ, আর চোখ [illegible] টকটকে লাল। খুশিরাম [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]?

অর্জুন ভয়ে ভয়ে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

খুশিরামের কথা, অর্জুন কেন [illegible] [illegible] [illegible] [illegible]। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]। অর্জুন [illegible] [illegible] [illegible] খুশিরামই ওকে [illegible] [illegible] [illegible] রেল-[illegible] ওপর ফেলে রেখে কেউ থাকত না আর।

অর্জুন খুশিরামের কথায় সারাদিন রেল-স্টেশনে [illegible] ভিক্ষে করল। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এল। অর্জুন ধীরে ধীরে প্ল্যাটফর্মে এল। এসে একটা কাঁথা মুড়ি দিয়ে পড়ে রইল খানিকক্ষণ। কুলিদের মাথায় মাল চাপিয়ে কত লোক এল। কত ভদ্রলোক, শাড়ি-পরা গিন্নী-মা মেয়ে-বউ। কত বাবু। কত সাহেব। আবার কত [illegible] [illegible]।

আলোর পোকার মতো মনে হচ্ছিল লোকগুলিকে। স্টেশনের আলো দেখে যেন লোকগুলি পোকার মতো ছুটে এসেছে। স্টেশনের আলো কেমন ফ্যাকাশে ধরনের যেন। [illegible] মুখগুলিকেও [illegible] [illegible] করে দেয়। [illegible] [illegible] ভিড় জমে উঠেছিল স্টেশনে। পান-বিড়ি-অলারা ঘুরছিল। চায়ের কলসী নিয়ে ডাক দিচ্ছিল চা-অলারা। পাঞ্জাবী [illegible] [illegible] কম্বল কাঁধে এক জায়গায় দাঁড়িয়ে কি সব বলাবলি করছিল। ওদের অনেকের মুখই অর্জুনের চেনা। ওরা ঘাটশীলা নামবে।

ওখানে মাল কিনে আবার ফিরতি গাড়িতে ফিরে আসবে। অর্জুন যাবে গিধনী। গিধনী কি আর এখানে? টাটা থেকে অনেক, অনেকগুলি স্টেশন দূর।

গাড়িটা থেমে থাকলেই অর্জুনের বুকটা ধুকধুকিয়ে ওঠে। গতির মধ্যে বেশ থাকে অর্জুন। এ সময়ই ও নড়তে চড়তে পারে একটু। চোখ তুলে চৌকো আকাশটার দিকে তাকিয়ে থাকতে পারে।

আবার সেই লোমশ পা'টা এগোচ্ছে। অর্জুন আবার কুঁচকে ছোট হয়ে যাবার চেষ্টা করতে লাগল। পা'টা দুলছে। লোকটা যেন কিছু ভাবতে ভাবতে পাটাকে নাড়াচ্ছে। পায়ের পুরু মাংস-পেশীর আড়ালে পড়ে গেল জানলাটা। পা'টা এগোতে এগোতে থেমে পড়ল। অর্জুন একদৃষ্টে তাকিয়ে রইল...... অনেকক্ষণ তাকিয়ে রইল। হঠাৎ ও চমকে উঠল, গাড়িটা ঝাঁকি খেয়ে দুলে উঠেছে। চলতেও শুরু করেছে। পাগুলোও ঝাঁকি খেয়ে অনেকখানি সরে গেছে। যাক বাঁচা গেল। আরো কিছুদূর তো এগোন যাবে। চলা গাড়ি থেকে তো আর ধাক্কা দিয়ে ফেলে দিতে পারবে না কেউ। বুকের মধ্যে ঢিব ঢিব করা যে অস্বস্তিটা ওর মুখের রক্ত শুষে নিয়েছিল সেটাও অনেকটা কমে এল।

চোয়াল-বাঁকা খুশিরামের মুখটা আবার চোখের সামনে ভেসে উঠল। খুশিরাম রেগে উঠলে চোয়ালটা ওর আরো বাঁকা হয়ে যায়। গলার শিরাগুলো ফুলে ওঠে শক্ত নলের মতো। খুশিরাম রেগে উঠলে টুঁটি টিপে ধরতে পারে ডালকুত্তার মতো। অর্জুনকে একবার এক লাথে নর্দমার মধ্যে ফেলে দিয়েছিল ও। ইঁট দিয়ে গুঁড়িয়ে বুঁচির পায়ের হাড্ডি ভেঙে দিয়েছিল খুশিরাম। দল ছেড়ে পালাতে চেয়েছিল বুঁচি। সে অনেক দিন আগের কথা। অর্জুন জানে খুশিরামকে তোয়াজ করে চলা ছাড়া তার আর গতি নেই কোন।

খুশিরামের টকটকে লাল চোখ দুটো যেন বার বার অর্জুন দেখতে পাচ্ছে। খুশিরাম যেন বলছে, দেখি অর্জুন, আজ কত পেলি?

অর্জুন তার ট্যাঁক খুলে খুচরো পয়সা-গুলো বার করে গুনল। তারপর বলল, বাবা আজ এক মজা হয়েছিলো জানো?

পয়সাগুলি নাড়াচাড়া করতে করতে খুশিরাম বলল, ইঃ দাঁতপাটি যে বেরিয়ে পড়ল হারামজাদা। কি হ'ল শুনি?

অর্জুন তার কালো ঠোঁটটা আর লাউ বিচির মতো পেছল দাঁতগুলো মেলে ধরে হিঁ হিঁ করে খানিকখন হাসল। হাসতে হাসতেই বলল, বুঁচিকে শুধবি যা কেন। আমি বলব না। হিঁ হিঁ হিঁ...। খুশি-রাম চটে উঠল। চটবারই কথা। কি সেই মজার ঘটনা যা বুঁচি জানে অর্জুন জানে অথচ এখনও খুশিরাম জানে না।

ধমক খেয়ে অর্জুন বলেই ফেলল কথাটা। সেই যে, বুঁচির দিকে একবাবুর নজর পড়ার ঘটনাটা। বুঁচি মটকে মটকে খানিক হাসল। আর বাবুটি একটি সিকি বার করে এগিয়ে দিলো।

তারপর?

তারপর বাবুটি বলল, এই, কাজ করবি বাড়ির?

বুঁচি কি বলল?

বুঁচি? অর্জুন জিভ মেলে নিজের ঠোঁটটা একটু চাটল। বড় নোনতা লাগছে ঠোঁটটা। ঠোঁট চাটতে চাটতেই বলল, বুঁচি আর কি করে, বলল, না বাবু উ পারবনি।

বাবুটির তখন কি গজর গজর। এমন সময় একটা রিকশা এল, বাবুটিও উঠে পড়ল রিকশায়।

খুশিরাম একবার অর্জুনের চোখের দিকে তাকাল। চোখ দেখেই লোকটা সাচ্চা ঝুটা বুঝতে পারে। নাঃ, সাচ্চাই বলছে অর্জুন। দুটো পয়সা অর্জুনের দিকে ছুঁড়ে দিতে দিতে খুশিরাম বলল, আজকাল বড্ড কম রোজগার করছিস অর্জুন। আর দুদিন এমনি করবি তো তোর খাওয়া বন্ধ করে দেব। মনে থাকে যেন।

অর্জুন মাথা নাড়ল। মনে থাকবে। একটা বিড়ি দেনা বাবা।

খুশিরাম ততক্ষণে বড় রাস্তার দিকে এগিয়ে গেছে খানিকটা। অর্জুন ঠোঁট চাটতে চাটতে উঠে দাঁড়াল। এবার খিদ্দিড়টা গিলে আসা যাক।

গাড়ির গতি অসম্ভব রকম বাড়ছে।

লোমশ ডান পা'টা বাঁ পায়ের উপর রাখল লোকটা। কিন্তু পরক্ষণেই বাঁ পায়ের জুতোটা ডান পায়ের আঙুল দিয়ে টেনে টেনে খুলল। সাথে সাথে একটা চামসানো গন্ধ অর্জুনের নাকের উপর আছড়ে পড়ল।

কামরার বাতিটা যেন নিবু নিবু হয়ে আসছে। নিভে গেলেই বেশ হতো। অর্জুনকে দেখতে পেত না কেউ। না টিকিট বাবুরা, না কামরার লোকেরা; না এই লোমশ পা-অলা লোকটা, কেউ না। বেশ নিশ্চিন্তে পৌঁছাতে পারত অর্জুন। কিন্তু তেমন কপাল নয় ওর। বাতিটা নিববে না। স্টেশনের কাছাকাছি এলে আবার ঝকমক করে উঠবে। তখন আবার স্পষ্টভাবে পায়ের লোমগুলিও দেখতে পাবে অর্জুন। অর্জুন কেবল দেখবে হাত পা নাড়তে পারবে না গলাটাও এদিক ওদিক ঘুরাতে পারবে না। পারবে না, কারণ গাড়ির যাত্রীরা এখনো জানে না অর্জুন শুয়ে আছে বেঞ্চের নিচে। অর্জুনকে পৌঁছতেই হবে গিধনী পর্যন্ত, নয়তো খুশিরাম ওর খাওয়া বন্ধ করে দেবে।

বাতিটা জ্বলে জ্বলে ক্ষয়ে উঠল না, কিন্তু গাড়ির গতি যেন কমে আসছে। হাঁ, এবার নিশ্চয়ই ঘাটশীলা এসে গেছে। জানালা গলিয়ে বাইরের আলো লাফিয়ে লাফিয়ে ভেতরে আসছে, আবার হারিয়ে যাচ্ছে। অর্জুনের বুকের মধ্যেও আবার তোলপাড় শুরু হল। এবার আধ ঘণ্টা পড়ে থাকতে হবে ঠিক মরার মতো। কত লোক উঠবে নামবে, ডাকগাড়ি ক্রসিং হবে। আর এর মধ্যে যদি কোন টিকিটবাবু উঠে পড়ে, যদি ধরা পড়ে যায় অর্জুন...।

লোমশ পা'টা আবার জুতোর মধ্যে ঢুকে গেল। লোকটা নামবে নাতো। না নামলেই যেন ভালো হয়! তবু একটা আবডালের মধ্যে আছে অর্জুন। লোকটা নেমে গেলে আবার কে এসে দখল করবে ওর জায়গাটা কে জানে! ঐ তিকন পা দুটো? না ওদিককার ঐ এক পা কাটা লোকটা? পায়ের কাটা অংশটাই শুধু দেখতে পাচ্ছে অর্জুন।

বাঁ হাতটা টনটন করছে এখন। হাতটা একটু উঠাতে পারলে হতো। ঠায় একভাবে কতক্ষণ পড়ে আছে ও। আরো কতক্ষণ পড়ে থাকতে হবে কে জানে। উঃ একটু নড়বার চেষ্টা করল অর্জুন।

গাড়িটা গড়াতে গড়াতে শেষ পর্যন্ত থেমেই গেল। আবার সেই শুভঙ্করের মতো হাঁটুই পড়ার জন্য শুরু হল। ফ্যানটা ঘুরছে। ঠিক এই মুহূর্তে অর্জুন বুঝতে পারল কামরায় আরো লোক উঠবার চেষ্টা করছে। কোথায় উঠছে রে বাবা! জায়গা কোথায় আর? কেউ বাধা দিচ্ছে না কেন? সর্বনাশ, লোমশ পা দুটো নেমে যাচ্ছে যে! আর বোধ হয় লুকিয়ে থাকতে পারবে না অর্জুন। এখনই হয়ত সকলে ওকে দেখে ফেলবে, দেখে ফেললে .. অর্জুন মেঝের সাথে মিশে যেতে চাইল। হাত পাগুলো কুঁচকে ছোট হয়ে গেল। চোখ মুখ আবার ফ্যাকাশে হয়ে উঠল...

কে যেন একটা সুটকেস ঢুকিয়ে দিচ্ছে বেঞ্চের নিচে, অর্জুনের মাথায় এসে ঠেকেছে। এবার কি করবে অর্জুন! আরো নিচের দিকে সরে যাবে? কিন্তু কিভাবে, ওদিকে মাল ঠাসা। সুটকেসটা মাথার ওপর চাপ দিচ্ছে অর্জুনের। ইস, মাথাটা গুঁড়িয়ে দিচ্ছে যেন। অর্জুন প্রাণপণে চেষ্টা করতে লাগল সুটকেসটাকে বাধা দেবার জন্য। কানের পাশে যেন ঝিঁঝি ডাকছে অর্জুনের......

হঠাৎ অল্পবয়স্ক একটি বাবুর মুখ নুয়ে এল নিচের দিকে। লোকটার চোখ দুটো গোল গোল হয়ে উঠল। অর্জুন কি করবে ভেবে পেল না। হাত জোড় করে বাবুটির পা চেপে ধরবার চেষ্টা করল। বাবুটি যেন ভূত দেখার মতো অর্জুনকে দেখে আঁতকে উঠেছে, এমনি ভাব করল।

তারপর সামনে দিকে চেঁচিয়ে উঠল, এই এই, ওখানে ঢুকেছিস? বেরো, বেরো বলছি।

গাড়িটা যেন ভেঙে গুড়ো গুড়ো হয়ে গড়িয়ে পড়ছে একটা বিরাট খাদের দিকে। মাথার মধ্যে ঝিম ঝিম করছে। হাত পা অবশ হয়ে আসছে। এখন কি করবে অর্জুন! কেমনভাবে ও বোঝাবে ওর মনের কথা।

চারপাশ থেকে অনেকেই ড্যাব ড্যাব করে অর্জুনের দিকে তাকিয়ে আছে। বাবুটি আরো জোরে স্যুটকেসটাকে ভেতর দিকে ঠেলে দেবার চেষ্টা করছে।

উঃ, অর্জুন বেঞ্চের নিচ থেকে একটুখানি বাইরের দিকে বেরিয়ে এল। তারপর প্রাণপণে চোখ দুটোকে করুণ করে তুলল। একটু কি দয়া হবে না বাবুদের।

নাঃ, সবাই যেন চাইছে অর্জুন বেরিয়ে যাক। হ্যাঁ সকলেই তো বিশ্রীভাবে তাকাচ্ছে অর্জুনের দিকে।

বেরো, বেরো বলছি অন্য গাড়িতে যা। বেরো আগে—

অর্জুন হাত জোড় করে বলল, নাম্বা ভিখিরী বাবা।

ভিখিরী তো মাথা কিনে নিয়েছিস আর কি। বেরো আগে, তারপর অন্য কথা। হাত বাড়াবার জায়গা নেই সেটা পড়ে পড়ে চলেছে। নবাব কোথাকার!

অর্জুন তবু শেষ চেষ্টা করবার জন্য বেঞ্চের নিচটা আঁকড়ে রইল। আলোটা হঠাৎ যেন লাফিয়ে জ্বলে জ্বলে উঠল। দরজার সামনে পাশাপাশি দুজন লোক দাঁড়িয়ে আছে। একটা লোক তারই মতো হাত উঁচিয়ে রেখে কিছু চাইছে। একটা লোক মুখ খুলে বোধ হয় একটা খোঁচকাই ঢুকছে। জানলার ওপর বাক্স, বাক্স পড়ে আছে দুটি ঝাঁকড়া পা দুটো কাঁচির মতো আটকে নিয়ে।

অর্জুন আবার আকুতি মিনতি করল, নাম্বা ভিখিরী বাবু...

অর্জুনের কথা কারো কানে গেল কিনা বোঝা গেল না। চারদিক থেকে একরকম খোঁচাতেই খোঁচাতেই যেন বেঞ্চের নিচ থেকে ওকে টেনে বার করে আনল সবাই।

অর্জুন বেরিয়ে এল। বোকা হয়ে খানিকক্ষণ অসহায় ভাবে দাঁড়াল। উদোম পিঠের উপর একটা হাল্কা বাতাসের স্পর্শ পেল অর্জুন। পিঠের ঘামটা মরে যাচ্ছে। পায়ে যেন এতক্ষণ ঝিঁঝি ধরে ছিল, এখন একটু একটু করে কেটে যাচ্ছে। উঃ, অর্জুনের ইচ্ছে হচ্ছে হাত পা জড়িয়ে ধরে বাবুদের—আর কটাই বা স্টেশন! এটুকু দয়াও কি হবে না বাবুদের। বাবুগো... নাম্বা ভিখিরী...

কিন্তু কে শুনবে সেই কথা। সে অবসরই বা কার আছে। অর্জুনকে নামতেই হল গাড়ি থেকে। গাড়ি থেকে নেমে প্রথমেই অর্জুন পায়ের নিচে শক্ত মোরম মাটির স্পর্শ পেল। গোড়ালিটা চিনচিন করে উঠল পাথর ফুটে। প্রায় টলেই পড়ে যাচ্ছিল অর্জুন, সামলে নিয়ে থমকে দাঁড়াল আবার। হাঁটতো এখন ও কি করবে! স্টেশন ঘরটা কেমন ধাঁধার মতো মনে হচ্ছে অর্জুনের। বাতিগুলোর চারদিক ঘিরে বড় বড় কালকেটো পোকা উড়ে মতো পাক খাচ্ছে। ওপাশে চায়ের দোকান। চায়ের দোকানে ছোট একটা ভিড় জমেছে যাত্রীদের। এ-পাশে ছড়ানো কয়েকটা কাপড়ঢাকা খাট, অন্ধকার আঁকড়ে ধরে স্থির হয়ে দাঁড়িয়ে আছে। বাতাসটা বেশ ঠাণ্ডা। কামরার মধ্যে যেন আগুনের তাত জড়িয়ে রাখা হয়েছিল। অর্জুন যে খামের ছাপের মূর্তিটা বেঞ্চের নিচে এঁকে রেখে এসেছে এতক্ষণ বোধহয় সেটা ঝাঁকিয়ে চড়চড়ে হয়ে উঠেছে। বাবুদের মালপত্রে বোঝাই হয়ে গেছে বোধহয় বেঞ্চের নিচের ফাঁকটুকু।

সর্বনাশ, টিকিটবাবু এগোচ্ছে বুঝি! অর্জুন দু এক পা করে সরে এল কালো থামের নিচে। পাশেই বেঞ্চের উপর বসে আছে জনকয়েক লোক। কি যেন ওরা বলাবলি করছে ফিসফিস করে। টিকিটবাবু আর এগোল না একটা কামরার সামনে এসে দাঁড়িয়ে পড়ল। অর্জুনও দাঁড়াল না আর, উল্টো দিকে হাঁটতে শুরু করল। অন্য কোন কামরায় উঠতে হবে ওকে। জানলা গলিয়ে গলিয়ে চুঁইয়ে আলো ঠিকরে পড়ছে আলো প্ল্যাটফরমের উপর। আলো-আঁধারির পথ দিয়ে দাঁড়িয়ে দাঁড়িয়ে অর্জুন এগোতে লাগল। নাঃ খালি কামরা পাওয়া কি এতেই সোজা। তবু অনেক খুঁজে নিয়ে অর্জুন একটা ফাঁকা কামরার সামনে এসে দাঁড়াল। এক ফাঁক দরজাটা দেখে ভেতরে চেষ্টা করল, এ-পাশ ও-পাশ তাকাল অর্জুন। এটাতো থার্ড ক্লাসই, তবে এতো কম লোক কেন? অর্জুন সরে এল একপাশে। একপাশে কাঠ থাকে থাকে সাজান, ঠিক তার গায় গায় এসে দাঁড়াল অর্জুন। এখানে ডাকগাড়ি আসবে উল্টো দিক থেকে। সময় অল্পই।

তবু অর্জুনের ভয় হতে লাগল, যদি সে উঠতে না পারে। যদি উঠবার আগেই গাড়িটা ছেড়ে দেয়। যদি ও পৌঁছুতে না পারে শিবনী! খুঁজবার কি আশ্রয় রাখবে ওকে। বুচির সাথে পাশাপাশি বসে ভিক্ষে করার এমন সুযোগটা কি ওর নষ্ট হয়ে যাবে। খালি কামরাটার দিকে তাকিয়ে রইল অর্জুন।

টিকিটবাবু কামরায় উঠে পড়ল। যাক বাঁচা গেছে।

ইঞ্জিনবাবুরা নিচে নেমে বিড়ি খাচ্ছে। ওদের চেহারাগুলো স্পষ্ট দেখা যায় না এখান থেকে। তবু অর্জুন বুঝল ওরা ইঞ্জিনবাবু ছাড়া অন্য কেউ নয়।

কতক্ষণ এইভাবে দাঁড়িয়ে ছিল অর্জুন, সে খেয়াল তার ছিল না। হঠাৎ ও চমকে উঠল। বাইরের অন্ধকারের মধ্যে প্রকাণ্ড লম্বা চোখ ধাঁধানো আলো ছড়িয়ে তীব্রভাবে হাঁপাতে হাঁপাতে ডাক গাড়ি আসছে। আকাশ তো বটেই মাটিও যেন থর থর করে কেঁপে উঠল। হাঁপাতে হাঁপাতে কী জোরে বাঁশি বাজাচ্ছে ইঞ্জিনটা। কানের ভেতরটা যেন ঝনঝন করে উঠছে। বাঁশি নেড়ে ডাকগাড়িকে স্টেশনবাবু ইশারা করছে। গাড়ি দেখতে দেখতে প্ল্যাটফরমে এসে পড়ল। কামরাগুলোর পাশে পাশে যেন ঝনঝন করে আওয়াজ হতে লাগল। অর্জুনের বুকের ভেতরটা কাঁপতে লাগল। ওর সুমুখ হাত-পাঁজরগুলি যেন দুমড়ে দিয়ে যাচ্ছে গাড়িটা।

ডাকগাড়ি থামল না। চীৎকার করতে করতে বেরিয়ে গেল। আর অর্জুন দেখল, গাড়ির পেছনের সেই লাল বাতিটা মিট মিট করতে করতে অন্ধকারের মধ্যে যেন দূর থেকে দূরে মিলিয়ে যাচ্ছে।

এইবার বাঁশী পড়ল নাগপুর গাড়ির। হুইসিল বাজার শিহরণ শিহরণ। গাড়িটা একটু দুলে উঠল প্রথমে, তারপর

যাঁরা আঙ্গিকে অভিনব, প্রসাদে প্রাঞ্জল গল্প পড়তে চান এবং যাঁদের তরুণ কথাকারদের লেখায় আস্থা আছে শুধুমাত্র তাঁদের জন্যই

ছোটগল্প

বর্ষশেষ সংখ্যা
৭ই জানুয়ারী প্রকাশিত হবে
সংখ্যা প্রতি—৫০ নঃ পঃ
বার্ষিক গ্রাহক—২.৫০ নঃ পঃ

পত্রিকাটি যে তরুণ গল্প লেখকদের সত্যিই মিলনস্থল সে বিষয়ে আমাদের সন্দেহ নেই। বাংলা ছোটগল্পের উৎকর্ষ বৃদ্ধির প্রয়াসে কিছু তরুণ সাহিত্যিক যে বিশেষ একটি গুরু দায়িত্ব পালনে এগিয়ে এসেছেন—এর জন্যে তাঁরা প্রশংসনীয়। পত্রিকাটির দীর্ঘ আয়ু কামনা করি। —দেশ

॥ ভারতের সর্বত্র এজেন্ট ও গ্রাহক চাই ॥
১১।৪ মনমোহন দত্ত স্ট্রীট। কলিঃ ৬ ফোনঃ ৫৫-১১৭০

(সি ১০৫০।২)

ঐ ডাক গাড়িটার মতই ছুটতে শুরু করবে। বড় হওয়ার কথা মনে পড়বে অর্জুনের।

অর্জুন একটু একটু করে একেবারে কামরাটার গায় গায় এসে দাঁড়াল। এতেই উঠতে হবে ওকে। হ্যাঁ গাড়িটাও নড়ে উঠেছে। কিন্তু ঘণ্টি পড়ল নাতো, কিংবা বাঁশি! অর্জুন লাফিয়ে উঠে পড়ল। দরজা ঠেলে ঢুকে পড়ল গাড়ির মধ্যে। ঢুকতে ঢুকতেই অর্জুন লক্ষ্য করল গাড়িটা টিকিয়ে টিকিয়ে চলতে শুরু করেছে। তারপর একটুক্ষণ যেতে না যেতেই অন্ধকারটাকে তছনছ করে ভেঙে ফোঁসাতে ফোঁসাতে, তারপর আরো জোরে, আরো বিকট শব্দ করতে করতে।

গাড়িটাকে যতখানি ফাঁকা ভেবেছিল অর্জুন ততখানি ফাঁকা নয় ওটা। চারটে বেঞ্চ। তার তিনটে জুড়েই নাক ডাকিয়ে ঘুমোচ্ছে তিনজন। এ পাশের লোকটার ঠোঁট দুটো নিশ্বাস টানার সাথে সাথে ফড় ফড় করে কাঁপছে। ভারী অদ্ভুত লাগছে অর্জুনের। কতদূর যাবে লোকটা? কলকাতা! হয়ত তাই, নইলে এভাবে ঘুমোতে পারে কেউ। ও পাশের বেঞ্চের উপর দুটো লোক বসে বসে ঢুলছে। ওদিকের দরজার কাছে হাঁটু মুড়ে বসে আছে একজন। অর্জুন লোকটাকে দেখেই আঁতকে উঠল। কুষ্ঠ ভিখিরী। এও কি শিয়ালদা যাবে? অর্জুনের মতো বে-টিকিটেই চলেছে বোধহয় লোকটা।

নিশ্চয়ই তাই, নইলে ওভাবে জড়সড় হয়ে বসে থাকে!

হঠাৎ অর্জুন কেমন যেন ভরসা পাচ্ছে মনে মনে। যা হোক একজন সঙ্গীতো পাওয়া গেল! লোকটার দিকে একমনে তাকিয়ে রইল অর্জুন।

গাড়িটা সাঁ সাঁ করে ছুটে চলেছে। জানালার ধার ঘেঁষে ছোট ছোট ঝোপগুলি শব্দ করতে করতে ছুটে যাচ্ছে।

হঠাৎ সামনের বেঞ্চের বাবুটি উঠে বসল। রুমাল বার করে মাথার উপর একবার ঘষে নিল। হাই তুলতে তুলতে ধনুকের মতো বাঁকা হয়ে উঠল। তারপর জানালার দিকে মুখ ঘুরাতে গিয়েই চোখ দুটো ওর অর্জুনের দিকে এসে আটকে গেল। সর্বনাশ, অর্জুন চমকে উঠল। নামিয়ে দেবে নাতো আবার।

লোকটা গালি গালাজ করল না অর্জুনকে। কিংবা সেই কুষ্ঠ ভিখিরীটাকেও। শুধু ছোট ছোট কয়েকটা কথায় বুঝিয়ে দিল, এটা যাত্রী গাড়ি নয়, রেলবাবুদের গাড়ি।

আবার এক অনিশ্চয়তা......আবার অসহায়তা। অর্জুন চোখ মুখ বুজে গাড়িটার ঝাঁকানি অনুভব করতে লাগল।

অনেকক্ষণ ধরে গাড়িটা ছুটে চলল একটানা। তারপর আবার তার গতি কমতে লাগল। যেন ক্লান্ত হয়ে পড়েছে কলকব্জাগুলি। একটু জিরিয়ে নিতে চায় আবার। হ্যাঁ গতি ঠিকই কমে যাচ্ছে। ধলভূমগড় এসে গেল নাকি! অর্জুনের চোখ মুখ আবার ফ্যাকাশে হয়ে উঠেছে। কি বিশ্রীভাবে লোকটা চোখ ঘুরিয়ে ঘুরিয়ে অর্জুনকে লক্ষ্য করছে। বেচারা অর্জুনের জন্য কারো মায়া নেই। সত্যি সত্যি অর্জুনের চোখ দুটো ভিজে উঠেছে। অর্জুন যেন ভেঙে পড়ছে ধীরে ধীরে।

একটা ঝাঁকি খেয়ে গাড়িটা থেমে পড়ল। অর্জুনকেও নামিয়ে দিল লোকটা। সেই কুষ্ঠ ভিখিরীটাকেও।

প্লাটফরমে নেমে অর্জুন কেমন চুপসে গেল আবার। টিমটিমে কয়েকটা বাতি জ্বলছে এ দিক ও দিক। ঘাটশীলার মতো আলো উজ্জ্বল নয় ধলভূমগড়। তবু অর্জুনের ভয় কাটছে না। থর থর করে ওর পায়ের আঙুলগুলো কেঁপে উঠল একবার। এবার কি করবে অর্জুন! কত লোকই তো উঠছে নামছে। কি তাড়াহুড়ো চলেছে কামরাগুলোর দরজায়। অর্জুন ঘুরিয়ে ঘুরিয়ে খানিকটা পিছিয়ে এল। না, এই ওঠা নামার তাড়াতাড়িতেই ওকে উঠে পড়তে হবে কোন কামরায়। আরো পেছন দিকে এগিয়ে এল অর্জুন। ভিড়ের মধ্যে টিকিটবাবুকে দেখা যাচ্ছে না। আর দেখা গেলেও না। অর্জুন যেন মরিয়া হয়ে উঠেছে। এতদূর যখন পৌঁছানো গেছে শিয়ালদাও যাবে। তার মানে শিয়ালদা স্টেশন মনে মনে আবৃত্তি করল অর্জুন, রেলগাড়ি চড়ে চলেছি শিয়ালদা।

বুড়িদিদের বাঁকাচোরা মুখ আর চোখ দুটো যেন আবার ভেসে উঠছে অর্জুনের মনে। বুড়িদির মন বলছে কত কম রোজগার করছিস অর্জুন। খাওয়া বন্ধ করে দেব, তেমনি মনে থাকে যেন। অর্জুন ঠোঁট চাটতে চাটতে এগোতে লাগল। মুখের চামড়ায় চাপ চাপ নুন জমা বুড়িদির মুখটাও চোখের ওপর ভাসছে। বুড়িদির সঙ্গে পাল্লাপাল্লি করে একটা দিন টিকে থাকতে পারেনি অর্জুন। বুড়িদের এত কাছে কোনদিনই পায় না অর্জুন। বুড়িদিদের ইচ্ছে নয় ওরা একসাথে বসে গল্প গল্প ফুসুর ফুসুর করুক। কে জানে কার মনে কি থাকে!

অর্জুন ঠোঁট দুটো চাটতে চাটতে এগোতে লাগল। নাঃ, ফাঁকা গাড়ি একটাও নজরে পড়ছে না অর্জুনের। কোথায় উঠবে ও। সামনের দিকে এগিয়ে দেখবে একবার?...

গাড়ির হুইসিল বেজে উঠল। সাথে সাথে ঘণ্টিও। নড়ে উঠেছে গাড়িটা। অর্জুন লাফিয়ে একটা বগির রড ধরে ঝুলে পড়বার চেষ্টা করল, কিন্তু কার যেন হাঁটুর গুঁতোয় পাক খেয়ে ঘুরে পড়ল বেচারা। উঃ, ভীষণ জোরে পড়ে গেছে ও। কিন্তু সেদিকে এখন লক্ষ্য নেই অর্জুনের। গাড়ির গতি যেন বাড়ছে ক্রমশ। যেভাবেই হোক উঠতেই হবে ওকে। উঠতেই হবে। গতি আরো বাড়ছে। অর্জুন আবার লাফিয়ে আর একটা বন্ধ বগির রড ধরে ঝুলে পড়ল। এটা কি কামরা? দরজার ওপর দিকে তাকাল অর্জুন। অন্ধকার। কিছুই ও দেখতে পাচ্ছে না। কোন দাগ টাগই নেই মনে হচ্ছে ওর। কোন ক্লাস এটা? থার্ড, না কি? পাশেই একটা জানালা রয়েছে মনে হচ্ছে। লোহার শিক লাগানো জানালা। ভেতরে কোন আলো জ্বলছে না বোধ হয়। জ্বললে বাইরে থেকে একটু না একটু দেখা যেত। অনেক গাড়িতে আলো থাকে না, এ গাড়িতেও হয়তো নেই। কিন্তু কোন ক্লাস এটা?

শক্ত করে রডটা চেপে ধরে অর্জুন দুলতে লাগল। কপালের পাশে চিন চিন করে একটা যন্ত্রণা অনুভব করছে ও। হাঁটুর পাশটা মচকানোর ব্যথাটা লাগছে। দরজার গায়ে পায়ের চামড়ায় যেন ছুরির ফলার মতো বিঁধে যাচ্ছে। চুলগুলো এলোমেলো হয়ে উড়ে মুখে জড়িয়ে যাচ্ছে। ভীষণ ভয় হচ্ছে অর্জুনের। ভীষণভাবে ধড়ফড় করছে ওর বুকের মধ্যে। এতক্ষণেই ওর হাতের কব্জিতে জোর কম, তার এভাবে ঝুলে থাকা, যে কোন মুহূর্তেই হাত ফস্কে যেতে পারে, টেলিগ্রাফের খুঁটিতে ধাক্কা লেগে যেতে পারে। আর ধাক্কা লাগলে অর্জুনের মাথাটা থ্যাঁতলানো যেন রবারের বলের মতো লাফিয়ে লাফিয়ে উঠবে। লোহার ঠাণ্ডা শক্ত রডটাকে চেপে ধরে রইল অর্জুন। দরজার গায়ে আরো লেপটে যাওয়ার চেষ্টা করল। হাতটা দরজার পাল্লার গায়ে ঝাঁকুনিতে ধীরে ধীরে আবার অবশ হতে লাগল। লোহার হাতলটা সত্যি খুব ঠাণ্ডা। দুটো বুকের সেই ঠাণ্ডা ওর সারা গায় যেন পাক খেয়ে খেয়ে বেড়াচ্ছে। হাত দুটো অবশ হয়ে উঠেছে, হাত দুটো যেন ওরই নয় এমনি মনে হচ্ছে ওর।

যদি এই ছুটে পালানো লোহার পেটটার গায় একটা আঘাত খেয়ে অর্জুন। রক্তে ভিজে উঠত মাটি। এই অন্ধকারের মধ্যে অবশ্য কেউ টের পেত না, গাড়িটা ঠিকই ছুটতে ছুটতে চলে যেত। শিয়ালদা ছাড়িয়ে আরো অনেক দূর চলে যেত, কিন্তু অর্জুন...

হঠাৎ চমকে উঠল অর্জুন। এটা কি গাড়ির বাবা; ভেতর থেকে যেন ছাগল ডাকার শব্দ ভেসে এল! এতক্ষণে খেয়াল হল ওর গরু ছাগলের গাড়ি বোধহয় এটা! হ্যাঁ, দরজার গায় কেমন যেন একটা গন্ধ পাচ্ছে অর্জুন। জন্তু জানোয়ার নিয়ে

যাবার ফাঁক না হলে অমন অন্ধকার হয় ভেতরটা। জানালার শিকগুলো দিয়ে ফাঁক ফোকর অত্যো কম রাখা হয়!

দরজাটা অমন চওড়া ধরনের হয়! প্রথমেই কেমন সন্দেহ হয়েছিল ওর।

কি নিশ্চিন্তেই না চলেছে ছাগলগুলো। অর্জুনের ইচ্ছে হল জানালা গলিয়ে ভেতরে ঢুকে পড়ে ও-গুলোর পাশে একটুখানি জায়গা করে নেয়। কিন্তু ভেতরে ঢোকা কি সম্ভব, জানালা গলিয়ে একটা বেড়ালও ঢুকতে পারে কিনা সন্দেহ। অর্জুন তো দূরের কথা। জানালার ফাঁক দিয়ে ভেতরটা একটু দেখবার চেষ্টা করল অর্জুন। না, অসম্ভব। পায়ের নিচের দিক ঝাঁকিয়ে কেঁপে উঠল অর্জুন। কী ভীষণ জোরে ছুটে চলেছে গাড়িটা। লাইনের পাশে নুড়ি পাথরগুলো সাঁই সাঁই করে ছুটে চলেছে উল্টো দিকে। এত জোরে যে ওগুলোকে আর আলাদা আলাদা ভাবে চিনবার উপায় নেই কোন। যেন একটাই পাথরের চাঁই হয়ে রয়েছে পাথরগুলো। আর তারই উপর ঝকাং শব্দ করে সাঁই সাঁই এগিয়ে চলেছে ট্রেনটা। [illegible] কানে [illegible] শব্দে ওর [illegible] যেন চীৎকার করে উঠছে [illegible] একটুকরো পাথরগুলোর দিকে তাকিয়ে [illegible] অর্জুন [illegible] মাথা ঘুরেই পড়ে যায়। কেমন ঝিমঝিম করে উঠেছিল ওর মাথাটা। [illegible] নিয়ে অর্জুন আকাশের দিকে তাকাল। এখন আর তাকাবার [illegible] নেই। [illegible] প্রকাণ্ড হয়ে [illegible] হাজার কুঁচি কুঁচি [illegible] এক [illegible] উঠছে যেন। সমস্ত অন্ধকার [illegible] নেই, উপরে আকাশ, নিচে পাথরের মতো শুধু নিরেট মাটির চাপ। অর্জুনের মনে হল এই পরিবেশের মধ্যে ও কত ছোট কিন্তু ওর বেঁচে থাকার ইচ্ছেটা কত বড়।

চোখ বন্ধ করল অর্জুন। আবার ও নাকটাকে দরজার গায় খুঁটিয়ে [illegible] চলতে লাগল। গাড়ির গতি আবার কমে আসতে লাগল। হাঁ চোখ বন্ধ রেখেই অর্জুন ঝোঁক সামলাতে সামলাতে বুঝতে পারছে অনেক ধীরে ধীরে চলছে গাড়িটা। মনে হচ্ছে যেন নুড়ি পাথরগুলো এখন আলাদা আলাদা হয়ে ছুটছে। পিছনে সরে যাচ্ছে কেবল। বিরাট বিরাট [illegible] গাছগুলো এখনো ছুটছে, তবে হাঁপিয়ে পড়া মানুষের মতো অনেক কষ্টে অনেক ধীরে। চোখ মেলে তাকাতেই অর্জুন বুঝতে পারল সামনেই একটা স্টেশন। কোকপাড়াও তবে পৌঁছান গেল। দূর থেকে স্টেশনের বাতিগুলো কেমন অদ্ভুত লাগছে অর্জুনের কাছে। ঐ আলোগুলোকে লক্ষ্য করেই ছুটে চলেছে গাড়িটা। এক লাইন থেকে আরেক লাইনে গড়িয়ে গড়িয়ে চলেছে। দেখতে দেখতে কোকপাড়া এসে গেল। গাড়িটাও শেষ শিটিটা দিয়ে থেমে পড়ল। এখনো চাকুলিয়া বাকি। চাকুলিয়া, তারপরই গিধনী।

গিধনীতে যেন নেশায় এসে পড়েছে অর্জুন, এমনি মনে হতে লাগল ওর। সেটা মুহূর্তের মধ্যে খুঁশিতে ঝলমল করে উঠল। যেন বাঁচি তার ভাঙা পাটা নিয়ে খোঁড়াতে খোঁড়াতে অর্জুনের সামনে এগিয়ে এসেছে। খুঁশিরাম তো এখন নেই এখানে, বাঁচির এগিয়ে আসতে মানা কি! বাঁচি আর অর্জুন পা [illegible] করে চলেছে। কত লোক এগিয়ে যাচ্ছে, পিছিয়ে যাচ্ছে, খুশি হয়ে দু'চার পয়সা ওদের দিয়ে যাচ্ছে। বাঁচি আর অর্জুন দু'হাত তুলে ভগবানের নাম ধরে ডাকছে।

হঠাৎ বাঁচির চোখ দুটো যেন [illegible] খুঁশিরামের খাঁকা-চোয়াল আর টেকো [illegible] চোখ দুটো এগিয়ে আসছে। খুঁশিরাম যেন [illegible] পরিস্থিত অর্জুন। [illegible] বন্ধ করে [illegible]

খুঁশিরামের [illegible] জন্য [illegible] অর্জুনকে [illegible] হয়ে এই গাড়ির [illegible] কাহিনীটা [illegible] মুহূর্তেই অর্জুন এই [illegible] স্টেশনগুলোর [illegible] খুঁশি- [illegible] অর্জুন [illegible] দিতে পারে।

সাহিত্যে নোবেল পুরস্কারের ইতিহাসকে কামু দুদিক থেকে চিহ্নিত করে গেলেন। তিনি পুরস্কার পেয়েছেন সবচেয়ে কম বয়সে, আর, এত কম বয়সে কোনো নোবেল পুরস্কারপ্রাপ্ত লেখকের মৃত্যু হয়নি। সোমবার, ৪ঠা জানুয়ারি মোটর দুর্ঘটনায় কামু পরলোকগমন করেছেন। গত ৭ই নভেম্বর তাঁর ছেচল্লিশ বছর পূর্ণ হয়েছিল।

১৯১৩ সালের ৭ই নভেম্বর আলজিরিয়ার অন্তর্গত মোনদোভিতে আলবেয়ার কামু জন্মগ্রহণ করেন। তাঁর বাবা ছিলেন ভূমিহীন কৃষিমজুর। খুব কষ্টের সংসার। তবু চলছিল একরকম। কিন্তু কামুর বয়স এক বছর পূর্ণ না হতেই বাবার মৃত্যু হয় প্রথম মহাযুদ্ধে। সুতরাং জন্মের কিছুদিন পর থেকেই কামুর জীবনের কঠোর দিকটার সঙ্গে মুখোমুখি পরিচয় হয়েছে। নিদারুণ প্রতিকূল অবস্থার সঙ্গে সংগ্রাম করে ১৯৩৬ সালে কামু আলজিয়ার্স বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পরীক্ষায় পাশ করেন। তিনি ছিলেন দর্শনের ছাত্র।

সাংস্কৃতিক জীবনে কামুর প্রথম প্রবেশ আলজিয়ার্স শহরে নবনাট্য আন্দোলনের সংগঠনকারী হিসাবে। বহু খ্যাতনামা লেখকের নাটক তিনি পরিচালনা করেছেন এবং নানা চরিত্রে অভিনয় করেছেন। অভিনয়ের প্রতি তাঁর আকর্ষণ মৃত্যু পর্যন্ত অটুট ছিল।

দ্বিতীয় মহাযুদ্ধের প্রথমভাগে কামু আলজিরিয়ার এবং ফ্রান্সের সংবাদপত্রের অফিসে চাকরি করেছেন। জার্মানির নিকট ফ্রান্সের পতনের পর কামু আলজিরিয়ায় এসে স্কুলে শিক্ষকতা আরম্ভ করেন। স্কুলের শান্ত পরিবেশে তাঁর নিয়মিত সাহিত্যচর্চার সুযোগ হয়। ১৯৪২ সালে কামু প্যারিস এসে প্রতিরোধ আন্দোলনে যোগ দেন। নিজের নিরাপত্তার প্রশ্ন অগ্রাহ্য করে প্রতিরোধ আন্দোলন সফল করবার জন্য তিনি দিবারাত্রি কাজ করেছেন।

১৯৫৭ সালে কামুকে নোবেল পুরস্কার দেওয়া হয়

"for his important literary work which illuminates, with penetrating purposiveness, the problems of the human conscience in the contemporary world."

ঐ বছর নোবেল কমিটি আঁদ্রে মালরো, সেন্ট-জন পের্স এবং নিকোস কাজান্ট-জাকিসের দাবিও বিচার করেছিলেন। পুরস্কারের খবর পেয়ে কামু বিস্মিত হয়ে বললেন,

"Had I been a judge, I would have voted for Andre Malraux."

এই উক্তি থেকে কামুর উদারতার পরিচয় পাওয়া যায়। অবশ্য একথা বলতে হয় যে, কামু মালরোর ভক্ত, সাহিত্য সাধনায় তাঁর নিকট ঋণ স্বীকার করতে কামু কখনো কুণ্ঠিত হননি।

১৯৩৭ সালে কামুর প্রথম প্রবন্ধ-পুস্তক বের হয়। মাত্র একশ কপি ছাপা হয়েছিল। তাঁর পরবর্তী বই Noces প্রকাশিত হয় দু' বছর পরে। এ-বইয়ের প্রবন্ধগুলিতে তরুণ মনের রোমান্টিক উচ্ছ্বাস প্রকাশ পেলেও এখানেই প্রথম লেখকের শক্তির পরিচয় পাওয়া গেল। ১৯৪২ সালে বের হল 'দি আউটসাইডার' বা 'দি স্ট্রেঞ্জার'। এই উপন্যাস য়ুরোপ আমেরিকায় অল্পদিনের মধ্যে অভূতপূর্ব সমাদর লাভ করে। মানুষ এই পৃথিবীতে


সাম্প্রতিক প্রকাশনা

সাগর-নগর কুমারেশ ঘোষ ৩·৫০ ॥ বিদ্যাসাগর ও বাঙালী সমাজ (তৃতীয় খণ্ড) বিনয় ঘোষ ১২·০০ ॥ অপারেশন নীহাররঞ্জন গুপ্ত ৬·০০ ॥ রাজা ও মালিনী বারীন্দ্রনাথ দাশ ৩·০০ ॥ মণিপদ্ম সুবোধকুমার চক্রবর্তী ৪·০০

বৃষ্টি, বৃষ্টি! ॥ মনোজ বসু

রাজনৈতিক প্রবঞ্চনার সঙ্গে সংঘাত লাগল সত্যসন্ধ জ্ঞানীর পেশায়। ফলে সুস্থির থাকতে দিল না ইতিহাসের শান্তিকামী সাধককে। তারই সঙ্গে চরিত্রের নিকৃষ্টচোরা নিষিদ্ধ অনুরাগের আলাপ। সমাজের সর্বদিকে সূক্ষ্ম-দৃষ্টি মনোজ বসুর। তারই সার্থক উদাহরণ এই বৃহৎ এবং মহৎ উপন্যাসে। ॥ তৃতীয় মুদ্রণ : ৬·০০ ॥

জরাসন্ধ

তামসী (ষষ্ঠ মুদ্রণ) ৫·৫০
লৌহকপাট (প্রথম খণ্ড : দ্বাদশ মুদ্রণ) ৩·৫০
লৌহকপাট (দ্বিতীয় খণ্ড : নবম মুদ্রণ) ৩·৫০
লৌহকপাট (তৃতীয় খণ্ড : চতুর্থ মুদ্রণ) ৫·০০

নীলকণ্ঠ

জলা ও প্রভাব (দ্বিতীয় মুদ্রণ) ৫·০০
হ রে ক র ক ম বা (দ্বিতীয় মুদ্রণ : ২·৫০)
ছিন্ন ও বিচ্ছিন্ন (চতুর্থ মুদ্রণ : ৩·৫০)

হরেকরকমবা

সপ্তপদী তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ২·০০ ॥ পুতুলনাচের ইতিকথা মানিক বন্দ্যোপাধ্যায় ৫·৫০ ॥ সৈয়দ মুজতবা আলীর পঞ্চতন্ত্র, ময়ূরকণ্ঠী এবং জলে ডাঙায় প্রত্যেকটি ৩·৫০ ॥ শ্রেষ্ঠ গল্প প্রভাতকুমার মুখোপাধ্যায় ৫·০০ ॥ বরযাত্রী বিভূতিভূষণ মুখোপাধ্যায় ৩·৫০ ॥ রবিতীর্থে বিনায়ক সান্যাল ৪·০০ ॥ কাশ্মীর প্রিন্সেস কার্নিক ৪·০০ ॥ অমৃতকুম্ভের সন্ধানে কালকূট ৫·০০ ॥ কাব্য-বিতান (সিনিয়র কেম্ব্রিজে অনুমোদিত) প্রমথনাথ বিশী ও তারাপদ মুখোপাধ্যায় সম্পাদিত ১০·০০ ॥ ভেলকি থেকে ভেষজ আনন্দকিশোর মুন্সী ৫·০০ ॥ এরিস্টটলের পোয়েটিকস্ ও সাহিত্যতত্ত্ব সাধনকুমার ভট্টাচার্য ৬·৫০ ॥ বিদেশ-বিভুঁই দক্ষিণারঞ্জন বসু ৬·০০

বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড ॥ কলকাতা—বারো

আগন্তুকের মতো কয়েক দিনের জন্য বাস করতে আসে। সংসারের অন্ধ নির্মম নিয়মের সঙ্গে মানুষের আদর্শ ও আশা-আকাঙ্ক্ষার কোন মিল নেই। তাই তাকে সারাজীবন নিষ্ফল সংগ্রাম করে যেতে হয়। য়ুরোপের সমকালীন বুদ্ধিজীবী গোষ্ঠীর মনের প্রতিফলন পাওয়া যাবে এই কাহিনীতে। ঐ বৎসরই প্রকাশিত হয় 'দি মিথ অব সিসিফাস।' 'দি আউটসাইডারে' যা বলেছেন, প্রবন্ধ-পুস্তক 'দি মিথ অব সিসিফাসে' সেই তত্ত্বকেই আরও বিশদ-রূপে আলোচনা করা হয়েছে। করিন্থের রাজা সিসিফাসকে দেবতার অভিশাপে বিরাট এক প্রস্তর খণ্ডকে পাহাড়ের চূড়ার দিকে ঠেলে তুলতে হয়। কিন্তু বৃথা চেষ্টা। কিছুদূর তোলবার পর পাথর গড়িয়ে নীচে নামে, আবার সিসিফাস পেছনে পেছনে ছুটে এসে ঠেলতে আরম্ভ করে। অবিশ্রাম এই অসম্ভব চেষ্টা চলছে। মানুষের ভাগ্যও তেমনি। জন্মের পর দেখতে পায় সে 'অ্যাবসার্ডের' প্রাচীরে বন্দী। সারাজীবন তাকে অসম্ভবের বিরুদ্ধে লড়াই করে যেতে হয়।

কাম্যু (১৯১৩—১৯৬০)

দু' বছর পরে 'ক্রস পারপাসেস' এবং 'কালিগুলা' নামে দুটি নাটক বের হল। প্রথমটিতে বহুকাল পরে প্রত্যাগত প্রবাসী নায়ককে চিনতে না পেরে মা ও বোন কি করে তাকে হত্যা করল, তারই মর্মন্তুদ কাহিনী বলা হয়েছে। এটি নিঃসন্দেহে প্রতীকী নাটক। যথার্থ পরিচয় না পেয়ে আত্মীয়-বন্ধুদেরও আমরা কেমন করে নির্যাতন করি, মনুষ্যত্ব বিকাশে বাধা দেই—এই নাটকে কামু তা বোঝাতে চেয়েছেন। 'কালিগুলা' এক উদ্ধত রোমান সম্রাটের কাহিনী উপলক্ষ্য করে রাজার হাতে নগ্ন চরম ক্ষমতার স্বরূপ বিশ্লেষণের সার্থক প্রচেষ্টা।

১৯৪৭ সালে পাওয়া গেল আর একটি উপন্যাস—'দি প্লেগ'। আলজিরিয়ার ওরাঁ বন্দর প্লেগের মড়কে আক্রান্ত হয়েছে। ডাঃ বেরনার রিয়োর নেতৃত্বে একদল স্বেচ্ছা-সেবক মড়কের বিরুদ্ধে লড়াই করে শহর রোগমুক্ত করল। এটিও প্রতীকধর্মী উপন্যাস। হিটলারের শাসন প্লেগের মতো ভয়াবহ। লেখক ও পাঠকের মনে ছিল হিটলারের কথা। সংঘবদ্ধ হয়ে প্রতিরোধ করলে এই ভয়াবহ অবস্থাকেও ঠেকানো যেতে পারে।

পরবর্তী প্রবন্ধ পুস্তকে 'দি রিবেল (১৯৫১)'-এ কামু য়ুরোপে বিগত দু'শ বছরে যত রাজনৈতিক ও চিন্তা বিপ্লব ঘটেছে তা বিশ্লেষণ করে বর্তমানে বাঁচবার পথ সম্বন্ধে ইঙ্গিত দিতে চেষ্টা করেছেন। শিল্প ও সাহিত্যের সঙ্গে বিপ্লবের সম্পর্ক নিয়ে মনোজ্ঞ আলোচনা আছে।

কামু তাঁর সর্বশেষ উপন্যাস 'দি ফল (১৯৫৬)'এ নতুন পথ ধরেছেন। এতদিন তিনি বাহিরের বাধা ও এক অন্ধ অদৃশ্য-শক্তির বিরুদ্ধাচারণের জন্যই মানুষের আদর্শের ব্যর্থতাকে দায়ী করেছেন। কিন্তু 'দি ফল'-এর নায়ক জাঁ-বাপ্তিস্ত ক্লামেন্স উপলব্ধি করেছে তার পতনের জন্য সে নিজেই দায়ী।

ইংরেজী অনুবাদে কামুর সর্বশেষ বই Exile and the Kingdom (১৯৫৭)। এটি ছয়টি ছোট গল্পের সংকলন। গল্পগুলি [illegible] এবং একটি ঐক্যসূত্রে গ্রথিত। পারিপার্শ্বিক অবস্থার সঙ্গে বিরোধের বেদনাই এই ঐক্যসূত্র। এই সংকলনের শ্রেষ্ঠ গল্প [illegible]।

কামুর অনেকগুলি বই এখনো ইংরেজীতে অনুবাদ হয়নি। সেগুলি এখানে উল্লেখ করা হল না। তিনি কোয়েসলারের সঙ্গে মিলিতভাবে প্রাণদণ্ড রহিত করবার পক্ষে একটি বই লিখেছেন। এটি সম্ভবত তাঁর শেষ রচনা।

সাহিত্য-রসিকদের নিকট কামুর অকাল-মৃত্যু বিশেষ ক্ষোভের কারণ হয়েছে। তাঁর রচনা এখনো পরিণতি লাভ করেনি। 'আউটসাইডার' থেকে আরম্ভ করে প্রত্যেকটি বইতে তিনি নতুন পথে চলেছেন। কামুর রচনার আঙ্গিক ও মানসিকতার নিরবচ্ছিন্ন ক্রমবিবর্তন লক্ষণীয়। 'আউট-সাইডারের' নায়ক মারসো নিঃসঙ্গ, পৃথিবীতে সে নিজেকে আগন্তুক মনে করে। কিন্তু 'দি প্লেগে' ডাঃ রিয়োর জীবনে তেমন নিঃসঙ্গতা নেই। তিনি অনেকের সঙ্গে মিলিতভাবে জনসেবার আদর্শে উদ্বুদ্ধ হয়ে কাজ করেছেন। 'দি ফল'-এর পূর্ববর্তী রচনায় সমসাময়িক ঘটনা ও চিন্তাধারা বিশেষ প্রাধান্য লাভ করেছে। তাই প্রথম পর্বে জীবনে সাফল্য লাভের অন্তরায় হিসাবে বাইরের ঘটনাকেই বড় করে দেখিয়েছেন কামু। আর এই পর্বে আমরা তাঁর লেখায় মেলভিল, হেমিংওয়ে, জিদ, মালরো এবং প্রাচীন গ্রীক লেখক প্রভৃতির প্রভাব সুস্পষ্টরূপে দেখতে পাই। 'দি ফলেই' কামুর স্বকীয়তা ফুটে উঠেছে। তাঁর নায়ককে এখানে শুধুই পরিবেশের ক্রীড়নক হিসাবে পাই না, পাই মানুষ হিসাবে। নায়কের মানসিকতা তার পরিবেশের ঊর্ধ্বে স্থান পেয়েছে। কাম্যু

নীহার রঞ্জন গুপ্তের
সর্বাধুনিক উপন্যাস
[illegible]
দাম—৮, টাকা
আর, এন, চ্যাটার্জী এণ্ড কোং
২৩, নির্মল চন্দ্র স্ট্রীট, কলিকাতা—১২

রচনাবলী পর্যালোচনা করলে এই সিদ্ধান্তেই পৌঁছাতে হয় যে, কীর্তির চেয়ে তাঁর ভবিষ্যৎ জীবনের সম্ভাবনাই ছিল মহত্তর।

কামু নিজেও একথা উপলব্ধি করেছিলেন। উপন্যাসের মানদণ্ডে বিচার করে তিনি তাঁর তিনটি কাহিনীর একটিকেও প্রকৃত উপন্যাস হিসাবে স্বীকৃতি দিতে পারেন নি। তাঁর মতে 'আউটসাইডার' ও 'দি ফল' শুধু recit বা ধারাবিবরণী; 'দি প্লেগ' হল chronique বা রিপোর্ট। একটিকেও বৃহৎ উপন্যাস রচনার প্রস্তুতি বলা যেতে পারে। কামু 'দি ফার্স্ট ম্যান' নামে একটি বৃহৎ উপন্যাস রচনায় হাত দিয়েছিলেন। নায়কের জন্ম থেকে বড় হওয়া পর্যন্ত জীবনের বিস্তৃত বিবরণ থাকবে। এই ছিল তাঁর পরিকল্পনা। এই উপন্যাস কামুর [illegible] শেষ করে যাওয়া সম্ভব হয় নি।

কামু জীবন অপেক্ষা মৃত্যুর কথা বেশী বলেছেন। তিনি জীবনবিলাসী নন, মৃত্যুবিলাসী এমন অভিযোগ কেউ কেউ করেছেন তাঁর বিরুদ্ধে। এই অভিযোগ যথার্থ নয়। মৃত্যুর অর্থহীনতা উপলব্ধি করে তিনি জীবনকে আরো নিবিড়ভাবে আঁকড়ে [illegible] এবং [illegible] কামুর জীবনের প্রথম পর্বটি যক্ষ্মা আক্রান্ত হয়ে কেটেছিল। [illegible] তাঁর [illegible] মৃত্যু [illegible] হওয়ার পর [illegible] তাঁর মৃত্যু হয়েছে— [illegible] জীবন মৃত্যুর [illegible] দ্বিতীয় মহাযুদ্ধের সময় [illegible] আকস্মিক [illegible] মৃত্যুর সঙ্গে [illegible] মুখোমুখি [illegible] হয়েছে [illegible] মৃত্যু [illegible] অনিবার্য [illegible] ও আকস্মিক [illegible] বিরুদ্ধে আমাদের নিরন্তর [illegible] সংগ্রাম করতে হয়। কামু তাঁর প্রধান প্রধান রচনাগুলিতে মানুষের [illegible] কথা বলেছেন। মানুষের [illegible] বন্দী; মানুষ নিজে বন্দী সমাজের যুক্তিহীন অন্যায় [illegible] মধ্যে। 'আউটসাইডার' সমাজের নিয়মে বন্দী; [illegible] বন্দী [illegible] প্লেগের প্রকোপে। 'দি ফল' এর নায়ক বিবেক-যন্ত্রণার শৃঙ্খলে বন্দী। মানুষের এই [illegible] উপলব্ধি করেও কামু জীবন-বিদ্বেষী নন। তিনি বলেছেন: In the midst of winter, I finally learned that there was in me an invincible summer."

'দি মিথ অব সিসিফাস'-এ তিনি জীবন-যন্ত্রণা থেকে মুক্তি পাবার জন্য আত্মহত্যার কথা নাকচ করে দিয়েছেন। দুঃখ, যন্ত্রণা, [illegible] সত্ত্বেও বাঁচতে হবে; অবিরাম [illegible] করতে হবে জীবনের [illegible] পরিবেশের বিরুদ্ধে। সংগ্রাম করে প্রত্যক


প্রকাশিত হল

[illegible]
[illegible]

## চিন্তামণি করের

# সান্নিধ্য

[illegible]

[illegible] অপূর্ব গ্রন্থ। দাম ৪.০০

সম্প্রতি প্রকাশিত

| | | |
|---|---|---|
| পান্থনিবাস | ॥ আশাপূর্ণা দেবী ॥ | ৪.০০ |
| তীরভূমি | ॥ শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ॥ | ৪.৫০ |
| অগ্নিসাক্ষী | ॥ প্রবোধকুমার সান্যাল ॥ | ৩.৫০ |
| নীলাঞ্জনছায়া | ॥ শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ॥ | ৩.০০ |
| দুটি চোখ দুটি মন | ॥ রমাপদ চৌধুরী ॥ | ২.৫০ |
| ইষ্টি কুটুম | ॥ লীলা মজুমদার ॥ | ৩.৫০ |
| মন মানে না | ॥ গৌরকিশোর ঘোষ ॥ | ৩.৭৫ |
| শুক্লসন্ধ্যা | ॥ সরোজকুমার রায়চৌধুরী ॥ | ৫.০০ |
| সুখের রেখা | ॥ সন্তোষকুমার ঘোষ ॥ | ৫.০০ |
| একান্ত আপন | ॥ শরদিন্দু বন্দ্যোপাধ্যায় ॥ | ৪.০০ |

[illegible] বই

| | | |
|---|---|---|
| [illegible] | আপন প্রিয় [illegible] | ৩.০০ |
| | কথাকলি [illegible] | ৩.০০ |
| [illegible] | [illegible] | ৩.০০ |
| [illegible] | [illegible] | ৩.৫০ |
| [illegible] | [illegible] | ৩.০০ |
| [illegible] | [illegible] | ২.৭৫ |
| [illegible] | [illegible] | ৩.৫০ |
| [illegible] | [illegible] | ৭.০০ |
| [illegible] | [illegible] | ৩.০০ |
| [illegible] | [illegible] | ২.৫০ |
| [illegible] | [illegible] | ৪.০০ |
| [illegible] | [illegible] | ৪.০০ |
| [illegible] | [illegible] | ৩.২৫ |
| [illegible] | [illegible] | ৩.৫০ |
| [illegible] | [illegible] | ৩.০০ |
| [illegible] | [illegible] | ৪.০০ |
| [illegible] | [illegible] | ৪.০০ |
| | ॥ অনুবাদ সাহিত্য ॥ | |
| [illegible] | [illegible] | ৩.০০ |
| [illegible] | [illegible] | ২.৫০ |

প্রকাশের অপেক্ষায়

[illegible]

ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড, কলিকাতা-১২

কোন ফল পাওয়া যাবে না; কিন্তু আমরা সকলে রুখে দাঁড়ালে জীবন-বিদ্বেষী শক্তিগুলি প্রবল হতে পারবে না, তাই কাম্যু বলেন, ফলের আশা না করে লড়াই করে যেতে হবে। এই প্রসঙ্গে আমাদের দেশের নিষ্কাম কর্মবাদের কথা মনে পড়ে।

অন্য কোন আশা যখন নেই, তখন বেঁচে থাকার অনুভূতিটাই সবচেয়ে বড় কথা। তবে নিষ্ক্রিয় হয়ে বাঁচা নয়, অ্যাবসার্ডের বিরুদ্ধে লড়াই করে বাঁচা। অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর মধ্যেই আমাদের জীবনের সার্থকতা। বর্তমানে ধর্ম, প্রেম, সত্য প্রভৃতি সম্বন্ধে আমাদের চিরাগত আদর্শবাদের ব্যর্থতা দেখছি। এই পরিবেশে কাম্যু এবং অস্তিত্ববাদীদের জীবন-দর্শনই মানুষকে চরম হতাশা থেকে রক্ষা করতে পারে। কাম্যু অস্তিত্ববাদী কিনা সেই তর্ক না তুলেও বলা যেতে পারে তাঁর ভাবধারা অস্তিত্ববাদের সগোত্র। শিক্ষায় ও সংস্কৃতিতে বহু উন্নত হয়েও যুদ্ধে ফ্রান্সের পতন হল,—এই একান্ত অযৌক্তিক কারণ-সঞ্জাত অভিমান থেকেই ফ্রান্সে অস্তিত্ব-বাদের প্রসার ঘটেছে।

কাম্যু যে মৃত্যুবিলাসী নন তার আর একটি প্রমাণ তাঁর বিদ্রোহের সমর্থন। দি রিবেল গ্রন্থে কাম্যু বিদ্রোহ সম্বন্ধে তাঁর ধারণা বিশ্লেষণ করেছেন। সুস্থ ও সুন্দর জীবনের প্রতি যাদের গভীর আসক্তি তারাই বিদ্রোহ করে। সুন্দর জীবনকে যথার্থরূপে সুপ্রতিষ্ঠিত করবার জন্য বিদ্রোহ বা বিপ্লবের প্রয়োজন। শিল্পী, লেখক ও দার্শনিকের বিদ্রোহ স্বার্থকলঙ্কিত নয়। তাঁদের বিদ্রোহ ভাবগত ও আদর্শগত, তাই বিশুদ্ধ। কাম্যু বলেন: The greatest style in art is expression of most passionate rebellion. সুতরাং "We have art in order not to die from truth."

শিল্পের বিদ্রোহ মৃত্যু, বিশৃঙ্খলা ও অসত্যের বিরুদ্ধে। বিদ্রোহী লেখক হিসাবে কাম্যু তাই মৃত্যুবিলাসী হতে পারেন না। মৃত্যু সম্বন্ধে তিনি উদাসীন; কিন্তু সুস্থ জীবনধারা সম্বন্ধে তাঁর আগ্রহের শেষ নেই। 'কালিগুলা'য় তিনি বলেছেন:

To lose one's life is a little thing ....But to see the sense of this life dissipated, to see our reason for existence disappear: that is what is insupportable."

জীবন এবং শিল্পের মূল উদ্দেশ্য হল পূর্ণ স্বাধীনতা।

"The end of art, the end of each life, can only be to add to the sum of freedom and responsibility that is in every heart and in the world".

কাম্যু স্বাধীনতার জন্য সংগ্রাম করেছে [illegible] উল্লেখ করেছেন। মানুষ হিসাবে [illegible] দেখে [illegible] নেই [illegible] হয়ে [illegible] অস্থির। [illegible] মানুষের ধর্ম।

কাম্যুর [illegible] মধ্যে [illegible] মনে হতে পারে [illegible] কাম্যু [illegible] তিনি [illegible] বিশেষ [illegible] এই সময় [illegible] হয়ে [illegible] লেখক হয়েও [illegible] পারেননি। [illegible] তাঁর [illegible] নেই। তাঁর [illegible] করে রয়েছে।

[illegible] কাম্যুর [illegible] দিয়ে [illegible] সম্পূর্ণ [illegible] দিল। [illegible] নন তিনি। ১৯৫৫ সালে এক [illegible] তিনি বলেছেন:—

"....we refuse to despair of mankind. Without having the unreasonable ambition to save men, we still want to serve them."

মানুষকে রক্ষা করবার চেষ্টা হয়ত দুরাশা; কিন্তু মানুষের সেবা করবার অধিকার তো সকলেরই আছে।

কাম্যুর মানবিকতাবোধ ধর্মনিরপেক্ষ। 'দি প্লেগ'-এ ডাঃ রিয়ো এবং তারোর আলোচনা থেকে এর আভাস পাওয়া যাবে। তারো বলছে:

"How to be a saint without God: that is the only concrete problem I understand today."


প্রেমের গল্পের একটি নিরুপম সংকলন।

**সুশীল জানার** **দ্বিতীয় জীবন** দাম ৩ টাকা

"বাংলা সাহিত্যে তিনি যে বিশিষ্ট ভঙ্গীর অধিকারী গল্পগুলিতে তার সুস্পষ্ট স্বাক্ষর রহিয়াছে।"......যুগান্তর

"যাঁরা কম লেখেন অথচ ভাল লেখেন সুশীল জানা তাঁদেরই অন্যতম গল্পকার ও ঔপন্যাসিক। বহুদিন পরে একটি এক্সপ্রেস ভঙ্গির গল্প লেখায় পাঠক খুশিই হবেন।"......বসুমতী

শীঘ্রই প্রকাশিত হবে প্রবীণ ঔপন্যাসিক

**সরোজকুমার রায় চৌধুরীর উপন্যাস** **মধুচক্র** দাম টাঃ ২·৫০ নঃ পঃ

**মঙ্গল বুক হাউস**

৭৪।১ মহাত্মা গান্ধী রোড, কলি-৯।

(সি-৩০২৫)

প্র কা শি ত হ ল

# প্রেমেই ধন্বন্তরী

**প্রেমেন্দ্র মিত্র প্রণীত ২·৫০**

প্রেমেন্দ্র মিত্র এতকাল যা-কিছু লিখেছেন, তার প্রায় সবগুলোই সাহিত্যের উৎকর্ষ পর্যায়ভুক্ত হয়ে আছে; তবু তাই তাঁর সর্বাত্মক পরিচয় না। অবশ্য অন্যকালের অনাবিল আলো-ছায়ার মতো উজ্জ্বলতার স্বাক্ষর এ-গ্রন্থ তার প্রমাণ। যদি তাই না হত, তা হলে তাঁরই কথায়, 'এ-কাহিনী না লিখলেও পারতাম।'

অ ন্যা ন্য প্র কা শি ত গ্র ন্থ

**গল্পলোক** । সুবোধ ঘোষ । ৪·০০ ॥ **বস্তু ও অপরা** । সঞ্জয় ভট্টাচার্য । ২·৫০ ও ৩·০০ ॥ **আঙুরলতা** । বিমল কর । ২·৭৫ ॥ **প্রজাপতির রঙ** । প্রবোধবন্ধু অধিকারী । ২·৫০ ॥ **ছেলেবেলার দিনগুলি** । পুণ্যলতা চক্রবর্তী । ৩·০০ ॥ **রা-কা-যে-টে-না-পা** । নলিনী দাস । ১·৭৫

**নিউস্ক্রিপ্ট** ১৭২।৩ রাসবিহারী অ্যাভিনিউ, কলকাতা ২৯
এ ১৪ কলেজ স্ট্রীট মার্কেট, কলকাতা ১২

আমি অবশ্য তোমাকে কোন চিঠি লেখার কথা ছিল না ভেবেছি। গত দু'বছরে আমরা অনেক চিঠি লিখেছি। এখন দেখ পেছনে তাকিয়ে মনে হয় আমাদেরও একটা অতীত আছে। যে অতীতের নাম দিয়েছ তুমি—মন যা কাঁদিয়েছে তাই করেছি। লিখেছ—আমার বিয়ে করবার ইচ্ছে নেই, তাই আমি বিয়ে করব না।

তুমি যা বলেছ তার ওপর নতুন কিছু বোঝাতে যাওয়ার মানে হয় না। বিদেশে পড়তে গেছ। তোমার বয়সে আমার মত কোন তিন ছেলে। তোমার ধারণা কতখানি ঠিক তা তর্ক করে বোঝাবার জিনিস নয়। বয়েস হবে। সংসার করবে। তোমার মনই তোমাকে সব বলবে।

তবে আমার কোন ক্ষতিও হয়নি লাভও হয়নি। স্বভাবে মানুষ আর বস্তু এক রকমের। মেঘ বৃষ্টি ঝড় এসব ত পর পর সাজান। তাই আর ভাবি না।

তোমার চিঠি পেয়ে মন খারাপ হল। রবিবার। মেসের ঘরে তালা দিয়ে লাইব্রেরীতে এলাম।

লাইব্রেরীতে সুরমার সঙ্গে দেখা। সুরমাকে তুমি চিনবে না। আমার মুখে নাম শুনে থাকতে পার। কথা সেরেই ঘরে ফিরবে। চাকরির পরীক্ষার এই এক জ্বালা।

"কি ব্যাপার। লাইব্রেরীতে?"

"অফিস নেই। দুপুরবেলা কি করব?" [illegible] একটু দিন দুয়েক ছুটি পেলাম। পরীক্ষার আর দু মাস এখন। তুমি ক্রমাগত [illegible]।

"এসে ভাল করেছ।" কি বলব ভাবি। [illegible] কি এ পরীক্ষার দরকার। এবারে [illegible]। [illegible] পরীক্ষা দেবে না। [illegible] একটু [illegible] বিকেল [illegible]।

"আরও পরীক্ষা আছে নাকি?"

"এখনও একটা দেবার বাকি।"

"খুব কঠিন বুঝি।" হাসতে হাসতে চাইল। ছোট, ছড়ানো সাজানো দাঁত। সাবধানে ছোট হাতুড়ি দিয়ে ঠুক ঠুক করে এক একটা দাঁত তুলে নেবার ইচ্ছে হল। তোমার দাঁত ভারি ভারি। হাসলে বয়েস কমে যেত।

"তোমার দাঁত ত খুব সুন্দর।"

"সপ্তাহে স্কেলিং করলাম সেদিন। ফোকলা হচ্ছিল। আচ্ছা এনামেল উঠে যায়নি তো?" দাঁতে দাঁত লাগিয়ে দেখাল। কারখানার চাকরি ছেড়ে দিয়ে ফিরে যখন পড়াশুনো শুরু করলাম তখন সুরমার সঙ্গে আলাপ। টেস্টের আগেই কলেজ ছেড়ে দিল। শুনেছিলাম [illegible] মাইনে করছি। লাইব্রেরীতে একদিন দেখলাম [illegible] ইংরেজী পড়ায় [illegible] দিতে নেই। [illegible] দিয়ে [illegible] আছে। [illegible] পরীক্ষা দিল না। এসব তোমার সঙ্গে আলাপ হওয়ার আগের কথা।

[illegible] মাঝে মাঝে দেখা হত সুরমার সঙ্গে। কখনও লাইব্রেরীতে। কখনও [illegible] ট্রামে। [illegible] তখন [illegible] ছিল জানি না। [illegible] এগিয়ে দিয়ে [illegible] সুরমা। [illegible] দিয়ে তোমার নীল চিঠিটা [illegible] পড়েছিল।

"না না, পয়সা আপনি দেবেন কেন? এখন, আমি এখন চাকরি করি।" বলেই হাত ধরতে গেল সেদিন।

তা সত্যি। মাস দুয়েক চাকরি পেয়েছে সুরমা।

হাতে করে রসগোল্লা আর ভরা ওমলেট এল।

"চা একটু পরে দিয়ো।" বলেই লঙ্কা-মরিচের গুঁড়ো ছড়াতে লাগল ওমলেটে। কোমরের নীল রুমালটা দেখা যাচ্ছে। এক পরত চর্বি বেরিয়ে আছে। এত খাবার।

অনেক পয়সার ব্যাপার। বারণ করব। কিন্তু কি হবে। ইচ্ছেও করে না। আসলে তোমার চিঠিটা মন প্রাণ [illegible] করে দিয়ে গেছে।...

সুরমাও চাকরিতে ঢুকে কয়েকদিনে বদলে এসেছে। এইত পরীক্ষার কদিন আগে একখানা ছবি দেখে সিনেমা হল থেকে লাইব্রেরীতে এসে হাজির। অনেক কষ্ট দুঃখের পর নায়ককে ফিরে পাওয়া নিয়ে ছবির গল্প। সম্ভবত বুকে হাত রেখে চিৎ হয়ে শোয় রাতে। স্বপ্ন দেখতে দেখতে বোবায় ধরে।

"কার কথা ভাবছেন?" অনেকক্ষণ চুপচাপ ছিলাম। তোমার সামনে খুব কথা বলতাম। এমনিও সুরমা খানিক চপল হতে ভালবাসে। উত্তর না দিয়ে অন্য কথায় এলাম।

"অফিস কেমন লাগছে?...ডাক্তার সংখ্যা?"

ধমকে দিয়েছি। ধমকে দিয়েছি। কথার সঙ্গে চামচে ওমলেট কাটা থামল না। ঠোঁটের ওপর ঘাম জমেছে। মুখে নাকে তেল গড়াচ্ছে। মুখ থেকে পড়ে পড়ে ওমলেটের টুকরো ঠোঁট বাড়িয়ে ধরছিল। সে সময় সুরমাকে দেখছিলাম মন দিয়ে। কাছের থেকে দেখলে খুব নিকটের মনে হয়। তোমারও আমাকে আপন মনে হয়। শিখেছিলে—আমাকে যেন ভুল বুঝে তুমি কখনও ছেড়ে যেও না। আমরা কত অল্পদিন আর আছি পৃথিবীতে।'

কথাগুলো পড়ে মনে হতো আমারও মনে আছে। তুমি মেলার পাখি নও যে টিপলে ডেকে উঠবে। আমার ওপর এখন আর অনন্ত নরম কোথায়? সবটা দিন মনে হয় বিকেল হয়ে আছে। পৃথিবীতে অনেকদিন থাকব আমরা। কীসের ভাবনা? কিন্তু সুরমাকে বোঝাই কি করে? সিনেমা দেখা সিনেমাই। আর আমার সম্পর্কই না কাটাল। কি অনুযোগ সুরমার সেদিন: "আজ [illegible] কাজ পড়ে... [illegible] নিপ [illegible] [illegible] [illegible]।"

[illegible] সুরমা এসে হাজির। [illegible] [illegible] কি [illegible] পারব সুরমাকে [illegible] কথা [illegible] দিতে হল।

একটু একটু করে হাত হাতে পড়ে হল। সেদিন দুপুরের দিকে [illegible]। [illegible] থেকে বেরিয়ে মাঠে এসে বসলাম আমরা। কি দিয়ে শুরু করব ভেবে পাচ্ছিলাম না।

"তুমি কিন্তু অনেকখানি বদলে গেছ।"

এ-কথায় পা ভাঁজ করে নিল সুরমা।

"কোথায়?" চোখের মণি নামিয়ে পায়ের নখে স্থির করেছে। ছোটরা খেলতে এসে কাচের মার্বেল লুকোচুরি করেছে ঘাসের মধ্যে ফেলে গেছে। হাতের নখের মাথাগুলো ছাঁটা নেই। আঙুলে আমার চোখ পড়ল। সঙ্গে সঙ্গে আঁচলে ঢেকে দিল সুরমা।

"এই যেমন—আজকাল আমাকে স্নেহ করতে শুরু করেছ!"

হঠাৎ সুরমা আমার মুখে স্থির দৃষ্টিতে তাকাল। বলল, "আমি আপনাকে স্নেহ করতে পারি? আপনার বন্ধুরা বলে না আমি কি খারাপ দেখতে!" হাসতে গিয়ে থামতে হল। ভেবে দেখলাম কোন্ বন্ধুদের কথা বলছে। যারা কোনো কালো রোগা মেয়ের সঙ্গে দেখলে বলে—

'শেষে এই তোর টেস্ট! ছিঃ!' যখন মনে হয় কেউ ভালবাসে, তখন তো ভয়ে যাই। এসব কথা সুরমাকে বলিনি। তোমাকে বললে তুমি স্তব্ধ হয়ে যেতে। সুরমা শুনলে কি করত জানি না। শুধু একরকম। সুরমা অন্য-একরকম। চিবুকে হাত রেখে লালচে ঠোঁট চেপে হাসলে বা পাশ থেকে দেখলে মনে হবে চোখ দুটি ভারি সুন্দর। চিঠিতে জানিয়েছিলে তুমি কেমন দেখতে হয়েছ?

[illegible] এক একদিন [illegible] [illegible] এখানে এসে আমি [illegible] সুন্দর হয়েছি। [illegible] একটু [illegible] হয়েছে। [illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] অন্য [illegible] একটা [illegible] দেখে [illegible]

[illegible]

"[illegible] দিয়েছে দিলেন।" [illegible] বলল সুরমা। অফিসের [illegible] দুটি [illegible] ভিড়ে [illegible] হাত [illegible] যায়। তখন দুটি [illegible] মত হাসে।

"[illegible] কোথা থেকে? তুমিও [illegible] অফিস কেমন লাগছে বললে না তো।"

"লাগবার মত কিছু নেই।"

"শুধু দু একজন।"

[illegible] আমারই মত মাঝিমাল্লা কেরানী।" কথা বলছিলাম অন্ধকারে বসে। লাইব্রেরীর টেনা [illegible] কেউ নেই। ভাগ্যিস আমাদের মা বাবা [illegible] ছিলেন। না হলে আমরা কোথায় যেতাম। আচ্ছা ভেবে দেখ, আমি


অচিন্ত্যকুমার সেই এক সাহিত্যিক [illegible] ক্ষণকালের উপর দাঁড়িয়ে খুলে [illegible] পারেন নিত্যকালের সিংহদ্বার।

রূপকুশলী অচিন্ত্যকুমারের অপরূপ ভাষা আর ছন্দোময় [illegible] মহিমান্বিত ১৪টি প্রেমের গল্পের শোভন সংকলন।

# প্রেমের গল্প

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

দাম : চার টাকা

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড

৫ চিন্তামণি দাস লেন । কলিকাতা ৯



এ. [illegible]

প্র কা শি ত হ ল

[illegible]

# মনের মধ্যে মন

[illegible]

## দীপক চৌধুরী

[illegible]

দাম : [illegible] টাকা

শ ক্তি মা ন লে খ কে র

শক্তিশালী রচনার প্রতীক

এসোসিয়েটেড পাবলিশার্স । এ, ৯ কলেজ স্ট্রীট মার্কেট । কলকাতা ১২


[illegible] GOVERNMENT LIBRARY Cooch Behar

এসে ভাবছি। সামনে আমার ভাবনার সংগে সংগহীন এই মেয়েটি বসে। কথা নেই মুখে।

এই মুহূর্তে আমাকে নিতে পারে? আগে ভাবিনি, কেন বলতে গেলাম? আর সত্যিই, তো আমাকে কিভাবে নেবে ও। একেই তো নেওয়ার জন্যে লোক দরকার। ... ঢেকে বসল সুরমা।

"আমাকে বিয়ে করতে পারবে? আমার চাকরি নেই।" বেশ জোর দিয়েই বললাম। তুমিও জোর দিয়ে লিখতে: জীবনে তোমাকে ছাড়া কাউকে বিয়ে করব না। তুমি খানিকটা নাটুকে।

সুরমার হাতখানা টেনে নিলাম। আঙুল দিয়ে চেরা সিঁথিটার দাগ নিলাম। কানের নরম প্রান্ত ধরে টেনে দেখলাম দুজন পারেন। পরলে বাধা পেত। পেলেও চুপ করে থাকত। বেকায়দায় আমার হাতখানি টেনে নিল সুরমা। যেন বেওয়ারিশ জিনিস। মোল কাটা পড়ে লাইনের পাশে পড়েছিল এতক্ষণ। একটু পরে আমার হাত ছেড়ে দিল। ওর দুটো হাত জুড়ে গেল।

"আমাকে ভাল লাগে তোমার?" আমার


# ৫ থেকে ৫০ মণ...

শেখ আবদুল গফুর ও তাঁর পাঁচ ভাই, তাঁদের জমিতে প্রতি একরে ফসলের উৎপাদন এতোখানি বাড়াতে পেরেছেন। তাঁদের সাফল্যের গোপন কথা হোল—উন্নত ধরণের কৃষি পদ্ধতি এবং যুক্ত চাষ।

নতুন ধরণে চাষ করার মনোভাবে উদ্বুদ্ধ হয়ে বিহারের ... গ্রামের এই কৃষকগণ, ভালো বীজ লাইন করে লাগিয়ে, যথেষ্ট সার দিয়ে আধুনিক পদ্ধতিতে চাষ শুরু করলেন। এঁরা সকলে মিলে নতুন কৃষি যন্ত্রপাতি তৈরী করে এবং নতুন ধরণে চাষ করে, তাঁদের প্রায় ৬২ একর জমি যুক্তভাবে চাষ করলেন। এই সবের জন্য তাঁরা অন্য কারুর সাহায্য নেন নি—নিজেদের চেষ্টাতেই সব করেছেন।

ফলে—যেখানে গতানুগতিক চাষে, তাঁরা বড় জোর গড়পড়তা ৫/৬ মণ ধান পেতেন উন্নত ধরণের চাষে সেখানে তাঁরা প্রতি একরে ৪০ থেকে ৫০ মণ ফসল পেয়েছেন।

আপনার জমি থেকে আপনি আরও বেশী ফসল পেতে পারেন—উন্নত ধরণের পদ্ধতিতে চাষ করুন—এবং বেশী ফসল গোলায় তুলুন। এর আর একটা অর্থ হোল—দেশের সকলের জন্যই আরও বেশী খাদ্য।

## পরিকল্পনাকে সাহায্য করে নিজেকেই সাহায্য করুন

কাজেই তো আমাকে কেমন খারাপ লাগে।"

আমার কথাগুলো শুনেছে ও। কাঁটা ধরে কাছে নিয়ে এলাম। শাড়ির [illegible] অভাবে তৈরী করানো ব্লাউজ। পিঠটা দেখতে পছন্দ না। তবু বেশীক্ষণ চোখ লাগবে না। ওর কাঁধের ব্লাউজের [illegible] বুড়ো আঙুলে ধরে দেখলাম। [illegible] ব্লাউজের ওপর হাত রাখলে [illegible] লাগবে। কোমরটা সরু। চোখের কোণে কালি। নাকের [illegible] নরম লাগছে। ওখান থেকে শরীরের সব [illegible] নিতে হয়। এমন ভাবছি, [illegible] কেমন শব্দ করল [illegible]। একটা [illegible] থেকে [illegible] আমরা [illegible] ভাবছি না [illegible]। ওর মধ্যে আমার কাঁধে [illegible] নয় যে এমন সুখী হয়ে শব্দ করবে।

সময় সেই [illegible] এল আরও। ইচ্ছে ছিল [illegible] কেমন লাগবে কে জানে। [illegible] কেমন শব্দ। [illegible]

"তুমি [illegible] ভুল না [illegible]।"

এই [illegible] ও এসে আরও [illegible] লাগল।

"[illegible]" বলে [illegible] শাড়ির [illegible] এল। [illegible] কালো [illegible] উপহার করে [illegible] লাগল।

[illegible] কাজেই উপরে একটু হয়ে আছে। [illegible] ওর সাথে [illegible] এক জায়গায় এসে থেকে পড়েছে। সেটাই কেমন [illegible]। [illegible] বছর। [illegible] বেশী হলে [illegible] বছর আগে। এখনই কেমন [illegible] লাগে। [illegible] হচ্ছে। [illegible] সেই একই [illegible]।

সুরুচি এখন আমার দিকে তাকিয়ে আছে।

তুমি ত বললেই। [illegible] হয়ত কাঁটা ধরলাম শুধু, [illegible] ছিলো [illegible] আর হয় না। চোখের [illegible] সব সময়েই থাকবে।

[illegible] বাড়িটার ছাদে ভাঙা শরীরটা [illegible] কাছে হয়ে [illegible] ছিলাম। [illegible] যখন বাড়ীটা [illegible] একটা বুড়ো কুকুর [illegible] থাকছে। এমন ভাবে [illegible] করে আছে, মনে হবে হাসছে আরামে।

আমরা হয়ে যাব।

ঠিক এই মুহূর্তে নিজের ওপর রাগ হল। তার চেয়ে বেশী রাগ হল সুরুচির ওপর। বোকা হয়ে বসে আছে। [illegible] একটা কথা তো বলতে পারে।

"তোমার বাবা তোমার বিয়ে দিচ্ছেন না কেন? বয়েস কত হল?"

এখানে অন্ধকার। উঁচু-নীচু ছাদের ওপর মুখখানি রাখল। [illegible] শরীর একটু একটু নড়ছে।

হাঁটুতে চোখ রেখে বলল, "বাইশ। [illegible]" একটা হাতের মুঠ- [illegible] আমার দিকে তাকিয়ে [illegible] "কেউই না [illegible] করবে।"

"কেন, বাড়ীর লোকেরা দিতে চায়?"

"ভয় করে। ভীষণ ভয় করে।"

[illegible] একটা [illegible] একটা [illegible] দিয়ে [illegible] এমন অন্ধকারে [illegible] একটা [illegible] শব্দ [illegible]। [illegible] কথাগুলো [illegible] দিয়ে যাচ্ছে [illegible] না এর।

[illegible]

[illegible]

সুরুচির ওপরে নয়, সুরুচির ওপরেই কেমন একটা মায়া হল। পাশে শাড়ি, চোখ বন্ধ, কার্নিশের গোড়ায় [illegible] ঠেকেছে। সামনের ক বছরের জীবন। এর [illegible] পারেও কোন একটি মেয়ের বাসনার সামগ্রী নাকি। [illegible] বাসনা আমাকে মহৎ করে। যে মহৎ, যে মহনীয় হয়, তাকেই [illegible] কেমন করুণা করতে ইচ্ছে হয়।

সব অন্ধকার মাঠ থেকে [illegible] আলোতে এলেন। হাঁটুতে হাঁটুতে [illegible] থাকলে [illegible] কি [illegible] হবে [illegible] চলে গেল।

"[illegible] এইভাবে হাঁটছেন। ভীষণ ভয় করে। [illegible] কোনদিন [illegible] পড়বেন।" [illegible] মনে হয়, যদি [illegible] পড়ি, তবে কেন একেবারে পড়ি। উঃ! [illegible] পড়ে থাকা। তবেই [illegible] না।

[illegible] অন্ধকারের [illegible]। একটা [illegible] দিয়ে অন্ধকার পার হয়ে [illegible] এমন [illegible] না। অথচ ওকে [illegible] কিছু নেই। "আচ্ছা, তোমার [illegible] একটা ভাল [illegible] করবে। তোমাকে [illegible] চলবে না।"

[illegible] ইচ্ছে [illegible] ওর এই [illegible]

উৎসবে
ইণ্ডিয়ান সিল্ক হাউস
কলেজ ষ্ট্রীট মার্কেট• কলিকাতা

করে দিয়ে ওকে একটা স্বস্তির জগতে নিয়ে আসি। সেই মুহূর্তে তোমার কথা আমি একেবারে ভুলে গেছি।

"আমারটা আমি বুঝব। আচ্ছা, আপনি কি হতে চান, বলুন তো। কি আপনার ভাল লাগে।"

"তোমার জেনে কি হবে।" কয়লার গাড়ির মোষ লেজের বাড়ি মারল হাতে।

"না। এমনি। দেখি ত আপনি কেমন মনমরা হয়ে বসে থাকেন। ঠিক বুঝে উঠতে পারি না।"

সুরমার ঠোঁট দুখানা নীলচে লাগছে। কথা বলতে বলতে হাঁপিয়ে গেছে। তাই ভিড়ে হাঁটতেও হচ্ছে আমার পাশে পাশে। একদিন বিয়ে হবে। এমন ঠোঁটের মেয়েরা পঞ্চাশ-পঞ্চান্ন ভারিক্কী গিন্নী হয়ে ছোট নাতিতে সুন্দর কুচোয়। ছেলের বৌর হাতে জর্দার কৌটটা কোথায় জানতে চায়। হাঁটতে হাঁটতে গঙ্গা পেরিয়ে নবগ্রহ মন্দির। প্রণামীর থালায় ব্যাগ খুলে পয়সা দিল সুরমা। মাথা নিচু করে নমস্কারও করল।

"কি বললে ভগবানকে?"

"বলব কেন? বাসনার কথা বলে দিলে কামনা হয়ে যায়।" অল্পবয়সী ঠাকুরমা কথা বলছে মনে হবে। শুনতে কিন্তু ভাল লাগছিল।

কালীঘাট, নিওন আলো, ফুটপাত, ঠেলাগাড়ি—পার্ক স্ট্রীট ট্রাম স্টপে এলাম আমরা।

"আচ্ছা, আমরা নতুন তো হাঁটছি একসঙ্গে। অনেকে দেখছে হয়ত।" হঠাৎ পর ঠোঁট উল্টেই বলল—"দেখুকগে।"

চুপচাপ। পানের দোকান। ট্রাফিকের লাল আলো। হজুর পার্কে মিটিং হচ্ছে।

সুরমা ডান পাশ দিয়ে হাঁটছিল। হাঁটতে হাঁটতে ওয়েলিংটনের নির্জন ট্রাম লাইনে এসে গেছি।


সদ্যপ্রকাশিত সুপাঠ্য রচনাবলী

বুদ্ধদেব বসুর উপন্যাস

**সাড়া**

যে উপন্যাস নতুন যুগের বাণী শুনিয়েছে। পরিমার্জিত শোভন সংস্করণ। ৩.০০ ॥

লীলা মজুমদারের নতুন লেখা

**বাঘের চোখ**

সচিত্র কাহিনী। চমৎকার প্রচ্ছদ। ২.৫০ ॥

প্রেমেন্দ্র মিত্রের দুটি উপন্যাস একত্রে

**ড্র্যাগনের নিঃশ্বাস**

সঙ্গে "পিঁপড়ে পুরাণ"। ২.৫০ ॥

অচিন্ত্যকুমার সেনগুপ্তের নাটগুচ্ছ

**নতুন তারা**

নতুন তারা শুধু আকাশে নতুন নয়, সাহিত্যেই নতুন। সাতটি একাঙ্ক নাটিকার উজ্জ্বল সমাবেশ। যে কোন থিয়েটারে, ঘরে বা বাইরে, মঞ্চে বা মণ্ডপে ক্লাব-থিয়েটারের মতো অভিনয়ের উপযোগী। দীপ্ত সংলাপ, তীক্ষ্ণ সংঘর্ষ ও নিবিড় উৎকণ্ঠা যা একমাত্র অচিন্ত্যকুমারেরই সম্ভব তার এবং স্বাদে একটি অনন্য ও অনিন্দ্য সৃষ্টি। ৩.০০ ॥

যে দুটি উপন্যাস বাংলা সাহিত্যে নতুন ভাবের দ্যোতনা এনেছে

**দিলীপকুমার রায়ের সর্বশ্রেষ্ঠ সৃষ্টি**

**তরঙ্গ রোধিবে কে** ৬.০০

ধনঞ্জয় বৈরাগীর বিস্ময়কর রচনা

**এক মুঠো আকাশ** (৪র্থ সং) ৫.০০

**প্রকাশের অপেক্ষায়ঃ** চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের **শ্রেষ্ঠ গল্প**
প্রতিভা বসুর **প্রেমের গল্প**

অন্যান্য উল্লেখযোগ্য বইঃ জ্যোতির্ময় ঘোষের রসরচনা **ভজহরির সংসার** ৩.০০ ॥ পরিমল গোস্বামীর উপন্যাস **স্কুলের মেয়েরা** ২.০০ ॥ তারাশংকর বন্দ্যোপাধ্যায়ের কিশোর-উপন্যাস **মন্দীপন পাঠশালা** ১.৫০ ॥ প্রেমেন্দ্র মিত্রের গল্পগ্রন্থ **সামনে চড়াই** ১.৫০ ॥ বিধায়ক ভট্টাচার্যের উপন্যাস **অজানিতার চিঠি** ৩.০০ ॥ অহীন্দ্র চৌধুরীর ভূমিকাসমৃদ্ধ ছটি পুরস্কারপ্রাপ্ত একাঙ্কিকা **একাঙ্ক নাটক সংকলন** ৩.০০ ॥ ধনঞ্জয় বৈরাগীর নাটক **এক মুঠো আকাশ** ৩.০০ ॥ ধনঞ্জয় বৈরাগীর উপন্যাস **মধুবাই** ২.৫০ ॥

**গ্রন্থম**
২২।১, কর্ণোয়ালিশ স্ট্রীট
॥ কলিকাতা—৬ ॥


"আমরা হাঁটছি পাশাপাশি। অথচ লোকে কত ভুল বুঝবে। ভাববে......" কথাটা শেষ করল না। হাসল, খুব মৃদুস্বরে বলল—[illegible] কপোত-কপোতী যেন। ......কি ভাবছে?"

[illegible]

সুরমা অফিস ফেরত পরীক্ষা হাতে আসতে চাইছিল। স্মরণ করে দিলাম, তুমি থাকলেও চাইবে। পাড়ার পার্কে কুয়াশার এমন একটা বড় আছে যে, কিছুদূর এগিয়ে গেলেই পথ থেকে প্রায় দেখা যায় না। আবার সেই হাওয়া খুলে ঘরে ঢুকতে হবে নড়বড়ে সিঁড়িটা বেয়ে। ধাপ-গুলোও কেমন ভাঙাচোরা। একতলার মাতাল আয়েঙ্গারের চোখ এড়ালেও ওর কুকুরটা নতুন কাউকে দেখলেই এমন চেঁচাতে শুরু করবে। পাটকলে চাকরি করেও কুকুর পোষার শখ আছে। তুমি এসে মাঠটাতে গিয়ে বসতে।

সুরমাকে মাঠে নিয়ে বসাতে মায়া হল। অনেকক্ষণ তো হাঁটাই ছিল। সিঁড়ি বেয়ে উপরে উঠলাম। কদিন ধরে সারা বাড়ির ইলেকট্রিক ফিউজ। আচ্ছা, হ্যারিকেনের

আলোর আয়নার সুরে আছে। ওপাশে কোন অজানা গলায় দড়ি-বাঁধা কুকুরটা লম্বা সাদা ঘর কি কামড়াচ্ছে' শব্দ হচ্ছে দাঁতে আর হাড়ে। [illegible] হাঁটু, [illegible] পারে। এলোমেলো ঠোঁট-খাওয়া [illegible] হাওয়ায় [illegible] বাঁশি বাঁধুরে শীর্ণ শব্দ উঠছে।

[illegible]

না।

সুরমা [illegible]

[illegible]

ভারতবর্ষ [illegible]

[illegible] পড়ে। [illegible] জমেছিল। [illegible] ধানভানার [illegible] জেনে [illegible] ভরা [illegible] কালো [illegible] সাদা মাটি, খয়েরি মাটি, আমরা [illegible] গন্ধও মিশে ছিল।

আচ্ছা, আমি তুমি সুরমা, আমরা তিনজন কোন হাসপাতালে মরে গেলাম। আমাদের দেহের জন্য কোন দাবি নেই কারও। ডাক্তারবাবুর আদেশে আমাদের শরীর পছন্দ করে ওদের মাঝখানে টেবিলের পাঠান হল। কিছুদিন পরে আর মাংস নেই। ওদের তিনজন নতুন হাড় আমাদের মিলে মিল। আমরা বন্ধন, [illegible] সঙ্গে এক হয়ে গেলাম।

জানিস সুরমা বললি এত সিগারেট খাও কেন? কলকাতায় বসন্ত হলে তুমি লণ্ডন

থেকে সাবধানে থাকতে শিখছে। অতি-ব্যবহারে শরীরটা কেমন জীর্ণ লাগে। জোড়গুলো আলগা লাগছে কিছুদিন। [illegible] শুয়ে ছিলাম। বিছানায় শুয়েই সুরমাকে একগ্লাস জল দিতে বললাম। কুঁজো থেকে জল ভরার ভঙ্গী, আঁচল লুটিয়ে ধীরেসুস্থে জলের গ্লাস হাতে [illegible] সন্তর্পণে কাছে এসে দাঁড়াল, হাতে ওকে জড়িয়ে ধরতে ইচ্ছে করে। জল খেয়ে বললাম, "[illegible] রাখতে হবে না। ওখানেই রেখে দিয়ে কাছে এসে বস।"

"না। [illegible] রান্না হয়ে যাচ্ছে।"

[illegible]

[illegible]

কাগজের ওপর পড়ল। পাখা উড়ছে কাগজে কি বিশ্রী শব্দ করছে। ফুলদানির ফুলটা তুলে দিলাম। [illegible] গেছে ফুলটি। প্রায় শুকিয়েছে। আবার তুললাম। সুরমা কথা না বলে বাইরে [illegible] হাতে [illegible] দিল ওপাশে। আস্তে আস্তে পাখা ঘুরিয়ে [illegible] হয়ে গেল। বাইরে [illegible] সুরমা একমনে [illegible] দেখছে। সুরমার দিকে তাকালাম। ফুলটা হাত থেকে পড়ে [illegible] যেখানে [illegible] দেখেছি। কাঁপছে। মুখে হাসি। আঙুল [illegible] ছুঁড়ে পড়ল। [illegible] মুখ [illegible] এমনি [illegible] মুখ দেখেছি। [illegible]

লিপিকার তৃতীয় বই

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের নবতম উপন্যাস

# বিদূষক

অসামান্য চরিত্রের অসামান্য রূপায়ণ

এমন একটি মানুষকে নিয়েও যে উপন্যাস লেখা যেতে পারে, এর আগে
তা কেউ ভাবতেও পারেনি। সেই মানুষটি,
সকলকে যে শুধু হাসিয়েই গেছে, তবুও
জীবন [illegible] ছিল [illegible] ছিল।
সেই মানুষ, [illegible] প্রেম, [illegible] অন্তরালও [illegible]
[illegible]
যে জীবনের [illegible] উচ্চারিত হয়।
কে তাকে [illegible]—অস্বীকার করবে?
[illegible] এই অসামান্য উপন্যাসে
[illegible]
এ এক আশ্চর্য অসাধারণ, অশ্রুতপূর্ব গ্রন্থ।

দাম [illegible] টাকা

॥ লিপিকার আর দুটি বই ॥

তারাশঙ্করের একমাত্র প্রবন্ধ-সংকলন

**সাহিত্যের সত্য**

২৷৷৹

মরুবেশ-এর চিত্রকারী, রোমাঞ্চকর গ্রন্থ

**[illegible]**

৩৲

পরিবেশক : আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
৫ চিন্তামণি দাস লেন কলকাতা ৯।

ঘুরিয়ে চুমু খেলাম ঠোঁটে। তেমন কিন্তু লাগল না। সুরমা আমার মাথা দুহাতে কোলে তুলে নিল। ভীষণ জোরে আমার মুখে, ঠোঁট, জিব, ঘষে দিল। পোস্ট অফিসের খামে লাগান আঠার গন্ধ পাচ্ছি। ঠোঁটের ওপর দারুণ ঘাম হয়েছে। গলার নীচেটা একটা শরু হারে, ঘামে, বিশ্রী ক্যাতকেতে হয়ে গেছে। আমি তখন ওর নাকের ফুটো দেখছিলাম। ঐটুকু পথ দিয়ে কি করে এত হাওয়া যায় শরীরে।

পিঠে মুখ রাখব। সুরমা নড়ল না। আমি পিঠ খুলে নিলাম। আরও ঘাম। পিঠে মুখ রেখে ওর শিরদাঁড়াটা দেখছিলাম। বড় বড় চানু মাছের প্রায় এমন মোটা শিরদাঁড়া হয়। কতদিন মাছের শিরদাঁড়া দাঁতে চিবিয়ে ভেঙে ফেলেছি। সুরমা খুব ক্লান্ত। এই শরীরে কতখানি হেঁটেছে। সবসুদ্ধ পাঁচানব্বই পাউণ্ড ওজন হবে ওর।

বললাম, "আচ্ছা, তোমার চুলে যখন চোখ ডুবিয়ে ছিলাম, তখন কি মনে হচ্ছিল আমার বল তো?"

"যাঃ! আমি কি করে বলব আপনার কথা?" এমন তীক্ষ্ন গলা চিরে দিয়ে হাসল!

"আমার তো মনে হচ্ছিল অন্ধকারে জলভর্তি নৌকোর ভরাডুবি হচ্ছে। তোমার কেমন লাগছিল? মনে মনে হাসছিলে যেন।"

"কি করে বলব! মনে নেই।"

"তোমাদের চুলে তো কোন ইন্দ্রিয় নেই। তবে অমন সুখী ভাবটা দেখাচ্ছিলে কি করে?"

"আপনারা কখন কি করেন, তার কি কিছু ঠিক আছে! সুখ-টুখ কিছু বুঝি না।" জানলায় অন্ধকার, বৃষ্টির ছাট আসছে। দেওয়ালে বিলাতী চা কোম্পানীর ক্যালেণ্ডার। হিমালয়ের বরফ আচ্ছন্ন প্রান্তরে বড় বড় নীল পাইন গাছ দাঁড়িয়ে আছে। দূরে উঁচু-নীচু সমতলে ঢালা চায়ের চাষ। পাহাড়ের নীল চুড়ো। পাইনের আড়ালে বরফের ওপর হরিণ ছুটতে গিয়ে থমকে পড়েছে। বাঁকানো শিং। গাছের শুকনো ডালও হতে পারে। চা কোম্পানীর ক্যালেণ্ডার। ছবিটা দেখলে চায়ের কথা মনে পড়ে না কিছুতেই। একটু থেমে বলতে লাগল সুরমা, "আপনার ভাল লাগছে এই ছবিটা কেমন ভাল লাগে!"

খানিক পরে উঠে এলাম বাইরে। কাঠের সিঁড়িতে এসে দেখলাম, বৃষ্টি হচ্ছে কিনা। না। থেমে গেছে। মোম ধরিয়ে সেই আগুনে সিগারেট ধরালাম। চোখ কি-একটা রক্তহীন হরফে জ্যাবজেবে হয়ে উঠেছে। মোমের পোড়া সুতোর ছাই উড়ে এসে সিগারেট ধরাবার সময় চোখে পড়ে থাকবে। একটা আঘাত-খাওয়া কুকুরের মত করে কাঁদতে লাগলাম। একটানা। থামতেই চায় না। আমার কোথাও কোন কষ্ট ছিল। কী-একটা খুব জোরে এসে লেগেছে সেখানে। অনেকটা ইচ্ছার বিরুদ্ধে কাঁদছি। এতে কোন হাত নেই আমার।

পুলিস ফাঁড়িতে লোহা পিটিয়ে ঘণ্টা দিচ্ছে। আলাদা আলাদা শব্দ। গুনলাম। রাত দশটা। দূরের ট্রামের শব্দ এখন জাহাজের নোঙর তোলার মত লাগবে। লণ্ডনে এখন বিকেল। হঠাৎ একসময়ে দক্ষিণ উপকূলে তুষার ঝড়ও উঠতে পারে। পা অবধি লম্বা ঝুল ভেলভেট কোট আছে তোমার। ঠাণ্ডা লাগবার ভয় নেই।

ময়লা মোমের ছাই মাখানো আঁচল কাঁধে ফেলল। কপালে হাত বুলিয়ে, মুখের হাসি মুছল আঁচলে। তারপর বাইরে এসে দাঁড়াল—ঠিক আমার পেছনেই। [illegible]

এখানে বরফ পড়ে না। শুধু রাত দশটায় চাপ চাপ ধোঁয়া এ-বাড়ি সে-বাড়ি থেকে বেরিয়ে এ পাড়াটাকে গুলে খায়। তার ওপর আবার বৃষ্টি হল। নিঃশব্দে আটকে আসছে। ঈশ্বরের ছোট মেয়ের মত পায়ের খাঁজ [illegible] পা দিয়ে ঠোকর দিতে দিতে সুরমা চলে গেল। শেষ ট্রামটা ধরতে না পারলেই গেল! সেই কখন বেরিয়েছে। ভাবলাম ডেকে বলি, পা চালিয়ে যাও। এমন ধীরেসুস্থে খেলতে খেলতে যাচ্ছে। অবিশ্যি ট্রাম লাইন অবধি এ-গলিটায় লোকজনের যাতায়াত বেশী নয়।

ঘরে এলাম। [illegible] সেখানেই বসে।

আচ্ছা, কাল পরীক্ষা, পরশু ইণ্টারভ্যু। পরশু যদি চাকরি হয়ে যায়! কি বলব সুরমাকে। কি বলব তাকে?

তোমার বয়েসে আমার মার কোলে তিন ছেলে। আগের কালে অবশ্য অল্প বয়সে বিয়ে হত। তবু, তুমি তো সবই জান। সবই বোঝ।


য়ুরোপে লেখা
শ্রীমধুসূদন চট্টোপাধ্যায়ের
চাঞ্চল্যকর ভ্রমণকাহিনী

ডোভার পেরিয়ে

আর্ট পেপারে উনিশটি ছবি। প্রথম শ্রেণীর কাগজ। প্রথম শ্রেণীর ছাপা। খালেদ চৌধুরী অঙ্কিত প্রচ্ছদপট। মূল্য: ৪·৫০

এম. সি. সরকার অ্যাণ্ড সন্স প্রাইভেট লিমিটেড
১৪ বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট, কলি:—১২

(সি ১৪২৭)

সদ্য প্রকাশিত হল
স্বর্গত নট ও নাট্যকার যোগেশচন্দ্রের

আমেরিকায় শিশিরকুমার

বিশ্ববরেণ্য নাট্যাচার্য শিশিরকুমার ১৯২৯ সালে তদানীন্তন বিশিষ্ট নাট্য শিল্পী-বৃন্দ সহ আমেরিকায় গিয়ে বাংলা তথা ভারতীয় নাট্যশিল্পের পরিপ্রেক্ষিতে মার্কিন নাট্যশালাতে যে যুগান্তর ঘটিয়ে আসেন তারই প্রামাণিক ঘটনাবলী।
● নিঃসন্দেহে নাট্যসাহিত্যে এ এক বলিষ্ঠ সংযোজন ●
দাম পাঁচ টাকা

গুনে পুণ্যবান

বিধায়ক ভট্টাচার্য বিরচিত যে অমরেন্দ্রের কাহিনীগুলি ইতিপূর্বে পাঠক মহলে আলোড়ন সৃষ্টি করেছিল, তারই অনুপম একত্র সমাবেশ। তিন ঘণ্টা অভিনয়ের উপযোগী।
দাম আড়াই টাকা

বুক এণ্ড বুক
৪৭ ধর্মতলা স্ট্রীট, কলিকাতা
অথবা যে কোনও বড় দোকানে পাওয়া যায়

# নিজেরে হারায়ে খুঁজি

## শ্রীঅহীন্দ্র চৌধুরী

॥ ১০ ॥

আমার অবস্থাটা আতঙ্ক দেখবার মুখের ভাবে ফুটে উঠে থাকবে। দেবেনবাবু, যা লক্ষ করেই সম্ভবতঃ আমাকে কাছে ডেকে নিলেন, বললেন—ভয় পাচ্ছ নাকি?

মৃদুকণ্ঠেই বললাম—শিশিরবাবু যদি জানতে পারেন?

উনি একটু হাসলেন, বললেন—না।

অর্থাৎ শিশিরবাবুকে বোঝাতে চাইলেন,—আমার দিক থেকে কেউ কিছু জানতে পারবে না।

আমি চুপ করে রইলাম। উনি আমার পিঠ চাপড়ে দিয়ে বললেন—কোনো ভয় নেই। [illegible] নিয়ে এসো।

[illegible] শিশিরবাবুর দলও [illegible] না।

আমার শিশিরবাবুর [illegible] একেবারেই [illegible] না।

[illegible] ক্ষতি নয় না। [illegible] দেখে [illegible] না।

আমাদের [illegible] হল কিন্তু বিপদ। দেবেনবাবু, মনমোহন নিয়ে আসতে বলেছেন। তবে আমরা তিনজন, অর্থাৎ আমি, বিশ্বনাথ আর প্রবোধ ছাড়া লোক কই? লোকজন না পেয়ে, যদি মনীন্দ্র বা দেবেনবাবু থিয়েটার বন্ধ করে দেন? ছোট পার্ট পাই ক্ষতি নেই, কিন্তু থিয়েটারটা হওয়াই চাই, এই ছিল আমাদের মনোগত অভিপ্রায়। সেইজন্য, অন্যের সম্বন্ধে যে আসতে চাইবে না সে কথাটা বেমালুম চেপে গেলাম, ওঁদের আর তা বললাম না।

তিনজনে রিহার্সালে ঠিক যাচ্ছি। কিন্তু 'রাণা প্রতাপ' বই ঠিক হয়েছে, বহুলোক দরকার। কোথায় এত লোক? ওঁরা একদিন জেরা করলেন—কই হে, তোমাদের দল কই?

'রাণা প্রতাপ'-এ আমাকে দিয়েছিলেন ওঁরা 'আলাপতি মানার পার্ট', হলদিঘাটের যুদ্ধের আগের একটি ছোট দৃশ্য, তাতে আমার ২।১ বার প্রবেশ ও প্রস্থান ছিল। তাই খুব আগ্রহের সঙ্গে তৈরী করছিলাম পার্টটা। দিন দু'তিনবার করে আসতাম। সকালে আসতাম, দুপুরে আসতাম খাওয়া-দাওয়ার [illegible], আবার সন্ধেবেলায় খানিকটা হয়, হাইট্ট্রুর জন্যই। কারণ, সন্ধ্যা ভোর হয়ে এলেই বাড়ি ফিরতে হবে।

কিন্তু 'কালাপতি মানাই' ও 'রাণা প্রতাপ'-এর সব নয়। প্রচুর ভূমিকা। ওঁদের প্রশ্নের উত্তরে অগত্যা বলতেই হ'লো সাঁচ্চা কথাটা। বললাম—ওরা কেউ আসবে না।

ওঁরা কী ভেবে চুপ করে রইলেন কয়েক মুহূর্ত। তারপরে মনীন্দ্র বললেন, বেশ, ওরা না আসে, না আসবে। তোমরাই লেগে যাও।

দেবেনবাবুকে ফিরে ফিরে বললেন—এরা ত তিনজন রইল, এছাড়া যাকে-যাকে দরকার, তুমিই খবর দিয়ে আনাও।

কিন্তু, শেষ পর্যন্ত, যা ভেবেছিলাম, তাই হল। লোকজনের অভাব দেখে দেবেনবাবু বইটা পাল্টে দিলেন। বললেন—'রিজিয়া' হবে।

—রাণা প্রতাপ হবে না?

না।

বিমর্ষ হয়ে পড়লাম। আমার অতো যত্নের 'কালাপতি মানা' শূন্যে মিলিয়ে যাবে!

দেবেনবাবু পিঠ চাপড়ে বললেন—দমে যেও না। 'রিজিয়া'য় তোমাকে ভালো পার্ট দেবো।

দেবেনবাবুর নিজের তৈরী ছিল 'বক্তিয়ার'-এর ভূমিকা। আরও ক'জনকে নিয়ে এলেন। পুরানোদের মধ্যে ছিলেন ভাওনা প্রেসের ম্যানেজার তারকবাবু। তারকচন্দ্র দত্ত। তাঁকে দেওয়া হল '[illegible]'-এর ভূমিকা। আমি হলাম 'সমরকন্দ', প্রবোধ '[illegible]', বিশ্বনাথ 'বাইরাম খাঁ'।

শুরু হলো রিহার্সাল। সারা দুপুর ধরে খাঁটিমতো রিহার্সাল চলতে লাগল। তিন-চারখানা 'রিজিয়া' বই কিনে ফেলা হল। দেবেনবাবু প্রথমেই নিজে বইটা আমাদের কাছে পড়ে সব বুঝিয়ে দিয়ে-

ছিলেন। ননীদার ক্লাবের ঘরে ব'সে আমাদের যার যা পার্ট সব টুকে নিতে লাগলাম সকাল-দুপুরে-সন্ধ্যায় অবসর বুঝে। অবারিত দ্বার ছিল ননীদার ক্লাবের। তামাক খেতেন প্রায় সকলেই। ক্লাবের ঘরখানায় থেলো হুঁকো-কল্কে-গড়গড়া—সব সাজানো থাকতো। খেতুম আমরাও। তবে আর লুকিয়ে-লুকিয়ে নয়। বয়ঃজ্যেষ্ঠরা বলতেন,—খাও,খাও, লজ্জা কী?

আমরা তবু—একটু সমীহ করতাম। কিন্তু ও'রা সে-ভাবটা রাখতে দিতেন না। বোধহয় গোঁফের রেখা দেখা দিলেই জ্যেষ্ঠরা কনিষ্ঠদের অন্তরঙ্গ ক'রে নিতেন। 'প্রাপ্তে তু ষোড়শ বর্ষে' আর কী!

আরও অভিনব !! আরও বৈচিত্র্যময় !!
দীর্ঘ প্রতীক্ষান্তে বহির্বঙ্গের বৈশিষ্ট্যোজ্জ্বল সাহিত্য ত্রৈমাসিক

দ্বৈ র থ

দীপান্বিতা সংখ্যা প্রকাশিত হইল:
মূল্য ৭৫ নঃ পঃ (সডাক) শ্রীপঞ্চমী
দ্বৈরথ-এর জন্য লেখক গ্রাহক বিজ্ঞাপন-দাতা ও বিক্রয় এজেন্টগণ যোগাযোগ করুন। বার্ষিক—২৷৷৹ টাকা (সডাক)। গত বৎসরের বহুপ্রশংসিত "দীপান্বিতা" দ্বৈরথ, মূল্য—এক টাকা। ৩২ শান্তিপথ, রাঁচী, বিহার।
(এম ও ২৩১)

পাণ্ডুলিপি বই এবং এদেশে প্রকাশিত পুরাতন বাংলা-ইংরাজী সংবাদপত্রাদি কিনিতে চাই। মূল্যসহ বিস্তারিত বিবরণ জানান। বক্স নং ২১১ "দেশ" কলিকাতা—১।

PINE COUGH
ELIXIR
WITH OIL OF PINE
সর্দি, কাশি, ব্রঙ্কাইটিস, হাঁপানী এবং যাবতীয় শ্বাসযন্ত্রের রোগে আশু ফলপ্রদ।
বাথগেট এণ্ড কোং লিঃ
কলিকাতা—১

এরপরে, যখন তিনকড়িবাবুর সঙ্গে রিহার্সাল দিয়েছি, তখনো বাইরে এসে ধূমপান করেছি, কিন্তু রিহার্সালে ডাকবার জন্য বাইরে এসে তিনি যদি দেখতেন আমরা লুকিয়ে সিগারেট খাচ্ছি, অমনি ধমকে উঠতেন, বলতেন—সিগারেট খাস তো, ঘরে বসে খেতে পারিস না? এখন বড়ো হয়েছিস, লজ্জা কীসের? খেতে যখন শিখেইছিস ত, ঘরে বসেই খাবি।

যাই হোক, 'রাণা প্রতাপ' ছিল গদ্যে, কিন্তু 'রিজিয়া' পদ্যে, তাই আমাদের নিয়ে দেববাবুকে পরিশ্রম করতে হতো ভয়ানক। সকালে দু'তিন ঘণ্টা। দুপুরে তিনি খেতে যেতেন, আমরাও যেতাম। কিন্তু খাওয়ার পর তিনি একটু না ঘুমিয়ে নিয়ে আসতে পারতেন না, আমরা কিন্তু খাওয়ার পরই চলে আসতাম। এসে নিজেরাই মহড়া করে নিতাম। আমাদের পক্ষে 'ব্ল্যাঙ্ক ভার্স' বলাটা খুবই কঠিন ঠেকছিল, তবে তাঁর যা নির্দেশ, সব আমরা যথাযথ তুলে নিচ্ছিলাম। কোথায় কোন্ ভঙ্গি, কোথায় প্রবেশ, কোথায় প্রস্থান, কীভাবে প্রবেশ, কীভাবে প্রস্থান, সব নিয়ে খুবই কসরত করছি। আমার স্মরণশক্তি তখন খুবই ছিল, তার উপর অভিনয়ের দিক থেকেও পড়েছি। তাই, সব-কিছু আয়ত্ত করা কঠিন ঠেকছিল না আমার পক্ষে। তবে, গলার স্বরটা আমার একটু নরম ছিল। তাই দেববাবু একদিন আমায় বললেন—রোজ সকালে উঠে খোলা জায়গায় গিয়ে খুব জোরে—গলা ছেড়ে প্র্যাকটিস করো দেখি?

কথাটা মনে লাগল, কিন্তু কোথায় যাই ভেবে, করতুম কী, অন্ধকার থাকতে থাকতে উঠে বেরিয়ে পড়তুম গড়ের মাঠের দিকে। বাবা একদিন মাকে জিজ্ঞাসা করলেন—অতো ভোরে উঠে খোকা যায় কোথায়?

মা বললেন—ভোরে উঠে বেড়ায়।

ও'রা জানেন শরীর-চর্চায় আমি খুব মন দিয়েছি। বাবার নিজেরও ভোরে উঠে বেড়ানোর অভ্যাস ছিল, তিনি কথাটায় সেদিন খুশীই হয়েছিলেন সম্ভবত, তাই আর কিছু বলেন নি।

আমি গড়ের মাঠে গিয়ে চেঁচিয়ে চেঁচিয়ে আবৃত্তি করা শুরু করলাম। ভোরে উঠে বেড়াতে বেড়াতে এই যে একেবারে এসে গলা ছেড়ে আবৃত্তি করা, এতে মনটা অদ্ভুতরকম খুশী হয়ে উঠত। এমন কি, শরীরটাও ভালো হয়ে উঠেছিল। শুধু যে আবৃত্তির আনন্দ, তা-ই নয়, উষাকালের সেই প্রকৃতির দৃশ্য, যার একটা প্রভাব অন্তরটাকে যে এক অবাক আনন্দে ভরিয়ে তুলত, সে কথাটাই বা আজ অস্বীকার করি কী করে? উত্তরকালে অভিনেতা হয়েছি, মানুষের মধ্যে আমাদের প্রতিদিনের মেলামেশা, প্রাত্যহিকের কারবার, তবু প্রকৃতির রূপ—নৈসর্গিক শোভা আমাকে চিরকাল সবার অলক্ষ্যে হাতছানি দিয়ে ডেকেছে, তাই দৈনন্দিন কাজকর্মের অবসরে যখনি অবকাশ পেয়েছি, ছুটে ছুটে বাইরে চলে গেছি। কিন্তু, অন্তরের সেই বিচিত্র অনুভূতির লিপিগুলি এখনো লেখায়িত করবার সময় আসেনি।

মাঠে দাঁড়িয়ে আবৃত্তি করতে করতে এক-এক সময় হঠাৎ থেমে যেতুম। একা—একেবারে একা আমি—অদূরের কুটীরে মেমারিয়ালের পতাকাদণ্ডের ফল উঠেছে কি ওঠেনি জানি না, কিন্তু কথাটা তা নয়—এই যে একা দাঁড়িয়ে আছি, একাকীত্বের অনুভূতিই আমাকে বুঝি মাঝে মাঝে এমন মূক করে তুলত। সামনে বিস্তৃত গড়ের মাঠ—কেমন কুয়াশা-কুয়াশা দেখাচ্ছে—তার মধ্য থেকে দূরের গাছপালা-বাড়িঘরগুলি ক্রমশ স্পষ্ট হয়ে ফুটে উঠছে—দেখতে দেখতে, মনটা এক অদ্ভুতপূর্ব আনন্দে ভরে উঠত। আমার আবৃত্তি শুনে পাছে লোক জড়ো হয়ে যায়, তাই লোকজনের চলাফেরা শুরু হবার আগেই আমার আবৃত্তির পালা শেষ ক'রে ফেলতেম। রাত থাকতে থাকতে গিয়ে পড়তেম মাঠে, বাড়ি যখন ফিরতি, তখন সূর্যোদয় সূর্যের রাঙা আলোয় চারিদিক উদ্ভাসিত হয়ে উঠেছে। যাই হোক, কিছুদিন এভাবে চলবার পর দেববাবু একদিন আমার রিহার্সাল শুনে বলে উঠলেন—বাঃ! গলা অনেক পরিষ্কার হয়েছে হে। তিনি নিজে যে কী পরিশ্রম করেছিলেন তা বলার নয়। বেশ কিছুদিন ধরে অবিরাম অবিশ্রান্ত মহড়া খাটিয়ে। তবু এই হয়েছিল যে, অভিনয়ের দিন—উনি বখতিয়ারের ভূমিকা অথচ, উনিই গলা হয়ে গেল। অবশ্য সেদিকে হয় কেউ নেই, আমার পার্টটা যে তৈরী হয়েছে, এতেই তিনি খুশী। তিনি খুশী হওয়ায় আমিও একটু ভরসা পেলাম, মনে হল, স্টেজে ঠিক উৎরে যাবো, ভাবনার কিছু নেই।

এদিকে স্টেজের ব্যবস্থা সবই হয়ে গেছে। ননীদার ক্লাবের উত্তর সীমানার দিকে হবে স্টেজ। অর্থাৎ যেদিকটায় ছিল ক্লাবের প্যারালাল বার, রোমান রিং, ট্রাপিজ, হোরাইজেন্টাল বার ইত্যাদি। তাই ওসবই যেন হলো সরিয়ে। উঁচু পোস্তা-ওয়ালা দু'খানা মাটির ঘর ছিল, ওপরটা গোলপাতার ছাউনী, সামনে বারান্দার মতো চওড়া দাওয়া। ঘর দু'খানাই ছিল বেশ বড়ো-বড়ো। ঠিক হল, দাওয়ার সামনের দিকে চিক ফেলে দেওয়া হবে, তার আড়াল থেকে দাওয়ায় বসে মেয়েরা দেখবেন থিয়েটার। দক্ষিণের দিকে পাঁচিলের ভিতরে কুস্তির আখড়া—লাঠিখেলার জায়গা। অষ্টমীর দিন এখানে লাঠিখেলা, কুস্তি, এসব হবে, তার আগের দিন অর্থাৎ সপ্তমীর দিন হবে আমাদের 'রিজিয়া।' নবমীর দিন আবার থিয়েটার—অন্যদের বৃষকেতু।

নিজেরাই মিলেমিশে স্টেজের বাঁশ

প্যাটানো, প্ল্যাটফর্ম তৈরী—এসব করেছিলাম। তারকবাবু সিন-সিনারী নয়, পোশাকের ব্যবস্থা, চুল, সখীর দল, সব—দেখেশুনে কোথা থেকে যেন জোগাড় করে এনেছেন। মোটকথা, অনুষ্ঠানের কোনো ত্রুটি নেই।

তারকবাবু আমাকে বললেন—তোমার যে একজোড়া লাল ফুল মোজা চাই।

—লালমোজা!

—হ্যাঁ। তুমি হিন্দু সাজবে, তোমার দরকার হবে লাল ফুল মোজা। আর যারা মুসলমান সাজবে, তাদের দরকার হবে কালো ফুল মোজা।

সেদিন এটাই দেওয়াক ছিল। রয়াল ড্রেস ও পরতে গেলেই রাজা-রাজড়া-সেনা-পতিদের, হাঁটুর নীচে পাজামা চাই, আর সেই পাজামাকে আবার নীচে থেকে হাঁটুর নীচ পর্যন্ত ঢেকে দিতে হবে মোজা দিয়ে। হিন্দুর লাল—মুসলমানের কালো।

অতএব কাঁদিয়ে কাঁদিয়ে জমানো পয়সা দিয়ে লাল মোজা কিনে এনে রাখলাম বাড়িতে।

থিয়েটারের দিন সকাল থেকে ও স্টেজেই কাটছি। সেনাপতির গলা ধরা। তিনি কখনো নুনজলে কুলি করছেন, কখনো গরম জলের ভাপ নিচ্ছেন, বক্তিয়ারের গলা ধরে থাকলে 'খিজিরা'র সমূহ বিপদ!

বেলা দুপুরের দিকে পড়তেই আমায় বললেন,—যাও স্নানটান করে খাওয়াদাওয়া সারগে যাও। একটু বিশ্রাম করে সন্ধ্যার পর এসো। কেননা সেই যার নাম রাত দশটা। তবে এদিকে স্টেজও কমপ্লিট!

চলে এলাম বাড়ি। কিন্তু চান খাওয়া-দাওয়া সারার পর কিছুতেই আর ভালো লাগছিল না বাড়িতে থাকতে। কতক্ষণে যে যাবো? কতক্ষণে যে সন্ধ্যা হবে? সে এক নিদারুণ অস্থিরতা!

অবশেষে সন্ধ্যা হয়-হয়, এমন সময় মা বললেন—একি রে! চুপচাপ বসে আছিস যে বড়ো? খেলতে যাবি না? বেড়াতে যাবি না?

বললাম—সন্ধ্যার পর বেরুবো। ক্লাবে আজ থিয়েটার, কুস্তি, এসব আছে। ওখানে নেমন্তন্ন আছে রাত্রে। ওখানেই খাবো।

মা বললেন—কিন্তু রাত করবে না বলে দিচ্ছি। বাবু শুনলে বকাবকি করবেন।

উত্তর দিলাম—রাত একটু হবে বই কি আজ!

—সে কী রে!

—বাবে, হবে না!—বললাম—খেলা আরম্ভ হতেই ও কতো দেরি হবে। তারপরে আছে খাওয়াদাওয়া। রাত একটু হবে। তুমি ভেবো না। মা কিছু আর বললেন না বটে, কিন্তু আমার আর একটুও ভালো লাগছিল না চুপচাপ বসে থাকতে। যেই সন্ধ্যা হয়ে গেল, রাস্তার গ্যাসগুলো একে একে যেই জ্বলে উঠছে, আমি আর থাকতে পারলাম না, মোজাজোড়া বগলদাবা করে চুপিচুপি বেরিয়ে পড়লাম বাড়ি থেকে।

গিয়ে দেখি, চারিদিকে সবই তৈরী, লোকজনের বসবারও ব্যবস্থা হচ্ছে, সাজঘরে সাজো-সাজো রবও উঠে গেছে। সবকার আয়োজন একটু লক্ষ্য করে, স্টেজের ব্যবস্থা-টাবস্থাগুলো একবার একটু দেখে নিয়ে সবাই গেলাম সাজঘরে সাজতে দেবাবুর খবরদারির জন্য তখনো সবাকে তম্বির চলেছে।

তারকবাবু বললেন—এসেছ? যাও-যাও, রঙ করে নাও।

তখনকার দিনে 'মেক আপ-করা' কেউ বলতো না, বলতো—রঙ-করা।

তারকবাবু আমার দিকে আরও একবার

"সোভিয়েত দেশ"-এর গ্রাহক হোন



৩১শে জানুয়ারীর মধ্যে
চাঁদা পাঠালে

* বাৎসরিক ৫, টাকার বদলে ৪,
* ৪-পাতা রঙীন ক্যালেণ্ডার উপহার
* ২ বছরের চাঁদা এক সঙ্গে দিলে একসেট বই উপহার

সোভিয়েত-ভারত মৈত্রী • সোভিয়েতে ভারত সম্পর্কিত কার্যাবলী • সোভিয়েত বিজ্ঞানের যুগান্তকারী অগ্রগতি • মহাশূন্যো জয়ের তথ্যপূর্ণ ঘটনা প্রভৃতির জন্য
"সোভিয়েত দেশ" নিয়মিত পড়ুন

ন্যাশনাল বুক এজেন্সি প্রাইভেট লিমিটেড
১২ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রীট, কলিকাতা-১২ :: ১৭২, ধর্মতলা স্ট্রীট, কলিকাতা—১৩

ভালো করে দৃষ্টিপাত করে বলে উঠলেন—একজন নাপিত বসে আছে, যাও তার কাছে আগে গিয়ে দাড়ি কামিয়ে এসো। তারপরে রঙ কোরো। পেশাদারী কি অপেশাদারী, সর্বদলেই তখন নিয়ম ছিল, নাপিত একজন আসবে, সাজবার আগে ক্ষৌরকর্মটি সেরে নিতে হবে।

আমি একটু ইতস্তত করে বললাম—গোঁফ কামাবো না, বাড়িতে টের পাবে গোঁফ কামালে।

গোঁফের কথা অত বড় করে বললেও, আসলে কিন্তু তখন সবে আমার গোঁফের রেখা দেখা দিয়েছে মাত্র।

তারকবাবু বললেন—আচ্ছা, তাই করো।

সুতরাং গোঁফটি রেখেই দাড়ি-কামানোর পর্ব শেষ করলাম। এবার রঙ-করার পালা।

যিনি রঙ করবেন, তিনি বললেন—ওখানে সাবান রাখা আছে, বেশ ভালো করে মুখ-হাত ধুয়ে এসো।

তথাস্তু। তাই করলাম। ক্লাব থেকে যে-সব তোয়ালে-ঝাড়ন সব কেনা হয়েছিল, সেগুলি দড়িতে টাঙানো ছিল, তার একটিতে মুছে নিলাম মুখ-হাত। রঙকারী করলেন কী, সাদা গুঁড়ো রঙ আর লাল গুঁড়ো রঙ হাতের চেটোর মধ্যে নিয়ে—তাতে একটু জল মিশিয়ে বেশ করে গুলে নিলেন। রঙটা হলো ঈষৎ গোলাপী-গোলাপী। সেই গোলাপী রঙ ঘষে ঘষে আমার সারা মুখে, ঘাড় গলা পর্যন্ত, আবার ওদিকে দু হাতে একেবারে কনুই পর্যন্ত লাগিয়ে—ভালো করে মেলাতে লাগলেন। রঙ ক্রমে শুকিয়ে উঠতে একটু জল দিয়ে আবার ঘষে ঘষে মিলিয়ে দিতে লাগলেন। তারপরে রঙ যখন বেশ শুকিয়ে এলো, তখন দিলেন নরম ব্রাশ দিয়ে ঝেড়ে। আমি ততক্ষণে চুপটি করে বসে আছি যেন কাঠ হয়ে গেছি। যা আমাকে বলছেন, তাই করছি।

—ঘাড় তোলো।

তুলছি।

—ওদিকে ঘাড় ফেরাও।

ফেরাচ্ছি।

—চোখ বোজো।

বুজছি।

—চোখ খোলো।

খুলছি।

চোখ বোজা আর খোলার মধ্যে যদিই বা মুহূর্তের জন্য চোখ পিটপিট করে একটু তাকিয়েছি ও অমনি ধমক।

রঙের পর রঙের বাক্স থেকে ছোট ব্রাশে করে একটু রঙ তুলে গালে কপালে নাসিকায় মিলিয়ে দিতে লাগলেন ভালো করে। কাজল দিয়ে এঁকে দিলেন দুটি চোখ আর ভুরু। এমনকি গোঁফের রেখাটি পর্যন্ত দিলেন প্রায় ঢাকা করে। কপালে দিলেন সিঁদুরের মতো লাল রঙ দিয়ে টিপের ফোঁটা। ঠোঁটের মধ্যে, গলায় হাতের খাঁজে খাঁজে লাগিয়ে দিলেন পাউডারের প্রলেপ।

সব হয়ে গেলে বললেন—মুখে চোখে হাত দিও না যেন। ঘুমিও না পর্যন্ত। বুঝলে?

আমার যেন ঠিক তখখুনি গালের পাশটা চুলকাতে লাগল। রঙ-কারী ছোট্ট একটা পুঁটলী থেকে একটু অভ্রের গুঁড়ো নিয়ে মুখে ধরে ধরে দিয়ে বললেন—বেশ হয়েছে। যাও।

ততক্ষণে আমার ভীষণ সুড়সুড়ি লাগছিল। বললাম—কী করি এখন?

বললেন—একটা পায়রার পালক দিয়ে সুড়সুড়ি দাও।

তাতে আর সুরাহা হবে কতটুকু? কী ভেবে খপ করে আয়নাটা ধরলাম মুখের সামনে। নিজের মুখখানা দেখতে দেখতে সুড়সুড়ির কথাটা আর মনেই রইল না। ভাবলাম, বাঃ! এতো সুন্দর দেখতে লাগছে আমাকে!

পোশাকারী যিনি তিনি ততক্ষণে ভয়ানক ব্যস্ত হয়ে পড়েছেন। চারদিকে ঝুড়ি-ঝুড়ি সব পোশাকের ট্রাঙ্ক ছড়ানো, কতো-গুলো ছোট-ছোট ছেলে সখী সেজে বসে আছে ঐ সব ট্রাঙ্কের ওপরে। কিন্তু, ওদের তিনি বলছেন না কিছুই। কেননা, যাঁরা পোশাক দিচ্ছেন, তাদেরই হাত করে আনা ঐ ছেলেগুলি। অর্থাৎ নিজেদেরই লোক, বসতে দিতে সুতরাং আপত্তি হবে কেন?

আমি অমনি সেই সাজসজ্জার পরে ওর সামনে দাঁড়িয়ে রয়েছি ও রয়েছিই। ওর ভ্রূক্ষেপ নেই। অবশেষে নিজেই একটু জোর দিয়ে বলে উঠলাম—পোশাক? আমাকে পোশাক পরিয়ে দিন?

বেলকারী মুখ ফেরালেন আমার দিকে। বললেন—কী আপনি?

একটু থেমে থেকে তারপরে বললাম—সমরেশ।

আমাকে একটু ভালো করে লক্ষ্য করে নিয়ে বললেন—হাফপ্যাণ্ট পরে আসেন নি কেন?

বললাম—কেউ ত বলে নি। তাই কাপড় পরে এসেছি।

বললেন—তাহলে এক কাজ করুন। বেশ করে মালকোঁচা এঁটে কাপড়টা পড়ুন, যেন মাটিতে লুটিয়ে না পড়ে।

[illegible]

[illegible] পারছেন না। [illegible]

আমি জানতাম, আমার সামনের দিকেই [illegible] হবে। সেইভাবেই পরেছিলাম। [illegible] অবশ্য মনে হচ্ছিল, [illegible] যে সব জরির কাজ করা [illegible] সব নকশা দেখছিলাম, সেগুলো গেল কোথায়! [illegible] দিকে ত কোনো নকশা নেই।

ওদের হাসিতে অপ্রস্তুত হয়ে তাড়াতাড়ি খুলে ফেললাম জামা। ও হরি, জামার নকশাগুলো দেখছি রয়েছে পিছনে! বুঝলাম, ঐ পিছনের দিকটাই সামনের দিক হবে। [illegible] পিঠের দিকে।

এবারে আর ভুল হল না। কিন্তু জামা পরার পরও [illegible] এই যে, জামার হাতার [illegible] একটু [illegible] কী করি।

[illegible]

—[illegible]

—[illegible] কী হবে?

[illegible]

—[illegible]

—[illegible] কী?

[illegible]

'প্রিন্সেস' [illegible] জন্য [illegible] একটা জিনিস পরে নিতে [illegible] 'প্রিন্সেস' [illegible] কাজ করা। একটা [illegible] বেলকারী সেফটিপিন দিয়ে ও দুটো [illegible] দিলেন। [illegible] ঐ 'প্রিন্সেস' [illegible] ঐ সেফটিপিন [illegible] বেলকারী। তারপর, [illegible] পর্যন্ত [illegible]।

বেলকারী বললেন—এবার পাগড়ি [illegible]।

ঘরের এককোণে চুলওয়ালা বসে [illegible] একটা চেয়ারে—সামনে অনুরূপ একটি টেবিলে চুল সাজিয়ে। সামনে যেতেই সে [illegible]—কী?

—সমরেশ।

—[illegible] বসুন।

একান্ন পীঠের অন্যতম পীঠ, কালীঘাট
[illegible]
অজিত মুখোপাধ্যায়ের অমৃত মন্থন মূল্য ৪.০০
বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিঃ : ১৪ বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট, কলি-১২

হাঁপানীর আক্রমণ থেকে বাঁচার জন্য হাতের কাছে রাখুন

[illegible]
সোল এজেন্টস :
হ্যামিল্টন ডেভিস এ্যাণ্ড সন্স, পোষ্ট বক্স : ২০৮৫, বোম্বাই

আমি বসামাত্র সে কালো কোঁকড়ানো একটি বাবরী চুল আমার মাথার ওপর বসিয়ে দিলেন, তারপর কপালের ওপর নিজের থুতনিটা দিয়ে চেপে ধরে পিছনে—ঘাড়ের দুদিক থেকে টেনে এমনি করে বসিয়ে দিলে যে, চমৎকার মাথায় আটকে গেল। আমাকে একটু ঘুরিয়ে-ফিরিয়ে দেখে নিয়ে সে মন্তব্য করলে—বেশ হয়েছে।

— দ্বিতীয় মুদ্রণ —
সাড়ে ছয় টাকা

[illegible] ঐতিহাসিক উপন্যাস [illegible]

—ডঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়

[illegible]

—পরিমল গোস্বামী (যুগান্তর)

[illegible]

—প্রমথনাথ বিশী (আনন্দবাজার)

The mutiny was never before brought so close to our emotions by any other writer. It is not merely history plus fiction: it is something greater than either and greater than a summation of the two: it is the magic of history mingled with the magic of fiction, resulting in the far greater magic of a perfect work of art.

—Amrita Bazar Patrika

মিত্র ও ঘোষ, ১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা ১২

জীবনযাপন করেছেন (এবং এইটিই তাঁর সবচেয়ে বড় কাব্য), তার মধ্যে ভারতবর্ষের বহুযুগলব্ধ একটি সাধনার ধারা মূর্তি পরিগ্রহ করেছে। সে সাধনা কেবলমাত্র বাঙালীর সাধনা নয়, সমস্ত ভারতবর্ষের সাধনা। তার যেখানে তিনি জাতিনিরপেক্ষ, বর্ণনিরপেক্ষ, ধর্মনিরপেক্ষ মানুষের কথা বলেছেন, যেখানে তিনি মানুষে মানুষে ঐক্যের বাণী প্রচার করেছেন, সেখানে তিনি প্রাচ্য, পাশ্চাত্ত্য সব দেশেই বেঁচে থাকবেন। যুগের পরিবর্তনে রুচির পরিবর্তন অবশ্যম্ভাবী। পাশ্চাত্ত্য সমাজে রবীন্দ্র-প্রতিভার সমাদর কমে এসেছে, একথা স্বীকার করতেই হবে। এটা এমন কিছু অত্যাশ্চর্য ব্যাপার নয়। সাহিত্যে এমন হাওয়াবদল সব সময়েই হয়ে থাকে। এই মাত্র ৩০।৩২ বছর আগে আমরা যখন কলেজে পড়তুম, তখন পোপ ড্রাইডেনকে বড় কবি বলেই জানতুম, কিন্তু তাঁরা যে এমন ভয়ংকর মহাকবি, তা জানতুম না। আর ওয়ার্ডসওয়ার্থ শেলী যে কবি হিসেবে এমন ওঁচা, তাও আমাদের জানা ছিল না। সুখের বিষয়, কোন রুচিই স্থায়ী হয় না। সব রুচিই চক্রবৎ পরিবর্তন্তে। আজকে যেই খাতি নির্ধারিত, কালকে সেই খাতি পুনরুজ্জীবিত হবে। রবীন্দ্রনাথকে জন-সমাজ পুনঃ পুনঃ আবিষ্কার করবে।

শতবার্ষিকী উৎসব পৃথিবীর সব দেশেই হবে। অপেক্ষিতর ভারতীয় অধিবাসী পৃথিবীর সকল দেশেই আছেন। এঁদেরকে বলতে হবে না, এঁরা স্বতঃপ্রবৃত্ত হয়েই নিজ দেশের মহাকবিকে যথাযোগ্যভাবে স্মরণ করবেন। বিদেশীরা যোগ দেন ভালোই, না দেন, তাতেও কোন দোষ নেই। আমাদের তরফ থেকে কোনো বিদেশী সরকার কিম্বা বিদেশী সংস্থাকে অনুরোধ-উপরোধ না করাই ভালো। তোমরা আমাদের কবিকে সম্মান দেখাও, মুখ ফুটে একথা যদি বলতে হয়, তবে সে সম্মানের কোন মূল্যই থাকে না। কবিকে তাতে খাটোই করা হবে। আমরাও বিশ্ববাসীর কাছে হাস্যাস্পদ প্রতিপন্ন হব। বিদেশীরা অযাচিত-ভাবে যেটুকু করবেন, সেটুকু পরিমাণে অল্প হলেও তাতেই আমরা তৃপ্তিবোধ করব। পশ্চিমী কোনো কোনো দেশ যদি একে অন্যের সঙ্গে পাল্লা দিয়ে খুব ঘটা করে রবীন্দ্র-শতবার্ষিকীর আয়োজন করতে থাকে, তাতেও খুব উল্লসিত হবার কারণ নেই—সেটা প্রকারান্তরে 'aid to under-developed countries-এর সামিল হয়ে দাঁড়াবে। ভারতবর্ষকে কে কতখানি খুশী করতে পারে, তারই প্রতিযোগিতায় পর্যবসিত হবে। মনে রাখা প্রয়োজন, আজ-কাল রাজনীতির অনুপ্রবেশ সর্বক্ষেত্রে। সময়ে সমাধান না হলে পরবর্তীকালে এই শতবার্ষিকী উৎসবের নানাপ্রকার রাজ-নৈতিক ব্যাখ্যা দেখা দিতে পারে।

এই সম্পর্কে নোবেল প্রাইজের কথা মনে পড়ছে। বলা বাহুল্য, পঞ্চাশ বছর আগে মানুষের রাজনীতি জ্ঞান অত টনটনে ছিল না। তবুও কয়েক বছর আগে একজন বিদেশী অধ্যাপক এক বই লিখে প্রমাণ করবার চেষ্টা করেছিলেন যে, রবীন্দ্রনাথকে নোবেল প্রাইজ দেওয়ার পশ্চাতে প্রচ্ছন্ন রাজনৈতিক মতলব ছিল। কিন্তু তাঁর বই পড়ে সে মতলবটা কি, আমি ঠিক বুঝে উঠতে পারিনি। সে কি ভারতবর্ষকে খুশী করবার চেষ্টা? আপনারাই ভেবে দেখুন, ভারতবর্ষ তখন অত্যন্ত দুর্বল, পরাধীন এক দেশ। এমন দেশকে খুশী করবার জন্য নোবেল কমিটি হঠাৎ কেন ব্যস্ত হয়ে উঠবেন, তা বুঝে ওঠা দায়। [illegible] এই গ্রন্থকার আবার [illegible] একটি থিয়োরি খাড়া করবার চেষ্টা করেছিলেন। তাঁর মতে—

"Political considerations are so intricately bound up with Rabindranath's rise to fame in the west that it is sometimes difficult to separate even the most genuine literary appreciation (or depreciation) of his work from international politics, colonial policy, or the way the Indian market was captured by England or Germany, America or Japan."

[illegible] এবার [illegible] জন্য [illegible] পড়াক। সাহিত্য বিচারে এ ব্যাপারও থাকে! [illegible] উক্ত গ্রন্থকারের মতামত [illegible] একটা গ্রাহ্য করেন নি, অনেকে হেসেই উড়িয়ে দিয়েছেন। ঐ সময়কার কথা যাঁদের মনে আছে, তাঁরাই জানেন যে, ইংল্যাণ্ডের কয়েকজন খ্যাতনামা সাহিত্যিক স্বতঃপ্রবৃত্ত হয়ে রবীন্দ্রনাথ সম্পর্কে নোবেল কমিটির দৃষ্টি আকর্ষণ করেছিলেন। পশ্চিম মহাদেশে এঁরাই রবীন্দ্র-প্রতিভার আবিষ্কারক। রবীন্দ্রনাথের নোবেল প্রাইজ প্রাপ্তির প্রকৃত ইতিহাস এই —এছাড়া আর কোন রাজনৈতিক ইতিহাস নেই।

তবে একথাও অনস্বীকার্য যে, নোবেল প্রাইজ—অন্ততঃ ইদানীংকালে—পুরোপুরি রাজনীতি মুক্ত নয়। পাস্তেরনাক সম্পর্কে নোবেল কমিটি যে মনোভাব প্রকাশ করেছেন, তাতে সাহিত্যের চাইতে রাজ-নীতিই বিশেষভাবে প্রকট হয়েছে। এমন কি টি এস এলিয়ট যতদিন সাধারণের কাব্যচর্চা করেছেন, ততদিন তাঁকে পুরস্কার দেবার কথা নোবেল কমিটি ভাবেন নি, ওঁকে সন্দেহের চোখেই দেখেছেন। কি জানি, লোকটা দেখছি নতুন ঢং-এ কথা বলে, ওর মতলবটা ঠিক বোঝা যাচ্ছে না। কিন্তু যেই না তিনি কাব্যচর্চা ছেড়ে নামাবলী গায়ে আস্তিক হয়ে বসেছেন, অমনি নোবেল কমিটি বললে, হাঁ, এঁকেই মহাকবি বটে। অন্ততঃ লোকটা যা ভেবে-ছিলুম, তা নয়। ফোঁটা তিলক কেটে যখন বসেছে, তখন নোবেল তিলকটা পরাতে আর দোষ কি?

কিন্তু ইদানীং যাই ঘটে থাকুক, রবীন্দ্র-নাথের বেলায় কোন রাজনৈতিক উদ্দেশ্য পরোক্ষ বা অপরোক্ষভাবে ক্রিয়া করেনি, একথা নিশ্চিত। বাস্তবিকপক্ষে পশ্চিমের কোনো দেশই তখন তাঁর প্রাইজ প্রাপ্তিতে খুশী হয়নি। ইংল্যাণ্ড বলেছে, আমাদের দুর্দিনে [illegible] অপবাদে! ফ্রান্স বলেছে, আমাদের [illegible] [illegible]—! জার্মানীও [illegible] [illegible] জানিয়েছে। কিন্তু [illegible] [illegible] হয়নি, [illegible] [illegible] রবীন্দ্রনাথকে [illegible] [illegible] [illegible] দিয়েছে। ইয়োরোপের লোক [illegible] [illegible] [illegible] হয়েছিল। [illegible] [illegible] তাঁর [illegible] ইয়োরোপকে [illegible] [illegible] করেছিল। [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পর পর দুটি [illegible] [illegible] ইয়োরোপ [illegible] [illegible] [illegible] ঐ দুই মহাযুদ্ধের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] কাব্য এবং [illegible] [illegible] [illegible] [illegible] না, [illegible] [illegible] না। [illegible] [illegible] [illegible] অভাব, [illegible] [illegible] [illegible] আমাদের সময় লাগবে।

[illegible] [illegible] [illegible] [illegible] যে বিদেশী অধ্যাপকের কথা বলছি, তিনি কোন উদ্দেশ্যপ্রণোদিত হয়ে তাঁর গ্রন্থ রচনা করেছিলেন এমন কথা মনে করবার কোনো কারণ নেই। গ্রন্থকারের সঙ্গে আমার ব্যক্তিগত পরিচয় ছিল। তিনি সরলভাবেই আমাকে বলেছিলেন যে, রবীন্দ্রনাথের কবিতা তাঁর ইয়োরোপীয় মনে তেমন সাড়া জাগায় না। আমরা ইয়োরোপীয় মন বলতে বুঝি বস্তুতান্ত্রিক মন। বস্তুতান্ত্রিক কথাটা গালাগাল নয়। ওরা বস্তুতান্ত্রিক, কাজেই ওরা পাপপুণ্যি, আর আমাদের মধ্যে অনেকখানি আধ্যাত্মিক বুদ্ধি, কাজেই আমরা পুণ্যবান, এমন মনে করবার কোনো কারণ নেই। আমাদের চাইতে অনেক বিষয়ে ওরা শ্রেষ্ঠ। বস্তুতান্ত্রিক মানুষ আর কিছু না হোক, অপেক্ষাকৃত সরলচিত্ত। আমার মনে হয়, রবীন্দ্র-কাব্য যে এঁর মনকে তেমন স্পর্শ করেনি, তার কারণ বুদ্ধের

শিল্প ভবনের
শান্তি
হেয়ার অয়েল

ধাক্কা এঁকেও পোহাতে হয়েছে। দ্বিতীয় মহাযুদ্ধে এঁকে দেশ ছেড়ে, ভিটে-মাটি ছেড়ে পালাতে হয়েছিল। একটা বিশ্বাস এঁদের মনকে স্বভাবতই আচ্ছন্ন করেছিল। রবীন্দ্র-কাব্যে যে একটি প্রগাঢ় শান্তির ভাব আছে, সেটি এঁদের কাছে অত্যন্ত অবাস্তব মনে হয়েছে। ব্রাউনিং এর

**God's in his heaven—all's right with the world—**

—জাতীয় একটি মনোভাব এঁরা রবীন্দ্রনাথের উপরে আরোপ করেছেন। বিরাট রবীন্দ্র-সাহিত্যের [illegible] অনুবাদের মারফতে বিদেশী পাঠকের হাতে গিয়ে পৌঁচেছে। তাই থেকে এরূপ ধারণা যদি এঁরা করে থাকেন, তা হলে খুব দোষ দেওয়া যায় না। রবীন্দ্রনাথের [illegible] হতে পারে।

[illegible]

[illegible] বাংলা অনুবাদের [illegible] দেওয়া যেতে পারে, কিন্তু বাংলা অনুবাদের [illegible] আমার বেশি আসে না।

এখানে আবার সেই আগের কথাতেই ফিরে যেতে হচ্ছে। কবিকে আমরা 'সর্বত্র পূজ্যতে'র মতো স্থান দিয়েছি বটে, কিন্তু কার্যত দেখা যায়, তিনিও কেবলমাত্র 'স্বদেশে পূজ্যতে'। স্বদেশেই কবির যথার্থ সমাদর, বিদেশে নয়। নোবেল প্রাইজের বেলায় ইংরেজ সাহিত্যিক মহলে রবীন্দ্রনাথ যে যথেষ্ট প্রতিষ্ঠা লাভ করেছিলেন, তা অনস্বীকার্য, ফ্রান্সের অন্যতম শ্রেষ্ঠ সাহিত্যিক গীতাঞ্জলির অনুবাদ করেছিলেন, তাও উল্লেখযোগ্য; কিন্তু আমার


আবার শান্তি-র নতুন বই প্রকাশিত হল

ডাঃ সুব্রতেশ ঘোষের

আজ ও আগামীকাল

২.৫০

[illegible] (১৯৫৮) [illegible]

শান্তি লাইব্রেরী, ১০-বি, কলেজ রো, কলিকাতা-৯

উৎসবে

ইণ্ডিয়ান সিল্ক হাউস

কলেজ ষ্ট্রীট মার্কেট • কলিকাতা

মনে হয়, শতবার্ষিকীর বেলায় তাঁর সমাদর বিদেশের সাহিত্যিক মহলে তেমন হবে না, হবে রাজনৈতিক মহলে। তাঁরা তাঁকে কবি হিসাবে দেখবেন না, বিশ্ব-শান্তির প্রতীক হিসাবে দেখবেন। তাতে তাঁকে ছোট করে দেখা হবে, এমন কথা বলছি না—তাঁকে আংশিকভাবে দেখা হবে। কবিকে কবি হিসাবে না দেখলে যথার্থ দেখা হয় না। সেই সত্যমূর্তিতে দেখা একমাত্র দেশবাসীর দ্বারাই সম্ভব।

স্মরণ থাকতে পারে, নোবেল প্রাইজ প্রাপ্তিতে বাংলা দেশের সাহিত্যিক সম্প্রদায় যখন শান্তিনিকেতনে কবিকে সম্বর্ধনা জানাতে এসেছিলেন, তখন কবির মুখে কিছু তিক্ত বাক্য প্রকাশ পেয়েছিল। বাংলা দেশ তাতে ক্ষুব্ধ হয়েছিল। কিন্তু মূল কারণটি বুঝতে পারলে ক্ষোভের কোন কারণ থাকত না। বিদেশের দেওয়া সম্মানে কবির মন ভরেনি। দেশের লোক যদি সম্মান দিত, তবে তাকেই তিনি মাথায় করে রাখতেন। দেশের কণ্ঠে বিদেশী সম্মানের প্রতিধ্বনি শুনে তিনি তিক্ত এবং বিরক্ত বোধ করেছিলেন। শতবার্ষিকীর বেলাতেও স্মরণ রাখা কর্তব্য যে, বিদেশের সম্মানে তাঁর আত্মা ততখানি শান্তি পাবে না, যতখানি পাবে দেশের দেওয়া সম্মানে। একথা বলাই বাহুল্য যে, দেশবাসীই প্রকৃত শ্রদ্ধাধিকারী।

তাই বলে বিদেশের দেওয়া সম্মানের কোন মূল্য নেই, এমন কথা বলা আমার উদ্দেশ্য নয়। এই নোবেল প্রাইজ উপলক্ষ্যেই ইংরেজ সাহিত্যিকদের কাছ থেকে তিনি যে সম্বর্ধনা, যে সৌহার্দ্য এবং সহৃদয়তা লাভ করেছিলেন, তা অভাবনীয়। রবীন্দ্র-জীবনীর এটি একটি রোমাঞ্চকর অধ্যায়। সে অধ্যায়টি দেশবাসীর কাছে এখনও পুরোপুরি উদ্ঘাটিত হয়নি। বিশ্ব-ভারতী রবীন্দ্র সদনে রক্ষিত বহু সংখ্যক চিঠিতে সেই সুখস্মৃতি ছড়িয়ে আছে। বিদেশী বন্ধুর সম্মান লাভে রোটেনস্টাইনের সে কি আনন্দোচ্ছ্বাস!

—I open the Times and a great shout comes from it—Rabindranath has won the Nobel Prize!

সাত সমুদ্র তেরো নদীর পারে অনাত্মীয় রোটেনস্টাইনের ঘরে উৎসব লেগে গেল! স্ত্রী-পুত্র-কন্যাদের নিয়ে চলে গেলেন লণ্ডনের বাইরে পিকনিক করতে। চিঠিতে সেই খবরও দিয়েছেন। এমন অনেক চিঠির মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য রবার্ট ব্রিজেসের চিঠি। তাঁর চিঠিতে কোন উচ্ছ্বাস নেই। তিনি লিখেছেন বহু পরে, প্রথম উচ্ছ্বাস কেটে যাবার পরে। পরিহাসের সুরে বলেছেন—

—I never wrote you my compliments when that mysterious Committee of International judges crowned you with bank notes.

অনেক বছর পরে চিঠির শেষে [illegible] নোবেল প্রাইজের উল্লেখ করে আবার পরিহাসের সুরে বলেছেন,

I really think that silly Nobel affair was a happy event.

চিঠির মধ্যে যদি একটি অনুযোগ আছে। অনুযোগ করেছেন—[illegible] বলে। এই চিঠির মধ্যে যে ভঙ্গিটি বিশেষভাবে লক্ষণীয়, তা এই যে রবীন্দ্রনাথকে তিনি নোবেল প্রাইজের বহু ঊর্ধ্বে স্থান দিয়েছেন। ইংরেজী সংবাদপত্রে যখন তর্ক চলছিল, রবীন্দ্রনাথ নোবেল প্রাইজের যোগ্য কিনা, তখন ব্রিজেস ভাবছিলেন নোবেল প্রাইজটা রবীন্দ্রনাথের যোগ্য কিনা।

রবীন্দ্রনাথ নিজেও নোবেল প্রাইজকে খুব বড় একটা মূল্য দেননি। নোবেল প্রাইজের টাকাটা পেয়ে নিশ্চিন্ত হয়েছিলেন, এই দিক দিয়ে [illegible] হল (শান্তিনিকেতনে তখন [illegible] শিক্ষা ব্যবস্থার পরিকল্পনা চলছিল)। সমগ্র এশিয়া মহাদেশের পক্ষে সেদিন যে [illegible] বলে মনে হয়েছিল সেই সংবাদে এমন নির্বিকার ভাব রবীন্দ্রনাথের পক্ষেই সম্ভব। বহু বছর পরে ইয়েটস যখন নোবেল প্রাইজ পান, তখন আপন মনের চাঞ্চল্য দমন করবার জন্য তাঁর ভারতীয় বন্ধুর সেই নির্বিকার ভাবটির কথা তিনি স্মরণ করেছিলেন। আত্মচরিতে ইয়েটস এই কথাটির উল্লেখ করেছেন। ফিনল্যাণ্ডের ঔপন্যাসিক সেলেনপা নোবেল প্রাইজের খবর পাওয়া মাত্র তাঁর আধ ডজন ছেলেকে একটা ছাকড়া গাড়িতে তুলে দিয়ে শহর প্রদক্ষিণে পাঠিয়ে দিয়েছিলেন। ছেলেরা শহরের রাস্তায় রাস্তায় ঘুরে তারস্বরে চেঁচাতে লাগল

—Father is famous.

একই ব্যাপারে যে এমন ভিন্ন রকমের প্রতিক্রিয়া হতে পারে, সেটি দেখাবার জন্যেই এই ঘটনাটি উল্লেখ করলুম। একটা ভালো, আরেকটা মন্দ এমন কথা বলছি না। কিন্তু যেহেতু একটির সঙ্গে বেশির ভাগ মানুষের মিল আছে, সেই হেতু আমরা একটিকে বলি বাস্তব আরেকটিকে বলি অবাস্তব। বাস্তবিক পক্ষে দুটোই বাস্তব, কারণ দুটোই সত্য। কাব্যবিচারেও আমরা এই ভুল করে থাকি। রবীন্দ্রনাথের চরিত্রে যেমন, তাঁর কাব্যেও তেমনি একটি স্থির অচঞ্চল নির্বিকার প্রশান্তি আছে। [illegible]

বলা বাহুল্য, এ প্রবন্ধ কাব্যের সমালোচনার প্রবন্ধ নয়। কাজেই এই প্রসঙ্গ এখানেই ক্ষান্ত করা যাক। শতবার্ষিকী সম্পর্কে আরেকটি কথা বলে প্রবন্ধ শেষ করছি। পশ্চিম মহাদেশে রবীন্দ্রনাথের প্রতিষ্ঠা বিশেষ বিশেষ সাহিত্য-গোষ্ঠীর মধ্যেই আবদ্ধ ছিল, এখন তাও নেই। রবীন্দ্রনাথের নিজ দেশেও তাঁর কাব্যের আবেদন আজ পর্যন্ত শিক্ষিত সম্প্রদায়ের মধ্যেই আবদ্ধ। তাঁকে বুঝতে হলে বিশেষ এক ধরনের বুদ্ধি, বিশেষ এক ধরনের মনের গড়ন চাই। সেটা শিক্ষা-সাপেক্ষ। রবীন্দ্রসাহিত্য প্রচারের সঙ্গে শিক্ষার সম্প্রসারণ অঙ্গাঙ্গিভাবে জড়িত। দুর্ভাগ্য এত বড় কবিকে পেয়েও দেশের শতকরা আশিজনকে আমরা এই রসের ভোজ থেকে বঞ্চিত করে রেখেছি, এই লজ্জাকে স্বীকার না করলে শতবার্ষিকীর সকল আয়োজন মিথ্যা হয়ে যাবে। এই বিষয়ে বঙ্গীয় সরকারের (পূর্ববঙ্গকেও বাদ দিচ্ছি না) এই মুহূর্তে অবহিত হওয়া প্রয়োজন।

গন্ধর্ব-র
অভিনব প্রযোজনায়
[illegible]
[illegible]
নির্দেশনা : শ্যামল ঘোষ
রঙমহলে ২১শে ফেব্রুয়ারী '৬০
রবিবার সকাল সাড়ে দশটায়
প্রবেশমূল্য : ৩.৫০, ২.২৫ ও ১.২৫
প্রাপ্তিস্থান : সংকৃতি (শ্যামবাজার)। জার্নালিস্ট কর্নার (নিউ এম্পায়ারের বিপরীতে) ও ঐদিন রঙমহলে ॥
গন্ধর্ব
১৩৩/১এ, আচার্য প্রফুল্লচন্দ্র রোড/৬
(সি ২৫১৮)

রা [illegible]

[illegible]

[illegible] ঠিক করতে পারেনি।

[illegible] বাড়াল, হয়তো না। আরো এক পা বাড়িয়ে

[illegible]

ক্ষেমী কাপড়টা এখানে ওখানে [illegible]

ধরে নিভড়োতে লাগল। মাঠের উপর চাপ চাপ কুয়াশা জমেছে। জমে জমে ঘন হয়েছে। দূরের কোন পুকুর পাড়ে মাটির পিদীম জ্বালিয়ে শ্মশান জাগিয়ে গেছে হয়ত, আবছা দেখা যাচ্ছে।

ক্ষেমী শীতে কাঁপছে। ঠকঠক করে কাঁপছে ত কাঁপছেই।

কাছের বুনো বটগাছটার গা বেয়ে জোনাক জ্বলছে। জ্বলছে, নিবছে। ঝিঁঝি ডাকছে এপাশে ওপাশে। এখানে সেখানে।

একঝলক ঠান্ডা হাওয়া বয়ে গেল। বটগাছের পাতা কাঁপল। শব্দ উঠল। তারপর যেমন তেমনই। শুধু অন্ধকার বাড়ছে। ক্ষেমী নিজেকেও স্পষ্ট দেখছে না। তবু সে এদিক ওদিক তাকালো। কোথাও কাউকেই দেখল না।

ক্ষেমী হঠাৎ যেন নাড়া খেয়ে জেগে উঠল। শরীর কুঁকড়ে গেল ভয়ে। সিরসির করে উঠল সারা দেহ।

এখন কি হবে?

হাঁড়িভর্তি ঝুড়িটার তোড়ায় একবার হাত রাখলো। একটি টানও দিল। শব্দ করে কয়েকটা হাঁড়ি নড়ে গেল। ক্ষেমী সেগুলোকে আবার সাজিয়ে দিয়ে শামুকে ভর্তি হাঁড়িটাকে মাঝখানে বসিয়ে দিল। দিয়ে নিজে ঠায় দাঁড়িয়ে রইল।

ক্ষেমী জানে কেউ না কেউ আসবেই। এই সাঁঝসকালে রাস্তা ফাঁকা হয়ে যাবে, ক্ষেমীর মন মানল না। তাছাড়া সে তো এপথে এই প্রথম নয়। গত আট বছর ধরে এপথে হাঁড়ি নিয়ে যাওয়া আসা করছে। অবশ্য আজকের মত একলা নয়। অন্য অন্যদিন হাঁড়িবেচুনীদের অনেকেই থাকে। রাধার মা, বিন্দি, চেহ্নপিসী, রানুকাকি চপলা আরো অনেকে। আজ তিনপাড়ায় হাঁড়ি বেচতে দেরি হলো, ওরা সকাল সকাল চলে গেছে, অপেক্ষা করেনি। অথচ ক্ষেমী হলে অপেক্ষা করত ঠায় বসে থাকত বেচাকেনা শেষ না হওয়া তক। তা ওদের সয় হয়নি হয়ত। হয়ত চোখ টাটিয়েছে। ক্ষেমী হাঁড়ি বেচে কামার পাড়ায় গেল, নতুন হাঁড়ি কিনল। তারপর ফিরতি পথে খুশিতে ডগমগ হয়ে শামুক খুঁজতে লাগল।

এই শামুকেই হলো কাল। হাঁড়িভর্তি ঝুড়ির কথা ভুলে গেল, বেলার কথা ভুলে গেল, সন্ধ্যা তক পোড়ারমুখো হাঁস দুটোর জন্যে শামুকই খুঁজল।

এখন কি করবে ক্ষেমী?

ঝুড়িটার দিকে তাকিয়ে মাথা কুটতে ইচ্ছে হল ক্ষেমীর। ইচ্ছে হল কাঁদে। পোড়া কপালে এত দুঃখ ক্ষেমীর অসহ্য। সে হাঁসদুটোর চৌদ্দপুরুষের পিন্ডি চটকাল মনে মনে। মনে মনেই বলল: থাক শেয়ালে শকুনে, মরুক মরুক, হাড়মাস জুড়োয়।

ক্ষেমী বিড় বিড় করতে করতে একটি লোক খুঁজছে। একটি মানুষ। জোয়ান না হোক, নিদেন একটি রোগা মানুষ।

ক্ষেমী কয়েক পা সামনে এগিয়ে কয়েক পা পেছনে গেল। না, কোথাও কেউ নেই, কেউ না।

একটি শেয়াল ডেকে উঠল। একটু পরে আরেকটা, অনেকগুলো।

ক্ষেমীর কেমন যেন ভয় ভয় লাগল।

সে ভীষণ অবাক হয়ে গেছে। সন্ধ্যা হতে না হতেই রাস্তার লোক একেবারে সাফ। অথচ এমন ত হয় না। শীতেও নয়, বর্ষাতেও নয়।

ক্ষেমী আশপাশের গাঁয়ের মানুষের ঊর্ধ্বতন তিন-চৌদ্দ বিয়াল্লিশ পুরুষ উদ্ধার করল মনে মনে।

ক্ষেমীর শীত করছে। ভীষণ শীত। কাপড়টাকে আরো জোরে জড়িয়ে নিল গায়ে। অন্ধকার বাড়ছে। ঘন হচ্ছে।

ক্ষেমীর মনে হলো এত শীত আর কোনোদিন পড়েনি, এত ভয়ও নয়। তার ইচ্ছে হলো বসে—ভয় হলো, যদি বসলে সে উঠতে না পারে? যদি দাঁড়াবার ক্ষমতাই ফুরিয়ে যায়? যদি...

হাঁটুর উপরে, বেশ উপরে হঠাৎ জ্বালা করে উঠল। কি হল হঠাৎ? ক্ষেমী কাপড়ের উপরে হাতটা রাখল। এবং হাত রেখেই চমকে উঠল। মুখে বলল: মরণ! মরণ! পোড়ারমুখের শিরীষের বকম দেখেই দাঁত!—বলতে বলতে হাতের মুঠোয় থুতু ছিটিয়ে দুটো কাপড়ের ভেতর হাতটাকে ঢুকিয়ে দিল।

কালো মোটা জোঁকটা রক্তে ভর্তি হয়ে গেছে রক্ত খেয়ে। বেশ বেশ পেটে ঢল ছাড়াচ্ছে। দুআঙুলে নিয়ে একবার চোখের সামনে তুলে ধরল। হাসল। তারপর সবেগে ছুঁড়ে দিল দূরে। যেখানে জোঁকটা জ্বালা করছিল সেখানে হাত বুলোলে বার কয়। এপা ওপা ভালো করে একবার দেখল, শরীরটাও। তারপর ঝুড়ির পাশে বসে পড়ল। হাঁটুতে মুখ গুঁজল।

বাড়ুক রাত। রাত বাড়লে ক্ষেমী কি করবে? হাঁড়িগুলোকে ত আর ফেলে যেতে পারবে না।

ওতো হাঁড়ি নয়, ক্ষেমীর পুঁজি।

ক্ষেমী বসেই রইল।

ক্ষেমীর সোয়ামী আছে, কিন্তু সে ক্ষেমীকে পোছে না। ক্ষেমীর সোহাগের লোক ছিল, সেই কাঁচা বয়সে, সেও আছে, ক্ষমীকে দেখলে এখন মুখ ঘোরায়, ফিরেও তাকায় না। ক্ষেমী এখন একা। একেবারে একা। বছর তিনেক ধরেই একা। কেউ মুখ ঘুরিয়েও দেখে না।

ক্ষেমী কি মেয়ে মানুষ নয়? কি নেই তার?

সব আছে, তবু যেন কিছুই নেই। কেন নেই? তার জন্যে কি ক্ষেমী দায়ী? ভগবান যদি মুখ ফেরান ত মানুষে! আগের জন্মে পাপ করেছিল হয়ত, ক্ষেমীর বিশ্বাস, ভগবান তাকে এজন্মে এমন শাস্তি দিয়েছে। নইলে তিন বছর আগেও তার কত কি ছিল।

মেয়ে মানুষের কত কি আবার থাকে যেন? কত আবার কি? এক রূপেই ত একশো। ক্ষেমীর রূপ ছিল।

সে বছরে মড়ক লাগল। মা শীতলার কৃপা হলো। উজাড় হলো গাঁ কে গাঁ। কত মরল। ক্ষেমী মরেনি, কিন্তু মরারও বাড়া হয়ে গেল। মুখের রূপ গেল, একটি চোখ গেল। অমন যে গোল গোল হাত সেই হাতের চামড়াগুলো কেমন যেন ঝলসে পাকিয়ে গেল। গায়ে জুড়েল দাগে। সর্ব অঙ্গে দাগ আর দাগ। ক্ষেমী মরতে চেয়েছিল, পারেনি।

পোড়ারমুখো মৃত্যু তাকে নেয়নি, না। সেই যে কবে মুখ লুকিয়েছিল, আবার আসে, আসবে, এ আশায় ক্ষেমী বেঁচে রইল। এখনো বেঁচে আছে।

এ কি আর বেঁচে থাকা?

রোজ রোজ সারাদিন হাঁড়ির ঝুড়ি মাথায় এপাড়া-ওপাড়া ঘোরা, সন্ধের বেলা ফেরা, চালের খাওয়া, আবার ঘোরা। ঠিক হলো ত টিক ভরেই, নয়ত বাঁচিনেই আর। এ আবার বাঁচা না ছাই। এর চেয়ে মরণ ভালো। ঢের ভালো।

ক্ষেমীর মাঝে মাঝে এমন ঘেন্না ধরে, গলায় দড়ি দিতে ইচ্ছে হয়। কিন্তু মরতে দিলে কি করবে সে? ধান জানবে?

কার ধান জানবে ক্ষেমী? জানবে দাদা ধান কি আর পাওয়া যাচ্ছে? সবাইই ত কেনা চালে হাঁড়ি চড়ালো।

ক্ষেমী নড়ে চড়ে বসল। তারপর কি এক ভীষণ অস্বস্তিতে উঠে দাঁড়াল। একটি মানুষও কি আসবে না?

দূরে, অনেক দূরে হঠাৎ একটি আলো চোখে পড়ল। ক্ষেমীর মনের সমস্ত আবেগ মুহূর্তেই গলায় এসে আটকে গেল। এবং সেই উত্তেজনায় সে বুড়ো বটতলার বুড়ো শিবের থানে একবান্ডিল মোমবাতিই মানত করে বসল। এক বান্ডিল মোমবাতির দাম কম করে সাত আনা। ক্ষেমীর দুদুটো হাঁড়ির দামের সমান। আশ্চর্য, ক্ষেমীর সেকথা খেয়ালই হলো না।

আলোটা মাঠ-কোনাকুনি এদিকে আসছে।

ক্ষেমী আরো এক বান্ডিল মোমবাতি মানত করে বসল।

ক্ষেমীর মনে হল আর তেমন শীত করছে না। মনে হল অন্ধকারও খুব ঘন

নয়। মনে হল হয়তো এমন কিছু বেশী হয়নি।

ক্ষেমী হাঁড়িগুলোকে, উপরের হাঁড়ি-গুলোকে আরেকবার ভালো করে গুছিয়ে রেখে, নিজের কাপড়টাকে ভালো করে পরল। বেশ করকরে মনে হচ্ছে ক্ষেমীর। [illegible]

আলোটা এদিকে আসছে। ক্ষেমী আলোর দিকে একদৃষ্টে তাকিয়ে রইল। মাঠের মাঝ বরাবর এসে আলোটা থেমে গেল। [illegible] আলোটা উপরে উঠল, আরো উপরে। আলোটা এগোচ্ছে অনবরত।

ক্ষেমীর শরীর আবার কেঁপে উঠল। [illegible]

[illegible]

ক্ষেমী [illegible]

[illegible]

ক্ষেমী [illegible] এবং [illegible] ক্ষেমী দাঁড়িয়ে থাকতে পারল না। [illegible]

ভূত নয় তো?

যদি ভূত হয় [illegible] ক্ষেমীকে [illegible] কিন্তু ক্ষেমী মরতে চায় না কেন মরবে? [illegible] একটা হাঁড়ি হাতে তুলে নিল। [illegible]

যদি মানুষ হয়?

[illegible] কি? হাঁড়ি [illegible]

অন্ধকার, ঘুটঘুটে অন্ধকারেও দেখল একটা কালো ছায়া পায়ে পায়ে এদিকে আসছে। [illegible] কাছে। ক্ষেমী হাঁড়ি হাতে উঠে দাঁড়াল।

—কে রে?

প্রথম কথাটা গলায় আটকে গেল। পরে বললে, 'আমি, আমি ক্ষেমী।'

—ক্ষেমী!—লোকটার গলার স্বর হঠাৎ একেবারে খাদে নেমে গেল। মনে হল লোকটার সমস্ত আবেগ মুহূর্তেই নিঃশেষ হয়ে গেছে। মনে হল যেন অনেক [illegible] মাটিতে [illegible] হাঁড়ির মত। [illegible] হয়ে গেছে। মনে হল [illegible] অন্ধকার একটিমাত্র [illegible]

ক্ষেমী লোকটাকে চিনেছে। [illegible]

[illegible]

[illegible]

[illegible] এগিয়ে এল। [illegible]

[illegible] একটা [illegible]

[illegible]

[illegible] একবার দেখে নিল।

দিনের বেলায় ক্ষেমীর মুখ [illegible] দেখায়, এখনকার মুখের চেহারা তেমন খারাপ লাগল না দোকানীর।

উক্ত প্রশংসিত কয়েকখানা বই

ধনীমতীর অর্থনীতি ২·০০
শ্রীজ্যোতির্ময় [illegible]
[illegible]

শতাব্দীর কবি ৩·৫০
[illegible]

[illegible] পারের গাথা ১·৫০
[illegible]

চিকিৎসা বিজ্ঞানের নব অবদান ১·৫০
[illegible]

বলবার মতন নয় ১·২৫
[illegible]

শিকারী পাখী ১·৫০
[illegible]

[illegible] শিক্ষা ·৭৫
[illegible]

চাঁদ্রখানায় দেখে এলাম ১·২৫
[illegible]

[illegible] ১·৫০
[illegible]

টয়লার্স অফ দি সী ১·২৫
[illegible]

পর্বদিনের ইতিকথা ১·০০
[illegible]

শ্রীভূমি পাবলিশিং কোং
৭৯ মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৯

(সি ২৫৭৮)

দোকানী বিড়িতে বার কয় জোরে জোরে টান দিলে।

ক্ষেমীও টানলে বার কয়।

একজোড়া বিড়ির আগুন মুখোমুখি জ্বলছে।

দোকানী বললে, বীড়াটা পাকিয়ে নে।'

—এই নেই।

ক্ষেমী বিড়িতে আরেকবার টান দিলে জোরে। দোকানীও।

দুই হাতে বীড়া পাকাচ্ছে ক্ষেমী। পাকানো শেষ। এখন ক্ষেমী প্রস্তুত। দোকানীও।

দোকানী ঝুড়ির তোড়াতে হাত দিল। ক্ষেমীও দিল।

দোকানী ক্ষেমীকে দেখার চেষ্টা করছে। ক্ষেমী দোকানীকে। কেউই কাউকে স্পষ্ট দেখছে না। ক্ষেমী বললে, মৃদু গলায় বললে, 'তুলে দাও।'


বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের
আর একখানি অনবদ্য রচনা

অনুসন্ধান

সবেমাত্র প্রকাশিত হয়েছে দাম : ৩ মাত্র
বিভূতিসাহিত্যে আরও দুখানি বিশিষ্ট সংযোজন
অশনি সংকেত ৪৷৷০ নীলগঞ্জের ফালমন সাহেব ৩৷৷০
ফাল্গুনের প্রথম সপ্তাহে প্রকাশিত হবে
ছায়াছবি

বিভূতি প্রকাশন
২২৫, কলেজ স্ট্রীট মার্কেট, কলিকাতা—১২
(সি-২৬৬০)



আগামী সপ্তাহে প্রকাশিত হবে

আঁখি-বিহঙ্গ

খ্যাতিমান সাহিত্যিক
উত্তম পুরুষ এর
সুবৃহৎ উপন্যাস
চার-রঙা অপূর্ব প্রচ্ছদ
দাম তিন টাকা

নীহাররঞ্জন গুপ্তের
সর্বাধুনিক উপন্যাস

রুক্মিণী বাঈ

চার-রঙা প্রচ্ছদ
দাম তিন টাকা

তুলি-কলম
৫৭এ, কলেজ স্ট্রীট, কলিকাতা ১২

উত্তম পুরুষ-এর
বাসর ২·৫০
তপস্বী কন্যা ২·০০


—এই নেই।

ঝুড়ির তোড়া ধরে ঝাঁকুনি দিতেই ক্ষেমীর মাথায় বীড়া মাটিতে পড়ে গেল।

বীড়া খুলে গেল।

এই যা! দোকানী তোড়া ছেড়ে সোজা হয়ে দাঁড়াতে দাঁড়াতে ফুট কাটল 'হলো ত?' দোকানী হাসছে।

ক্ষেমী দ্রুত হাতে আবার বীড়া পাকাতে লাগল। কিন্তু কিছুতেই আর ঠেকনটি হচ্ছে না। কিছুতেই না। তবু ক্ষেমী বার বার খুলে বার বার পাকাচ্ছে।

দোকানী দেখল সবকিছুই দেখল। দোকানীর ভীষণ পেট টাটাচ্ছিল সে পায়ে পায়ে সরে গেল রাস্তার ওপাশে।

ক্ষেমী ফিক করে হাসল।

দোকানী ফিরে এসে শুধোল, 'তবুর হলো?'

'নুর' ক্ষেমী ঠোঁট উল্টিয়ে জবাব দিল।

—দিদি ত দেরি করে। দোকানী কথা বলতে বলতে এক ঝটকায় বীড়ার কাপড়টা ক্ষেমীর হাত থেকে নিয়ে পাকাতে লাগল।

ইতিমধ্যেই দোকানী ক্ষেমীর মুখোমুখি হয়ে [illegible]। এবারে একেবারে গা [illegible] [illegible] কাপড়ের [illegible] [illegible] [illegible], শুধোল, [illegible] [illegible] [illegible]?'

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible]?'

দোকানী ক্ষেমীর কাপড় [illegible] [illegible] [illegible] [illegible] ক্ষেমীর মাথায় হাত দিল।

দোকানী কাঁপছে।

ক্ষেমী [illegible] [illegible] একবার দোকানীকে দেখল। বীড়ার কাপড়টা পড়ে গেল দোকানীর হাত থেকে।

ক্ষেমী কাপড়টা কুড়াতে গেল, দোকানীও [illegible] হয়ে বীড়াটার উপরেই। দোকানী দেহের সমস্ত শক্তি দিয়ে জড়িয়ে ধরল ক্ষেমীকে।

—[illegible] কি [illegible]! ক্ষেমী হাতের বাঁধন ছাড়াতে চাইল। পারল না। ক্ষেমীর মনে হল এ অনেক বড় লোক। এর কাছে বড় [illegible]। ভীষণ [illegible]।

দোকানী আরো জোরে আঁকড়ে ধরল। ক্ষেমীর ভালো লাগল। তবু মুখে বললে, 'লোক আসে যে!'

দোকানী হাতের বাঁধন একটু ঢিলে করে মুখ তুলল, 'কোথায়?'

'ওই যে।'

অনেক দূরে একটি লণ্ঠন দেখা যাচ্ছে।

ওই লোক! দোকানী হাসতে হাসতে ক্ষেমীকে বুকের ভিতর নিয়ে এল। আদর করে কানে কানে বললে, 'এদিকে আসবে না গো, আসবে না।'

ক্ষেমী আর কোন কথা খুঁজে পেল না বলার। না, তা নয়, ক্ষেমী ইচ্ছে করেই

আর কোনো কথা বললে না। না, রাগ নয়, ক্ষেমীর কোন কথাই বলতে ইচ্ছে করলো না।

ক্ষেমী বোবা হয়ে গেছে। [illegible] বাবা।

বাঁড়ি পাকাতে এক মিনিটও লাগল না ক্ষেমীর। দোকানীরও [illegible]।

[illegible]—

[illegible] ক্ষেমীর মাথায় তুলে দিয়ে দোকানী [illegible] করে যে পথ দিয়ে এসেছিল সে পথেই চলতে লাগল। ক্ষেমী [illegible]। মনে মনে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible]।

ক্ষেমী [illegible]

[illegible]

[illegible]

[illegible]

বাঁকটা [illegible]

অন্ধকারেও [illegible] ক্ষেমী [illegible] ক্ষেমীর [illegible] হঠাৎ মনে পড়ল, [illegible] কথা। অনেকক্ষণ পরে [illegible] দেখে। [illegible] আকাশ। আড়াল করলে, ক্ষেমীর হাতে কিছুই ধরা আসে না। সে তো মুখ তুলে না, চোখ নামিয়েই আকাশ দেখছে [illegible]। আকাশ ঠিক নয়, আকাশের [illegible] সেও বা কম কি।

ক্ষেমী পাড়ার মধ্যে ঢুকল। [illegible] পথ, দুধারে গাছের সার। অন্ধকার এখানে

আরো ঘন, গাঢ়। ক্ষেমী হাঁটছে ধীরে, ভাবছে দুরে।

আগামী কাল সে কম করে দুটো বাঁড়ি গছাবে দোকানীকে এবং এক কাপ চা খাবে, না বিস্কুট দিয়ে নয়, তেল-তেলে কাগজে মোড়া কেক দিয়ে। খাবে তেজা মিশনীদের সামনেই, কিন্দীদকে দেখিয়ে দেখিয়ে। নিশ্চয়ই কিন্দীর চোখ টাটাবে, ভাববে ক্ষেমী কি মন্তর করল গো দোকানীকে! ক্ষেমীর হাতে [illegible] হবে। আর হ্যাঁ, একটা পান খাবে দোক্তা-পাতা দিয়ে। একটি [illegible]।


## শৈলজানন্দ মুখোপাধ্যায়

বাংলা কথাসাহিত্যের ইতিহাসে শৈলজানন্দ শুধু একটি নাম নয়, একটি বিশিষ্ট অধ্যায়। [illegible] তিনি [illegible] অন্যতম শীর্ষস্থান অধিকার করেছেন। [illegible] আধুনিক। [illegible] **বধূবরণ** [illegible] হয়েছে, অপরূপা [illegible], ঝিন্দে-মিন্দিন-এর [illegible]।

**বধূবরণ** (৩য় সং) দাম ৩.০০

**অপরূপা** দাম ৪.০০

**ঝিন্দে মিন্দিন** দাম ৩.০০

**ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড**

২, [illegible] দে স্ট্রীট, কলিকাতা-১২

সদ্য প্রকাশিত

বাংলা সাহিত্যের একটি প্রয়োজনীয় সংযোজন

# চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প

[illegible]

[illegible]

[illegible] দাম : [illegible] টাকা।

[illegible] উপন্যাস

**সাড়া**

[illegible] নতুন [illegible] সংস্করণ। [illegible] ৩.০০

[illegible] নাটক

**নতুন তারা**

[illegible] ৩.২৫

[illegible] সর্বশ্রেষ্ঠ উপন্যাস

**তরঙ্গ রোধিবে কে**

[illegible] নতুন সংস্করণ। ৬.০০

[illegible] উপন্যাস

**এক মুঠো আকাশ**

[illegible] সংস্করণ [illegible]। ৩.০০

[illegible] নতুন বই

**বাঘের চোখ**

[illegible]

২.৫০

[illegible] উপন্যাস [illegible]

**ড্রাগনের নিঃশ্বাস**

[illegible] ২.৫০

অন্যান্য [illegible] বই : [illegible] **[illegible] সংসার** ৩.০০ [illegible] উপন্যাস **[illegible] মেয়েরা** ২.০০ [illegible] উপন্যাস **[illegible] পাঠশালা** ২.৫০ [illegible] **[illegible]** ১.৫০ [illegible] উপন্যাস **[illegible] চিঠি** ৩.০০ [illegible] **একাঙ্ক নাটক সংকলন** ৩.০০ [illegible] নাটক **এক মুঠো আকাশ** ৩.০০ [illegible] উপন্যাস **[illegible]** ২.৫০

**গ্রন্থম**

২২।১ [illegible] স্ট্রীট

কলিকাতা-৬

ক্ষেমী আরেকটি হোঁচট খেল। বড় যন্ত্রণা হলো এবারে ক্ষেমীর। আর তাই সে দোকানীকে আরেকবার গাল দিলে।— মরণ মিনসের, আবার মনে করে মুখে আগুন, মুখে আগুন।— বলতে বলতে সে মনে মনে একেবারে পাকাপাকি করে নিল—না, কিছুতেই সে দোকানীর সামনে যাবে না। কাল থেকে অন্যদিকে হাঁড়ি বেচতে যাবে সে। উল্টোদিকে।

ক্ষেমী বাড়ি পৌঁছল। পৌঁছেই হাঁসের খোঁয়াড়টা দেখল। মধুর মা দরজা দিয়ে দিয়েছে। ক্ষেমী খুশী হল।

চারদিক নিঃঝুম। ঝিঁঝিঁ ডাকছে। একটি জোনাকি পোকা উড়ে উড়ে জ্বলছে, নিবছে পেয়ারা গাছের ডালে। দূরের হাইওয়ের মাদারকাঁটি কুঁইকুঁই করে উঠল বার বার। অনেক দূরে শেয়াল ডাকল। কাদের কুকুর অনেক দূরে দূরে ঘেউঘেউ করে উঠল। উঠোনময় অন্ধকার। ঘরগুলোতেও। সবাই ঘুমোচ্ছে।

ক্ষেমী মধুর মার দরজায় ধাক্কা দিল।

মধুর মা জাগল। দরজা খুলল। হাঁড়ি নামাতে নামাতে শুধাল, 'এত রাত কেন রে?'

পোড়া কপালের দুঃখ—

মধুর মা কথার মাঝখানেই বলল, 'আ—' বলেই পায়ে পায়ে নিজের ঘরে ঢুকে ভাতের হাঁড়িটা ক্ষেমীর দাওয়ায় রেখে, ঘরের দরজা দিল।

ক্ষেমী তালা খুলে কেরোসিনের কুপি জ্বালাল। কাপড় ছেড়ে ভাত খেল। বিড়ি টানল। তারপর কণকয়েক এপাশ ওপাশ করে ঘুমিয়ে পড়ল। ভোর রাতে স্বপ্ন দেখল, ক্ষেমীর সোয়ামী ঘরে ফিরে ক্ষেমীকে ডাকছে। ক্ষেমী তবুও উঠছে না। সোয়ামী তাকে অনেক সোহাগ করে চুমু খেল। সোহাগে ডগমগ হয়ে জাপটে ধরল। তবু ক্ষেমী উঠল না। ক্ষেমীর সোয়ামী তাকে তখন পাঁজাকোলা করে নিয়ে চলল ঘরের বাইরে, মাঠে। ক্ষেমীর ভীষণ রাগ হল। ঘরের বউকে কেউ বাইরে নিয়ে যায় নাকি! আদিখ্যেতার বহর দেখ। ক্ষেমী নিজেকে ছাড়াবার জন্যে মোচড় দিতেই পলকে দেখল, লোকটা তার স্বামী নয়, দোকানীও নয়, সেই বাঁড়ুয্যেদের শিবঠাকুরের মূর্তিও নয়, এ অন্য আরেকজন। ক্ষেমী একে দেখেনি, একে চেনে না। ভালো করে তাকাতে যেতেই ঘুম ভেঙে গেল। কোথাও কেউ নেই। ঘরে সে একা। বেড়ার ফাঁক দিয়ে চাক চাক রোদ্দুর পড়েছে ঘরের মেঝেয়। ক্ষেমী তাড়াতাড়ি বিছানা ছেড়ে বাইরে এল।

একঝাড় চড়ুই খড়ের চালার ভেতর থেকে কিচির মিচির শব্দ করে বেরিয়ে গেল। ক্ষেমী দেখল। সারা শরীরে মোচড় দিয়ে আড়মোড়া ভাঙল। বাবা, কি ঘুমই না ঘুমিয়েছে সে।

ক্ষেমী এলোচুল গুছিয়ে খোঁপা বাঁধল। তারপর খুঁটি ধরে দাঁড়াল সোজা হয়ে।

উঠোনময় রোদ্দুর আর রোদ্দুর। মধুর মা উঠোন ঝাঁট দিচ্ছে। নন্দা দাওয়ায় পা ছড়িয়ে বেগুন কুটছে। নন্দার মা রোদে পিঠ পেতে কাঁচা লংকা দিয়ে পান্তা গিলছে।

ক্ষেমী দেখছে শিউলি গাছের ডাল থেকে ওই তেলকুচোর লতায় ফুল ফুটেছে, ফল ধরেছে। ঝিঙেফুলগুলো শুকিয়ে যাচ্ছে, মাচানের গা বেয়ে ঝুলে পড়েছে লাউডগা, শসার ডগা। ওপাশের সুপুরী গাছের মাথায় ফড়িং উড়ছে। কোথায় ঘরের চালায় বসে একটা কাক ডাকছে। মধুর মা ঝাঁট দিচ্ছে। ধুলো উড়ছে। উড়ছে।

ক্ষেমীর সেদিকে খেয়াল নেই। মধুর মা আড়চোখে আড়চোখে ক্ষেমীকে দেখছে।

ক্ষেমী উঠোনে নামল। খোঁয়াড়ের দরজা খোলবার জন্যে দাওয়ায় হাত রেখে ঝুঁকল। দরজাটা খুলে দিল। একটা হাঁস প্যাঁক প্যাঁক শব্দ করে বেরিয়ে এল। ক্ষেমী খোঁয়াড়ের ভেতর আরেকটাকে তাড়া দিল। তাড়া দিতেই হাঁসটা, মতলব, আরো ঝুঁকল। মধুর মা ওদিক থেকে বললে— তোর হাঁস একটা ডিম পেড়েছে রে।

—কই?

ক্ষেমী মাটিতে ঝুঁকে খোঁয়াড়টা দেখল। একটি। একটি ডিম পড়ে রয়েছে খোঁয়াড়ে।

সঙ্গে সঙ্গে ক্ষেমীও জানে না, ক্ষেমী দাওয়ার উপরেই বসে পড়ল। নড়ল না, চড়ল না, স্থির বসে রইল।

মধুর মা ঘরে ঢুকে গেছে। নন্দাও। নন্দার মা বাসন নিয়ে পুকুরঘাটে যাচ্ছে।

ক্ষেমী বসে আছে।

ক্ষেমীর ওভাবে বসে থাকতে দেখেই হয়ত হাঁসটা আবার প্যাঁক প্যাঁক শব্দ করতে করতে খোঁয়াড়ের ভেতর ঢুকে পড়ল।

ক্ষেমী দেখছে, হাঁসটা আস্তে আস্তে ডিমটার উপর গিয়ে বসল। এবং বসেই রইল। ক্ষেমী দেখছে, পালকের তলা দিয়ে ডিমের সাদা একটু আভা। ক্ষেমীর কি যেন হয়ে গেল। কেমন যেন মনে হল তার। আর তাই সে মমতায় স্নিগ্ধ এক কোমল দৃষ্টি মেলে তাকিয়ে রইল হাঁসটার দিকে, ডিমটার দিকে, এবং খোঁয়াড়ের দরজা ডিঙিয়ে ঢুকে পড়া এক ঝলক উজ্জ্বল রোদ্দুরের দিকে।

ক্ষেমী ঘামছে। ভীষণভাবে ঘামছে।

যে তাগিদে গত রাতে হাঁসটা ডিম পেড়েছে, যে ভয়ে ডিমটাকে এ মুহূর্তে আড়াল করে বসে রয়েছে, যে সুখে ক্ষণে চোখ মেলে ক্ষণে চোখ বুজছে, ক্ষেমীও যেন হাঁসের মতো সে তাগিদ, সে ভয়, সে সুখ চায়।


* এ-কালের এক অনন্য সাহিত্যকীর্তি *

মহাভারতের অন্যতম শ্রেষ্ঠ ঐশ্বর্য তার অজস্র প্রেমকাহিনী। সে-প্রেমকাহিনী সকল মনের সর্বকালের আনন্দ। সে-প্রেমের রূপ বিচিত্র সুন্দর ও সুমহিম।

'ভারত প্রেমকথা' প্রেম ও প্রণয়ের সূক্ষ্ম মনোবিশ্লেষণ। আঙ্গিকের নূতনত্বে, কাহিনীর মনোহারিতায় ও ভাষার গৌরবে এক ক্লাসিক-সৃষ্টির নিদর্শন।

* মোট কুড়িটি গল্পের সংকলন *

এ-বই নিজে পড়ুন। এ-বই প্রিয়জনকে পড়ান ॥

নূতন সপ্তম সংস্করণ । দাম ছয় টাকা

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড
৫ চিন্তামণি দাস লেন । কলিকাতা ৯

অলৌকিক দৃষ্টিসম্পন্ন মানুষের ক্ষমতা সম্পর্কিত অনুশীলনে ব্যাপৃত বৈজ্ঞানিকদের মতে কোন কোন জন্তু আছে যারা ইন্দ্রিয়াতীত ক্ষমতার অধিকারী। বিড়াল কুকুর, ময়না, তোতাপাখী তাদের প্রতিপালকের সম্পর্কে বিচিত্র আচরণ প্রকাশ করার বহু দৃষ্টান্ত পাওয়া যায়।

ক্যালিফোর্নিয়ার এক আইন ব্যবসায়ী নিজে বিড়াল পছন্দ করতেন না কিন্তু তাঁর স্ত্রী বিড়াল ভালবাসতেন। স্যালি নামে একটি বিড়াল বাড়িতে রাখা হয়েছিল প্রধানত ইঁদুরের উৎপাত থেকে পরিত্রাণ পাবার জন্য। স্যালি তার কাজ বেশ ভালই করতো, স্বভাবও ভাল ছিল এবং ওকে নিয়ে কোন ঝামেলা পোয়াতে হতো না। স্যালি ভদ্রলোকের ছেলে দুটির বড় আদরের পাত্রী ছিল। একবার গ্রীষ্মের ছুটিতে অভিভাবকদের অনুমতি নিয়ে ছেলে দুটি বাড়ি থেকে দশ মাইল দূরে জঙ্গলে কদিনের জন্য শিবিরবাস করতে যায়। বাপ মা ওদের গাড়িতে করে শিবিরের স্থানে পৌঁছে দিয়ে আসেন।

সেইদিন রাত দুটোর সময় স্যালিকে ভীষণ চেঁচামেচি করতে শোনা গেল। শিশুকাল থেকে সে ঐ বাড়িতে থাকলেও কোনদিনই তাকে এমন করতে দেখা যায়নি। তাকে শান্ত করার সমস্ত চেষ্টাই ব্যর্থ হলো। তার স্ত্রী বললেন হয়তো বিড়ালটি বিপদেরই কিছু সংকেত দিচ্ছে। কিন্তু ভদ্রলোক সেকথা হেসেই উড়িয়ে দিতে চাইলেন। স্ত্রী বললেন নিশ্চয়ই ছেলেদের কিছু ঘটেছে, তা নাহলে স্যালিকে এমন উতলা দেখা যেত না। অবশেষে স্ত্রীর উতলা ভাব দেখে ভদ্রলোক তাকে নিয়ে শিবিরের স্থানে জঙ্গলে গিয়ে উপস্থিত হন। দেখেন, জঙ্গলে আগুন লেগেছে এবং তাঁর ছেলেরা যেখানে তাঁবু ফেলেছে তার চতুর্দিক থেকে আগুন দ্রুত তাদের দিকে এগিয়ে চলেছে। অগ্নিনির্বাপক দল জানাল যে, আগুন যেভাবে ঘিরে ফেলেছে তাতে ছেলেদের উদ্ধার করা দুঃসাধ্য ব্যাপার। ভদ্রলোক নির্ভীক [illegible] হয়ে আগুনের মধ্যে দিয়েই দ্রুত গতিতে গাড়ি চালিয়ে ছেলেদের উদ্ধার করে আনেন। বাড়ি ফিরতে দেখেন, স্যালি আবার আগের মতোই বেশ শান্ত। ও এবার এগিয়ে এল যেন ওদের অভ্যর্থনা করতে।

বিড়াল, কুকুর জাতীয় পশুকে তাদের আবাস থেকে কয়েক শত মাইল দূরে ছেড়ে দিয়ে এলেও দেখা যায়, তারা ঠিক বাড়ি চিনে ফিরে এসেছে। কিন্তু ডেইজি নামক একটি বিড়ালের প্রতিপালকের কাছে ফিরে আসার কাহিনীর তুলনা কদাচিৎ পাওয়া যায়। এক ভদ্রলোক সপরিবারে তাঁর গ্রীষ্মাবাসে গিয়ে পৌঁছানো থেকে ডেইজি তাদের বড় প্রিয়

# বিশ্ব বিচিত্রা

হয়ে ওঠে। ছুটি শেষে ফিরে যাবার সময় আসতে ডেইজিকেও সঙ্গে নিয়ে যাবার কথা হয়। কিন্তু ও তখন আসন্নপ্রসবা বলে ইচ্ছে থাকলেও ওকে আনা সম্ভব হয়নি। ভদ্রলোক এক প্রতিবেশীর কাছে ডেইজিকে রেখে চলে আসেন।

মাসখানেক পর তিরিশ মাইল দূরে নিউইয়র্কে ভদ্রলোকের ফ্ল্যাটের দরজায় ডেইজি এসে উপস্থিত অথচ আগে কোনদিনই সে এবাড়ি দেখেনি। ওর মুখে একটা বাচ্চা। বাচ্চাটিকে মাটিতে নামিয়েই সে চলে যায়। সপ্তাহখানেক পর আবার ওকে দেখা গেল মুখে আর একটি বাচ্চা নিয়ে। এইভাবে সে একটি একটি করে পাঁচটি বাচ্চাকে এনে হাজির করে দেয়।

সানফ্রান্সিসকোর এক ট্যাক্সি ড্রাইভার একদিন মাঝরাতে একজন সওয়ারি পেলো—একজন নয়, ঠিকভাবে বলতে হয় দুজন সওয়ারি—এক মার্কিন সৈনিক, আর তার পোষা একটি ছোট [illegible]। সৈনিকটি তার গন্তব্যস্থল জানায় পঁচিশ মাইল দূরে এক জায়গায়। কিছুদূর গিয়ে সৈনিক একটা পানশালার সামনে ট্যাক্সিটি অপেক্ষা করতে বলে ভিতরে চলে যায়। মিনিট দশেক অপেক্ষা করার পর ট্যাক্সিচালক পানশালায় প্রবেশ করে দেখে সৈনিক উধাও। বেওয়ারিশ পশুদের আশ্রয়কেন্দ্র এস-পি-সি-এতে কুকুরটিকে নিয়ে গেলে তারা ওটা ট্যাক্সিচালকের দায়িত্ব বলে গ্রহণ করতে অরাজী হয়।


সুরভির নতুন বই

প্রেমেন্দ্র মিত্র
সম্পাদিত

## সিন্ধুর স্বাদ

'...ব্যষ্টি ও সমষ্টিগতভাবে মানুষের জীবন বিস্ময়বৈচিত্র্যে ও রহস্যে সমুদ্রের চেয়েও অসীম, অগাধ ও অতুল। সে অসীম অতলান্তের স্বাদ সমস্ত সমুদ্র নিঃশেষে পান করে পাওয়ার জন্য অগস্ত্য হওয়া আমাদের বোধহয় সম্ভব নয় প্রয়োজনও বোধহয় নেই। জীবনের অগাধ রহস্য সমুদ্রের স্বাদ গণ্ডূষে দেবার ক্ষমতা যা রাখে এই হোল সার্থক ছোটগল্প। সেই কারণেই এই সংগ্রহের নাম **'সিন্ধুর স্বাদ'**।...'

দ্বিতীয় মহাযুদ্ধের কাল থেকে শুরু করে সাম্প্রতিক কাল পর্যন্ত আটাশ জন কথাশিল্পীর বাছাই করা আটাশটি গল্প সংগৃহীত। লাইনো টাইপে মুদ্রিত। সুপরিকল্পিত ও সুশিল্প প্রচ্ছদ এবং মনোরম অঙ্গসজ্জা। মূল্য : সাত টাকা

অন্যান্য বই

| | | |
|---|---|---|
| **হেডমাস্টার** (উপন্যাস) | — নরেন্দ্রনাথ মিত্র | ২·৫০ |
| **মায়ামারীচ** (উপন্যাস) | — সুশীলকুমার ঘোষ | ৩·৫০ |
| **রাতের ঢেউ** (উপন্যাস) | — সত্যপ্রিয় ঘোষ | ৩·০০ |
| **সাম্প্রতিক স্বনির্বাচিত কবিতা** | — হরপ্রসাদ মিত্র | ৩·০০ |
| **হাওয়ার সংরাগ** (কবিতা) | — শিপ্রা ঘোষ | ২·০০ |

**সুরভি প্রকাশনী** : ১ কলেজ রো, কলকাতা ৯



১

২



৩

**১। ২০০০ খৃষ্টাব্দের মধ্যে পৃথিবীর অধিবাসী সংখ্যা দ্বিগুণ হবার সম্ভাবনা থাকায় মানুষের খাদ্যের সমস্যা উৎকট হয়ে উঠেছে। একটি প্রাপ্তবয়স্ক স্বাস্থ্যবান ব্যক্তির খাদ্য উৎপাদনে তিন একর জমিতে ফসল ফলানোর দরকার কিন্তু বর্তমানে গড়পড়তা উৎপাদনের পরিমাণ প্রতিজনপিছু মাত্র এক একর। অথচ পৃথিবীর জমির মাত্র এক দশমাংশে বর্তমানে চাষ হয়। ২। বিশেষজ্ঞরা বলেন, পৃথিবীর সবচেয়ে স্বাভাবিক জীবন হচ্ছে জীবানু। গড়পড়তায় এক একর জমিতে জীবানুর সংখ্যা থাকে ৯০০০০০০০০০০০০০০০০০। ৩। শূন্যে পরিভ্রমণকারীদের জন্য এমন একপ্রকার ঘড়ি উদ্ভাবিত হয়েছে যাতে পৃথিবী এবং মঙ্গলগ্রহ উভয় গ্রহেরই ঘন্টা, তারিখ, মাস ও বৎসর দেখা যাবে। মঙ্গলগ্রহের অক্ষরেখা ঘুরে আসতে পৃথিবীর সময় ধরে ২৪ ঘন্টা, ৩২ মিনিট ২২ সেকেন্ড সময় লাগে এবং মঙ্গলগ্রহের বছর পূর্ণ হয় পৃথিবীর দ্বিগুণ সময়ে**

গত্যন্তর না দেখে ট্যাক্সীচালক সৈনিক কথিত পল্লীর দিকে কুকুরটিকে নিয়ে যেতে থাকে এই আশায় যে, সেখানকার কেউ হয়তো ওকে চিনতে পারবে। পল্লীর কাছাকাছি পৌঁছতে পিছনের সীট থেকে কুকুরটি চীৎকার করতে আরম্ভ করে দেয়। খানিকটা যাবার পর ট্যাক্সীচালকের ধারণা হয় যে, কুকুরটি সম্ভবত তাকে সঠিক রাস্তার নির্দেশ দিতে চায়। ভুল পথে গাড়ি ঘোরালেই সে চীৎকার আরম্ভ করে, আবার ঠিক পথ ধরে গেলে চুপ করে বসে পড়ে। একটা ধুলোভরা রাস্তা দিয়ে যেতে আরম্ভ করতেই কুকুরটা ভীষণ চীৎকার আরম্ভ করে। চালক তখন দরজাটা খুলে দেয়। কুকুরটি লাফিয়ে গাড়ি থেকে নেমে কাছাকাছি একটি বাড়ির দরজায় গিয়ে ধাক্কা দিতে থাকে। সঙ্গে সঙ্গে গাড়ি বারান্দার আলো জ্বলে ওঠে এবং দরজা খুলে এক বৃদ্ধ বেরিয়ে এসে কুকুরটিকে আদর করতে থাকেন। পরে ট্যাক্সীচালকের দিকে ফিরে বলেন: "ছেলেটা আবার বোধ হয় উধাও হয়েছে। কত ভাড়া দিতে হবে?"

মৃত্যু বা মারাত্মক দুর্ঘটনার অগ্রিম সঠিক আভাস দেওয়াতেও কুকুরদের একটা ইন্দ্রিয়াতীত ক্ষমতার পরিচয় পাওয়া যায়। এ বিষয়ে গত মহাযুদ্ধে ব্রিটেনের নিকটবর্তী এক স্থানে অবস্থিত ছজন বোমারু বিমান চালকের পয়মন্ত কুকুর ফ্ল্যাক সম্পর্কে অদ্ভুত কাহিনী শোনা যায়। ফ্ল্যাক ঐ ছজনের অত্যন্ত অনুরক্ত ছিল এবং ঘাঁটির অন্যান্যদের আমল দিত না মোটেই।

বোমারুদের অভিযানে বের হওয়া বা ফিরে দিয়ে বিমান দাঁড়াবার লাইনে গিয়ে পৌঁছলেই বোঝা যেত যে, ও যাদের অনুরক্ত সেই দুজনের বিমানখানি ঘাঁটিতে প্রত্যাবর্তন করছে। এ ব্যাপারে ফ্ল্যাকের কোনদিনই ভুল হয়নি।

একদিন দুপুরে ফ্ল্যাক কর্ণপটাহবিদারক চিৎকার আরম্ভ করে। দশ মিনিট চিৎকারের পর থেমে যায়। সেইদিন বৈকালে বিমান বহর অভিযান সেরে ফিরে আসার সময় ফ্ল্যাক কান খাড়া করে রইলো, কিন্তু অন্যান্য দিনের মতো বিমানের লাইনের ধারে গিয়ে দাঁড়ালো না। একটু পরেই তার কারণটা বোঝা গেল। ফ্ল্যাক যাদের অনুরক্ত তাদের বিমানখানি সেইদিনই দুপুর সাড়ে বারোটার সময়, ঠিক যে সময়ে ফ্ল্যাক চিৎকার করে উঠেছিল, ইটালীর ওপর দিয়ে যাবার সময় শত্রুপক্ষের গুলিতে ভূপাতিত হয়েছে। ও আগেই বুঝতে পেরেছিল যে, নিত্য যাদের ও অভ্যর্থনা করতে যায় তারা আর ফিরছে না।

পিটসবার্গের একটি পরিবার একবার ছুটি কাটাতে তাদের বাড়িটি ভাড়া দিয়ে ইওরোপ যাত্রা করে। সঙ্গে নিয়ে যাওয়া সম্ভব ছিল না বলে ওরা ওদের পোষা বুলডগটিকে রেখে যেতে বাধ্য হয় এবং ভাড়াটেরা ওর দেখাশোনা করার ভার নেয়।

কুকুরটি বেশ ভালভাবেই দিন কাটাচ্ছিল কিন্তু হঠাৎ একদিন মাঝরাতে চেঁচিয়ে গড়াগড়ি দিয়ে বাড়িময় ছুটোছুটি করে বেড়াতে থাকে। ভাড়াটেদের ধারণা হয় কেউ বোধ হয় ওকে বিষ খাইয়েছে। ওকে নিয়ে কি যে করা হবে—ভাড়াটেরা বড় ভাবনায় পড়ে যায়। তার একদিন পর একটা টেলিগ্রাম আসার ওরা ব্যাপারটা বুঝতে পারে। যে রাতে কুকুরটির অস্বাভাবিকত্ব প্রকাশ পায় ঠিক সেই সময়েই লন্ডনে গৃহকর্তীর মৃত্যু ঘটে। কুকুরটি ঐ বৃদ্ধার অত্যন্ত অনুরক্ত ছিল এবং তিনি ফিরে না আসায় কোনদিনই কুকুরটিকে [illegible] খুঁজে পাওয়া যায়নি।

*

যুক্তরাষ্ট্রে একটা মামলার শুনানীকালে এক আইনজ্ঞ জনৈক সাক্ষীকে চার হাজার শব্দবিশিষ্ট একটি প্রশ্ন তুলে আদালতকে বিস্মিত করে তোলেন। সাক্ষী উত্তর দেয় একটিমাত্র কথায়: "না।"

অল্পকাল আগেও বৃটেনের হাউস অব কমন্স সদস্যরা বক্তৃতায় বহু শব্দবিশিষ্ট দীর্ঘ বাক্য প্রয়োগে অভ্যস্ত ছিলেন। একবার এক সদস্য একটি নতুন বিলের সমালোচনা প্রসঙ্গে বিনা যতিচিহ্নে উপর্যুপরি চুয়ান্নটি শব্দবিশিষ্ট একটি বাক্য ব্যবহার করেন।

যুক্তরাষ্ট্রের সিনসিনাটি পৌরসভার রেকর্ডে একটি বিধানের খসড়া পাওয়া যায় যাতে একটি বাক্যই রয়েছে বিশ হাজারটি শব্দবিশিষ্ট।

*

কায়রোতে ডাক্তার আহমেদ দাদাগা-মৌনিকে জেলে যেতে হয়েছে এই অপরাধে যে, সে অপ্রাপ্তবয়স্ক ছেলেমেয়েদের প্রেম-পত্রগুলি খুলে পড়ে নিয়ে পত্রলেখক বা লেখিকার অভিভাবকদের তাদের সন্তানদের দুর্গতি সম্পর্কে অবহিত করার চেষ্টা করেছিল।

পাশ্চাত্যে সৌন্দর্য বাড়ানোর নতুন নতুন উপকরণ প্রায় নিয়তই বাজারে বের হচ্ছে কিন্তু তাতেও ওদের মন ভরছে না। সম্প্রতি গালে নকল টোল খাইয়ে দেবার একটা উপায় আবিষ্কৃত হয়েছে। তিন চার পুরুষ আগে যুবকেরা গালে টোল খাওয়া মেয়েদের বেশী পছন্দ করতো কারণ সুন্দর মুখ তাতে সুন্দরতর হয়ে ওঠে বলে।

টোল খাওয়া গালের ওপর কেন যে মোহ তার কোন ব্যাখ্যা পাওয়া যায় না। পঞ্চাশ বছর আগেকার এক সৌন্দর্য বিশেষজ্ঞ লিখে গিয়েছেন: "গালে টোল খাওয়া মুখ মেয়েদের সৌন্দর্যের একটা বিশেষ লক্ষণ বলে পৃথিবীর সব দেশেই পরিগণিত হয় এবং এমন মেয়েদের ভাগ্যবতী বলে অভিহিত করা হয়।"

যুক্তরাষ্ট্রে মেয়েদের বর্তমানে গালে টোল খাওয়ানোর প্রতি একটা বিশেষ ঝোঁক দেখা দিয়েছে। বছর কয়েক আগে এক সৌন্দর্য বিশেষজ্ঞ তার উদ্ভাবনী ক্ষমতা খাটিয়ে একটা যন্ত্র আবিষ্কার করে এখন খুব কাটতির ব্যবসা করছে। তার যন্ত্রটার কাজ মাথা, গাল ও চিবুকে এই যন্ত্রটি লাগিয়ে রাখতে হয়। একটা স্প্রিংয়ের সাহায্যে একটা নরম প্যাড গালের যেখানে টোল খাওয়ানো দরকার সেখানে চাপ দিয়ে থাকে এবং এইভাবেই কয়েক সপ্তাহ পর আসল আর নকল টোল খাওয়া ধরবার উপায় থাকে না।

*

একদিন প্রত্যুষে রাজপ্রাসাদ উদ্যানে গিয়ে তুষারপাতের পর সম্রাজ্ঞী ক্যাথেরিন ছোট একটি ফুল দেখে পুলকিত হয়ে উঠেন। আগে কখনো দেখেননি সেই তুষার-শুভ্র বসন্তদূতী ফুল। তাঁর এই ভয় হলো যে তিনি রক্ষীদের অধিনায়ককে ডেকে হুকুম দেন ফুলটিকে পাহারা দেবার জন্য একজন প্রহরী নিযুক্ত করে রাখতে।

কথিত আছে যে, শীতকাল সেই আজ্ঞা প্রতিপালিত হয়ে আসে থাকে, এমন কি, সেই ফুলগাছটি মরে যাবার পরেও। শেষে এক কৌতূহলী রুশ পর্যটক প্রশ্ন তোলেন বাগানের বিশেষ এক স্থানে একজন প্রহরীর সার্বক্ষণ উপস্থিতি সম্পর্কে। কিন্তু কেন যে সে দাঁড়িয়ে থাকে তা কেউ বলতে না পারায় শেষে আজ্ঞাটি নাকচ করে দেওয়া হয়।

এই তুষার শুভ্র বসন্তদূতী ফুলকে কেন্দ্র করে ইওরোপের বিভিন্ন দেশে বিভিন্ন প্রকারের সংস্কার ও কিংবদন্তী প্রচলিত আছে। ইংলণ্ডের সাসেক্সে একটা সংস্কার আছে যে, এই শুভ্র বসন্তদূতী ঘরে ঢোকালে আনবে একটা অকল্যাণ অনিবার্যরূপে দেখা দেবেই, এমন কি মৃত্যু পর্যন্ত।


মহেন্দ্র পুস্তক ভবনের নিবেদন

নিশাচরের
শিহরণমূলক রোমাঞ্চকর অপূর্ব নতুন উপন্যাস

ভিয়েনা নার্সিং হোম ৪৲

মুলতার বিয়ে (যন্ত্রস্থ)

নীহাররঞ্জন গুপ্তের উপন্যাস
নিশিপদ্ম ৫৷৷

আশাপূর্ণা দেবীর উপন্যাস
কল্যাণী ৩৲

বাংলার বার্নার্ড-শ প্রমথনাথ বিশী রচিত
অমনোনীত গল্প ৩৲

প্রাপ্তিস্থানঃ মিত্র ও ঘোষ, ১০, শ্যামাচরণ দে স্ট্রীট, কলি-১২

একটি প্রিয়
রাজকুমার ---
মার্ফি ০৩৭৪

মা ফি
গৃহকে আনন্দময় করে তোলে!

# কখনও মুহূর্ত

জীবনানন্দ দাশ

কখনও মুহূর্তে আসে সূর্য আর শিশিরের জলে
ব'সে থাকবার মতো—
অথবা কখনও দেখি দিন নিভে গেছে
হরিয়াল প্রান্তরের পারে চ'লে গেছে
ডানার ঝিলিকে তার সব-চেয়ে শেষ রোদ্দুর
জ্বালিয়ে সে সূর্যকে নিভিয়ে এবার নিভে গেল।

পৃথিবীতে এইবার নদীর নিজের ঠিক মুহূর্ত এসেছে ;
টেরচা বাঁক ভাঙা পাড় দিয়ে হেঁটে-হেঁটে
মনে হয়, মানুষের হাতে-গড়া সাঁকো
কোনো প্রতীকের মতো বস্তু নয়,
দিকদর্শনের মতো নিজেই রয়েছে এই নদী
অন্ধকার জল থেকে ধূসর জলের দিকে চ'লে যায়, গেছে ;
আজকের কালকের আগামী কালের
নিরিখ ও নাবিককে বুকে ক'রে নিয়ে চ'লে গেছে ;
জীবনকে নৌবিদ্যা শেখায়
ঝড়ে আর শান্ত জলে ঘূর্ণি জলে চোরাবালি পাঁকে
ঢের বার তোমাকে আমাকে গ্রাস ক'রে
আবার ফিরিয়ে দেয় পৃথিবীর পটে—পটান্তরে—হৃদয়ে—বিষয়ে
দ্রুত ধাবমান সাদা কালোর রঙের অক্লান্ত ভূমিকায়
যেতে চায় কোনো এক সাগরের দিকে
মানুষের বিবরণ প্রাচীন হয়েছে ঢের
আমাদের সকলের বয়স বেড়েছে খুব
নদী এসে বার-বার যযাতিকে যৌবন দেয়
ঘনজলধন্যা নদী — স্থবিরতা নেই ;
পাড় ভেঙে ফেলে পাড়া প্রান্তরের দিকে চলে
যেন সে আকাশ নীল—আকাশের কড়—দুই দিকে তীর আছে—নেই
যেইখানে রাষ্ট্র নেই—সেই নৈরাজ্যের দিকে যায়
যেখানে মানুষ নেই—অপমানুষের ভিড় মরা আধমরা
হাড় আছে রক্ত আছে বালি ফণীমনসার কাঁটা
নীরন্ধ্র টিউব গ্যাস বিদ্যুৎবাতির বিহ্বলতা
এই সব আলোড়ন ডাঙা শূন্য কান্তি আর নীড়
ভেদ ক'রে বিষ গিলে অমৃতকুম্ভের মতো কোলাহলে
ঢের মৃত নাবিককে নিমগ্ন নিশ্চিহ্ন ক'রে ফেলে
নব-নব নাবিকের জন্ম দিয়ে তারা আর সূর্যের আলোয়
মাছরাঙা-বর্ণিমায় অন্ধকারে রোদের ঝিলিকে
কেবলি ব্যক্তির মন ভেঙে নিয়ে-নিয়ে নদী নব-নব জল গ'ড়ে নিল
ইতিহাসবেলা ভেঙে অসীম সাগর
সিন্ধু অতিক্রম ক'রে অপার আকাশ
মানুষকে অতিক্রম ক'রে ফেলে নবীন মানব
নব শীত নব রাত্রি বিপদের দিকচক্রবাল
লক্ষ্য ক'রে অবিরল জলকল্লোলের রক্ত, জল,
[illegible] মরুভূমি আর মানব চলেছে অবিরল।

**রি**জার্ভ ব্যাঙ্কের গভর্নর তাঁর সাম্প্রতিক ভাষণে দারিদ্র্য বিলোপ সাধনের উপায় উদ্ভাবনের আহ্বান জানাইয়াছেন। বিদূষকেরা বলিলেন—"আমরা তো অনেক চেষ্টা করেও এ ব্যাপারে কোন উপায় উদ্ভাবন করতে পারিনি। তবে মনে হয়, দরিদ্রের বিলোপ সাধন হলে দারিদ্র্য আপনা থেকেই ঘুচে যাবে!!"

• • •

**প্র**তিরক্ষামন্ত্রী শ্রীকৃষ্ণ মেনন ঘোষণা করিয়াছেন যে, সশস্ত্র বাহিনীর যুদ্ধ ছাড়া অন্যান্য কাজ করিবার জন্য সরকার প্রতিরক্ষা বাহিনী সংস্কারের

পরিকল্পনা করিয়াছেন।—[illegible] এই বাহিনীর [illegible] হবে জনসাধারণের বেশি উপকার হবে। [illegible] অন্য কাজে [illegible] ট্রেনিং দরকার।—মন্তব্য করে [illegible]।

• • •

**জ**নৈক [illegible] এই মর্মে বাজি রাখিয়াছিলেন যে, কেরল নির্বাচনে যদি কমিউনিস্টদের পরাজয় হয় তাহা হইলে তিনি তাঁহার গোঁফজোড়া কামাইয়া ফেলিবেন। নির্বাচনের ফলাফল জানবার



পর ভদ্রলোক কথা রক্ষা করিয়াছেন।—"গোঁফজোড়াটি হয়ত দেখবার মতোই ছিল, কিন্তু হলে হবে কী, শিকারী বেড়াল গোঁফ দেখে চেনা গেলেও মানুষ তো আর চেনা যায় না"—বলেন জনৈক সহযাত্রী।

• • •

**জা**তীয় হকি প্রতিযোগিতায় কেবল বাংলা দলের কাছে ১০—০ গোলে পরাজিত হইয়াছে।—"[illegible] না হলে [illegible] এমন [illegible] বেশ হয় না। [illegible] না, নইলে [illegible] পরাজয় নিয়ে"—মন্তব্য করেন অন্য এক সহযাত্রী।

• • •

**শ্রী** মোরারজী দেশাই সম্প্রতি [illegible] হকি প্রতিযোগিতার উদ্বোধন করেন। [illegible] বলেন—"[illegible] সময় নেই। তাছাড়া, এক কমলালেবু ছাড়া অন্য কোনও [illegible]

[illegible] না। সুতরাং কমলালেবু প্রতিযোগিতার ব্যাপারে হলেই সব ঠিক [illegible] হয়!!"

• • •

**সং**বাদে প্রকাশ, ১৯৬১ সালের আই এফ এ শীল্ড ফাইনাল বাতিল করিয়া দেওয়া হইয়াছে।—"ভালোই হলো। ক্রিকেট খেলা দেখার টিকিট সংগ্রহের জন্য [illegible] তা এখনো [illegible]। তার ওপর আবার ফুটবলের টিকিট নিয়ে মাথার ঘায়ে কুকুর পাগল না হয়ে [illegible]"—মন্তব্য করেন বিদূষকেরা।

• • •

**কে**ন্দ্রীয় খাদ্যমন্ত্রী শ্রী পাতিল ঘোষণা করিয়াছেন যে, ভবিষ্যতে কেন্দ্রীয় সরকার খাদ্য সরবরাহের দায়িত্ব ত্যাগ করিতে পারেন।—"তাই করুন। খাওয়ার মতো তুচ্ছ ব্যাপারে কেন্দ্রের মাথা না ঘামানোই উচিত"—বলেন জনৈক সহযাত্রী।

• • •

**প্র**কাশ্য দপ্তরে প্রাপ্ত সংবাদে জানা গেল যে, [illegible] জয়পুরে হাঁস শিকারের কার্যসূচী বাতিল করিয়া দিয়াছেন।—"বুনো হাঁসের পেছনে ধাওয়া না করাই বুদ্ধিমানের কাজ"—বলেন অন্য এক সহযাত্রী।

• • •

**হ**লিউডের জনৈক [illegible] কর্মচারী [illegible] বিবাহ করিয়াছেন এবং [illegible] একযোগে ঘরকন্না করিতেছেন। "[illegible]" [illegible] সম্পর্কে [illegible]। বিদূষকেরা বলিলেন—"[illegible]"

• • •

**মা**র্কিন যুক্তরাষ্ট্রের দুইটি [illegible] পরস্পর [illegible] করিতে করিতে [illegible] আবিষ্কার করিল [illegible] একই [illegible] বিবাহ করিয়াছে। [illegible] এই দুই [illegible] দিয়াছেন। —[illegible] বলা হয় [illegible]।"

• • •

**আ**মাদের [illegible] কথা শুনিয়া বলিলেন—"[illegible] না থাকলে এমন [illegible]—" [illegible] নিশ্চয়ই।

---


নব নাট্য আন্দোলনের পথিকৃৎ
দিগিন বন্দ্যোপাধ্যায়ের নাটক

**অন্তরাল** ২, **মোকাবিলা** ২৷৷০
**তরঙ্গ** ২৷৷০ **মশাল** ২, **একাংক**
**সপ্তক** ৩, **বাস্তুভিটা** ১৷০
**পূর্বগ্রাস** ৷৷০ **গোলটেবিল** ৷৵০

প্রকাশ অপেক্ষায় **জীবনস্রোত**

**পুস্তকালয় :** [illegible] গ্রন্থজগৎ
৬, বঙ্কিম চাটার্জি স্ট্রীট, কলি: ১২

(সি ২৫০০)

# বিজ্ঞান বৈচিত্র

চক্র দত্ত

'ওমনিপ্লেন' এক নতুন ধরনের উড়োজাহাজ। এই উড়োজাহাজ হেলিকপ্টারের চেয়ে দ্রুত সোজা আকাশে উঠতে এবং নামতে পারবে। এছাড়া খুব নিচু দিয়ে ঘণ্টায় ২০০ মাইল বেগে উড়ে যেতে পারবে। যুদ্ধের সময় খুব নিচুতে নেমে এসে কোন বস্তুকে আক্রমণ করা, লোকজন এবং মালপত্তর কোন জায়গায় থেকে তোলা এবং নামান, সমুদ্র থেকে লোকজন উদ্ধার



ডানদিকের ছবিতে ওমনিপ্লেনের পাখা খোলা এবং বাঁদিকের নিচের ছবিতে ঢাকা অবস্থায় রয়েছে। বাঁদিকের ওপরে লেজের দিকের অংশ।

করা ইত্যাদি কাজে খুব কার্যকরী হবে। ওমনিপ্লেনে দুদিকে ডানার বদলে তিন ব্লেডওয়ালা বড় চাকার মত পাখা লাগান থাকে। আকাশে ওড়ার সময় এটা ঢাকা থাকে। এছাড়াও পেছনে লেজের দিকেও একটা ব্লেডওয়ালা চাকা লাগান থাকে।

•

এক জাতের চড়ুই পাখী আছে, যারা জল না খেয়ে অনেকদিন থাকতে পারে। এমন কি প্রয়োজন হলে সমুদ্রের নোনা জল খেয়েও তৃষ্ণা মেটাতে পারে। দেখা গেছে যে, এই চড়ুইরা সাধারণত মরুভূমি বা যে সমস্ত স্থানে অনাবৃষ্টি হয় অথবা নোনা জলাভূমিতে বসবাস করে। দুজন প্রাণিতত্ত্ববিদ্ পরীক্ষা করে দেখেছেন যে, এই পাখীরা অনায়াসে তিন সপ্তাহ জল না খেয়ে থাকতে পারে। অবশ্য জল না খাওয়ার দরুন এদের যে ওজন কমে যায়, সেটা কিছুটা শুকনো এবং সমুদ্রের জলে পূরণ করে। সাধারণ পাখীরা প্রয়োজনেও সমুদ্রের জল পান করতে পারে না, কিন্তু এই চড়ুই পাখীদের শারীরিক ক্রিয়া করার একটা এমন বিশেষত্ব আছে যে, নোনা জল পান করে তার থেকে নুন আলাদা করে সেটাকে শরীরের ভেতর থেকে বাইরে বার করে দিতে পারে।

•

কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানীরা ৮ হাজার থেকে ১০ হাজার বছর আগেকার তুষার যুগের সমুদ্রের মধ্যে দ্বীপের খবর পেয়েছেন। দ্বীপটি আতলান্টিকে উত্তমাশা অন্তরীপের থেকে কিছুদূরে অবস্থিত। এই দ্বীপটি সমুদ্রের তলদেশ থেকে ১৫৯৮০ ফুট পর্যন্ত উপরে উঠে এসেছে, কিন্তু এখনও ২১০ ফুট সমুদ্রের জলের ভেতরে রয়েছে।

•

আমাদের দেশের মেয়েরা ধূমপান না করলেও বিদেশের মেয়েরা অনেকেই ধূমপান করেন। বারমিংহাম বিশ্ববিদ্যালয়ের ডাঃ লাওয়ের মতে যে সমস্ত মেয়ে অন্তঃসত্ত্বা অবস্থায় ধূমপান করেন, তাঁদের বাচ্চার ওজন, যে সমস্ত মেয়ে ধূমপান করেন না, তাঁদের বাচ্চার ওজনের চেয়ে অনেক কম হয়। তিনি প্রায় ২০০০ মেয়ের অভ্যাস লক্ষ্য করে তবে এই সিদ্ধান্তে পৌঁছেছেন। এর মধ্যে প্রায় ৬৬৮টি মেয়ে অন্তঃসত্ত্বা অবস্থায় ধূমপানের দরুন তাঁদের নবজাত সন্তানের ওজন প্রায় ৬·৯৩ পাউন্ড হয়েছে। আর যাঁরা ধূমপান করেন নি তাঁদের সন্তান ৭·৩৩ পাউন্ড হয়েছে।

•

আজকের দিনে আমরা ভাল দাঁতের কথা ভাবতেই পারি না। ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির ডাক্তার হ্যারিস বলেন যে, ফসফরাস বেশী পরিমাণে খাদ্য হিসাবে খেলে দাঁত ভাল থাকবে। তিনি 'হ্যামস্টার' নামক এক ধরনের প্রাণীর খাদ্য পরীক্ষা করে তবে এই মত প্রকাশ করেছেন। সাধারণত হ্যামস্টাররা শস্য এবং দুধ খেয়ে বাঁচে। ডাঃ হ্যারিস লক্ষ্য করেন যে, টেক্সাসের হ্যামস্টার-এর দাঁত নিউ ইংল্যান্ডের হ্যামস্টারের চেয়ে শতকরা ৬০ ভাগ ভাল। তিনি খাদ্য পরীক্ষা করার পর দেখলেন যে, টেক্সাসের শস্য এবং দুধে বেশী পরিমাণে ফসফরাস আছে। এর পর পরীক্ষা করবার জন্য টেক্সাসের হ্যামস্টারের খাদ্যে আরো ৪ গুণ ফসফরাস যোগ করে দেওয়াতে এদের দাঁত আরো ভাল হল এবং শক্ত হল। এর পর সুইডিস দন্তচিকিৎসক প্রায় ২০০০টি শিশুর খাদ্যে ফসফরাসের পরিমাণ বাড়িয়ে দিয়ে প্রায় শতকরা ৫০ ভাগ দাঁতের পোকা বন্ধ করতে পেরেছেন।

•

বেশীর ভাগ লোকের এই ধারণা যে, সদ্যোজাত শিশুর কোন বস্তুর দিকে দেখবার মত ক্ষমতা জন্মায় না। সম্প্রতি তিনজন ডাক্তার তাঁদের গবেষণার দ্বারা এটা যে ঠিক নয় তা প্রমাণ করেছেন। তাঁরা ১০০টি সদ্যোজাত শিশু নিয়ে পরীক্ষা করেছেন। তাঁদের পরীক্ষা করার পদ্ধতিটি এইরকম। সাদা কাগজের ওপর প্রথমে চওড়া কাল এবং সাদা দাগ কেটে নিয়ে সেটা শিশুর মাথার ওপর বৃত্তাকারে নাড়ান হয়। অনেকটা চলন্ত ট্রেনের ভিতর দিয়ে বাইরের দৃশ্য দেখলে যেরকম মনে হয়—এটাও সেই জাতীয়। এই ধরনের পরীক্ষাকে 'অপটিকো কাইনেটিক নিস্টাগাথস্' বলা হয়। পরীক্ষায় দেখা গেছে যে, এইসব সদ্যোজাত শিশুর চোখ অন্তত ছ মাসের শিশুদের দৃষ্টিশক্তির সমান।

আড়ৎদার ঃ পঞ্চাঙ্ক নাটক
দাম—দেড় টাকা
পড়ুন এবং অভিনয় করুন
চক্রবর্তী ব্রাদার্স
৩৮, সুকিয়া স্ট্রীট : কলিকাতা-৬
(সি ২৬৬২)

# বাইশে শ্রাবণ

**নির্মলকুমারী মহলানবিশ**

॥ ১০ ॥

আমার স্বামী কলকাতা থেকে আমাকে লিখেছেন—

রথীবাবুর সঙ্গে যা যা কথা হল, তাতে কবির চিকিৎসা বা অপারেশন সম্বন্ধে এখনও কিছু ঠিক হয়নি। নীলরতনবাবু খুব সন্দেহ হয়েছেন—এখনও পাকা স্থির হয়নি, কাজেই কাউকে কিছু বোলো না। ইন্দুবাবুরা অপারেশনের কথাই বলছেন। ওঁরা আশঙ্কা করছেন যে, আর মাসখানেকের মধ্যে এমন ক্রাইসিস আসতে পারে, যখন আর অপারেশনের সময় থাকবে না। ইন্দুবাবু শান্তিনিকেতনে যাবেন ললিতবাবুর সঙ্গে।

ললিতবাবু কবিকে দেখে এখন ওঁর মত দেবেন যে, অপারেশন করা উচিত কিনা। তারপরে যদি অপারেশন করা স্থির হয়, তখন কোথায় হবে, সেকথা উঠবে। এই ব্যাপারের সম্বন্ধে রথীবাবু সকলের শুনে এখন অপারেশনের দিকেই ঝুঁকেছেন। কবিকে সেই রাজি করাবার চেষ্টা করবেন। কবির নিজের খুব আপত্তি থাকলে করা হবে না। ডাক্তাররা যদি এক মাসের মধ্যে ক্রাইসিস আশঙ্কা করছেন এমন হয়, তবে অপারেশন ছাড়া উপায় কি? মনটা খারাপ হয়ে রয়েছে এই সব নিয়ে।

তুমি নীলরতনবাবুর ওখানে যাওয়া পর্যন্ত নিশ্চয়ই থেকো। কারণ তখনকার কী হয় সব সে সময় থাকা ভালো। আমি রথীবাবুকে বলেছি আমাকে সর্বদা খবর দিতে, যাতে কি হচ্ছে না হচ্ছে আমিও জানতে পারি। তুমি ওখানে থাকলে তুমিও খবর দিতে পারবে।

কুমুরের ভ্রমণ-কাহিনী লিখে ফেলেছ—বেশ ভালো। এই রকম করে অন্য সব সময়ের কথা লিখলেও ভালো হয়।......

সকালে কবির ঘরে গিয়ে দেখি দক্ষিণের জানালার কাছে কৌচে পা মেলে দিয়ে শুয়ে আছেন। তখনও মন খারাপ হবার কোনো কারণ ঘটেনি, কারণ আমরা কেউই অপারেশনের কথাটা ওঁকে শোনাই নি। জ্যোতিদাদা চা-টা খেয়ে কবির সঙ্গে দেখা করতে এলেন। তিনি খুব হাসিমুখে, "কিহে, এসেছ? কাল রাত্রে রথীর সঙ্গে এলে বুঝি?" বলে জ্যোতিদাদাকে অভ্যর্থনা করলেন। জ্যোতিদাদা বসে একথা সেকথা বলবার পর এক সময় বললেন, কলকাতার ডাক্তাররা মনে করছেন, আপনার শেষ পর্যন্ত অপারেশনটা করিয়ে ফেলাই ভালো। কারণ এই যে কিছুতেই জ্বর যাচ্ছে না, শরীর দুর্বল হয়ে পড়ছে, সবই আপনার শরীর থেকে বিষটা বেরোতে পারছে না বলে হচ্ছে। অপারেশন করলেই এসব গ্লানি চলে যাবে। আপনি আপনার মাথার কাজ স্বচ্ছন্দে আরো দশ বছর চালিয়ে যেতে পারবেন। অথচ এই অপারেশনটা খুব সামান্য জিনিস, অনেকটা সোজা একটা ফোঁড়া কাটার মতো। তাই বিধানবাবুরা সবাই রথীবাবুকে বলছেন, এটা করিয়ে ফেলতে। কবি গম্ভীর হয়ে কথাটা শুনলেন।

উনি খুব আশা করেছিলেন যে, কবিরাজমশাই যখন অত জোরের সঙ্গে আশ্বাস দিচ্ছেন, তখন আপাতত অপারেশনটা স্থগিত থাকবে। আস্তে আস্তে খানিক পরে বললেন, "কিন্তু কবিরাজমশাই তো মনে করছেন যে তিনি আমাকে অমনিই সারাতে পারবেন, কাজেই মিছিমিছি কাটাছেঁড়া করবার দরকার কি?" জ্যোতিদাদা বললেন—বেশ তো, আজই তো আর অপারেশন হচ্ছে না। ততক্ষণ আপনি কবিরাজী ওষুধ খেয়ে যান না, তাতে তো আর কেউ আপত্তি করছে না। যদি সত্যিই এক মাসের মধ্যে উনি ব্যাধিটিকে সারিয়ে তুলতে পারেন তো এটা করবেন কেন, হয়তো

আপনার এই প্রতিদিনের জরা, অক্ষমতা, গ্লানি, দুর্বলতা সব চলে যায়, তাহলে আর জোর করে কে আপনাকে অপারেশন করতে চাইবে? জ্যোতিদাদা যতই সান্ত্বনা দিন, আমি কিন্তু মুখ দেখেই বুঝলাম, উনি ভয় পেয়েছেন, যে এঁরা কিছুতেই ওঁকে রেহাই দেবেন না। জ্যোতিদাদার সামনে মুখে বেশি কিছু আর বললেন না। মনের প্রফুল্লতা যে মিলিয়ে গেল, তা স্পষ্ট দেখতে পেলাম।

পর ১৩ই ফেব্রুয়ারী ভারত সরকারের পররাষ্ট্র দপ্তর থেকে দুটি জিনিস প্রকাশিত হয়েছে—একটি হলো পণ্ডিত নেহরুর একখানি চিঠি—চীনের প্রধান মন্ত্রী শ্রীচৌ এন লাইকে লেখা। দ্বিতীয়টি হচ্ছে ভারত সরকারের একটি নোট—চীন সরকারের গত ২৬এ ডিসেম্বর তারিখের নোটের উত্তর। নেহরুজীর চিঠির তারিখ ৫ই ফেব্রুয়ারী এবং ভারত সরকারের নোটটির তারিখ হচ্ছে ১২ই ফেব্রুয়ারী। কিন্তু নেহরুজীর চিঠি এবং সরকারের নোট দুটোই নাকি এক সঙ্গে পিকিং কর্তৃপক্ষের হাতে ১২ই তারিখে পৌঁছানো হয়। চীনে ভারতীয় রাষ্ট্রদূত শ্রীপার্থসারথী দিল্লীতে এসেছিলেন। তিনি নাকি দিল্লী থেকে ১১ই ফেব্রুয়ারী নেহরুজীর চিঠি ও ভারত সরকারের নোটটি সঙ্গে নিয়ে পিকিং যান এবং ১২ তারিখে চৌ-এন-লাই একসঙ্গে চীনা কর্তৃপক্ষের হাতে দেন। নেহরুজীর চিঠির প্রথম অংশটাই সরকারের নোটটি [illegible] হয়েছে [illegible] চিঠি ও নোট পড়লে [illegible] এই সময় চীনা কর্তৃপক্ষের হাতে দেওয়া হবে এইরকমই স্থির ছিল সেইভাবে দেওয়াও নাকি হয়েছে। কিন্তু তাহলে দুটির তারিখ আলাদা হবার কারণ কী? নোটটির তারিখ ১২ই অর্থাৎ যেদিন নোটটি চীনা কর্তৃপক্ষের হাতে সমর্পণ হয় সেদিন নোটটি দিল্লী থেকে [illegible] পাঠানো হয় [illegible] এবং সরকারের দপ্তরের অভিপ্রায় [illegible] নিজ বক্তব্য [illegible] নোটটির চীনা হাতে প্রত্যর্পণের তারিখই নোটটির তারিখ বলে দেওয়া অন্যদের দিক দিয়ে অসঙ্গত না হতে পারে। [illegible] কিন্তু চীন সরকারের পক্ষে একটি সম্পর্কে যে লেখা হয়েছিল সেটি [illegible] ২৬এ ডিসেম্বরের চীনা নোট পিকিংএ ভারতীয় রাষ্ট্রদূতের হাতে অর্পণ করাই এবং সেটা দিল্লীতে পৌঁছানোর জন্য অপেক্ষা না করেই চীনা কর্তৃপক্ষ নোটটি প্রকাশ করে দেন। এটা আন্তর্জাতিক শিষ্টাচারসম্মত না হলেও এখন অহরহ করা হয়। প্রধান মন্ত্রীর চিঠি এক রাষ্ট্র কর্তৃক অন্য এক রাষ্ট্রের উদ্দেশ্যে লিখিত, সুতরাং তার তারিখ লিখনের অথবা প্রেরণের তারিখই হবার কথা। কিন্তু যে-চিঠি ১২ তারিখে দেওয়া হবে তাতে সাতদিন আগের তারিখ দিয়ে রাখা হল কেন? শ্রীপার্থসারথী যদি চিঠি নিয়ে দিল্লী থেকে থাকেন তাহলে চিঠিতে-দেওয়া তারিখের পর চার দিন চিঠি দিল্লীতেই পড়ে ছিল। এই রকম গুরুত্বপূর্ণ পত্রের লিখন ও প্রেরণ সম্পর্কে এইটাই কী চলতি ব্যবস্থা? যদি এরূপ ঘটে থাকে যে ৫ই তারিখেই চিঠি রওনা করে দেবার কথা ছিল, কিন্তু নোটটি তৈরী হতে বিলম্ব হওয়াতে চিঠিখানিও ঠিক সময়ে পাঠানো যায় নি, তাহলে চিঠির তারিখ অনুসারে শ্রীপার্থসারথীর দিল্লী


নাভানার বই

# পালা-বদল ॥ অমিয় চক্রবর্তী

[illegible] আন্তর্জাতিক কবি। [illegible] উজ্জ্বল [illegible] দুটি কবিতাই [illegible]

# পলাশির যুদ্ধ ॥ তপনমোহন চট্টোপাধ্যায়

[illegible] একটি ঐতিহাসিক [illegible] এই [illegible] বাংলাদেশের [illegible] এবং [illegible] কলকাতা শহরের [illegible] [illegible] চার টাকা।

# গড় শ্রীখণ্ড ॥ অমিয়ভূষণ মজুমদার

[illegible] উপন্যাস। [illegible] টাকা।

# চার দেয়াল ॥ সত্যপ্রিয় ঘোষ

[illegible] উপন্যাস। তিন টাকা।

# মীরার দুপুর ॥ জ্যোতিরিন্দ্র নন্দী

[illegible] আধুনিক উপন্যাস। তিন টাকা।

**নাভানা**

৪৭ গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা ১৩

তারেক তারিখ অবধি পিছিয়ে দিলে কী ক্ষতিটা হত?

অথবা ইচ্ছা করেই ৫ তারিখ রাখা হয়েছে এইটা দেখাবার জন্য যে কয়েকদিন আগেই শ্রীনেহরু তাঁর চিঠির বক্তব্য স্থির করে। শ্রীখ্রুশ্চেভ ১১ তারিখে দিল্লীতে চাপে কিছু করা হচ্ছে বলে কেউ সন্দেহ করে? শ্রীখ্রুশ্চেভ ১১ তারিখে দিল্লীতে এসেছেন। ৯ই তারিখে [illegible] চিঠি নিয়ে পিকিং রওনা হয়ে গেছেন এবং চিঠির তারিখ থাকল ৫ই। [illegible] প্রভাবের ফলে কিছু করা হয় নি—এই


# বহুমূত্র রোগীদিগকে বিনা খরচায় পরামর্শ দান

প্রস্রাবের সঙ্গে চিনি বের হলে তাকে বলা হয় ডায়েবিটিস মেলিটাস (Diabetes Mellitus) এবং চিনি ছাড়া বারবার প্রস্রাব হলে তাকে বলা হয় ডায়েবিটিস ইন্সিপিডাস (Diabetes Insipidus)। যেসব রোগী এই রোগে ভুগে থাকেন, তাঁদের পিপাসা ও ক্ষুধা অত্যন্ত বেড়ে যায়, সমস্ত শরীরে বেদনাবোধ করেন, শারীরিক ও মানসিক সর্বপ্রকার কাজে আগ্রহের অভাব বোধ হয়। দিন দিন ওজন হ্রাস পেতে থাকে, চুলকানি হয়, চর্মরোগে ভুগে থাকেন, মস্তকের কাজ মন্থর হয়, স্নায়বিক দুর্বলতা এবং পক্ষাঘাতজনক ক্ষোটকাদি (গ্যাংগ্রীন) দেখা দেয়। এই রোগকে অবহেলা করার ফলে বহু দৃষ্টিশক্তির ক্ষীণতা, অনিদ্রা, বাতাক্রান্ত, দৈহিক ও মানসিক শক্তি হ্রাস, দৈহিক অবসন্নতা, অতিরিক্ত ক্লান্তি বোধ এবং সাধারণ দুর্বলতা বৃদ্ধি পেতে পারে। যাঁরা এই রোগে ভুগছেন, তাঁদেরকে বিনা খরচায় ডাক্তারের পরামর্শ নেওয়ার জন্য আমাদের নিকট লিখতে অনুরোধ করছি—যার ফলে তাঁরা ইনজেকশন না নিয়ে, উপবাস না করে বা খাদ্য নিয়ন্ত্রণ না করেও এই মারাত্মক রোগের হাত থেকে রেহাই পাবেন এবং নবশক্তি যৌবনের ও শক্তিশালী বোধ করবেন এবং দৈহিক কার্যকলাপে আগ্রহ বেড়ে যাবে। আর বিলম্ব না করে আজই লিখুন অথবা সাক্ষাৎ করুন।

**ভেনাস রিসার্চ লেবরেটরী (D.C)**

পোঃ বক্স ৫৮৭

৬৫, কানাই শীল স্ট্রীট (কলুটোলা)

কলিকাতা


ধারণা জন্মাবার জন্যই যদি এই চেষ্টা হয়ে থাকে তবে 'ঠাকুর ঘরে কে—আমি কলা খাই না'র তুলনা অনেকের মনে পড়বে। যাই হোক, শ্রীচৌ এন-লাইকে লিখিত শ্রীনেহরুর ৫ই ফেব্রুয়ারীর চিঠির প্রকাশে দেশবাসী নিঃসন্দেহে হতাশ হয়ে পড়েছে। ৮ই তারিখ পার্লামেন্টের নূতন সেশন আরম্ভ হয়েছে, সেই দিন উভয় সভার যুক্ত অধিবেশনে রাষ্ট্রপতির ভাষণে ভারত-চীন সমস্যা সম্পর্কে যে-সব কথা বলা হয় তা [illegible] রাষ্ট্রপতির ভাষণ [illegible] নেহরু-সরকারের বক্তব্যই [illegible] শ্রী চৌ এন-লাই এর সঙ্গে সাক্ষাৎ আলোচনা করার জন্য তাঁকে দিল্লীতে আমন্ত্রণ করে চিঠি রওনা হয়ে গিয়েছে। ১২ই তারিখ [illegible] ভারত সরকারের নোট এবং নেহরুজীর চিঠি [illegible] চীনা [illegible] নেহরুজীর বক্তৃতা [illegible] শ্রী চৌ এন-লাইএর সঙ্গে বৈঠক করতে প্রস্তুত [illegible] এবং তার জন্য চীনা প্রধান মন্ত্রীকে দিল্লীতে আমন্ত্রণ জানিয়েছেন। রাষ্ট্রপতির ভাষণে [illegible] চীনা সরকার [illegible] এবং [illegible] চীনা সরকার [illegible] ভারত ও চীনের মধ্যে [illegible] কোনো ভিত্তিই নেই। ১২ই তারিখ রাজ্যসভায় শ্রীনেহরু [illegible] ভারত ও চীনের মধ্যে [illegible] কথা [illegible] এই সব কথা যখন বলা হচ্ছে [illegible] শ্রীনেহরু চীনা প্রধান মন্ত্রীকে [illegible] আলোচনার জন্য দিল্লীতে [illegible] শ্রীনেহরুর চিঠি [illegible] রাষ্ট্রপতির ভাষণ [illegible] শ্রী চৌ এন-লাইকে নিমন্ত্রণের চিঠি [illegible] রাষ্ট্রপতির মুখ দিয়ে ঐ সব কথা [illegible] রাষ্ট্রপতির [illegible] করা হয়েছে [illegible] শ্রী চৌ এন-লাইকে নিমন্ত্রণ জানিয়ে চিঠি লেখার কথা এখন পর্যন্ত গোপন রেখে ১২ই তারিখে রাজ্যসভায় শ্রীনেহরু যে-বক্তৃতা দেন [illegible] পার্লামেন্টের প্রতি [illegible] প্রকাশ করা হয়েছে এবং জনগণকে বিভ্রান্ত করা হয়েছে।

কিন্তু তার চেয়েও গুরুতর প্রশ্ন হচ্ছে—শ্রীনেহরু এ কী করলেন? তিন মাস আগে তিনি শ্রীচৌ এন-লাইকে জানিয়ে দিয়েছিলেন যে, সাক্ষাৎ আলোচনায় কোনো লাভ নেই—যতদিন পর্যন্ত দুই গভর্নমেন্টের দৃষ্টিকোণ ও নীতির মধ্যে দূরত্বের ব্যবধান থাকবে। চীনাদের বক্তব্য হচ্ছে, ভারত-চীন সীমান্ত নির্ধারিত হয়নি, নির্ধারণ করতে হবে। চীনারা ভারতের [illegible] ইতিমধ্যেই জবরদখল করে বসেছে এবং [illegible] ভারতীয় পুলিশ কর্মচারীদের চীনাদের হাতে প্রাণ দিতে হয়েছে। এই অবস্থা উপশম না হওয়া পর্যন্ত ভারত এবং চীনের মধ্যে [illegible] আলোচনার কোনো ভিত্তি নেই। [illegible] প্রাথমিক [illegible] শ্রী নেহরু [illegible] শ্রী চৌ এন-লাই [illegible] চীনা সরকার [illegible] [illegible] শ্রী নেহরু [illegible] শ্রী চৌ এন-লাইকে [illegible] শ্রী নেহরু [illegible] শ্রী চৌ এন-লাই [illegible] শ্রী চৌ এন-লাই [illegible] শ্রী নেহরু [illegible]

কেন? এ-প্রশ্নের সদুত্তর শ্রী নেহরু দিতে পারেন কি, দিতে পারবেন না। পার্লামেন্টের বিনা সম্মতিতে শ্রী নেহরু শ্রী চৌ এন-লাইকে ডেকে আনতে পারেন, কিন্তু পার্লামেন্টের বিনা সম্মতিতে কোনো [illegible] প্রধান মন্ত্রী মহাশয়েরও আছে কিনা সন্দেহ।

১৩।২।৬০

# রবীন্দ্র জন্ম-শতবার্ষিকী

ডঃ অমিয় চক্রবর্তী

[illegible]

[illegible]

[illegible]


প্রকাশিত হয়েছে

রবিতীর্থে ॥ ৬·০০

অপারেশন ॥ ৬·০০

সাগর-সঙ্গম ॥ ৩·৫০

মণিপদ্ম ॥ ৪·০০

ভবানী মুখোপাধ্যায়ের

জর্জ বার্নার্ড শ

চার টাকা

নীলাঞ্জনের খাতা

চার টাকা

নারায়ণ সান্যালের নতুন উপন্যাস

মনামী

চার টাকা

॥ প্রকাশের অপেক্ষায় ॥

পদ্মলেখার বাবা

মানুষ গড়ার কারিগর

রাজা ও মালিনী ॥ ৩·০০

রঙের বিবি (২য় সং) ॥ ৩·০০

কাব্য বিতান

চায়না টাউন ॥ ৩·৫০

অন্তরঙ্গমা ॥ ২·৭৫

চন্দন বিল ৪·০০ ॥

বেগমবাহার লেন (২য় সং) ৩·৫০

॥ অন্যান্য বই ॥

হরেকরকমবা ২·৫০

সপ্তপদী (২য় সং) ২·৫০

বইয়ের বদলে (২য় সং) ২·৫০

ভুলি নাই (২য় সং) ২·০০

রাগে আর অনুরাগে ৩·০০

ডাক্তার (২য় সং) ৩·৫০

কমলাকুঠির দেশ ৩·৫০

নীলাঞ্জন ৪·০০

॥ বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড — কলিকাতা বারো ॥

দরকার যে Hazen Foundation, Asia Society এবং রবীন্দ্রনাথের নিউ ইয়র্কের প্রকাশক ম্যাক্‌মিলান কোম্পানী সমবেত উদ্যোগে একটি রবীন্দ্র-রচনার সংগ্রহ প্রকাশ করার ব্যবস্থা করেছেন। তিন-চারশ পাতার বইয়ে রবীন্দ্রনাথের কবিতা, প্রবন্ধ, ছোট-গল্প, ক্ষুদ্র নাটিকা এবং বিচিত্র ভ্রমণ চিত্রের সংযোগে একটি সমগ্র সাহিত্যিক প্রতিকৃতি পশ্চিম জনসাধারণের কাছে উপস্থিত করা হবে। ইউনেস্কোর কর্তৃপক্ষরাও নানাভাবে এই গ্রন্থ সম্বন্ধে তাঁদের সাহায্য এবং সহযোগিতার প্রতিশ্রুতি দিয়েছেন। এই বিশেষ গ্রন্থটি প্রস্তুত করার প্রসঙ্গেই আমার এবার-কার দেশে আগমন। কিন্তু বলা বাহুল্য এই আয়োজনে ব্যক্তিবিশেষের স্থান স্বল্প। রবীন্দ্রনাথকে নতুনভাবে পশ্চিম দেশে উপস্থিত করবার দায়িত্ব একজনের বা দুজনের নয়, বহুজনের।

বার্লিনে মাত্র অল্পদিন ছিলাম, কিন্তু সেখানেও সাহিত্যিক ও কবিদের সঙ্গে কথা বলেই বুঝলাম অত্যন্ত নিষ্ঠার সঙ্গে রবীন্দ্রসাহিত্যের অনুবাদ প্রস্তুত করায় তাঁরা নিযুক্ত। শতবার্ষিকী উপলক্ষে তাঁরা রবীন্দ্রনাথের গল্পগুচ্ছের জার্মান সংস্করণ বার করবেন। রবীন্দ্রনাথের কোনো নাটককে রবীন্দ্রনাথের শব্দ সঙ্গীতের যোগে জার্মান মঞ্চে অভিনয়ে পরিবেশ করার আয়োজন এবং আলোচনা [illegible] শহরে দেখে এসেছি। আমার বিশ্বাস সুইটজারল্যান্ড, ইতালি এবং অনুরূপ চতুর্দিক [illegible] জার্মানি আপন বিশেষ প্রকাশ করবে। [illegible] এবং জার্মানির রবীন্দ্রনাথ প্রসঙ্গে যদি কোনো সম্প্রদায় অথবা সমস্যার দেখা দেয়, তাহলে তখন রবীন্দ্র শতবার্ষিকী [illegible] একটি বিশেষ স্থান থাকবে তবে একথা কোনো ব্যক্তির বা বিশেষ উপলক্ষের মনোভাব দিয়ে দেখা নয়। [illegible] আয়োজন সেখানেই দেখা দিক তার একটি চরম মূল্য আছে। কিন্তু যেহেতু রবীন্দ্রনাথ প্রথমত ছিলেন কবি এবং শিল্পী সেই কারণে তাঁর শতবার্ষিকীর প্রেরণায় প্রকাশ [illegible] করবে আধুনিক সাহিত্যের ক্ষেত্রে [illegible] যদি কোনো শুভ ফল ফলে তাহলেও মনে নিয়ে আমরা উৎসুক।

দেশ পরিবর্ত পশ্চিম-দেশের পর, দেশীয় রবীন্দ্র শতবার্ষিকীর আয়োজন হচ্ছে তার শান্তিনিকেতনের রবীন্দ্র সদনের সঙ্গে। কারণ শান্তিনিকেতনে ছিল রবীন্দ্রনাথের দীর্ঘকাল অবস্থান কর্মক্ষেত্র এবং এখানেই তাঁর রচনার পাণ্ডুলিপি, তাঁর আঁকা ছবি, তাঁর বইয়ের বিভিন্ন সংস্করণ এবং পত্রাদি সঞ্চিত। এই কারণে রবীন্দ্রনাথের মূল্য এবং মহিমা নতুন করে জেনে দেখছি। এবং এই ক্ষেত্রের সঙ্গে যারা বিভিন্ন দেশের শতবার্ষিকী আয়োজন আমরা সর্বক্ষেত্রে যুক্ত হব—এই ইচ্ছা এবং প্রত্যাশা মনে নিয়ে বিদেশে চলেছি।

১২-২-৬০

[ ডক্টর অমিয় চক্রবর্তী সম্প্রতি এক মাসের জন্য শান্তিনিকেতনে এসেছিলেন। আমেরিকা প্রত্যাবর্তনের প্রাক্কালে এক বেতার আলাপসভায় বিভিন্ন দেশে রবীন্দ্রনাথের শতবার্ষিকী পালন সম্পর্কে প্রসঙ্গক্রমে তিনি যা বলেন, শ্রীঅমিয় চট্টোপাধ্যায় কর্তৃক অনুলিখিত সেই বক্তব্য পত্রস্থ হল। ] —সঃ দেঃ

শুকতারা
ছোটদের মানুষ হবার একমাত্র পত্রিকা
দেব সাহিত্য কুটীর

এ. পি.র নতুন বই

দীপক চৌধুরীর নতুন উপন্যাস নতুন নিরীক্ষা

মনের | মধ্যে | মন
[illegible] | [illegible] | [illegible]

প্রকাশিত হল। ২য় সংস্করণ
সুমথনাথ ঘোষের উপন্যাস মধুকরী

[illegible] ৩·৫০

প্রকাশিত মূল্যবান সমালোচনা গ্রন্থ

রবীন্দ্রসাহিত্যের কয়েক দিক — ডক্টর [illegible] ৬·৫০

কয়েকখানি ভাল বই।

[illegible] ৪·০০ ॥

কিশোর গ্রন্থ

[illegible] ১·৫০ ॥ [illegible] ৩·০০ ॥ [illegible] ১·৫০ ॥ [illegible] ১·৫০ ॥ [illegible] ১·৫০ ॥ [illegible] ১·৬০ ॥ [illegible] ২·০০ ॥ [illegible] ১·৫০ ॥

এসোসিয়েটেড পাবলিশার্স ॥ ৫/১ কলেজ স্ট্রীট মার্কেট। কলিকাতা ১২

# আলোচনা

## আকাশবাণী ও বাঙালী শ্রোতা

গত ২৬।১২।৭১ তারিখের [illegible] পত্রিকায় আকাশবাণীর কলকাতা কেন্দ্র সম্বন্ধে যে [illegible] হয়েছে তা অত্যন্ত সময়োচিত হয়েছে। এ বিষয়ে ভুক্তভোগী শ্রোতা হিসাবে দু'একটি কথা নিবেদন করতে চাই।

১। আকাশবাণীর কলকাতা কেন্দ্রটি বাংলা দেশে অবস্থিত, কাজেই [illegible] [illegible]

[illegible]

২। হিন্দী প্রচারকে [illegible] আমাদের [illegible] [illegible] [illegible] ১টা থেকে ১-১০ পর্যন্ত [illegible]


ত্রিবেণীর বই | প্রকাশিত হল | নব বর্ষের [illegible]

শৈলজানন্দ মুখোপাধ্যায়ের
[illegible]
[illegible] ৫.০০

**মিতে মিতিন**

[illegible]

| | | |
|---|---|---|
| গ্রীষ্মবাসর | ॥ জ্যোতিরিন্দ্র নন্দী ॥ | ২.৭৫ |
| সান্নিধ্য | ॥ চিত্তরঞ্জন কর ॥ | ৪.০০ |
| কীরভূমি | ॥ শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ॥ | ৪.৫০ |
| অগ্নিসাক্ষী | ॥ প্রবোধকুমার সান্যাল ॥ | ৩.৫০ |
| নীলাঞ্জনছায়া | ॥ শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ॥ | ৩.০০ |
| দুটি চোখ দুটি মন | ॥ [illegible] চৌধুরী ॥ | ৪.৫০ |
| ইষ্টে কুটুম | ॥ লীলা মজুমদার ॥ | ৩.৫০ |
| মন মানে না | ॥ গৌরকিশোর ঘোষ ॥ | ৩.৭৫ |
| শুক্রসন্ধ্যা | ॥ সরোজকুমার রায়চৌধুরী ॥ | ৫.০০ |
| সুখের রেখা | ॥ সন্তোষকুমার ঘোষ ॥ | ৫.০০ |
| একান্ত আপন | ॥ [illegible] বন্দ্যোপাধ্যায় ॥ | ৬.০০ |
| আকাশপ্রদীপ | ॥ [illegible]কুমার মিত্র ॥ | ৬.০০ |

[illegible]

[illegible]

[illegible]

**চন্দ্রগ্রহণ** ॥ সুধীরঞ্জন মুখোপাধ্যায় ॥ ৩.০০

[illegible]

| | | |
|---|---|---|
| হাতে খড়ি ॥ | শিল্পী—[illegible] রায় ॥ | ১.২৫ |
| হাটিমাটিম ॥ | শিল্পী—গোপাল ঘোষ ॥ | ০.৯৪ |
| আগডোম বাগডোম ॥ | শিল্পী—গোপাল ঘোষ ॥ | ০.৯৫ |

[illegible] একমাত্র [illegible]—ত্রিবেণী প্রকাশন

ত্রিবেণী প্রকাশন, প্রাইভেট লিমিটেড, কলিকাতা-১২

● গৌরীশঙ্কর ভট্টাচার্যের

নূতন উপন্যাস

# আ কা শ - ন ন্দি নী

"আপনি হয়তো মুখ-মুচকে হাসছেন—হয়তো ভাবছেন এই বুড়ো বয়সে বুঝি আমি বুলার প্রেমে পাগল! কিন্তু ওকে যদি আপনি দেখতেন, তাহলে বলা যায় না আপনার দশা হয়তো আমারই মতো দাঁড়াত।"

সেই বুলার কাহিনী, লেখকের নিজের জবানবন্দীতে সাবলীলভাবে মূর্ত ॥ সাড়ে তিন টাকা ॥

● **রাত্রির বয়স :** নবতম গল্প সংগ্রহ ॥ সাড়ে তিন টাকা ॥

● **গ্রান্ড হোটেল :** আশ্চর্য অনুবাদ ॥ ছয় টাকা ॥

অন্যান্য বই :

মৌন নূপুর-এর রচয়িতা—সুশীলকুমার ঘোষের

অত্যাশ্চর্য উপন্যাস

## গ্রহ-সারথি

৬·০০

রেল ইঞ্জিনের ড্রাইভার তার কামনার আবেগে জীবনকে পরিচালনার চেষ্টায় যে ব্যর্থ বিপর্যয় ডেকে আনল তারই মর্মবেদনাসিক্ত ছবি।

রমেশচন্দ্র সেনের

## নিঃসঙ্গ বিহঙ্গ

বাঙ্গালীর খ্যাতিমান লেখকের অধুনাতম এই উপন্যাসখানি বর্তমান সোসাইটি "হাইলাইফ" সমাজের নগ্ন ছবিতে অন্তরঙ্গ জীবন্ত। ॥ আড়াই টাকা ॥

প্রকাশের অপেক্ষায় :

অধ্যাপক শ্যামলকুমার চট্টোপাধ্যায়ের

## বাংলা গদ্যের ক্রমবিকাশ

●

সজনীকান্ত দাসের

## রবীন্দ্রনাথ : জীবন ও সাহিত্য

●

| | |
|---|---|
| শিবনারায়ণ রায়ের | ডক্টর হরপ্রসাদ মিত্রের |
| **নায়কের মৃত্যু** | **তারাশঙ্কর** |
| ডক্টর সুকুমার সেনের সম্পাদনায় | রমেশচন্দ্র সেনের |
| **হুতোম প্যাঁচার নকশা** | **কাজল** |

গৌরীশঙ্কর ভট্টাচার্যের

**অনাগরিক**

**গ্রন্থ ভবন** ৬৯০, মহাত্মা গান্ধী রোড : কলিকাতা—৭

(সি ২৭৭৭)

সংবাদ পরিবেশন করা হ'ত ("ক" কেন্দ্র)। বর্তমানে সেটি উঠে গেছে। সেখানে শোনানো হয় সুগম হিন্দী সংগীত। খেয়াল, গীত ও ভজনে তো কথাটি কইবার উপায় নেই। হিন্দী না হলে নাকি ও সব গান গাইবারই উপায় নেই। আকাশবাণীর এ কূপমণ্ডূকতা কাটবে কবে? বাঙলায় খেয়াল গাইবার উৎসাহ তবে কে দেবে? সন্ধ্যা মুখার্জী কি বাঙলায় ঠুংরি গেয়ে প্রমাণ করেন নি যে, উচ্চাঙ্গ সংগীত-জগতে বাঙলা ভাষাকে অপাংক্তেয় করে রাখবার কোন মানে হয় না?

৩। প্রতি শুক্রবার সকাল ৭-০৫ থেকে ৭-২৫ পর্যন্ত গান্ধী চর্চা ও প্রার্থনা হয় (ক কেন্দ্র)। খুব ভাল কথা। কিন্তু এমনি নিয়ম করে প্রতি সপ্তাহে একদিন রবীন্দ্র-চর্চা ও আলোচনা কি চলতে পারে না—তাতে কি আকাশবাণী কলকাতার গৌরবের হানি হবে?

৪। সুনির্বাচিত রেকর্ডের গান রাত্রেই শোনা যায়। কিন্তু আকাশবাণীর কর্তারা একই রেকর্ড বারবার বাজিয়ে কান ঝালাপালা করে শিল্পীর প্রতি আমাদের মনকে বিতৃষ্ণ করবার নিষ্ঠুর খেলায় মেতে আছেন।

৫। প্রভাতী বাণীর অনুষ্ঠানের কোনো ত্রুটি নেই। শ্রোতাদের কাছ থেকে মতামত আহ্বান এবং অধিকাংশ নির্দেশিত প্রীতির উত্তর দেওয়া হয় অনায়াসে। অনেকেই হয়তো রবীন্দ্র-সংগীতের অনুষ্ঠানের জন্য অনুরোধ করেন, তাহলে নিবেদক মহাশয় খুশি থেকে 'ক' বাবদে তিনি শুধু জানালেন—তিনি রবীন্দ্রসংগীত গোটাই শুনতে চান না আধুনিক গান শুনতে চান। এর পর নিবেদক মশায় প্রশ্ন করলেন—আপনিই বলুন এর পর আমরা কী করতে পারি। সত্যিই তো, রামের সাথে শ্যামের তুলিয়ে দেওয়া ছাড়া তাঁদের আর কী বা করবার আছে? কিছুদিন আগে একজন শ্রোতা প্রশ্ন করেছিলেন যে, 'সংবাদ' কলকাতার উভয় কেন্দ্র থেকে প্রচারিত হয় কেন? একটি কেন্দ্র থেকে প্রচারিত হওয়াই কি যথেষ্ট নয়? উত্তরে নিবেদক মশায় বলেছিলেন যে বাইরে থেকে সংবাদের প্রয়োজন বেশী বলেই যে উভয় তরঙ্গে প্রচার করবার সার্থকতা রয়েছে। প্রশ্নটি এড়িয়ে যাবার চাতুরী লক্ষ্য করুন। এই যদি যুক্তি হয় তাহলে সন্ধ্যা ৭-৩০-এর সংবাদ উভয় তরঙ্গে প্রচার করবার সার্থকতা কোথায়? তাছাড়া খাস দিল্লীর ৫টার সংবাদ শুধু 'খ' কেন্দ্র থেকে প্রচারিত হয়, 'ক' কেন্দ্র অন্য অনুষ্ঠান থাকে।

ইতি—শ্রীনারায়ণ চক্রবর্তী, পোঃ কুলটী, বর্ধমান। ২।১।৬০

# শেষ দৃশ্য

রজত সেন

[illegible]

রহস্য পুস্তক ভবন নিবেদিত কয়েকখানি পড়বার মত বই।

নিশাচর লিখিত
রহস্যঘন রোমাঞ্চকর নূতন উপন্যাস
**ভিয়েনা নার্সিং হোম** ৪৲

নীহাররঞ্জন গুপ্তের
**নিশিপদ্ম** ৪॥

আশাপূর্ণা দেবীর
**কল্যাণী** ৩৲

বাংলার বার্ণার্ড-শ প্রমথনাথ বিশীর
**অমনোনীত গল্প** ৩৲

প্রাপ্তিস্থান : মিত্র ও ঘোষ : ১০, শ্যামাচরণ দে স্ট্রীট, কলি-১২

প্রকাশিত হলো
**আঁখি-বিহঙ্গ**
॥ উত্তম পুরুষ ॥
জীবন সুখও নয়, দুঃখও নয়। [illegible] জীবন। সেই চঞ্চলতার জীবন-প্রবাহের নিপুণ আলেখ্য। [illegible] প্রচ্ছদ। দাম ৩.০০

**উত্তম পুরুষ**
একটি [illegible]
আলোচক বলেন :
উত্তম পুরুষ [illegible] অনেক [illegible] লুকিয়ে আছে জানি না—কেমন না [illegible] হয় যে ইনি সাহিত্যক্ষেত্রে [illegible] আর [illegible] [illegible] হলে [illegible] ইনি অসাধারণ প্রতিভাবান।

নীহাররঞ্জন গুপ্তের
**রুক্মিণী বাঈ**
মধ্যরাত্রিতে মেল ট্রেনের এক নিস্তব্ধ কামরায় চারটি নারী চরিত্রের বিচিত্র রহস্যের যবনিকা উন্মোচন। [illegible] সাহিত্যিকের সর্বাধুনিক রচনা। চার-রঙা প্রচ্ছদ।
দাম ৩.০০

উত্তম পুরুষ-এর অন্য বই
**তপতীকন্যা** (দ্বিতীয় মুদ্রণ) ২.০০ ॥ **বাসর** ২.৫০

বিশ্ব-সাহিত্যের দুখানি শ্রেষ্ঠ উপন্যাস

| স্টিভেনসনের | টমাস হিউজেসের |
| --- | --- |
| **ট্রেজার আইল্যান্ড** ২.০০ | **টম ব্রাউন** ১.০০ |
| অনুবাদ : মণীন্দ্র দত্ত | অনুবাদ : সাবিত্রী ভট্টাচার্য |

[illegible] : স্কুল-লাইব্রেরীর পক্ষে অপরিহার্য

**তুলি-কলম** : কলেজ স্ট্রীট, কলিকাতা ১২

কিছুই নয়, ও একটা—একটা পাজল, একটা—'

'আপনি আমেরিকান উপন্যাস পড়া ছাড়ুন সুদর্শনবাবু, বৃথাই আপনি গল্প খুঁজে বেড়াচ্ছেন এখানে, সব চুরি-ডাকাতি আর ছেলেমেয়েদের ঘর পালানোর গল্প।'

'চুপ কর বল্লরী, যেসব জিনিস বোঝো না, তা নিয়ে মাথা ঘামিও না।' চেয়ার ছেড়ে দাঁড়াল সুদর্শন, [illegible] সামনের দিকে [illegible] উল্টানো চটি দিয়ে, চটি ছুঁড়ে [illegible] সেক্রেটারির দিকে; 'দেখ, দেখ, একবার তোমার পলাশ চৌধুরী এল কিনা। এমন দেরি করলে আমি কাজটাই বাতিল করে দেব।'

বল্লরী হাসল, টেলিফোন করল স্টুডিওতে না, পলাশ চৌধুরী আসেনি। সুদর্শন ঘরের মধ্যে পায়চারি করতে লাগলেন, [illegible]

[illegible]

[illegible]

মাথার উপর [illegible] আর একবার [illegible] দিল সুদর্শন, এক [illegible] ডাকাতদের [illegible] এমন [illegible] স্টুডিওর [illegible] পর [illegible] আশঙ্কা করে থাকে।

'সুদর্শন [illegible] একটা [illegible] দিও [illegible] দাঁড়িয়ে বন্ধ করতে পারবে আশা করি।

[illegible]'

'কোথায় হে?'

[illegible] চমকে উঠল; 'স্টুডিওর বাইরে, গেটে।'

'[illegible]?'

গেটের বাইরে একমাথা চুল আর [illegible] চোখ নিয়ে যে কার্তিকটি দাঁড়ায়, তাকে দেখেই যে বুঝতে পেরেছিল আরেকজন হবু-নায়ক, যাদের মধ্যে এমন ডজন ডজন আসে, দেখে নাকি কাঁদতে?

যদি কিছু হয়—ছোঁড়া কি কোনোদিন জানতে তারই সম্পাদিকে ও হাবলদার সাহেবের কাছে আসতে পেরেছিল?

'মন্দ নয়।'

[illegible]

'[illegible] মন্দ দেখতে নয়।'

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible] ... হোসেনার অত্যন্ত আপেন্ড, প্রায় অনুপস্থিত

আনন্দবাজার পত্রিকা
বার্ষিক (দোল) সংখ্যা
একটি উপন্যাসোপম বড় গল্প
এবং ছোটগল্প, রম্যরচনা, প্রবন্ধ, কবিতা
দোল পূর্ণিমায় প্রকাশিত হইবে
মূল্য দুই টাকা

ত্রিবেণীর বই | প্রকাশিত হল

অচিন্ত্যকুমার সেনগুপ্তের
নবতম গ্রন্থ

স্বাদু স্বাদু পদে পদে

[illegible]

ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড
২ [illegible] কলিকাতা-১২

গলায় হাওয়ায় ভাসিয়ে দিল একটিমাত্র শব্দ।

গভীর নিস্তব্ধতা ঘরে এবং ঘরের বাইরে চারদিকে,—শহরের এই উপকণ্ঠে।

বল্লরী মেরুদণ্ড খাড়া করে বসল, একটা পায়ের উপর আর-একটা পা তুলে দিল, দুই উরুর মাঝখানে সাড়ে সাতশ' টাকার শাড়ির কুঞ্চনটা ভ্রূক্ষেপ করল না, দুটো হাত সোফার পিঠে তুলে দিয়ে জানালার বাইরে তাকিয়ে তেমনি মৃদু, নরম গলায় বলল, 'আপনাদের চিত্র-জগতে আমি খ্যাত সুন্দরী, ফিতের কারিকুরি বর্জন করেও আমি নিখুঁত শরীরের দাবি করতে পারি; আপনি আমায় কি দিতে পারেন?'

'হৃদয়!' সিগারেটটা মুখ থেকে নামিয়ে হৃদয়ের উত্তাপটা সে ছড়িয়ে দিল বল্লরীর দিকে।

'হুশ!' যেন পাখি ওড়াবার শব্দ করল বল্লরী।

দরজায় টোকা পড়ল।

'এটা একটা সাবপ্লট, বলেছেন সুদর্শনবাবু, পাঠককে শ্বাসরুদ্ধ [illegible] দিয়ে তার কৌতূহল জাগিয়ে রাখবার জন্য আপনি দেব সেই গল্পিক ভদ্রলোক—কি যেন তাঁর নাম? যাক, চলুন, আমরা গল্পে [illegible] যাওয়া যাক, বোধ হয় গজেন তার নায়ককে নিয়ে এসেছে।'

যেটুকু দরকার, তার চাইতে একটু বেশি চিৎকার করে সুদর্শন নির্দেশ দিল, 'ভিতরে এস।'

গজেন বেয়ারার চোখ কচলাতে, নাক কান উঁচিয়ে বহর বহর, [illegible] চব্বিশ বছরের উপযোগী। গজেন সরে দাঁড়াল, একটিবারও সে সাক্ষাতে তাকাতে পারল বল্লরীর দিকে, আর হঠাৎ সে অনুভব করল তার কান ঘামিয়ে গেছে, ডাক্তার সাহেব তাকে কখন বাতিল করে দিয়েছেন! নিঃশব্দে বেরিয়ে গেল সে ঘর থেকে, দরজাটা আস্তে বন্ধ করে।

সুদর্শন তাকাল, পাঁচ ফুট দশ ইঞ্চি ত লম্বাই; আরও ভাল করে তাকাল: সবই ত ঠিক আছে মনে হচ্ছে: চোখ, নাক, মুখের গড়ন, চাউনি, এমন কি, চুলের গোছা পর্যন্ত; কর্ড সারকস্কিন ট্রাউজার আর রেয়ন সিল্কের হাওয়াই শার্ট, শুধু হাত-ঘড়িটাই দেখা যাচ্ছে না।

'কি নাম?' সুদর্শন জিজ্ঞেস করল না, ছুঁড়ে মারল যেন প্রশ্নটা। পলাশ চৌধুরীর পালিশটাই শুধু নেই; পলাশ চৌধুরীর চোখে শেষ কথা, এর চোখে প্রথম জিজ্ঞাসা।

'জগৎ বন্ধন।'

জোয়ালো গলা; না, গলার আওয়াজকে আরও মিহি এবং মোলায়েম করতে হবে, সুদর্শন সিগারেট মুখে রাখল। পর্দার অভিনয় ত নয়, প্রেমিকের অভিনয়; তার ওপর আবার নিষ্ঠুর, [illegible] প্রেমিক। 'জগৎ বন্ধন? ও নাম ত সিনেমায় চলবে না, আমার ছবি মার খাবে।'

বল্লরী একটা রুমাল তুলে নিল নাকের ডগায়, [illegible] মুখের উপর চেপে বলল।

হয়তো জোরে [illegible] তবু চাইতে অনেক জোরে, [illegible] করে [illegible] সুদর্শন [illegible] দিকে তাকিয়ে বলল, 'জগৎ নাম [illegible] হবে, শুধু বন্ধনটাই [illegible] দিন।'

'বেশ।'

'[illegible], কি বল বল্লরী?' [illegible]

[illegible] একটা [illegible] সিগারেট [illegible] দিল সে।

'[illegible], সকলে কিছু [illegible]—'

[illegible] সিগারেট [illegible] সে একটা চেয়ার দেখিয়ে দিল, [illegible] রুমাল [illegible]

জগৎ বসল [illegible], ঠিক [illegible] [illegible] না [illegible] একটা [illegible] [illegible] [illegible] না, সুদর্শন [illegible] পারল, রুমাল [illegible] নেই।

আর [illegible] একটু [illegible]। [illegible], সুদর্শনের ঠোঁট [illegible] হল এক মুহূর্তের জন্য, বল্লরী [illegible] করবে; [illegible] দুটি [illegible] যেন [illegible] করে, সিগারেটে তিনটে টান [illegible], নির্দয় হাতে দুমড়ে নিবিয়ে দিল; জগৎকে মনে করে আশ্চর্য সামলে নিল নিজেকে। 'সর্বদাই আপনাকে জানব কেমন করে? কি বিশেষ গুণ আছে আপনার?' সোজা তাকাল সুদর্শন।

'আমি ওর কাছে পড়েছিলাম স্কুলে, তিনি অনেক চেষ্টা করেছিলেন—' জগৎ বলতে বলতে থেমে গেল।

আর সুদর্শন যোগ করে দিল, 'লেখাপড়া শেখবার, আপনি কিছু শেখেননি, সিনেমায় অভিনয় করবার জন্য ঘুরে বেড়াচ্ছেন, কিন্তু সর্বদাই—সব—' একটু [illegible] হয়ে সে, মাথা রাখল সোফার [illegible], পা ছড়িয়ে দিল সামনের দিকে, আসল ব্যাপারটা হচ্ছে এই: 'আপনাকে চান্স দেবার আগে জানতে হবে [illegible]—অর্থাৎ আসল [illegible] [illegible] আপনার [illegible] কি না। বল্লরী [illegible] নয়, অভিনয় [illegible] চাইতেও [illegible], [illegible] চাইতে [illegible] আর [illegible]। এবারে সুদর্শন [illegible] আর একটা সিগারেট [illegible] দিল বল্লরী কি একটা বইয়ের পাতা উল্টোচ্ছিল, [illegible] [illegible] [illegible] [illegible] হচ্ছে—'

[illegible] হাত [illegible] [illegible] বসে [illegible] দিল।

সুদর্শন [illegible] [illegible] বল্লরী বই [illegible] রাখল। সুদর্শন [illegible] মুখ উঁচু করে, [illegible] দিল, 'কিন্তু [illegible], [illegible] নেই, [illegible] না, [illegible]; [illegible] [illegible] [illegible] দেখি, [illegible] করে আপনার ছবি, কিন্তু—'

'কিন্তু কি?'

'একটা সিগারেট [illegible] [illegible] ট্রাউজারের পকেটে হাত [illegible]।

[illegible] এগিয়ে দিল সুদর্শন।

সিগারেট [illegible], [illegible] [illegible], [illegible] [illegible] [illegible], আর সিগারেট [illegible] টান দিয়ে [illegible] [illegible] দিয়ে তাকাতে, সুদর্শন [illegible] হয়ে গেল, [illegible] [illegible] একেবারে নিখুঁত, নিখুঁত। কিন্তু কেমন যেন [illegible] [illegible], চেষ্টা করেও [illegible] [illegible] পারিনি। [illegible] [illegible] এ কথা একদিন [illegible], তিনি [illegible] [illegible] [illegible] কথা নয়, [illegible] [illegible] [illegible] [illegible] পারে না; নায়কেরা নিজেদের [illegible] [illegible] ধারণা [illegible] পারে না, নায়িকারা [illegible] দেহ, তিনি রূপসী—তিনি রূপ আর দেহ দুটোই। সিগারেট টানতে টানতে [illegible] যেন [illegible] [illegible] তার, এ কি সে বলে ফেলল? এ-পরিবেশে কেমন করে এক মুহূর্তের জন্য এসে পড়েছে সে, এটা ত তার জগৎ


॥ ভারতের পঞ্চবার্ষিকী পরিকল্পনা ॥

অধ্যাপক ধীরেশ ভট্টাচার্য

এক টাকা পঞ্চাশ নয়া পয়সা

অর্থনীতির ছাত্রদের প্রয়োজনের কথা মনে রেখে বইখানি লিখিত।
অনুসন্ধিৎসু, সাধারণ পাঠকদেরও উপকারে আসবে।

প্রগ্রেসিভ পাবলিশার্স, ৩৭ কলেজ স্ট্রীট, কলিকাতা ১২

নয়। অভিনয় সে করবেই, এখানে, না হয় অন্য কোথাও, কিন্তু অজানা পথে পা বাড়াবার প্রবৃত্তি তাকে দিল কে? [illegible] মশাই বলেছিলেন—অভিনয় নয়, আসল মানুষ হতে পারবে কখনো? আসল প্রেমিক? আসল সুন্দর? আসল সন্ন্যাসী? আসল দুর্জন? আসল [illegible]?' [illegible] সিগারেট [illegible] লাগল, [illegible] চোখ জ্বলছে, ধরা পড়বেই, তবে কোনো মানুষ নেই।

'[illegible] জিজ্ঞাসা, আপনার উত্তরটা কি?'

[illegible]

[illegible] না, তার লেখা ছাপতে না, [illegible] অনেক দুঃখের সময়, কাঁদি আর হাত ধরতে চেষ্টা পরস্পরকে। তারপর [illegible] আসেন একজন আর একজনের [illegible] মাধবে, অনেক বিস্ময়কর ঘটনা, [illegible] দুঃখ আর [illegible]। এ অভাব পথ, দেশের ছবি এমন ছবি দেখে—[illegible] অলৌকিক মনে রাখবে। ঐ দুঃখের মধ্যে প্রেম আসবে নিবিড় [illegible]। একটি ছোট্ট সুন্দর ঘটনায় মেয়েটি জানতে পারবে ছেলেটির মহৎ চরিত্র, তারপর গভীর প্রেম, আসবে সামাজিক সমস্যা, ঘাত-প্রতিঘাত; মেয়েটি মাটির মানুষ, ছেলেটি আকাশের; মেয়েটি ধরা-ছোঁয়ার মধ্যে আসতে চায় তার প্রেম, ছেলেটি নিয়ে যায় তার [illegible] কোনো এক অশরীরী উপাসনায়। মেয়েটি বলল, এমন আত্মভুলানো তুমি করতে পার দিনের পর দিন? এমন কল্পনা? এমন ইনস্পিরেশন? ছেলেটি বলল, তোমাকে ভালবাসি, সেটাই আমার পরম লাভ, পরম তৃপ্তি। তোমাকে ভালবাসি বলেই নিজেকেও এমন গভীর ভাল লাগে, অন্তরে এক সুরের মত তোমার সমস্ত শরীরটা কাঁপতে থাকে। তারপর—'

সুদর্শন [illegible] সিগারেটের টিন [illegible] [illegible]

হাত বাড়িয়ে সিগারেট নিল সে, কেবলই ছুঁয়ে রাখল, সিগারেট ধরিয়ে দেবার আর ধরিয়ে নেবার কথাও তার মনে পড়ল না, সুদর্শন সিগারেট ধরাল—সুদর্শনের। সিগারেটে কয়েকটা টান দিয়ে বলল, তারপর, ধরে [illegible] দিয়ে পড়ুন একবার, আর একজন এল মেয়েটির জীবনে, দ্বিতীয় প্রেমিক, একেবারে খাঁটি রক্ত-মাংসের মানুষ, অশরীরী নয়, [illegible] এক হাত দিয়ে নয়, [illegible] তার তলোয়ার নিয়ে; আর মেয়েটি প্রথম সুযোগেই সর্বস্ব উজাড় করে দিল এই নতুন প্রেমিককে। না, প্রেম নয়, [illegible] আছে, একটা বিরহ


## বিদ্যোদয়ের বই

উপন্যাস

| | | |
|---|---|---|
| মধুমিতা ॥ | সরোজকুমার রায়চৌধুরী | ৬·০০ |
| নাগিনী মুদ্রা ॥ | অমরেন্দ্র ঘোষ | ৩·৫০ |
| সূর্যগ্রাস ॥ | সুশীল জানা | ৩·৭৫ |
| তাপসী ॥ | প্রফুল্ল রায়চৌধুরী | ৩·৫০ |
| ময়ূরাক্ষী ॥ | সরোজকুমার রায়চৌধুরী | ৩·০০ |
| গৃহকপোতী ॥ | সরোজকুমার রায়চৌধুরী | ৩·৫০ |

প্রবন্ধ ও চিরায়ত সাহিত্য

| | | |
|---|---|---|
| চিত্রদর্শন ॥ | কানাই সামন্ত | ২৫·০০ |
| মানব-বিকাশের ধারা ॥ | প্রফুল্ল চক্রবর্তী | ১২·০০ |
| পরিব্রাজকের ডায়েরী ॥ | নির্মলকুমার বসু | ৪·৫০ |
| স্বাধীনতার পথে প্রাচ্য জগৎ ॥ | অনিলা দাশগুপ্তা | ২·৫০ |
| শতাব্দীর শিশু-সাহিত্য ॥ | খগেন্দ্রনাথ মিত্র | ৭·০০ |
| সংস্কৃত সাহিত্যের রূপরেখা ॥ | ডাঃ বিমানচন্দ্র ভট্টাচার্য | ৬·৫০ |
| বিজ্ঞানী ঋষি জগদীশচন্দ্র ॥ | শতবর্ষপূর্তি সংকলন | ৬·০০ |
| মহাভারত ॥ | হেমলতাকান্ত চৌধুরী | ১২·০০ |

বিদ্যোদয় লাইব্রেরী প্রাইভেট লিমিটেড
৭২ মহাত্মা গান্ধী রোড :: কলিকাতা ৯

জাল বুনতে হবে, খান্‌, পাকাচুল নীতি-বাগীশ সেনসার-কর্তাদের চোখে ধুলো দেবার জন্যে, ইঁদুরের সুড়সুড়ি নিয়ে ওঁদের চিন্তার অবধি নেই, এদিকে কামোন্মত্ত মাতঙ্গ যে নীতির বাগিচা তছনছ করে দিচ্ছে—সেদিক খেয়াল নেই; আমার গল্পে ছিল মেয়েটি স্বেচ্ছায় তার কৌমার্য-হানি করছে, উদ্দেশ্য চরম প্রতিশোধ তার পূজারী প্রেমিকের ওপর, সে তিক্ত, বিরক্ত, আশাহত। এইবার আসল দৃশ্য, যার অভিনয় আর দশ মিনিট পরে আপনাকে করতে হবে। প্রথম ছেলেটি—অর্থাৎ আপনি দেখতে পেলেন, জানতে পারলেন একদিন—যাকে আপনি দিনের পর দিন প্রেমের নৈবেদ্য সাজিয়ে দিয়েছেন—সে কুলটা; নির্মম ঈর্ষা, নিদারুণ ঘৃণায় আপনি জর্জরিত হয়ে উঠলেন, এতদিন আপনি ভালবাসেননি, চরম ঘৃণা থেকে জন্মালো আপনার চরম ভালবাসা, সেই মুহূর্তে আপনি বুঝতে পারলেন—আপনি ওকে চেয়েছিলেন আপনার প্রত্যেকটি স্নায়ুতে, প্রতিটি রক্তবিন্দুর মধ্যে। কি করবেন আপনি? আত্মহত্যা? না, হত্যা। কেননা বাঁচতে আপনি পারবেন না, জীবনের কোনোই মূল্য নেই আপনার কাছে। আপনার অভিনয় এবার শুরু: আপনি মেয়েটিকে ডেকে পাঠালেন—কোনো নির্জন জায়গায়, আপনি অপেক্ষা করছেন, পায়চারি করছেন; মেয়েটি এল, হাসির আভায় চারদিক আলো করে, শাড়ির আঁচল উড়িয়ে, সুগন্ধ ছড়িয়ে। সংলাপ: মনে করে রাখবেন: পয়েন্ট্যান্ট মানে বোঝেন? তীক্ষ্ণ, মর্মভেদী; আপনার শেষ সংলাপও তাই। সংলাপ: নায়িকা: 'হঠাৎ আবার কি মনে করে ডাকলে?'

নায়ক মানে আপনি: 'এমন নিষ্ঠুর প্রতারণা তুমি করতে পার?'


**বিনা অপারেশনে হাইড্রোসিল ও কোষ সংক্রান্ত যাবতীয় রোগ**

সম্বন্ধে পরামর্শ দিয়া থাকেন

ডাঃ কে পি ঘোষ এম বি [illegible]

দি ন্যাশনাল ফার্মেসী (স্থাপিত ১৯১৬)

হ্যারিসন ও লোয়ার চিৎপুর রোড মোড়ের নিকট

(জোড়াসাঁকো) কলিকাতা–৭ ফোন—৩৩-৬৬৮০

(সি ২৫৯৭)



**মাথায় টাক পড়া ও পাকা চুল**

আরোগ্য করিতে ২৭ বৎসর ভারত ও ইউরোপ-অভিজ্ঞ ডাঃ ডিগোর সহিত প্রতি দিন প্রাতে ও প্রতি শনিবার ও রবিবার বৈকাল ৩টা হইতে ৭টার সাক্ষাৎ করুন। ৫৫/১ জনক রোড, বালীগঞ্জ, কলিকাতা।

(সি ২৭৮০)


নায়িকা: 'তোমার অপরাধ দ্বিগুণ, তুমি মুক্তকে ঠকিয়েছ, আমাকে আর তোমার নিজেকে।'

আপনি হাত বাড়িয়ে এক টানে ওকে নিজের বুকের কাছে নিয়ে আসবেন; মঞ্জরী, তোমার চোখে ফুটে উঠবে অপরূপ বিস্ময়, তুমি বলবে: এতদিনে কি তোমার মনুষ্যত্ব ফিরে এল? ফিরে এল তোমার চরিত্র? কিন্তু দেরি করে ফেলেছ। আপনি দু হাতে ওর গলা টিপে ধরবেন, আস্তে আস্তে চাপ দেবেন, আপনার চোখে দেখা দেবে অনুকম্পা, বিস্ময়, ভয় আর প্রচণ্ড ঘৃণা। মঞ্জরী, তুমি বুঝতে পারনি প্রথমে, তোমার মুখে ফুটবে হাসি দেখা দেবে, [illegible] হাসি, হাসি আর বিদ্রূপ চোখের দৃষ্টি। জগত্‌ মেধনবাবু, এবার আপনি মঞ্জরীকে সমস্ত বন্ধন থেকে মুক্তি দেবেন, আরও চাপ দিন, ব্যস, মঞ্জরী আপনার বুকে ঢলে পড়ল মাটিতে। প্রথম দৃশ্য এখানে শেষ। দ্বিতীয় দৃশ্য: খুনের অপরাধে আপনার ফাঁসি হবে। আমি দেখাতে চাই ফাঁসি কাঠে যাবার আগে আপনার মুখের ভাব আর এগিয়ে যাবার ভঙ্গিটি। আমার ছবিতে কিন্তু নায়কের মৃত্যু হবে না। [illegible] হাসপাতাল করে [illegible], তার হার্ট [illegible] —খুব খারাপ ছিল, ঐ শেষ দেখা দেবার আগেই ডাক্তারের কাছ থেকে [illegible] [illegible] [illegible], [illegible] জগত্‌ উপলব্ধি, [illegible] [illegible] [illegible] প্রেমের প্রতিমাটিকে [illegible] হাত থেকে বাঁচিয়ে দেবে, এখানেই ছবির শেষ চমক। চলুন, চল মঞ্জরী। সুদর্শন দাঁড়াল, স্টুডিওতে টেলিফোন করে দিল ওরা যাচ্ছে।

'হঠাৎ আবার কি মনে করে ডাকলে আজ?'

'এমন নিষ্ঠুর প্রতারণা তুমি করতে পার?'

'তোমার অপরাধ দ্বিগুণ, তুমি মুক্তকে ঠকিয়েছ, আমাকে আর তোমার নিজেকে।'

জগত্‌ যখন হাত বাড়িয়ে মেয়েটিকে টেনে নিল, প্রচণ্ড টান, পড়তে পড়তে সামলে নিল সে, প্রায় জড়িয়ে ধরতে হল জগত্‌কে। বিস্ময় উপরে ভ্রূকুটি সৃষ্টি করে মঞ্জরী বলল, 'এতদিনে কি তোমার মনুষ্যত্ব ফিরে এল? ফিরে এল তোমার চরিত্র? কিন্তু দেরি করে ফেলেছ।'

মুগ্ধ, উদভ্রান্ত, দৃষ্টিতে তাকিয়ে রইল জগত্‌ মেধন, বুকের কাছে শ্রেষ্ঠ রূপসী নায়িকা মঞ্জরী; কিন্তু কলঙ্কিনী এ নারী, বিশ্বাসঘাতক। মেধন হাত ওর গলা টিপে ধরল। 'আহ্‌!' অস্ফুট গলায় মঞ্জরী বলতে পারল কোনো রকমে, 'জানোয়ার কোথাকার।'

সুদর্শন ক্ষিপ্রপায়ে এগিয়ে এসে বলল, 'না, জানোয়ার নয়, অপূর্ব। দেখি হাত খুলে দিন, কি হল মঞ্জরী? তোমার মুখে সে হাসি কই, সে বিদ্রূপ দৃষ্টি কোথায়? দোহাই তোমার, এমন মুহূর্তে গোলমাল করে দিও না। ইটস্‌ এ গ্রেট অ্যাকটিং। আপনি আর দু পা পেছিয়ে যান মেধনবাবু, হ্যাঁ, আবার করুন। মঞ্জরীকে টেনে নিন কাছে।'

জগত্‌ মেধনের বুকে [illegible] এক গর্জন, শরীরের কোটি পরমাণু [illegible] [illegible] [illegible] উদ্যত; হ্যাঁ, এই তো সেই নারী যাকে সে [illegible] [illegible], [illegible] [illegible] এমন প্রতারণা? মঞ্জরীর [illegible] [illegible] মঞ্জরী [illegible] পড়ল [illegible] উপর, [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible].

[illegible] [illegible] [illegible] সুদর্শন [illegible] [illegible] [illegible] অপূর্ব।

[illegible] [illegible] [illegible] [illegible] মাটিতে, [illegible]

[illegible]

[illegible]

[illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] সুদর্শন [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] হাসপাতালে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] আর [illegible] [illegible] [illegible] [illegible], [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] ভিড় [illegible] [illegible] [illegible] [illegible] জিজ্ঞেস করল, 'আমার কি দেরি হয়ে গেছে? [illegible] [illegible] করতে হবে না?'

সুদর্শন [illegible] ওর একটা হাত তুলে নিল নিজের হাতে, বলল, 'হ্যাঁ, এসো।'

'কতদূর যেতে হবে?'

'ঐ যে! ট্রাম লাইন পর্যন্ত।'

জগত্‌ বন্দুক সোজা হয়ে দাঁড়াল, চিবুকটা তুলে।

# বিশ্ব-বীক্ষা

[illegible]


অবধূতের লেখার অসামান্য গুণ সম্বন্ধে মতভেদ আছে। তবে তাঁর রচনা যে অসামান্য শক্তিশালী সে সম্বন্ধে কোন দ্বি-মত নেই ঃ

অবধূতের শক্তিশালী লেখনীর

অসামান্য অবদান

দু
ই
তা
রা

॥ দুটি অত্যাশ্চর্য নভেলেটের মনোজ্ঞ সংকলন ॥

= চতুর্থ মুদ্রণ প্রকাশিত হল =

॥ আড়াই টাকা ॥

মিত্র ও ঘোষ : কলিকাতা—১২



১ ২ ৩

১। ডাক্তারেরা বলেন যে, পৃথিবীর মধ্যে প্রায় কোন ব্যক্তিই সাধারণ মাথাধরা থেকে রেহাই পায় না। শতকরা বাহাত্তর জনের মাথাধরা স্থায়ী হয় ১ থেকে ৬ ঘণ্টা এবং গড়পড়তা আক্রমণ হয় বছরে ১ থেকে ২৪ বার। ২। মিসৌরী বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা করে দেখা গিয়েছে যে ঘোড়া মাটিতে দেহ এলিয়ে দেওয়ার চেয়ে দাঁড়িয়ে বিশ্রাম নিতে বেশী আরাম পায়। লক্ষ্য করে দেখা গিয়েছে যে, ঘোড়া বহু মাস ধরে না শুয়ে কাটাতে পারে। ৩। যুক্তরাষ্ট্রের বৈজ্ঞানিকরা গৃহপালিত পশুদের পক্ষে মারাত্মক ঘূর্ণিপোকার বিনাশ সাধনে তেজস্ক্রিয় ধাতু থেকে উৎপাদিত রশ্মিকে কাজে লাগাচ্ছেন। ডাচ ওয়েস্ট ইণ্ডিজের কুরাকাওতে প্রথম পরীক্ষায় প্রক্রিয়াটির সহায়তায় ঐ মারাত্মক পোকার খপ্পর থেকে পশুদের সম্পূর্ণ নিরাপদ করে তোলায় সাফল্য লাভ করার পর অন্যত্রও এই ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

লন্ডনেও কম পাওয়া যায় না। বৃটেনে মোটর চালনায় ১৯২৫ সনে দ্রুততার রেকর্ডস্থাপনকারী স্যার ম্যালকম ক্যাম্পবেল পানামা উপসাগরে কোকস দ্বীপের কোন এক স্থানে সাড়ে বাইশ কোটি টাকার সম্পদ পোঁতা আছে শুনে তার খোঁজে বৃথাই প্রচুর অর্থ ব্যয় করেন। কর্নেল এফ ম্যাকেঞ্জী ফস নামে এক বিপুল ধনী টোবারমোরির উপসাগরে সোনাভর্তি নিমজ্জিত এক স্পেনীয় তরণীর উদ্ধারে আঠারটি বৎসর এবং প্রচুর অর্থ ব্যয় করেও সাফল্য লাভ করতে পারেনি।

*

পাশ্চাত্যের অনেক দেশে চতুর্বৎসরান্তিক অধিবর্ষকে (লিপ ইয়ার) বিবাহের পক্ষে শুভ বর্ষ বলে জ্ঞান করা হয়। বৃটেনের বিবাহ নিবন্ধক দপ্তরের কর্তারা বলেন, প্রতি লিপ ইয়ারে অন্যান্য বছরের চেয়ে বরাবরই বেশী সংখ্যায় বিবাহ অনুষ্ঠিত হয় এবং এবছর বিবাহের একটা রেকর্ড হওয়ার সম্ভাবনা আছে।

ওদেশের মেয়েদের একটা বিশ্বাস যে, লিপ ইয়ারে বিবাহ অনুষ্ঠিত হলে বিবাহিত-জীবন সুখের হয়। ১২৮৮ খৃষ্টাব্দে (সেটাও ছিল লিপ ইয়ার) স্কটল্যাণ্ডে এক আইন প্রণীত হয় এই মর্মে যে, অধিবর্ষে ধনী বা দরিদ্র প্রত্যেক কুমারী মেয়েই ইচ্ছা করলে তার পছন্দমতো যে কোন লোককে বিবাহের প্রস্তাব করতে পারবে। সে ব্যক্তি প্রস্তাব প্রত্যাখ্যান করলে তার আর্থিক অবস্থা অনুযায়ী পাউন্ড টাকার অঙ্কে ক্ষতিপূরণ দিতে হবে, যদি না সে ব্যক্তি অন্য কোন মেয়েকে বিবাহ করবে প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকে।

বহু বছর এই প্রথা প্রচলিত ছিল যে, কোন ব্যক্তি অবিবাহিতা কোন মেয়েকে প্রত্যাখ্যান করলে ক্ষতিপূরণস্বরূপ সেই মেয়েকে সিল্কের পোশাক দিতে হতো।

•

বিমানঘাঁটির কর্তৃপক্ষ [illegible] তাদের একটি নালিশ হচ্ছে ওরা না কি সব সময় বিমানের বিকট শব্দ সম্পর্কে অভিযোগকারীর [illegible] বিমানের [illegible] পাওয়ায় শব্দের মাত্রা বৃদ্ধিলাভ করেছে।

দেখা যায়, সাধারণত অদ্ভুত ও অপ্রত্যাশিত যে কোন শব্দই মানুষের বিরক্তির কারণ ঘটায়, তা নয়তো সব রকম শব্দই ক্রমে সহ্য হয়ে যায়। তাই দেখা যায়, শহরের কোলাহলের মধ্যে থাকায় যারা অভ্যস্ত, তারা কোন গ্রামে গেলে সেখানকার নিস্তব্ধতায় তাদের ঘুমের ব্যাঘাত হয়। লণ্ডনে সম্প্রতি একটি ছাত্রের কথা শোনা যায় যে টেলিভিশনের শব্দটা পুরোমাত্রায় না খুলে দিলে পরীক্ষার পড়া তৈরী করতে অপারগ হতো।

তবে অধিকাংশ লোকই অতিরিক্ত গোলমাল অপছন্দ করে এবং লণ্ডন গভর্নমেন্ট থেকে এই সমস্যা সম্পর্কে তদন্ত করা হচ্ছে। দেখা যায় যে, গোল-মালের [illegible]

আর এক ধরনের পরীক্ষায় দেখা যায় শব্দ যত জোরে বিশেষজ্ঞের [illegible] যায় তত [illegible]। বর্তমান বৈজ্ঞানিক যুগে শব্দেরও একটা প্রয়োজনীয়তা আছে। আমেরিকার এক বৈজ্ঞানিক দাবী করেন যে, শব্দ থেকে বৈদ্যুতিক শক্তি উৎপাদন সম্ভব হতে পারে। ক্যালিফোর্নিয়ার ইলেকট্রনিক ডেভেলপমেন্ট কোম্পানীর প্রেসিডেন্ট ইউজিন হ্যাসেল বলেন, সাউণ্ড প্রুফ একটি ঘরে শব্দ সৃষ্টি করে সেই শব্দকে কাজে লাগিয়ে তাঁর প্রতিষ্ঠান বৈদ্যুতিক শক্তি উৎপাদনে সক্ষম। তিনি আরও জানান যে, মোটর গাড়িতে ইঞ্জিনের যে শব্দ হয়, সেই শব্দকে ধরেই গাড়ি চালাবার উপযুক্ত শক্তি উৎপাদন করা যায়।

# কড়ি দিয়ে কিনলাম

বিমল মিত্র

॥ নয় ॥

লক্ষ্মীদি অনেক ক্ষণ চেয়ে রইল দীপঙ্করের মুখের দিকে। তারপর বললে—সত্যি, কিন্তু চিঠিটা [illegible] হয়ে উঠল।

দীপঙ্কর বললে—হ্যাঁ, [illegible]—

তারপর একটু থেমে বললে—আচ্ছা লক্ষ্মীদি, এই যে [illegible] করে গেলেন, এতে কিছু হবে না?

—কী হবে!

দীপঙ্কর বললে—এত বড় [illegible] করে গেলেন, তার কিছুই হবে না!

লক্ষ্মীদি [illegible] বললে—কী আবার হবে, [illegible] এখনও [illegible] যাবে।

[illegible]

হঠাৎ [illegible] দীপঙ্কর [illegible] হঠাৎ মনে পড়লো কথাটা। বললে—তোমার একটা চিঠি আছে লক্ষ্মীদি—

চিঠি! লক্ষ্মীদি [illegible] একেবারে [illegible]। বললে—চিঠি আছে? [illegible]

দীপঙ্কর পকেট থেকে চিঠিটা বার করে দিয়ে বললে—ভুলে গিয়েছিলাম একেবারে।

চিঠিটা হাতে নিয়ে খামটা ছিঁড়ে এক-নিঃশ্বাসে পড়তে লাগলো লক্ষ্মীদি। লক্ষ্মীদিকে যে কী চমৎকার দেখাচ্ছে! হঠাৎ বড় সুন্দর মনে হলো লক্ষ্মীদিকে। সকালবেলা চুল বেঁধে নিয়ে পড়তে বসেছে। একটা লাল রং-এর শাড়ি পরেছে। গলায় চিক্ চিক্ করছে সোনার হারটা। গলার অনেকখানি খোলা। হাতে শুধু [illegible] [illegible]। [illegible] এমন খোলা নয়। ঢাকা থাকে [illegible]। কিন্তু লক্ষ্মীদির জামাটা অনেকখানি খোলা। লক্ষ্মীদি [illegible] দিয়ে চিঠিটা পড়তে লাগল। এত কী কথা লেখা থাকে চিঠিতে! লক্ষ্মীদি কী যে এত কী ভাবে চিঠিতে রোজ রোজ! সেই ভোরবেলাই ব[illegible] সব কাজ ফেলে চিঠির জন্যে কেন রোজ [illegible] আসে দুপুরবেলার দিকে! চিঠি পড়বার সময় [illegible] মুখটাই বা অমন [illegible] করে ওঠে কেন! কেন লাল হয়ে ওঠে দুটো গাল! কেন ঘন ঘন নিঃশ্বাসটা [illegible]। নিঃশ্বাসটা যেন তার কেন বন্ধ হয়ে পড়ে চিঠিখানায়!

লক্ষ্মীদি চিঠিটার দিকে চোখ রেখে নিজের মনেই যেন বললে—কাল যে যেতে পারবো না—

দীপঙ্কর বললে—কোথায় যেতে পারবে না লক্ষ্মীদি?

—না, তোকে বলবো না—

তারপর দীপঙ্করের দিকে চেয়ে বললে—[illegible] কী মুশকিল, কাল যে যেতে পারবো না ভাই—

দীপঙ্কর বললে—তোমার কোথাও যেতে পারবে না লক্ষ্মীদি?

লক্ষ্মীদি বললে—সে তুই বুঝবি না। সে একটা ভারী [illegible] কিন্তু কাল যে সতী আসছে—

সতী! সতী আসছে!

লক্ষ্মীদি বললে—হ্যাঁ, কাল যে সতীর আসবার কথা। সতী আসছে [illegible] কাল, বাবা চিঠি লিখেছেন—কাল বিকেল পাঁচটার সময় সতীর জাহাজ এসে পৌঁছবে যে—

সতী! সতীর কথা এতক্ষণে মনে পড়লো দীপঙ্করের। যে সতীকে কেবল তার দেখা হবে ভেবেছিল। সতীকে দেখবে কেন আর তর সইছে না। অনেকদিন সতীর চেহারাটাও কেবল চোখের সামনে ভেসেছে। এত অল্প দিনের মধ্যে কলকাতার কাছে, কালীঘাটের কাছে, লক্ষ্মীদির কাছে যে, সতী আর তার অচেনা নয়। সতী যেন লক্ষ্মীদির মতই একেবারে আপনার জন হয়ে গেছে দীপঙ্করের।

দীপঙ্কর জিজ্ঞেস করলে—সতী আসবে কাল আসবে তো বললে তুমি আগে—

লক্ষ্মীদি বললে—হ্যাঁ, তো বাবার চিঠিতে এল—

—কিন্তু কার সঙ্গে আসবে? সতী একলা আসতে পারবে?

লক্ষ্মীদি বললে—বর্মা থেকে তার এক-জনের আসার কথা কলকাতায়, তাদের সঙ্গেই বাবা পাঠিয়ে দিয়েছেন। সেখানে লেখা-পড়া ভাল হচ্ছে না তাই—ওই দেখছিস না, ওই বিছানা ঠিক হয়েছে সতীর জন্যে, সতী শোবে এইখানে—

[illegible] নজর পড়লো দীপঙ্করের। এর পাশে লক্ষ্মীদির শোবার খাট [illegible] আর একটা খাট রাখা হয়েছে।

সেদিন বাড়ি ফিরেও যেন অনেকক্ষণ [illegible] সতীর কথাই মনে পড়েছিল দীপঙ্করের। তখনও দেখেনি দীপঙ্কর সতীকে, কিন্তু মনে হয়েছিল অঘোর দাদুর বাড়ির মধ্যে একটা [illegible] পরে সে। লক্ষ্মীদি বড়, কিরণদের বড় [illegible] সবাই ওর চেয়ে বড়। কারো সঙ্গে খেলা হয় না। খেলতে গেলে সেই কিরণদের বাড়ি যেতে হয়

॥ বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ সংযোজন ॥

চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের শ্রেষ্ঠ গল্প

সুচিন্তিত ও সুবিস্তৃত ভূমিকায় আলোচনা-প্রসঙ্গে ডক্টর শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন—"রবীন্দ্রযুগে চারুচন্দ্র বিভিন্নমুখী সাহিত্যপ্রেরণার অধিকারীরূপে প্রভূত প্রতিষ্ঠা অর্জন করিয়াছিলেন। তিনি একাধারে অধ্যাপক, সাংবাদিক ও সাহিত্যস্রষ্টা-রূপে বাংলার সংস্কৃতির ক্ষেত্রে এক বিরাট আসনে অধিষ্ঠিত ছিলেন। বিশেষত উপন্যাস ও ছোটগল্পের ক্ষেত্রে তাঁহার অনন্যবৈশিষ্ট্য সমালোচকের সশ্রদ্ধ স্বীকৃতি লাভ করিয়াছিল। চারুচন্দ্রের এই গল্পসংকলনের সাহিত্যিক মূল্য ছাড়াও একটি বিশেষ ঐতিহাসিক মূল্য আছে।"

॥ শোভন সংস্করণ। উৎকৃষ্ট মুদ্রণ ও সজ্জা। দাম ৫·০০ ॥

গ্রন্থম। ২২।১, কর্ণোয়ালিশ স্ট্রীট, কলিকাতা-৬

লুকিয়ে লুকিয়ে। এবার সতী আসবে, সতী তো তারই মতন ছোট! সতী তো তার চেয়েও ছোট—

মনে আছে সেদিন রাত্রে ভালো করে ঘুমও হয়নি দীপঙ্করের। মনে আছে, সমস্ত রাতই যেন উস্খুস্ করেছিল বিছানায় শুয়ে।

আস্তে আস্তে মাকে ডেকেছিল—মা—

—কীরে, ঘুমোসনি এখনো?

দীপঙ্কর বললে—যদি সকালে ঘুম ভাঙতে দেরি হয় আমাকে ডেকে দিও মা—

অথচ কেন যে সকালে ঘুম থেকে উঠতে হবে তার তা-ও জানা ছিল না। তবু মনে হয়েছিল যেন দেরি হলে অনেক ক্ষতি হয়ে যাবে। ভোর হতে না হতেই উঠে পড়েছে দীপঙ্কর। হঠাৎ তার মনে হলো—কই, ভোর বেলাটা ঠিক অন্যদিনকার মতই তো। কোনও তফাত নেই। অন্যদিন যেমনভাবে সূর্যটা ওঠে পূর্বদিকে, আর অশথ গাছটার ডালে এসে রোদ লাগে, সেদিনটাও তো তেমনি। চন্নুনি ঠিক অন্যদিনকার মতই উঠোন ঝাঁট দিতে শুরু করেছে। আর কাকে লক্ষ করে যেন গালাগালি দিচ্ছে—শতেকখোয়ারীরা, তোরা মর্, তোরা রক্ত-বমি করে মর্, তোদের খাটে করে চিতেয় তুলে দিয়ে আসি ক্যাওড়াতলায়, যত ডাক্তাররা কুটেছে বাড়িতে, তোদের ছাদে আমি পিন্ডী চট্কাই, ওলো হাড়হাবাতে মাগী, তোর মুখে আমি......

আস্তে আস্তে উঠোনের কোণে গিয়ে মুখ ধুয়ে দীপংকর ভাবলে, চন্নুনী হয়ত জানে না যে, সি-আর-দাশ মারা গেছেন।

দীপংকর বললে—চন্নুনী শুনেছ?

—কী শুনবো বাছা, শোনবার কি আমার পিন্ডী রেখেছে—শতেকখোয়ারীরা আমার হাড়মাস ভাজা ভাজা করে ছেড়েছে, হতচ্ছাড়ীদের জ্বালায় কি আমার শোনবার সময় আছে বাছা, আবাগীদের মুখে আমি ...

কোথা দিয়ে যে সকালটা কেটেছিল সেদিন। চান খেয়ে নিয়ে রাস্তায় যেতেই দেখলে দলে-দলে লোক চলেছে ক্যাওড়াতলার দিকে। কিরণের বাড়িতে গিয়ে বাইরে থেকে ডাকলে—কিরণ, কিরণ—

ভেতরে যাবার উপায় নেই। মা বারণ করে দিয়েছে। ততক্ষণে পাড়াটা ভর্তি হয়ে গিয়েছে লোকে-লোকে। নেপাল ভট্টাচার্যি স্ট্রীটের ভেতর দিয়ে পার্কটায় ঢোকবার পথে অনেক ভিড়। রেলিংটা ভরে গেছে মানুষের মাথায়। সকাল সাড়ে ছটায় ট্রেনটা শেয়ালদা স্টেশনে এসে পৌঁছবার কথা। তারপর সেখান থেকে হাঁটিয়ে হাঁটিয়ে হাজরা রোড ধরে কালিঘাট রোড দিয়ে টালিগঞ্জ রোডে এসে পড়বে। ততক্ষণ গাছের ওপর সবে লোক উঠে বসেছে। ছোট-বড় সব গাছেই মানুষ। দুপুর বারোটা বাজলো, একটা বাজলো—তবু দেখা নেই।

হঠাৎ ভিড়ের মধ্যে দেখা—কিরণ!

—এই কিরণ! তুই এখানে! তোদের বাড়িতে গিয়ে কত ডাকলুম—

কিরণ বললে—ভোর থেকে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখে চলে এলুম আমি—আয় এখানে দাঁড়া, এখানে দাঁড়ালে ভালো দেখা যাবে—

ঠিক আড়াইটের সময় হঠাৎ মনে হলো যেন মানুষের একটা বিরাট ঢেউ সামনের দিক এগিয়ে এল। আর সেই ঢেউ-এর আঘাতে সকলের সব আশা-আকাঙ্ক্ষা-কামনা-বাসনা এক মুহূর্তে যেন উদ্বেল হয়ে উঠলো। যেন বিরাট এক জন-সমুদ্রের তরঙ্গ সমস্ত মানুষের চেতনা-বাঁধের প্রাচীরে আঘাত করে এক নিমেষে মুখর হয়ে উঠলো। আর সঙ্গে সঙ্গে সব প্রতীক্ষার সমাপ্তি হলো মহা চীৎকারে। যেন কেউ কোথাও নেই। কোথাও শব্দ নেই কারো। শুধু বিরাট নিস্তব্ধ হয়ে গেল কলকাতা শহর। দীপঙ্করের মনে হলো সেই নিঃশব্দতার প্রাচীর ভেঙে যেন একটা ফুলের পাহাড় এগিয়ে আসছে তার দিকে। শুধু ফুল আর ফুল। এত ফুলের ভিড় পৃথিবীতে! দীপঙ্করের সমস্ত অনুভূতি যেন আর্তনাদ করতে চাইছে। প্রাণপণে যেন চীৎকার করতে পারলেই খানিকটা তৃপ্তি পাওয়া যেত, যেন আর্তনাদ করতে পারলেই খানিকটা সান্ত্বনা পাওয়া যেত।

ফুলের পাহাড়টা সামনে দিয়ে চলে গেল। তখনও দীপঙ্করের জ্ঞান নেই।

হঠাৎ কিরণের গলার শব্দে দীপঙ্করের যেন জ্ঞান ফিরে এল।

কিরণ বললে—ওই দেখ প্রাণমথবাবু—

সেই উস্কোখুস্কো চুল, এলোমেলো খদ্দরের জামা, সেই গোড়ালী সেলাইছাড়া জুতো। সেই পান চিবোচ্ছেন।

কিরণ বললে—ওই দেখ মহাত্মা গান্ধী রে—

একে একে অনেককে চিনিয়ে দিলে কিরণ। কিরণ সকলকে চেনে। সকলকে দেখেছে মিটিং-এ।

দীপঙ্কর বললে—ওই দেখ অঘোরদাদু—

অঘোরদাদু যে অঘোরদাদু, সে-ও এসে ফুটপাথের এক পাশে দাঁড়িয়ে আছে। চোখের দৃষ্টি নেই, তবু কী দেখতে এসেছে




কে জানে। দেখা গেল ব্যারিস্টার পালিতের ছেলে নির্মল পালিত। তাদের ইস্কুল থেকে সাউথ সাবার্বানে চলে গেছে। সে-ও এসেছে। দাঁড়িয়ে আছে হাঁ করে। দাঁড়িয়ে দাঁড়িয়ে কমলালেবু খাচ্ছে, সঙ্গে আছে তাদের দারোয়ান। দেখা গেল ফটিককে। দেখা গেল লক্ষ্মণকে। লক্ষ্মণচন্দ্র সরকার। সে-ও এসেছে কিনা এখানে। [illegible] শুনেছিল মা-ও এসেছিল নাকি দিদিমণিকে নিয়ে। দুনিকাকাও ফতুয়া গায়ে দিয়ে এসেছে। [illegible], মধুসূদনের বড়দা, পাড়ার সবাই দল বেঁধে এসেছে।

দীপঙ্কর বললে—ওই দেখ ছিটে এসেছে—

অঘোরদাদুর বড় নাতি ছিটে এসেছে। সিগারেট টানছে মুখে। [illegible]

[illegible]

দীপঙ্কর জিজ্ঞেস করলে—সুভাষ বোস এল না কেন রে কিরণ।

কিরণ বললে—সুভাষ বোস যে জেলে, তুই জানিস না?

দীপঙ্কর জিজ্ঞেস করলে—তা হলে কী হবে ভাই?

কিরণ বললে—চল্ না সাধুকে গিয়ে জিজ্ঞেস করি সেইটে—

পাথরপটি পেরিয়ে মন্দিরের মুখোমুখি সোনার কার্তিকের ঘাট। ধারের রাস্তা। দু'পাশে ডাক্তার দোকান। পাণ্ডাদের বাড়ীনিবাস। পাথরে বাঁধানো রাস্তাটা। একটু আগে অল্প অল্প বৃষ্টি হয়ে গেছে। কিরণ জোর টেনে নিয়ে চললো পশ্চিম দিকে। পশ্চিম দিকেই গঙ্গা। গঙ্গার ওপরেই সোনার কার্তিকের ঘাট। কিরণ একটা গলি দিয়ে বাঁ দিকে ঢুকলো।

কিরণ বললে—সাধুর কাছে গিয়ে সাধুর পায়ে হাত দিয়ে নমস্কার করবি, জানলি—

—কেন?

—কেন আর, তাহলে সাধু খুব খুশী হবে, নমস্কার করলে কে না খুশী হয়—ওরাও তো মানুষ রে, নমস্কার করতে দোষ কী তোর, তাতে তো পয়সা লাগছে না—

তারপর কিরণ একটু থেমে বললে—পয়সাটাই হলো আসল জানিস দীপু, সাধুই হোক আর সাধু না-ই হোক—

—কিন্তু আমার কাছে তো পয়সা নেই—

কিরণ বললে—আমার কাছেও পয়সা নেই, পয়সা দিতে হলে সাধুর কাছে আসবো কেন—পয়সা লাগবে না বলেই তো সাধুর কাছে আসি—


প্রকাশিত হল

মনভ্রমরা

সুবোধ ঘোষ

[illegible]

অন্যান্য বই

| | | | |
|---|---|---|---|
| **সুবোধ ঘোষের** | | **গজেন্দ্রকুমার মিত্রের** | |
| সীমন্ত সরণি | ৩·০০ | রূপতরঙ্গিণাম | ২·৫০ |
| সুজাতা | ২·৫০ | **বিমল মিত্রের** | |
| প্রেয়সী | ৫·০০ | রানীসাহেবা | ২·৫০ |
| **স্বরাজ বন্দ্যোপাধ্যায়ের** | | **ডাঃ জীবেন্দ্র সিংহ রায়ের** | |
| রেশম | ৩·০০ | সাহিত্যে রামমোহন থেকে | |
| **জ্যোতিরিন্দ্র নন্দীর** | | রবীন্দ্রনাথ | ৮·০০ |
| গোলাপের নেশা | ২·৫০ | **রমাপদ চৌধুরীর** | |
| **সমরেশ বসুর** | | দরবারী | ৩·০০ |
| ত্রিধারা | ৮·০০ | শুভদৃষ্টি | ২·০০ |
| ফুলবরিয়া | ২·৫০ | কখনো আসেনি | ৩·০০ |

প্রকাশিতব্য : শৈলজানন্দ মুখোপাধ্যায়ের : ক্রৌঞ্চ [illegible] দাম ২·০০

১০, শ্যামাচরণ দে স্ট্রিট, কলিকাতা ১২

ক্যালকাটা পাবলিশার্স

—কিন্তু তাহলে? তাহলে ওরা খাবে কী? কী খেয়ে বাঁচবে!

কিরণ বললে—পয়সা দেবার লোক আছে অনেক, তারা সাধুদের খাওয়াতে পারলে বেঁচে যায়—। কিন্তু এ-সাধুটা সে-রকম নয়, এ শুধু গাঁজা খায়, এ হিমালয়ের সাধু কি না—আর কিছু খায় না—

কিন্তু ঘাটের সামনে গিয়ে কিরণ থমকে গেল। কিছু কথা বলতে পারলে না কিছুক্ষণ।

বললে—এই রে, বোধহয় হিমালয়ে চলে গেছে আবার—

—তা হলে?

কিরণ বললে—নাঃ, আমাদের কপালটাই খারাপ, কয়েকদিন পৈতে বিক্রী করতে গিয়েছিলাম ভবানীপুরে, এদিকে আসতে পারিনি—নইলে টের পেতাম—

আবার ফিরতে হলো। আবার পাথরপটি দিয়ে বাড়ির দিকে আসতে হবে। কিরণ নেপাল ভট্টাচার্যি স্ট্রীটের ভেতর ঢুকে পড়লো। আর দীপঙ্কর গিয়ে ঢুকলো সোজা লক্ষ্মীদির বাড়ির মধ্যে। সতী এসেছে নাকি! সতীর তো আসবার কথা ছিল! সেই লক্ষ্মীদির বোন। আজই তো আসবার কথা! লক্ষ্মীদি বলেছিল। রান্নাঘরের ভেতরে উনুনে আগুন দেওয়া হয়েছে। একতাল আটা নিয়ে মাখছে ঠাকুর। বংশী ঘর ঝাঁট দিচ্ছে।

দীপঙ্কর সিঁড়ি দিয়ে ওপরে উঠলো। নতুন একটা খাট পাতা হয়েছিল সতীর জন্যে। সতী আর লক্ষ্মীদি এক ঘরে শোবে।

সিঁড়ির মুখেই লক্ষ্মীদির সঙ্গে দেখা। লক্ষ্মীদি নামছিল। দীপঙ্করকে দেখেই লক্ষ্মীদি বললে—কী রে দীপু, কী! এরকম চেহারা হয়েছে কেন তোর?

দীপঙ্কর বললে—স্টেশনে গিয়েছিলুম—আজকেও কি ট্রেন লেট হয়ে গেল কি না—

—ও, আমরাও তো এখন আসছি।

—কোথা থেকে?

লক্ষ্মীদি বললে—সতীকে আনতে গিয়েছিলুম—

দীপঙ্করের বুকটা কেমন যেন দুলে উঠলো।

বললে—সতী এসেছে নাকি? কই দেখি? কী রকম দেখতে, বৌদি?

লক্ষ্মীদি হেসে বললে—না রে, আসেনি, আসতে পারেনি সেখান থেকে, খুব কষ্ট হয়েছিল কি না—

দীপঙ্কর যেন হতাশ হলো কথাটা শুনে। তবু, খানিকক্ষণ দাঁড়িয়ে রইল সেখানে। যেন অনেক আশা করেছিল সে। অথচ কীসের যে আশা, কেন যে আশা, সতী তার কে তারই ঠিক নেই!

লক্ষ্মীদি নিচেয় নামতে লাগলো। দীপঙ্করও পিছু নামতে লাগলো পেছন পেছন।

পেছন থেকে হঠাৎ দীপঙ্কর বললে—আচ্ছা লক্ষ্মীদি—

—কী রে? কী বলছিস?

দীপঙ্কর জিজ্ঞেস করলে—সতীকে দেখতে তোমার মতন দেখতে?

লক্ষ্মীদি ফিরে দাঁড়াল হঠাৎ। বললে—ও মা, তুই হঠাৎ নিজেই সতীর কথা জিজ্ঞেস করছিস?

কেমন লজ্জা হলো দীপঙ্করের। মুখটা নিচু করে বললে—না—

—তোর সতীর কথা এত জিজ্ঞেস করছিস কেন রে তুই?

কেন যে দীপঙ্কর সতীর কথা এত বার জিজ্ঞেস করে তা কি দীপঙ্করই জানতো! কিন্তু তার কেবল মনে হতো সতী যেমনই হোক, সে যেন এমন করে লক্ষ্মীদির মত লুকিয়ে লুকিয়ে কাউকে চিঠি না পাঠায়। সতী যেন লক্ষ্মীদির মত অন্ধকার সামনে দাঁড়িয়ে দাঁড়িয়ে এমন করে না দাঁড়ায়। সতী যেন এমন করে লক্ষ্মীদির মত পড়ার টেবিলের ওপর অন্য কারোর ছবি না দেখে। সতী যেন আরো ভালো হয়। লক্ষ্মীদির চেয়ে সতী আরো ভালো হলে যেন ভাল হয়। সতী যেন সত্যিই সতীর মতন হয়!

সেদিন সেই টিপ্‌ টিপ্‌ বৃষ্টির মধ্যে কালীঘাট মন্দিরের দরজায় দাঁড়িয়ে দীপঙ্কর সেই সেদিনকার কথাই ভাবছিল। সতী হয়ত আসবে না কোনো দিনই, কোনো দিনই হয়ত আসাই হবে না সতীর। অত দূর থেকে আসা কি সহজ! কোথায় বর্মা, কোথাকার কোন কাঠের কারবারী ভুবনেশ্বর মিত্র—তার মেয়ে সতী কি এতদূর পথ একলা আসতে পারবে! যদি আসে যেন এমন করে চিঠি না পাঠায় তার হাত দিয়ে। সে-ও যেন দীপঙ্করকে এত কষ্ট না দেয়। এমন করে চিঠির জন্যে ভোরবেলা বৃষ্টিতে না ভিজোয়—।

এই বার লোকটা আসছে। সেই কোট-প্যান্ট পরা লোকটা।

পূর্বাঞ্চলের একমাত্র পরিবেশক:
**রেডিও সাপ্লাই স্টোর্স প্রাইভেট লিমিটেড**, ৩, ডালহৌসী স্কোয়ার, কলিকাতা—১।



একটা ট্যাক্সি টাইরের মত ছুটে আসছে কুণ্ডুপুকুরের দিকে। কিন্তু না, ট্যাক্সিটা কুণ্ডুপুকুরের ধার দিয়ে এসে ভেতরে গলির ভেতর ঢুকে গেল।

দীপঙ্কর আর একবার পেছনের দোকানে গিয়ে ঘড়িটা দেখে এল। সর্বনাশ! আটটা বাজে! কখন সে পড়বে, কখন সে ইস্কুলে যাবে, কখন সে ভাত খাবে! বৃষ্টি তখন জোরেই আছে। আরো জোরে জল পড়ছে—

দীপঙ্কর সেই বৃষ্টির মধ্যেই রাস্তায় নেমে পড়ল। মাঠের মন্দির থেকে উনিশের পাঁচ নম্বর কেন অনেকদূরের পথ। সমস্ত জামা প্যান্ট সব ভিজে একসা হয়ে গেল। ছুটে ছুটে ছুটে। ছুটতে ছুটতে একেবারে লক্ষ্মীদিদের বাড়ির দরজায় যখন পৌঁছুলো তখন একেবারে চুপ করে উঠোনের দরজাটা খোলা ছিল। সোজা ভেতরে গিয়ে লক্ষ্মীদিকে চিঠিটা দিয়ে আসতে হবে। বলতে হবে, সে ইস্কুলে যায়নি। লক্ষ্মীদি হয়ত রাগ করবে। না, রাগী মেয়ে। কিন্তু দীপঙ্করের দোষ কী? ভদ্রলোক যদি না আসে তো সে কী করতে পারে।

সিঁড়ির নিচে রান্নাঘরের দিক [illegible] পাওয়া গেল। শুধু একটা [illegible] কলকল করছে [illegible]।

দীপঙ্কর সিঁড়ি দিয়ে সোজা ওপরে চলে গেল। ওপরেও কোথাও কেউ নেই। [illegible] ঘরে [illegible] হবে।

দীপঙ্কর চারদিক চেয়ে দেখলে ভেতরে।

—লক্ষ্মীদি!

কোথাও কারো সাড়া শব্দ নেই। আর পায়ের আওয়াজও নেই। সমস্ত বাড়িটা যেন ফাঁকা মনে হলো। কেউ নেই কোথাও। দীপঙ্করের পায়ের জামা ভিজে চপ চপ করছে। এঘর ওঘর সমস্ত ঘরে উঁকি দিয়ে দেখতে হয় হবে। কোথায় গেল লক্ষ্মীদি! কাকাবাবুই বা কোথায় গেলেন। অন্যদিন তো এই সময়ে বসে খবরের কাগজ পড়েন। সেই কি-রকম-যেন যেদিন মারা গিয়েছিল সেদিনও তো ওখানে বসেই খবরের কাগজ পড়ছিলেন। লক্ষ্মীদির ঘরের ভেতরে সুন্দর খাটটাও সাজানো রয়েছে। দু'দিকের দেয়ালে লাগানো দুটো খাট! বিছানা-টিছানা সব পরিষ্কার পরিচ্ছন্ন সাজানো। শুধু ছোট টেবিলটার ওপর তিনটে চায়ের কাপ ডিস খালি পড়ে আছে।

—লক্ষ্মীদি!

আবার ডাকলো দীপঙ্কর।

তারপর সিঁড়ি দিয়ে তেতলার ছাদে উঠলো। তেতলার ছাদে শুধু একখানা ঘর। ঘরখানায় কাকাবাবু শোন। সে-ঘরে গেলে সমস্ত কালিঘাটটা ছবির মতন নজরে পড়ে। ছোট ছোট বাড়ি, মন্দির, গঙ্গার চাতাল, মায়ের মন্দির, হালদারদের বাড়ি। চন্ডীবাবুর বড় বাড়ির চুড়োটা আরো অনেক কিছু। আর ওদিকে সেই টিপু সুলতানের ছেলেদের বাড়িটা—তার ওধারে [illegible] পুকুর—আর তার ওদিকে [illegible] ধানক্ষেত। সে ধানক্ষেত একেবারে সোজা দক্ষিণে রেল-লাইন পর্যন্ত গিয়ে ঠেকেছে—

ওপরে উঠেই দীপঙ্কর কাকাবাবুর খাটের দিকে চেয়ে দেখলে। ঘরের দরজা খোলা। অন্যদিন সব সময়েই খাটের চাদর পাতা থাকে। ঘরের ভেতরেও লক্ষ্মীদি নেই। দরজার পাল্লাটা ধরে বাইরে থেকে ভেতরে উঁকি মেরে দেখলে। খাটের ওপর খবরের কাগজটা উল্টে রয়েছে। মনে হয়, একটু আগেই যেন ঘরে কেউ ছিল। দেয়ালের ওপর অনেকগুলো বই। অনেকগুলো কাগজপত্তর বাণ্ডিল। আর একটা টুলের ওপর একটা ছোট ঘড়ি চলছে। সকালের রোদ এসে পড়েছে মেঝের ওপর বিছানার চাদরে আর দেয়ালের ছবিগুলোর ওপর।

কোথায় গেল লক্ষ্মীদি।

আবার নিচে নেমে [illegible] করতে হবে। এত সকালে কাকাবাবুই বা কোথায় গেলেন। আর লক্ষ্মীদিই বা কোথায় গেল।

হঠাৎ মনে হলো ছাদের উত্তর-পুব কোণে লক্ষ্মীদি দাঁড়িয়ে আছে। দীপঙ্করের দিকে পেছন ফেরা। কাকাবাবুর দূরবীনটা চোখে

প্রকাশিত হল

ভ্রমণ সাহিত্যে সমৃদ্ধ সংযোজন

বিষ্ণুপদ ভট্টাচার্যের

ভারততীর্থ

নতুন চোখে দেখা

নতুন ভাবে লেখা

• দুই টাকা •

বিক্রয়: ৬ বঙ্কিম চাটুজ্যে স্ট্রীট, কলি ১২

শ্রীবাসব-এর

নতুন উপন্যাস

দেওয়ান বাড়ি ৭·৫০

[illegible] কন্যা [illegible] সম্পূর্ণ [illegible] প্রেমের [illegible]। সেই তো প্রেমের শেষ সংগ্রাম। [illegible] অবস্থা। একটি বলিষ্ঠ [illegible] কাহিনীটি অসামান্য।

এই লেখকের

এক মুঠো মাটি (২য় সং) ৪, ॥ কন্ঠ বিনোদিনী ৪,

বিশ্ববাণী ॥ ১১৯, বারাণসী ঘোষ স্ট্রীট ॥ কলি-৭

য়ে অনেক দূরে কী যেন দেখছে। পঙ্করকে দেখতে পায়নি।

আস্তে আস্তে দীপঙ্কর কাছে গেল।

তখনও দূরবীনে চোখ দিয়ে লক্ষ্মীদি একদৃষ্টে কী দেখছে।

হঠাৎ দীপঙ্কর ডাকলে—লক্ষ্মীদি—

লক্ষ্মীদি চমকে উঠেছে। চমকে পাশ ফিরে দীপঙ্করকে দেখে অবাক।

—তুই: তুই কখন এলি?

দীপঙ্কর বললে—আমি অনেকক্ষণ এসেছি—সব জায়গায় খুঁজেছি তোমাকে—

—চিঠি দিয়েছিস্?

—না! তিনি আসেন নি!

—আসে নি কিরে! আসেনি মানে? তাহলে চিঠি কাকে দিলি?

দীপঙ্কর বললে—কাউকেই দিইনি—এই নাও—

লক্ষ্মীদি চিঠিটা নিয়ে একটু দেখেই টুকরো টুকরো করে ছাদে ছড়িয়ে দিলে।

দীপঙ্কর বললে—এই দেখ না, চিঠিটা নিয়ে আটটা পর্যন্ত দাঁড়িয়ে রইলুম—তবু কেউ এল না—

—তা আর একটু দাঁড়ালি না কেন! আসবে না তো কোথায় যাবে!

[illegible] নাজমা বেগম ৫-০০

[illegible] [illegible] ৩-০০

করুণা প্রকাশনী

১১, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা-১২



অত্যাশ্চর্য লেখকের অতুলনীয় উপন্যাস

মাত্র কয়েক দিনে প্রথম সংস্করণ নিঃশেষিত

## অবধূতের

# দেবারিগণ ৪॥

দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হইল

ঃ অন্যান্য বিখ্যাত গ্রন্থ ঃ

| | | | |
|---|---|---|---|
| আশুতোষ মুখোপাধ্যায় | ... | [illegible] কথা | — [illegible] |
| আশাপূর্ণা দেবী | ... | স্বপ্নসর্বরী | — ৩, |
| গজেন্দ্রকুমার মিত্র | ... | সমারোহ | — ২৷৹ |
| বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় | ... | ক্ষণভঙ্গুর | — [illegible] |
| [illegible] সান্যাল | ... | নর ও নারী [illegible] | — ৩, |
| | | [illegible] | — ২, |
| বহু বিখ্যাত লেখকদের উপন্যাস | ... | উন্মেষ | — [illegible] |

গুপ্ত প্রকাশিকা

১০ শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা ১২



সুবোধ ঘোষের

শতকিয়া ৮-০০

ভারত প্রেমকথা ৬-০০

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের

তিন শূন্য ৩-৫০

প্রেমের গল্প ৪-০০

সাহিত্যের সত্য ২-৫০

সরলাবালা সরকারের

গল্প-সংগ্রহ ৫-০০

আচার্য ক্ষিতিমোহন সেনের

চিন্ময় বঙ্গ ৪-০০

দরবেশ-এর

দুস্তর মরু ৩-০০

অচিন্ত্যকুমার সেনগুপ্তের

রূপসী রাত্রি ৫-০০

প্রচ্ছদপট ৩-৫০

প্রেমের গল্প ৪-০০

শৈলজানন্দ মুখোপাধ্যায়ের

প্রেমের গল্প ৪-০০

মনের মানুষ ৩-০০

সত্যেন্দ্রনাথ মজুমদারের

বিবেকানন্দ চরিত ৫-০০

ছেলেদের বিবেকানন্দ ১-২৫

নারায়ণ গঙ্গোপাধ্যায়ের

বিদূষক ২-৫০

আনন্দ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড

৫ চিন্তামণি দাস লেন ॥ কলিকাতা-৯

দেশ

DESH 40 Naya Paisa
Saturday, 2nd April 1960

২৭ বর্ষ ॥ ২২ সংখ্যা ॥ ৪০ নয়া পয়সা
শনিবার, ১৯ চৈত্র, ১৩৬৬ বঙ্গাব্দ

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা [illegible]

[illegible]

[illegible] উপাদান ও কারণ।

এবারের পরীক্ষা বিভ্রাটে কয়েকটি বিশেষ লক্ষণ আছে। ব্যাপকভাবে কোন কোন কেন্দ্রের পরীক্ষার্থী পরীক্ষাগৃহ ছাড়িয়া চলিয়া গিয়াছে। কয়েক ঘণ্টা পরে তাহারা ফিরিয়া আসিলে পুনরায় পরীক্ষা দিবার অনুমতি পাইয়াছে। কোন কোন কেন্দ্রে পরীক্ষার্থীগণ পাহারারত ব্যক্তিদের লাঞ্ছিত করিয়া খেদাইয়া দিয়া দরজা বন্ধ করিয়া ব্যাপকভাবে নকল করিয়াছে। ইহা ছাড়া

## পরীক্ষা বিভ্রাট

[illegible]

[illegible] অনুসরণ করা যাক। পরীক্ষার্থীগণের প্রতি বিশ্ববিদ্যালয়ের অনুশাসন এই, প্রশ্নপত্র কঠিন মনে হইলে যথাসাধ্য লিখিয়া খাতা দাখিল করিতে হইবে, পরীক্ষান্তে দলবদ্ধভাবে অসুবিধা জানাইলে বিশ্ববিদ্যালয় এ বিষয়ে বিবেচনা করিবেন। এই সব্য ও লিখিত অনুশাসন সত্ত্বেও পরীক্ষার্থীগণ আর বিশ্ববিদ্যালয়কে বিশ্বাস করিতে পারিতেছে না। [illegible]

[illegible] বিশ্ববিদ্যালয়ের না ছাত্রদের? তবে সম্ভবত দুই পক্ষেরই। আশা করিতেছি, বিশ্ববিদ্যালয় এই কঠিন পরীক্ষায় সগৌরবে উত্তীর্ণ হইবে।

# চলতি

আমাদের খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন মহাশয় এক প্রকার বড়াই করার দিয়েছেন যে, পশ্চিমবঙ্গের খাদ্য সমস্যার আশু সমাধানের কোন আশা নাই। তাঁর মতে এই সমস্যার সমাধানের পথে নিম্নলিখিত অন্তরায় বর্তমান :

(১) বাইরের লোক সমাগম, (২) পশ্চিমবঙ্গের জনসংখ্যার দ্রুতবৃদ্ধি এবং (৩) পশ্চিমবঙ্গ রাজ্যের ভৌগোলিকতা।

জনসাধারণের ধারণা ছিল অনাবৃষ্টি বন্যা প্রভৃতিতে শস্যোৎপাদনের স্বল্পতা খাদ্য-সমস্যার বড় কারণ। কিন্তু খাদ্যমন্ত্রী তাঁর পরিসংখ্যান দিয়ে প্রমাণ করেছেন ১৯৫২ সালের পূর্বে পাঁচ বৎসরের যেখানে খাদ্যোৎপাদনের গড় পরিমাণ ছিল ৩২ লক্ষ টন, সেখানে ১৯৫২ থেকে ১৯৫৮ এই কয় বৎসরে গড় উৎপাদনের পরিমাণ ৪২ লক্ষ টন। অর্থাৎ বৎসরে প্রায় ১০ লক্ষ টন উৎপাদন বৃদ্ধি পেয়েছে। তার উপর এ বৎসর উড়িষ্যা থেকে এসেছে ৭৩ হাজার টন ধান ও ৩৪ হাজার টন চাল এবং উপর দফায় দফায় কেন্দ্রীয় সাহায্যও এসেছে।

আমাদের প্রশ্ন এই যে জনসংখ্যার দ্রুত বৃদ্ধি পশ্চিমবঙ্গেরই একচেটিয়া সমস্যা? ভারতবর্ষের অন্য কোন রাজ্যে কি জনসংখ্যা এই হারে অথবা এর কাছাকাছি হারে বাড়ছে না? বাঙলাদেশে অন্যরাজ্যবাসী লোকের সংখ্যা, খাদ্যমন্ত্রীর পরিসংখ্যান অনুযায়ী ৪০ লক্ষ। কিন্তু ভারতবর্ষের মধ্যে এমন কোন রাজ্য আছে যেখানে অন্য প্রদেশবাসী লোক নেই? পশ্চিমবঙ্গের শিল্প প্রধান অঞ্চলগুলিকে এবং বিশেষ করে কলিকাতার মত মহানগরীকে কেন্দ্র করে বহুকাল থেকেই প্রচুর সংখ্যক অন্যপ্রদেশবাসী এখানে বাস করে আসছে। এ সমস্যা নতুন কিছুই নয়, এবং অন্য রাজ্যাধিবাসী বাঙ্গালীর অন্নসমস্যার [illegible] হয়ে বাঙলাদেশ ছেড়ে নিজ নিজ প্রদেশে ফিরে যাবে এমন সম্ভাবনাও দেখা যাচ্ছে না।

খাদ্য সমস্যা সমাধানের তৃতীয় অন্তরায় রূপে খাদ্যমন্ত্রী পশ্চিমবঙ্গবাসীর ভৌগোলিকতার উল্লেখ করেছেন। পরিসংখ্যান তাঁর মস্ত অস্ত্র। তিনি হিসেব করে দেখিয়েছেন ভারতের অন্যান্য রাজ্যে জনপ্রতি দৈনিক খাদ্য-গ্রহণের পরিমাণ যেখানে গড়ে ১৩।১৪ আউন্স পশ্চিমবঙ্গবাসীর খাদ্য গ্রহণের পরিমাণ সেখানে নাকি গড়ে দৈনিক সাড়ে ষোল আউন্স। এই পরিসংখ্যানের সত্যাসত্য পরিসংখ্যানের যাদুকর খাদ্যমন্ত্রীর অনুরূপ তার প্রমাণ করার চেষ্টা করেছেন। ঠিক বললে এই একটি পরিসংখ্যানের দ্বারা পশ্চিমবঙ্গের খাদ্যসমস্যা 'সমাধা' করতেও পারতেন। কারণ যে দেশের লোক দৈনিক গড় ১৬। আউন্স খাদ্য গ্রহণ করে সেখানে।

খাদ্যসমস্যার অস্তিত্ব কোথায়? অন্যত্রও [illegible] এই কাজ তিনি করেছেন অথচ অতি জোরের [illegible] ও চাউল ব্যবসায়ীদের উপরেও দোষ চাপাননি। এমন কি পশ্চিমবঙ্গ থেকে অন্যত্র এমন কি পূর্ব পাকিস্তানেও ধান চাল প্রচুর পাচার হচ্ছে এ তিনি অস্বীকার করেছেন।

•

ভাষাভিত্তিক রাজ্য পুনর্গঠনের সমস্যাটিকে জটিলতর করে তুলেছেন কেন্দ্রীয় সরকার নিজেই। এমন এক প্রস্তাবের [illegible] [illegible] ফলে সরকার যখন [illegible] হয়ে কমিটি গঠন করলেন তখন এই দাবী নিশ্চয় স্বীকৃত হবার অধিকার রাখে। কমিশনের সুপারিশের ভিত্তি এ [illegible] এমনি সরকারী নীতি হয় [illegible] [illegible] [illegible] থাকে না [illegible] সরকারের দাবী করার থাকে। কিন্তু কেন্দ্রীয় সরকার কমিশনের সুপারিশও [illegible] [illegible] কোন কোন ক্ষেত্র [illegible] নীতি উপেক্ষিত হয়েছে। [illegible] রাজ্য পুনর্গঠন [illegible] যে রাজ্য নীতিও [illegible] [illegible] [illegible] [illegible] কেন্দ্রীয় হবে [illegible] [illegible] উপায় নেই। জনগণ স্বরাষ্ট্রমন্ত্রী পণ্ডিত পন্থ এবং আর্থিক উন্নয়ন [illegible] [illegible] করেছেন। কিন্তু তেমন তিনি [illegible] হল [illegible] এই [illegible] উল্লেখ করেছেন। আর্থিক উন্নয়ন—কথাটি [illegible] নয়, [illegible] না। এই পথের অন্তরায় যে [illegible] যে [illegible] পণ্ডিত [illegible] পন্থ [illegible] [illegible] উপলব্ধি করতে পারেননি কিন্তু আমরা [illegible] [illegible] [illegible] কি আর্থিক উন্নয়ন। আমরা কি [illegible] অথবা [illegible] [illegible] [illegible] উন্নয়ন নিয়ে [illegible] [illegible] পণ্ডিত পন্থের স্মৃতি [illegible] আজ্ঞা না হয় তিনি অনুভব করতে পারতেন, পণ্ডিত [illegible] [illegible] মধ্যে কোথাও আর্থিক উন্নয়নের কাঠিন্য ও [illegible] নেই। তিনি আরও বলেছেন, [illegible] [illegible] [illegible] [illegible] নীতি তাঁর [illegible] [illegible] নিতে পারেন। কিন্তু পরস্পর বচসার মধ্য দিয়ে সমস্যার একটা মীমাংসা হওয়া যে অসম্ভব পণ্ডিত পন্থ নিশ্চয় তা জানেন। ভাষাভিত্তিক রাজ্য গঠনের সমস্যাটিকে এ-ভাবে [illegible] বলে না' [illegible] মনোবৃত্তি নিয়ে [illegible] দেওয়া সমস্যাকে জটিলতর আরও জটিলতর করে তুলবে।

•

দুর্ভিক্ষ মহামারী ও বন্যা আমাদের শাসক সরকারকে ততটা বিব্রত করতে পারে না। এক দুর্নীতির বদনাম পারে। বহু আগে থেকে পারে দুর্নীতির অভিযোগে সরকারের যেন কলঙ্ক উপস্থিত হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী পণ্ডিত গোবিন্দ বল্লভ পন্থ স্পষ্টই বলেছেন, দুর্নীতি আছে থাকবে [illegible] দুর্নীতির কথা বেশি বলবেন না। ভূতপূর্ব অর্থমন্ত্রী শ্রীচিন্তামণি দেশমুখ [illegible] কেন্দ্রীয় সরকারকে যা না বিব্রত করেছেন দুর্নীতি-দমন ট্রাইব্যুনাল গঠনের প্রস্তাব তুলে তার চেয়ে বেশি বিব্রত করেছেন। [illegible] দুর্নীতি [illegible] প্রমাণ উঠলেই তাঁরা উত্তেজিত হয়ে পড়েন। দুর্নীতি আছে এবং [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] পরিমাণে হয়ে আছে, একথা সর্বজন স্বীকৃত। এই [illegible] দুর্নীতির একটা [illegible] [illegible] [illegible] [illegible] করে তুলেছে এবং তাই যে সকল সমস্যায় আমরা বিপন্ন হয়ে আছি [illegible] দুর্নীতির থেকে উদ্ভূত, অন্যভাবে [illegible] [illegible] জন্য আরও কর্তৃপক্ষ দুর্নীতি [illegible] স্পর্শ করতে [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] যে বহুদিন [illegible] [illegible] [illegible] [illegible] সম্প্রতি [illegible] [illegible] দুর্নীতি [illegible] [illegible] [illegible] জন্য ট্রাইব্যুনাল গঠনের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] তার [illegible] চেষ্টা হচ্ছে।

•

[illegible] [illegible] সরকার [illegible] কমিউনিস্ট [illegible] সরকারী কর্মচারীদের [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এক কমিউনিস্ট [illegible] [illegible] [illegible] [illegible] [illegible] এদের সরকারী [illegible] [illegible] [illegible] নীতি [illegible] [illegible] নতুন অথবা অপ্রত্যাশিত [illegible] নয়। এই অভিযোগের জবাবে [illegible] মুখ্যমন্ত্রী [illegible] বলেছেন তার চেয়ে [illegible] উচিত আর হয় না। বর্তমান সরকারী কর্মচারীর [illegible] নীতি এক [illegible] [illegible] [illegible] অপব্যবহার করবেন না, [illegible] বর্তমান [illegible] সরকার এদের সরকারী কর্মচারী হিসেবেই দেখবেন। [illegible] সরকারী চাকুরিতে রাজনৈতিক দল [illegible] কর্মচারীদের প্রতি পক্ষপাত ব্যবহার [illegible] হয় না। আজ কমিউনিস্ট [illegible] যে [illegible] এনেছেন, এ-অভিযোগ অতীতে [illegible] করতে পারত। তার জবাবে [illegible] কমিউনিস্ট মুখ্যমন্ত্রী নিশ্চয় এর [illegible] জবাব কিছু দিতে পারবেন না। [illegible] কথা, [illegible] অভিযোগ করার মধ্যে [illegible] না থাক [illegible] কিঞ্চিৎ আছে। কিঞ্চিৎ প্রচার চেষ্টাও।

# বৈতালিকী

[illegible]

[illegible] এবং "[illegible]" [illegible] উপর নির্ভরশীল। [illegible] অর্থ হবে [illegible] এমন কি [illegible] একটা [illegible] হবে [illegible] একদিক দিয়ে [illegible] এটা একটা [illegible] [illegible] তুলনা করা [illegible] কোনো কোনো বিষয়ে [illegible] এটা আশা [illegible] সময় [illegible]


[illegible] **স্মরণ চিহ্ন** ৫·০০

[illegible]

[illegible] **একই সমুদ্র** ৫·৫০

[illegible]

[illegible] **বাণীবো** ৪·০০

[illegible]

[illegible] **অপরাহ্ণ** ৫·০০

[illegible]

অন্যান্য নতুন বই ও নতুন সংস্করণে উল্লেখযোগ্য বই :

[illegible] **পুস্তকের বিজ্ঞান** [illegible] **উদয়-অস্ত** ৬, [illegible] ৫, **মহারাণি** ৩৷৷০, [illegible] **সেই উজ্জ্বল মুহূর্ত** ৩৷৷০, [illegible] **এই প্রেম** ৪, [illegible] ৩৷৷০, [illegible] ৩, [illegible] ৪, [illegible] ৬, [illegible] ৪, [illegible] ৫, [illegible] ৩, [illegible] **কাহিনী** ৮, [illegible] ৪, [illegible] ২৷৷০, [illegible] ৩, [illegible] ৫, [illegible] ৩, [illegible] ৪, [illegible] ৬, [illegible] ৩, [illegible]

ডি. এম. লাইব্রেরী : ৪২ কর্ণওয়ালিস স্ট্রীট : কলকাতা-৬

হবে যে, জালিয়ানওয়ালাবাগের ঘটনার পঁচিশ বছরেরও বেশি পরে ভারতের স্বাধীনতা আসে। কিন্তু জালিয়ানওয়ালাবাগের সঙ্গে [illegible] ব্রিটিশের পক্ষে জালিয়ানওয়ালাবাগের [illegible] অনিবার্য ছিল না, ঘটেছেই হবে, এমন ছিল না। ভারতের রাজনৈতিক প্রবুদ্ধ [illegible] অর্থ যে ব্রিটিশ জাতীয় জীবনের পক্ষে [illegible] নয়, এমন কি ব্রিটিশদের অর্থ- [illegible] পক্ষেও ক্ষতিকর না হবে

● সেরা লেখক ও উল্লেখযোগ্য রচনা ●
বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের
[illegible]
কবি ও অ-কবি [illegible]
[illegible]
রক্তকমল [illegible]
[illegible]
নেপথ্য নায়িকা [illegible]
প্রাপ্তিস্থান: মিত্র ও ঘোষ, ১০ [illegible] কলি-১২

পয়লা বৈশাখে প্রকাশিত হবে
কথামালা
কথাসাহিত্যের নির্ভীক পত্র
এই সংখ্যায় থাকছে
[illegible] উপন্যাস
[illegible]
নরেন্দ্রনাথ মিত্র, [illegible] চক্রবর্তী, [illegible] ঘোষ, মিহির সেন, [illegible] এবং আরো অনেকে।
[illegible]
: কার্যালয় :
[illegible]
ফোন : [illegible]

পরে—এটা পরবর্তী ইতিহাসে প্রমাণিত হয়েছে। কিন্তু দক্ষিণ আফ্রিকায় কালোদের নাগরিক অধিকার প্রাপ্তির আন্দোলন অর্থনৈতিক ও সামাজিক প্রতিষ্ঠার সোজা হবে [illegible]। আমরা যা সহজে বুঝি কিন্তু [illegible] না। সেইজন্যই দক্ষিণ আফ্রিকার অবস্থা এতো বিস্ফোরক। সাম্প্রতিক [illegible] চারদিকে যে রকম [illegible] দক্ষিণ আফ্রিকার সরকার হয়ে একটা [illegible]। [illegible] দিয়ে [illegible] হবে না, এরূপ ঘোষণা করা হয়েছে। [illegible] প্রমাণ পেয়েই [illegible] দক্ষিণ আফ্রিকার সরকার [illegible] আফ্রিকানরাই [illegible] এই [illegible] আফ্রিকান [illegible]

•  •  •

[illegible]

[illegible] সবচেয়ে খাঁটি কথা।

GOVERNMENT ... Bihar

# শোয়েডাগন প্যাগোডার ইতিকথা

অংশুরঞ্জন সেন

অতুলনীয় কারুকার্য ও শিল্পকলার নিদর্শন হিসেবে শোয়েডাগন প্যাগোডার [illegible] এক [illegible] এই দেশে [illegible]

[illegible]

১৩৬২ সালে [illegible] নামে একজন [illegible] রাজা শোয়েডাগন প্যাগোডার সংস্কারসাধন করেন আর এর উচ্চতাকে ৬৬ ফুট পর্যন্ত [illegible] [illegible] পাতলা পাত [illegible] ওজনের

[illegible] ১৪৫০-৫৩ [illegible] এই [illegible] একজন রাজা [illegible] উচ্চতাকে [illegible] ৩০২ ফুট পর্যন্ত [illegible]

[illegible]

নিজের ওজনের সমান সোনা দিয়েও অলংকৃত করেছিলেন।

এর অনেককাল পরে ১৭৭৪ সনে আভার রাজা সিন্‌ বু সিন্‌ শোয়েডাগন প্যাগোডাকে তার বর্তমান উচ্চতায় গড়ে তুললেন, আর অপরদিকে রাণী সিন্‌ [illegible] নিজ ওজনের সমান সোনা দিয়ে তার গা [illegible] মুড়ে। তারপর [illegible] রাজা সিন্দ্‌ এর গায়ে আবার সোনা [illegible] করেছিলেন ১৭৭৮ সনে। [illegible] তিন টন ওজনের একটা [illegible] তৈরি করেছিলেন যা বর্তমানে [illegible] দক্ষিণ-পশ্চিম কোণে [illegible] এই [illegible] ১৮২৫ সনে ইঙ্গ-[illegible] যুদ্ধের সময় নদীর জলে পড়ে যায়। [illegible] ১৮২৬ সনে [illegible] এটিকে [illegible] যথাস্থানে বসিয়ে দেয়।


প্রকাশিত হল — বহুদিনের অনুপম গ্রন্থ সম্ভার

| প্রেমেন্দ্র মিত্রের | সুবোধ ঘোষের |
| --- | --- |
| [illegible] | [illegible] ও নূতন কলেবরে [illegible] উপন্যাস |
| জল পায়রা | রূপসাগর |
| [illegible] | দাম ৬·৫০ |

| | | |
| --- | --- | --- |
| চন্দন মহল | ॥ সুধীরঞ্জন মুখোপাধ্যায় ॥ | ৫·০০ |
| মিত্তোমাইন | ॥ শৈলজানন্দ মুখোপাধ্যায় ॥ | ৫·০০ |
| স্বাদু স্বাদু পদে পদে | ॥ অচিন্ত্যকুমার সেনগুপ্ত ॥ | ২·৭৫ |
| গ্রীষ্মবাসর | ॥ জ্যোতিরিন্দ্র নন্দী ॥ | ২·৭৫ |
| পঞ্চমী মহল | ॥ আশাপূর্ণা দেবী ॥ | ৪·০০ |
| সান্নিধ্য | ॥ চিত্তরঞ্জন কর ॥ | ৪·০০ |
| তুমিভূমি | ॥ শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ॥ | ৬·৫০ |
| [illegible] | ॥ শরৎকুমার সান্যাল ॥ | ৫·৫০ |
| নীলাঞ্জনছায়া | ॥ শচীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ॥ | ৫·০০ |
| দুটি চোখ দুটি মন | ॥ [illegible] চৌধুরী ॥ | ৪·৫০ |
| ইষ্টি কুটুম | ॥ [illegible] মজুমদার ॥ | ৫·৫০ |
| মন মানে না | ॥ গোবিন্দকিশোর ঘোষ ॥ | ৩·৭৫ |
| শুক্লসন্ধ্যা | ॥ [illegible] রায়চৌধুরী ॥ | ৩·০০ |
| সুখের রেখা | ॥ [illegible] ঘোষ ॥ | ৩·০০ |
| একান্ত আপন | ॥ [illegible] বন্দ্যোপাধ্যায় ॥ | ৪·০০ |
| আকাশলীলাপ | ॥ [illegible] মিত্র ॥ | ৪·০০ |

ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড

অবধূতের ক্রীম

২, শ্যামাচরণ দে স্ট্রীট, কলিকাতা — ১২



সোয়েডাগন প্যাগোডার একটি সুন্দর দৃশ্য

মনোজ বসুর অবিস্মরণীয় উপন্যাস

# মানুষ গড়ার কারিগর

শিক্ষা-জগতের মর্ম-সরস উপাখ্যান

[illegible] টাকা

বেঙ্গল পাবলিশার্স (প্রাঃ) লিমিটেড

কলকাতা-১২

প্যাগোডার [illegible] [illegible] [illegible] [illegible] ১৮৭১ সালে [illegible] নদীর উপর দিয়ে পাঠিয়েছিলেন। আর সেই সময় দেশের [illegible] সম্পূর্ণ ভাবেই ইংরেজের হাতে চলে গেছে। রাজা সেই ছত্র উত্তোলনের উদ্দেশ্যে তাঁর একজন প্রতিনিধিকে পাঠাবার অনুমতি চাইলেন ইংরেজের কাছে। অপরদিকে সাম্রাজ্যবাদী ইংরেজ ভাবল, এর পিছনে হয়ত কোন রাজনৈতিক অভিসন্ধি আছে, তাই সেই অনুরোধ তারা অগ্রাহ্য করল। কিন্তু তা সত্ত্বেও এক বিরাট জনতা সেই অনুষ্ঠানে অংশ গ্রহণ করে এক মহাসমারোহের মধ্য দিয়ে "ছত্রোত্তোলন" সার্থক করে তুলেছিল।

এই হল সোয়েডাগন প্যাগোডার জন্ম-কথা। এখন আলোচনা করা যাক এর অসাধারণ শিল্পরীতিগুলো ও গঠন পারিপাট্যের কাহিনী। সারা দুনিয়ার এক অতুলনীয় বিস্ময় এই চৈত্যমন্দিরটির ভূমিতলের পরিধি হল ১৩৫০ ফুট। জানা যায়, এর [illegible] এখনো [illegible] রয়েছে [illegible]

[illegible]

[illegible] পাহাড়ের উত্তরদিকের [illegible] হয় না। এর [illegible] গেছে [illegible] কিন্তু তা স্পর্শ করার আগে আবার অনেক সিঁড়ি উঠে গেছে 'মার্টিনিসা' নামে পাশের একটা পাহাড়ের দিকে। একে বলা হয় শহীদ পাহাড়, কারণ এর ওপর ১৯৪৭

পরে ঐ পার চক্রাকারে নিহত রুমেরর স্তুপ... প্রধানমন্ত্রী জেনারেল আউঙ্গ সান্ আর তাঁর মন্ত্রিসভার সাতজন সদস্যকে সমাধিস্থ করা হয়েছে। শুধু বছরের একটি দিন অর্থাৎ ১৯শে জুলাই এই শহীদ দিবস পালনের সময় প্যাগোডার উত্তরদিকের সোপানটি জেগে ওঠে অগণিত মানুষের আনাগোনায়। তাছাড়া, বছরের বাকী দিনগুলো তা পড়ে থাকে পরিত্যক্ত, নির্জন।

প্যাগোডার পূর্বদিকের সোপান দিয়ে উঠতে হলে একটা বিরাট বাজারের মধ্য দিয়ে প্রবেশ করতে হয়। এই বাজারে চাঁই জুতো, কাপড়-চোপড়, চিরুনি, অলংকার, ধর্মসংক্রান্ত বই ও ধূপ ইত্যাদি হরেকরকম জিনিসের বেচাকেনা চলে সারাদিন ধরে। এই বাজারটি সোপানের দুপাশের ... যেন ভিক্ষুদের ... দেখে মনে হয়, ... সংকীর্ণ ... উপরদিকে।

পশ্চিমদিকের সোপানের ... [illegible] ... আর এর ... [illegible] ... সংখ্যা ও ... [illegible] ... প্যাগোডার ... [illegible] ... এই প্যাগোডার মধ্যে ... মানুষের মন এক ... [illegible] ... আর সেই সময় প্যাগোডা যেন ... গোপন রহস্য উন্মুক্ত করে দেয়। কোনো এক অদৃশ্য ... প্যাগোডার ... ছাদের সার, ... অন্দরমহলের কাঠের ... যেন ... সেই অপূর্ব ... প্রকাশ করা ... অসম্ভব।

পাহাড়ের ওপরে স্থিত এই প্যাগোডার পাদমূলে আরো কয়েকটি ক্ষুদ্রতর প্যাগোডা আর অসংখ্য দেবী আছে। আর তারা সবাই একটা ... মধ্যে দাঁড়িয়ে অপরূপ ও বৈচিত্র্যময় এক নতুন জগৎকে যেন উদঘাটিত করে তুলেছে। সোয়েডাগনের শিখরদেশ এই ক্ষুদ্র প্যাগোডাগুলোর মাথায় আছে ছোট ছোট চাঁদ আর ঘণ্টা বা বাতাসে দুলে মিষ্টিসুরে টুং টাং করে বাজে। আবার এই প্যাগোডার ভিতের কাছে দেখা যায় লাল রঙের বার্নিশ করা কারুকার্যখচিত কাঠের মন্দিরগুলো।

তাদের তিনকোণা দেওয়ালের ওপরে সমান্তরাল বহু ... সুন্দর ... ছাদ শেষ হয়েছে একটা অপূর্ব সূক্ষ্ম চূড়ায়, আর এদেরও মাথায় আছে সেই ছোট ছোট ঘণ্টাগুলো। শুধু তাই নয়, প্যাগোডার ভিত থেকে কিছু উঁচুতে বহু সমতল ছাদের ওপর আড়াআড়িভাবে স্থিত ছোট-বড় আরো অনেক বুদ্ধমূর্তিশোভিত মন্দির আছে, আর এদের প্রত্যেকটিতে ভগবান বুদ্ধের মূর্তি বিভিন্ন ... ভঙ্গীতে স্থাপিত দেখা যায়। অর্থাৎ কোনটাতে বুদ্ধদেবকে ... অবস্থায়,


পুরোনো ক্যাটালগের অনেক বই বাতিল করা হয়েছে, নতুন বই প্রচুর বেরিয়েছে
॥ নতুন ক্যাটালগের জন্য লিখুন ॥
● সদ্য প্রকাশিত ●

সতীনাথ ভাদুড়ীর
**পত্রলেখার বাবা**
চার টাকা
গণনায়ক - - - ২·৫০
ঢোঁড়াই চরিত মানস (১ম) - ৩·০০
ঢোঁড়াই চরিত মানস (২য়) - ৩·৫০

বুদ্ধদেব বসুর উপন্যাস
**নীলাঞ্জনের খাতা**
চার টাকা
শ্রেষ্ঠ গল্প - - - [illegible]
হঠাৎ আলোর ঝলকানি [illegible]

প্রমথনাথ চৌধুরীর
**মুক্তবন্ধ**
॥ তিন টাকা ॥
[illegible] - - - ২·৫০

ভবানী মুখোপাধ্যায়ের
**জর্জ বার্নার্ড শ**
॥ একটি দিক থেকে সম্পূর্ণ জীবন-কথা ॥
॥ সাড়ে ছয় টাকা ॥
অখণ্ড ভারত (অনুবাদ) - ৩·০০

নারায়ণ সান্যালের উপন্যাস
**মনামী**
॥ চার টাকা ॥
বকুলতলা পি. এল. ক্যাম্প - ৩·৫০
বল্মীক - - - ১·০০

॥ সাম্প্রতিক প্রকাশনা ॥
বিনয় ঘোষের বিদ্যাসাগর ও বাঙালী-সমাজ (১ম খণ্ড : ৩·০০, ২য় খণ্ড : ৭·০০, ৩য় খণ্ড : ১২·০০) প্রমথনাথ ... সাগর-সঙ্গম ৩·৫০ ॥ ... সান্যালের রবিরশ্মি ৮·০০ ... রাজা ও রাজিনী ৩·০০ ॥ ... চক্রবর্তীর মহাপ্রস্থান ... শিক্ষক ও শিক্ষার্থী ৩·৫০ ... নওবাহী ...

শৈলজানন্দ মুখোপাধ্যায়ের
কয়লাকুঠির দেশ ৩·৫০
আশুতোষ মুখোপাধ্যায়ের
চলাচল ৬·৫০
জরাসন্ধের
লোহকপাট (১ম খণ্ড) ৫·৫০
(২য় খণ্ড) ৫·৫০
(৩য় খণ্ড) ৫·০০
কালকূটের
অমৃতকুম্ভের সন্ধানে (৩য় মুঃ) ৬·০০

তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের
ডাকহরকরা ২·৫০
মনোজ বসুর
এক বিহঙ্গী ৪·০০
সুবোধকুমার চক্রবর্তীর
নীলাঞ্জন ৪·০০
সুবোধ ঘোষের
একটি নমস্কারে ৪·০০
সন্তোষ বসুর
জাপানী বন্দীশিবিরে ২·৫০

॥ বেঙ্গল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, কলকাতা-বারো ॥

সোয়েডাগনের প্রধান প্রবেশপথের সিংহমূর্তি

কনটাতে খাড়া অবস্থায়, আবার কোনটাতে চিরাচরিত সেই পদ্মাসনে উপবিষ্ট অবস্থায় রাখা হয়েছে। এছাড়া প্রত্যেকটি সোপান বা সিঁড়ির ওপর বিরাট বুদ্ধমূর্তি স্থাপিত বড় বড় মন্দির আর অন্যদিকে স্বর্ণময় গোলাকার, চীনা প্যাগোডা ও রাশিকৃত পদ্মফুলে সজ্জিত পবিত্র বেদীগুলি দৃষ্টি আকর্ষণ করে। এই বড় বড় মন্দিরগুলিতে দিনরাত অসংখ্য পুরুষ, নারী ও শিশুকে গৌতম বুদ্ধের ওপর নতজানু হয়ে কিংবা মাটিতে মাথা ঠেকিয়ে তথাগতের সেই প্রশান্ত মূর্তিকে নমস্কারের সঙ্গে আরাধনা করতে দেখা যায়।

এইসব ক্ষুদ্রের প্যাগোডা আর মন্দিরগুলো ছাড়াও সোয়েডাগনের পাদমূলে স্বর্ণমণ্ডিত ছোট ছোট শক্ত অথচ নমনীয় লোহা দিয়ে তৈরি কয়েকটা গাছ আছে, যাতে সহজে মরচে ধরে না। এগুলো খুবই শোভাসম্পন্ন ও চিত্তাকর্ষক আর এদের প্রত্যেকটির পাদদেশে ফলকের ওপর দাতাদের নাম খোদাই করা আছে। এছাড়া, প্যাগোডার প্রশস্ত চাতালের ওপর অনেকগুলো আসল গাছ দেখা যায় আর তার ভেতরকার মন্দিরগুলোর পেছনে চোখে পড়ে ছোট ছোট অঙ্গন ও সমতল ছাদ-বিশিষ্ট কতকগুলো নিভৃত কোণ, যেখানে দাঁড়ালে শহর থেকে নদী পর্যন্ত একটা বিস্তৃত অংশ নজরে আসে। সোয়েডাগনের আরেকটা উল্লেখযোগ্য বস্তু হল খুব বহু প্রাচীন ও পবিত্র একটি বিশাল বৃক্ষ, যার পাদমূলে মানুষেরা গভীর শ্রদ্ধার সঙ্গে মোমবাতি জ্বেলে তাদের প্রার্থনা নিবেদন করে। আবার জল উৎসবের সময় তারা প্রচুর জল এনে ঢেলে দেয় এর গোড়ায়, কারণ এরকম একটা গাছেরই নীচে একদিন রাজপুত্র গৌতম প্রজ্ঞা লাভ করে ভগবান বুদ্ধে পরিণত হয়েছিলেন।

সুতরাং বিপুল ঐশ্বর্যমণ্ডিত এই সোয়েডাগন প্যাগোডা শুধু বৌদ্ধদের কাছেই নয়, পৃথিবীর সকল মানুষের কাছেও এক পুণ্য তীর্থক্ষেত্র। প্রতি বছর নানা দেশ থেকে হাজার হাজার মানুষ এখানে আসে শান্তি, সুখ ও সমৃদ্ধি কামনায়। [illegible] সেই সমুদ্র শিখর আর [illegible] কাছে প্রতি বছর [illegible] ও [illegible] মাথা নত করে [illegible] ও [illegible] হয়ে [illegible] তাই [illegible] শান্ত, [illegible] মতো এই সোয়েডাগন আজও বিরাজমান। সেই আজ পর্যন্ত কোন মানুষ বা কোন শক্তিই কিছুমাত্র ক্ষুণ্ণ করতে পারেনি এই পবিত্র সোয়েডাগনকে আর একটুকু কমে যায়নি তার অম্লান মহিমা। বরং যুগ যুগ ধরে এ মানবকে দিয়েছে শান্তির ও প্রেমের পুণ্য পথের সন্ধান।

: প্রকাশিত হইয়াছে : পঞ্চমবার :
নিত্যপাঠে ও উপহারে শ্রেষ্ঠ গ্রন্থ
সারদা-রামকৃষ্ণ
সন্ন্যাসিনী শ্রীদুর্গাপুরী মাতা রচিত
যুগান্তর বলেন,—মায়ের রূপটি যেরূপে ফুটিয়াছে, সেরূপটি অন্যত্র লাভ করা সম্ভব নয়।...গ্রন্থখানি সর্বপ্রকারে উৎকৃষ্ট হইয়াছে।
আনন্দবাজার পত্রিকা,—অনেক কথা আছে যাহা ইতিপূর্বে প্রকাশিত হয় নাই।...এই প্রামাণিক গ্রন্থখানি নিশ্চয়ই যোগ্য সমাদর লাভ করিবে।
বসুমতী,—এইরকম যত্নভাবে রচিত জীবন-কথা এই প্রথম প্রকাশিত হল।...বইখানির ভাষা যেমন মধুর তেমনি হৃদয়স্পর্শী।
মূল্য : পাঁচ টাকা
শ্রীশ্রীসারদেশ্বরী আশ্রম
২৬ মহারাণী হেমন্তকুমারী স্ট্রীট, কলিকাতা
(সি ৩৭২৩)

মাথায় টাক পড়া ও পাকা চুল
আরোগ্য করিতে ২৭ বৎসর যাবৎ ও ইউরোপ-অভিজ্ঞ ডাঃ ডিরোর সহিত প্রতি দিন প্রাতে ও প্রতি শনিবার ও রবিবার বৈকাল ৩টা হইতে ৭টার সাক্ষাৎ করুন।
৩৫/১ জনক রোড, বালীগঞ্জ, কলিকাতা।
(সি ৩৬০২)

ERNMENT LIBRA




— এক —

[illegible]

উত্তর নেই।

[illegible]

আমার দিকে চেয়ে রইলো রুক্মিণী। রুক্মিণী যেন অনেক দূরের মানুষ। চোখ দুটো এবার ঝাপসা হয়ে এসেছে। দুটি গাল বেয়ে এক ফোঁটা জল গড়িয়ে গড়িয়ে শুকনো কোঁচকানো গালের উপর দাঁড়িয়ে পড়ল।

উত্তর নেই? উত্তর নেই কারো। উত্তর নেই সব খবর!

সাংবাদিকসুলভ কৌতুহলের উত্তর সেদিন হয়তো রুক্মিণীর কাছ থেকে পাইনি। কিন্তু যখন তার কাছ থেকে দু ঘণ্টা পরে ফিরে এসেছি মনের কোথায় যেন একটু ব্যথা অনুভব করেছি। রুক্মিণীর সব কথা বুঝতে পারিনি। হয়তো বুঝতে চেষ্টাও করিনি। তার দুঃখ আর কষ্ট হয়তো আমায় সম্পূর্ণ ছুঁতে পারেনি। কিন্তু যে-কটা প্রশ্ন নিয়ে [illegible] অনেক প্রশ্ন নিয়ে ফিরে এসেছি। প্রশ্ন করেছে রুক্মিণী। তার উত্তর তখন আমার কাছে ছিল না, আজও নেই। তবু করতে কাছে আছে কিনা জানি না। কী করে [illegible] শুধু এই কথাটা পারি যে, মধ্যপ্রদেশের ভিন্ড শহর থেকে মাইল তিরিশেক দূরে উত্তরপূর্ব দিকে যে একটা ছোট্ট গ্রাম আছে, তারই আরো ছোট্ট একটা কাহিনীতে ৬২ বছরের এক বৃদ্ধা সেই উত্তর খুঁজে চলেছে।

দুর্ধর্ষ ডাকাত সরদার মানসিং-এর স্ত্রী রুক্মিণী আজ পনের বছর থেকে—হয়তো তার চেয়েও বেশী—অনবরত তার প্রশ্ন করে চলেছে সবাইকে। উত্তর সে এখনো পায়নি। খুঁজছে। হয়তো কোনো দিন কেউ তার প্রশ্নের উত্তর দিতে পারবে। কে জানে হয়তো সেদিনের জন্যই বৃদ্ধা রুক্মিণী বেঁচে আছে।

৩রা মার্চ, ১৯৫১। বিকেল বেলা আগ্রা জেলের লোহার ফটক খুলে গেল ঝনঝন করে। আর বাইরের খোলা আলো-বাতাসে দীর্ঘ ১১ বছর পরে বেরিয়ে এল স্বাস্থ্যবান, দীর্ঘকায় সুপুরুষ একটা লোক। কোমরটা একটু ঝুঁকে গিয়েছে। মাথার কয়েকটা চুলও সাদা হয়ে গেছে। ধীর পদক্ষেপে মাথা নীচু করে জেল কম্পাউন্ড ছেড়ে লোকটা সে তার বাড়ির পথ ধরল।

পরের দিন বিকেলে মানসিং এসে পৌঁছল তার বাড়ি খেড়া-রাঠোরে।

রুক্মিণীর সেই দিনটার কথা ঠিক মনে আছে। কুড়ি বছর আগের ঘটনা তবু মনে আছে জলজল করছে। একটুও ভোলেনি, একটুও ঝাপসা হয়নি। প্রায় এক যুগ পরে স্বামীকে নিজের কাছে ফিরে পেয়ে প্রথমে সে অনেক অধীর হয়ে উঠেছিল। কিন্তু

দস্যুরাজ মানসিং-এর স্ত্রী শ্রীরুক্মিণী [illegible] তৎকালীন মুখ্যমন্ত্রী ডাঃ কাটজুকে (এখন মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী) আবেদন জানাচ্ছেন তার স্বামীকে ক্ষমা করার জন্যে। পাশে [illegible] মধ্যভারত প্রদেশের স্বরাষ্ট্র-মন্ত্রী শ্রী[illegible] প্রমুখ

শুধু খানিকক্ষণের জন্যে। তারপরই বুক-ফাটা কান্নায় সে সামনের উঠোনে আছড়ে পড়ে। তার জোয়ান ছেলে বলবন্ত সিং......। পুলিসের নির্মম গুলীতে সে প্রাণ দিয়েছে—এই তো বছর দেড়েক হল। আজ তার বাপ ফিরে এসেছে, কিন্তু বাপের সে দুলারা বেটা কই!

মানসিং-এর চোখ দিয়ে জল গড়ায়। খাটিয়ায় বসে সে কান্না চাপতে গিয়ে মাঝে মাঝে ফুঁপিয়ে ওঠে। সে সব জানে। মনকে পাথরের মত শক্ত করে সে কারাপ্রাচীরের অন্ধকার ঘরে বসে শুনেছে বলবন্ত সিং-এর মৃত্যু সংবাদ। রুক্মিণী তো জানে না। কিন্তু জেলখানার জমাদার শুনেছে তার কান্না। সে এও জানে তার ছেলের মৃত্যুর জন্যে কারা দায়ী। কিন্তু গাঁয়ের দুই দলের ঝগড়ার যে এই ভয়ংকর পরিসমাপ্তি হবে তাতো সে জানত না।

তেরা আউর পাঁচ লড়কা তো হ্যায়।

বাকী পাঁচ ছেলের কথা রুক্মিণীকে স্মরণ করিয়ে দিয়ে, সান্ত্বনা দিতে গিয়ে মানসিং কান্নায় ভেঙে পড়ে। রুক্মিণী এইবার জ্বলে ওঠে। 'লজ্জা করে না তোমার? যাদের জন্যে তোমার ছেলে পুলিসের গুলীতে মারা গেল। যাদের জন্যে তুমি 'জওয়ানীর ১১ বছর জেল খেটে এলে তারা গাঁয়ের মধ্যে বুক ফুলিয়ে ঘুরে বেড়াবে আর তুমি মেয়ে-মানুষের মত বসে বসে নিজের জোরুর আঁচলে মুখ ঢেকে কাঁদবে। লজ্জা করে না? মনে পড়ে তোমার, ৩২ বছরের জোয়ান মদ্দ তুমি জেলে গিয়েছিলে আর আজ ১১ বছর পরে ৪৩ বছরের একটা 'জিন্দা লাশ', হয়ে তুমি ফিরে এসেছ আর ছেলের দুঃখে কাঁদছ?'

'কি করব বল্ রুক্মিণী। মেরী কমর টুট গয়ি।'

'বলবন্ত-এর কসম, তুমি যদি এই রকম মেয়েমানুষের মত বসে কাঁদো।'

"না না রুক্মিণী কসম্ দিস্ না।"

মানসিং ভয়ে কেঁপে ওঠে। মরা ছেলের কসম্ বড় ভয়ংকর।

রুক্মিণী ক্ষেপে উঠেছে। পাগলের মত চীৎকার করে ওঠে। "যাও। সাহস না থাকে মেয়েমানুষের মত চুড়ি পরে ঘরে বসে কাঁদো।" রাগে, দুঃখে আর লজ্জায় রুক্মিণী তার হাতের কাচের চুড়ি খুলে ফেলে দিয়েছিল মানসিং-এর কোলের উপর।

"উসকে বাদ?"

"উসকে বাদ".......। রুক্মিণী একটু থেমে যায়। চুড়িহীন নিজের খালি হাতটার উপর দৃষ্টি আবদ্ধ রেখেছে।

ধীরে ধীরে খাটিয়া থেকে উঠে দাঁড়ায় মানসিং। "উসকে বাদ মৈঁ খুন ..." লাল হয়ে উঠেছে তার চোখ দুটো। [illegible]

[illegible] Rations [illegible]

[illegible] এসেছে অনাহার, অত্যাচার, দারিদ্র্য, দুর্ভিক্ষ, মৃত্যু। রুক্মিণীর মনে জেগেছে অনেক প্রশ্ন। [illegible] উত্তর। কিন্তু উত্তর পায়নি। [illegible]

তিন বছর আগের ঘটনা। কিন্তু শুরু হয়েছিল তারো আগে। অনেক আগে।

[illegible] ১৮২৬ সালের জুন মাসের এক রাতে বিদ্রোহী সিং-এর দ্বিতীয় পুত্র [illegible] জ্যোতিষী ভবিষ্যদ্বাণী করে গেল "লড়কা বড়োহো জোয়ান হোগা। বহোত নাম কামায়েগা।" মিথ্যে বলে নি জ্যোতিষী।



কারেন্স(?) হেলেই হয়েছিল, আর উরাও (!) অনেক পেয়েছিল। বংশের দ্বিতীয় আর শেষ ছেলে। শখ করে নাম রাখা হল মানসিং। বড় ছেলে নবাব সিং যে কোনোদিন আবার মানুষ হবে তার কোনো আশাই ছিল না বিহারী সিং-এর। কিন্তু মানসিং। "কহোত নাম কামরেসা।" আর বাপকা বেটা সিপাহী কা ঘোড়া কুছ নেহী তো থোড়া থোড়া। ছোটোবেলা থেকেই নবাব সিং পড়ল গাঁয়ের কুসঙ্গে আর এমন কুকাজ ছিল না যা সে করতে পারত না বা করত না। পরে পুলিসের রেকর্ডে লেখা হয়েছিল:—

"Nawab Singh learnt nothing lawful in his life. His life was an unrelieved pattern of criminality".

কিন্তু মানসিং? সে ছিল আলাদা ধাতু গড়া। ছোটোবেলা থেকেই হয়ে উঠল গাঁয়ের ছোটো বড়ো নেতা। নিজে জানে পাঁচ গাঁয়ে কুলিন একটা দল যারা তার কথায় ওঠে বসে। সুন্দর স্বাস্থ্যবান চেহারা। বংশের আদরের ছেলে মানসিং বড় হতে লাগল। কিন্তু হঠাৎ তার মনে একদিন খটকা লাগল। বাপকে অনেক ভেবে-চিন্তে জিজ্ঞাসা করে, "রাতের আঁধারে চুপি চুপি প্রায়ই তোমার কাছে কিছু লোক আসে। তাদের সঙ্গে থাকে ছোটো-বড় পুঁটুলি। ওরা পুঁটলি নিয়ে আসে। ওরা কারা?"

একটু থতমত খেয়ে আমতা আমতা করে বিহারী জবাব দিয়েছিল [illegible]। কথাটা মানসিং-এর মনে [illegible]। [illegible] প্রায়ই আসে। আরেকটু বড় হতে বুঝল এই [illegible] কারা। তারা তার বাপের [illegible] সব নামী চোর আর ডাকাত। তার বাপ চোরাই মালের ব্যবসা করে। মানসিং হল চোর ডাকাতের মাইতই [illegible]। গাঁয়ের নামী লোক বিহারীসিং-এর "পেশা"।

মানুষের জীবনের সবচেয়ে বড় অপরাধ বোধ হয় অপরাধী পিতার পুত্র হওয়া। মানসিং-এর জীবনে তাই হয়েছিল। বিহারীর কাছে কোনো দোষই দোষ ছিল না যেহেতু পাঁচ বিঘে মৌরুসী (কবজে) জমি ছিল। কিন্তু ঠাকুর বিহারীসিং "তোমর" রাজপুত বংশের ছেলে। মান-সম্মান, খ্যাতি-প্রতিপত্তি হিসেবে পাঁচ বিঘে জমি থেকে কী আর আয় হয়। তাঁর চাই মান, প্রতিপত্তি, আর "ইজ্জত"। তার জন্যে চাই প্রচুর অর্থ। গাঁয়ের সম্পত্তিশালী ব্রাহ্মণদের চেয়েও বেশী অর্থ। ধীরে ধীরে বিহারী শুরু করল লেন-দেনের ব্যবসা। হয়ে উঠল অর্থপিশাচ মহাজন। কড়া সুদে দিত কর্জ, জমি বাঁধা রাখত। যারা তার ধার শোধ দিতে পারত না তাদের সর্বস্বান্ত করে ছাড়ত বিহারী।

এমনি একজনকে নিঃশেষ করতে উদ্যত হল বিহারী। নাম তার তোলা সিং। কপর্দক-হীন তোলা সিং জেগে উঠল যখন বিহারী তার শেষ সম্বল ছোটো একটা বাড়িকে গ্রাস করতে চেষ্টা করতে লাগল। গাঁয়ের বাড়ি-বাড়ি গিয়ে তোলা তার করুণ কাহিনী আর বিহারীর নিষ্ঠুরতার কথা শোনায়। কিন্তু কার সাহস বিহারীর বিরুদ্ধে আপত্তি তোলে? গাঁয়ের ধনী ব্রাহ্মণ পুরোহিত পণ্ডিত তর্কতীর্থের পায়ে আছড়ে পড়ল তোলা। বিহারীর যজমানের বিরুদ্ধে তর্কতীর্থ। গাঁয়ের পারিবারিক কে পাবে, ঠাকুর বিহারী সিং না পণ্ডিত তর্কতীর্থ এই নিয়ে চলেছিল মনান্তর। এই সুযোগ, শুধু পরোক্ষে


নীহাররঞ্জন গুপ্তের উপন্যাস

বধূ ৩·৫০ ন. প.

বকুল গন্ধে বন্যা এলো ৪·০০ ন. প.

এবং

মাধবী ভিলা ৩·৭৫ ন. প.

নরেন্দ্রনাথ মিত্রের
[illegible] গল্প সংগ্রহ
পূর্বতনী ২·৫০ ন. প.

বিমল মিত্রের
[illegible] গল্প সংকলন
কাহিনী সপ্তক
২·৭৫ ন. প.

শৈলেন্দ্রকুমার রায়ের
রোমাঞ্চকর উপন্যাস
যমের আসন
২·৫০ ন. প.

নীহাররঞ্জন গুপ্তের
রহস্যময় রোমাঞ্চকর নাটিকা
ময়ূর মহল ২·৫০ ন. প.
[illegible] চিত্রে সম্বলিত

সরস্বতী গ্রন্থালয় ● ১৪৪, কর্নওয়ালিস স্ট্রীট ● কলিকাতা—৬ ●

উৎসবে
ইণ্ডিয়ান সিল্ক হাউস
কলেজ স্ট্রীট মার্কেট • কলিকাতা

GOVERNMENT LIBRARY

নেই। কোর্টে যাস্ তুই, ভিড় না পড়লা।" তুলসীরাম ভোলাকে সান্ত্বনা দিল।

পাড়ার লোক ক্ষেপে ওঠে। লাঠি, বল্লম, নিয়ে দশজনের লোক তৈরী হল। পাড়ার আত্মরক্ষা দিলে মীমাংসা করে দিলেন। আপস হল কিন্তু আগুন নিভল না। জোয়ান ছেলে মানসিং। বিহারী তাকে বলে "তোর বাপের ইজ্জত ধুলোয় মিশে যাবে আর তুই ঠাকুর, রাজপুত, তাই চুপচাপ দেখবি"। না তা হয় না। বাপকা বেটা মানসিং। বন্দুক পাতালে পুলিসের সঙ্গে। পেল বন্দুকের লাইসেন্স শুধু নিজের জন্যে না, বড় ভাই নবাব সিং-এর জন্যেও। পণ্ডিত তুলসীরাম একটু শঙ্কিত হল। এইবার……।

হঠাৎ একদিন পাশের মহুয়া গাঁয়ের ছিদ্দা বড়াই-এর বাড়িতে ডাকাতি হল। তুলসীরাম ভাবে, এই সুযোগ। পুলিসকে খবর দিল এই ডাকাতিতে মানসিং-এর হাত আছে। অনেক চেষ্টা করেও কিন্তু পুলিস মানসিং-এর বিরুদ্ধে প্রমাণ পেল না। তুলসীরাম সহবার পাত্র নয়। ছিদ্দাকে বলে, মানসিং-এর নামে কোর্টে কেস ঠুকে দে। এইবার মানসিং একটু ভয় পেল। ছিদ্দাকে বোঝাল একটা আপস করতে। তুলসীরামের অর্থ আর সাহস পেয়ে ছিদ্দা মানসিংকে অপমান করে তাড়িয়ে দিল। "যাও, যা কিছু বোঝাপড়া করতে হয় পণ্ডিত তুলসীরামের সঙ্গে কর। সে যা বলবে আমি তাই করব।"

তুলসীরামের সঙ্গে আপস? তার পায়ে ধরবে? মানসিং-এর রক্তে আগুন লেগেছে। আচ্ছা দেখ লেংগে! তুলসীরাম আর ছিদ্দাকে

বাসনালয়

দিগিন বন্দ্যোপাধ্যায় সম্পাদিত
শিশুসাথী
ছোটদের মহলে আলোড়ন সৃষ্টি করেছে বহুল প্রচারিত ছোটদের মাসিক পত্রিকা।
আগামী বৈশাখে ৩৯ বর্ষে পড়বে।
চাঁদা: বার্ষিক ৫, ষান্মাসিক ২.৫০ নয়া পয়সা
প্রতি সংখ্যা .৫০ নয়া পয়সা
অগ্রিম চাঁদা পাঠিয়ে গ্রাহক হন
বৃন্দাবন ধর এণ্ড সন্স প্রাঃ লিঃ
৫ বঙ্কিম চাটার্জী স্ট্রীট, কলি—১২

কোর্টের পথে মানসিং-এর দল আক্রমণ করল। পুলিস আবার এল, কিন্তু এবারেও মানসিং-এর বিরুদ্ধে কোনো প্রমাণ নেই।

৩০শে জুলাই, ১২২৮।

মানসিং তার দলবল নিয়ে আক্রমণ করল ছিদ্দার আত্মীয় পুরুষোত্তমকে। খবর পেয়ে তুলসীরাম ছুটেন তার দলবল নিয়ে আর শুরু হল তুমুল লড়াই। করাবহ সে দৃশ্য। বন্দুক, লাঠি, বল্লম, তলোয়ার। মাথা কাটল দাড়ি পড়ল, গলের গোলায় আগুন লাগল। মহুয়া গাঁ রক্তের গঙ্গায় ভেসে গেল। স্ত্রীলোক আর শিশুর ক্রন্দনরোলে গাঁয়ে হাহাকার ছড়িয়ে পড়ল।

মানসিং-এর হাতে হাতকড়া পড়ল সেই প্রথম আর সেই শেষবার। যাবজ্জীবন দ্বীপান্তর হল মানসিং-এর, আর দলের বাকি লোকদের হল পাঁচ বছরের জেল। মানসিং-এর ছেলে যশবন্ত সিং, ভাগ্নে মহারাজ সিং আর ভাইপো দর্শন সিংকে কিন্তু পুলিস ধরতে পারল না। তারা হল ফেরারী। মানসিং-এর দুই বিশ্বস্ত অনুচর বলীসিং আর রূপসিং তার হয়ে নিল প্রতিশোধ তুলসীরামের ওপর।

তাঁদের প্রথম শিকার ঠাকুর মানসিং-এর শত্রু পুরোহিত পণ্ডিত তুলসীরামের কাছে।

এক এক দিন মনে হয় এক বছর। জেলের জীবন মানসিং-এর কাছে হল দুর্বিষহ। মনে মনে জেলের দেওয়াল ভাঙ্গতে চায়, আর প্রতিহিংসার আগুনে জ্বলে ওঠে। সুযোগ প্রতিশোধ আর শান্তি তার মনে খবর দেয়। রূপসিং আর তার দলের কথা ভাবতে ভাবতে কোন উপায় খুঁজে পায় না। এদিকে তার দলের নেতা হিসাবে যশবন্ত সিং, দর্শন সিং আর নবাব সিং পাহাড়ে জঙ্গলে আর কখনও অর্থলোভে করতে চুরি ডাকাতি লুঠতরাজ। পুলিস তাদের পিছনে ঘুরছে, কিন্তু পাচ্ছে না।

কিন্তু একদিন। ১৯৩৭ সালের ৫ই ডিসেম্বর। বেশী সময়ও লাগল না। সাধারণ এনকাউন্টার। পুলিসের গুলিতে চম্বল নদীর কিনারে মারা গেল যশবন্ত সিং আর দর্শন সিং। নবাব সিং ধরা পড়ল, তার হল যাবজ্জীবন দ্বীপান্তর।

সবই শোনে মানসিং। জেলের দেওয়ালে মাথা কোটে হয়। আরো কত দিন বাকী? এক-এক বছর মনে হয় এক-এক যুগ। জেলের একমাত্র সঙ্গী পণ্ডিত রামস্বরূপ। ব্রাহ্মণ হয়েও সে মানসিং-এর বন্ধু। তুলসীরামের সঙ্গে যুদ্ধে সে ছিল মানসিং-এর দলে। অদৃষ্ট, দুঃখ, দারিদ্র্যের ভাবনায়। একমাত্র ছেলে রূপনারায়ণ শর্মা। তার মায় দুঃখ। ছেলে প্রায়ই দেখা করতে আসে বাপ আর ঠাকুর মানসিং-এর সঙ্গে। খবর দিয়ে যায় আর পৌঁছে দিয়ে আসে ঠাকুর সাহেবের বাড়ি পাঁচ ছেলের জেলের খবর।

বাড়ির কারাপ্রাচীরের অন্তরালে বন্ধু একদিন পণ্ডিত রামস্বরূপ প্রাণ শেষ নিঃশ্বাস ত্যাগ। বাবার আগে আগেও বন্ধু মানসিং-এর হাত জড়িয়ে বলে গেল—তোমার বন্ধুর রূপনারায়ণ দেখো সবরকম দুঃখ থেকে ছেলেটা বেটা হয়। রূপাকে সঙ্গে দিয়ে যায় মানসিং-এর হাতে। যশবন্ত সিং-এর বদলে তুই রূপাকে ছেলের মত দেখিস তুলে নে।

'আচ্ছা দোস্ত।' মানসিং প্রতিজ্ঞা করে।

'খাও কসম।'

'কসম।'

'যশবন্ত কা কসম?'

'যশবন্ত কা কসম।' মানসিং কথাটা আর দোস্ত শুনল।

অনেক বছর পর তার কাঠ-খড় পুড়িয়ে 'সরকারী' দিন এল। মানসিংয়ের কাছের সেই কারের অপেক্ষা কাটিয়ে আসল। ৩রা মার্চ, ১৯৩৯, মানসিং জেল থেকে মুক্তির এল। পরিচিত পোশাকের তার গাঁ খেড়া-রাঠোরে।

শুনে কা মালা ধুলো মাথে মানুষ দিয়ে সে দেখিয়ে দিয়েছিল।

হাতে-ভরা চুড়ি অপর্ণা, রুক্মিণী দুলে ঢেকে বসেছিল।

চুড়ি বদল অনেকদিন কথা।

'উঠবে বাপ।'

'উঠবে না, বেটী……।'

দাম্পত্যের নির্জন জীবন আবার নিঃসঙ্গ হয়ে এসেছিল। তারপর রুক্মিণী আর কিছু বলতে পারে নি। হয়তো মনে ছিল না, হয়তো বলতে চায় নি।

তারপর। তারপরের ইতিহাস তো অজানা নয়। মানসিং হয়েছিল চম্বল উপত্যকার অপ্রতিহত সম্রাট। তবে শুধু সেই ইতিহাস। সবাই জানে। আমিও জানি। রুক্মিণী জানে। সে এও জানে, সে কাহিনী আমি জানি। তাই হয়তো সে আমায় বলেনি।

হঠাৎ রুক্মিণী প্রশ্ন করে বসেছে আমায়। উত্তর দিতে পারি নি আমি তখন। তার উত্তর আমার কাছে তো নেই। সন্ধ্যা হয়ে এসেছিল। তাকে নিয়ে আমি রুক্মিণীর বাড়ী থেকে বেরিয়ে এসেছিলাম আর তাকে দিয়েছিলাম আশ্রয় ডাকাতদের কিছু একটা না উত্তর চাই। আর কোনোদিন যাই নি। উত্তরপুরায়। হয়তো আর কখনো যাবো না। কোনোদিন হয়তো রুক্মিণী তার প্রশ্ন আমায় জিজ্ঞাসা করবে। আমি তো তার উত্তর দিতে পারবো না। উত্তর তো আমার কাছে নেই। (ক্রমশ)

GOVERNMENT L…
… Bihar

# রবীন্দ্রায়ণ

অন্নদাশঙ্কর রায়

"রবীন্দ্রজীবনীর সূচনা ১৮৬১ সালে, সমাপ্তি ১৯৪১ সালে। [illegible]

[illegible]

সাগর থেকে ফেরা-র পর

প্রেমেন্দ্র মিত্রের

প্রতীক্ষিত প্রতিভার নব উত্তরণ

হরিণ চিতা চিল

বাংলা কাব্যের আর এক দিগন্ত বিস্তার

[illegible]

সমস্ত চেনা [illegible]-করা কবিতা

তিন টাকা

ত্রিবেণী প্রকাশন প্রাইভেট লিমিটেড, কলিকাতা-১২

উনবিংশ শতাব্দীর শেষ দশক ও বিংশ শতাব্দীর প্রথম দশক হিন্দুধর্মের পুনরুত্থানকাল। এই সময়টাতে রবীন্দ্র-নাথকে আমরা প্রথমে দেখি ব্রাহ্ম থেকে ব্রাহ্মণ হতে, তার পরে ব্রাহ্মণ থেকে ব্রাহ্ম হতে, তারপর আদিব্রাহ্ম থেকে বাইরে না হোক ভিতরে ভিতরে সাধারণ ব্রাহ্ম হতে। যদিও হিন্দু বলে পরিচয় দিতে কখনো তিনি দ্বিধাবোধ করেন নি। ব্রাহ্মসমাজের ব্রহ্ম হচ্ছেন পিতা। পিতৃভাবের সাধনায় রস জমে না। তাই চিত্তরঞ্জন ও বিপিনচন্দ্র বৈষ্ণব সাধনায়—বিশেষ করে পদাবলী কীর্তনে—ভগবানকে খুঁজেছেন। রবীন্দ্র-নাথও কি ভগবানকে প্রেমিক ও আপনাকে নারী বলে কল্পনা করেন নি?

"গীতাঞ্জলি", "গীতিমাল্য" ও "গীতালি" তিনখানাই বৈষ্ণব ধারার কাব্য। "বলাকা" থেকে আবার অন্য ধারা। এবার পাশ্চাত্ত্য দর্শনের। বিবর্তনসূত্রে তিনি যেখান থেকে সরে যান চিত্তরঞ্জন ও বিপিনচন্দ্র সেখানেই আশ্রয় নিয়ে অন্তরে শান্তি পান। সুতরাং বিরোধটা ব্যক্তিগত নয়, নীতিগত। একথা কিন্তু দ্বিজেন্দ্রলালের বেলা খাটে না। বাংলাসাহিত্যে তখনকার দিনে দ্বিজেন্দ্র-লালই ছিলেন রবীন্দ্রনাথের নিকটতম প্রতিদ্বন্দ্বী। রবীন্দ্রনাথ নীরব থাকলেও দ্বিজেন্দ্রলাল কেবলি সিংহনাদ করেছেন। অশ্লীলতা, লালসা ইত্যাদি কত কী আবিষ্কার করেছেন। অমন নিরামিষ রচনার মধ্যেও আমিষের গন্ধ পেয়ে উত্তপ্ত হয়েছেন। "আনন্দবিদায়"-এর (প্রকাশ ১৬ নভেম্বর, ১৯১২) মতো নাটক লেখা হয় ইংরেজী "গীতাঞ্জলি"র (প্রকাশ অক্টোবর, ১৯১২) বিশ্বময় জয়ধ্বনির পর। যাঁরা উভয়ের ভক্ত তাঁদের পক্ষে মর্মবিদারক ঘটনা। তবে অন্যান্য সাহিত্যেও এর নজীর আছে।

"রবীন্দ্রজীবনী" চার খণ্ডে বিভক্ত। প্রথম খণ্ড শেষ হয়েছে উনবিংশ শতাব্দীর সঙ্গে সঙ্গে। দ্বিতীয় খণ্ড প্রথম বিশ্ব-যুদ্ধের অনতিকাল পরে। তৃতীয় খণ্ড ১৯৩৪ সালের শেষভাগে। চতুর্থ খণ্ড কবির মহাপ্রয়াণের পরে। পরিশিষ্ট সমেত। কবির জীবনকেও মোটামুটি চার অধ্যায়ে বিভক্ত করা যায়। কিন্তু ওভাবে নয়।

রবীন্দ্রনাথের একুশ বছর বয়সে তাঁর জীবনের দ্বিতীয় অধ্যায় খুলে যায়। তাঁর নিজের কথায় "সদর স্ট্রীটের রাস্তাটা যেখানে গিয়া শেষ হইয়াছে সেইখানে বোধ হয় ফ্রী-স্কুলের বাগানের গাছ দেখা যায়। একদিন সকালে বারান্দায় দাঁড়াইয়া আমি সেই দিকে চাহিলাম। তখন সেই গাছগুলির পল্লবান্তরাল হইতে সূর্যোদয় হইতে-ছিল। চাহিয়া থাকিতে থাকিতে হঠাৎ এক মুহূর্তের মধ্যে আমার চোখের উপর হইতে যেন একটা পর্দা সরিয়া গেল। দেখিলাম, একটি অপরূপ মহিমায় বিশ্ব-সংসার সমাচ্ছন্ন, আনন্দে এবং সৌন্দর্যে সর্বত্রই তরঙ্গিত। আমার হৃদয়ের স্তরে স্তরে যে একটা বিষাদের আচ্ছাদন ছিল তাহা এক নিমিষেই ভেদ করিয়া আমার সমস্ত ভিতরটাতে বিশ্বের আলোক একেবারে বিচ্ছুরিত হইয়া পড়িল। সেই দিনই "নির্ঝরের স্বপ্নভঙ্গ" কবিতাটি নির্ঝরের মতোই যেন উৎসারিত হইয়া বহিয়া চলিল।"

জীবনের প্রথম অধ্যায়েও তাঁর সাহিত্য কীর্তি অসামান্য ছিল না। কিন্তু তখন তিনি ছিলেন শিক্ষানবীশ। কতকটা বৈষ্ণব কবিদের কাছে, কতকটা পাশ্চাত্ত্য কবিদের কাছে, কতকটা বিহারীলালের কাছে, কতকটা বোধ হয় বঙ্কিমচন্দ্রের কাছে। কিন্তু হঠাৎ এক মুহূর্তের মধ্যে বিশ্বরূপদর্শনের পর শিক্ষানবীশীর প্রয়োজন রইল না। তবে প্রভাব রয়ে গেল প্রধানত পাশ্চাত্ত্য কবিদের, দ্বিতীয়ত বৈষ্ণব কবিদের। সাত আট বছর পরে এলো কালিদাসের প্রভাব। এইটেই তাঁর জীবনের সব চেয়ে স্থায়ী প্রভাব সাহিত্যিক জীবনের। আধ্যাত্মিক জীবনে দৃঢ়তম প্রভাব মহর্ষি, রামমোহন ও উপনিষৎ। কিন্তু কারো চেয়ে কম নয় বাউল মার্গ।

"প্রভাত সঙ্গীত"এর বাণী বিশিষ্ট হলেও রূপ অপরিণত। "ছবি ও গানে"র রেখাও পরিপক্ক নয়। এমন সময় তাঁর জীবনে বড় বড় দুটি ঘটনা ঘটে যায়। একটি তো তাঁর বিবাহ। অপরটি তাঁর নতুন বৌঠান কাদম্বরী দেবীর আত্মহত্যা। আনন্দ ও নিরানন্দ মিলে অচিরেই তাঁকে পাকিয়ে তোলে। এখন মনে হয় এর প্রয়োজন ছিল। রবীন্দ্রনাথকে নির্মাণ করতে বিধাতা আনন্দ ও নিরানন্দ উভয় উপকরণেরই অকৃপণ সদ্ব্যবহার করেছেন। কেবলমাত্র প্রতিভার সাহায্যে বেশী দূর অগ্রসর হওয়া যায় না। বিশ্বরূপদর্শন বেশী দূর এগিয়ে দিলেও সাহিত্যে নয়, জীবনে। জীবনের পরিণতির জন্যে চাই প্রেম, প্রীতি, বিরহ, মিলন, মান, অভিমান, শোক, দুঃখ, দ্বন্দ্ব।

"কড়ি ও কোমল" যে পরিণতির আভাস দেয় তাকে রূপদান করে "মানসী"। কেবল রবীন্দ্রনাথের কবিতা নয় বাংলা কবিতার সে এক নতুন রূপ ও ধ্বনি। কিন্তু তাতেও একটি উপাদান কম পড়েছিল। উপযুক্ত পরিবেশ। জমিদারি করতে গিয়ে পদ্মানদীর ঘাটে ও বক্ষে রবীন্দ্রনাথ পেলেন তাঁর মনের মতো আকাশ ও নীড়। পরিপূর্ণ প্রকৃতিসংসর্গ। জনগণের সান্নিধ্য। দেখতে দেখতে তাঁর প্রতিভার চার দরজা খুলে গেল। নাটক, ছোটগল্প, প্রবন্ধ, কবিতা চতুর্দিকে ছুটল। "সাধনা"র যুগে তিনি চতুরাননের মতো সৃষ্টি তৎপর। এই লিখছেন "চিত্রাঙ্গদা" তো এই লিখছেন "সোনার তরী"। এই লিখছেন "কাবুলিওয়ালা" তো এই লিখছেন "পঞ্চভূত"। রামধনু-রঙা ফিতেদের মতো চলেছে "চিত্রা", "কল্পনা", "কথা", "কাহিনী", "চৈতালি", "কণিকা", "ক্ষণিকা"। তার সঙ্গে চলেছে গল্পের পর গল্প, প্রবন্ধের পর প্রবন্ধ, নাটিকার পর নাটিকা।

তখনকার দিনে আরো একজোড়া হাত ছিল তাঁর। তা দিয়ে তিনি টেগোর কোম্পানীর পাট ক্রয়মাল ও আখমাড়াইয়ের কারবার চালাতেন। বলেন্দ্রনাথ ছিলেন তাঁর বল। বলেন্দ্রনাথের অকালমৃত্যুর পর জাত-বিলাসী ম্যানেজার ফেরার হলে দেখা গেল টেগোর কোম্পানীর সত্তর আশি হাজার টাকা বাজার দেনা। আইনের দিক থেকে সমস্ত দায় ও দায়িত্ব গিয়ে বর্তাল রবীন্দ্র-নাথের একার উপর। তাঁর বিষয়বুদ্ধি যেমন প্রখর ছিল, তিনি ইচ্ছা করলে কারবার না গুটিয়ে কিছুদিন পরে সব দেনা শোধ করে দিতে পারতেন, কিন্তু জীবনের দিক পরি-বর্তনের জন্যে তিনি ভিতরে ভিতরে ব্যাকুল বোধ করছিলেন। দ্বারকানাথ ঠাকুরের যা সামর্থ্য তাঁর পৌত্রের তা সামর্থ্য নয়। কারবার তো তিনি গুটিয়ে নিলেনই, জীবনকেও গুটিয়ে নিলেন। এবার শান্তিনিকেতনে গিয়ে নতুন জীবনের সূত্রপাত, ব্রহ্মচর্য বিদ্যালয় স্থাপন, পুত্রদের সুশিক্ষার আয়োজন, তার আগে কন্যাদের থেকে মুক্ত হবার জন্যে জ্যেষ্ঠা কন্যা মাধুরীলতার পনেরো বছর বয়সে ও মধ্যমা কন্যা রেণুকার সাড়ে এগারো বছর বয়সে বিবাহ। [illegible] হয়। এর [illegible] ও [illegible]-[illegible] পর [illegible] [illegible]।

ব্রহ্মচর্য বিদ্যালয় ছেলেদের জন্যেই দরকার। মেয়েরা যে বয়সে ছেলের মা হয়, তাদের জন্যে দরকার না ব্রহ্মচর্য, না বিদ্যালয়। এমনি করে স্থাপিত হলো শান্তিনিকেতনে আশ্রম বিদ্যালয়। ব্রজেন্দ্র-নাথের পরিকল্পিত "ব্রহ্মবিদ্যালয়" হলো রবীন্দ্রনাথ ও ব্রহ্মবান্ধবের "ব্রহ্মচর্যাশ্রম"। আদিব্রাহ্মসমাজের প্রযোজনায় রোমান ক্যাথলিক সাধুর প্রযোজনায় আদিম হিন্দু-সমাজের বর্ণাশ্রমী আদর্শ। রবীন্দ্রনাথকে ঠিকমতো বুঝতে হলে মনে রাখতে হবে যে, তাঁর সমবয়সী নেতাদের অনেকেই সে সময় একই ভাবের ভাবুক ছিলেন। তাঁদের বিচারে তখন ভারত হচ্ছে হিন্দু, আর হিন্দু হচ্ছে প্রাচীনকালের বর্ণাশ্রমী হিন্দু, অপরিবর্তনীয়, সনাতন।

তৃতীয় অধ্যায়ের উন্মোচন হলো চল্লিশ বছর বয়সে শান্তিনিকেতনের বিস্তৃত প্রান্তরে। এই পর্যায়ে কবির পরিপূর্ণতার ঈশ্বরসংসর্গ ঘটল, পূর্ববর্তী পর্যায়ে প্রকৃতিসংসর্গের মতো। কবি রবীন্দ্র হলেন ঋষি রবীন্দ্র। "নৈবেদ্য" রচনা ইতিপূর্বে সমাপ্ত হয়েছিল, ধীরে ধীরে লেখা হলো "উৎসর্গ", "খেয়া", "গীতাঞ্জলি", "গীতি-মাল্য", "গীতালি", "বলাকা" প্রভৃতি কাব্য

"রাজা", "ডাকঘর", "ফাল্গুনী" প্রভৃতি নাটক। এই পর্বেরই তিনি উপন্যাস রচনায় নিযুক্ত হন। "চোখের বালি", "নৌকাডুবি", "গোরা", "ঘরে বাইরে" এই পর্বেরই কীর্তি। আবার ছোট বড় অনেক সব রচনার [illegible] তিনি নিজেকে রেকর্ড নিয়ে [illegible] করেন। প্রবন্ধেও তিনি এক একটি নতুন [illegible] করেন। যেমন সাংগীতিক বিষয়ে, তেমনি সামাজিক ও রাজনৈতিক বিষয়ে, তেমনি শিক্ষা বিষয়ে। নোবেল প্রাইজ পাওয়া এই পর্বেরই অন্তর্গত। কিন্তু বিশ্বব্যাপী খ্যাতির জন্ম হলো এই যে তিনি পৃথিবীর লোককে সামনে রেখে [illegible] করলেন। আবার নিজের [illegible] বাংলা প্রবন্ধ [illegible] ইংরেজী "ন্যাশনালিজম" ও "পার্সোনালিটি" [illegible]

[illegible]

চতুর্থ অধ্যায়ের সূচনায় হয় বিশ্বভারতীর প্রতিষ্ঠানের সঙ্গে। [illegible] বিশ্বভারতীর পত্তন [illegible] নিজের আদর্শ নয়, [illegible] "মুক্তির পথে" ও পরবর্তী অন্যান্য রচনায় [illegible]। চতুর্থ অধ্যায়ে তাঁর [illegible] কবিতাতেও থাকবেন না, [illegible]। সব সময়েই তিনি সচেতন ছিলেন যে, বর্তমান [illegible] বাংলাকে [illegible] দিতে হবে। প্রাচীনের প্রতি তাঁর টান শিথিল হয়েছিল, প্রতীচীর প্রতি টান শক্ত হয়েছিল।

চতুর্থ অধ্যায়কেও দুই পর্বে ভাগ করা যায়। প্রথম পর্বে রবীন্দ্রনাথ গান থেকে নাচে পৌঁছেছেন। বিশ্বভারতীর ছাত্রীদের দিয়ে "নটীর পূজা"র আয়োজন। দ্বিতীয় পর্বে নৃত্য থেকে নৃত্যনাট্যে। "চিত্রাঙ্গদা নৃত্যনাট্য" এর প্রথম [illegible]। এই সময় থেকে এক সময় তিনি ছবি আঁকতে শুরু করে দেন। ছবি আঁকার শখ তাঁর সব বয়সেই ছিল, কিন্তু শেষ বয়সে এটা তার শখ নয়, সাধনা। [illegible] শক্তিকে [illegible] না করলে [illegible] হওয়া যায় না। যে শক্তিকাল তাঁর [illegible] নিয়ে হলো, সেই শক্তিকাল তাঁর সাহিত্য [illegible] থেকে বিযুক্ত হলো। সাহিত্য [illegible] ঘটল। রবীন্দ্রনাথের [illegible] তাঁরা জানেন কী [illegible] প্রতিভার পরিচয় রয়েছে [illegible]।

নতুন সাহিত্য-ভবনের বই

# হাজার বছরের প্রেমের কবিতা

[illegible]

# মানুষের ঠিকানা

[illegible]

# পৃথিবীর ঠিকানা

[illegible]

# বাংলা উপন্যাসের ধারা

[illegible]

জরুরী বিজ্ঞপ্তি

# পঞ্চাশ বছরের প্রেমের গল্প

[illegible]

অন্যান্য বই ঃ [illegible] ৩.০০; [illegible] ৩.০০; [illegible] ৪.৫০; [illegible] ২.৭৫; [illegible] ২.৫০

নতুন সাহিত্য ভবন

৩নং শম্ভুনাথ পণ্ডিত স্ট্রীট, কলিকাতা-২০ ঃ ফোন ঃ ৪৭-৪২৩৩

যেমন প্রাগৈতিহাসিক তার দুঃস্বপ্নকল্পনা। চিত্রকলাকেই তিনি তাঁর আত্মপ্রকাশের প্রধান বাহন করেছিলেন শেষ পর্বে।

একটাকে প্রধান করলে আর একটা অপ্রধান হতে বাধ্য। কাব্য যে পূর্বের তুলনায় নির্বীর্য হবে এটা স্বতঃসিদ্ধ। কবির মনে পড়ে গেল যে ইংরেজী "গীতাঞ্জলি" যখন গদ্য হয়েও কবিতা তখন বাংলা "লিপিকা"ও তাই। সাহসের অভাবে নাকি তিনি তাকে পদ্যের মতো করে লাইন ভেঙে সাজাননি। এবার সাহস পেয়ে তিনি "পরিশেষ" গুলোদিকে 'কথা ভাষার'১ গদ্যে লিখে পদ্যের মতো করে সাজালেন। অতএব সে জিনিস কাব্য হলো। তাই যদি হবে তবে আবার পদ্যে ফিরে যাওয়া কেন? নিশ্চয় নিজের কানেই বিপরীত সাড়া দিয়েছে। কাব্যের সাধনা চিত্রের সাধনার চেয়ে কম কঠোর নয়। তাকে কম কঠোর করতে বাধ্য হলে মনকে বলতে হয়, কী করব! ছবি যে আমার সব শক্তি কেড়ে নিচ্ছে! আমি যে বাধা দিতে পারছিনে। আর বাধা দেবই বা কেন? চিত্রে যা প্রকাশ পাচ্ছে কবিতায় তা পাবার নয়। কবিতা আর আমার হাত দিয়ে হবে না। যা হবে তা ছড়া বা সেই রকম কিছু। তার বাণী সামান্য।

শক্তির ও অভিনিবেশের অপেক্ষাকৃত অভাবে শেষ পর্বের সাহিত্যকৃতি আরোহী না হয়ে অবরোহী হয়েছে। অর্থাৎ কবি আর পাহাড়ে উঠছেন না, পাহাড় থেকে নামছেন। কাব্যের দিক থেকে যে চূড়ায় তিনি উঠেছিলেন তার নাম "পূরবী"। তেমনি নাটকের দিক থেকে চূড়ার নাম "রক্তকরবী"। উপন্যাসের দিক থেকে শেষ চূড়া "যোগাযোগ"। শেষ কিন্তু সর্বোচ্চ নয়। তেমনি প্রবন্ধের শেষ চূড়া "মানুষের ধর্ম"। এর মূল কথা ইংরেজীতে ব্যক্ত হয় আগে। বস্তু-সাপেক্ষ সাহিত্যকর্ম চতুর্থ অধ্যায়ের প্রথম পর্বেই সারা হয়েছে। তা বলে দ্বিতীয় পর্ব অসার নয়। কোনো কোনো গদ্য বা পদ্য কবিতার উপর মনশ্চিত্রনার প্রভাব পড়েছে। এসব কবিতা তাঁর চিত্রকর্মের আত্মিক। অর্থাৎ এগুলিও চিত্রকর্ম। কাব্যের বিচারে দুর্বল হলেও কবিসত্তার অপূর্ব স্বাক্ষর বহন করে এরা সার্থক।

রবীন্দ্রনাথের জীবনকে আমি চার অধ্যায়ে বেঁটেছি। তাঁর জীবন তো ছোট একখানি বই নয়। কাজেই "অধ্যায়" না বলে "পর্যায়" বলা উচিত। দেখতে পাওয়া যাচ্ছে, বিশ বছর অন্তর অন্তর তাঁর জীবনে এক একটি নবপর্যায় এসেছে। প্রাচীনকালে একেই বলা হতো আশ্রম। ব্রহ্মচর্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, যতিব্রত। একালে আমরা ওভাবে চিন্তা করিনে। তা হলেও বেশ কিছু সাদৃশ্য লক্ষ্য করা যায়। শিলাইদা থেকে শান্তিনিকেতনে চলে এসে তপোবনবাস কি বানপ্রস্থ নয়? পঞ্চাশোর্ধে না হয়ে ওটা চল্লিশোর্ধে হয়েছে। চল্লিশ থেকে পঞ্চাশ পর্যন্ত তিনি যা করেছেন তা তপশ্চর্যাই বটে। পঞ্চাশপূর্তির পর সেই যে বিলেত আর আমেরিকা গেলেন তার পর নোবেল প্রাইজ পেয়ে ঘরে আর মন বসল না। ক্রমাগত ঘুরে বেড়াতে লাগলেন অবশিষ্ট ত্রিশ বছর। প্রভাতকুমার কবির প্রব্রজ্যার পুঙ্খানুপুঙ্খ বিবরণ দিয়েছেন। ভ্রমণ তাঁর বরাবরই ভালো লাগত। ভ্রমণের নেশা তিনি বাল্যকালে মহর্ষির কাছে ধরেছিলেন। পিতামহ দ্বারকানাথই বা কম কিসে? সেকালের পক্ষে দু' দু'বার বিলেত যাওয়া ও সেই দেশেতেই মরা মস্ত বাহাদুরি। রবীন্দ্রনাথ কেবল দ্বারকানাথের পৌত্র নন, রামমোহনের উত্তরসাধক। তার পর তিনি রবি নামটির অধিকারী। পৃথিবী তাঁকে পরিক্রমা না করুক, পৃথিবীকে তিনি পরিক্রমা করবেনই। আফ্রিকার উপরেও তাঁর কবিতা আছে। উত্তর ও দক্ষিণ আমেরিকা, ইউরোপের পূর্ব পশ্চিম—আর সোভিয়েট রাশিয়া, এশিয়ায় চীন, জাপান, বর্মা, সিয়াম, ইন্দোনেশিয়া, মালয়, সিংহল, পারস্য, ইরাক। বাকী থাকে অস্ট্রেলিয়া।

কিন্তু কেমন নির্বাচ, দেখুন। যেই জোড়াসাঁকোর বাড়িতেই জন্ম, সেইখানেই মৃত্যু। পূর্ণ বয়স অতিক্রম করতে হবে বলে অন্যে তাঁকে শান্তিনিকেতন থেকে টেনে নিয়ে গেল কলকাতায়, আমরা যতদূর জানি তাঁর ইচ্ছার বিরুদ্ধে। অপারেশনেও তাঁর আন্তরিক সায় ছিল না। অপরের ইচ্ছার কাছে আত্মসমর্পণ করলেন। আমরা যতদূর জানি সিদ্ধান্তটা তাঁর নয়। বিধাতার মতো অপারেশনটাও কর্তার ইচ্ছায় কর্ম। তিনি নিমিত্তমাত্র। সমস্ত পৃথিবী প্রদক্ষিণ করে এসে যেন অন্তে দেখা ঠিক সেই কেন্দ্রবিন্দুতেই যেখানে শায়িত ছিল তার উৎস। কে জানে, হয়তো এর মধ্যেও কিছু সার আছে—

"পরজন্ম সত্য হলে কী ঘটে মোর
সেটা জানি
আবার আমায় টানবে ধরে
বাংলাদেশের এ রাজধানী।"

তাঁর মৃত্যু যেমন বিচিত্র তাঁর মরণের দিনকয়েক আগে লেখা শেষের কবিতাটিও তেমনি বা তার চেয়েও বিচিত্র। যৌবনের সুবিখ্যাত "অন্তর্যামী" কবিতাটিতে যাঁকে জিজ্ঞাসা করেছিলেন, "এ কী কৌতুক নিত্য নূতন, ওগো কৌতুকময়ী", তাঁকেই পরিশেষে উত্তর দিয়েছেন প্রায় অন্তিম মুহূর্তে আসন্ন মহাপ্রয়াণের পরিপ্রেক্ষিতে—

"তোমার সৃষ্টির পথ রেখেছ
আকীর্ণ করি
বিচিত্র ছলনাজালে,
হে ছলনাময়ী!"

কিন্তু কে এই "ছলনাময়ী"? এ কি বিশ্বপ্রকৃতি? না বিশ্ববিধাতার মোহিনী রূপ? কবির শেষ মন্ত্রণায় লেখায় সেই দেবীকে যা দেবী সর্বভূতেষু ছলনাময়ীরূপেণ সংস্থিতা। মনে হয়, বৈষ্ণব ধর্মের মতো একটি শাক্ত ধারাও কবিমানসে ফল্গুধারার মতো অন্তঃসলিলা ছিল। পরম নির্ভরের সঙ্গে এই "ছলনাময়ী"র হাতেই আপনাকে তিনি সঁপে দিলেন। সেবার সময় একটি শ্লোকের মতো করে উচ্চারণ করলেন—

"অনায়াসে যে পেরেছে ছলনা সহিতে
সে পায় তোমার হাতে
শান্তির অক্ষয় অধিকার।"

একালের বাল্মীকির এই হলো সর্বশেষ শ্লোক। তাঁর আজীবন উপলব্ধির নির্যাস। এর পরেও তিনি কয়েকদিন নিঃশ্বাস নিয়েছেন, দু'টি একটি কথাও কয়েছেন, যেটুকু জ্ঞান ছিল সময় আচ্ছন্ন বা অজ্ঞান হয়েছেন। কিন্তু তাঁর জীবননাট্যের এইখানেই ইতি।

রবীন্দ্রনাথ জন্মান্তর মানতেন না। তাঁর প্রিয়জনের চিঠিপত্রেতেই তাঁর জন্মান্তর বলা যেতে পারে। কিন্তু তিনি সাধারণ মানুষ। চিঠিপত্রে ধরাছোঁয়া দেননি। তাঁর জন্মান্তর রচনা বলে যদি কিছু থাকে তবে তা একান্ত সংগোপনে লেখা কবিতা ও গান। তার ভেতরে যদি কেউ তাঁর অনুভূতিসমূহের প্রতিবিম্বিত সন্ধান পান তা হলেই ধরতে পারবেন, নয়তো অন্যত্র খুঁজে ঐ মহাজ্ঞানী আপনি আপনার নিগূঢ় কাহিনী বলবেন না। তাঁর "জীবনস্মৃতি" কাব্যের রচনা সব বলা নয়। তা হলে প্রভাতকুমারের "রবীন্দ্রজীবনী"১ সব কথা বলবে কী করে? এতো সাধ্য।

প্রভাতকুমার তা জানেন, তাই প্রারম্ভেই উদ্ধৃত করেছেন কবির নিজের জবানী—

"যে-আমি স্বপন-মূরতি গোপনচারী
যে-আমি আমারে বুঝিতে বুঝাতে নারি
আপন গানের কাছেতে আপনি হারি
সেই আমি কবি, কে পারে
আমারে ধরিতে।
মানুষ আকারে বদ্ধ যে-জন ঘরে
ভূমিতে লুটায় প্রতি নিমেষের ভরে
যাহারে কাঁপায় স্তুতিনিন্দার জ্বরে
কবিরে পাবে না তাহার
জীবনচরিতে।"

---

১ সাধুভাষার গদ্যে ওই জিনিস চালান করে দেখুন। কবিতার illusion কতক্ষণ থাকে?

১ রবীন্দ্র জীবনী। চতুর্থ খণ্ড। শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায়। বিশ্বভারতী প্রকাশন।

# কেশচর্চা

শীমানন্দ অধিকারী

কুঁচবরণ রাজকন্যার মেঘবরণ চুল। স্রোতে ভাসতে ভাসতে সেই চুল এসে লাগলো রাজপুত্রের গায়ে। মাথার চুলে মাথা খেল রাজপুত্রের। কন্যার সন্ধানে উন্মাদের মত ছুটলো সে। কিন্তু এখন আর সেদিন নেই। রাজপুত্রেরা তেপান্তরের মাঠের মধ্যেই হারিয়ে গেছে; রাজকন্যারাও নেই। তবে কস্‌মেটিক্‌স্‌-এর দৌলতে কুকারাও কুঁচ-

চুলের গোড়ার কথা। ক—শ্যাফ্‌ট্; খ—বাল্‌ব; গ—সিবেসিয়াস গ্রন্থি; ঘ—ডারমাল প্যাপিলা।

বরণ হতে পারেন। মেঘবরণ না হলেও চুল অন্ততঃ আছে। সে চুলের চর্চাও হয়। তবে চর্চার তারতম্য আছে। সে চর্চা কখনও সুগন্ধি তেলে কখনো বা ঠিবে। চুল ঠিক কি রকম কি উপকরণে হবে কিছু বলা কিন্তু সম্ভব না হলেও বৈজ্ঞানিকের কাছে অসম্ভব নয়।

কুকের মত কৃষ্ণবর্ণ চুলেরও অন্তৌরুবরণত নাম। চুল, যখন সে মাথায়; কানের পাশে এলেই জুল্‌পি। চোখের ওপরে হলেই ভ্রূ, নাকের নিচে গোঁফ আর চিবুকের নিচে দাড়ি; গায়ে হলেই লোম। চুল বর্ধনে ও রক্ষণে পুরুষ ও নারীর প্রাত্যহিক সমস্যা। যত নামেই ডাকা হোক না কেন, চুলের সার্বভৌমত্ব স্তন্যপায়ী শ্রেণীর। স্তন্যপায়ী শ্রেণীর চুলে একচ্ছত্র অধিকার। জন্মালেই আর কিছু না থাক, গায়ে মাথায় চুল তারা পায় সহজে সহজে লাখে লাখে। কালা, খোঁড়া হয়ে অনেকেই জন্মায়—কিন্তু বিনা চুলে নৈব নৈব চ। তারপর এই জন্মগত চাকুপক্ষকে অবহেলা—যার নাম আরেকটি শিরাই

সংরক্ষণ করে সকলে, কেবল তিমি আর শীল ছাড়া। তাই তারা শৈশবকাল চুলের সুরোধনের মত দুখ লুকিয়েছে সাগরের জলে। তাদের চলায় ফাকুপত্র তারা হারিয়েছে। ওরা স্তন্যপায়ী হলেও জল-বাসী। তবু স্তন্যপায়ীর ছাপপত্র হিসাবে চুলকন্যার তিমিদের গায়ে চুল থাকে।

কোন এক বিদগ্ধ সৌন্দর্য পিয়াসী বলেছেন—'সৌন্দর্য মানে চামড়ার গভীরতায় ঠেকেছে।' কিন্তু শুধু সৌন্দর্য নয়—চামড়ার গভীরতায় রহস্যের একটা বিরাট ভাণ্ডার ধর লুকিয়ে রয়েছে। চামড়া তা সে কালোরই হোক আর ধলারই হোক, দুটো স্তরে তৈরী। এই দৈহ স্তরের বাইরেরটার নাম বহিস্ত্বক (epidermis) আর ভেতরটার নাম অন্তস্ত্বক (Dermis)।

একটা চুল বা দাড়ি নিয়ে টানাটানি করলে দেখা যাবে যে, এটা বহিস্ত্বক থেকে ঠেলে বেরিয়েছে। এই বেরিয়ে থাকা অংশটার নাম 'শ্যাফ্‌ট্' (Shaft)। শরীরের সঙ্গে দিনের পর দিন লাগানো থাকলেও চুলের এই অংশটা মৃত। তাই চুল কাটলে লাগে না। চুলের গোড়াকে বলে 'বাল্‌ব্'

মানব ভ্রূণের 'লানুগো' অবস্থা

(Bulb)। এই বাল্‌ব্ রয়েছে চামড়ার বহিস্ত্বকে। এই বাল্‌ব্ই হচ্ছে চুলের কারিকুরির কারখানা। চুলের গোড়ার যে অংশ তার নাম 'ডারমাল প্যাপিলা' (dermal papilla)। নাম থেকেই বোঝা যাচ্ছে যে, এটা অন্তস্ত্বক বা Dermis-এ। ডারমাল প্যাপিলায় স্নায়ু-সূত্র ও রক্তবাহী শিরার প্রত্যক্ষ যোগ। প্রত্যেকটি চুলের গোড়ায় রয়েছে একটি


প্রথম পর্বের অসাধারণ সাফল্যের পর ২য় পর্ব প্রকাশিত হল
বীরেশ্বর বসুর বৃহৎ এবং বর্ণনসমৃদ্ধ উপন্যাস

## চা মাটি মানুষ

২য় পর্ব : দাম ৫·৫০

মাটির মমতা এবং মানুষের মহত্ত্বকে কেন্দ্র করে বাংলা-সাহিত্যে জীবনের অন্তরঙ্গ বৈচিত্র্যে নতুন স্বাদ নিয়ে এ-উপন্যাসের প্রকাশ। সাহিত্যের সীমাকে পরিব্যাপ্ত করার ইতিহাসে চা মাটি মানুষ নতুন এক আশ্চর্য সংযোজন। এর প্রথম পর্বকে যাঁরা স্বাগত জানিয়ে লিখেছিলেন, '২য় পর্বের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি' তাদের মধ্যে আছেন, শ্রীঅচিন্ত্যকুমার দাস, প্রেমেন্দ্র মিত্র, শৈলজানন্দ, ডঃ শিশির চট্টোপাধ্যায়, ডঃ রথীন রায়, ভবানী মুখোপাধ্যায়, শিবরাম চক্রবর্তী এবং আরও অনেকে।

কথামালা প্রকাশনী : ১৮এ, কলেজ স্ট্রীট মার্কেট, কলকাতা ১২




(Arrector pili)। এই মাংসপেশীর সংকোচন হলেই চুল খাড়া হয়ে ওঠে। ক্ষেপে যাওয়া কুকুরের গলার লোমে আর ভয় পাওয়া বেড়ালের ল্যাজের লোমে এই পেশীর কাজ লক্ষ্য করা যায়। মানুষের বেলায় হঠাৎ শিহরণ বা ঠাণ্ডার আমেজ লাগলে লোম খাড়া হয়ে ওঠে। তবে ভূতের ভয়ে মাথার চুল খাড়ার কথাটা একটু বাড়াবাড়ি। এ ছাড়াও চুলের গোড়ায় রয়েছে একটা গ্রন্থি—যার নাম সিবেশিয়াস গ্রন্থি (Sebaceous gland)। এই গ্রন্থি থেকে একরকম তেল জাতীয় পদার্থ নিঃসৃত হয়। নিঃসৃত এই তেলই চুলের বৃন্ত অংশটাকে মসৃণ আর চকচকে করে।

